88	(مَنْ أَحْدَثُ وَلَمْ يِتُوَضَّاً، فَقَدْ جَفَاتِيْ، ومَنْ تُوضًا وَلَمْ يَصَلُّ، فَقَدْ যে ব্যক্তি মল-মূত্ৰ ত্যাগ করল, অতঃপর ওয়্ করল না সে আমার সাথে	৯৩ জাল
8¢	(مَنْ حَجُ الْبَيْتَ، وَلَمْ يَزُرُيْيَ قَقَدُ جَقَاتِي). যে ব্যক্তি বায়ত্লাহ যিয়ারত করল, অর্থচ আমাকে যিয়ারত করল না,	৯৪ জাল
৪৬	(مَنْ زَارِيَيْ وزَارَ أَمِيْ إِبْرَاهِيْمَ فِي عَام وَاحِدِ، نَخْلَ الْجِنَّةُ). دع مَنْ قَارِيَيْ وزَارَ أَمِيْ إِبْرَاهِيْمَ فِي عَام وَاحِدِ، نَخْلَ الْجِنَّةُ).	৯৪ জাল
89	(مَنْ حَجُ، قُرْارَ قَبْرِي بِعَدَ مَوْيِي، كَانَ كَمَنْ زَارَئِي فِي حَيَاتِي). य ব্যক্তি হজ্জ করবে, অতঃপর আমার মৃত্যুর পর আমার কবর যিয়ারত	৯৫ জাল
88	(مَنْ زَارَ قَبْرَ أَبُوَيْهِ أَوْ أَحَدِهِمَا فِي كُلُّ جُمُعَةٍ، غَفْرَ لَهُ وَكُتِبَ بَرَا). रय ব্যক্তি তার পিতা-মাতা উভয়ের কবর অথবা যে কোন একজনের কবর	৯৭ জাল

হা: নং	হাদীস	পৃষ্ঠা নং
75		ও হকুম
¢0	(مَنْ زَارَ قَبْرَ وَالْنِيْهِ كُلُّ جُمُعَةٍ، فَقَرَا عِنْدَهُمَا أَوْ عِنْدَهُ (يس}؛ غَفِرَ لهُ	ঠ৮
	যে ব্যক্তি তার পিতা-মাতা উভয়ের কবর প্রত্যেক জুম'আর দিবসে যিয়ারত	জাল
62	(إِنَّ اللَّهَ يُحِبُّ عَبْدَهُ الْمُؤْمِنَ الْقَقِيْرَ الْمُتَّعَقَّفَ أَبَاالْعِيَالَ).	200
	বহু সম্ভানের পিতা দরিদ্র সং মু'মিন বান্দাকে আলাহ ভালবাসেন।	দুৰ্বল
৫৬	(لَوْلَا النَّسَاءُ؛ لَعُيدَ اللهُ حَقا حَقا).	300
	যদি নারী জাতি না ধাকত, তাহলে সত্যিই সত্য আলাহর ইবাদাত করা হত।	জাল
<b>e</b> 9	(اخْتِلَافُ أُمُتِي رَحْمَةً).	১০৬
	আমার উন্মাতের মতভেত রহমত স্বরূপ।	ভিত্তিহীন
Øb.	(اصْحَابِي كَالنَّجُوْم، بِإِيِّهِمُ اقْتَدَيْتُمْ؛ اهْتَدَيْتُمْ).	204
	আমার সাহাবীগণ নক্ষত্রের ন্যায়, তোমরা তাদের যে কোন একজনের	জাল
৫৯	(مَهْمَا أُونِيتُمْ مِنْ كِتَابِ اللهِ اللهِ اللهِ اللهِ لا عُدْرَ لِأَحْدِكُمْ فِي تَرْكِهِ، فإن	४०४
	যখনই তোমরা কিতাবুলাহ হতে কিছু প্রাপ্ত হবে তখনই তার উপর আমল	জাল
৬০	(سَأَلْتُ رَبِّيْ فِيْمَا اخْتُلْفَ فِيْهِ أَصْحَابِيْ مِنْ بَعْدِيْ، فَأَوْحَى اللَّهُ إِلَىَّ:	220
	আমার মৃত্যুর পরে যে বিষয়ে আমার সাধীগণ মতভেদ করেছে, সে	জাল
৫১	(إِثْمَا أَصْحَابِي مِثْلُ النَّجُوْمِ، فَأَيُّهُمْ احْدَثُمْ بِقُولِهِ؛ اهْتَدَيْثُمْ).	222
	অবশ্যই আমার সাধীগণ নক্ষত্রতুল্য। অতএব তোমরা তাদের যে কারো	জাল
৬২	(أَهْلُ بَيْتِي كَالنَّجُوْم، بِأَيْهِمُ اقْتَدَيْتُمْ؛ اهْتَدَيْتُمْ ).	225
	আমার পরিবারের সদস্যগণ নক্ষত্রতুল্য, তোমরা তাদের যে কোন জনের	জাল
৬৬	(مَنْ عَرَفَ نَفْسَهُ؛ فَقَدْ عَرَفَ رَبُّهُ).	279
	যে ব্যক্তি নিজেকে চিনেছে, সে তার প্রভুকে চিনতে সক্ষম হয়েছে।	ভিত্তিহী
৬৯	(مَسْحُ الرُّقْبَةِ أَمَانَ مِنَ الْغِلُّ).	১২০
	গর্দান মাসাহ করা নিরাপত্তা বিধান করে বন্দি হওয়া হতে।	জাল
૧૨	(أَدْبَنِي رَبِّي قَاحْسَنَ تَادِيْدِي) .	250
	আলাহ তা'আলা আমাকে শিষ্টাচার শিক্ষা দিয়েছেন, অতঃপর আমার	দুৰ্বল
৭৩	(مَمَنْحُ الْعَيْدُيْنِ بِبَاطِنِ الْمَلِتَى السَبَابِيَيْنِ عِنْدَ قُولِ الْمُؤَثِّنِ: أَشْهَدُ أَنَّا	১২৩
	যে ব্যক্তি তর্জুনী অংগুলি দু'টোর ভিতরের অংশ দারা মুয়ায্যিন কর্তৃক আশ	সহীহ ন
99	(لاَ مَهَدِيْ إِلاَّ عِيْسَى).	256
	একমাত্র ঈসা (আঃ)-ই হচ্ছেন মাহদী।	মুনকার
96	(سُوْرُ الْمُؤْمِنِ شِقَاءُ).	256
	মু'মিনের উচ্ছিষ্টে রয়েছে আরোগ্য।	ভিত্তিহী
ዓ৯	(مِنَ النَّوَاضُعُ أَنْ يَشْرَبَ الرَّجْلُ مِنْ سُؤر أَخِيْهِ، وَمَنْ شَرِبَ مِنْ سُؤر	১২৬
	কোন ব্যক্তির তার ভাইয়ের উচ্ছিষ্ট হতে পান করা নম্রতার অন্তর্ভুক্ত।	জাল
৮৭	(إذا صَعِدَ الْخَطِيْبُ الْمِثْيَرَ؛ قلا صَلاة، وَلا كَلامَ).	300
	খতীব যখন মিম্বারে উঠে যাবে; তার পর কোন সলাতও নেই, কোন কথাও	বাতিল
36	(الثَّاتِبُ حَبِيْبُ اللهِ).	>80
	তাওবাকারী আল্লাহর বন্ধু।	ভিত্তিহী

হাঃ	<b>रा</b> नीस	পृष्ठी नश
नर	·	७ इक्म
36	(إِنَّ اللَّهَ يُحِبُ الشَّابُ الَّذِي يُقْتِي شَبَابَهُ فِي طَاعَةِ اللهِ عَزَّ وَجَلَّ). निक्य आनार সেই युवकक जनवास्तन त्य जांद्र त्योवन कानरक जानारत	<b>জাল</b>
\$00	(حَسَنَاتُ الْلَهْرَارِ سَيِّلِاتُ الْمُقْرَبِينَ). সদাচারণকারীদের উত্তম কর্মগুলো হচ্ছে নৈক্ট্য অর্জনকারীগণের মন্দ কর্ম।	১৪৫ বাতিল
১২৬	مَا مِنْ شَيْءٍ إِلاَّ لَهُ تُوْيَةً؛ إِلاَّ صَاحِبُ سُوْءِ الْخُلُقِ، فَإِنَّهُ لاَ يِتُوْبُ مِنْ مع مين شَيْءٍ الْأَلَهُ لاَ يَتُوْبُ مِنْ مع مع الخَلْق، فَإِنَّهُ لاَ يَتُوْبُ مِنْ	১৬৩ জাল
<b>3</b> ≷9′	(صَلَاةً بِعِمَامَةً تَعْلِلُ خَمْسًا وَعِشْرِيْنَ صَلَاةً بِغَيْرٍ عِمَامَةً، وَجَمْعَةً পাগড়ী পরে একটি সলাত আদায় করা বিনা পাগড়ীতে পঁচিশটি সলাত	১৬8 জাল
254	(ركَعَتَّانَ بِعِمَامَةُ خَيْرَ مِنْ سَبِعِيْنَ ركَعَةً بِلاَ عِمَامَةً). পাগড়ী সহ দু' রাকা'আত সালাত আদায় বিনা পাগড়ীতে সন্তর	১৬৪ জাল
208	(পৈটেই মুথেটা فِي قُوَّةِ الْبَصَر: النَّظْرُ إِلَى الْخُصْرَةِ، وَإِلَى الْمَاءِ তিনটি বস্তু দৃষ্টিশক্তি বৃদ্ধি করেঃ সর্ক্ত বর্ণ, প্রবাহিত পানি ও সুন্দর চেহারার	১৬৯ জাল
200	(إِذَا سَمِعُمْ بِجَبَلِ زَالَ عَنْ مَكَاتِهِ؛ فَصَدَّقُواْ، وَإِذَا سَمِعُمْ يِرَجُلِ تَعْيِرَ যখন ভোমরা কোন পাহাড় সম্পর্কে তনবে যে, পাহাড়িটি স্থানচ্যুত হয়েছে,	১৭০ দুৰ্ব <b>ল</b>
\$80	(الزُبُّا يُوْرِثُ الْقَقْرَ). ব্যভিচার (যেনা) দুরিদ্রতার অধিকারী করে।	১৭৪ বাতিল
\$8\$	(اِلْمَاكُمْ وَالزَّنَا؛ فَإِنْ فِيهِ سِتُ خِصَالٍ؛ ثَلَاثًا فِي الدَّنْيَا، وَثَلاثًا فِي الآخِرَةِ، তোমরা ব্যভিচার (থেনা) থেকে বেঁচে থাক, কারণ তাতে ছয়টি খাসলত	১৭৪ জাল
\$89	(تَرَوَجُوا وَلا نُطِلَقُوا؛ فَإِنَّ الطَّلاقَ نِهِنَّرُ لَهُ الْعَرِشُ). তোমরা বিবাহ কর তবে তালাক দিওনা; কারণ তালাকের জন্য আরশ কেঁপে	১৭৮ জাল
784	(تُعَادُ الصَّلَاةُ مِنْ قَدْرِ الدُّرْهُمِ مِنَ الدُّم). وَفِي الْقَطْدِ: (কাপড়ে) এক দিরহাম পরিমাণ রক্ত লাগলে পুনরায় সলাত আদায় করতে	১৭৯ জাল
486	(الدَّمُ مِقْدَارَ الدَّرْهَم؛ يُضْلُ، وتُعَادُ مِنْهُ الصَّلَاةُ). রক্ত এক দিরহাম পরিমাণ হলে, তা ধুরে নিভে হবে এবং তার কারণে	১৮০ জাল
768	السُّخِيُّ قَرِيْبُ مِنَ اللهِ، قَرِيْبُ مِنَ الْجَنَّةِ، قَرِيْبُ مِنَ النَّاسِ، بَعِيْدٌ مِنَ السُّخِيُ দানশীল ব্যক্তি আলাহর নিকটবর্তী, নিকটবর্তী জান্নাতের এবং নিকটবর্তী	১৮৩ নিতান্তই দুৰ্বৰ
264	(اغْسَلُوا يَوْمُ الْجُمْعَةِ، وَلَوْ كَأْسَا بِدِيثَارٍ). এক দিনারের বিনিময়ে এক গাস পানি দারা হলেও তোমরা জুম'আর	১৮৬ জাল
360	(أَحِبُوا الْعَرَبَ لِثَلَاثُ؛ لأَنِّي عَرَبِيُّ، وَالْقُرْآنُ عَرَبِيٌّ، وكَلَّمُ أَهْلِ الْجَنَّةِ আমি আরবী ভাষী, কুরআন আরবী ভাষার এবং জান্নাতীদের ভাষা আরবী।	১৮৭ জাল
267	(أَنَّا عَرَبِيِّ، وَالْفُرْآنُ عَرَبِيِّ، وَلِمِنَانُ أَهُلِ الْجَنَّةِ عَرَبِيُّ). আমি আরবী ভাষী, কুরআন আরবী ভাষায় এবং জান্নাতীদের ভাষা আরবী।	১৮৯ জাল
364	(بَرَكَهُ الطَّعَامِ الْوُصْنُوءُ قَبْلُهُ وَبَعْدَهُ). খাদ্যের বরকত হচ্ছে তার পূর্বে ও পরে উযু করাতে।	১৯৫ দুর্বল

হাঃ	হাদীস	পৃষ্ঠা নং
नर	शुनान	ও হকুম
১৬৯	(إِنَّ لِكُلُّ شَيْءٍ قَلْبًا، وَإِنَّ قَلْبَ الْقُرْآنِ (يِس)، مَنْ قَرَاهَا؛ فَكَاثُمَا قَرَأَ	১৯৬
	প্রতিটি বস্তুর হৃদয় রয়েছে, আর কুরআনের হৃদয় হচ্ছে সূরা ইয়াসিন। যে	জাল
390	(إِنَّ آَدَمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَهْبَطَهُ اللَّهُ تُعَلَّى إِلَى الْأَرْضِ قَالَتِ	>296
	আলাহ তা'আলা যখন আদম (আঃ)-কে যমীনে নামিয়ে দিলেন, ফেরেশতারা	বাতিল
১৭২	(قَالَ اللهُ لِدَاوُدُ : يَا دَاوُدُ! ابْنَ لِي فِي الْأَرْضِ بَيْتًا، فَبْنَى دَاوُدُ	২০০
	আলাহ তা'আলা দাউদকে বললেনঃ হে দাউদ! আমার জন্য পৃথিবীতে	জাল
১৮৩	(لا صَلَاة لِجَار الْعَسَجِدِ إِلاَ فِي الْعَسَجِدِ).	२०४
	মসঞ্জিদ ছাড়া মসঞ্জিদের প্রতিবেশীর সলাত হবে না।	দূৰ্বল
747	(الجُمْعَةُ حَجَّ الْقُقْرَاءِ، وَفِي لَقْظِ: الْمَسَاكِيْنُ).	578
	জুম'আহ হচ্ছে ফকিরদের হজ্ব, (অন্য ভাষায়) মিসকীনদের হজ্ব।	জাল
ンかく	(النَّجَاجُ عَنْمُ فَقَرَاءِ أُمِّنِي، وَالْجُمْعَةُ حَجَّ فَقْرِاءِنا).	576
	মুরোগ হচ্ছে আমার উন্মাতের দরিদ্রদের ছাগল আর জুম'আহ হচ্ছে	জাল
270	(مِنْ سَعَادَةِ الْمَرْءِ خِقْهُ لِحَيْتِهِ).	576
	পুরুষের সৌভাগ্য রয়েছে তার হালকা পাতলা দাড়িতে।	জাল
<b>ን</b> ଜረ	(إِذَا جَامَعَ أَحَدُكُمْ زَوْجَتُهُ لُوْ جَارِيَتُهُ؛ فَلاَ يِنْظُرُ إِلَى قُرْجِهَا، قَانَ	524
	তোমাদের কোন ব্যক্তি যখন তার স্ত্রী বা তার দাসীর সাপে মিলিত হবে;	জাল
১৯৬	(إِذَا جَامَعَ أَحَدُكُمْ؛ فَلاَ يَنْظُرُ إِلَى الْقَرْجِ، فَإِنَّهُ يُورِثُ الْعَمِي، وَلا يُكثِرُ	579
	তোমাদের কোন ব্যক্তি যখন সন্নম করবে, তখন গুণ্ডান্দের দিকে	জাল
২০৩	(مَنْ صلَّى عَلَي عِنْدَ قَبْرِي؛ سَمِعْتُهُ، وَمَنْ صلَّى عَلَيْ نَاتِيا؛ وكُلَّ بِهَا	२२०
	যে আমার কবরের নিকট আমার প্রতি দুরূদ পাঠ করবে; আমি তা শ্রবণ	জাল
২০৪	(مَنْ حَجَّ حَجَّةُ الإِمْلَام، وَزَارَ قَبْرِيْ، وَعْزَا غَزُورْهُ، وَصَلَّى عَلَيْ فِي	२२७
	যে ব্যক্তি ইসলামের হজ্জ করবে, আমার কবর যিয়ারত করবে, একটি	জাল
২০৭	(اَقْضَالُ الأَيَّام يَوْمُ عَرَقْهُ إِذَا وَأَقْقَ يَوْمَ الْجُمُعَةِ، وَهُوَ أَقْضَلُ مِنْ سِيْعِينَ	२२४
	'আরাফার দিবস যদি জুম'আর দিবসের সাথে মিলে যায় তাহলে তা সর্বোন্তম .	বাতিল
২০৯	(طُلْتُ شَفَاعَتِي لأَمْتِي؛ إلا صَاحِبَ يدْعَةً).	২৩০
	একমাত্র বিদ'আতী ছাড়া আমার উন্মাতের সবার জন্য আমার সুপারিশ	মুনকার
<b>36</b> 6	(مَنْ صَلَّى عَلَىٰ يَوْمَ الْجُمُعَةِ ثَمَاتِيْنَ مَرَّهُ؛ عَقْرَ اللهُ لهُ ذَيُوبَ ثَمَاتِيْنَ	২৩৪
	যে ব্যক্তি জুম'আর দিবসে আমার প্রতি আশিবার দুরূদ পাঠ করবে;	জাল
২১৮	(مَنْ سَافَرَ مِنْ دَارِ إِقَامَتِهِ يَوْمَ الْجُمُعَةِ؛ دَعَتْ عَلَيْهِ الْمَلاَئِكَةُ أَنْ	২৩৬
	যে ব্যক্তি জুম'আর দিবসে তার বাসগৃহ হতে সফর করবে, ফেরেশতারা	দুৰ্বল
২২৬	(تَحَثَّمُوا بِالْعَقِيقِ؛ قَالَهُ مُبَارَكُ).	282
	ভোমরা আকীক পাথরের আংটি ব্যবহার কর, কারণ সেটি বরকতপূর্ণ।	জাল
২২৭	(تَحَتَّمُوا بِالْعَقِيقِ؛ قَالِمُ يَنْفِي الْقَقْرَ).	২৪৩
	তোমরা 'আকীক পাথরের আংটি ব্যবহার কর; কারণ সেটি দরিদ্রকে দুরিভূত	জাল
২৩৯	(نَهَى أَنْ يُقَامَ عَنِ الطَّعَامِ حَتَّى يُرْفَعَ).	267
	যতক্ষন না খাদ্য সামনে থেকে উঠিয়ে নেয়া হবে ততক্ষন তিনি খাদ্য	নিতান্তই দুৰ্ব

হাঃ		পৃষ্ঠা নং
नर	হাদীস	ও হকুম
200	(كَانَ إِذَا تَعْدَى؛ لَمْ يَتَعَشَّ، وَإِذَا تَعْشَى؛ لَمْ يَتَعْدُ).	<b>২৫8</b>
•	তিনি যখন দুপুরের খাবার খেতেন, তখন রাতের খাবার খেতেন না। আর	দূৰ্বল
২৫৩	(صُوْمُوا تَصِحُوا).	२०७ -
	তোমরা সওম পালন কর সুস্থ থাকবে।	দুৰ্বল
२ए४	(إِنْ مِنَ السَنَّةِ أَنْ يَخْرُجَ الرَّجُلُ مَعَ صَيْفِهِ إِلَى بَابِ الدَّارِ).	269
	নিক্য ব্যক্তি কর্তৃক তার মেহমানের সাথে বাড়ীর দরজা পর্যন্ত	জাল
২৭৮	(الطِمُ خُزَاتِنُ، وَمَقِتَاحُهَا السُّؤَالُ، فَاسْأَلُوا يَرْحَمُكُمُ اللَّهُ، فَإِنَّهُ يُؤْجَرُ	২৭৩
	জ্ঞান হচ্ছে ভাগ্তার এবং তার চাবি হচ্ছে প্রশ্ন করা/জিজ্ঞাসা করা।	জাল
२४२	(لولاك لما خَلَقْتُ اللَّقَلاك).	২৭৬
	আপনি যদি না হতেন, তাহলে আমি আকাশ ও ভূমণ্ডল সৃষ্টি করতাম না।	জাল
২৮৬	(قَدْ أَنَّى آدَمُ عَلَيْهِ السَّلَّامُ هَدَّا الْبَيْتَ اللَّهَ آتِيَةٍ مِنَ الهِنْدِ عَلَى رَجَلَيْهِ	২৭৯ নিতান্তই দুৰ্বল
	আদম (আঃ) পারে হেঁটে ইন্ডিয়া হতে এক হাজারবার এ ঘরের নিকট	
২৮৮	(كَانَ يَاخُذُ مِنْ لِحْيِيّهِ؛ مِنْ عَرْضِهَا وَطُولِهَا).	२४०
	তিনি তাঁর দাড়িকে পার্শ্ব (প্রস্থ) এবং দৈর্ঘের শেষ প্রান্ত হতে কাট-ছাট	জাল
২৮৯	(مَنْ قَرَأُ مَنُورَةُ الْوَاقِعَةِ فِي كُلُّ لَيْلَةٍ؛ لَمْ تُصِيبُهُ قَاقَةً أَبَدًا).	527
	যে ব্যক্তি প্রতি রাতে সূরা আল-ওয়াকে য়াহ পাঠ করবে, তাকে কখনও	দুৰ্বল
২৯৫	(مَنْ قَرَا (قُلْ هُوَ اللهُ أَحَدٌ ) مِئِنِي مَرَّةٍ؛ غُفِرَتْ لَهُ ثُنُوبُ مِئِنِي سَنَةً).	২৮৬
	যে ব্যক্তি কুল-স্থ আলাহ আহাদ সূরা দু শত বার পাঠ করবে, তার দু শত	মুনকার
২৯৭	(إِنَّ اللَّهَ لَيْسَ يَتَارِكِ أَحَدًا مِنَ الْمُسْلِمِينَ فِوْمَ الْجُمُعَةِ إِلَّا عَقْرَ لَهُ).	২৮৭
	নিশ্চয় আলাহ্ কোন মুসলিমকে জুমআর দিবসে ক্ষমা না করে ছাড়েন না।	জাল
७०२	(كُنْتُ نبياً وَأَلْمُ بَيْنَ الْمَاءِ وَالطَّيْنِ).	২৯২
	আমি সে সময়েও নাবী ছিলাম যখন আদম পানি এবং মাটির মাঝে ছিলেন।	জাল
900	(كُنْتُ نبياً وَلا آلِمَ وَلا مَاءَ وَلا طَيِنَ).	২৯২
	যখন আদম ছিলেন না, পানি ও মাটি ছিল না তখনও আমি নাবী ছিলাম।	জাল
978	(إِنَّ دَاوِدَ عَلَيْهِ السَّلَّامُ؛ حِيْنَ نَظْلَ إِلَى الْمَرَّاةِ، فَهُمَّ بِهَا، قَطْعَ عَلَى بَنِي	২৯৯
	দাউদ (আ:) যখন এক মহিলার দিকে দৃষ্টি দিলেন এবং তাকে কামনা	বাতিল
७२১	(مَنْ وَلِدَ لَهُ مَوْلُودٌ، قَالَانَ فِي النَّهِ الْيُمنِّي، وَاقَامَ فِي النَّهِ الْيُسْرَى؛	909
	যে ব্যক্তির কোন সম্ভান ভৃষ্টি হবে, অতঃপর তার ডান কানে আযান এবং	জাল
७२७	(مَنْ تَمَسَكُ يَسُنَتِي عِنْدَ فَسَلَا ِ أُمْتِي الْفَلَهُ أَجْرُ مِثْةً شَهِيدٍ).	906
	আমার উম্মাতের কলহ-বিবাদের সময় যে ব্যক্তি আমার সুন্নাতকে আঁকড়ে	নিতান্তই দুৰ্ব
৩২৭	(المُتْمَسَكُ بِمِنْتِي عِنْدَ فَسَادِ أُمْتِي لَهُ أَجْرُ شَهَيْدٍ).	७०१
	আমার উন্মাতের কলহ-বিবাদের সময় আমার সুন্নাতকে ধারণকারীর	দূৰ্বল
क्ट	(إنَّ الرَّيْسَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ صَدِيقًا لِمَلكِ الْمَوْتِ، فَسَالَهُ أَنْ	७५७
	ইদরীস সালালাহ আলাইহি ওয়া সালাম ছিলেন মালাকুল মাওত এর বন্ধ।	জাল
৩৬০	(لا يَجُوزُ الهِبَةُ إِلاَ مَقْبُوضَةً).	200
	হন্তগত করা ব্যতীত হিবা বৈধ হবে না।	ভিন্তিহীন

হাঃ	হাদীস	शृष्ठी नश
नर	7.11.1	ও ছুকুম
৩৬১	(إِذَا كَانَ الْهِيَةُ لِذِي ْ رَحِمٍ الْمُ يُرْجَعُ فِيْهَا).	७७५
	যদি (রক্তের সম্পর্কের) আত্নীয়ের জন্য হেবা করা হয়; তাহলে তা ফিরিয়ে	মুনকার
৩৬৪	(مَنْ صَلَّى فِي مَسْجِدِي أَرْبَعِيْنَ صَلَاةً لاَ يَقُونُهُ صَلَاةً؛ كُتِبَتْ لَهُ بَرَاءَةً	৩৩৩
	যে ব্যক্তি আমার মসজিদে চলিশ (ওয়াক্ত) সালাত আদায় করল এমনভাবে	মুনকার
৩৬৭	(خِيَارُ أُمَّتِي عُلْمَاؤُهَا، خِيَارُ عُلْمَاتِنَا رُحَمَاؤُهَا، أَلَا وَإِنَّ اللَّهَ يَغْفِرُ لِلْعَالِمِ	996
	আমার উম্মাতের আলেমরা হচ্ছে সর্বোত্তম এবং আমাদের আলেমদের মধ্যে	বাতিল
৩৮৫	(لا يُحَرِّمُ الْحَرَامُ الْحَلَالَ).	৩৪৭ -
	হারাম কখনও হালালকে (বস্তুকে) হারাম বানাতে পারে না।	দুৰ্বল
৩৮৭	(مَا اجْتُمْعَ الْحَلَالُ وَالْحَرَامُ؛ إِلَّا عَلَبَ الْحَرَامُ).	৩৪৮
	হালাল এবং হারাম একত্রিত হয় না, তবে হলে হারামই প্রাধান্য বিস্তার করে।	ভিত্তিহীন
৩৮৮	(لا يُحَرِّمُ الْحَرَامُ، إِنَّمَا يُحَرِّمُ مَا كَانَ بِنِكَاحِ حَلالٍ).	৩৪৮
	হারাম পন্থা হারাম করতে পারে না, কিন্তু হালাল বিবাহের মাধ্যমে যা হয় তা	বাতিল
960	(إِنْ للهِ مَلاَئِكَةً مُوكَلَيْنَ يَابُوالهِ الْجَوَامِعِ يَوْمَ الْجُمُعَةِ، يَسَنُعْفِرُوْنَ	৩৫২
	জু'মআর দিবসে জামে মসজিদগুলোর গেটে আলাহর দায়িত্বপাপ্ত	জাল
800	(نْزَلَ آنَمُ بِالْهِنْدِ وَاسْتُوْحَشْ، فَنْزَلَ جِيْرِيلُ، فَنَادَى بِالْأَدَانِ: اللهُ أَكْبَرُ،اللهُ	৩৫৮
	আদম (আঃ) হিন্দুস্থানে অবতরণ করার সময় স্থানটিকে ভয়াবহ মনে	দুর্বল
826	(أطلبوا الطِمَ وَلَوْ بِالصَّايِنُ).	৩৬৭
	চীন দেশে গিয়ে হলেও তোমরা জ্ঞান অখেষণ কর।	বাতিল
৪২৩	(مِنَ السُّنَّةِ أَنْ لاَ يُصَلِّيَ الرَّجُلُ بِالْتَيَهُمِ إلاَّ صَلاَّةً وَاحِدَةً، ثُمُّ يَتَيَمُمُ لِلصَّلاَةِ	८९७
	ব্যক্তি কর্তৃক তার তায়ামুম ঘারা তথুমাত্র এক (ওয়াক্ত) সালাত আদায় করা	জাল
৪৩৬	(هَلَكْتِ الرَّجَالُ حِيْنَ أَطَاعَتِ النَّسَاءَ).	963
	পুরুষরা যখন মহিলাদের অনুসরণ করবে তখন তারা ধ্বংস হয়ে যাবে।	দুৰ্বল
৪৩৮	(مَثَلُ أَصْحَابِي مَثَلُ النَّجُوْمِ، مَن اقتدى يشفيع مِنْهَا اهْدَى).	७४७
	আমার সাহাবীগণ হচ্ছেন (তারা) নক্ষত্রের ন্যায়। যে ব্যক্তি তাদের থেকে	জাল
৪৩৯	(يَا أَهَلَ مَكَّةً! لا تَقْصُرُوا الصَّلاة فِي أَدَّتِي مِنْ أَرْبَعَةً بُرُدُ مِنْ مَكَّة إلى	ede
	হে মক্কাবাসী! মক্কা হতে উসফান পর্যন্ত চার বুরুদ-এর কম দূরত্বে	জাল
885	(لا تُرْآلُ هَذِهِ الأُمَّةُ (أَوْ قَالَ: أَمْتِينَ) بِخَيْرِ مَالَمْ يِتَّخِثُواْ فِي مَسَاجِدِهِمْ	৩৮৯
	এ উমাত (অথবা বলেন ঃ আমার উমাত) সর্বদা কল্যাণের মধ্যেই থাকবে	দুৰ্বল
867	( دِيَةُ نِمِي دِيةُ مُسْلِمٍ).	৩৯৭
	জিশ্মির দিয়াত হচ্ছে মুসলিম ব্যক্তির দিয়াত।	মুনকার
8৬০	(أنَّا أُولَى مَنْ وَقَى بِذِمِّتِهِ. قَالَهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حِيْنَ أَمَرَ بِقَتْل	808
	যে তার যিম্মাদারিত্ব পূর্ণ করে তাদের মধ্যে আমি উত্তম। রসূল (紫) এ	মুনকার
860	(فِيْمَا سَقَتِ الْمُنْمَاءُ الْعُثْنُرُ، وَفِيْمَا سُلْقِيَ بِنْصَبْح أَوْ غَرْبٍ نِصِفُ الْعُشْرِ؛ .	805
	আসমান যে যমীনে পানি (বৃষ্টি) দিবে তাতে উৎপন্ন শব্যে দশমাংশ,	জাল

राः नर	হাদীস	পৃষ্ঠা নং ও হুকুম
8৬৬	(عُلَمَاءُ أَمْتِي كَلْبَيِنَاءِ بِنِي إِسْرَائِيلَ). আমার উম্মাতের আলেমগণ বানি ইসরাইলের নাবীগণের ন্যায়।	৪১১ ভি্ <b>ডিহী</b> ন
8৬৭	(مَنْ صَلَّى بَيْنَ الْمَعْرِبِ وَالْعِشَاءِ عِشْرِيْنَ رَكْعَةَ؛ بَنَى اللهُ لَهُ بَيْنَا فِي य ব্যক্তি মাগরীব এবং এশার মধ্যে বিশ রাকা য়াত সালাত আদায়	8১১ জাল
866	(مَنْ صَلَّى سَتُ رِكَعَابَ بِعَدُ الْمَعْرِبِ قَبِلَ أَنْ يَتَكَلَّمُ؛ غَيْرَ لَهُ بِهَا نُنُوبَ य ব্যক্তি মাগরীবের পরে কথা বশার পূর্বেই ছয় রাকা রাত সালাত আদার	83२ निष्ठांखरे पूर्वन
8৬৯	(مَنْ صَلَّى سِتُ رَكَعَاتِ بَعَدُ الْمَعْرِبِ وَلَمْ بِتَكَلَّمْ فِيْمَا بِيَنْهُنُّ بِسُوْءٍ؛ যে ব্যক্তি মাণরীবের পরে ছয় রাকা'রাত সপাত আদায় করবে এমতাবস্থায়	৪১২ নিতাম্ভই দুৰ্বল
890	(الْوُضُوْءُ مِنْ كُلِّ ثَمَ سَلَقِلِ). প্রত্যেক প্রবাহিত বুনেই (রঞ্জেই) ওয় করতে হবে।	৪১৩ দুর্বল
89৫	(السَّلْطَانُ ظِلِّ اللهِ فِي أَرْضِهِ، مَن نَصْحَهُ؛ هُدِيَ، وَمَنْ عَثْنُهُ؛ ضَلَّ). বাদশা হচ্ছে আলাহর যমীনে তাঁর ছায়া। যে তাকে নসিহত করবে,	8১৭ জাল
860	(مَنْ صَامَ يَوْمُ الْأَرْبِعَاءِ وَالْخَمِيْسِ؛ كُتَبَ لَهُ بَرَاءَةً مِنَ الثَّارِ).  य ব্যক্তি বুধ ও বৃহস্পতিবারে সওম পালন করবে, তার জন্য জাহান্নাম	৪২১ নিতাঙ্কই দুৰ্বল
448	(ثَهَى عَنْ بَيْعِ وَشَرَطِ). তিনি ক্রয়-বিক্রয়ের সাথে শর্ড করতে নিষেধ করেছেন।	৪২৮ নিতান্তই দুৰ্বন



### ক্রুয়া ক্রুয়া ৯০০ প্রথম সংক্ষরণের ভূমিকা

প্রশংসা মাত্রই মহান রাব্বুল আলামীনের জন্য যিনি তাঁর অশেষ মেহেরবানী দারা আমাদেরকে জ্ঞা

নর অধিকারী মানব জাতি হিসেবে সম্মানিত করেছেন। তিনি বলেছেন । ﴿ وَلَقَدْ كُرِّمُنَا بَنِي آَنَمَ وَحَمَلْنَاهُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ وَرَزَقَنَاهُمْ مِنَ الطَّيِّبَاتِ وَقَضَلْنَاهُمْ عَلَى كَثِيْرٍ مِمِّنْ خَلَقْنَا تَقْضِيلًا } (سورة الإسراء: ٧٠)

অর্থ ঃ "নিশ্চয় আমি আদম-সন্তানকে সম্মানিত করেছি, আমি তাদেরকে জলে ও স্থলে চলাচলের বাহন দান করেছি, তাদেরকে উত্তম জীবনোপকরণ প্রদান করেছি এবং তাদেরকে অনেক সৃষ্ট বস্তুর উপর শ্রেষ্ঠতু দান করেছি" (সুরা আল-ইসরা ঃ ৭০)।

অতঃপর দুরদ পাঠ করছি শেষ নাবী ও রসূল মুহাম্মাদ (紫)-এর উপর যার মাধ্যমেই আমরা আলোকিত জীবন লাভ করেছি এবং নিজেদেরকে অনৈতিক কর্মকাণ্ড এবং কুসংস্কারাচ্ছন্ন জাহেলী সমাজ ব্যবস্থা হতে মুক্ত করে পরস্পরে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ এবং মানুষের মনগড়া সমাজ ব্যবস্থার বেড়াজাল হতে নিজেদেরকে মুক্ত করার সুযোগ পেয়েছি। তথাপিও পুনরায় আমাদেরকে সেই অনৈতিক জাহেলী কর্মকাণ্ড এমন ভাবে ইসলামের দোহাই দিয়ে ঘিরে ধরেছে যা আমাদেরকে পৌত্তলিকতার যুগের কাছাকাছি ফিরিয়ে নিতে যাচেছ।

অন্ধৃতি আরু অতিরঞ্জিত ভালবাসার বহিঃপ্রকাশ ঘটাতে গিয়ে নাবী (ﷺ)-এর সহীহ সুনুষ্ট্র হৈছে দিয়ে ছার জ্বাভিষিক্ত করছি জাল-য'ঈফ সূত্র দ্বারা প্রমাণিত তথাক্ষিত হাদীস্থলাকে। এচিই কি জানের অধিকারী মানব জাতির দাবী? আমরা বহু ক্ষেত্রে ক্রেছে নরেছি সহীক্ত সুনুষ্ট্রেই আর ধরতে বসেটি জাল-য'ঈফের দ্বারা সাব্যস্ত বিদ্বাজিত করেছি বিদ্বাজিত হাসানা (ভাল বিদ্বাজিত) এবং বিদ্বাজিত সহিয়েয়াই (মাদ বিদ্বাজিত) দুভাগে অথচ নাবী (ﷺ) বলেছেন ঃ 'এসবই ভ্রষ্টতা আর এসবই জাহানামে নিয়ে যাবে।' আমরা একবারও ভেবে দেখছিনা শয়তান আমাদেরকে অন্ধকারের দিকে নিয়ে যেতে চায়। যে আমাদের আক্রীদাহ-বিশ্বাসে ও ঈমানের মধ্যে ক্রটি বিচ্যুতি ঢুকানোর সুযোগে রয়েছে।

পাঠকবৃন্দ! আমাদেরকে একটি বিষয় ভালভাবে মনে রাখতে হবে নাবী (幾) তাঁর বাণী সমূহের মধ্যে যা কিছু বর্ণনা করেছেন তার কিছুই তিনি নিজের পক্ষ হতে বানিয়ে বলেননি। এর প্রমাণ মহান আল্লাহ রব্বুল আলামীনের নিম্নোক্ত বাণী ঃ

﴿ وَمَا يَنْطِقُ عَنِ الْهَوَى، إِنْ هُوَ إِلاَّ وَحْيُ يُوْحَى}

অর্থ ঃ "আর তিনি নিজ ইচ্ছায় কিছু বলেন না, যতক্ষণ না তাঁর নিকট ওহী নাযিল হয়" (সুরা আন-নাজম ঃ ৩-৫)।

অতএব যা কিছু আল্লাহর পক্ষ হতে এসেছে তার মাঝে জাল বা য'ঈফ সনদের অনুপ্রবেশ ঘটিয়ে তা দ্বারা অতিরিক্ত কিছু সাব্যস্ত করে নাবী ও আল্লাহর উপর মিথ্যারোপ করার মত ঝুকি না নিয়ে নিম্নোক্ত আয়াতের উপর আমল করার সার্থে সহীহ্ সুন্নাহ অনুযায়ী আমল করাই হবে প্রত্যেক বিবেকবান ব্যক্তির জন্যে সত্যিকার জ্ঞানের পরিচায়ক। কারণ যা কিছু শুধুমাত্র য'ঈফ সনদ দ্বারা সাব্যস্ত হয়েছে সেটিও নাবী (紫)-এর কথা তা বলা যাবে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা আসবে ইনশাআল্লাহ। আল্লাহ বলেন ঃ

### ﴿ وَمَا آتَاكُمُ الرَّسُولُ قَحْدُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ قَائتُهُوا }

অর্থ ঃ "তোমাদের নিকট রসূল যা কিছু নিয়ে এসেছেন তোমরা তা গ্রহণ কর আর তিনি যা কিছু হতে তোমাদেরকে নিষেধ করেছেন তা হতে বিরত থাক" (সূরা আল-হাশ্র ঃ ৭)।

আল্লাহ আরো বলেন ঃ

﴿ وَمَا كَانَ لِمُؤْمِنِ وَلا مُؤْمِنَةِ إِذَا قَضَى اللهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يُكُونَ لَهُمُ الشَّهِ وَرَسُولُهُ فَقَدْ ضَلَّ ضَلَالاً مُبِينًا } سورة الأحزاب: ٣٦

অর্থ ঃ ''আল্লাহ ও তাঁর রসূল কোন কাজের আদেশ করলে কোন ঈমানদার পুরুষ ও নারীর সে বিষয়ে ভিন্ন মত পোষণের কোন ক্ষমতা নেই যে, আল্লাহ ও তাঁর রসূলের আদেশ অমান্য করে সে প্রকাশ্য পথভ্রষ্টতায় পতিত হয়।

(সুরা আল-আহ্যাব ঃ ৩৬)

যেখানে আল্লাহ ও তাঁর রসূল (ﷺ)-এর বাণী এসেছে সেখানে আমাদের শাধীনতা নেই। অথচ আমরা ধরে নিচ্ছি ইমাম আমাদের শিরোমণি। এটিই কী আমাদের ঈমানের দাবী? যদি এমনই হয় তবে বিদ'আত বলে সমাজে কিছু থাকবে বলে মনে হয় না। মিখ্যা বলে প্রমাণ করবেন মিখ্যা কী নাবীর অমীয় বাণী? "সকল বিদ'আতই ভ্রষ্টতা আর সকল বিদ'আতই নিয়ে যাবে জাহান্লামে।" না'উযু বিল্লাহি মিন যালিক।

পাঠক ভাই ও বোনেরা! আমরা আমাদের সমাজের ইসলামী কাজ-কর্মগুলোর দিকে যদি একটু দৃষ্টি দেই তাহলে দেখব বহু প্রচলিত ইবাদাত, যা প্রকৃত পক্ষেবিদ'আত তার পিছনে জাল ও য'ঈফ নামের তথাকথিত হাদীসের প্রভাব বিশেষভাবে লক্ষণীয়। এ ধারা ইসলামের স্বর্ণযুগ পরবর্তী দিনগুলো হতে তরু করে বদ্যাবধি অব্যাহত রয়েছে। যার ফলে বলা যায় প্রতিটি যুগেই হাদীছ শাস্ত্রের মুহাক্কিক আলেম ও মুহাদ্দিসগণ জাল-য'ঈফ নামের হাদীছগুলোকে চিহ্নিত করতে ক্যাসাধ্য চেষ্টা করেছেন।

নামের ১৫-এর অধিক খণ্ড বিশিষ্ট এক বিশাল গ্রন্থ রচনা করেছেন। যাতে তিনি পূর্বের সকল মুহাক্কিক মুজতাহিদ মুহাদ্দিস ও বিজ্ঞ আলেমদের মতামতকে সামনে এনে কোন হাদীছটি কেন জাল, কেন য'ঈফ তার সমাধান দিতে সক্ষম হয়েছেন। প্রতিটি খণ্ডে ৫০০ টি করে হাদীসের উপর বিস্তারিত আলোচনা করেছেন। আল্লাহ তাঁকে উত্তম বদলা দান করুন। আমীন

আমার মনে হয় এসবের দিকে বর্তমান যুগের দ্বীনী আলেমগণই বেশী মুখাপেক্ষী।

পাঠক ভাই ও বোনেরা! আমি কেন এ গ্রন্থটি অনুবাদ করার ক্লাজে হাত দিলাম? আপনারা হয়তো এর উত্তর অনেকটা পূর্বোক্ত আলোচনায় পেয়ে গেছেন। তবুও এ বিষয়ে কিছু আলোচনা না করলেই নয়।

প্রথমত १ দুঃখজনক হলেও সত্য যে বিভিন্ন মাধ্যমে বিশেষ করে ছারুত উপ মহাদেশে ইসলামী সমাজের নিয়ম-নীতিতে বহু বিজ্ঞাতীয় মতাদর্শের অনুপ্রবেশ ঘটেছে। যার পিছনে বহুলাংশেই হাত রয়েছে জাল-য'ঈফ হাদীসের। এ কারণে সমাজকে বিদ'আত মুক্ত করণের লক্ষ্যে প্রচলিত বিদ'আতগুলোর উৎপত্তি স্থল সম্পর্কে যদি আমরা সঠিকভাবে অবগত হতে পারি, তাহলে তা পরিত্যাগ করতে আমাদের সহজ হবে। এজন্যেই য'ঈফ ও জাল হাদীসের সিরিজটির অনুবাদ ও প্রচার আমাদের জন্য অতীব প্রয়োজন।

ष्ठितीय १ আমরা নাবী (紫)-এর বাণীর দিকে দৃষ্টি দিলে দেখতে পাব যে, তিনি আমাদেরকে বিদ'আত-এর ব্যাপারে কঠোর ভাষায় সতর্ক করেছেন। যেমন আমরা সকলেই জানি তিনি বলেছেন १ "সর্বোত্তম বাণী আল্লাহর বাণী এবং সর্বোত্তম আদর্শ নাবীর আদর্শ। সর্ব নিকৃষ্ট আমল হচ্ছে নব আবিষ্কৃত আমল আর সকল নব আবিষ্কৃত আমলই বিদ'আত এবং সকল বিদ'আতই পথ ভ্রষ্টতা আর সকল পথ ভ্রষ্টতার পরিনামই হচ্ছে জাহান্নাম। (অর্থাৎ ৪ জাহান্নামের মাধ্যম)।

অতএব জাল-য'ঈফের উপর নির্ভরশীল বিদ'আত হতে বাঁচার স্বার্থেই আমাদেরকে এরপ তথাকথিত হাদীছগুলো সম্পর্কে জানতে হবে।

তৃতীয়ত । বিদ'আত এমন একটি কাজ যার সাথে জড়িত থাকলে তাওবাহ নামক পাপ মোচনের অত্যন্ত মূল্যবান ইবাদাতকে বিতাড়িত করা হয়। এ তাওবাহ এমন একটি মাধ্যম যার দ্বারা আমরা বড় বড় গুনাহগুলো হতে খুব সহজেই (তাওবার শর্তগুলো পূরণ করে তাওবাহ করলে) পবিত্রতা অর্জন করতে পারি। অথচ এ বিদ'আত অতীব গুরুত্বপূর্ণ এ তাওবার পথকে রুদ্ধ করে দেয়। যেমন এর প্রমাণ পাচ্ছি নাবী (紫)-এর বাণীতে ঃ

''إِنَّ اللهَ حَجَبَ النَّوْبَةَ عَنْ كُلِّ صَاحِبِ بِدْعَةٍ حَتَّى يَدَعَ بِدْعَتُهُ''

অর্থ ঃ "আল্লাহ তাআলা প্রত্যেক বিদ'আতির বিদ'আতকে পরিত্যাগ না করা পর্যন্ত তাওবার পথ রুদ্ধ করে দিয়েছেন" হাদীছটি তাবারানী বর্ণনা করেছেন। দেখুন সহীহ আত-তারগীব ওয়াত তারহীব (১/১৩০ হা ঃ নং ৫৪) এবং সিলসিলাতুস সাহীহাহ (হা ঃ নং ১৬২০)।

চতুর্থত ঃ পাঠকবৃন্দ! আপনারা হয়তো শুনে আন্চর্য হবেন যে, শির্কের চেয়েও বিদ'আত বেশী ঘৃণিত পাপ। কারণ শির্কের সাথে জড়িত ব্যক্তি তাওবাহ করলে তার তাওবাহ গৃহীত হয়। কিন্তু অন্য যে কোন বড় শুনাহ হতে পবিত্রতা অর্জনের জন্য বিদ'আতির তাওবাহ বিদ'আত হতে মুক্ত না হওয়া পর্যন্ত গৃহীত হয় না। যার প্রমাণ উপরোক্ত হাদীছটি।

অতএব যে কোন ধরনের ইবাদাতের ক্ষেত্রে তার উপর আমল শুরু করার পূর্বেই প্রত্যেক মুসলিম নর-নারী যা করতে উদ্যত হয়েছেন তা সহীহ দলীল ঘারা প্রমাণিত না হওয়া পর্যন্ত করা উচিত নয়। অন্যথায় আল্লাহ না করুন জাল-য'ঈফ হাদীছকে আমলে এনে নিজেদের জন্য মহা বিপদ ডেকে আনতে পারি। আর সেটি হচ্ছে তাওবার পথকে বন্ধ করে ফেলা। অতএব সাবধানতার কোন বিকল্প নেই।

ফ্যীলতের ক্ষেত্রে হোক আর অন্য যে কোন ক্ষেত্রে হোক সে সব ক্ষেত্রে সহীহ দলীলের কোন প্রকার কমতি ঘটেনি যে আপনাদেরকে ও আমাদেরকে জাল ও য'ঈফ হাদীসের উপর আমল করা জরুরী হয়ে পড়েছে এবং আমল না করলেই নয়। এমনটি ভাবা কোন বিবেকবান লোকের ক্ষেত্রে শোভা পায় না। কারণ সহীহ হাদীসে বর্ণিত ফ্যীলতগুলোর পরিমাণ এতই বেশী যে সে সবগুলোর উপর কোন ব্যক্তির পক্ষেই আমল করে শেষ করা সম্ভব হয় না। তাহলে য'ঈফের উপর আমল করার মত তার সময় কোপায়? আল্লাহর দেয়া বিবেক দিয়ে একটু ভেবে দেখুন।

য'ঈফ ও জাল হাদীসের অত্যন্ত ঘৃণিত ও মন্দ দিক হচ্ছে এই যে, যা বান্দাদের উপর ওয়াজিব নয় তা ওয়াজিব করে দেয়। এর প্রমাণ বইটি পড়লেই পাঠকদের নিকট স্পষ্ট হয়ে যাবে ইনশাআল্লাহ্ন নিকট

পাঠক ভাই ও বোনেরা! সবার জন্য সহজবেশ্য কিন্তু বহুটিতে সহজ সরল ভাষার প্রতিটি বিষয়কে বুঝানোর চেষ্ট্র করেছি। কর্তুক সক্ষম হয়েছি তা আপনাদের বিচারেই প্রমাণিত হবে। এছাড়া যথাস্থার চেষ্ট্রা করেছি নির্ভুল ভাবে তথ্যাদিগুলোকে উপস্থাপন করতে। তার পরেও ভুল যে ক্রেনি জন বুলা মুশকিল। অতএব যে কোন ধরনের ভুলের জন্য আমাকে অবহিত করেলে বর্তুই উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

আশা করি আপনারা গুনে খুশি হবেন। আল্লাহর রহমটে দিতী বজের কাজও দ্রুত গতিতে চলছে এবং অনেকটা শেষের পথে। আল্লাহ চাহেত অতিসন্তর সেটিও প্রকাশ করতে সক্ষম হবো। আল্লাহ রাব্বুল আলামীনের নিকট প্রার্থনা তিনি যেন আমার এ প্রচেষ্টাকে কবুল করেন এবং এ বিদমাত অব্যাহত রাখার তাওফীক দান করেন।

অতঃপর আমি কৃতজ্ঞ সেই সব সম্মানিত দ্বীনি ভাইদের নিকট যারা সম্পাদনার কাজে অংশগ্রহণ করে তাঁদের সুচিন্তিত পরামর্শ দিয়ে গ্রন্থটির সৌন্দর্য বৃদ্ধিতে অবদান রেখেছেন। বিশেষ করে ঃ

- শাইখ আব্দুস সামাদ সালাফী, রাজশাহী (সউদী মাব'উস)।
- শাইখ আ, ন, ম রাশীদ আহমাদ (ধর্ম বিষয়ক অফিস সউদী দৃতাবাস) ।
- শাইখ মুশাররাফ হুসাইন আকন্দ (দা'ঈ আর, আই, এইচ, এস)।
- শাইখ এনামূল হক (প্রভাষক, উচ্চতর ইসলামী শিক্ষা ইনস্টিটিউট, উত্তরা-ঢাকা)।
- শাইখ আব্দুল্লাহ আল–মার্স'উদ (কর্মকর্তা দাও ঃ বিভাগ আর, আই, এইচ, এস)।
- मूश्माम कावीक्रम देमलाम थम. थ, बालगारी विश्वविमानग्र।

এছাড়া গ্রন্থটি প্রকাশ করতে আরো যারা সহযোগিতা করেছেন তাদের কাছেও আমি কৃতজ্ঞ। আল্লাহ রাব্দুল আলামীন দুনিয়া ও আখেরাতে তাদের সকলকে উত্তম বদলা দান করুন।

মুহাম্মাদ আকমাল হসাইন



#### يسم الله الرحمن الرحيم

### 'ফ্যীলতের ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যাবে' এ সংক্রান্ত সংশয় নিরসন

হাফিয় সাখাবী "আল-কাওলিল বাদী ফী ফায়লিস সালাতে আলাল হাবীবিশ শাফী" গ্রন্থে (পৃ: ১৯৫ হিন্দি ছাপা) ইমাম নাবাবী (রহঃ)-এর উদ্ধৃতিতে বলেছেন ঃ

মুহাদ্দিস এবং ফাকিহগণের মধ্য হতে কতিপয় আলেম বলেন ঃ

ফ্যীলতের ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা জায়েয এবং মুস্তাহাব যদি হাদীছটি জাল না হয়। কিন্তু আহকামের ক্ষেত্রে যেমন হালাল, হারাম, বেচা- কেনা, বিবাহ, তালাক ইত্যাদি ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যাবে না।

ইবনুল আরাবী মালেকী বলেন ঃ দুর্বল হাদীসের উপর কোন অবস্থাতেই আমল করা যাবে না। ইমাম শাওকানীও একই মত দিয়েছেন। আর এটিই সঠিক।

হাফিষ ইবনু হাজার-এর নিকট দুর্বল হাদীছ-এর উপর আমল করার শর্তাবলী ঃ

হাফিয সাখাবী বলেন ঃ আমি আমার শাইখকে বার বার বলতে ওনেছি দুর্বল হাদীসের উপর তিনটি শর্ত সাপেক্ষে আমল করা যাবে ঃ

- ১। হাদীছটি যেন বেশী দুর্বল না হয়। অতএব মিথ্যুক, মিথ্যার দোষে দোষী ববং অস্বাভাবিক ভূলকারীদের একক বর্ণনা গৃহীত হবে না এবং এরূপ বর্ণনাকারীর ষ্টানীসের উপর আমল করাও যাবে না।
- ২। যে আমলটির ফ্যীলত এসেছে সে আমলটির মূল সাব্যস্ত হতে হবে।

  অভএব যে আমলটির আসলেই কোন ভিত্তি নেই; এরপ আমলের ক্ষেত্রে [দুর্বল

  ইদীস দ্বারা] ফ্যীলত বর্ণিত হয়ে থাকলে সেটি গ্রহণযোগ্য হবে না।
- ৩। কম দুর্বল হাদীছটির উপর আমল করার সময় এমন বিশ্বাস রাখা থাবে না মে, সেটি শরীয়তে সাব্যস্ত হয়েছে। কারণ সাব্যস্ত হয়েছে এরপ বিশ্বাস রাখলে, তা अनून (紫)-এর উদ্ধৃতিতে বলতে হবে। অর্থাৎ এমন বিশ্বাস রাখা যাবে না যে, রসূল (金) তার উপর আমল করার জন্য বলেছেন।

#### শর্তগুলোর ব্যাখ্যা ঃ

প্রথম শর্তে বলা হয়েছে ফ্যীলতের ক্ষেত্রে কম দুর্বল হাদীসের উপর আমল বার বাবে। এ ফ্যীলত অর্জনের বিষয়টি কোন আমল বান্তবায়নের ক্ষেত্রে হতে বারে আবার কোন আমল ছেড়ে দেয়ার ক্ষেত্রেও হতে পারে। তবে দুর্বল ক্ষমিত লোর মধ্য হতে কোনটি কম দুর্বল আর কোনটি বেশী দুর্বল তা আগে নির্ণয় ক্ষমেত হবে। অতঃপর যেটি কম দুর্বল সেটির উপর আমল করা যেতে পারে। কিন্তু কোনটি সহীহ, কোনটি দুর্বল, কোনটি কম দুর্বল এবং কোনটি বেশী দুর্বল তা

পার্থক্য করার দায়িত্ব কার? সন্দেহ নেই; নিন্চয় এ বিষয়ের যারা পণ্ডিত ও বিজ্ঞ তাদেরকেই তা করতে হবে দু'টি কারণে ঃ

- ১। পৃথক না করলে য'ঈফকে সহীহ হিসাবে সাব্যস্ত হয়েছে মনে করে তার উপর আমল করলে রসূল (紫)-এর উপর মিথ্যারোপের ন্যায় বিপদেও পড়তে হতে পারে।
- ২। অনুরূপভাবে কম দুর্বলকে বেশী দুর্বল হতে পৃথক করতে হবে, যাতে কোন ব্যক্তি ফযীলতের ক্ষেত্রেও বেশী দুর্বল হাদীসের উপর আমল করে উল্লেখিত একই বিপদে না পড়ে। কিন্তু এরূপ পার্থক্যকারী বিজ্ঞ আলেমদের সংখ্যা অতীব নগণ্য।

ষিতীয় শর্তে বলা হয়েছে যে, যে কর্মটির ফযীলত বর্ণিত হয়েছে সে কর্মটির মূল থাকতে হবে। অর্থাৎ কর্মটি সহীহ দলীল দ্বারা সাব্যস্ত হতে হবে। অন্যথায় মূলহীন আমলের জন্য ফযীলতের ক্ষেত্রে কম দুর্বল হাদীসের উপরও আমল করা যাবে না।

উল্লেখ্য দুর্বল হাদীছ দ্বারা আলেমদের ঐক্যমতে কোন আমলই সাব্যস্ত হয় না। যদিও সেটি মুস্তাহাব হয়। অতএব আমলই যদি সাব্যস্ত না হয়ে থাকে, তাহলে আমল এবং ফ্যীলত উভয়টি যে হাদীসের মধ্যে একই সাথে বর্ণিত হয়েছে, সে হাদীছ দ্বারা কোন অবস্থাতেই ফ্যীলত সাব্যস্ত হতে পারে না। যদিও হাদীছটি ক্ম দুর্বল হয়। কারণ এ ক্ষেত্রে মূলটি সহীহ দলীল দ্বারা সাব্যস্ত হচ্ছে না।

ভূতীয় শর্ডে বলা হয়েছে ঃ কম দুর্বল হাদীসের উপর ফ্যীলতের ক্ষেত্রে আমল করা যাবে, তবে এ বিশ্বাস রাখা যাবে না যে, রসূল (ﷺ) হতে সাব্যস্ত হয়েছে। কারণ হতে পারে তিনি দুর্বল কথাটি বলেননি। ফলে তাঁর উপর আমল করতে গিয়ে মিথ্যারোপ করার মত বিপদে পড়তে হতে পারে।

প্রিয় ভাই ও বোনেরা! যখন নাবী (幾)-এর হাদীছ ভেবে কম দুর্বল হাদীসের উপরও আমল করা যাবে না, তখন তার উপর কোন স্বার্থে আমল করবেন? এটি কী ভেবে দেখার বিষয় নয়? এছাড়া সহীহ হাদীসের মধ্যে বর্ণিত ফ্যীলত সংক্রাম্ভ হাদীছগুলোর একচতুর্থাংশ হাদীসের উপর কী আমরা আমল করতে সক্ষম হয়েছি? সবিনয়ে এ প্রশ্নুটি আপনাদের সমীপে রাখছি।

পাঠক ভাই ও বোনেরা! পরিতাপের বিষয় এই যে, বর্তমান সমাজে বহুলোক জাল হাদীসের উপর আমল করছেন। অথচ যখন তাদেরকে বলা হচ্ছে, এসব হাদীসের উপর আমল করা না জায়েয। কারণ এগুলো জাল (বানোয়াট) তখন তারা উত্তরে বলছেন যে, ফযীলতের ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যায়। অজ্ঞতা আমাদেরকে এমনভাবে ছেয়ে ফেলেছে যে, দুর্বল, খুবই দুর্বল ও জাল-এসবের মাঝে আমরা কোনরূপ পার্থক্য করতেই রাযী নই। জাল হাদীছ যে-হাদীছই নয় বরং তা রসূল (紫)-এর উপর মিখ্যারোপ তাও আমরা বুঝার চেষ্টা করি না।

অনেকে আবার বলেন যে, রসূল (紫)-এর হাদীছ আবার কীভাবে জাল হয়? শাঠকবৃন্দ তারা ঠিকই বলেছেন। যেটি রসূল (紫)-এর হাদীছ সেটি জাল হতে পারে না। যে কথাটি আপনাদের ও আমাদের মত মানুষে তৈরি করে বলে দিচ্ছি যে, এটি রসূল (紫) বলেছেন, সেটিই জাল এবং সেটিই জাল হাদীছ হিসাবে আমাদের সমাজে পরিচিতি লাভ করেছে। এরপ জালগুলোকেই আমরা পরিত্যাগ করে সহীহ স্ক্রাহের দিকে আহ্বান করছি। আরো একটু ভেবে দেখুন! মিথ্যা (ভণ্ড) নাবী সাজা বদি সম্ভব হয় এবং বাস্তবে তার প্রমাণ মিলে, তাহলে নাবী (紫)-এর উদ্ধৃতিতে মিথ্যা হাদীছ তৈরি করা কী এর চেয়ে বেশী সহজ নয়?

এরপ জাল হাদীসের প্রচলন বহু যুগ পূর্ব হতেই চলে আসছে। ফলে বিজ্ঞ-বিচক্ষণ আলেমগণ সেই সব জাল-বানোয়াট এবং দুর্বল হাদীছগুলোকে একত্রিত করে বহু গ্রন্থ রচনা করেছেন। সাথে সাথে কেন জাল, কেন বেশী দুর্বল এবং কেন কম দুর্বল? এসবের ব্যাখ্যা প্রদান করেছেন।

অতএব আমাদেরকে একটু ভেবে দেখতে হবে দুর্বল হাদীসের উপর আদৌ আমল করা যাবে কিনা? যদিও কোন কোন আলেম দুর্বল হাদীসের উপর ওধুমাত্র ক্ষয়ীলতের ক্ষেত্রে শর্ত সাপেক্ষে আমল করা যাবে মর্মে মত পেশ করেছেন।

পাঠকবৃন্দ! আপনারা যদি দুর্বল হাদীসের উপর আমল করা যাবে মর্মে বর্ণিত ভিনটি শর্ত একটু ভেবে দেখেন, তাহলে হয়তো আপনাদের নিকট 'কম দুর্বল হাদীসের উপর আমল না করাই যুক্তিযুক্ত' এ মতটিই স্পষ্ট হবে।

আরো একটি সমস্যা বর্তমান সমাজে লক্ষ্য করা যাচছে। সেটি হচ্ছে ফযীলত সম্পন্ন আর ফযীলত বিহীন সর্বক্ষেত্রেই একই মন্ত্র পাঠ করা হচ্ছে। বলা হচ্ছে দুর্বল হাদীসের উপর আমল করা যায়। ফযীলত কথাটি মুছে ফেলা হচ্ছে অথচ ফযীলত ব্যতীত অন্য ক্ষেত্রে কম দুর্বল হাদীছও আমলযোগ্য নয়।

এছাড়া রসূল (紫)-এর উপর যে মিথ্যারোপ করা হবে তার প্রমাণ বহন করছে স্বয়ং রসূল (紫)-এর বাণী ঃ

١. (مَنْ كَذَبَ عَلَى مُتَعَمِّدًا فَلْيَتَبُوا مَقَعَدَهُ مِنَ التَّارِ).

(১) "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার উপর মিধ্যারোপ করবে সেঁ জাহান্লামে ভার স্থান বানিয়ে নিবে"। (বুখারী ও মুসলিম)।

٢. (مَنْ حَدَّثُ عَنَّى بِحَدِيثٍ بُرَى اللَّهُ كَذِبِّ قَهُوَ أَحَدُ الكَانِيينَ)

(২) "যে ব্যক্তি আমার উদ্ধৃতিতে এমন ধরনের হাদীছ বর্ণনা করল, ধারণা করা যাচ্ছে যে, সেটি মিথাা। সে ব্যক্তি মিথ্যুকদের একজন বা দু' মিথ্যুকের একজন" (মুসলিম)।

٣. (إنَّ كَذِيا عَلَيَّ لَيْسَ كَكَذِبٍ عَلَى أَحَدٍ، فَمَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدا فَلَيَتَبَوا مَقْعَدَهُ مِنَ النَّارِ)

(৩) "আমার উপর মিখ্যারোপ করা তোমাদের পরস্পরের মাঝে মিখ্যারোপের মত নয়। যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার উপর মিখ্যারোপ করবে সে যেন তার স্থান জাহান্লামে বানিয়ে নিল" (মুসলিম)।

### ٤. (مَنْ قَالَ عَلَى مَا لَمْ أَقُلْ فَلَيْتَبُوا مَقَعَدَهُ مِنَ النَّار).

- (৪) "যে ব্যক্তি আমার উপর (নামে) এমন কথা বলল যা আমি বলিনি, সে তার স্থান জাহান্লামে বানিয়ে নিল' (ইবনু হিব্বান, হাদীছটি হাসান পর্যায়ের)।
- ২ নম্বর এবং ৪ নম্বর হাদীছটি প্রমাণ করছে যে, ইচ্ছাকৃত মিথ্যারোপ না করলেও হয় সে মিথ্যুক না হয় তার স্থান জাহান্লামে।

অতএব যে ব্যক্তি বলবেন যে, রসূল (紫)-এর হাদীস আবার কীভাবে জাল হয়। তার উত্তর উক্ত বাণীগুলোর মধ্যে পাওয়া যাচ্ছে। মিখ্যা হাদীস যদি তার উপর বানানোই না হতো তাহলে তিনি হাদীসগুলো উল্লেখ করে কঠিন শান্তির কথা বলে সতর্ক করে দিতেন না। মিখ্যুকদের দারা তাঁর উদ্ধৃতিতে মিখ্যা হাদীস বর্ণিত হবে জেনেই তিনি উক্ত শান্তির কথা বলেছেন। অন্যথায় তাঁর বাণীগুলো অর্থহীন হয়ে যেত। অথচ তাঁর বাণী অর্থহীন হতে পারে না।

এছাড়া যা কিছু শুনবেন আর তাই বর্ণনা করবেন এরূপ কাজও সহীহ হাদীস বিরোধী। কারণ রসূল (紫) বলেছেন ঃ

## (كَفَى بِالْمَرْءِ كَنِيا أَنْ يُحَدِّثُ بِكُلِّ مَّا سَمِعَ)

"মানুষের মিধ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা কিছু শুনবে তাই হাদীস হিসাবে বর্ণনা করবে"। (ইমাম মুসলিমসহ আরো অনেকে হাদীসটি বর্ণনা করেছেন)।

শাইখ আলবানী উক্ত বিষয়ে "সহীহ জামে ইস সাগীর ওয়া যিয়াদাতুহ" গ্রন্থের ভূমিকাতে যে বিবরণ দিয়েছেন তার সার সংক্ষেপ সহ আরো কিছু বিষয়ে নিম্নে আলোচনা করা হলো।

অনেকে এরূপ ধারণা পোষণ করেন যে, ফাযায়েলের ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যাবে এ মর্মে কোন মতভেদ নেই। বাস্তবিক পক্ষে তা সঠিক নয় বরং এ বিষয়ে মতভেদ রয়েছে। যা মৃস্তালাহুল হাদীসের উপর রচিত গ্রন্থ সমূহে বিস্তারিত আলোচিত হয়েছে। যেমন শাইখ জামালুদ্দীন কাসেমী (রহঃ) তার 'কাওয়ায়েদুল হাদীস" (পৃঃ ১১৩) গ্রন্থের মধ্যে একদল ইমামের মতামত উল্লেখ করেছেন, যারা কোন অবস্থাতেই দুর্বল হাদীসের উপর আমল করাকে বৈধ মনে করেননি। তাদের মধ্যে রয়েছেন ইবনু মা'ঈন, ইমাম বুখারী, ইমাম মুসলিম, আবু বাক্র আল-আরাবী ও আরো অনেকে। তাদের দলে ইবনু হায্মও রয়েছেন।

হাফিয ইবনু রাজাব "শারহুত-তিরমিযী" (ক্বাফ ২/১১২) গ্রন্থে বলেন ঃ

ইমাম মুসলিম কর্তৃক তার সহীহ গ্রন্থের ভূমিকাতে উল্লেখকৃত বাণীগুলোর বহ্যিকতা প্রমাণ করছে যে, যাদের থেকে আহকামের হাদীসগুলো বর্ণনা করা হয়ে ধাকে তাদের ন্যায় ব্যক্তিদের নিকট ছাড়া অন্য কারো নিকট হতে তারগীব (উৎসাহমূলক) এবং তারহীবের (ভীতিমূলক) হাদীসগুলোও বর্ণনা করা যাবে না।

আমি (আলবানী) বলছি ঃ আমি লোকদেরকে যে দিকে আহ্বান করছি তা হচ্ছে এই যে, দুর্বল হাদীসের উপর কোন অবস্থাতেই আমল করা যাবে না, চাই-ফাযায়েলের ক্ষেত্রে হোক বা মুম্ভাহাবগুলোর ক্ষেত্রে হোক কিংবা অন্যকিছুর ক্ষেত্রে হোক।

কারণ বিনা মতভেদে আলেমদের নিকট দুর্বল-হাদীস দুর্বল ধারণা অথবা অনুমানের অর্থ বহন করে। যেখানে আল্লাহ তা'আলা একাধিক আয়াতে অনুমানের উপর ভিত্তি করে আমল করাকে অপছন্দ করেছেন সেখানে কীভাবে বলা যায় দুর্বল হাদীসের উপর আমল করা যাবে ঃ

﴿ وَمَالَهُمْ بِهِ مِنْ عِلْمِ إِنْ يَتَّبِعُونَ إِلاَّ الظُّنَّ وَإِنَّ الظُّنَّ لا يُغْنِي مِنَ الْحَقِّ شَيْبًا}

অর্থ ঃ "এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই। তারা কেবল অনুমানের উপর চলে। অথচ সত্যের ব্যাপারে অনুমান মোটেই ফলপ্রসু নয়' (সূরা আন-নাজমঃ ২৭-২৮)।

{إِن يُتَّبِعُونَ إِلَّا الْظُنُّ وَمَا تَّهُوَى الْأَنْفُسُ}

অর্থ ঃ "তারা কেবল মাত্র অনুমান এবং প্রবৃত্তিরই অনুসরণ করে" (সূরা আন-নাজম ঃ ২৩)।

আর রসূল (紫) বলেন ঃ

' الرَّاكُمْ وَالظُّنَّ، قَانَ الظُّنَّ أَكْذَبُ الْحَدِيثِتِ"

অর্থ ঃ "তোমরা অনুমান করা হতে নিজেদের রক্ষা কর, কারণ অনুমানই হচ্ছে সর্বাপেক্ষা মিথ্যা (হাদীস) কথা" (হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন)।

অতঃপর তিনি মুহাক্তেক জালালুদ্দীন আদ-দাওয়ানী হতে নকল করেছেন তিনি বলেন ঃ 'انَّقُورًا عَلَى أَنُّ الْحَدِيْثُ الْضُعِيْفُ لَا يَنْبُتُ بِهِ الأَحْكَامُ الْخَمْسَهُ الشُّرُعِيَّهُ، وَمِنْهَا الإستِحْبَابُ'' আলেমগণ একমত পোষণ করেছেন যে, দুর্বল হাদীস দারা শরী'য়াতের পাঁচটি আহকাম (ফরয, মুস্তাহাব, মুবাহ, মাকরহ ও হারাম) সাব্যস্ত হয় না, যে পাঁচটির মধ্যের একটি হচ্ছে মুস্তাহাব।

লক্ষ্য করুন! ইবনুল হুমাম বলেন দুর্বল হাদীস দ্বারা মুস্তাহাব সাব্যস্ত হয়, অথচ তিনি নিজেই বর্ণনা করছেন যে, সকলের ঐক্যমতে পাঁচটি আহকামের কোনটিই সাব্যস্ত হয় না। যার মধ্যে মুস্তাহাবও রয়েছে। অতএব তার কথায় দ্বন্দ স্পষ্ট। তিনি আদ-দাওয়ানী হতে যে বন্ধব্য বর্ণনা করেছেন তাই সঠিক। কারণ ধারণা বা অনুমানের দ্বারা কোন আমল করা হতে শরী'য়তে আমাদেরকে নিষেধ করা হয়েছে যেটি সম্পর্কে আপনারা অবগত হয়েছেন। যারা দুর্বল হাদীসের উপর ফাযীলতের ক্ষেত্রে আমল করার পক্ষে মতামত দিয়েছেন তারা ধারনার বশবর্তী হয়েই তার উপর শর্ত সাপেক্ষে আমল করা যাবে বলে মত প্রদান করেছেন। যা সম্পূর্ণ আল্লাহর নির্দেশনা বিরোধী হয়ে যাচেছ।

ইবনু তাইমিয়্যাহ (রাহিঃ) ''আল-কায়েদাতুল জালীলাহ ফিত তাওয়াস্সুলে ওয়াল ওয়াসীলা'' (পূ ৮২) গ্রন্থে বলেছেন ঃ

''শরী'য়তের মধ্যে য'ঈফ হাদীসগুলোর উপর নির্ভর করা জায়েয হবে না যতক্ষণ পর্যন্ত সেগুলো সহীহ বা হাসান পর্যায়ভুক্ত এরপ প্রমাণিত না হবে। তবে ইমাম আহমাদ ও আরো কতিপয় আলেম ফাযীলতের ক্ষেত্রে দুর্বল হাদীসকে বর্ণনা করা জায়েয বলেছেন যদি মূল আমলটি শার'ঈ সহীহ দলীল দ্বারা সাব্যস্ত হয়েছে প্রমাণিত হয় এবং উক্ত সাব্যস্ত হওয়া আমলটির ফ্যীলতে বর্ণিত দুর্বল হাদীসটি মিখ্যা নয় বলে জানা যায়। আর এরপ হলে হয়তো সওয়াবটি সত্য বলা জায়েয হতে পারে।

কোন ইমামই বলেননি যে, য'ঈফ হাদীস দ্বারা কোন বস্তুকে ওয়াজিব বা মুস্তাহাব হিসাবে সাব্যস্ত করা জায়েয, যে ব্যক্তি এরূপ বলবেন তিনি ইজমার বিপরীত কথা বলবেন।

অতঃপর শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ বলেন ঃ 'ইমাম আহমাদ এবং তার ন্যায় কোন ইমাম শরী'য়াতের মধ্যে এ ধরনের হাদীসের উপর নির্ভর করেননি। যে ব্যক্তি ইমাম আহমাদ হতে এরপ বর্ণনা করেছেন যে, তিনি দুর্বল হাদীস দ্বারা দলীল গ্রহণ করেছেন (যেটি সহীহও নয় আবার হাসান পর্যায়ভুক্তও নয়) তিনি ভুল করেছেন।'

এছাড়া কোন আমলের ফ্যীলত বর্ণিত হলে, সে ফ্যীলতটিও মুস্তাহাব (পছন্দনীয়) কর্মের পর্যায়ভুক্ত। আর আপনারা জেনেছেন যে, সকল ইমামের ঐক্যমতে কোন মুস্তাহাব য'ঈফ হাদীস দ্বারা সাব্যস্ত হয় না। অতএব কোন কোন ইমামের নিকট শর্তসাপেক্ষে ফ্যীলতভুক্ত য'ঈফ হাদীসের উপর আমল করা যাবে, এরূপ মতকে গ্রহণ করা মোটেই বুদ্ধিমন্তার কাজ হবে না।

#### তধুমাত্র সহীহ হাদীস বর্ণনা করাই ওয়াঞ্জিব

যার পক্ষে সহীহ হাদীসগুলোকে য'ঈফ হাদীস হতে পৃথক করে জেনে নেয়া সম্ভব, তার উচিত তাই করা এবং শুধুমাত্র সহীহগুলোই বর্ণনা করা। আর যার পক্ষে সরাসরি তা জানা সম্ভব নয় তার উচিত যিনি জানেন তাঁর নিকট হতে জেনে নেয়া। কেননা আল্লাহ তা'আলা বলেন ঃ

﴿فَسَنُلُوا أَهَلَ الدُّكُرِ إِنْ كُنْتُمْ لا تَعْلَمُونَ بِالبِّيِّنَاتِ وَالزُّبُر}

অর্থ ঃ "তোমরা না জানলে জ্ঞানীদেরকে প্রশ্ন করে দলীল সহকারে জেনে নাও" (সূরা নহল ৪৩-৪৪)।

তেমনিভাবে কেউ কোন হাদীস বললে তা পরীক্ষা-নিরীক্ষা করে গ্রহণ করতে হবে এবং আমলযোগ্য হলে তদানুযায়ী আমল করতে হবে।

কারণ আল্লাহ তা আলা বলেছেন ঃ

{يَاالِيُهَا الَّذِينَ آمَنُوا إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإِ فَتَبَيَّنُوا...}

"হে ঈমানদারগণ! যদি কোন ফাসেক (পাপাচারী) ব্যক্তি তোমাদের কাছে কোন সংবাদ আনয়ন করে তবে তোমরা তা পরীক্ষা করে দেখবে…" (সরা হছুরাড-৬)।

উক্ত আয়াতে সকল মু'মিনদের সম্বোধন করে বলা হয়েছে। বলা হয়নি কিছু সংখ্যক পরীক্ষা করবে আর কিছু সংখ্যকের পরীক্ষা করে দেখার প্রয়োজন নেই।

আল্লাহ আরো বলেন ঃ (وَالشَّيْمُوا نَوَيْ عَثَلِ مِنْكُمْ) অর্থ ঃ "তোমরা তোমাদের মধ্য হতে দু'জন নির্ভরযোগ্য লোককে সাক্ষী রাখবে" (সূরা আত-তালাক-২)।

ছিতীয় আয়াতটি প্রমাণ করছে যে ফাসেক ব্যক্তির হাদীস গ্রহণযোগ্য নয়। কারণ সংবাদ পরিবেশন আর হাদীস বর্ণনা করার মধ্যে কোন পার্থক্য নেই। আর ফৃতীয় আয়াতটি প্রমাণ করছে যে, ন্যায়পরায়ণ নয় এমন ব্যক্তির সাক্ষীও গ্রহণযোগ্য নয়। হাদীস বর্ণনাকারীগণ নাবী (紫)-এর উদ্ধৃতিতে হাদীস বর্ণনাকারী হিসাবে সাক্ষ্য প্রদাণকারীও বটে।

অতএব উপরোল্লেখিত হাদীস ও আয়াতগুলো তথুমাত্র সহীহ হাদীসই বর্ণনা ক্রতে হবে তারই প্রমাণ বহন করছে।

্বিএ বিষয়ে বিস্তারিত তথ্য জানতে ইচ্ছুক ব্যক্তিকে "সহীহুত তারগীব ওয়াত তারহীব" গ্রন্থের প্রথম খণ্ডের ভূমিকা এবং "সহীহু জামে'উস সাগীর ওয়া যিয়াদাতৃহ" শ্রন্থের ভূমিকা দেখার জন্য বিনীত অনুরোধ রাখছি।}

#### يسهالة الرعمن الرعية

# অনুবাদের মধ্যে ব্যবহৃত বিভিন্ন আরবী পরিভাষা বুঝার জন্য পাঠকবৃন্দের যা জানা একান্ত অপরিহার্য

হাদীস শাস্ত্রের বিধান সম্পর্কীয় যে সব পরিভাষা কিংবা বাক্যের সংজ্ঞা বা ব্যাখ্যা জানা যরূরী, সেগুলোর সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হল ঃ

১। মুতাওয়াতির ঃ সেই হাদীসকে মুতাওয়াতির বলা হয় যেটিকে সংখ্যায় এ পরিমাণ বর্ণনাকারী বর্ণনা করেছেন যে, তাদের পক্ষে সাধারণত মিথ্যার উপর একত্রিত হওয়া সম্ভব নয়। এরূপ; বাক্য ও অর্থ উভয় দিক দিয়েই হতে পারে যাকে বলা হয় 'মুতাওয়াতিরু লাফযী'। যেমন ঃ مُنَ كَدُبَ عَلَيٌ مُتَّعَدُّا قَلْيَتَبُو ' مُقَعَدُا مُتَّعَدُّا مُتَّالِي مُتَّعِدُّا مُتَعَدِّدًا مُتَّالِي مُتَّعِدًا مُتَّالِعُ مُتَعِدًا مُتَّالِعُ مُتَعَدِّدًا وَاللَّهُ مُتَعَدِّدًا مُتَّالِعُ مُتَّعَدِّدًا مُتَعَدِّدًا مُتَعْتَلُعًا مُتَعَدِّدًا مُتَعْتَدُّا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعَدِّدًا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعْدًا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعْدَدًا مُتَعْدًا مُعْدًا مُتَعْدًا مُتَعْدًا

আবার শুধুমাত্র অর্থের দিক দিয়েও হতে পারে। যেমন মুযার উপর মাসাহ করা এবং কবরের আযাব সংক্রান্ত হাদীস।

২। **খবরু ওয়াহিদ ঃ** আভিধানিক অর্থে সেই হাদীসকে বলা হয় যেটিকে একজন ব্যক্তি বর্ণনা করেছেন। আর পারিভাষিক অর্থে সেই হাদীসকে খবরু ওয়াহিদ বলা হয় যেটির মধ্যে মুতাওয়াতির হাদীসের শর্তাবলী একব্রিত হয়নি।

এ খবরু ওয়াহিদ তিন প্রকার ঃ

(ক) **মাশহুর ঃ** আভিধানিক অর্থে যে হাদীস মানুষের মুখে মুখে প্রসিদ্ধি লাভ করেছে যদিও সেটি মিধ্যা হয় সেটিকেও মাশহুর বলা হয়।

আর পারিভাষিক অর্থে সেই হাদীসটিকে মাশহুর বলা হয় যেটি তিন বা ততোধিক বর্ণনাকারী বর্ণনা করেছেন। তবে তার (মাশহুর) স্তরটি মুতাওয়াতিরের স্ত র পর্যন্ত পৌছেনি।

- (খ) **আধীয ঃ** সেই হাদীসকেই বলা হয় যার সনদের প্রতিটি স্তরে দুইজন করে বর্ণনাকারী রয়েছে।
- (গ) গারীব ঃ যে হাদীসের সনদের কোন এক স্তরে মাত্র একজন বর্ণনা করেছেন সে হাদীসটিকে গারীব হাদীস বলা হয়। যেমন ঃ إِنْمَا الأَعْمَالُ بِالنَّئِاتِ؟ ''… নিয়ত সংক্রান্ত এ হাদীসটি।
- ৩। **মারফ্ ঃ** নাবী (紫)-এর কথা বা কাজ বা সমর্থনকে বলা হয় 'মারফ্' হাদীস।
  - ৪। মওকৃষ ঃ সাহাবীর কথা বা কর্ম বা সমর্থনকে বলা হয় 'মওকৃষ'।
- ৫। **মাকতৃ ঃ** তারেন্টি বা তার পরের কোন ব্যক্তির কথা বা কাজকে বলা হয় 'মাকতৃ'।

- ৬। মুসনাদ ঃ যে হাদীসের সনদ (কোন প্রকার বিচ্ছিন্নতা ছাড়াই) নাবী (সাঃ) পর্যন্ত পৌছেছে তাকে বলা হয় 'মুসনাদ'।
- ৭। মুন্তাসিল ঃ যে মারফূ বা মওকৃফ-এর সনদটিতে কোন প্রকার বিচ্ছিন্নতা নেই তাকেই বলা হয় 'মুন্তাসিল'।
- ৭। সহীহ ১ যে হাদীস সনদের প্রথম হতে শেষ পর্যন্ত অবিচ্ছিন্নভাবে ন্যায়পরায়ণ (নির্ভরযোগ্য) এবং পূর্ণাঙ্গ আয়ত্বশক্তি ও হেফ্যের গুণাবলী সম্বলিত বর্ণনাকারীর মাধ্যমে শায এবং ক্রটিহীনভাবে বর্ণিত হয়েছে তাকেই বলা হয় 'সহীহ হাদীস'। এটিকে 'সহীহ লি যাতিহি'ও বলা হয়।
- ৮। হাসান ঃ যে হাদীস সনদের প্রথম হতে শেষ পর্যন্ত অবিচ্ছিন্নভাবে ন্যায়পরায়ণ (নির্ভরযোগ্য) এবং কিছুটা ক্রটিযুক্ত আয়ত্শক্তি ও হেফযের গুণাবলী সম্বলিত বর্ণনাকারীর মাধ্যমে শায় এবং ক্রটিহীনভাবে বর্ণিত হয়েছে তাকেই বলা হয় 'হাসান হাদীস'। এটিকে 'হাসান লি যাতিহি'ও বলা হয়।
- ৯। সহীহ **লি গায়রিহি** (অন্যের কারণে সহীহ) ঃ এটি মূলত হাসান লি যাতিহি। কিন্তু হাসানের একাধিক সূত্র পাওয়া গেলে, সে সময় হাসান হতে সহীহার পর্যায়ে উত্তীর্ণ হয়ে যায়। তবে এর স্তরটি 'সহীহ লি যাতিহি'র চেয়ে নিম্ন পর্যায়ের।
- ১০। হাসান পি গায়রিহি (অন্যের কারণে হাসান) ঃ এটি মূলত দুর্বল হাদীস। কিন্তু যখন তা একাধিক সূত্রে বর্ণিত হয় এবং হাদীসটির বর্ণনাকারী ফাসেক বা মিখ্যার দোষে দোষী হবার কারণে দুর্বল না হয়, তখন এটি অন্যান্য সূত্রগুলোর কারণে 'হাসান'-এর পর্যায়ভুক্ত হয়ে যায়। তবে এর স্তরটি 'হাসান লি যাতিহি'র চেয়ে নিমু পর্যায়ের।
- ১১। **য'ঈফ ঃ** যে সনদে হাসান হাদীসের সনদের গুণাবলী একত্রিত হয়নি, হাসান-এর সনদের শর্তগুলোর যে কোনটি অনুপস্থিত থাকার কারণে, সে সনদের হাদীসটিকে 'য'ঈফ' বলা হয়।
- এ 'য'ঈফে'র শুরগুলো বিভিন্ন হতে পারে বর্ণনাকারীর মাঝের দুর্বলতা কম বেশী হবার কারণে। (যেমনভাবে সহীহ হাদীসের শুরে পার্থক্য রয়েছে বর্ণনাকারী নির্ভরশীল বা বেশী নির্ভরশীল হওয়ার কারণে)। দুর্বলের প্রকার গুলোর মধ্যে রয়েছে; য'ঈফ, য'ঈফ জিদ্দান (নিতান্তই দুর্বল), ওয়াহিন, মুনকার, মুযতারিব, মু'বাল, মুরসাল মু'য়াল্লাক ইত্যাদি। তবে সর্বাপেক্ষা নিকৃষ্ট প্রকার হচ্ছে মাওযু' (জাল)।
- ১২। মু'য়াল্লাক ঃ যে হাদীসের সনদের শুরুতে একজন বা পর্যায়ক্রমে একাধিক বর্ণনাকারী উল্লেখ করা হয়নি সেই হাদীসকে 'মু'য়াল্লাক' বলা হয়। যেমন সনদের সকল বর্ণনাকারীকে উল্লেখ না করে এরূপ বলা যে, রসূল (紫) বলেছেন কিংবা সাহাবী বা তাবে'ঈ ছাড়া সনদের সকল বর্ণনাকারীকে উল্লেখ না করা। এ হাদীস গ্রহণযোগ্য নয়।

- ১৩। **মুরসাল ঃ** যে সনদের শেষ ভাগে তাবে'ঈর পরের ব্যক্তি অর্থাৎ সাহাবীকে উহ্য রেখে তাবে'ঈ বলবেন ঃ রসূল (紫) বলেছেন। এরূপ বর্ণনা গ্রহণযোগ্য নয়।
- ১৪। মু'বাল ঃ যে সনদের দুই বা ততোধিক বর্ণনাকারী পর্যায়ক্রমে উল্লেখিত হয়নি সেই সনদের হাদীসকে বলা হয় মু'বাল। এরূপ হাদীস দুর্বলের পর্যায়ভূক্ত, গ্রহণযোগ্য নয়।
- ১৫। মুনকাতি ধ যে হাদীসের সনদে বিচ্ছিন্নতা ঘটেছে তাকেই বলা হয় 'মুনকাতি"। এ বিচ্ছিন্নতা যেভাবেই হোক না কেন। মুরসাল, মু'য়াল্লাক, মু'যাল এসব গুলো এরই অন্তর্ভুক্ত। এটি সকল আলেমের ঐক্যমতে দুর্বল হাদীসের অন্তর্গত। সনদের মধ্যে অজ্ঞতা থাকার কারণে ।
- ১৬। **মাতর্ক্ক ঃ** সেই হাদীসকে বলা হয় যার সনদে মিখ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছে। এরূপ বর্ণনাকারীর হাদীস গ্রহণযোগ্য নয়।
- ১৭। **মা'দ্ধফ ঃ** নির্ভরশীল বর্ণনাকারী কর্তৃক দুর্বল বর্ণনাকারীর বিরোধিতা করে বর্ণনা করাকেই বলা হয় 'মা'দ্ধফ' হাদীস। মাদ্ধফ হাদীস গ্রহণযোগ্য।
- ১৮। মুনকার ঃ দুর্বল বর্ণনাকারী কর্তৃক নির্ভরশীল বর্ণনাকারীর বিরোধিতা করে বর্ণনা করাকেই বলা হয় মুনকার হাদীস। এরূপ বর্ণনাকারীর হাদীস গ্রহণযোগ্য নয়।
- অন্য ভাষায় মুনকার বলা হয় সেই হাদীসকে যার সনদে এমন এক বর্ণনাকারী আছেন যার বেশী ভুল হয় বা যার অসতর্কতা বৃদ্ধি পেয়েছে কিংবা পাপাচার প্রকাশ পেয়েছে।
- ১৯। মাহকুষ ঃ যে হাদীসটি বেশী নির্ভরযোগ্য ব্যক্তি তার চেয়ে কম নির্ভরযোগ্য ব্যক্তির বিরোধিতা করে বর্ণনা করেছেন তাকে বলা হয় 'মাহকুয' হাদীস। এ হাদীস গ্রহণযোগ্য।
- ২০। শাষ ঃ যে হাদীসটি গ্রহণযোগ্য ব্যক্তি তার মতই একাধিক বা তার চেয়ে উত্তম ব্যক্তির বিরোধিতা করে বর্ণনা করেছে সেটিকে বলা হয় 'শায'। এরূপ হাদীস গ্রহণযোগ্য নয়।
- ২১। **মাজহুল ঃ** যে বর্ণনাকারীর সন্থা বা গুণাবলী সম্পর্কে কিছুই জানা যায় না তাকেই বলা হয় 'মাজহুল'। এরূপ বর্ণনাকারীর হাদীস গ্রহণযোগ্য নয়।
- ২২। **জাহালাত ঃ** যে সনদের মধ্যের কোন বর্ণনাকারীর সন্থা বা অবস্থা সম্পর্কে কিছুই জানা যায় না সে সনদটিকে জাহালাত সম্বলিত সনদ বলা হয়।
- ২৩। **তাবে' ঃ** সেই হাদীসকে তাবে' বলা হয় যে হাদীসের বর্ণনাকারীগণ বাক্য এবং অর্থের দিক দিয়ে অথবা শুধু অর্থের দিক দিয়ে এককভাবে হাদীস বর্ণনাকারীদের সাথে ঐক্যমত পোষণ করেছেন, তবে একই সাহাবা হতে।

- ২৪। শাহেদ ঃ সেই হাদীসকে শাহেদ বলা হয় যে হাদীসের বর্ণনাকারীগণ বাক্য এবং অর্থের দিক দিয়ে অথবা শুধু অর্থের দিক দিয়ে এককভাবে হাদীস বর্ণনাকারীদের সাথে ঐক্যমত পোষণ করেছেন, তবে অন্য সাহাবী হতে।
- ২৫। মুতাবা'রাত ঃ হাদীসের বর্ণনার ক্ষেত্রে বর্ণনাকারী অন্য বর্ণনাকারীর সাথে মিল রেখে বর্ণনা করলে তাকে বলা হয় 'মুতাবা'য়াত'।

এটি দু' প্রকার ঃ

- (ক) **মুতাবা'য়াতু তান্মাহ ঃ** যদি সনদের প্রথম অংশের বর্ণনাকারীর স্থলে অন্য বর্ণনাকারী মিলে যায়, তাহলে তাকে 'মুতাবা'য়াতু তান্মাহ' বলে।
- (খ) মুতাবা'রাতু কাসিরা ঃ যদি সনদের মাঝের কোন বর্ণনাকারীর স্থলে অন্য কোন বর্ণনাকারী মিলে যায় তাহলে তাকে বলা হয় 'মুতাবা'রাতু কাসিরা'।
- ২৬। মুদাল্লাস ঃ সনদের মধ্যের দোষ লুক্কিয়ে তার বাহ্যিক সৌন্দর্য প্রকাশ করে বর্ণনা করা হাদীসকে 'মুদাল্লাস' বলা হয়। আর যে ব্যক্তি এরূপ করে তাকে বলা হয় 'মুদাল্লিস' (দোষ গোপণকারী)।

তাদলীস (সনদের দোষ গোপন করা) দু' প্রকার ঃ

- (ক) তাদলীসুল ইসনাদ ঃ রাবী (বর্ণনাকারী) কর্তৃক তার শাইখকে লুক্কিয়ে তার শায়খের শাইখ হতে অথবা তার সমসাময়িক অন্য কোন ব্যক্তি হতে বর্ণনা করা, যার সাবে তার সাক্ষাৎ ঘটেছে, কিন্তু তার থেকে সে শ্রবণ করেনি।
- (খ) তাদলীসুত তাসবিয়া ঃ রাবী কর্তৃক এমন এক দুর্বল বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা করা, সনদে যার অবস্থান এমন দুই নির্ভরযোগ্য বর্ণনাকারীর মাঝে যারা একে অপরের সাথে মিলিত হয়েছে। অতঃপর রাবী কর্তৃক সেই দুর্বল বর্ণনাকারীকে রহিত করে দিয়ে তার নির্ভরযোগ্য শায়ঝের মাধ্যমে অপর নির্ভরযোগ্য হতে বর্ণনা করা। (অথচ ন্যায়পরায়ণতার পরিচয় দিয়ে উভয়ের মাঝের দুর্বল বর্ণনাকারীকে উল্লেখ করা উচিত ছিল)। এটি সুর্বাপেক্ষা নিকৃষ্টতম তাদলীস।
- \* তাদলীসুশ শয়্থ ঃ রাবী কর্তৃক মানুষের নিকট তার শায়খের অপ্রসিদ্ধ নাম বা কুনিয়াত বা উপাধি ইত্যাদি উল্লেখ করার মাধ্যমে হাদীস বর্ণনা করা।

মুদাল্লিস বর্ণনাকারী যদি স্পষ্ট ভাষায় শ্রবণ সাব্যস্ত করে, যেমন বলবে আমি জনেছি, তাহলে গ্রহণযোগ্য হবে। আর যদি স্পষ্টভাবে তার শ্রবণ সাব্যস্ত না হয়, (যেমন উমুক হতে উমুক হতে (যেটাকে বলা হয় আন্ আন্ করে) তাহলে তার হাদীস গ্রহণযোগ্য হবে না।

২৭। **মুরসালুল খাফী ঃ** রাবী কর্তৃক তার সমসাময়িক এমন ব্যক্তি হতে হাদীস বর্ণনা করা যার সাথে তার সাক্ষাৎ ঘটার ব্যাপারটি জানা যায় না। ২৮। **মাওয়্' ঃ** নিজে জাল করে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর মিথ্যারোপ করাকেই 'মাওয়্'' হাদীস বলা হয়। (এরূপ বানোয়াট হাদীস বর্ণনা করা হারাম)।

২৯। **মুষতারিব ঃ** আভিধানিক অর্থে মুযতারিব বলা হয় কর্মে ক্রটিযুক্ত হওয়াকে।

আর পারিভাষিক অর্থে সেই হাদীসকে মুযতারিব বলা হয়, যেটি বর্ণিত হয়েছে সমশক্তিতে বিভিন্ন রূপে। যার একটি অন্যটির সাথে সাংঘর্ষিক এবং একটিকে অন্যটির সাথে একত্রিত করেও আমল করা সম্ভবপর হয় না। এরূপ বিভিন্নতা সনদের বর্ণনাকারীদের নাম নিয়েও হতে পারে আবার হাদীসের ভাষাতেও হতে পারে। তবে এরূপ সনদের মধ্যেই বেশী ঘটে থাকে। এরূপ হাদীস গ্রহণযোগ্য নয়।

৩০। মুসাহৃহ্াফ ঃ আভিধানিক অর্থে তাসহীফ বলা হয় দিখতে এবং পড়তে ভুল করাকে।

পারিভাষিক অর্থে মুসাহহাফ বলা হয় ঃ শব্দ অথবা অর্থের দিক দিয়ে নির্ভরযোগ্যদের বর্ণনার বিরোধিতা করে হাদীসের শব্দে পরিবর্তন ঘটানোকে।

তাসহীফ সংঘটিত হয় সনদ এবং মাতান (হাদীসের ভাষ্য) উভয়ের মধ্যে।

সাধারণত শিক্ষক বা শাইখের নিকট শিক্ষা গ্রহণ না করে গ্রন্থরাজী হতে হাদীস গ্রহণকারী রাবী তাসহীফ-এর মধ্যে পতিত হয়ে পাকেন।

হাফিয ইবনু হাজারের (রাহিঃ) নিকট মুসাহ্হাফ বলা হয় নির্জরযোগ্যদের বর্ণনার বিরোধিতা করে হাদীসের সনদে ব্যক্তির নামের বা হাদীসের ভাষার কোন শব্দের অক্ষরের এক বা একাধিক নুকতাকে শব্দের আকৃতি ঠিক রেখে পরিবর্তন করাকে।

৩১। মুদরাঞ্চ ঃ আভিধানিক অর্থে কোন বস্তুকে অন্য কোন বস্তুর মধ্যে ঢুকিয়ে দেয়াকেই 'মুদরাঞ্চ' বলা হয়।

আর পারিভাষিক অর্থে মুদরাজ বলা হয় সনদের মাঝে কারণ বশতঃ বর্ণনাকারীর পক্ষ হতে কোন কিছু সংযোজন করাকে অথবা হাদীসের বাক্যে যা তার অন্তর্ভুক্ত নয় এরপ কিছুর প্রবেশ ঘটিয়ে তার সাথে মিশিয়ে দেয়াকে (পৃথকভাবে উল্লেখ না করে)। মুদরাজ গ্রহণযোগ্য নয়, বরং হারাম। তবে যদি ব্যাখ্যা মূলক হয় তাহলে তা নিষিদ্ধ নয়।

٢	مراتب الجرح	وحكمه
١	الأولى ما دل على المبالغة نحو: فلان أكذب الناس، أو إليه المنتهى في الكذب، أو هو ركن الكذب، أو معدنه، أو نحو ذلك.	الحكم في ا الأربع
۲	ثم الثانية ما دون ذلك وإن اشتملت على المبالغة نحو: فلان دحال ، أو كذاب، أو وضاع وكذا يضع الحديث أو يكذب.	آهل هذه المراتب عالاول منها ولا
٣	فلان متهم بالكذب أو الوضع أو يسرق الحديث أو ساقط أو متروك أو هالك أو ذاهب الحديث أو تركوه أو لا يعتبر به أو ليس بثقة أو نحو ذلك.	ب انه لا يحتج لا يستشهد به
ŧ	فلان رد حديثه أو مردود الحديث أو ضعيف حداً أو واه بمرة أو طرحوه أو لا يكتب حديثه أو لا تحل الرواية عنه، أو ليس بشيء عند غير ابن معين. لأنه يريد بــ ليس بشيء ، أن أحاديثه قليلة.	، باحد من اهل ولا يعتبر.
٥	فلان لا يحتج به أو ضعفوه أو مضطرب الحديث أو ضعيف أو له ما ينكر أو له مناكير أو منكر الحديث عند غير البخاري. لأن البخاري إذا قال في الراوي أنه منكر الحديث لا تحل الرواية عنه.	وکل من ذکر
<b>1</b>	فلان فيه مقال أو أدنى مقال أو ينكر مرة ويعرف أحرى أوليس بذلك أو ليس بالقوي أو ليس بالمتين أو ليس بحجة أو بعمدة أو ليس بالحافظ أو فيه شيء أو فيه حهالة أو سيء الحفظ أو لين الحديث أو فيه لين. أو فلان تكلموا فيه أو فلان فيه نظر أو سكتوا عنه عند غير البحاري. لأن فلان فيه نظر أو فلان سكتوا عنه يقولهما البحاري فيمن تركوا حديثه.	في الحامسة والسادسة يعتبر بحديث أن يخرج للاعتبار.



नर	মুহাদ্দিসগণের পরিভাষার বর্ণনাকারীদের ক্ষেত্রে ব্যবহৃত দোষনীয় উক্তিগুলোর ছয়টি স্তর	হকুম
۵	বে শব্দ মুবালাগার (বাড়তি অর্থের) প্রমাণ বহন করে: যেমন অমুক ব্যক্তি মানুবের মধ্যে সব চেয়ে বেশী মিথ্যুক বা সে হচ্ছে মিথ্যার শেষ সীমার বা সে মিথ্যার জম্ভ বা সে মিথ্যার খুনি অথবা এক্লপ অর্থবোধক ভাষ্য।	এই চার ভরের ভাতেতনো হতে তে কোন একটির দ্বামা লোকীয় কোন কশাকারীর হাসীন দদীন হিনাকে এইখনেন্ট হতে দা। এনদকি শাহেদ বিসাহে বা পরীকা কয়ার উদ্যোভ এহণ করা যানে না।
2	প্রথমটির চেয়ে একটু নীচু পর্যায়ের যদিও এ স্তরের শব্দকলোও মুবাদাসার অর্থ বহুণ করে। যেমন: উমুক ব্যক্তি দাচ্জাদ বা সে কাষ্যাব (অত্যাধিক মিখ্যাবাদী) বা অত্যাধিক জাদকারী বা হাদীস জাদ করে বা মিখ্যা বলে।	
9	অমুক ব্যক্তি মিখ্যার বা জাল করার দোবে দোবী বা সে হাদীস চুরী করত কিংবা সাকেত বা মাতরুক বা হালেক বা যাহেবুল হাদীস বা তাকে মুহাদিসগণ মিখ্যার দোবে পরিত্যাগ করেহেন বা তাকে মূল্যায়ন করা হয় না বা সে নির্ভরবোগ্য নয় অথবা বে সব ভাষ্য অনুরূপ অর্থ বহণ করে।	
8	অমুক ব্যক্তির হাদীস পরিত্যাগ করা হয়েছে বা সে হাদীসের ক্ষেত্রে পরিত্যান্ত বা নিতান্ত ই দুর্বল বা একেবারে দুর্বল বা মুহাদিসগদ তাকে নিক্ষেপ করেছেন বা তার হাদীস শিষার বোগ্য নয় বা তার নিকট হতে বর্ধনা করাই হাদাল নয় বা সে কিছুই না। তবে শেবোক্ত ভাষ্য ইবনু মান্দিন ব্যক্তীত অন্য সকলের নিকট, কারণ তার নিকট এ ভাষ্য দ্বারা যে ব্যক্তি কম হাদীস বর্ধনা করেছে তাকে বুঝানো হয়ে থাকে।	
¢	अभूक राज्जित बाता ममीम श्रद्ध कता यात्र ना वा छाटक छाता मूर्यम आधाा मिरत्रहरून वा त्म भूयछात्रित्रम रामीम वा मूर्यम वा छात अधीकात खाना रामीम तरत्रहरू वा छात्र वह अधीकात खाना रामीम तरत्रहरू वा तम भूनकात्रम रामीम। छर हैमाम नूथात्री कारता मम्मर्स्य (मराज्जि मस्त्रा) कत्रहरू छात्र शामीम वर्षना कत्राहै श्रामा नत्र।	৫ ৬ ৮ মং ভ্রমের যে কোন একটি ভাগ্য যদি কোন কনাকরীয় কেন্দ্রে কনা হয় ভাগ্যন ভায় হাসীন পরীকা করার উদ্যোধ্য এবং করা যেতে পারে।
y	অমুক ব্যক্তির ব্যাপারে সমালোচনা করা হয়েছে বা কিছু সমালোচনা করা হয়েছে বা তাকে একবার অধীকার করা হয়েছে অন্যবার খীকার করা হয়েছে বা সে সেরূপ নর বা সে শক্তিশালী নয় বা সে দৃঢ় নয় বা সে দলীল নয় বা সে ভাল নয় বা সে হাফিষ নয় বা তার মধ্যে বিরূপ সন্তব্য রয়েছে বা তার মধ্যে বিরূপ সন্তব্য রয়েছে বা তার মধ্যে কিছুটা দুর্বলতা য়য়েছে বা অমুক ব্যক্তির মুহাদিসগণ সমালোচনা করেছেন বা তার মধ্যে বিরূপ সন্তব্য রয়েছে বা তার ব্যাপারে মুহাদিসগণ সমালোচনা করেছেন বা তার মধ্যে বিরূপ সন্তব্য রয়েছে বা তার ব্যাপারে মুহাদিসগণ চুপ থেকেছেন। তবে ইমাম বুখারী যখন কোন ব্যক্তি সম্পর্কে শেবের পরিভাবা দুটি বলেন, তখন তিনি তা ছারা বুঝিয়ে থাকেন ঐ ব্যক্তিকে বার হাদীসকে মুহাদিসগণ মিধ্যার দোষে দোষী হধরার কারণে পরিত্যাগ করেছেন।	

THEO WYMO AND THE STREET

١. (الدِّيْنُ هُوَ العَقْلُ، وَ مَنْ لا بِيْنَ لَهُ لا عَقَلَ لهُ).

১। দ্বীন [ধর্ম] হচ্ছে বিবেক, যার দ্বীন [ধর্ম] নেই তার কোন বিবেক নেই। হাদীসটি বাতিশ।

হাদীসটি নাসাঈ "আল-কুনা" গ্রন্থে উল্লেখ করেছেন এবং তার থেকে দুলাবী "আল-কুনা ওয়াল আসমা" গ্রন্থে (২/১০৪) আবৃ মালেক বিশ্র ইবনু গালিব সূত্রে যুহুরী হতে... প্রথম বাক্যটি ছাড়া মারফু হিসাবে বর্ণনা করেছেন।

ইমাম নাসাঈ হাদীসটি সম্পর্কে বলেনঃ '''گذا حَدِيْتُ بَاطِلٌ مُنْكَرُ'' এ হাদীসটি বাতিল, মুনকার।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সমস্যা হচ্ছে এ বিশর নামক বর্ণনাকারী। কারণ আযদী বলেন ঃ তিনি মাজহুল [অপরিচিত] বর্ণনাকারী। ইমাম যাহাবী "মীযানুল ই'তিদাল" এবং ইবনু হাজার আসকালানী "লিসানুল মীযান" গ্রন্থে তার কথাকে সমর্থন করেছেন।

হারিস ইবনু আবী উসামা তার "মুসনাদ" গ্রন্থে (কাফ ১০০/১-১০৪/১) দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে বিবেকের ফযীলত সম্পর্কে ত্রিশের অধিক হাদীস উল্লেখ করেছেন।

হাফিয ইবনু হাজার আসকালানী বলেনঃ সে সবগুলোই জাল (বানোয়াট)।

সেগুলোর একটি হচ্ছে এ হাদীসটি যেমনটি ইমাম সুযুতী তার "যায়লুললাআলিল মাসনৃ'য়াতি ফিল আহাদীছিল মাওয়ু'আত" গ্রন্থে (পৃঃ ৪-১০) উল্লেখ
করেছেন। তার থেকে হাদীসটি আল্লামা মুহাম্মাদ তাহির আল-হিন্দী মাওযু' গ্রন্থ
"তাযকিরাতুল মাওযু'আত"-এর মধ্যে (পুঃ ২৯-৩০) উল্লেখ করেছেন।

माछम देवनुम भूदाक्वात সম्পর্কে यादावी বলেन ह

ইমাম আহমাদ ইবনু হাদাল বলেন ঃ হাদীস কী তিনি তাই জানতেন না। আবৃ হাতিম বলেন ঃ তিনি যাহেবুল হাদীস [হাদীসকে বিতাড়নকারী], নির্ভরযোগ্য নন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরক [অগ্রহণযোগ্য ব্যক্তি]। আব্দুল গনী ইবনু সা'ঈদ দারাকুতনী হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ মায়সারা ইবনু আব্দি রাকিহি "আল-আকল" নামক গ্রন্থ রচনা করেন আর তার নিকট হতে দাউদ ইবনুল মুহাকার তা চুরি করেন। অতঃপর তিনি তার (মায়সারার) সনদের পরিবর্তে নিজের বানোয়াট সনদ জড়িয়ে দেন। এরপর তা চুরি করেন আব্দুল আযীয ইবনু আবৃ রাজা এবং সুলায়মান ইবনু ঈসা সাজযী।

মোটকথা বিবেকের ফ্যীলত সম্পর্কে কোন সহীহ হাদীস নেই। এ সম্পর্কে বর্ণিত হাদীস হয় দুর্বল, না হয় জাল (বানোয়াট)। আল্লামা ইবনুল কাইয়্রিম "আল-মানার" গ্রন্থে বলেনঃ (পৃ: ২৫) الْحَالِيْتُ '''نَّاحَالِيْتُ 'বিবেক সম্পর্কে বর্ণিত সকল হাদীস মিখ্যা।'

٢. (مَنْ لَمْ تَنْهَهُ صَلَاتُهُ عَنْ القَحْشَاءِ وَالْمُنْكَرِ؛ لَمْ يَزْدُدْ مِنَ اللهِ إِلَّا بُعْدًا).

২। যে ব্যক্তির সলাত তাকে তার নির্লচ্জ ও অশোভনীয় কাজ হতে বিরত করে না, আল্লাহর নিকট হতে তার তথু দ্রত্বই বৃদ্ধি পায়।

#### হাদীসটি বাতিল।

যদিও হাদীসটি মানুষের মুখে মুখে প্রসিদ্ধি লাভ করেছে তবুও সেটি সনদ এবং ভাষা উভয় দিক দিয়েই সহীহ নয়।

সনদ সহীহ না হওয়ার কারণঃ হাদীসটি তাবারানী "আল মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১০৬/২), কাষা'ঈ "মুসনাদৃশ শিহাব" গ্রন্থে (২/৪৩) এবং ইবনু আবী হাতিম বর্ণনা করেছেন, যেমনটি "তাফসীর ইবনু কাসীর" গ্রন্থে (২/৪১৪) এবং "আল কাওয়াকাবুদ দুরারী" গ্রন্থে (৮৩/২/১) লাইস সূত্রে তাউস-এর মাধ্যমে ইবনু আব্বাস (ఉ) হতে বর্ণিত হয়েছে।

এ লাইসের কারণে হাদীসটির সনদ দুর্বল -তিনি হচ্ছেন লাইস ইবনু আবী সুলাইম- কারণ তিনি দুর্বল বর্ণনাকারী।

হাফিয ইবনু হাজার "তাকরীবৃত তাহযীব" গ্রন্থে তার জীবনী লিখতে গিয়ে বলেনঃ তিনি সত্যবাদী, কিন্তু শেষ জীবনে তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তার হাদীস পৃথক করা যেত না, ফলে তার হাদীস মাতরূক [অগ্রহণযোগ্য]।

হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (১/১৩৪) একই কারণ উল্লেখ করেছেন। তার শাইখ হাফিয আল-ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে (১/১৪৩) বলেছেন ঃ হাদীসটির সনদ লাইয়েনুন (দুর্বল)।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ইবনু জারীর তার "তাফসীর" গ্রন্থে (২০/৯২) ইবনু আব্বাস (ॐ) হতে অন্য সূত্রে মওকৃষ্ণ হিসাবে বর্ণনা করেছেন। সম্ভবত এটিই সহীহ্ অর্থাৎ সাহাবীর কথা। যদিও তার সনদে এমন ব্যক্তি রয়েছেন যার নাম উল্লেখ করা হয়নি।

ইমাম আহমাদ "কিতাবুল যুহুদ" গ্রন্থে (পৃ: ১৫৯) আর তাবারানী "মু'জামূল কাবীর" গ্রন্থে হাদীসটি ইবনু মাস'উদ (卷) হতে মওকৃফ হিসাবে ভিন্ন ভাষায় বর্ণনা করেছেন।

হাফিয় ইরাকী বলেন ঃ তার সনদটি সহীহ। অতএব হাদীসটি মওকৃষ।

ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (১/১৯৩) হাদীসটি হাসান বাসরী হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু হাসান হচ্ছেন মুদাল্লিস্। হাফিয যাহাবী "মীযানুল ই'তিদাল" গ্রন্থে বলেনঃ

তিনি বেশী বেশী তাদলীস করতেন। তিনি (عَنْ) আন শব্দে বর্ণনা করলে তার হাদীস দ্বারা দলীল গ্রহণ করাটা দুর্বল হয়ে যায়। আবৃ হুরাইরা (ఉ) হতে তার শ্রবণ সাব্যস্ত হয়নি। এ কারণে মুহাদ্দিসগণ আবৃ হুরাইরা (ఉ) হতে তার হাদীসকে মুনকাতি হিসাবে গণ্য করেছেন।

তবে হাসান বাসরীর নিজের কথা হিসাবে হাদীসটি বর্ণিত হয়েছে। তিনি নাবী (ﷺ) বলেছেন এমন কথা বলেননি। ইমাম আহমাদ "আল-যুহুদ" গ্রন্থে (পৃ:২৬৪) এভাবেই বর্ণনা করেছেন আর তার সনদটি সহীহ। অনুরূপ ভাবে ইবনু জারীরও বিভিন্ন সূত্রে তার থেকেই (২০/৯২) বর্ণনা করেছেন এবং এটিই সঠিক।

"মুসনাদৃশ শিহাব" গ্রন্থে (২/৪৩) মিকদাম ইবনু দাউদ সূত্রে হাসান বাসরী হতে মারফু' হিসাবে বর্ণিত হয়েছে।

কিন্তু এই মিকদাম সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

মোটকথা নাবী (ﷺ) পর্যন্ত এটির সনদ সহীহ নয়। ইবনু মাসউদ (ఉ) এবং হাসান বাসরী হতে সহীহ সনদে বর্ণিত হয়েছে। ইবনু আব্বাস (ﷺ) হতেও বর্ণনা করা হয়েছে।

এ কারণেই ইবনু তাইমিয়্যা "কিতাবুল ঈমান" গ্রন্থে (পৃঃ ১২) মওকৃফ হিসাবেই উল্লেখ করেছেন।

ইবনু উরওয়াহ্ "আল-কাওয়াকিব" গ্রন্থে বলেছেন ঃ এটিই বেশী সঠিক। ভাষার দিক দিয়ে সহীহ না হওয়ার কারণঃ

হাদীসটি যে ব্যক্তি সলাতের শর্ত এবং আরকান সমূহের দিকে যত্নবান হয়ে যথাযথভাবে আদায় করে সে ব্যক্তিকেও সম্পৃক্ত করে। অথচ শারী গ্রাত তার সলাতকে বিশুদ্ধ বলে রায় প্রদান করেছে। যদিও এ মুসল্পী কোন গুনাহের সাথে চ্বাড়িত থাকে। অতএব কীভাবে এ সলাতের কারণে তার সাথে আল্লাহর দূরত্ব বৃদ্ধি পাবে? এটি বিবেক বর্জিত কথা। শারী গ্রাত এ কথার সাক্ষ্য দেয় না। হাদীসটি মওকৃক হওয়ার ক্ষেত্রেও সলাত দ্বারা এমন সলাতকে বুঝানো হয়েছে যে সলাত প্রমন কোন অংশ ছেড়ে দেয়া হয়েছে যা ছেড়ে দিলে সলাত শুদ্ধ হয় না।

আল্লাহ (ﷺ) বলেনঃ {إِنَّ الْصِلْلاَةُ تَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ} অর্থঃ
'নিশ্যু সলাত নির্লছ্জ ও অশোভনীয় কাজ হতে বিরত রাখে।' ('আনকারুতঃ ৪৫)।

রসূল (ﷺ)-কে যখন জিজ্ঞেস করা হয়েছিল অমুক ব্যক্তি সারা রাত ধরে ইবাদাত করে অতঃপর যখন সকাল হয় তখন সে চুরি করে! উত্তরে তিনি উক্ত আয়াতের গুরুত্ব দিয়ে বলেছিলেন ঃ

'তুমি যা বলছ তা থেকে অচিরেই তাকে তার সলাত বিরত করবে অথবা বলেন ঃ তাকে তার সলাত বাধা প্রদান করবে।' হাদীসটি ইমাম আহমাদ, বায্যার, তাহাবী "মুশকিলুল আসার" গ্রন্থে (২/৪৩০), বাগাবী "হাদীসু আলী ইবনুল যা'আদ" গ্রন্থে (৯/৯৭/১) এবং আবৃ বাক্র কালাবাযী "মিফতান্থ মা'য়ানীল আসার" গ্রন্থে (৩১/১/৬৯/১) সহীহ্ সনদে আবৃ হুরাইরাহ্ (ఉ) হতে বর্ণনা করেছেন।

লক্ষ্য করুন! রসূল (ﷺ) সংবাদ দিয়েছেন যে, এ ব্যক্তি তার সলাতের কারণে চুরি করা হতে বিরত থাকবে (যদি তার সলাতটি যথাযথ ভাবে হয়)। তিনি বলেননি যে, তার দূরত্ব বৃদ্ধি করবে, যদিও সে তার চুরি হতে বিরত হয়নি। এ কারণেই আব্দুল হক ইশবীলী "আত-তাহাজ্জুদ" গ্রন্থে (কাফ- ১/২৪) বলেন ঃ

সত্যিকার অর্থে যে ব্যক্তি সলাত আদায় করবে এবং সলাতকৈ আঁকড়ে ধরে রাখবে, তার সলাত তাকে হারামে জড়িত হওয়া এবং হারামে পতিত হওয়া থেকে বিরত রাখবে।

অতএব প্রমাণিত হচ্ছে যে, হাদীসটি সনদ এবং ভাষা উভয় দিক দিয়েই দুর্বল।
এছাড়া আহমাদ ইবনু মুহাম্মাদ ইয্যুদ্দীন ইবনু আন্দিস সালাম ইবনু আব্বাস
(ఉ)-এর আসারটি উল্লেখ করে বলেছেন ঃ এ ধরনের হাদীসকে ভীতি
প্রদর্শনমূলক হাদীস হিসাবে গণ্য করা বাঞ্ছনীয়।

এ হাদীসকে তার বাহ্যিক অর্থে নেয়া সঠিক হবে না। কারণ তার বাহ্যিক অর্থ সহীহ্ হাদীসে যা সাব্যস্ত হয়েছে তার বিপরীত অর্থ বহন করছে। সহীহ্ হাদীসে বলা হয়েছে যে, সলাত গুনাহ্ সমূহকে মোচন করে, অতএব আল্লাহ্ সাথে দূরত্ব বৃদ্ধি করলে সলাত কীভাবে গুনাহ্ মোচনকারী হতে পারে?

আমি (আলবানী) বলছিঃ এরপ ব্যাখ্যা করা যেতে পারে তবে মওক্ফ হিসাবে গণ্য করে, রসৃল (日)-এর বাণী হিসাবে নয়।

উপরের আলোচনার সাক্ষ্য দেয় বৃখারীতে বর্ণিত হাদীস। এক ব্যক্তি কোন মহিলাকে চুমু দিয়ে দেয়। অতঃপর সে রসূল (ﷺ)-এর নিকট ঘটনাটি উল্লেখ করলে আল্লাহ তা'আলা নিম্নোক্ত আয়াতটি নাযিল করেন ঃ إِنَّ الْحَسَنَاتِ يُدُهِنِنَ (শূটা الْسَيِّنَاتِ) "নিঃসন্দেহে সং কর্মগুলো অসং কর্মগুলোকে মুছে ফেলে" (হুদ:১১৪)।

হাফিয় যাহারী "আল-মীযান" গ্রন্থে (৩/২৯৩) ইবনুষ যুনায়েদ হতে বর্ণনা করে (আলোচ্য) হাদীসটি সম্পর্কে বলেন ঃ এটি মিখ্যা।

٣. (هِمَّةُ الرَّجَالِ تُرْيِلُ الْجِبَالَ)

৩। পুরুষদের ইচ্ছা (মনোবন) পর্বতমালাকে স্থানচ্যুত করতে পারে। এটি হাদীস নয়।

ইসমাঈল আজলুনী "কাশফুল খাফা" গ্ৰন্থে বলেন ঃ

এটি যে হাদীস তা অবহিত হতে পারিনি। তবে কোন ব্যক্তি শাইখ আহমাদ পাষালীর উদ্ধৃতিতে বলেছেন যে, রসূল (緣) বলেনঃ (مِمَةُ الرِّجَالِ كُفَلِّعُ الْحِيالَ) পুরুষদের মনোবল পর্বতমালার উচ্ছেদ ঘটাতে পারে'।

আমি (আলবানী) বলছি ঃ সুন্নাতের গ্রন্থগুলো খুঁজেছি এর (হাদীসটির) কোন অন্তিত্ব পাইনি। শাইখ আহমাদ গাযালী কর্তৃক হাদীস বলে উল্লেখ করাটা তাকে সাব্যস্ত করে না। কারণ তিনি মুহাদ্দিসগণের দলভুক্ত নন, বরং তিনি তার ভাই মুহাম্মাদের ন্যায় সৃফী সম্প্রদায়ভুক্ত একজন ফাকীহ্ ছিলেন। তার ভাই কর্তৃক রচিত "আল-ইহইয়া" গ্রন্থে কতইনা হাদীস নাবী (ﷺ)-এর উদ্ধৃতিতে দৃঢ়তার সাথে বলা হয়েছে এগুলো হাদীস। অথচ সেগুলোর কোন ভিত্তিই নেই। যেমনিভাবে হাফিয ইরাকী ও আরো অনেকে বলেছেন। সেগুলোর একটি নিম্নের হাদীসটি ঃ

٤. (الحَدِيْثُ فِي الْمَسْجِدِ يَأْكُلُ الحَسَنَاتِ كَمَا تُأْكُلُ الْبَهَاتِمُ الْحَشْيِشْ).

8। মসঞ্জিদের মধ্যে কথপোকথন পূণ্যগুলোকে খেরে ফেলে যেমনভাবে চতুস্পদ জম্বণ্ডলো ঘাস খেরে ফেলে।

হাদীসটি ভিন্তিহীন।

গাযালী এটি "আল-ইহইয়া" গ্রন্থে উল্লেখ করেছেন (১/১৩৬)। অথচ তার কোন ভিত্তি নেই।

হাফিয ইরাকী বলেন ঃ তার কোন ভিত্তি সম্পর্কে অবহিত হইনি।

হাফিয় ইবনু হাজার "তাখরীজুল কাশ্শাফ" গ্রন্থে ভিত্তি না থাকাকে (৭৩/৯৩, ১৩০/১৭৬) আরো সুস্পষ্ট করেছেন।

আব্দুল ওয়াহার সুবকী "তাবাকাতুশ-শাফে ঈয়াহ্" গ্রন্থে (৪/১৪৫-১৪৭) বলেছেনঃ তার কোন সনদ পাইনি।

লোকদের মুখে মুখে প্রসিদ্ধি লাভ করেছে যে, মসজিদের মধ্যে বৈধ কথা সৎ কর্মগুলোকে খেয়ে ফেলে যেমনভাবে খড়িকে আগুন খেয়ে ফেলে।

এটি ও উপরেরটির মধ্যে কোন পার্থক্য নেই।

٥. (مَا تُرِكَ عَبْدٌ شَيْئًا لِللهِ، لا يَتْرُكُهُ إلا لِللهِ، إلا عَوَّضَهُ مِنْهُ مَا هُوَ خَيْرً لهُ في ينينهِ وَيُنْيَاهُ).

৫। কোন বান্দা একমাত্র আল্লাহর সম্ভৃষ্টি অর্জনের উদ্দেশ্যে যখন কিছু ত্যাগ করে, তখন আল্লাহ তাকে তার ঘীন ও দুনিয়াবী ক্ষেত্রে তার চাইতেও অতি ক্ষ্যাণকর বস্তু প্রতিদান হিসাবে দান করেন।

এ ভাষায় হাদীসটি বানোয়াট।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ১৩৭৯ হিজরী সনের রমাযান মাসে রেডিও দামেক্ষে প্রচারিত কোন এক সম্মানিত ব্যক্তির বক্তব্যে শুনি। হাদীসটি আবৃ নো'য়াইম "হিলইয়াতুল আওলিয়া" গ্রন্থে (২/১৯৬), দাইলামী "আল-গারায়েবুল মূলতাকাতাত্ই" গ্রন্থে, আস-সিলাফী "আত-তায়ুরীয়াত" গ্রন্থে (২/২০০) এবং ইবনু আসাকির (৩/২০৮/২,১৫/৭০/১) আব্দুল্লাহ ইবনু সা'দ আর-রাকী সূত্রে ...বর্ণনা করেছেন।

. অতঃপর আবূ নু'য়াইম বলেন ঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ বানোয়াট, কারণ হাদীসটির সনদে বর্ণিত যুহ্রীর নিচের বর্ণনাকারীগণের মধ্য থেকে আনুল্লাহ ইবনু সা'দ আর-রাকী ব্যতীত অন্য কোন বর্ণনাকারীর বিবরণ হাদীসের গ্রন্থসমূহে মিলে না। তিনি পরিচিত, তবে মিথ্যুক হিসাবে!

হাফিয যাহাবী "মীযানুল ই'তিদাল" গ্রন্থে এবং তার অনুসরণ করে হাফিয ইবনু হাজার আসকালানী "লিসানুল মীযান" গ্রন্থে বলেনঃ

"کُدُبُهُ الدُّارِ فَطَّنِيٌ وَقَالَ: کَانَ بَضَعُ الْحَدِیْثُ'' দারাকুতনী তাকে মিখ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি হাদীস জাল করতেন। আর আহমাদ ইবনু আব্দান তাকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদীসটিতে অন্য একটি সমস্যা রয়েছে, সেটি হচ্ছে বাক্কার ইবনু মুহাম্মান। তিনি মাজহুল [অপরিচিত]। ইবনু আসাকির তার জীবনীতে তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলেননি।

তবে হাাঁ হাদীসটি (في دينه ودنياه) এ শব্দ ছাড়া সহীহ্। যা ওয়াকী "আল-যুহুদ" নামক গ্রন্থে (২/৬৮/২) এবং তার থেকে ইমাম আহমাদ (৫/৩৬৩) ও কাষা ক্রি "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (১১৩৫) নিম্নের ভাষায় উল্লেখ করেছেন ঃ

''لِلَّكَ لَنْ تَدَعْ شَيْتًا لِلهِ عَزَّ وَجَلَّ إِلاَّ بَدَّلَكَ اللهُ بِهِ مَا هُوَ خَيْرٌ لَكَ مِنْهُ''

'তুমি আল্লাহ রাব্বুল আলামীনের উদ্দেশ্যে কিছু ত্যাগ করলে অবশ্যই আল্লাহ তার প্রতিদান হিসাবে তোমাকে তার চেয়ে উত্তম কিছু দান করবেন।'

ইমাম মুসলিমের শর্তানুযায়ী হাদীসটির সনদ সহীহ।

হাদীসটি ইসপাহানীও "আত-তারগীব" গ্রন্থে (১/৭৩) বর্ণনা করেছেন। অতঃপর তিনি উবাই ইবনু কা'ব (ﷺ) হতে তার একটি শাহেদ [সাক্ষীমূলক] হাদীস এমন এক সনদে বর্ণনা করেছেন, শাহেদ হওয়ার ক্ষেত্রে যাতে কোন সমস্যা নেই।

٦. (تَتْكَبُوا الْغَبَارَ؛ قَاتَهُ مِنْهُ تُكُونُ النَّسْمَةُ).

৬। ধূপিকণা হতে তোমরা বেঁচে চন্দ, কারণ ধূপিকণা হতেই জীবাণু সৃষ্টি হয়।

হাদীসটির কোন ভিন্তি নেই। ইবনুল আসীর ''نسے'' মাদ্দায় " আন-নেহায়া" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেন যে, এটি হাদীস! কিন্তু মারফ্' হিসাবে এটির কোন ভিত্তি সম্পর্কে জানি না। তবে আম্র ইবনুল 'আস (ఉ) হতে মওকৃফ হিসাবে ইবনু সা'দ "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৮/২/১৯৮) বর্ণনা করেছেন।

তিনি বলেনঃ আব্দুল্লাহ ইবনু সালেহু মিসরী বলেছেন...।

তা সত্ত্বেও কয়েকটি কারণে সনদের দিক থেকে হাদীসটি সহীহ নয় ঃ

১। ইবনু সা'দ মাধ্যম হিসাবে তার শাইখের নাম উল্লেখ করেননি। অর্থাৎ মু'য়াল্লাক হিসাবে বর্ণনা করেছেন।

২। এছাড়া সনদে উল্লেখিত আব্দুল্লাহ ইবনু সালেহ্-এর মধ্যে দুর্বলতা রয়েছে, যদিও বুখারী তার থেকে বর্ণনা করেছেন। ইবনু হিকান বলেন ঃ

তিনি নিজে সত্যবাদী ছিলেন, কিন্তু তার প্রতিবেশীর পক্ষ হতে তার হাদীসে মুনকারের প্রবেশ ঘটেছে। তিনি বলেন ঃ আমি ইবনু খুযায়মাকে বলতে শুনেছি ঃ প্রতিবেশীর সাথে তার শত্রুতা ছিল। এ কারণে প্রতিবেশী ইবনু সালেহের শাইখের উদ্ধৃতিতে নিজের হাতে লিখে হাদীস জাল করত এবং (আব্দুল্লাহর হাতের লিখার সাথে তার হাতের লিখার মিল ছিল) সে হাদীসকে আব্দুল্লাহ ইবনু সালেহের বাড়ীতে তার গ্রন্থগুলোর উপর ফেলে দিত। ফলে আব্দুল্লাহ্ তার লিখাকে নিজের হাতের লিখা মনে করতেন এবং তিনি তাকে হাদীস হিসাবে বর্ণনা করতেন।

٧. (الثَّنْتَان لا تَقْرَبْهُمَا: الشُّركُ باللهِ، وَالإضرارُ بِالنَّاسِ).

৭। দুটি বস্তুর নিকটবর্তী হয়ো না, আল্লাহর সাথে শরীক স্থাপন করা এবং মানুষের ক্ষতি সাধন করা।

হাদীসটির কোন ভিত্তি নেই।

হাদীসটি এ বাক্যেই পরিচিতি লাভ করেছে। সুন্নাহের কোন গ্রন্থে এর ভিত্তি সম্পর্কে অবহিত হইনি। হতে পারে এর মূলে আছে গাযালীর "আল-ইহইয়া" গ্রন্থে (২/১৮৫) বর্ণিত কথিত হাদীস।

হাফিয ইরাকী তার "তাখরীজ্ঞ" গ্রন্থে বলেনঃ হাদীসটি "ফিরদাউস" গ্রন্থের রচনাকারী আলী (ﷺ)-এর হাদীস হতে উল্লেখ করেছেন। কিন্তু তার ছেলে তার "মুসনাদ" গ্রন্থে মুসনাদ হাদীস হিসাবে উল্লেখ করেননি।

এ কারণেই সুবকী সেটিকে সেই সব হাদীসগুলোর অন্তর্ভুক্ত করেছেন (৪/১৫৬) যেগুলো "আল-ইহইয়া" গ্রন্থে এসেছে, অথচ তিনি সেগুলোর কোন সনদ পাননি।

٨. (اعْمَلْ لِدُنْيَاكَ كَانُّكَ تَعِيشُ أَبَداً، وَاعْمَلْ لِآخِرَتِكَ كَانُّكَ تَمُونَتُ عَداً).

৮। তুমি দুনিয়ার জন্য এমনভাবে কর্ম কর, যেন তুমি অনম্ভ কালের জন্য জীবন ধারণ করবে। আর আখেরাতের জন্য এমনভাবে আমল কর, যেন তুমি কালকেই মৃত্যুবরণ কররে।

P.S.P.D. DUM DUM CANT.

KOL - 28, W.B.

ALL-NALTA (NORTH)

মারফ্ হিসাবে হাদীসটির কোন ভিত্তি নেই। যদিও এটি পরবর্তী সময়গুলোতে মুখে মুখে পরিচিতি লাভ করেছে। তবে মওকৃফ হিসাবে হাদীসটির ভিত্তি পেয়েছি। ইবনু কৃতায়বা "গারীবুল হাদীস" গ্রন্থে ((১/৪৬/২) বর্ণনা করেছেন। কিন্তু এটির সনদের বর্ণনাকারী ওবায়দুল্লাহ ইবনু আয়যারের জীবনী কে উল্লেখ করেছেন পাচ্ছি না। অতঃপর এটি সম্পর্কে "তারীখু বুখারী" গ্রন্থে (৩/৩৯৪) এবং "যারহু ওয়াত তা'দীল" (২/২/৩৩০) গ্রন্থে অবহিত হয়েছি। কিন্তু সনদটি মুনকাতি [বিচ্ছিন্ন]।

অতঃপর ইবনু হিব্বানকে এটিকে "সিকাতু আতবা'ইত তাবে'ঈন" গ্রন্থে (৭/১৪৮) উল্লেখ করতে দেখেছি।

ইবনুল মুবারাকও অন্য সূত্রে "আল-যুহুদ" গন্থে (২/২১৮) মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এটিও মুনকাতি' [অর্থাৎ এর সনদে বিচ্ছনুতা রয়েছে]।

মারফ্' হিসাবেও বর্ণিত হয়েছে।

বাইহাকী তার "সুনান" গ্রন্থে (৩/১৯) আবু সালেহ-এর সূত্রে বর্ণনা করেছেন (তবে ভাষায় ভিন্নতা আছে)। কিন্তু এটির সনদটি দু'টি কারণে দুর্বল ঃ সনদের এক বর্ণনাকারী উমার ইবনু আব্দিল আযীযের দাস মাজহুল এবং আবু সালেহ দুর্বল। তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু সালেহ, লাইসের কাতিব [কেরানী]। তার সম্পর্কে ৬ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

বাইহাকী কর্তৃক বর্ণিত ইবনু 'আম্রের হাদীসের প্রথম অংশটি বায্যার জাবের (ﷺ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন (দেখুন ঃ ১/৫৭/৭৪- কাশফুল আসতার)। হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (১/৬২) বলেছেন ঃ এটির সনদে ইয়াইইয়া ইবনুল মুতাওয়াক্কিল (আবু আকীল) রয়েছেন। তিনি মিখ্যুক।

٩. ( أَنَا جَدُّ كُلِّ تُقِيًّ)

৯। আমি প্রত্যেক পরহেজ্বগার (সংষমী) ব্যক্তির দাদা।
 হাদীসটির কোন ভিত্তি নেই।

হাফিয় সুয়ৃতীকে এটি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, তিনি বলেন ঃ আমি এ হাদীসটি চিনি না। তিনি এ কথাটি তার "আল-হাবী লিল ফাতাওয়া" গ্রন্থে (২/৮৯) বলেছেন।

١٠. (إِنَ اللهَ يُحِبُ أَنْ يَرَى عَبْدَهُ تَعْباً فِي طَلْبِ الْمَلال).

১০। নিশ্চয় আল্লাহ তাঁর বান্দাকে হালাল রুয়ি অম্বেষণের উদ্দেশ্যে পরিশ্রাম্ত অবস্থায় দেখতে ভালবাসেন।



এটিকে আবৃ মানসূর দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে আলী (卷)-এর হাদীস হতে মারস্থু হিসাবে বর্ণনা করেছেন।

হাফিয ইরাকী (২/৫৬)বলেন ঃ

এটির সনদে মুহাম্মাদ ইবনু সাহাল আল-আন্তার নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি হাদীস জালকারী।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি সেই সব হাদীসের একটি যেগুলোকে সুষ্তী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করে তার গ্রন্থকে কালিমালিগু করেছেন ভূমিকাতে উদ্ধৃত তার নিজ উক্তির বিরোধিতা করে, তিনি বলেছেন ঃ

" صُنْتُهُ عَمَّا تَقْرُدَ بِهِ وَضَاعٌ أَوْ كَدَّابٌ "

'আমি কিতাবটি জালকারী ও মিখ্যুকের একক বর্ণনা হতে হেফাযাত করেছি।' এ গ্রন্থের ভাষ্যকার আব্দুর রউফ আল-মানাবী "ফয়যুল কাদীর" গ্রন্থে বলেনঃ 'জামে'উস সাগীর" এর লেখকের হাদীসটিকে তার গ্রন্থ হতে মুছে ফেলা উচিত ছিল।

١١. (إِنَّمَا بُعِثْتُ مُظَّماً).

১১। আমাকে প্রেরণ করা হয়েছে শিক্ষাদানকারী হিসাবে। হাদীসটি য'ঈফ (দূর্বল)।

এটি দারেমী (১/৯৯) আবুল্লাহ ইবনু ইয়াযীদ সূত্রে (তিনি হচ্ছেন আবৃ আব্দির রহমান মাকরী), ইবনু ওয়াহাব "মুসনাদ" গ্রন্থে (৮/১৬৪/২), আবুল্লাহ ইবনুল মুবারাক "আল-যুহুদ" গ্রন্থে (২/২২০), তার থেকে হারিস তার "মুসনাদ" ব্রন্থে (পৃ: ১৬) এবং তায়ালিসী (পৃ: ২৯৮ হাঃ নং ২২৫১) বর্ণনা করেছেন। তারা সকলে আবুর রহমান ইবনু যিয়াদ ইবনে আন'য়াম হতে এরং তিনি আবুর রহমান ইবনু রাফে' হতে ...বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল। কারণ আব্দুর রহমান বিন যিয়াদ এবং ইবনু রাফে তারা উভয়েই দুর্বল, যেমনভাবে হাফিয ইবনু হাজার "তাকরীবৃত তাহযীব" গ্রন্থে বলেছেন।

ইবনু মাজাহও হাদীসটি (১/১০১) দাউদ ইবনু যাবারকান সূত্রে বাক্র ইবনু বুনায়েস হতে, আর তিনি আব্দুর রহমান ইবনু যিয়াদ হতে বর্ণনা করেছেন।

এ সনদটি প্রথমটির চেয়ে বেশী দুর্বল। কারণ আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ-এর নীচের বর্ণনাকারীগণ সকলেই দুর্বল। তারা নির্ভরশীল বর্ণনাকারীদের বিরোধিতা করেছেন। বৃসয়রী "আল-যাওয়াইদ" গ্রন্থে (কাফ ১৬/২) বলেন ঃ এর সনদে দাউদ, বাক্র ও আব্দুর রহমান নামের (তিনজন) বর্ণনাকারী রয়েছেন। তারা সকলেই দুর্বল।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে বলেন ঃ সনদটি দুর্বল।

١٢. (أوْحَى اللهُ إلى الدُّنْيَا أَنْ اخْدِمِيْ مَنْ خَدَمَتِيْ، وَٱلنَّعِييْ مَنْ خَدَمَكَ).

১২। আল্লাহ্ দুনিরার নিকট অহী মারফত বলেছেন যে, তুমি খেদমত কর ঐ ব্যক্তির যে আমার খেদমত করে আর কষ্ট দাও ঐ ব্যক্তিকে যে তোমার খেদমত করে। হাদীসটি **জাল**।

হাদীসটি খাতীব বাগদাদী "তারীখ বাগদাদ" গ্রন্থে (৮/৪৪) ও হাকিম "মা'রিফাতু উল্মিল হাদীস" গ্রন্থে (পৃ:১০১) বিভিন্ন সূত্রে হুসাইন বিন দাউদ হতে, তিনি ফু্যায়েল ইবনু আয়ায হতে, ...আন্দুল্লাহ ইবনু মাস'উদ হতে মারফু' হিসাবে বর্ননা করেছেন। আল-খাতীব বলেন ঃ

হুসাইন ফুষায়েল হতে এককভাবে বর্ণনা করেছেন। হাদীসটি বানোয়াট। হুসাইন ইবনু দাউদ বাদে হাদীসটির সকল বর্ণনাকারী নির্ভরশীল। কারণ তিনি ইয়াযীদ ইবনু হারুণ সূত্রে হুমায়েদ-এর মাধ্যমে আনাস (ﷺ) হতে একটি কপি বর্ণনা করেছেন, যার অধিকাংশই বানোয়াট।

١٣. (أهَلُ الشَّام سَوَطُ اللهِ فِي أَرْضِهِ يَنْتَقِمُ بِهِمْ مِمَّنْ يَشْنَاءُ مِنْ عِبَادِهِ وَ حَرَامٌ عَلَى مُؤْمِنِيهِمْ، وَلا يَمُوثُوا إلا عَما وَهَما).

১৩। শামের অধিবাসীরা আল্লাহর পৃথিবীতে তাঁর চাবুক। তিনি তাদের ঘারা তাঁর বান্দাদের থেকে যাকে চান শাস্তি দেন। তাদের মুমনদের উপর তাদের মুনাঞ্চিকদের প্রাধান্য বিস্তারকে হারাম করে দেয়া হয়েছে। তাদের মুনাঞ্চিকরা শুধুমাত্র চিম্ভা ও অস্থির অবস্থায় মৃত্যুবরণ করবে।

## शंमीअि पूर्वम।

এটি তাবরানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৪১৬৩) ওয়ালীদ বিন মুসলিম হতে দু'টি সূত্রে বর্ণনা করেছেন।

দু'টি কারণে হাদীসটি সহীহ নয় ঃ

১। ওয়ালীদ আন্ আন্ শব্দ দারা বর্ণনা করেছেন। কারণ তিনি 'তাদলীসুত তাসবিয়া' করতেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি যখন আন্ আন্ শব্দ দারা ইবনু জুরায়েজ ও আওযা'ঈ হতে বর্ণনা করেন তখন তার বর্ণনা নির্ভরযোগ্য নয়। কারণ তিনি মিথ্যুকদের থেকে তাদলীস করতেন। তবে যখন ''ॐ'' 'আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন' এ শব্দ ব্যবহার করেছেন তখন তার হাদীস গ্রহণযোগ্য। তাদলীসের ব্যাখ্যা সম্পর্কে ৫৭ পৃষ্ঠায় দেখুন]।

হাফিষ ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি নির্ভরশীল। কিন্তু তিনি বহু তাদলীস এবং তাসবিয়া কারী। ২। মওকৃফ ঃ মওকৃফ (সাহাবীর বাণী) হিসাবে ইমাম আহমাদ (৩/৪৯৮) বর্ণনা করেছেন। এ সনদটি সহীহ্। ইবনু তাইমিয়্যা সন্দেহ বশত হাদীসটিকে মারফু বলেছেন। কিন্তু আসলে সেরূপ নয়।

মুন্নেরী "তারগীব ওয়াত তারহীব" **গ্রন্থে (৪/৬৩**) বলেন ঃ হাদীসটি মওকৃফ হিসাবেই সঠিক।

١٤. (إِيَّاكُمْ وَخَضْرًاءَ اللَّمْن، فَقِيلَ: وَمَا خَضْرَاءُ الدِّمَن؟ قالَ: المرّاةُ الحَسْنَاءُ فِي المُنْبَتِ السُوْءِ)

১৪। তোমরা তোমাদেরকে এবং সার দেয়া ছুমির সবুজ বর্ণকে রক্ষা কর। জিজ্ঞাসা করা হল, সার দেয়া ভূমির সবুজ বর্ণ কীয় (উত্তরে রসুল) বললেন ঃ নিকৃষ্ট উৎপত্তি স্থল হতে জন্ম গ্রহণ করা সুন্দরী নারী।

## হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি কাজা'ঈ "মুসনাদৃশ শিহাব" গ্রন্থে (কাফ ৮১/১) ওয়াকেদী সূত্রে এবং গাযালী "আল-ইহইয়া" গ্রন্থে (২/৩৮) উল্লেখ করেছেন।

তার তাখরীজকারী ইরাকী বলেন ঃ হাদীসটি দারাকুতনী "আল-আফরাদ" গ্রন্থে এবং রামহুরমুজী "আল-আমসাল" গ্রন্থে আবৃ সাস্টিদ খুদরী (﴿﴿

ইাদীস হতে উল্লেখ করেছেন। দারাকুতনী বলেন ঃ এ হাদীসটি ওয়াকেদী এককভাবে বর্ণনা করেছেন, তিনি দুর্বল বর্ণনাকারী।

ইবনুল মূলাক্কান "খুলাসাতুল বাদরিল মুনীর" গ্রন্থে (কাষ্চ ১১৮/১) তার মতই উক্তি করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মাতর্রক। ইমাম আহমাদ, নাসঈ ও ইবনুল মাদীনী প্রমুখ মুহাদ্দিসগণ তাকে (ওয়াকেদীকে) মিখ্যুক বলেছেন। কোন কোন গোঁড়া ব্যক্তি তাকে নির্ভরযোগ্য বলার চেষ্টা করেছেন, সেদিকে দৃষ্টি দেয়া যাবে না। কারণ তা মুহাদ্দিসগণের প্রসিদ্ধ সূত্র (ব্যাখ্যাকৃত দোষারোপ অধাধিকার পাবে নির্দোষীতার উপর) বিরোধী। এ জন্য কাওসারী হাদীসটিকে জাল বলেছেন।

١٥. (المُثَلَمُ كِثَاثَتِي، قَمَنْ أَرَادَهَا بِسُوْءٍ، رَمَيْتُهُ بِسَهُم مِثْهَا).

১৫। শাম দেশ আমার তীর রাখার স্থল। যে তার কোনব্রগ অনিষ্ট করার ইচ্ছা করবে, আমি তাকে সেখানকার তীর ঘারা আঘাত করব।

মারফ্' হিসাবে হাদীসটির কোন ভিত্তি নেই।

সম্ভবত এটি ইসরাইলী বর্ণনার অন্তর্ভুক্ত। অর্থাৎ আহলে কিতাবদের বর্ণনাকৃত। এটি হাফিয আবুল হাসান রিব'ঈ "ফাযায়েলুশ-শাম" গ্রন্থে (পৃঃ ৭) আউন ইবনু আন্দিল্লাহ ইবনে উতবা হতে বর্ণনা করেছেন। এটির সনদে বর্ণনাকারী মার্সন্ডিদী রয়েছেন। তার নাম আব্দুর রহমান ইবনু আব্দিল্লাহ। তার মন্তিক বিকৃতি ঘটার কারণে তিনি দুর্বল। এছাড়া অন্য বর্ণনাকারীদের জীবনী কে উল্লেখ করেছেন পাচ্ছি না।

ইমাম সাধারীও "মাকাসিদুল হাসানা" গ্রন্থে বলেছেন ঃ মারফ্' হিসাবে হাদীসটির কোন ভিত্তি নেই।

١٦. (صِنْقَانَ مِنْ أَمَّنِيْ إِذَا صَلْحَا صَلْحَ النَّاسُ: الْأَمْرَاءُ وَالْقَقْهَاءُ، (وَقِي رِوَايَةٍ: الْعُلَمَاءُ).

১৬। আমার উন্মাতের দু'শ্রেণীর লোক যখন ঠিক হয়ে যাবে, তখন মানুষ ভাল হয়ে যাবে। নেতাগণ এবং ফাকীহ্গণ। (অন্য বর্ণনায় এসেছে 'আলেমগণ')।

### হাদীসটি জাল।

তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/২৩৮), আবৃ নো'য়াইম "হিলইয়াহ" গ্রন্থে (৪/৯৬) এবং ইবনু আন্দিল বার "জামেউ' বায়ানিল ইল্ম" গ্রন্থে (১/১৮৪) মুহাম্মাদ বিন যিয়াদ ইয়াশকুরী সূত্রে …হাদীসটি বর্ণনা করেছেন।

এ সনদটি বানোয়াট। এ মুহাম্মাদ ইবনু যিয়াদ সম্পর্কে ইমাম জাহমাদ বলেন ؛ 'كَذَّابِنَ، أَعْوَرٌ، يَضَنَعُ الْحَدَيْثُ'' তিনি মিপ্যুক, চোখ টেরা, হাদীস জালকারী।

ইবনু মা'ঈন ও দারাকুতনী বলেনঃ ''بائے'' তিনি মিথ্যুক। আবৃ যুর'আহ ও অন্যরাও তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন।

সুয়ৃতী হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে তার শর্তের বিরোধিতা করে উল্লেখ করেছেন। গাযালী "আল-ইহইয়া" গ্রন্থে (১/৬) নাবী (ﷺ)-এর হাদীস হিসাবে উল্লেখ করেছেন। তার তাখরীজকারী হাফিয ইরাকী বলেন ঃ সনদটি দুর্বল।

হাফিয় যে বলেছেন সনদটি দুর্বল আর আমরা বলেছি বানোয়াট তার মধ্যে কোন দ্বন্ধ নেই। কারণ বানোয়ট হচ্ছে দুর্বল হাদীসের প্রকারগুলোর একটি। যেমনটি হাদীস শাস্ত্রের নীতির উপর রচিত গ্রন্থ সমূহে এসেছে।

এ মিথ্যুকের আরেকটি হাদীস ঃ

١٧. (مَنْ أَنْنَبَ وَهُوَ يَضْحَكُ، نَخَلَ النَّالَ وَهُوَ يَبَكِي).

১৭। যে ব্যক্তি হাসতে হাসতে গুনাহ করবে, সে কাঁদতে কাঁদতে জাহান্নামে প্রবেশ করবে।

#### হাদীসটি জাল।

হাদীসটি আবৃ নু'য়াইম (৪/৯৬) উমার ইবনু আইউব সূত্রে ...বর্ণনা করেছেন। এ সনদেও মুহাম্মাদ ইবনু যিয়াদ ইয়াশকুরী রয়েছেন। এ হাদীসটি সেই সব হাদীসের একটি, যেগুলোর দ্বারা সুয়ৃতী তার "জামে'উস সাগীর" গ্রন্থকে কালিমালিগু করেছেন। হাদীসটি সম্পর্কে "জামে'উস সাগীর" গ্রন্থের ভাষ্যকার মানাবী বলেন ঃ

এর সনদে বর্ণনাকারী উমার ইবনু আইউব রয়েছেন, তার সম্পর্কে যাহাবী বলেন ঃ ইবনু হিব্বান তাকে দোষী সাব্যস্ত করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ উমার হচ্ছেন মুযানী। দারাকুতনী তাকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন, যেমনটি "আল-মীযান" এবং "আল-লিসান" গ্রন্থে এসেছে। হাদীসটির সনদে মুহাম্মাদ বিন যিয়াদ ইয়াশকুরীও রয়েছেন। তার ঘারা দোষ বর্ণনা করাই উত্তম। কারণ তাকে মুহাদ্দিসগণ মিখ্যুক এবং হাদীস জালকারী বলে আখ্যা দিয়েছেন।

এ মিথ্যুকের সূত্রেই বর্ণিত হয়েছে নিম্নের হাদীসটি ঃ

١٨. (التَّخِثُوا الْحَمَامَ المَقاصِيْصَ، قُبِثَهَا تُلْهِي الْجِنَّ عَنْ صِبِيْيَاتِكُمْ). ١٨ ١٥ (التَّخِثُوا الْحَمَامَ المَقاصِيْصَ، قَبِثُهَا تُلْهِي الْجِنَّ عَنْ صِبِيْيَاتِكُمْ).

(সন্তানদের) থেকে জিনকে বিমুখ করে দের।

## হাদীসটি জাল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/২৮৮), খাড়ীব বাগদাদী (৫/২৭৮) ও ইবনু আসাকির (১৭/৪৬৯) মুহাম্মাদ বিন যিয়াদ সূত্রে পূর্বের সনদেই ইবনু আবাস (ఉ) হতে বর্ণনা করেছেন।

এ হাদীসটিকেও সুয়্তী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন! তার ভাষ্যকার মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ

মুহাম্মাদ ইবনু যিয়াদ সম্পর্কে ইমাম আহমাদ, ইবনু মার্সিন প্রমুখ মুহাদ্দিসগণ বলেছেন ঃ তিনি ছিলেন মিথ্যুক, হাদীস জালকারী।

ইবনু হাজার বলেন ঃ তাকে তারা মিথ্যুক আখ্যা দিয়েছেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি মিথ্যুক, জালকারী। ইবনু হিবানে বলেছেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। এ কারণেই ইবনুল জাওযী হাদীসটি জাল বলে হুকুম লাগিয়েছেন। ইবনু ইরাক, হিন্দী ও অন্যরাও হাদীসটি জাল বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তাদের মধ্যে "আল-মানার" গ্রন্থে (৩৯) জাল আখ্যাদানকারী হিসাবে ইবনুল কাইয়্যিমণ্ড রয়েছেন।

এ মিথ্যকের আরো একটি হাদীস ঃ

١٩. (زَيْنُوا مَجَالِسَ نِسَاتِكُمْ بِالمِعْزَل). ١٩

১৯। তোমরা তোমাদের নারীদের মজনিসন্তলো প্রেমালাপের বারা সৌন্দর্য মন্তিত কর।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (২/২৮৮) ও খাতীব বাগদাদী (৫/২৮০) ইয়াশকুরী সূত্রে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ এ ইয়াশকুরী দুর্বলদের অন্তর্ভুক্ত। তিনি মায়মূন হতে এমন সব মুনকার হাদীস বর্ণনা করেছেন, যেগুলো তিনি ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। কোন নির্ভরযোগ্য বর্ণনাকারী তার সাথে মিলে হাদীসটি বর্ণনা করেননি।

খাতীব বাগদাদী সূত্রে হাদীসটি ইবনুল জাওয়ী "মাওয়ু'আত" গ্রন্থে (২/২৭৭) উল্লেখ করেছেন। আর সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৭৯) তাকে সমর্থন করেছেন।

এ হাদীসের মতই আরো একটি হাদীস ঃ

٠٠. (زَيْنُوا مَوَ الدَكُمْ بِالْبَقْلِ، قَاتَهُ مَطْرَدَةً لِلشَّيْطَانِ مَعَ التَّسْمِيةِ).

২০। তোমাদের দন্তরখানগুলো সবঞ্চি ঘারা সৌন্দর্যমণ্ডিত কর, কারণ তা বসমি**লা বলে আ**হার করলে শয়তানকে বিতাড়নকারী যন্ত্র।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আব্দুর রহমান আত-দামেস্কি "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/২২৯/১), ইবনু হিব্বান "আয-যু'য়াফা ওয়াল মাতরুকীন" গ্রন্থে (২/১৮৬) এবং আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/২১৬) 'আলা ইবনু মাসলামা সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি একটি জাল হাদীস। এর সমস্যা হচ্ছে বর্ণনাকারী এ 'আলা। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন, আযদী বলেছেন ঃ 'আলা হতে বর্ণনা করা বৈধ নয়। কারণ কি বর্ণনা করছেন তিনি তার কোন পরওয়া করতেন না। ইবনু তাহের বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। ইবনু হিকান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। তিনি আরো বলেন ঃ কোন অবস্থাতেই তার দারা দলীল গ্রহণ করা হালাল নয়।

সুয়ৃতী হাদীসটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করে তার গ্রন্থকে কালিমালিগু করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/২৯৮) ইবনু হিব্বান-এর সূত্রে 'আলা ইবনু মাসলামা হতে উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ এটির কোন ভিত্তি নেই, 'আলা জালকারী…। এছাড়া "আল-মীযান" গ্রন্থে যা উল্লেখ করা হয়েছে তিনি সে সব কিছুও উল্লেখ করেছেন।

সুয়ূতী তার সমালোচনা করে এ হাদীসটির আরো একটি সূত্র "আল-লাআলিল মাসন্'য়াহ" গ্রন্থে (২/১২) উল্লেখ করেছেন, যাতে হাসান ইবনু শাবীবুল মাকতাব নামক এক বর্ণনাকারী রয়েছেন। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি হচ্ছেন এ হাদীসের সমস্যা। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনা করতেন।

ইবনুল কাইয়্যিম "আল-মানার" গ্রন্থে (পৃ: ৩২) বলেছেন ঃ হাদীসটি জাল। ۲۱. (حَسْنِي مِنْ سُوَالِيْ عِلْمُهُ بِحَالِيْ).

২১। আমার অবস্থা সম্পর্কে তাঁর জ্ঞাত হওয়া আমার চাওয়ার জন্য বর্ষেষ্ট। এটির কোন ভিত্তি নেই।

কেউ কেউ এটিকে ইব্রাহীম (আ:)-এর বাণী বলেছেন। যখন তাঁকে আগুনে নিক্ষেপ করা হয়, তখন জিবরীল (আ:) তাকে তার প্রয়োজনীতার কথা জিব্জাসা করেন। সে সময় তিনি এ কথা ঘারা তাঁর উত্তর দিয়েছিলেন। এটি ইসরাইলী বর্ণনা। মারফু হিসাবে এর কোন সনদ মিলে না। বাগাবী সূরা আদিয়ার ভাষসীরের মধ্যে উল্লেখ করে দুর্বল বলে ইঙ্গিত দিয়েছেন।

এছাড়া এটি কুরআন এবং সহীহ হাদীস পরিপন্থী। কারণ কুরআন এবং সহীহ হাদীসে আল্লাহকে ডাকা ও তাঁর কাছে চাওয়ার ব্যাপারে বহু তাগিদ এসেছে। এছাড়া দোয়ার ফযীলতও বর্ণনা করা হয়েছে। ইব্রাহীম (আ:) নিজে আল্লাহর নিকট প্রার্থনাও করেছেন।

ইব্রাহীম (আ:) বলেন ঃ

﴿رَبُّنَا لِنِّي أَسْكَنتُ مِن دُرِّيِّتِي بوَادٍ غَيْرِ ذِي زَرْعٍ عِندَ بَيْتِكَ الْمُحَرَّمِ ...}

সূরা ইব্রাহীম-এর ৩৭ নং আয়াত হতে ৪১ নং পর্যন্ত সবই দোঁ আ। এছাড়া কুরআন এবং সুনাতের মধ্যে নাবীগণের অগণিত দো'আ এসেছে।

আল্লাহ্ বলছেন ঃ 'তোমরা আমাকে ডাক আমি তোমাদের ডাকে সাড়া শিব…'। (সুরা গাফের: ৬০)

রসূল (෯) বলেন ঃ দো'আই হচ্ছে ইবাদাত। সহীহ আবী দাউদ (১৩২৯)। হাদীসটি সুনান রচনাকারীগণ বর্ণনা করেছেন।

এমনকি রসূল (ﷺ) বলেছেনঃ 'যে ব্যক্তি আল্লাহকে ডাকে না আল্লাহ তার উপর রাগান্নিত হন।' এ হাদীসটি হাকিম বর্ণনা করে ১/৪৯১ সহীহ্ আখ্যা দিয়েছেন আর যাহাবী তার কথাকে সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ ষ্টদীসটি হাসান।

আলোচ্য হাদীসটিকে ইবনু ইরাক "তানযীহুশ-শারী'য়াতিল মারফ্'য়াহ আনিল আখবারিশ-শানী'য়াতিল মাওযু'আহ" গ্রন্থে উল্লেখ করে বলেছেন (১/২৫০) ঃ ইবনু ভাইমিয়্যা বলেছেন ঃ হাদীসটি বানোয়াট।

٢٢. (تُوَمَّلُوا بِجَاهِيُ ، قَانَ جَاهِيْ عِنْدَ اللهِ عَظْيْمٌ).

২২। **ভোমরা আমার সন্তা ঘারা অসীলা ধর, কারণ আমার সন্তা আল্লাহর** কাছে মহান।

**এটির কোন ভিন্তি নেই**। এ ব্যাপারে ইবনু তাইমিয়্যা (রহ:) "আল-কা**রেদাতুল জালীলাহ" এছে** আলোকপাত করেছেন।

কোন সন্দেহ নেই যে, নবী (ﷺ)-এর সন্তা আল্লাহর নিকট মহা সমানিত। আল্লাহ তা'আলা মূসা (আ:)-এর ব্যাপারে বলেন ঃ {﴿كَانَ عِنْ اللّهِ وَحَيْنَ اللّهِ وَحَيْنًا ﴾ অর্থ ঃ "তিনি আল্লাহর নিকট বড়ই সম্মানিত ছিলেন।" (সূরা আহ্যাবঃ ৬৯)। আমরা সকলে ভাত আছি যে, আমাদের নাবী (ﷺ) মূসা (আ:)-এর চাইতেও উত্তম। কিন্তু এটি এক বিষয় আর তাঁর সন্তার অসীলায় কিছু চাওয়া অন্য বিষয়। দু'টি বিষয়কে এক করে দেখার কোন সুযোগ নেই। কারণ তাঁর সন্তার অসীলায় যে ব্যক্তি কিছু পাবার ইচ্ছা পোষণ করে, সে এটা কামনা করে যে তাঁর দো'আ কবৃল হয়। এ বিশ্বাস (যে তিনি মৃত্যুর পরে কারো জন্য দো'আ করতে সক্ষম) সাব্যন্ত করার জন্য প্রয়োজন সহীহ দলীলের। কারণ এটি সম্পূর্ণ গায়েবী ব্যাপার। তার পরেও এটি এমন এক বিষয় যে তা ব্যক্তির বৃদ্ধি দ্বারা জানা এবং তা সাব্যন্ত করাও সম্ভব নয়।

আমরা দলীল দেখতে গেলে পাচ্ছি যে, অসীলা সংক্রাম্ভ হাদীসগুলো দু'ভাগে বিভক্ত, সহীহ ও য'ঈফ। যদি সহীহ হাদীসগুলোর দিকে লক্ষ করি, তাহলে দেখতে পাব যে, সেগুলোতে তাঁর সন্তা দ্বারা অসীলা গ্রহণকারীর কোন দলীল মিলছে না। ইসতিস্কার সলাতে তাঁর মাধ্যমে অসীলা করা, অন্ধ ব্যক্তির তাঁর মাধ্যমে অসীলা করা, এসব অসীলা ছিল তাঁর জীবিত থাকা অবস্থায় তাঁর দো'আর দ্বারা, তাঁর সন্তার দ্বারা নয়। অতএব যখন তাঁর মৃত্যুর পর তাঁর দো'আর দ্বারা অসীলা করা সম্ভব নয়, তখন তাঁর মৃত্যুর পর তাঁর সন্তার দ্বারা অসীলা করাও সম্ভব নয় এবং তা জারেয়ও নয়।

যদি তা জায়েষ থাকত তাহলে সাহাবীগণ উমার (﴿﴿﴿﴿﴾)-এর যুগে ইসতিক্ষার সলাতে রাসুল (﴿﴿﴾)-এর চাচা আব্বাস (﴿﴿﴾)-এর মাধ্যমে বৃষ্টির জন্য দো'আ করতেন না। বরং রাসুল (﴿﴿﴾)-এর অসীলায় পানি প্রার্থনা করতেন। কারণ তিনিই সর্ব শ্রেষ্ঠ। তাঁরা (সাহাবীগণ) উমার (﴿﴿﴾)-র যুগে আব্বাস (﴿﴿﴾)-এর দো'আকে মাধ্যম হিসাবে ধরে তার দ্বারা বৃষ্টি প্রার্থনা করেছেন। এ কারণে যে, তাঁরা জানতেন কোন অসীলাটি বৈধ আর কোনটি বৈধ নয়। অর্থাৎ জীবিত ব্যক্তিকে বাদ দিয়ে মৃত্যু ব্যক্তির দো'আ বা তার সন্তার অসীলা ধরা বৈধ নয়। সে যে কেউ হোকনা কেন।

যে অন্ধ ব্যক্তি রসূল (ﷺ)-কে অসীলা ধরেছিলেন, তার দো'আর ভাষা ছিল এরূপ ''اللَّهُمُ فَنَفَعُهُ فِيُّ'' হে আল্লাহ তুমি তাঁর শাফা'আতকে (দো'আকে) আমার ব্যাপারে কবৃল কর। অন্ধ ব্যক্তির হাদীসের বিষয় দো'আকে ঘিরেই। বিদ'আতী অসীলার সাথে তার কোন প্রকার সম্পর্ক নেই। এ কারণে ইমাম আবৃ হালীফা (রহ:) এ ধরনের অসীলাকে অস্বীকার করে বলেছেন ঃ الكَرْهُ أَنْ يُسُالُ আল্লাহকে বাদ দিয়ে অন্য কারো মাধ্যমে চাওয়াকে আমি ঘৃণা করি। এমনটিই এসেছে "দুরক্লল মুখতার" সহ হানাফী মাযহাবের অন্যান্য গ্রন্থে।

কাওসারী যে বলেছেন 'ইমাম শাফে'ঈ ইমাম আবৃ হানীফা (রহ:)-এর অসীলায় তাঁর কবরের নিকট বরকত গ্রহণ করেছেন এবং আল্লাহর কাছে চেয়েছেন।' এ মর্মে বর্ণিত কথাটি বাতিল। কারণ তার সূত্রে উমার বিন ইসহাক নামে এক ব্যক্তি আছেন, যার সম্পর্কে কিছু জানা যায় না। তিনি মাজহুল [অপরিচিত]। এ জন্য ইবনু ভাইমিয়া (রহ.) বলেছেন যে, এটি ইমাম শাফে'ঈর উপর মিথ্যারোপ।

ইবনু তাইমিয়্যাহ "ইকতিযাউস সিরাতিল মুসতাকীম" গ্রন্থে (১৬৫) বলেন ঃ বিট সুস্পষ্ট মিথ্যারোপ... কারণ ইমাম শাফে স্ট হিজাজ, ইয়ামান, শাম, ইরাক, মিসর ভ্রমনকালে বহু নাবী, সাহাবী ও তাবে স্টাণের কবর দেখেছেন যাঁরা ইমাম আবু হানীফা ও তার ন্যায় আলেমগণের চেয়ে বহুগুনে উত্তম, তা সত্ত্বেও তিনি তাদের কারো নিকট দু'আ না করে শুধু আবু হানীফার নিকট দু'আ করেলেন? এ স্থাড়া ইমাম আবু হানীফার কোন শিষ্য থেকেও এরপ প্রমাণিত হয়নি ...।

আর দ্বিতীয় প্রকার অসীলা সংক্রান্ত হাদীসগুলো দুর্বল, যেগুলো বিদ'আতী অসীলার প্রমাণ বহন করে, সেগুলো সম্পর্কেও কিছু সতর্কতা মূলক আলোচনা হওয়া দরকার। সেগুলোর কয়েকটির বিবরণ নিয়ে দেয়া হলো ঃ

٢٣. (الله الذي يُحْدِي وَيُمِيْتُ، وَهُوَ حَيِّ لاَيمُوْتُ، اعْفِرْ لِأَمَّيْ قَاطِمَةً بِنْتِ أَمنَدٍ، وَلَقَنْهَا مُدْخَلَهَا، بِحَقِّ نبيكَ وَالأَنبِياءِ النَّنِينَ مِنْ قَبلِيْ، فَإِنْكَ أَرْحَمُ الرَّاحِمِيْن....).

২৩। আল্লাহ এমন এক সন্তা যিনি জীবন দান করেন, আবার মৃত্যুও দেন। ভিনি চিরঞ্জীব মৃত্যুবরণ করবেন না। তুমি ক্ষমা কর আমার মা ফাতিমা বিনত্ আসাদকে। তাকে উপাধি দাও তার অলংকার হিসাবে, তার প্রবেশ পথকে প্রশন্ত কর, তোমার নাবীকে সত্য ও আমার পূর্ববর্তী সকল নাবীকে সত্য জানার ঘারা। কারণ তুমিই সকল দয়ালুর মাঝে সর্বাপেক্ষা দয়াবান।

### श्मीमि पूर्वम ।

হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (২৪/৩৫১,৩৫২) ও "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৫২-১৫৩) বর্ণনা করেছেন এবং তার সূত্রে আবৃ নু'য়াইম "হিলইয়াহতুল আওলিয়া" গ্রন্থে (৩/১২১) উল্লেখ করেছেন। যখন 'আলী (ఉ)-এর মা ফাতিমা মারা গেলেন, তখন কবুর খোঁড়ার পর রসূল (ﷺ) উক্ত দো'আ পড়েন বলে কথিত আছে।

এ হাদীসের সনদে রাওহ ইবনু সলাহ নামক একজন বর্ণনাকারী আছেন।
তার সম্পর্কে তাবারানী বলেন ঃ তিনি হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।
তাকে মুহাদ্দিসগণ দুর্বল বর্ণনাকারী বলে আখ্যা দিয়েছেন।
যেমন ইবনু আদী (৩/১০০৫) বলেছেন ঃ তিনি দুর্বল।
ইবনু ইউনুস বলেন ঃ তার থেকে বহু মুনকার হাদীস বর্ণিত হয়েছে।
দারাকুতনী বলেছেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে য'ঈফ।
ইবনু মাকুলা বলেন ঃ মুহাদ্দিসগণ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

কোন কোন শিথিলতা প্রদর্শনকারী মুহাদিস তাকে নির্ভরযোগ্য বলেছেন। যেমন ইবনু হিকান ও হাকিম। কিন্তু তাদের কথা গ্রহণযোগ্য নয়। কারণ মুহাদিসগণের মধ্যে যখন কোন হাদীসের ক্ষেত্রে এরপ ছন্দ্র দেখা দেয়, তখন তাদের দু জনের কথা গৃহীত হয় না। কারণ তারা বহু অজ্ঞাত বর্ণনাকারীর হাদীসকেও সহীহ আখ্যা দিয়েছেন, অথচ হাদীসটি সহীহ নয়। তারা উভয়ে শিথিলতা প্রদর্শনকারী হিসাবে প্রসিদ্ধ। এ শাস্ত্রে যারা বেশি বিজ্ঞ তাদের নিকট রাওহ দুর্বল। আর হাদীস শাস্ত্রের থিওরি অনুযায়ী ব্যাখ্যাকৃত দোষারোপ প্রাধান্য পাবে যারা কাউকে নির্ভরযোগ্য বলবেন তার উপর।

কাওসারীও তার "আল-মাকালাত" গ্রন্থে (পৃ: ১৮৫) বলেছেন ঃ সহীহ আখ্যা দেয়ার ক্ষেত্রে হাকিম ও ইবনু হিব্বান শিথিলতা প্রদর্শনকারী হিসাবে প্রসিদ্ধ। এ কথা বলে তিনি হাকিম এবং ইবনু হিব্বান কর্তৃক নির্ভরযোগ্য বলা ব্যক্তির বর্ণনাকৃত হাদীসকে গ্রহণ করেননি। অতএব যেখানে অন্যান্য মুহাদ্দিসগণ তাকে দুর্বল হিসাবে উল্লেখ করেছেন, সেখানে ইবনু হিব্বান ও হাকিম নির্ভরযোগ্য বলেছেন, এ কথা বলে তার (কাওসারী কর্তৃক) এ হাদীসটিকে সহীহ বলা গ্রহণযোগ্য নয়।

٢٤. (مَنْ خَرَجَ مِنْ بَيْتِهِ إلى الصّلاةِ، فَقالَ: اللهُمَّ إِنِّيْ أَسْالُكَ يحق السّاتِلِيْنَ عَلَيْكَ، وَأَسْالُكَ يحق مُمشاي هَدًا، قاتِيْ لَمْ أَخْرُجُ أَشْراً وَلا بَطراً ... أَقْبِلَ اللهُ عَلَيْهِ بِوَجْهِهِ، وَاسْتَغْفَرَ لَهُ أَلْفُ مَلكِ).

২৪। যে ব্যক্তি তার বাড়ী হতে সলাতের জন্য বের হয়, অতঃপর এ দু'আ বলে ঃ হে আল্লাহ। আমি তোমার নিকট প্রার্থনা করছি তোমার নিকট প্রার্থনাকারীদের সত্য জানার ধারা, আমি তোমার নিকট প্রার্থনা করছি আমার এ চলাকে সত্য জানার ধারা। কারণ আমি অহংকার করে আর অকৃতজ্ঞ হয়ে বের হইনি ...। তখন আল্লাহ তাঁর চেহারা সমেত তার সম্মুখে উপস্থিত হন এবং তার জন্য এক হাজার ফেরেশতা ক্ষমা প্রার্থনা করেন।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু মাজাহ (১/২৬১-২৬২), আমহাদ (৩/২১), বাগাবী "হাদীসু আলী ইবনুল যা'য়াদ" গ্রন্থে (৯/৯৩/৩) ও ইবনুস সুন্নী (নং ৮৩) ফুয়ায়েল ইবনু মারযুক সূত্রে আতিয়া আল-আওফী হতে বর্ণনা করেছেন।

দু'টি কারণে হাদীসটির সনদ দুর্বল ঃ

১। ফু্যায়েল ইবনু মারযুক দুর্বল বর্ণনাকারী। একদল তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। আর একদল তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

আবৃ হাতিম বলেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। তিনি আরো বলেন ঃ তার ষ্বাদীস ঘারা দলীল গ্রহণ করা যাবে না।

হাকিম বলেন ঃ তিনি সহীহার শর্তের মধ্যে পড়েন না। ইমাম মুসলিম তার সূত্রে হাদীস বর্ণনা করার কারণে দোষী হয়েছেন। নাসাঈ বলেন ঃ তিনি দুর্বল।

ইবনু হিব্যান তার "আস-সিকাত" গ্রন্থে বলেন ঃ তিনি ভুল করতেন। তিনি আয-যু'য়াফা" গ্রন্থে আরো বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের বিপক্ষে ভুল করতেন ববং আতিয়া হতে জাল (বানোয়াট) হাদীস বর্ণনা করতেন।

লক্ষ্য করুন তাকে আবৃ হাতিম ও নাসাঈর সাথে হাকিম এবং ইবনু হিব্বানও দুর্বল বলেছেন, অথচ তারা দু'জন নির্ভরযোগ্য বলার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারীদের অন্তর্ভুক্ত।

কাওসারী যে বলেছেন ঃ শুধুমাত্র আবৃ হাতিমই তাকে দুর্বল বলেছেন। কথাটি যে সঠিক নয় তার প্রমাণ মিলে গেছে।

তিনি যে বলেছেন, দোষারোপটি ব্যাখ্যাকৃত নয়, সেটিও ঠিক নয়। কারণ আবৃ হাতিম বলেন ঃ তিনি বহু ভুল করতেন। হাফিয় ইবনু হাজার তার এ কথার উপর নির্ভর করেছেন।

এছাড়া তিনি বলেছেন যে, বুস্তি তাকে নির্ভরযোগ্য বলেছেন। বুস্তি হচ্ছেন ইবনু হিব্যান। তিনি কি বলেছেন আপনারা তা অবগত হয়েছেন।

২। হাদীসটি দুর্বল হওয়ার আরো একটি কারণ হচ্ছে আতিয়া আল-আওফী নামক দুর্বল বর্ণনাকারী। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেন ঃ

তিনি সত্যবাদী, তবে বহু ভুল করতেন। এছাড়া তিনি একজন শি<sup>t</sup>রা সতাবলমী মুদাল্লিস বর্ণনাকারী ছিলেন। অতএব তাকে দোষ দেয়াটা ব্যাখ্যাকৃত দোষারোপ।

ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে বলেনঃ তিনি আবৃ সা'ঈদ (ఉ) হতে কতিপয় হাদীস শুনেন। অতঃপর যখন আবু সা'ঈদ (ఉ) মারা গেলেন, তখন তিনি কালবীর মজলিসে বসা শুরু করলেন। যখন কালবী বলতেন ঃ রসূল (ఱ) বলেছেন..., তখন তিনি তা হেফ্য করে নিতেন। কালবীর কুনিয়াত ছিল আবৃ সা'ঈদ। তিনি তার থেকে বর্ণনা করতেন। তাকে যখন বলা হত এ হাদীসটি আপনাকে কে বর্ণনা করেছেন? তখন তিনি বলতেন ঃ আমাকে হাদীসটি বর্ণনা

করেছেন আবৃ সা'ঈদ। ফলে লোকেরা ধারণা করত যে, তিনি আবৃ সা'ঈদ খুদরী (ﷺ)-কে বুঝাচেছন, অথচ আসলে হবে কালবী। এ জন্য তার হাদীস লিপিবদ্ধ করাই হালাল নয়। তবে আন্চর্য হবার উদ্দেশ্যে লিখা যেতে পারে।

याश्वी अ "जान-भीयान" श्राष्ट्र जारक पूर्वन वरलाइन।

ইমাম তিরমিষী আতিয়ার হাদীসকে হাসান বলেছেন। কিন্তু তার একথা গ্রহণযোগ্য নয়। কারণ তিরমিষী এ ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী হিসাবে পরিচিত।

ইবনু দাহিয়া বলেন ঃ তিনি বহু জাল এবং দুর্বল হাদীসের সনদকেও সহীহ বা হাসান বলে উল্লেখ করেছেন।

এ কারণে ইমাম যাহাবী বলেন ঃ আলেমগণ ইমাম তিরমিয়ীর বিশুদ্ধকরণের উপর নির্ভর করেননি।

আবুস সিদ্দীক হাদীসটির মুতাবা'য়াত করেছেন। কিন্তু তার সনদে আবুল হাকিম ইবনু যাকুওয়ান রয়েছেন। তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তাকে আমি চিনি না। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য বললেও তা গ্রহণযোগ্য নয়। এর ব্যাখ্যা পূর্বেই দেয়া হয়েছে।

হাদীসটি দুর্বল হওয়ার তৃতীয় কারণ হচ্ছে ইযতিরাব। একবার এসেছে মারফু' হিসাবে আরেকবার এসেছে মওকৃষ্ণ হিসাবে।

এছাড়া ইবনুস সুন্নী "আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ্" গ্রন্থে হাদীসটি বর্ণনা করেছেন। তার সনদে বর্ণনাকারী ওয়াযে রয়েছেন, তিনি বিলাল হতে বর্ণনা করেছেন। এ ওয়াযে সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ

তিনি নিতান্তই দুর্বল, তিনি কিছুই না।

তিনি তার ছেলেকে বলেন ঃ তার হাদীসগুলো নিক্ষেপ কর, কারণ সেগুলো মুনকার।

হাকিম বলেন ঃ তিনি কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেছেন। অন্যরাও অনুরূপ বলেছেন।

মোটকথা হাদীসটি উভয় সূত্রেই দুর্বল। একটি সূত্র অন্যটি হতে বেশী দুর্বল। বৃসয়রী, মুনযেরী ও অন্যান্য ইমামগণ হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

٢٥. (لمَّا اقْتُرَفَ آلَمُ الْخَطِيْئَةُ، قَالَ: يَارَبُّ! أَسْالُكَ يِحَقِّ مُحَمَّدٍ لِمَا عُقْرَتَ لِيْ. فَقَالَ اللهُ: يَا إَلَمُ! وكَيْفَ عَرَفَتَ مُحَمَّدًا، ولَمْ اخْلَفْهُ ؟ قَالَ: يَا رَبِّ! لمَّا خَلَقْتُنِيْ بِيَدِكَ، وتَقَخْتَ فِي مِنْ رُوْحِكَ، رَفَعْتُ رَاسِيْ، قَرَائِتُ عَلَى قَوَاثِمِ الْعَرْشِ مَكْثُوبًا: لا إله إلا الله مُحَمَّدٌ رَسُولُ اللهِ، فَعَمْتُ أَلَّكَ لَمْ تُصْفِ إلى اللهُ إلى اللهُ إلى اللهُ إلى اللهُ يَعْمَلُ اللهِ، فَعَلَمْتُ النَّهُ لاحَبُ الْخَلَق إلي اللهُ اللهُ: صَدَقَتَ يَا آدَمُ! إِنَّهُ لاحَبُ الْخَلَق إلي اللهُ مَوْدُ مَا خَلَقْتُكَ).

২৫। আদম (আ:) যখন গুনাহ করে ফেললেন, তিনি বললেন ঃ হে আমার বাছু। তোমার নিকট মুহাম্মাদকে সত্য জেনে প্রার্থনা করছি। আমাকে ক্ষমা করে দাও। আল্লাহ বললেন ঃ হে আদম। তুমি কীভাবে মুহাম্মাদকে চিনলে, অথচ আমি ভাকে সৃষ্টি করিনি? (আদম) বললেন ঃ হে আমার প্রভু। আপনি আমাকে যখন আপনার হাত ধারা সৃষ্টি করেছিলেন এবং আমার মধ্যে আপনার আত্না থেকে আত্নার প্রবেশ ঘটান, তখন আমি আমার মাথা উঁচু করেছিলাম। অতঃপর আমি আরশের ভাভভলোতে (খুটি) লিখা দেখেছিলাম লা-ইলাহা ইল্লাল্লাহ মুহাম্মাদুর রস্পুরাহ। আমি জেনেছি যে, আপনার কাছে স্বাপেক্ষা ভালবাসার সৃষ্টি ব্যতীত অন্য কাউকে আপনি আপনার নামের সাথে সম্পৃক্ত করবেন না। সত্যই বলেছ হে আদম। নিক্র তিনি আমার নিকট স্বাপেক্ষা ভালবাসার সৃষ্টি। তুমি তাঁকে হক জানার ধারা আমাকে ডাক। আমি তোমাকে ক্ষমা করে দিব। মুহাম্মাদ যদি না হতো আমি তোমাকে সৃষ্টি করতাম না।

হাদীসটি জাল।

ইমাম হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (২/৬১০) এবং তার সূত্রে ইবনু আসাকির (২/৩২৩/২) ও বাইহাকী "দালারেলুন নবুওয়াহ" গ্রন্থে (৫/৪৮৮) মারফ্' হিসাবে আবুল হারিস আব্দুল্লাহ ইবনু মুসলিম আল-ফিহরী সূত্রে আব্দুর রহমান ইবনু যায়েদ ইবনে আসলাম হতে ...বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ হাদীসটির সনদ সহীহ।

যাহাবী তার বিরোধিতা করে বলেছেন ঃ বরং হাদীসটি বানোয়াট। আব্দুর রহমান দুর্বল আর আব্দুল্লাহ ইবনু মুসলিম আল-ফিহুরী কে তা জানি না।

আমি (আলবানী) বলছি ঃ এ ফিহরীকে "মীযানুল ই'তিদাল" গ্রন্থে এ হাদীসটির কারণে উল্লেখ করা হয়েছে। তিনি (যাহারী) বলেছেন ঃ হাদীসটি বাতিল।

বাইহাকী বলেন ঃ হাদীসটি আব্দুর রহমান ইবনু যায়েদ একক ভাবে বর্ণনা করেছেন। তিনি দুর্বল।

ইবনু কাসীর তার "আত-তারীখ" গ্রন্থে (২/৩২৩) তা সমর্থন করেছেন। আর হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে যাহাবীর সাথে ঐকমত্য পোষণ করে বলেছেনঃ হাদীসটি বাতিল।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বান বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু মুসলিম ইবনে রাশীদ সম্পর্কে বলেন ঃ তিনি হাদীস জাল করার দোষে দোষী। তিনি লাইস, মালেক এবং ইবনু লাহি'য়ার উপর হাদীস জাল করতেন। তার হাদীস লিখা হালাল নয়।

হাকিম কর্তৃক এ হাদীসের বর্ণনা তার বিপক্ষেই গেছে। কারণ হাকিম সহীহ বললেও তিনি "আল-মাদখাল ইলা মা'রিফাডিস সহীহে মিনাস সাকিমে" নামক গ্রন্থে বলেছেন ঃ আব্দুর রহমান ইবনু যায়েদ ইবনে আসলাম তার পিতা হতে কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন। এক্ই কথা আবৃ নু'য়াইমও বলেছেন। ইবনু তাইমিয়া বলেছেন ঃ এ আব্দুর রহমান ইবনু আসলাম দুর্বল হওয়ার ব্যাপারে সকল মুহাদ্দিসগণ একমত। ইবনুল জাওয়ী বলেন ঃ আপনি যদি হাদীস শাস্ত্রের পণ্ডিতদের কিতাবশুলো খুঁজেন, তাহলে তাকে কেউ দুর্বল বলেননি এরূপ পাবেন না। বরং তাকে আলী ইবনুল মাদীনী এবং ইবনু সা'দ অত্যন্ত দুর্বল আখ্যা দিয়েছেন।

ইমাম তাহাবী বলেন ঃ তার হাদীসের বিদ্যানদের নিকটে চরম পর্যায়ের দুর্বল। ইবনু হিব্বান বলেন ঃ তিনি না জেনে হাদীসকে উলট পালট করে ফেলতেন। তিনি বছ মুরসাল বর্ণনা ও মওকৃষ্ণ সনদকে মারফ্ করে ফেলেছেন। এ জন্য তাকে পরিত্যাগ করাই হচ্ছে তার প্রাপ্য।

আমি (আলবানী) বলছি ঃ সম্ভবত হাদীসটি ইসরাইলী বর্ণনা হতে এসেছে। 
তুল করে আব্দুর রহমান ইবনু যায়েদ মারফ্ করে ফেলেছেন। কারণ আলোচিত ফেরেরী সূত্রেই হাদীসটি মওকৃফ হিসাবে বর্ণিত হয়েছে। আবু বাক্র আজুরী "আশ-শারী'রাহ" গ্রছে (পৃ: ৪২৭) তা উল্লেখ করেছেন। এছাড়া আবু মারওয়ান উসমানী সূত্রে উসমান ইবনু খালিদ হতে মওকৃফ হিসাবে বর্ণিত হয়েছে, কিন্তু তারা দু'জনই দুর্বল। ইবনু আসাকিরও অনুরূপ ভাবে (২/৩১০/২) মদিনাবাসী এক শাইখ হতে ইবনু মাস'উদ (ﷺ)-এর সাথীদের থেকে বর্ণনা করেছেন। এটির সনদে একাধিক মাজহুল বর্ণনাকারী রয়েছেন।

মোটকথা নাবী (ﷺ) হতে হাদীসটির কোন ভিত্তি নেই। হাদীসটিকে দু' হাফিষ যাহাবী ও আসকালানী বাতিল বলে ছুকুম লাগিয়েছেন। যেমনটি পূর্বে আলোচনা করা হয়েছে।

পরবর্তীতে বর্ণিত ৪০৩ নং হাদীসটিও এ হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ বহন করে।

٢٦. (الحِدَّةُ تَعْثري خِيَارَ أَمَّتِي ).

২৬। ধর্মীয় চেতনা আচ্ছাদিত করবে আমার উন্মাতের উন্তম উন্তম ব্যক্তিগণকে।

श्मीगि मूर्वन।

হাদীসটি তাবারানী (৩/১১৮/১,১/১২৩), ইবনু আদী (১/১৬৩) ও মুখাল্লেস "আল-ফাওয়াইদুল মুনতাকাত" গ্রন্থে (৬/৪৪/২) সালামুত তাবীল সূত্রে ফযল ইবনু আতিয়া হতে ...বর্ণনা করেছেন।

<sup>1</sup> বিঃ দ্রঃ (কাওসারী এ জ্ঞাল হাদীসকে সাব্যন্ত করার জ্বন্য বহু চেষ্টা করেছেন। তার কথার বহুলাংশই স্ববিরোধীও বটে। এছাড়া তিনি তথ্যগত বহু ভুলও করেছেন। শাইখ আলবানী এ "য'ঈফা" গ্রন্থেই বিস্তারিত আলোচনা করেছেন। এ পরিসরে তা বিষদভাবে উল্লেখ করা সম্ভব হলো না। যার একান্তই প্রয়োজন মূল কিতাব দেখে নেয়ার জন্য বিনীত অনুরোধ করছি)। (অনুবাদক)

বাগাবী বলেনঃ হাদীসটি মুনকার। সালামুত তাবীল হাদীসের ক্ষেত্রে নিতাস্তই দুর্বল বর্ণনাকারী।

ইবনুল জাওয়ী বলেন ঃ সালামুত তাবীল মাতর্রক [অগ্রহণযোগ্য] এবং ফ্যল ইবনু আতিয়াও তার ন্যায়।

় আমি (আলবানী) বলছি ঃ ফযল ইবনু আতিয়া যদিও দুর্বল তবুও তাকে হাদীস জাল করার মত দোষ দেয়া যায় না। তবে সালামুত তাবীল তার বিপরীত। কারণ তাকে মিখ্যুক ও জালকারী হিসাবে একাধিক ব্যক্তি দোষী করেছেন।

হাঁা তার একটি মুতাবা'য়াত পাওয়া যায় মুহাম্মাদ ইবনু ফযল হতে, যেটি আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৬১) ও আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (১৪/৭৩) বর্ণনা করেছেন। কিন্তু এ মুহাম্মাদ ইবনুল ফযলও মিথ্যুক। তার মুতাবা'য়াত ছারা খুশি হওয়ার কিছু নেই। কারণ তাকে ইবনু মা'ঈন, ফাল্লাস ও অন্যরা মিথ্যুক বলেছেন। [মুতাবা'আতের অর্থ জানা জন্য ৫৭ পৃষ্ঠা দেখুন]।

তা সত্ত্বেও হাদীসটি জাল এরপ হুকুম লাগানো যাচ্ছে না। কারণ এর শাহেদ অন্য সনদে মিলছে, যার অবস্থা এটির চেয়ে উত্তম। সেটি হাসান ইবনু সুফিয়ান তার "মুসনাদ" গ্রন্থে, বিশ্র ইবনু মাতার তার "হাদীস" গ্রন্থে (৩/৮৯/১), ইবনু মালা "মা'রিফাতুস সাহাবা" গ্রন্থে (২/২৬৪/২), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৭) ও আল-খাতীব "আল-মুওয়ায্যহ" গ্রন্থে (২/৫০) দ্রায়েদ ইবনু নাফি'র সূত্রে আবৃ মানসূর আল ফারেসী হতে বর্ণনা করেছেন।

এ সনদটিও দুর্বল। কারণ আবৃ মানসূর সম্পর্কে ইমাম বুখারী বলেন ঃ তার হাদীস মুরসাল।

আলোচ্য হাদীসটি বিভিন্ন ভাষায় ও সূত্রে বর্ণিত হয়েছে। কিন্তু সেগুলোর কোনটিই মিথ্যুক হতে খালী নয়। নিম্নে সেগুলোর তিনটি উল্লেখ করা হলো ঃ

٧٧. (الحِدَّةُ تَعُثريُ حَمَلَةُ القُرْآنِ، لِعِزَّةِ القُرْآنِ فِي أَجْوَافِهِمْ).

২৭। ধর্মীয় চেতনা আচ্ছাদিত করবে কুরআন বহনকারীদেরকে। তাদের পেটে কুরআনকে ইযুযত করার উদ্দেশ্যে।

হাদীসটি জাল।

হাদীসটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৭/২৫২৯) ওয়াহাব ইবনু ওয়াহাব সূত্রে নিজ সনদে মুগ্নায ইবনু জাবাল (ఉ) হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ

''وَهَبُّ يَضَعُ الْحَرَيْثُ'' अग्नादाव दामीत्र जान कतराठन। উकाग्ननी (8/७২৫) वराननः ''أَحَادِيثُهُ كُلُهُ بَوَاطِيْلٌ'' वराननः (8/७২৫)

সুয়ৃতীও ইবনু আদীর বর্ণনায় "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। মানাবী বলেন ঃ তার সনদে ওয়াহাব ইবনু ওয়াহাব ইবনে কাসীর রয়েছেন। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন, ইবনু মা ঈন বলেছেনঃ তিনি মিথ্যা বলতেন। ইমাম আহমাদ বলেন ঃ তিনি জাল করতেন। অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেন (যেগুলোর শেষে এটিও রয়েছে) ঃ এ হাদীসগুলো মিথ্যা।

٨٨. (الحِدُّهُ لا تَكُونُ إلا فِي صَالِحِي أَمْتِيْ وَأَلْمِرَارِهَا، ثُمَّ تَفِئُ).

২৮। ধর্মীয় চেতনা শুধুমাত্র আমার উম্মাতের নেককার ও সৎকর্মশীলদের মধ্যেই হবে। অতঃপর তা ফিরে যাবে।

#### হাদীসটি জাল।

হাদীসটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২৩/৬৯/২) বিশ্র ইবনু হুসাইন সূত্রে ... আনাস ইবনু মালেক (ఈ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ বিশ্র মিথ্যুক। ইমাম সুয়ৃতী দাইলামী কর্তৃক "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন।

যাহাবী বলেন, দারাকুতনী বলেছেন ঃ তিনি (বিশ্র) মাতরুক।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন, আবৃ হাতিম বলেন ঃ তিনি যুবায়ের ইবনু আদীর প্রতি মিথ্যারোপ করতেন। ইবনু হিব্বান বলেন ঃ বিশ্র ইবনু হুসাইন জাল হাদীসের পাণ্ডলিপি হতে বর্ণনা করতেন। তাতে প্রায় একশত পঞ্চাশটি জাল হাদীস ছিল।

এটি সেগুলোরই একটি, যেমনটি যাহাবী তার জীবনীতে উল্লেখ করেছেন। হাদীসটি উকায়লীও "আয-যু'য়াফা" গ্রন্থে (১/১৪১) বিশ্র সূত্রেই উল্লেখ করেছেন। তিনি তার আরো কিছু হাদীস উল্লেখ করে বলেছেনঃ সবগুলোই মুনকার।

মানাবী বলেন ঃ তায়ালিসীও তাকে মিথ্যুক বলেছেন।

আশ্চর্যজনক ব্যাপার হচ্ছে এই যে, ইমাম সুয়ৃতী ম্বায় এবং আনাস (緣)-এর হাদীস দু'টি "যায়লুল আহাদীছিল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ২৪) উল্লেখ করা সত্ত্বেও "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। অথচ তিনি ভূমিকায় বলেছেন যে, তিনি এ গ্রন্থটিকে মিথ্যুক এবং জাল বর্ণনাকারী হতে হেফাযাত করেছেন।

٢٩. (خِيَالُ أَمَّتِي أَحِدُاقُهُمْ، إِذَا عَضِبُواْ، رَجَعُوْا).

২৯। আমার উম্মাতের সর্বোক্তম ব্যক্তিরা হচ্ছেন তাদের ধর্মীয় চেতনার অধিকারীগণ। যখন তারা রাগান্বিত হয় তখন তারা (তা হতে) প্রত্যাবর্তন করে। হাদীসটি বাতিল।

হাদীসটি উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃ: ২১৭), তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/২৪৯), ইবনু শাষান "ফাওয়াইদু ইবনু কানে ওয়া গায়রিহি" গ্রন্থে (২/১৬৩) এবং সিলাফী "আত-তায়্রিয়াত" গ্রন্থে (২/১৪০) আব্দুল্লাহ ইবনু কুমবার সূত্রে বর্ণনা করেছেন।

উকায়লী বলেনঃ হাদীসটি সাব্যস্ত করতে আব্দুল্লার অনুসরণ করা যাবে না। আমি (আলবানী) বলছিঃ এ আব্দুল্লাহ সম্পর্কে আযদী বলেন ঃ ''تركوه'' (মুহাদ্দিসগণ) তাকে গ্রহণ করেননি প্রত্যাখ্যান করেছেন।

তার জীবনী বর্ণনা করতে গিয়ে যাহাবী এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ
. এটি একটি বাতিল হাদীস। আসকালানীও তা স্বীকার করেছেন।

তাবারানী হাদীসটি "মু'জামুল আওসাত" গ্রন্থে উল্লেখ করেছেন। যার সনদে ইয়াগনাম ইবনু সালেম ইবনে কুমবার রয়েছেন। তিনি মিথ্যুক, যেমনটি হায়সামী (৮/৬৮) ও সাখাবী (পৃঃ ১৮৭) বলেছেন।

মোটকথা ধর্মীয় চেতনা সম্পর্কে বর্ণিত সকল হাদীস জাল। একমাত্র দুরায়েদের হাদীসটি বাদে। যেটি আবৃ মানসূর আল ফারেসী সূত্রে বর্ণিত হয়েছে (২৬)। সেটি শুধুমাত্র দুর্বল মুরসাল হওয়ার কারণে।

# ٣٠. (الْخَيْرُ فِيُّ وَفِي أُمَّتِيْ إِلَى يَوْم الْقَيِامَةِ).

৩০। আমার ও আমার উন্মাতের মাঝে কিয়ামত দিবস পর্যন্ত কল্যাণ নিহিত। হাদীসটির কোন ভিত্তি নেই।

সাখাবী "আল-মাকাসীদ" গ্রন্থে বলেছেন ঃ

আমাদের শাইখ ইবনু হাজার আসকালানী বলেছেন ঃ হাদীসটি আমি চিনি না। ইবনু হাজার হায়তামী আল-ফাকীহ "আল-ফাতাওয়াল হাদীসাহ" গ্রন্থে (১৩৪) বলেছেন ঃ এ শব্দ বর্ণিত হয়নি।

আমি (আলবানী) বলছি ঃ এ কারণে সুয়ৃতী "যাইলুল আহাদীছিল মাওয়ু'আহ্" গ্রন্থে (১২২০ নং) উল্লেখ করেছেন।

হাদীসটি হতে আমাদেরকে মুক্ত রাখে নিম্নের সহীহ হাদীস। রসূল (日) বলেছেন ঃ 'আমার উম্মাতের একটি দল সর্বদা হকের উপর প্রতিষ্ঠিত থাকবে...'। হাদীসটি বুখারী ও মুসলিম সহ অন্যান্য মুহাদ্দিসগণ বর্ণনা করেছেন।

٣١. (الدُّنْيَا خُطُورَةُ رَجُلِ مُؤْمِنٍ).

## ৩১। দুনিয়া হচ্ছে মু'মিন ব্যক্তির এক পদক্ষেপ।

#### হাদীসটির কোন ভিন্তি নেই।

হাদীসটি সম্পর্কে শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা "আল-ফাতাওয়া" গ্রন্থে (১/১৯৬) বলেন ঃ

''لَائِعْرُفُ عَنِ النَّبِيِّ ﷺ، وَلا (عَنَ) غَيْرِهِ مِنْ سَلَفِ الْأُمَّةِ، وَلا أَنِمَتِهَا'' এটি নাবী (ﷺ) হতে, এছাড়া উম্মাতের সালাফ (সাহাবী ও তাবেন্দি) এমনকি ইমামগণ হতেও জানা যায় না। হাদীসটি সুয়ৃতী "যায়লুল আহাদীছিল মাওয়'আহ" গ্রন্থে (১১৮৭ নং) উল্লেখ করেছেন।

٣٢. (الدُّنْيَا حَرَامٌ عَلَى أَهُلِ الأَخِرَةِ، وَالأَخِرَةُ حَرَامٌ عَلَى أَهُلِ الدُّنْيَا، وَالنَّيْا وَالآخِرَةُ حَرَامٌ عَلَى أَهُلِ اللهِ).

৩২। আখেরাতের অধিবাসীদের জন্য দুনিয়া হারাম আর দুনিয়ার অধিবাসীদের জন্য আখেরাত হারাম। দুনিয়া ও আখেরাত উভয়টিই হারাম আল্লাহর ওয়ালাদের জন্য।

### হাদীসটি জাল।

হাদীসটি সে সব হাদীসের একটি যার দ্বারা সুয়ৃতী তার "জামে'উস সাগীর" গ্রন্থকে কালিমালিপ্ত করে বলেছেন যে, দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে ইবনু আব্বাস (ఉ) হতে বর্ণনা করেছেন।

মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ এ হাদীসের সনদে জাবালাত ইবনু সুলায়মান নামে এক বর্ণনাকারী রয়েছেন। যাহাবী তাকে "আয-যু'য়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর বলেছেনঃ তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

আমি (আলবানী) বলছি ঃ সত্যিই যিনি এ হাদীস বর্ণনা করবেন তিনি নির্জরযোগ্য হবেন না, বরং তিনি হবেন অত্যন্ত নিকৃষ্ট মিথ্যুক। কারণ এ হাদীসটি বাতিল তাতে কোন বিবেকবান মু'মিন সন্দেহ পোষণ করতে পারেন না। কীভাবে রসূল (ﷺ) আখেরাতের অধিবাসী মু'মিনদের উপর দুনিয়াকে হারাম করেন। যার উত্তম উত্তম বস্তু দারা উপকৃত হওয়াকে তাদের জন্য স্বয়ং আল্লাহ হালাল করে দিয়েছেন তাঁর ﴿
هُوُ الذِيْ خَلَقَ لَكُمْ مَا فِي الأَرْضِ جَوْدًا وَ ''তিনিই সেই সন্তা যিনি তোমাদের জন্য যমীনের সব কিছুকে সৃষ্টি করেছেন" (সূরা: বাক্রারাহ্ ঃ ২৯) এ বাণী দ্বারা, তিনি আরো বলেছেন ঃ

﴿ قُلْ مَنْ حَرَّمَ زِينَةَ اللهِ الَّتِيَ أَخْرَجَ لِعِبَادِهِ وَالْطَيِّبَاتِ مِنَ الرِّزْقِ قُلْ هِي النَّذِينَ آمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَة يَوْمُ الْقِيَامَةِ}

"আপনি বলে দিন আল্লাহর অলংকারাজী, যা তিনি তাঁর বান্দাদের জন্য সৃষ্টি করেছেন এবং পানাহারের হালাল বস্তুগুলোকে কে হারাম করেছে। আপনি বলে দিন সে নে'য়ামাতগুলো মু'মিনদের জন্যেই পার্থিব জীবনে এবং বিশেষ করে কিয়ামত দিবসে…" (সূরা আলে ইমরান: ৩২)।

অতঃপর কীভাবে বলা সম্ভব যে, রসূল (ﷺ) দুনিয়া ও আখেরাতকে একসাথে হারাম করে দিয়েছেন আল্লাহ ভক্তদের উপর। অথচ আল্লাহ ভক্তরাই হচ্ছেন কুরআনের ভক্ত। যারা তাকে প্রতিষ্ঠা করে এবং তাঁর নির্দেশাবলীর উপর আমল করে। আর আখেরাত হয় জান্নাত নয়তোবা জাহান্নাম। আল্লাহ ভক্তদের উপর জাহান্নামকে আল্লাহ হারাম করে দিয়েছেন। এ সংবাদ তিনি নিজেই দিয়েছেন, যেমনিভাবে তিনি মু'মিনদের জন্য জানাতকে ওয়াজিব করে দিয়েছেন। কীভাবে এ মিথ্যুক বলে যে, রসূল (ﷺ) আখেরাতকে তাদের উপর হারাম করে দিয়েছেন? অখচ এ আখেরাতেই রয়েছে জানাত, যা মুন্তাকীদের জন্য ওয়াদা করা হয়েছে।

আমার ধারণা এ হাদীসটির জালকারী হচ্ছেন একজন মূর্খ সৃফী। তিনি এ দারা মুসলমানদের মাঝে সৃফী আঝীদাহ ছড়িয়ে দিতে চেয়েছেন।

অতঃপর আমি দাইলামীর "মুসনাদ" গ্রন্থে এটির সনদ সম্পর্কে (২/১৪৮) অবহিত হয়েছি। তাতে (তিনজন) বর্ণনাকারী রয়েছেন, যাদেরকে আমি চিনি না। এ ছাড়াও এটি ইবনু যুরায়েজ হতে আন্ আন্ শব্দে বর্ণিত হয়েছে। তিনি মুদাল্লিস বর্ণনাকারী। [মুদাল্লিস-এর অর্থ দেখুন ৫৭ নং পৃষ্ঠায়]।

٣٣. (النُّنيَا ضَرَّهُ الآخِرَةِ).

## ৩৩। দুনিয়া হচ্ছে আখেরাতের সতীন।

নাবী (ﷺ) হতে এর কোন ভিত্তি নেই। যেমনটি "আল- কাশফ" সহ অন্যান্য গ্রন্থে বলা হয়েছে। অনুরূপভাবে ঈসা (আঃ)-এর বাণী হিসাবেও বর্ণনা করা হয়ে থাকে।

٣٤. (احْدَرُوا الدُنْيَا، قَاتِلْهَا أَسنْحَرُ مِنْ هَارُونَ وَمَارُونَ).

৩৪। দুনিয়া থেকে তোমরা বেঁচে চল, কারণ তা হচ্ছে হারত ও মারতের দেয়েও অধিক যাদুকর।

হাদীসটি মুনকার এর কোন ভিন্তি নেই।

"তাঁখরীজুল ইহইয়া" থছে (৩/১৭৭) ইরাকী বলেন ঃ হাদীসটি ইবনু আবিদদুনিয়া ও বাইহাকী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে আবুদ-দারদা আর-রাহাবীর বর্ণনা সূত্রে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। বাইহাকী বলেন, তাদের কেউ বলেছেন ঃ আবুদ-দারদা কোন একজন সাহাবী হতে বর্ণনা করেছেন। যাহাবী বলেন ঃ আবুদ-দারদা কে তা জানা যায় না? আরো বলেন ঃ এটি মুনকার, এর কোন ভিত্তি নেই।

আমি (আলবানী) বলছি ঃ হাফিয ইবনু হাজার আসকালানী "লিসানুল মীযান" গ্রন্থে (৬/৩৭৫) তা সমর্থন করেছেন।

যিনি ধারণা করবেন যে, আবুদ-দারদা সাহাবী তিনি ভুল করবেন। সুয়ৃতী "জামে'উস সাগীর" ও "দূরকল মানসূর" গ্রন্থে (১/১০০) এমনটিই বুঝিয়েছেন বলে লক্ষ্য করা যাচ্ছে। তিনি বলেছেন ঃ আবুদ-দারদা হতে। এ ক্ষেত্রে মানাবীও তার অনুসরণ করেছেন।

মোটকথা হাদীসটির সমস্যা হচ্ছে এ আবুদ-দারদাই, তিনি মাজহুল [অপরিচিত], তিনি সাহাবী নন।

٣٥. (مَنْ أَدُّنَ فَلِيُقِمْ ).

৩৫। যে আযান দিবে সেই যেন ইকামাত দেয়।

এ শব্দে হাদীসটির কোন ভিস্তি নেই। বর্ণিত হয়েছে এ ভাষায় من أذن'' "نون أذن" আযান দিবে সে ইকামাত দিবে" এ ভাষাতেও হাদীসটি দুর্বল। হাদীসটি আবৃ দাউদ, তিরমিয়ী, আবৃ নু'য়াইম "আখবারু আসবাহন" গ্রন্থে (১/২৬৫,২৬৬) ও ইবনু আসাকির (৯/৪৬৬,৪৬৭) আব্দুর রহমান ইবনু যিয়াদ

আল-ইফরীকী সূত্রে ...বর্ণনা করেছেন। এ সনদটি এ আল-ইফরীকীর কারণে দুর্বল। হাফিয ইবনু হাজার "আত-

তাকরীব" গ্রন্থে বলেন ঃ
তিনি মুখস্থ বিদ্যায় দুর্বল ছিলেন। ইমাম তিরমিষীও তাকে দুর্বল আখ্যা দিয়ে বলেছেন ঃ ''إِثْمَا نَعْرِفُهُ مِنْ حَدِيْثِ الْإِثْرِيقِيْ، وَهُوَ ضَعِيْفٌ عِنْدُ أَهْلِ الْحَدِيْثِ الْأَوْرِيقِيْ، وَهُوَ مَا عَلَيْهُ الْمُلْمَا لَعُرِفُهُ مِنْ حَدِيْثِ الْمُؤْلِقِيْنِ عَلَيْدُ الْمُلْ الْحَدِيثِ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْكُ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْنِ الْمُؤْلِقِيْنِ عَلِيْنِ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَى الْمُؤْلِقِيْنِ عَلَيْنِ الْمُؤْلِقُونِ الْمُؤْلِقِيْنِ عَلِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْكُ مِنْ عَلَيْكُ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُونِ الْمُؤْلِقِيْلِ الْمُؤْلِقِيْنِ الْمُؤْلِقِيْنِ عَلَيْكُونِ اللْمُؤْلِقِيْلِيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُونِ الْمُؤْلِقِيْكُ عَلَيْكُ عَلَيْكُونِ الْمُعْلِقِيْكُ عَلَيْكُ عَلَيْكُمْ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُونِ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلِيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُونِ عَلَيْكُ عَلِيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْك

হাদীসটিকে বাগাবীও "শারহুস সুন্নাহ" গ্রন্থে (২/৩০২) দুর্বল আখ্যা দিয়েছেন। ইমাম নাবাবীও "আল-মাজমৃ'" গ্রন্থে (৩/১২১) তেমনটিই বলেছেন। বাইহাকী "সুনানুল কুবরা" গ্রন্থে (১/৪০০) দুর্বল বলেই ইন্সিত দিয়েছেন।

হাদীসটি অন্য স্ত্রেও ইবনু উমার (﴿
) হতে আব্দু ইবনে হামীদ "আলমুনতাখাব মিন মুসনাদিহি" গ্রন্থে (২/৮৮), আবৃ উমাইয়্যাহ্ "আত-তারসূসী
মুসনাদু ইবনে উমার" গ্রন্থে (১/২০২), ইবনু হিবান "আয-যু'য়াফা" গ্রন্থে
(১/৩২৪), বাইহাকী, তাবারানী (৩/২৭/২) ও উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃঃ
১৫০) বর্ণনা করেছেন। কিন্তু এ সূত্রেও হাদীসটি দুর্বল।

হাদীসটিকে বাইহাকীও দুর্বল আখ্যা দিয়ে বলেন ঃ সা'ঈদ ইবনু রাশেদ একক ভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তিনি দুর্বল।

হাফিয ইবনু হাজারও "আত-তালখীস" (৩/১০) গ্রন্থে অনুরূপ কথা বলেছেন। তিনি বলেন ঃ আবৃ হাতিম আর-রাযী ও ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে এ হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

ইবনু আবী হাতিম "ইলালুল হাদীস" গ্রন্থে (নং ৩২৬) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ এ হাদীসটি মুনকার, সা'ঈদ হাদীসের ক্ষেত্রে দুর্বল। আরেকবার বলেছেন ঃ তিনি মাতর্রুকুল হাদীস।

ইবনু আবী হাতিম হাদীসটি ইবনু আব্বাস (ﷺ) হতে (১/২৯৫) বর্ণনা করেছেন। যার সূত্রে মুহাম্মাদ ইবনুল ফযল ইবনে আতিয়া রয়েছেন। তিনি মিথ্যার দোষে দোষী।

ইবনু আদী বলেন ঃ নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ তার অধিকাংশ হাদীসের মুতাবা'য়াত করেননি।

٣٦. (حُبُّ الْوَطْنِ مِنَ الْإِيْمَان).

৩৬। দেশকে ভালবাসা ঈমানের অঙ্গ।

হাদীসটি জাল। যেমনিভাবে সাগানী (পৃ: ৭) ও অন্যরা বলেছেন ।

এটির অর্থও সহীহ নয়। কারণ এ ভালবাসা নিজকে এবং সম্পদকে ভালবাসার মতই প্রত্যেক ব্যক্তির মধ্যেই মূলগত ভাবে বিদ্যমান। শারী'য়াতের দৃষ্টিকোণ থেকে এ ভালবাসার প্রশংসা করা যায় না। এটি ঈমানের জন্য অপরিহার্যও নয়। আপনারা কী দেখছেন না যে, এ ভালবাসায় মু'মিন এবং কাফিরের মধ্যে কোন পার্থক্য নেই।

٣٧. (يَاتِي عَلَى النَّاسِ زَمَانٌ هُمْ فِيْهِ نِئَابٌ، قَمَنْ لَمْ يَكُنْ نِنْبا، أَكَلَتْهُ الدَّنَابُ).

৩৭। মানুষের মাঝে এমন এক যামানা আসবে যখন তারা বাঘের ন্যায় হবে। অতঃপর যে ব্যক্তি বাঘ না হতে পারবে তাকে বাঘগুলো খেয়ে ফেলবে।

## रामीमिं निजाउर मूर्वन।

ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/৮০) দারাকুতনীর সূত্রে উল্লেখ করেছেন। এ সনদে যিয়াদ ইবনু আবী যিয়াদ আল-জাস্সাস নামক এক বর্ণনাকারী আছেন।

দারাকুতনী বলেন ঃ যিয়াদ এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। তিনি মাতরুক [অগ্রহণযোগ্য]।


সুয়ৃতী তার "আল-লাআলী" গ্রন্থে (২/১৫২) বলেন ঃ "আল-মীযান" গ্রন্থে বলা হয়েছে যে, যিয়াদ দুর্বল হওয়ার বিষয়ে সকলে একমত পোষণ করেছেন। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন এবং বলেছেন যে, কখনও কখনও ব্রুটি করতেন। তাবারানীও হাদীসটি "মু'জামূল আওসাত" গ্রন্থে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তাবারানীর বর্ণনায় হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৭/২৮৭, ৮/৮৯) উল্লেখ করে হাদীসটি সম্পর্কে বলেছেন ঃ এর সনদের মধ্যে এমন সব ব্যক্তি রয়েছেন যাদে: কে চিনি না।

٣٨. (مَنْ اخْلُصَ لِلهِ ارْبَعِيْنَ يَوْمًا، ظَهَرَتْ يَنَابِيْعُ الْحِكْمَةِ عَلَى لِسَاتِهِ).

৩৮। যে ব্যক্তি চল্লিশ দিনকে নিছক আল্লাহর উদ্দেশ্যে নির্দিষ্ট করবে, তার ভাষায় বিচক্ষনতার ঝর্ণাধারা উদ্ধাসিত হবে।

হাদীসটি দুর্বল।



হাদীসটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়্যাহ" গ্রন্থে (৫/১৮৯) মুহাম্মাদ ইবনু ইসমা'ঈল সূত্রে আবৃ খালেদ ইয়াযীদ ওয়াসেতী হতে, তিনি হাজ্জাজ হতে ...বর্ণনা করেছেন।

এছাড়া হুসাইন আল-মারওয়াযী "জাওয়ায়েদুয যৃহ্দ" গ্রন্থে (১/২০৪), ইবনু আবী শাইবাহ "আল-মুসানাফ" গ্রন্থে (১৩/২৩১) ও হানাদ "আল-যুহ্দ" গ্রন্থে (৬৭৮ নং) উল্লেখ করেছেন। ইবনুল জাওয়ী হাদীসটি তার "মাওয়্'আত" গ্রন্থে (৩/১৪৪) আবৃ ন'য়াইম সূত্রে উল্লেখ করে বলেছেনঃ

হাদীসটি সহীহ নয়। ইয়াযীদ ইবনু আবী ইয়াযীদ আব্দুর রহমান ওয়াসেতী অধিক পরিমাণে ভুল করতেন, হাজ্জাজ ক্রটি যুক্ত ব্যক্তি, মুহাম্মাদ ইবনু ইসমাঈল অপরিচিত এবং আবৃ আইউব (ﷺ) হতে মাকহুলের শ্রবণ সাব্যস্ত হয়নি।

সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (২/১৭৬) তার সমালোচনা করে বলেছেন ঃ ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে গুধুমাত্র দুর্বল বলেই খ্যান্ত হয়েছেন। মাকহুল হতে মুরসাল হিসাবে তার অন্য একটি সূত্র রয়েছে, যাতে মুহাম্মাদ ইবনু ইসমাঈল ও ইয়াযীদ নেই।

আমি (আলবানী) বলছি ঃ সনদে বর্ণিত হাজ্জাজ হচ্ছেন ইবনু আরতাত-তিনি মুদাল্লিস, আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। তা সত্ত্বেও মুরসাল। হাদীসটিকে সাগানী "আহাদীসুল মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ৭) উল্লেখ করেছেন।

এ হাদীসটির অন্য একটি সনদ পেয়েটি, সেটি কাষা স্বর্ণনা করেছেন। তাতেও সেওয়ার ইবনু মুস'য়াব নামক একজন বর্ণনাকারী রয়েছেন। তার সম্পর্কেনাসাঈ সহ প্রমুখ মহাদ্দিসগণ বলেছেন ঃ তিনি মাতরুক। সুতরাং হাদীসটি দুর্বল।

٣٩. (مَنْ ثَامَ بَعْدَ الْعَصْرِ، فَاحْتُلُسِ عَقْلُهُ، قُلا يِلُوْمَنَّ إِلاَّ تَقْسَهُ).

৩৯। যে ব্যক্তি আসরের পরে ঘুমাবে, তার জ্ঞান ছিনিয়ে নেয়া হবে। ফলে সে তথুমাত্র নিজেকেই দোষারোপ করবে।

#### হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা ওয়াল মাতরূকীন" গ্রন্থে (১/২৮৩) খালিদ ইবনুল কাসেম সূত্রে বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী "মাওযু'আত" গ্রন্থে (৩/৬৯) হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ

হাদীসটি সহীহ নয়। কারণ খালেদ মিথ্যুক। হাদীসটি মূলত ইবনু লাহী'য়ার, খালিদ তা ছিনিয়ে নিয়েছেন। অতঃপর তাকে লাইস-এর সূত্রে গেথে দিয়েছেন।

্রতৃতীয় সূত্রে মারওয়ান হতে বর্ণনা করা হয়েছে। সেটি ইবনু আদী "আল-কার্মিল" গ্রন্থে (কাফ ২১১/১) ও সাহমী "তারীখু জুরজান" গ্রন্থে (৫৩) উল্লেখ করেছেন। মারওয়ান বলেন ঃ আমি লাইস ইবনু সা'দকে এমতাবস্থায় বললাম যে, ভিনি রামাযান মাসে আসরের পরে ঘুমাচ্ছিলেন ঃ হে আবৃল হারিস! কী হয়েছে আপনার যে আপনি আসরের পরে ঘুমাচ্ছেন? অথচ আমাদেরকে ইবনু লাহী'য়া হাদীস শুনিয়েছেন ...। উত্তরে আবুল লাইস বললেন ঃ আকীল হতে ইবনু লাহী'য়ার হাদীসের কারণে আমি এমন কিছু ছাড়ব না যা আমার উপকার করে! (ইবনু লাহী'য়া মুখস্থ বিদ্যায় দুর্বল)।

বর্তমান যুগের বহু মাশায়েখ আসরের পরে ঘুমাতে নিষেধ করে থাকেন যদিও তার প্রয়োজন হয়। তাকে যদি বলা হয় এ মর্মে বর্ণিত হাদীসটি দুর্বল। তাহলে দ্রুত উত্তরে বলেনঃ ফাযায়েলে আমল-এর ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যায়।

ভেবে দেখুন পূর্ববর্তীদের চিন্তা-চেতনা আর পরবর্তীদের জ্ঞানের মধ্যে কত বড় পার্থক্য? লাইস ছিলেন মুসলমানদের ইমাম এবং প্রসিদ্ধ এক ফাকীহ। তার কথা প্রমাণ বহন করছে তার চিন্তাচেতনা ও জ্ঞানের গভীরতার, অথচ প্রবর্তীগণ কী বলেন?

হাদীসটি আবৃ ই'য়ালা ও আবৃ ন'য়াইম "আত-তিব্বুন্নাবাবী" গ্রন্থে (২/১২) আম্র ইবনু হুসাইন সূত্রে বর্ণনা করেছেন। এ আম্রকে খাতীব বাগদাদীসহ অন্যান্য মুহাদ্দিসগণ মিধ্যুক বলেছেন। এ আমরই নিম্নের ডালের হাদীস বর্ণনাকারীঃ

٤٠- (عَلَيْكُمْ بِالْقَرْعِ، فَإِنَّهُ يَزِيْدُ فِي الدَّمَاغِ، وَعَلَيْكُمْ بِالْعَدَسِ فَإِنَّهُ قُدِّسَ عَلَى لِسِنَانِ سَنِعِيْنَ نَبِياً).

৪০। তোমরা কদু (গাউ) অপরিহার্য করে নাও, কারণ তা অনুভূতি [জ্ঞান] বৃদ্ধি করে। তোমরা ডাঙ্গকে অপরিহার্য করে নাও, কারণ তার পবিত্রতা বর্ণিত হয়েছে সম্ভর জন নাবীর ভাষায়।

#### হাদীসটি জাল।

হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (২২/৬২ নং১৫২) আম্র ইবনুল হুসাইন সূত্রে ইবনু 'আলাসা হতে বর্ণনা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে ( ২/১৫১) বলেছেন ঃ আম্র ও তার শাইখ তারা দু'জনই মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন!

যারাকশী "আল-লাআলিল মানসূরা ফিল আহাদীসিল মাশহুরাহ্" (১৪৩ নং) গ্রন্থে বলেন ঃ ইবনুস সালাহ-র হাতের লিখায় পেয়েছি যে, এটি একটি বাতিল হাদীস।

হাদীসটি ইবনুল জাওয়ী "মাওয়ু'আত" গ্রন্থে (২/২৯৪,২৯৫) কয়েকটি সূত্রে উল্লেখ করেছেন এবং বানোয়াট হিসাবে হুকুম লাগিয়েছেন। সাগানী "আহাদীসুল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ:৯) ও ইবনুল কাইয়্যিম আল-জাওযিয়া "আল-মানার" গ্রন্থে (পৃ:২০) হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ এটি সাদৃশ্যপূর্ণ সেই সব জালকারীদের সাথে যারা মান্না ওয়াস সালওয়ার উপর এটিকে পছন্দ করেছেন।

'আলী আল-কারী তার "মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ১০৭) এটিকে বানোয়াট হিসাবেই স্বীকার করেছেন।

ইবনু তাইমিয়্যা "মাজমূ'উ ফাতাওয়া" গ্রন্থে বলেছেন ঃ হাদীসটি জ্ঞানীজনদের ঐক্যমতে মিথ্যা ও বানোয়াট।

এ মিথ্যুক আম্রের আরো একটি হাদীস ঃ

١٤. (مَنْ أَصَابَ مَالاً مِنْ نَهَاوِشَ، أَذَهَبَهُ اللهُ فِي نَهَايِرَ).

8১। যে ব্যক্তি হারাম পছায় (অন্যকে বিপদগ্রন্থ করে) সম্পদ অর্জন করন, আল্লাহ তাকে নরকে নিয়ে যাবেন।

## হাদীসটি সহীহ নয়।

হাদীসটি কার্যান্ট "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (কাফ ২/৩৭) ও রামহুরমুযী "আল-আমসাল" গ্রন্থে (পৃ: ১৬০) আম্র ইবনুল হুসাঈন সূত্রে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি সাকেত [নিক্ষেপযোগ্য]। এ আম্র ইবনুল হুসাঈন মিথ্যুক। পূর্বে তার সম্পর্কে বহুবার আলোচনা করা হয়েছে। সাখাবী "আল-মাকাসিদ" গ্রন্থে (নং ১০৬১) বলেছেন ঃ

আম্র মাতরক। আর আঁবৃ সালমা হচ্ছেন সুলায়মান ইবনু সালাম। তিনি ইয়াহইয়া ইবনু জাবের-এর কাতিব [লেখক], তিনি সাহাবী নন।

এছাড়া আবৃ সালমা আল-হিমসী সম্পর্কে মানাবী বলেন ঃ তিনি একজন মাজহুল [অপরিচিত] তাবে স্টি।

٢٤. (الأنبياءُ قادةً، وَالْقُقْهَاءُ سَادَةً، وَمَجَالِسُهُمْ زِيَادَةً).

8২। নাবীগণ হচ্ছেন নেতা, ফাকীহগণ হচ্ছেন সর্দার আর তাদের মজনিসম্ভলো হচ্ছে অতিরিক্ত।

#### হাদীসটি বানোয়াট।

হাদীসটি দারাক্তনী তার "সুনান" গ্রন্থে (পৃ:৩২২) এবং কাযাক্তি "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (১/২৩)... হারিস ইবনু আন্দিল্লাহ হামদানী আল-আওয়ার সূত্রে ... বর্ণনা করেছেন।

এ সনদটি নিতান্তই দুর্বল। হারিসকে জামহুর ওলামা দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনুল মাদীনী বলেন ঃ ''كذاب'' তিনি মিথ্যুক। ত'বা বলেন ঃ আবৃ ইসহাক তার থেকে মাত্র চারটি হাদীস শ্রবণ করেছেন। "আল-কাশফ" গ্রন্থে এসেছে (১/২০৫), 'আলী আল-কারী বলেন ঃ এটি বানোয়াট হাদীস। অনুরূপ কথা "খুলাসা" গ্রন্থেও এসেছে।

٤٣ (شَهْرُ رَمْضَانَ مُعُلَقٌ بَيْنَ السَّمَاءِ وَالأَرْض، وَلا يُرْفَعُ إلى اللهِ إلا يزكاةِ الفِطر).

৪৩। আসমান ও যমীনের মাঝে রমাযান মাস ঝুলম্ভ থাকে। তাকে যাকাতুল ফিতর প্রদান না করা পর্যন্ত আল্লাহর নিকটে উঠিয়ে নেয়া হয় না।

### হাদীসটি দুর্বল।

হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে এসেছে। তাতে বলা হয়েছে ইবনু শাহীন তার "আত-তারগীব" গ্রন্থে এবং যিয়া জারীর হতে বর্ণনা করেছেন। অতঃপর তাকে দুর্বল হিসাবে চিহ্নিত করেছেন।

মানাবী তার কারণ ব্যাখ্যা করে বলেছেন ঃ

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ সহীহ নয়। সনদে মুহাম্মাদ ইবনু ওবায়েদ আল-বাসরী নামক বর্ণনাকারী আছেন, তিনি মাজহুল।

আমি (আলবানী) বলছি ঃ "ইলালুল মুতানাহিয়া" গ্রন্থে (৮২৪) ইবনুল জাওয়ীর পূর্ণাঙ্গ কথা হচ্ছে ঃ ''ولا بِنَابِع عَلْبِهِ'' তার অনুসরণ করা যায় না।

হাফিয ইবনু হাজার তার কথাকে সমর্থন করেছেন।

আনাস (ఉ)-এর হাদীস হতে আল-খাতীব (৯/১২১) বর্ণনা করেছেন, তার থেকে ইবনুল জাওয়ী "আল-ইলাল" গ্রন্থে (৮২৩) এবং ইবনু আসাকির (১২/২৩৯/২) বাকিয়া ইবনুল ওয়ালিদ সূত্রে আব্দুর রহমান ইবনু উসমান ইবনে উমার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ আব্দুর রহমানকে আমি চিনি না। বাহ্যিক ব্যাপার এই যে, তিনি বাকিয়ার মাজহূল শাইখদের একজন। ইবনুল জাওয়ী ধারণা করেছেন যে, তিনি হচ্ছেন বাকরারী। যার সম্পর্কে ইমাম আহমাদ বলেন ঃ লোকেরা তার হাদীসকে গ্রহণ করেনি।

٤٤ (مَنْ أَحْدَثَ وَلَمْ يَتُوَصَّا، قَقَدْ جَقَاتِيْ، وَمَنْ تَوَصَّا وَلَمْ يَصلً، فَقَدْ جَقَاتِيْ، وَمَنْ دَعَاتِيْ فَلَمْ أَجِبْهُ، فَقَدْ جَقَاتِيْ، وَمَنْ دَعَاتِيْ

88। যে ব্যক্তি মল-মূত্র ত্যাগ করল, অতঃপর ওয় করল না সে আমার সাথে কর্কশ আচরণ করল। যে ব্যক্তি ওয় করল, অতঃপর সলাত আদায় করল না সে আমার সাথে কর্কশ আচরণ করল। যে ব্যক্তি সলাত আদায় করল, অতঃপর আমাকে ডাকলো না, সে আমার সাথে কর্কশ আচরণ করপ। যে ব্যক্তি আমাকে ডাকলো আর আমি তার ডাকে সাড়া দিলাম না তার সাথে আমি রুঢ় আচরণ করলাম। অথচ আমি রুঢ় আচরণকারী প্রতিপালক নই।

হাদীসটি জাল। সাগানী (পৃ: ৬) ও অন্যরা এ কথাই বলেছেন।

হাদীসটি বানোয়াট হওয়ার প্রমাণ এই যে, মল-মূত্র ত্যাগ করার পর ওয় করা এবং ওয়র পরে সলাত আদায় করা মুসতাহাব কাজের অন্তর্ভুক্ত। অথচ হাদীসটি ইঙ্গিত দিচ্ছে যে, এ দু'টো ওয়াজিবের অন্তর্ভুক্ত ''فقد جفاني'' 'আমার সাথে কর্কশ আচরণ করল' এ কথার কারণে। অথচ এটি কোন অজানা কথা নয় যে, এসব কর্ম মুসতাহাবের অন্তর্ভুক্ত।

নিম্নের হাদীসটি উপরের হাদীসের ন্যায় ঃ

٥٤. (مَنْ حَجَّ الْبَيْتَ، وَلَمْ يَزُرُنِيْ فَقَدْ جَقَاتِيْ).

8৫। যে ব্যক্তি বায়তুল্লাহ যিয়ারত করল, অথচ আমাকে যিয়ারত করল না, সে আমার ব্যাপারে রুড় আচরণ করল।

হাদীসটি জাল। হাফিষ যাহাবী "আল-মীযান" (৩/২৩৭) গ্রন্থে এ কথাই বলেছেন। সাগানী "আল-আহাদীসুল মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ৬), অনুরূপ ভাবে যারাকশী ও শাওকানী "আল-ফাওয়ায়েদুল মাজমু'য়াহ ফিল আহাদীসিল মাওযু'আত" গ্রন্থে (পৃ: ৪২) হাদীসটি উল্লেখ করেছেন।

এর সমস্যা হচ্ছে মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ ইবনে নু'মান।

ইবনু আদী (৭/২৪৮০) ও ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (৩/৭৩) হাদীসটি বর্ণনা করেছেন। তার সূত্রে ইবনুল জাওয়ী "মাওযু'আত" গ্রন্থে (২/২১৭) উল্লেখ করেছেন। তারা উভয়ে (ইবনু আদী ও ইবনু হিব্বান) বলেছেনঃ মুহাম্মাদ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বড় সমস্যা (মিথ্যা) বহন করে আনতেন এবং দৃঢ়চেতাদের উদ্ধৃতিতে উল্টা পাল্টা হাদীস বর্ণনা করতেন।

দারাকুতনী বলেন ঃ এ হাদীসটির সনদের মধ্যে দোষনীয় ব্যক্তি হচ্ছেন মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ ইবনে নু'মান।

এছাড়া হাদীসটি বানোয়াট হওয়ার প্রমাণ এটিও যে, নাবী (ﷺ)-এর ব্যাপারে রুঢ় আচরণ করা যদি কৃষ্ণরী নাও হয়, তবুও তা বড় গুনাহের অন্তর্ভুক্ত। এর ফলে যে তাঁকে যিয়ারত করা ছেড়ে দিবে, সে বড় গুনাহে লিগু হল। এমনটি হলে হাদীসটি যিয়ারত করাকে হজ্জের ন্যায় অপরিহার্য করে। অথচ যিয়ারত করা ওয়াজিব এমন কথা কোন মুসলিম ব্যক্তি বলেননি। যিয়ারত করা যদি নৈকট্য লাভের একটি মাধ্যমও হয় তবুও তা আলেমদের নিকট মুসতাহাবের গণ্ডি হতে আর বেশী কিছু হবে না। অতএব কীভাবে তাঁর যিয়ারত পরিত্যাগকারী তাঁর সাথে রুঢ় আরচণকারী হয় এবং কীভাবে তাঁর থেকে বিমুখ হয়?

٤٦. (مَنْ زَارَتِيْ وَزَارَ أَبِيْ إِبْرَاهِيْمَ فِي عَامِ وَاحِدٍ، دَخَلَ الْجَنَّةُ).

৪৬। যে ব্যক্তি আমাকে এবং আমার পিতা ইব্রাহীমকে একই বছরে বিয়ারত করবে সে জান্নাতে প্রবেশ করবে।

### হাদীসটি জাল।

যারাকশী "আল-লাআলিল মানসূরা" গ্রন্থে (১৫৬ নং) বলেন ঃ কোন কোন হাফিয বলেছেন ঃ হাদীসটি বানোয়াট। হাদীস সম্পর্কে কোন জ্ঞানী ব্যক্তি এটিকে হাদীস বলে বর্ণনা করেননি।

অনুরূপভাবে ইমাম নাবাবী বলেন ঃ এটি বানোয়াট, এর কোন ভিত্তি নেই। সুযুতী এটিকে "যায়লুল আহাদীছিল মাওযু'আহ" গ্রন্থে (নং ১১৯) উল্লেখ করার পর বলেছেন ঃ

ইবনু তাইমিয়্যা ও নাবাবী বলেছেন ঃ হাদীসটি জাল, ও ভিত্তিহীন। শাওকানীও "আল-ফাওয়াইদ" গ্রন্থে (পৃ:৪২) তা সমর্থন করেছেন।

٤٧ . (مَنْ حَجَّ، فْزَارَ قَبْرِيْ بَعْدَ مَوْتِيْ، كَانَ كَمَنْ زَارِيْيْ فِي حَيَاتِيْ).

৪৭। যে ব্যক্তি হচ্ছ করবে, অতঃপর আমার মৃত্যুর পর আমার কবর যিয়ারত করবে, সে যেন ঐ ব্যক্তির ন্যায় যে জীবদ্দশায় আমার সাথে সাক্ষাৎ করেছে।

#### रापीमिं जान।

হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/২০৩/২) এবং "আওসাত" গ্রন্থে (১/১২৬/২), ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে, দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ:২৭৯), বাইহাকী (৫/২৪৬) ও সিলাফী "আস-সানী আশার মিনাল মাশীখাতিল বাগদাদীয়াহ্" গ্রন্থে (২/৫৪) বর্ণনা করেছেন। তারা প্রত্যেকেই হাফস ইবনু সুলায়মান আবী উমার সূত্রে লাইস ইবনু আবী সুলাইম হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ দু'টি কারণে হাদীসটির সনদ নিতান্তই দুর্বল ঃ

১। লাইস ইবনু সুলাইম-এর মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল, যেমনটি বলা হয়েছে ২ নং হাদীসের আলোচনায়।

২। হাফস ইবনু সুলায়মান হচ্ছেন আল-কারী, তাকে আল-গাযেরী বলা হয়। তিনি নিতান্তই দুর্বল, যেমনটি ইঙ্গিত দিয়েছেন হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে নিয়োক্ত কথার দারা ঃ

''متروك الحديث'' তিনি হাদীসের ক্ষেত্রে মাতরূক [অগ্রহণযোগ্য]। কাবণ তাব সম্পর্কে ইবন মাজিন বলেন ঃ ''।১১১ ১১১'' তিনি জি

কারণ তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ ''كان كذابا'' তিনি ছিলেন মিথ্যুক; যেমনটি ইবনু আদীর "আল-কামিল" গ্রন্থে এসেছে।

ইবনু খাররাশ বলেন ঃ ''ফ্রেক্র টেনি মিথ্যুক, হাদীস জাল করতেন। এ হাদীসের সনদের সমর্থন সূচক আরো কিছু সনদ দ্বারা হাদীসটি বর্ণিত হয়েছে। বৈগুলো এটিকে শক্তিশালী করে না। কারণ দুর্বলের দিক থেকে সেগুলোর অবস্থা এটির সনদ চেয়ে কম নয়। রস্ল (ﷺ)-এর কবর যিয়ারতের ব্যাপারে আরো হাদীস এসেছে, যেগুলো সুবকী "আল-শেফা" গ্রন্থে উল্লেখ করেছেন। সেগুলোর সবই দুর্বলের অন্তর্ভুক্ত, যার একটি অপরটির চেয়ে বেশী দুর্বল।

ইবনু তাইমিয়্যা "আল-কা'য়েনাতুল জালীলা" গ্ৰন্থে (পৃ:৫৭) বলেনঃ

রসূল (ﷺ)-এর কবর যিয়ারতের ব্যাপারে যে সব হাদীস এসেছে সবই দুর্বল। দ্বীনি বিষয়ে সেগুলোর কোনটির উপরেই নির্ভর করা যায় না। সে কারণেই সহীহ গ্রন্থ এবং "সুনান" গ্রন্থের লেখকগণ এ সংক্রান্ত কোন হাদীস তাদের গ্রন্থগুলোতে বর্ণনা করেননি। সেগুলো বর্ণনা করেছেন তারাই যারা দুর্বল হাদীস বর্ণনা করে থাকেন। যেমন দারাকুতনী, বায্যার ও আরো অনেকে।

অতঃপর তিনি এ হাদীসটি উল্লেখ করার পর বলেছেন যে, এ হাদীসের মিথ্যাবাদিতা সুস্পষ্ট, এটি মুসলমানদের ধর্ম বিরোধী। কারণ যে ব্যক্তি রসূল (ﷺ)-এর জীবিত থাকাকালীন মু'মিন অবস্থায় তাঁকে যিয়ারত করেছে, সে সাহাবীগণের দলভুক্ত, যাদের ফ্যীলত বর্ণনা করে হাদীস বর্ণিত হয়েছে।

কোন ব্যক্তি সাহাবীগণের পরে যে কোন আমলের দারা, যদিও সেটি ওয়াজিবএর পর্যায়ভুক্ত হয় যেমন হজ্জ, জিহাদ, পাঁচ ওয়াক্ত সলাত ও তাঁর উপর দুর্দ পাঠ
করা তবুও সাহাবগণের সমকক্ষ হতে পারবে না। অতএব কীভাবে তাদের সমকক্ষ
হবে এমন একটি আমলের দারা যেটি (তাঁর কবর যিয়ারত) সকল মুসলিমের ঐক্যমতে
ওয়াজিব নয়। বরং তাঁর কবর যিয়ারতের উদ্দেশ্যে সফর করাই শারী'য়াত সম্মত নয়।
বরং সেটি নিষিদ্ধ। তবে কেউ যদি তাঁর মসজিদে সলাত কায়েমের উদ্দেশ্যে সফর
করে তাহলে তা মুস্তাহাব এবং সে সাথে কবর যিয়ারতও করতে পারবে।

সতর্কবাণী ঃ বহু লোক মনে করেন যে, ইবনু তাইমিয়্যা এবং সালাফীদের মধ্য থেকে যারা তার নীতির অনুসরণ করেছেন ওধামাত্র তারাই বলেন যে, নাবী (

)-এর কবর যিয়ারত করা নিষেধ। এটি মিথ্যা ও অপবাদ মাত্র। যাদের ইবনু তাইমিয়্যার (কিতাবের) গ্রন্থরাজী সম্পর্কে জ্ঞান আছে, তারা জানেন যে, ইবনু তাইমিয়্যা নাবী (

)-এর কবর যিয়ারতকে শারী য়াত সম্মত এবং মুম্ভাহাব বলেছেন। যদি তার সাথে কোন প্রকার শারী য়াত বিরোধী কর্মকাণ্ড এবং বিদ আত জড়িত না হয় তাহলেই। যেমন যিয়ারতের উদ্দেশ্যে বাহন প্রস্তুত করা বা ওধু তাঁর কবর যিয়ারতের উদ্দেশ্যে সফর করা।

<sup>&</sup>lt;sup>২</sup> {যেমন: তাবারানী তার "আল-আওসাত" গ্রন্থে (১/১২৬/২) আহমাদ ইবনু রাশদীন সূত্রে 'আলী ইবনুল হাসান ইবনে হারুন আনসারী হতে হাফস ইবনু সুলায়মানের মুতাবা'রাত হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এ আহমাদ ইবনু রাশদীন সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তাকে মুহান্দিসগণ মিধ্যুক বলেছেন এবং তার উপর বহুকিছু ইনকার করা হয়েছে। যাহাবী তার কতিপয় বাতিল হাদীস উল্লেখ করেছেন। এছাড়াও একাধিক মাজহুল বর্ণনাকারীর সমাবেশ ঘটেছে }

রসূল (ﷺ)-এর ব্যাপক ভিত্তিক নিম্নোক্ত হাদীসের কারণে ؛ لَشَدُ الرَّحَالُ إِلَّا إِلَى ﴾ '১' مسلحِد' درية مسلحِد' তিনটি মসজিদ ব্যতীত অন্য কোন স্থানের উদ্দেশ্যে বাহন প্রস্তুত কর না।

তিনটি মসজিদ ছাড়া শুধুমাত্র অন্য মসজিদগুলোতে যাওয়াকেই বাতিল করা হয়নি, যেমনটি বহুলোকে ধারণা করে থাকেন বরং আল্লাহর নৈকট্য লাভের উদ্দেশ্যে যে কোন স্থানে যাওয়াকেই নিষিদ্ধ করা হয়েছে। চাই সেটি মসজিদ বা কবর বা অন্য কোন স্থান হোক না কেন। এর দলীল আবু হুরাইরাহ (ﷺ)-এর হাদীস ঃ

বুসরা ইবনু আবৃ বুসরা বলেন ঃ আমি ত্র পাহাড় হতে ফিরে এসে আবৃ হুরাইরা (ﷺ)-এর সাথে মিলিত হলাম। আমাকে তিনি জিজ্ঞাসা করলেন, কোথা হতে আসলে? আমি বললাম ঃ ত্র হতে। অতঃপর তিনি বললেন ঃ আমি যদি তোমাকে ত্রের দিকে বের হওয়ার পূর্বে পেতাম তাহলে তুমি বের হতে না। কারণ আমি রসূলকে (ﷺ)-কে বলতে ওনেছি ঃ আরোহী প্রস্তুত কর না তিনটি মসজিদ ব্যতীত অন্য কোন স্থানের উদ্দেশ্যে বাহন তৈরি করো না। (আল-হাদীস)। হাদীসটি ইমাম আহমাদ ও অন্যান্য মুহাদিসগণ সহীহ সনদে বর্ণনা করেছেন। দেখুন "আহকামুল জানায়েয"ঃ (পু: ২২৬)।

٨٤. (الوكدُ سيرُ ابيهِ). ٤٨

#### ৪৮। সম্ভান তার পিতার উম্ভম ভূমি।

হাদীসটির কোন ভিত্তি নেই। ইমাম সাখাবী "মাকাসিদুল হাসানাত" এছে (পৃ: ৭০৬) এ কথা বলেছেন। ইমাম সুয়ৃতীও তার "আদ-দুরার" গ্রন্থে (পৃ: ১৭০) যারাকশীর (আত-তাজকিরাহ পৃ: ২১১) গ্রন্থের অনুসরণ করে এরপই বলেছেন। সা্গানী "আল-আহাদীসুল মাওযু'আহ" গ্রন্থে (পৃ: ৪) হাদীসটি উল্লেখ করেছেন।

এটির অর্থের প্রয়োগও সহীহ্ নয়। কারণ নাবীগণের মধ্যে এমন আছেন যার পিতা ছিলেন মুশরিক, নাফারমান। যেমন- ইব্রাহীম (আ:)-এর পিতা আযর। তাদের মধ্যে এমনও আছেন যার সম্ভান ছিলেন মুশরিক। যেমন- নৃহ (আ:)-এর পুত্র।

৪৯। যে ব্যক্তি তার পিতা-মাতা উভয়ের কবর অথবা যে কোন একজনের কবর প্রত্যেক জুর্ম'আর দিবসে যিয়ারত করবে, তাকে ক্ষমা করে দেয়া হবে এবং তাকে সং কর্মশীলদের তালিকায় লিপিবদ্ধ করা হবে।

#### হাদীসটি জাল।

ত্বারানী হাদীসটি "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৯৯) এবং "মু'জামুল কাবীর" গ্রন্থে (১/৮৪/১) উল্লেখ করেছেন। তার থেকে ইস্পাহানী "আত-তারগীব" গ্রন্থে (২/২২৮) মুহাম্মাদ ইবনু নুমান সূত্রে ইয়াহইয়া ইবনু 'আলা বাজালী হতে বর্ণনা করেছেন, তিনি আব্দুল করীম আবী উমাইয়াহ হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি বানোয়াট। এ মুহামাদ ইরনু নু'মান সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে এবং তার অনুসরণ করে "আল-লিসান" গ্রন্থে ইবনু হাজার বলেছেন ঃ "فجهول، قاله العقبلي، ويحيى متروك" উকায়লী বলেন ঃ 'তিনি মজহুল এবং ইয়াহইয়া হচ্ছেন মাতরুক [অগ্রহণযোগ্য]।'

আমি (আলবানী) বলছি ঃ এ ইয়াহইয়ার দুর্বল হওয়ার ব্যাপারে সকলেই একমত। তাকে ওয়াকী মিথ্যুক আখ্যা দিয়েছেন। অনুরূপ ভাবে ইমাম আহমাদ বলেছেন ঃ ''كذاب يضع الحديث'' 'তিনি মিথ্যুক, হাদীস জালকারী।'

ইবনু আদী বলেন ঃ তার বর্ণনাগুলোতে দুর্বলতা সুস্পষ্ট এবং তার হাদীসগুলো বানোয়াট।

তার শাইখ আব্দুল করীম আবৃ উমাইয়াহ ইবনু আবিল মুখারিকও দুর্বল। তবে তাকে মিথ্যার দোষে দোষী করা যায় না। এ কারণে গুধুমাত্র তার (আব্দুল করীম) কথা উল্লেখ করে হাদীসটি দুর্বল হওয়ার কারণ বর্ণনা করে হাফিয হায়সামী সঠিক কাজটি করেননি।

তিনি বলেছেন ঃ (৩/৬০) তাবারানী হাদীসটি "মু'জামুস সাগীর" এবং "মু'জামূল কাবীর" গ্রন্থে উল্লেখ করেছেন। তাতে আব্দুল করীম আবৃ উমাইয়াহ নামক একজন বর্ণনাকারী আছেন, তিনি দুর্বল।

ইমাম সৃষ্টী "আল-লাআলী" গ্রন্থে (২/২৩৪) বলেছেন ঃ عبد الكريم
"'غبد الكريم (আব্দুল করীম
দুর্বল, ইয়াহ্ইয়া ইবনুল 'আলা এবং মুহাম্মাদ ইবনু নু'মান দু'জনই মাজহুল)।
তথুমাত্র এভাবে কারণ দর্শিয়ে ঠিক করেননি। কারণ ইয়াহইয়া ইবনুল 'আলা
মাজহুল নন বরং তিনি পরিচিত, তবে মিখ্যুক হিসাবে। এছাড়াও হাদীসটির সনদে
ইয়াতরাব সংঘটিত হয়েছে। এর কারণও বর্ণনা করা হয়েছে।

٥٠. (مَنْ زَارَ قَبْرَ وَالدَيْهِ كُلُّ جُمُعَةٍ، قَقْرَأ عِنْدَهُمَا أَوْ عِنْدَهُ {يس}؛ عُفِرَ لهُ يعَدِ كُلُّ آيَةٍ أَوْحَرَهُمٍ).

তে। যে ব্যক্তি তার পিতা-মাতা উভয়ের কবর প্রত্যেক জুম'আর দিবসে যিয়ারত করবে। অতঃপর তাদের উভয়ের নিকট অথবা পিতার কবরের নিকট সূরা ইয়াসিন পাঠ করবে, প্রতিটি আয়াত অথবা অক্ষরের সংখ্যার বিনিময়ে তাকে ক্ষমা করে দেয়া হবে ।

হাদীসটি জাল।

হাদীসটি ইবনু আদী (১/২৮৬), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৩৪৪-৩৪৫) ও আব্দুল গনী আল-মাকদেসী "সুনান" গ্রন্থে (২/৯১) ... আম্র ইবনু যিয়াদ সূত্রে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ হাদীসটি বাতিল। এ সনদে এটির কোন ভিত্তি নেই। আম্র ইবনু যিয়াদ (তিনি হচ্ছেন আবুল হাসান আস-সাওবানী)-এর জীবনী বর্ণনা করতে গিয়ে তার অন্যান্য হাদীসের সাথে এ হাদীসটির ব্যাপারে উল্লেখিত মন্তব্যটি করেন। সে সব হাদীসের একটি সম্পর্কে বলেন ঃ ''ভূত্ত্বত্ত্ব'' জাল (বানোয়াট)।

অতঃপর বলেন ঃ আম্র ইবনু যিয়াদ-এর এ হাদীসটি ছাড়া আরো হাদীস রয়েছে। সেগুলোর মধ্যে কিছু আছে নির্ভরযোগ্যদের থেকে চুরি করা এবং কিছু আছে বানোয়াট। তাকে সেগুলো জালকারী হিসাবে দোষী করা হয়েছে। দারাকুতনী বলেনঃ "نضع الحديث" তিনি হাদীস জাল করতেন।

এ কারণে ইবনুল জাওর্থী হাদীসটিকে তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/ ২৩৯) ইবনু আদীর সূত্রে উল্লেখ করেছেন। তিনি ঠিকই করেছেন। অথচ সুয়ৃতী

তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/৪৪০) বলেছেন ঃ

হাদীসটির সমর্থনে শাহেদ আছে। অতঃপর তিনি এ হাদীসটিতে পূর্বের হাদীসের সনদটিই উল্লেখ করেছেন। যেটি সম্পর্কে আপনি জেনেছেন যে, সেটিও জাল হাদীস। যদিও বলা হয়েছে সেটি শুধু দুর্বল। তা সত্ত্বেও সেটিকে এ হাদীসের শাহেদ হিসাবে ধরা যেতে পারে না। কারণ এটির সাথে সেটির ভাষার মিল নেই। আর জাল হাদীসের শাহেদ হিসাবে জাল হাদীস উল্লেখ করাতে কোন উপকারীতাও নেই। শাহেদ অর্থ জানতে দেখুন ঃ ৫৬ নং পৃষ্ঠা।

উল্লেখ্য কবরের নিকট কুরআন পাঠ করা মুস্তাহাব এ মর্মে সহীহ সুন্নাহ হতে কোন প্রমাণ মিলে না। বরং সহীহ সুনাহ প্রমাণ করে যে, কবর যিয়ারতের সময় মৃত্যু ব্যক্তিদের উদ্দেশ্যে শুধুমাত্র সালাম প্রদান করা এবং আখেরাতকে স্বরণ করাই হচ্ছে শারী'য়াত সম্মত। সালাফে সালেহীনের 'আমল এর উপরেই হয়ে আসছে। অতএব কবরের নিকট কুরআন পাঠ করা ঘৃণিত বিদ'আত। যেমনটি স্পষ্ট ভাবে পূর্ববর্তী একদল ওলামা বলেছেন। যাদের মধ্যে রয়েছেন ইমাম আবৃ হানীফা, ইমাম মালিক, ইমাম আহ্মাদ ও অন্যান্য ইমামগণ, কারণ এ মর্মে কোন হাদীস বর্ণিত হয়নি।

ইবনু উমার হতে দাফনের সময় সূরা বাকারার প্রথম এবং শেষ অংশ পাঠের যে কথা বলা হয়েছে তা সহীহ সনদে প্রমাণিত হয়নি। যদি ধরেইনি সহীহ তাহলে তা তথু মাত্র দাফনের সময়ের সাথে সংশ্লিষ্ট। কিন্তু ধরে নিয়ে সহীহ্ বানানো কী সঠিক]।

অতএব আমাদেরকে সুনাতকে আঁকড়ে ধরতে হবে আর বিদ'আত হতে সতর্ক হয়ে তা হতে বেঁচে চলতে হবে। যদিও লোকেরা বিদ'আতকে ভাল কাজ হিসাবে দেখে। কারণ রসূল (ﷺ) বলেছেন ঃ সকল বিদ'আতই পথদ্রষ্টতা। ٥٠. (إِنَّ اللهَ يُحِبُّ عَبْدَهُ المُؤمِنَ الْقَقِيْرَ الْمُتَّعَقَّفَ أَبَا الْعِيَال).

৫১। বহু সম্ভানের পিতা দরিদ্র সং মু'মিন বান্দাকে আল্লাহ ভালবাসেন। হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মাজাহ (২/৫২৯) এবং উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃ: ৩৬১) হাম্মাদ ইবনু ঈসার সূত্রে মৃসা ইবনু ওবায়দাহ হতে, তিনি কাসিম ইবনু মিহরান হতে ...বর্ণনা করেছেন। উকায়লী কাসেম-এর জীবনী বর্ণনা করতে গিয়ে বলেন ঃ

''لا يَنْبُتُ سِمَاعُهُ مِنْ عِمْرَانَ بْن حُصَيْنِ رَوَاهُ عَنْهُ مُوْسَى بْنُ عُبَيْدَةً 'কাসেম কর্তৃক ইমরান ইবনু হুসাইন হতে শ্রবণ সাব্যস্ত হয়নি এবং তার থেকে হাদীসটি বর্ণনাকারী মূসা ইবনু ওবায়দাহ মাতরুক t'

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (২/২৫৩) উকায়লীর একথাকে সমর্থন করে বলেছেন ঃ এ সনদটি দুর্বল ৷

আমি (আলবানী) বলছি ঃ উকায়লীর কথা হতে হাদীসটি দুর্বল হওয়ার দু'টি কারণ স্পষ্ট হয়েছে। কারণ দু'টি হচ্ছে সনদে বিচ্ছিন্নতা এবং ইবনু ওবায়দার দুর্বলতা।

এটির তৃতীয় কারণ হচ্ছে কাসেম ইবনু মিহরানের মাজহুল হওয়া। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তার সম্পর্কে বলেন ঃ তিনি মাজহুল [অপরিচিত]।

চতূর্থ কারণ হাম্মাদ ইবনু ঈসা ওয়াসেতী সম্পর্কে হাফিয বলেন ঃ তিনি দুর্বল। এ কারণে হাফিয ইরাকী বলেন ঃ হাদীসটির সনদ দুর্বল, যেমনভাবে মানাবী উল্লেখ করেছেন। হাদীসটিকে সাখাবীও "আল-মাকাসিদ" গ্রন্থে (২৪৬) দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির আরেকটি সূত্র পেয়েছি। কিন্তু সেটির দ্বারা শুধু এটির দুর্বলতাই বৃদ্ধি পায়। কারণ এটি মুহাম্মাদ ইবনু ফযল-এর সূত্রে যায়েদ ইবনু 'আমী মুহাম্মাদ ইবনু সীরীন হতে বর্ণনা করেছেন। এটি ইবনু আদী (১/২৯৫) ও আবু নু'য়াইম (২/২৮২) উল্লেখ করেছেন।

এটি দুর্বল হওয়ার পিছনে তিনটি কারণ ঃ

মৃহাম্মাদ ইবনু সীরীন ও ইমরান ইবনু হুসাইনের মধ্যে সনদে বিচ্ছিন্নতা।
 কারণ তিনি ইমরান হতে শুনেননি, যেমনটি দারাকুতনী বলেছেন।

২। যায়েদ আল-'আমী, তিনি হচ্ছেন ইবনুল হাওয়ারী, তিনি দুর্বল।

৩। মুহাম্মাদ ইবনু ফয়ল; তিনি একজন মিথ্যুক, যেমনভাবে ফাল্লাস ও আরো অনেকে বলেছেন।

٥٢. (إِذَا استُصْعَبَتْ عَلَى أَحَدِكُمْ دَابَتُهُ، أَوْسَاءَ خُلُقُ زَوْجَتِهِ، أَوْ أَحَدِ
 مِنْ أَهُلِ بَيْتِهِ؛ قَلِيُوَدِّنْ فِي أَدْنِهِ).

৫২। তোমাদের কারোর উপর যখন তার পশুটি বোঝা স্বরূপ হয়ে যাবে অথবা তার স্ত্রীর চরিত্র অথবা তার পরিবারের যে কোন একজনের চরিত্র মন্দ হয়ে যাবে, তখন সে যেন তার কানে আযান দেয়।

## श्मीमिं पूर्वम ।

হাদীসটি গাযালী দৃঢ়তার সাথে নাবী (ﷺ)-এর কথা বলে "ইয়াহইয়াউল উল্মিদ-দ্বীন" গ্রন্থে (২/১৯৫) উল্লেখ করেছেন।

তার তাখরীজকারী হাফিষ ইরাকী বলেন ঃ হাদীসটি আবৃ মানসূর আদ-দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে হুসাইন ইবনু 'আলী ইবনে আবী তালিব (ఉ) হতে দুর্বল সনদে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (৩/৫৫৮) হাদীসটির ভাষা নিমুরূপ 'مَنْ سَاءَ خُلُقُهُ مِنْ إِنْسَانِ أُودَابَّةٍ؛ فَأَنْثُو ا فِي أَدُنَيْهِ' 'মানুষ অথবা পশুর মধ্য হতে যার চরিত্র খারাপ হয়ে যাবে ভোমরা তার কান দু'টোতে আযান দিবে।'

٥٣. (عَلَيْكُمْ بِدِينِ الْعَجَائِزِ).

## ৫৩। তোমরা বৃদ্ধদের ধর্মকে আঁকড়ে ধর।

### হাদীসটির কোন ভিন্তি নেই।

সাখাবী "আল-মাকাসিদ" গ্রন্থে এরূপই বলেছেন। সাগানী "আল-আহাদীসুল মাওযু'আত" গ্রন্থে (পৃ:৭) হাদীসটি উল্লেখ করেছেন। অথচ ইমাম গাযালী মারফু' হিসাবে হাদীসটি বর্ণনা করেছেন!

তার তাখরীজকারী হাফিয ইরাকী বলেন ঃ ইবনু তাহের "কিতাবুত তাযকিরাহ" গ্রন্থে (৫১১) বলেন ঃ সাধারণ লোকদের মাঝে হাদীসটি পরিচিত, অথচ সহীহ্ বা দুর্বল বর্ণনাতেও এটির কোন ভিত্তি সম্পর্কে অবহিত হতে পারিনি।

٥٤. (إِذَا كَانَ فِي آخِرِ الزَّمَانِ، وَاخْتَلَقْتِ الْأَهْوَاءُ؛ فَعَلَيْكُمْ بِدِيْنِ أَهْلِ الْبَادِيةِ وَالنَّسَاع).

৫৪। যখন কেউ শেষ যামানায় এসে যাবে এবং মতামতগুলো বিভিন্নরূপ হয়ে যাবে, তখন তোমরা মফস্বলবাসী ও নারীদের ধর্মকে ধারণ করবে।

#### श्मीमि जान।

ইবনু তাহের বলেন ঃ এটির সনদে ইবনুল বাইলামানী রয়েছেন। তিনি তার পিতা হতে, তার পিতা ইবনু উমার (ﷺ) হতে এমন এক কপি বর্ণনা করেছেন, যেটিকে জাল করার দোষে তাকে দোষী করা হয়েছে।

হাফিয ইরাকী বলেন ঃ এ সূত্রেই ইবনুল বাইলামানীর জীবনী বর্ণনা করতে গিয়ে ইবনু হিব্যান হাদীসটি "আয-যু'য়াফা" গ্রন্থে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিবান-এর সূত্রে ইবনুল জাওয়ী "আলমাওয়ু'আত" গ্রন্থে (১/২৭১) হাদীসটি উল্লেখ করেছেন। হাদীসটির অন্য সমস্যা হচ্ছে ইবনু আন্দির রহমান বাইলামানী হতে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনুল হারিস হারেসী; তিনি দুর্বল। ইবনু আদী (২/২৯৭) হাদীসটি ইবনু আন্দির রহমান বাইলামানী হতে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনুল হারিস আল-হারেসীর জীবনী বর্ণনা করতে গিয়ে বলেন ঃ "غير محفوظ" 'তার বর্ণনাকৃত অধিকাংশ হাদীস মাহফূয নয় (নিরাপদ নয়)।'

ইবনুল জাওয়ী বলেন ঃ হাদীসটি সহীহ্ নয়। মুহাম্মাদ ইবনুল হারিস কিছুই না এবং তার শাইখ ইবনুল বাইলামানী তার ন্যায়। তিনি তার পিতা হতে জাল কপির মাধ্যমে হাদীসটি বর্ণনা করেছেন। এটিকে উমার ইবনু আন্দিল আয়ীয-এর ভাষ্য হিসাবে জানা যায়।

সুয়ৃতী "আল-লাআলিল মাসনৃ'য়াহ" গ্রন্থে তার এ কথাকে সমর্থন করে বলেছেনঃ

মুহাম্মাদ ইবনু হারিস সুনান ইবনু মাজাহর বর্ণনাকারীদের একজন। "আল-মীযান" গ্রন্থে বলা হয়েছে এ হাদীসটি তার অদ্ভুত বর্ণনাগুলোর একটি।

ইবনু হারিস সম্পর্কে কিছু আলোচনা না করে এখানে ইবনুল বাইলামানীর সম্পর্কে বলাই উত্তম। কারণ সকলেই তার দুর্বল হওয়ার বিষয়ে একমত। আর কেউ কেউ ইবনু হারিসকে নির্ভরযোগ্যও বলেছেন।

অতএব এ হাদীসের সমস্যা হচ্ছে-ইবনুল বাইলামানী। যার সম্পর্কে সাখাবীও "আল-মাকাসিদ" গ্রন্থে ইবনু তাহেরের ভাষ্যের ন্যায় বলেছেন।

শাইখ 'আলী আল-কারী বলেন ঃ ''عديث موضوع'' হানীসটি বানোয়াট। তা সত্ত্বেও হাদীসটি সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

٥٥. (سُرْعَةُ الْمَشْنِي ثُدَّهِبُ بِهَاءَ الْمُؤْمِنِ).

৫৫। দ্রুত চলা মু'মিনের উচ্জলতাকে বিতাড়িত করে দেয়। হাদীসটি নিতান্তই মুনকার।

হাদীসটি আবৃ হুরাইরা, ইবনু উমার, আনাস ও ইবনু আব্বাস (緣) হতে বর্ণিত হয়েছে।

প্রথমতঃ আবৃ হুরাইরা (🐗)-এর হাদীস; এটি তিনটি সূত্রে বর্ণিত হয়েছে ঃ

প্রথম সূত্র ঃ হাদীসটি আবৃ সা'ঈদ আল-মালীনী "আল-আরবা'উন ফি ত্য়্খিস সৃফিয়া" গ্রন্থে (৫/১), আবৃ নু'য়াইম "হিলইয়াহ্" গ্রন্থে (১০/২৯০), আল-খাতীব "তারীখু বাগদাদ" গ্রন্থে (১/৪১৭) এবং তার সূত্রে ইবনুল জাওয়ী "আল-

ওয়াহিয়াত" গ্রন্থে (১১৭৮) উল্লেখ করেছেন। যাহাবী মুহাম্মাদ ইবনুল আসমা'ঈর জীবনী বর্ণনা করতে গিয়ে বলেন ঃ

হাদীসটি নিতান্তই মুনকার। অতঃপর তিনি হাদীসটির সনদ উল্লেখ করে বলেনঃ এটি সহীহ্ নয়। হাফিয ইবনু হাজারও "আল-লিসান" গ্রন্থে তার (যাহাবীর) কথাকে সমর্থন করেছেন। মুনকার অর্থ জানার জন্য দেখুন (৫৬) পৃষ্ঠা।

আমি (আলবানী) বলছি ঃ এ প্রথম সূত্রটি দুর্বল হওয়ার কারণ তিনটি ঃ

- ১। এতে মুহাম্মাদ ইবনু আসমা'ঈ নামক একজন বর্ণনাকরী রয়েছেন। তিনি মাজহুল [অপরিচিত]।
- ২। ইবনু আসমা'ঈ হতে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু ইয়াকৃব আল-ফারাজীর জীবনী পাচ্ছি না।
- ৩। আবৃ মাশার যার নাম নাজীহ ইবনু আন্দির রহমান সিন্দী, সবার ঐক্যমতে তিনি দুর্বল। ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ তাকে নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। অনুরূপ ভাবে ইমাম বুখারীও বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস।

থিতীয় সূত্র ঃ ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৫/৭২), তার থেকে ইবনুল জাওযী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (২/২১৯) আব্দুল্লাহ ইবনু সালেম সূত্রে আম্মার ইবনু মাতার রাহাবী হতে বর্ণনা করে ইবনুল জাওয়ী বলেছেন ঃ

হাদীসটি সহীহ নয়। এ সূত্রের বর্ণনাকারী আম্মার ইবনু মাতার রাহাবী সম্পর্কে আবৃ হাতিম আর-রাযী বলেন ঃ তিনি মিখ্যা বলতেন। ইবনু আদী বলেন ঃ তার হাদীসগুলো বাতিল। দারাকুতনী বলেন ঃ তিনি দুর্বল।

তৃতীয় সূত্র ঃ ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৫/৭২) এবং তার থেকে ইবনুল জাওয়ী আবু শিহাব আব্দুল কুদ্দুস সূত্রে ...বর্ণনা করেছেন।

তার সম্পর্কে যাহাবী বলেন ঃ ''له أكانيب وضعها'' তার বহু মিথ্যা [হাদীস] রয়েছে যেগুলো তিনি জাল করেছেন।

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে এটিকে মুনকার হিসাবে চিহ্নিত করেছেন।

এ তিনটি সুত্রের প্রথমটি উত্তম তা সত্ত্বেও সেটি দুর্বল বহুবিধ কারণে।

# দ্বিতীয়ত ঃ ইবনু উমার (🐗)-এর হাদীস;

এটি আব্বাস দাওরী "তারীখু ইবনু মা'দ্দন" গ্রন্থে (কাফ ২/৪১), ইবনু আদী (৫/১৩, ৭/৭৭), আল-খাতীব "আল-জামে" গ্রন্থে (৫/৯১/২), ওয়াহেদী "ওয়াসীত" গ্রন্থে (৩/১৯৪/১০), সা'লাবী "তাফসীর" গ্রন্থে (৩/৭৮/২) ও ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (১১৭৭) বর্ণনা করেছেন।

এর সনদে ওয়ালীদ ইবনু সালামা (জর্দানের কাজী) এবং উমার ইবনু সহবান নামক দু'জন বর্ণনাকারী রয়েছেন। এ উমার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ

নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ এ উমারের হাদীসগুলোর অনুসরণ করেননি। তার অধিকাংশ হাদীস মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ তিনি খুবই দুর্বল। তার সম্পর্কে ইমাম বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

দারাকৃতনী বলেন ঃ তিনি মাতরুকুল হাদীস।

তার থেকে বর্ণনাকারী ওয়ালীদ ইবনু সালামা তার চাইতেও মন্দ। তার সম্পর্কে একাধিক ব্যক্তি বলেছেন ঃ তিনি বড়ই মিথ্যুক।

ইবনু হিব্বান বলেন ঃ ''يَضَعُ الْحَدِيْثُ عَلَى النَّقَاتِ'' । তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন।

তৃতীয়ত ঃ আনাস (ॐ)-এর হাদীস; হাদীসটি ইবনু বিশরান "আল-'আমালী" এরে (২৩/৬৯/২) ও আল-খাতীব "আল-জামে" এরে (২/২২/১) মুহাম্মাদ ইবনু ইউনুস সূত্রে ইউসুফ ইবনু কামেল হতে, তিনি আব্দুস সালাম ইবনু সুলায়মান আযদী হতে, তিনি আবান হতে …বর্ণনা করেছেন।

এ সনদটি বাতিল। এ সনদে উল্লেখিত কোন ব্যক্তিই নির্ভরযোগ্য নয়। আবান সম্পর্কে ইমাম আহমাদ বলেন ঃ তিনি মাতরুকুল হাদীস।

শু'বা বলেন । ''لأَن يُرْئِيَ الرَّجُلُ خَيْرٌ مِنْ أَن يُرُويَ عَن '''''''''''''''''''''''' पातात्तत निकं रे रे राज वर्गना कतात्र हित्र कान व्यक्ति यना कतां विका (पर्यां कानरानित्र वर्गना कता यनात्र हित्र क्षिन्। এ कथां उत्भी উত্তম (पर्यां कानरानित्र वर्गना कता यनात्र हित्र क्षिन्। এ कथां विरोध क्षिमां करत्र य जिनि मिथुरक रिजात्व श्रीत्रक्ष हिल्लन।

আব্দুস সালাম ইবনু সুলায়মান আল-আযদী মাজহুলুল হাল (তার অবস্থা অজ্ঞাত)।

তিনি একজন শামী বর্ণনাকারী। অপচ এ সনদটি শামী নয়। অতএব তিনি এ হাদীসের বর্ণনাকারী নন এটিই সুস্পষ্ট।

ইউসুফ ইবনু কামিল আল-আন্তার; তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলা হয়নি। অর্থাৎ তিনি মাজহুল [অপরিচিত]।

মুহাম্মাদ ইবনু ইউনুস; তিনি হচ্ছেন কুদাইমী।

তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ ''قد النَّهِمَ بِالْوَضَنْعِ'' তাকে (হাদীস) জাল করার দোষে দোষী করা হয়েছে।

ইবনু হিব্বান বলেন ঃ সম্ভবত তিনি হাজারাধিক হাদীস জাল করেছেন। আবৃ দাউদ, মৃসা ইবনু হারুণ এবং কাসিম ইবনু মুতাররীয তাকে মিথ্যুক বলেছেন। দারাকুতনী বলেনঃ তাকে হাদীস জাল করার ব্যাপারে দোষারোপ করা হয়েছে।

## চতূর্পতঃ ইবনু আব্বাস (ﷺ)-এর হাদীস;

সুয়ৃতী তার "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি ইবনু নাজ্জারের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। কিন্তু তার সনদটি পাইনি। আমার বেশীর ভাগ ধারণা এটিও অন্যান্যটির ন্যায় দুর্বল।

এক কথায় এ হাদীসটি সম্পর্কে বর্ণিত সকল সনদ নিতান্তই দুর্বল। এ জন্য একটি সনদ অপরটিকে শক্তিশালী করে না।

শাইখ 'আলী আল-কারী "শারহুশ শামায়েল" গ্রন্থে (১/৫২) এটিকে যুহ্রীর বাণী বলে উল্লেখ করেছেন।

এটি যে হাদীস নয় তার জন্য এ কথাই যথেষ্ট যে, রস্ল (ﷺ) চলার সময় দ্রুত চলতেন। (দেখুন তিরমিয়ীর "মুখতাসারুশ শামায়েল" (পৃ: ৭১ ও ২০), ইমাম বুখারীর "আদাবুল মুফরাদ" (১১৯), তাবাকাতু ইবনু সা'দ (১/৩৭৯-৩৮০) এবং "মাজমা'উয যাওয়াইদ" (৮/২৭৩,২৮১)। এটি সহীহু সনদে বর্ণিত হয়েছে। উমারও (ﷺ) দ্রুত চলতেন। দেখুন "তাবাকাতু ইবনে সা'দ" (১/৩৭৯-৩৮০)।

٥٦. (لولا النُّسَاءُ؛ لَعُبِدَ اللهُ حَقًّا حَقًّا).

৫৬। যদি নারী **ছা**তি না থাকত, তাহলে সত্যিই সত্য আল্লাহর ইবাদাত করা হত।

#### হাদীসটি জাল।

এটির দু'টি সূত্রে বর্ণিত হয়েছে ঃ

প্রথম সূত্রটিতে বর্ণনাকারী আব্দুর রহীম ইবনু যায়েদ আল-'আমী রয়েছেন। তিনি তার পিতা যায়েদ হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী হাদীসটি (কাফ ১/৩১২) উল্লেখ করে বলেছেন ঃ

হাদীসটি মুনকার। এ সূত্র ছাড়া অন্য কোন সূত্রে হাদীসটিকে চিনি না। নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ আব্দুর রহীম ইবনু যায়েদ আল-'আমীর কোন হাদীসকে সমর্থন করেননি।

আমি (আলবানী) বলছি ঃ

ইমাম বুখারী তার সম্পর্কে বলেন ঃ ''نركوه'' মুহাদ্দিসগণ তাকে গ্রহণ করেননি।

ইবনু মা'ঈন বলেন ঃ তিনি একজন মিথ্যুক, খবীস।

আবৃ হাতিম বলেন ঃ তার হাদীস ছেড়ে দেয়া উচিত, তিনি মুনকারুল হাদীস। তিনি তার পিতাকে দোষী করতেন। তার থেকে তিনি মহা বিপদ বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ তার পিতা যায়েদ দুর্বল।

ইবনুল জাওয়ী হাদীসটি তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/২৫৫) ইবনু আদীর সূত্রে বর্ণনা করে বলেছেন ঃ এর কোন ভিন্তি নেই। আব্দুর রহীম ও তার পিতা উভয়েই মাতরুক।

সুয়ৃতী ইবনুল জাওয়ীর সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/১৫৯) বলেছেন ঃ এটির শাহেদ রয়েছে, কিন্তু তার এ সমালোচনা যথার্থ নয়। কারণ এর শাহেদ হিসাবে যে হাদীসটি উপস্থাপন করা হচ্ছে সেটি আলোচ্য হাদীসটির চেয়ে উত্তম নয়। হাদীসটি নিমুরূপ ঃ

"لُولًا النِّسَاءُ؛ نَخَلَ الرِّجَالُ الْجَلَّة".

'নারীরা যদি না থাকত, তাহলে পুরুষরা জান্নাতে প্রবেশ করত।' কারণ এটির সনদে বিশ্র ইবনু হুসাইন নামক একজন বর্ণনাকারী আছেন। তিনি মাতরুক, মিথ্যা বলতেন।

"মুসনাদূল ফিরদাউস" গ্রন্থে হাদীসটির ভাষা এভাবে এসেছে,

"لُولا النَّسَاءُ؛ لَعُبِدَ اللهُ حَقُ عِبَادَبِهِ" ' यिन नाती জाতি না থাকত তাহলে যথাযথ আল্লাহর ইবাদাত করা হতো।' সুয়্তী বিশ্র সম্পর্কে বলতে গিয়ে ভধুমাত্র বলেছেন ঃ তিনি মাতরুক।

এ জন্য তার সমালোচনা করে ইবনু ইরাক "তানষীশুশ শারী য়াহ" গ্রন্থে (২/২০৪) বলেছেন ঃ ''بَلُ كَدُّابِ وَضَاعٌ ، فَلا يَصِلُّحُ حَدِيثُهُ شَاهِدا'' ' বরং তিনি মিথ্যুক, জালকারী, তার হাদীস অন্য হাদীসের সমর্থনে শাহেদ হবার যোগ্য নয়।'

এ বিশ্র সম্পর্কে ২৮ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

٥٧. (اخْتِلافُ أُمِّتِي رَحْمَةً).

৫৭। আমার উন্মাতের মতন্ডেদ রহমত স্বরূপ। হাদীসটির কোন ভিত্তি নেই।

মুহাদ্দিসগণ হাদীসটির সনদ বের করার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। শেষে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে বলেছেন ঃ

সম্ভবত কোন হুফ্ফায-এর গ্রন্থে হাদীসটি উল্লেখ করা হয়েছে, কিন্তু তা আমাদের নিকট পৌছেনি!

আমার নিকট এটি অসম্ভবমূলক কথা, কারণ এ কথা এটাই সাব্যস্ত করে যে, রসূল (ﷺ)-এর কিছু হাদীস উম্মাতের মধ্য হতে বিলুপ্ত হয়ে গেছে। কোন মুসলিম ব্যক্তির এরূপ বিশ্বাস রাখা যুক্তিসঙ্গত নয়।

মানাবী সুবকীর উদ্ধৃতিতে বলেছেন ঃ

এ হাদীসটি মুহাদ্দিসগণের নিকট পরিচিত নয়। এটির কোন সহীহ, দুর্বল এমনকি জাল সনদ সম্পর্কেও অবহিত হতে পারিনি।

শাইখ জাকারিয়া আল-আনসারী "তাফসীরে বায়যাবী" গ্রন্থের টীকাতে (কাফ ২/৯২) মানাবীর কথাটি সমর্থন করেছেন।

এছাড়া এ হাদীসের অর্থন্ত বিচক্ষণ আলেমগণের নিকট অপছন্দনীয়। ইবনু হায্ম "আল-ইহকাম ফি উসূলিল আহকাম" গ্রন্থে (৫/৬৪) এটি কোন হাদীস নয় এ ইঙ্গিত দেয়ার পর বলেন ঃ

এটি অত্যন্ত নিকৃষ্ট কথা। কারণ যদি মতভেদ রহমত স্বরূপ হত, তাহলে মতৈক্য অপছন্দনীয় হত। এটি এমন একটি কথা যা কোন মুসলিম ব্যক্তি বলেন না। তিনি অন্য এক স্থানে বলেন ঃ ''يَطْلُ مَكُوْبُ يُنْ 'এটি বাতিল, মিথ্যারোপ।

এ বানোয়াট হাদীসের কুপ্রভাবে বহু মুসলমান চার মাযহাবের কঠিন মতভেদগুলোকে স্বীকৃতি দিয়ে থাকেন। কখনো কিতাবুল্লাহ ও সহীহ হাদীসের দিকে প্রত্যাবর্তন করার চেষ্টা করেন না। অথচ সে দিকে তাদের ইমামগণ প্রত্যাবর্তন করার জন্য নির্দেশ দিয়েছেন। বরং তাদের নিকট এ চার মাযহাব যেন একাধিক শরী'য়াতের নায়।

আল্লাহ তা'আলা বলেনঃ

﴿ وَلَوْ كَانَ مِنْ عِندِ غَيْرِ اللَّهِ لَوَجَنُوا فِيهِ اخْتِلاقًا كَثِيرًا }

অর্থঃ "যদি (এ কুরআন) আল্লাহ ব্যতীত অন্য কারো নিকট হতে আসত, তাহলে তারা তাতে বহু মতভেদ পেত।" সূরা নিসাঃ ৮২।

আয়াতটি স্পষ্ট ভাবে জানাচ্ছে যে, মতভেদ আল্লাহ তা'আলার নিকট হতে নয়। অতএব কীভাবে এ মতভেদকে অনুসরণীয় শারী'য়াত বানিয়ে নেয়া সঠিক হয়? আর কীভাবেই তা নাযিলকৃত রহমত হতে পারে?

মোটকথা শারী'রাতের মধ্যে মতভেদ নিন্দনীয়। ওয়াজিব হচ্ছে যতদূর সম্ভব তা থেকে মুক্ত হওয়া। কারণ এটি হচ্ছে উন্মাতের দুর্বলতার কারণসমূহের একটি। যেমনিভাবে আল্লাহ তা'আলা বলেছেন ঃ ﴿وَلَا تَتَازَعُوا فَتَعْشَلُوا وَتَدْهَبَ رِيحُكُمْ ﴾ অর্থঃ "এবং তোমরা আপোসে বিবাদ করো না, কারণ তোমরা দুর্বল হয়ে পড়বে আর তোমাদের শক্তি বিনষ্ট হয়ে যাবে" (আনফালঃ ৪৬)।

অতএব মতভেদে সম্ভষ্ট থাকা এবং রহমত হিসাবে তার নামকরণ করা সম্পূর্ণ আয়াত বিরোধী কথা, যার অর্থ খুবই স্পষ্ট। অপরপক্ষে মতভেদের সমর্থনে সনদ বিহীন (রসূল (錄) হতে যার কোন ভিত্তি নেই) এ জাল হাদীস ছাড়া আর কোন প্রমাণ নেই।

এখানে একটি প্রশ্ন আসতে পারে যে, সাহাবীগণ মতভেদ করেছেন, অথচ তারা লোকদের মধ্যে সর্বোত্তম। তাদেরকে কি উল্লেখিত এ নিন্দা সম্পুক্ত করে না। ইবনু হায্ম তার উত্তরে বলেন ঃ কক্ষনও নয়। তাদেরকে এ নিন্দা সম্পৃক্ত করবে না। কারণ তাদের প্রত্যেকেই আল্লাহর পথ এবং হকের পক্ষকে গ্রহণ করার জন্য সচেষ্ট ছিলেন। তাদের মধ্য হতে যে ব্যক্তি ভুল করেছেন তিনি তাতেও সওয়াবের অধিকারী এবং একটি সওয়াব পাবেন। সুন্দর নিয়াত এবং উত্তম ইচ্ছা থাকার কারণে। তাদের উপর হতে তাদের ভুলের গুনাহ উঠিয়ে নয়া হয়েছে। কারণ তারা ইচ্ছাকৃতভাবে তা করেননি আর সত্যকে জানার গবেষণার ক্ষেত্রে তারা অলসতাও করেননি। ফলে তাদের মধ্যে যিনি সঠিক সিদ্ধান্তে পৌছতে সক্ষম হয়েছেন, তিনি দু'টি সওয়াবের অধিকারী। এমন ধারা প্রত্যেব্ মুসলিম ব্যক্তির জন্য কি্য়ামত দিবস পর্যন্ত অব্যাহত থাকবে ধর্মীয় ঐসব বিষয়ের ক্ষেত্রে যেগুলোর সমাধান লুকায়িত, যা আমাদের নিকট এখনও পৌছেনি।

উল্লেখিত নিন্দা ও ভীতি ঐ ব্যক্তির জন্য প্রযোজ্য যে আল্লাহর রজ্জ্বর সম্পর্ককে (ক্রুআনকে) এবং নাবীর হাদীসকে প্রত্যাখ্যান করে, তার নিকট স্পষ্টভাবে দলীল পৌছা ও প্রতীয়মান হওয়ার পরেও। বরং কুরআন ও সুন্নাহকে পরিত্যাগ করার মানসে অন্য ব্যক্তির সাথে সে সম্পর্ক স্থাপন করেছে ইচ্ছাকৃতভাবে মতভেদের অন্ধ অনুসরণ করে, গোঁড়ামী ও অজ্ঞতার দিকে আহ্বানকারী হিসাবে। সে এমন এক পর্যায়ে পৌছেছে যে, তার দাবীর সমর্থনে কুরআন ও হাদীসের যে কথাটি মিলে সেটি গ্রহণ করে আর যেটি তার বিপরীতে যায় সেটি পরিত্যাগ করে। এরাই হচ্ছে নিন্দনীয় মতভেদকারী।

٥٨. (اصنحابي كالنُّجُوم، بايِّهمُ اقتديتُم؛ اهتديتُم).

৫৮। আমার সাহাবীগণ নক্ষত্রের ন্যায়, তোমরা তাদের যে কোন একজনের অনুসরণ করলে সঠিক পথপ্রাপ্ত হবে।

## रामीमि छान।

হাদীসটি ইবনু আব্দিল বার "জামে'উল ইলম" (২/৯১) ও ইবনু হায্ম "আল-ইহকাম" (৬/৮২) গ্রন্থে সালাম ইবনু সুলাইম সূত্রে হারিস ইবনু গোসাইন হতে, তিনি আ'মাশ হতে, তিনি আবু সুফিইয়ান হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আব্দিল বার বলেন ঃ

' هَذَا أُسِنْنَادٌ لا تَقُومُ بِهِ حُجَّةً ؛ لأنَّ الْحَارِثَ بْنَ غُصَيْن مَجْهُولٌ ".

'এ সনদটি দ্বারা দলীল সাব্যস্ত হয় না, কারণ এ সনদের বর্ণনাকারী হারিস ইবনু গোসাইন মাজহুল।'

ইবনু হাযম বলেন ঃ

এ বর্ণনাটি নিমু পর্যায়ের। তাতে আবৃ সুফিইয়ান রয়েছেন, তিনি দুর্বল আর হারিস ইবনু গোসাইন হচ্ছেন মাজহূল। আর সালাম ইবনু সুলাইম কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন। এটি নিঃসন্দেহে সেগুলোর একটি।

আমি (আলবানী) বলছি ঃ সালাম ইবনু সুলাইমকে বলা হয় ইবনু সুলায়মান আত-তাবীল, তার দুর্বলতার ব্যাপারে সকলে একমত।

এমনকি তার সম্পর্কে ইবনু খাররাশ বলেন ঃ তিনি মিথ্যুক।

ইবনু হিব্বান বলেন ঃ ''عَرُفُ مَوْضُوْعَهُ'' তিনি কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন।

হারিস মাজহুল হলেও আবৃ সুফিইয়ান দুর্বল নয় যেমনভাবে ইবনু হায্ম বলেছেন। তিনি বরং সত্যবাদী যেরূপ ইবনু হাযার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। ইমাম আহমাদ বলেন ঃ হাদীসটি সহীহ নয়, যেমনভাবে ইবনু কুদামার "আল-মুনতাখাব" গ্রন্থে (১০/১৯৯/২) এসেছে।

তবে হাদীসটি জাল হওয়ার জন্য সালামই যথেষ্ট।

٥٩. (مَهُمَا أُوبَيْتُمْ مِنْ كِتَابِ اللهِ؛ قالْعَمَلُ بِهِ لا عُدْرَ لِلْحَدِكُمْ فِي تَركِهِ، قَانْ لَمْ يَكُنْ سُنَّةً مِنْي مَاضِيةً؛ قَانْ لَمْ يَكُنْ سُنَّةً مِنْي مَاضِيةً؛ قَانْ لَمْ يَكُنْ سُنَّةً مِنْي مَاضِيةً؛ قَانَ أَصْحَابِي بِمَنْزِلَةِ النَّجُومُ فِي السَّمَاءِ، قَالِيهَا أَخَدَتُمْ بِهِ؛ اهْتَدَيْتُمْ، وَاحْتَلِلْفَ أَصْحَابِي لَكُمْ رَحْمَةً).

ক্ষে। যখনই তোমরা কিতাবুল্লাহ হতে কিছু প্রাপ্ত হবে তখনই তার উপর আমল করবে। তা ছেড়ে দিতে তোমাদের কারো ওযর চলবে না। যদি কিতাবুল্লাতে (সমাধান) না থাকে, তাহলে আমার নিকট হতে (সমাধান হিসাবে) প্রাপ্ত অতীত সুনাহকে গ্রহণ করতে হবে। যদি আমার পক্ষ হতে অতীত কোন সুনাতে সমাধান না মিলে, তাহলে আমার সাহাবীগণ যা বলেছেন তা গ্রহণ করবে। কারণ আমার সাহাবীগণ আসমানের নক্ষত্রের ন্যায়। অতএব তোমরা যে কোন জনের কথা গ্রহণ করলেই হেদায়েত প্রাপ্ত হবে। আমার সাহাবীগণের মতভেদ তোমাদের জন্য রহমত স্বরূপ।

#### शमीमिं छान।

হাদীসটি খাতীব বাগদাদী "কিফায়াহ ফী ইলমির রিওয়াহ" গ্রন্থে (পৃ: ৪৮) এবং আবুল আব্যাস আল-আসাম তার "হাদীস" গ্রন্থে (নং ১৪২) বর্ণনা করেছেন। এছাড়া তার থেকে বাইহাক্বী "আল-মাদখাল" গ্রন্থে (নং ১৫২), দাইলামী (৪/৭৫) ও ইবনু আসাকির (৭/৩১৫/২) সুলায়মান ইবনু আবী কারীমা সূত্রে যুওয়াইবির হতে, আর তিনি যহহাক হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি অত্যন্ত দুর্বল।

ইবনু আবী হাতিম তার পিতা হতে বর্ণনা করেছেন। তিনি (২/১/১৩৮) সুলায়মান ইবনু আবী কারীমা সম্পর্কে বলেছেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

যুওয়াইবির ইবনু সা'ঈদ আল-আযদী মাতরুক, যেমনভার্বে দারাকুতনী, নাসাঈ ও অন্য মুহাদ্দিসগণ বলেছেন। ইবনুল মাদীনী তাকে নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। আর যহ্হাক; তিনি হচ্ছেন ইবনু মাজাহিম আল-হিলালী। ইবনু আব্বাস

বাস্তব কথা হচ্ছে এ যে, হাদীসটি সনদের দিক দিয়ে যুওয়াইবির-এর কারণে খুবই দুর্বল। যেমনভাবে সাখাবী "আল–মাকাসিদুল হাসানা" গ্রন্থে বলেছেন। কিন্তু অর্থের দিক দিয়ে এটি বানোয়াট।

সুয়ৃতী বলেন যে, হাদীসটির মধ্যে কিছু ফায়েদাহ রয়েছে। কথা হচ্ছে যেটি হাদীস হিসাবে সাব্যস্তই হচ্ছে না সেটিতে ফায়েদা খুঁজার যৌক্তিকতা কোথায়?

٦٠. (سَأَلْتُ رَبِّيْ فِيْمَا لَخْتُلْفَ فِيْهِ أَصْحَابِيْ مِنْ بَعْدِيْ، فَأَوْحَى اللهُ إلى: يَا مُحَمَّدُ! إِنَّ أَصْحَابِكُ عِنْدِيْ بِمِنْزِلَةِ النَّجُوْمِ فِي المسَّمَاءِ ، بَعْضُهَا أَضْوَا مِنْ بَعْضٍ، قَمَنْ أَحْدُ بِشَنَيْءٍ مِمِّا هُمْ عَلَيْهِ مِنْ اخْتَلِاقِهِمْ ؛ قَهُو عِنْدِيْ عَلَى هُدًى).

৬০। আমার মৃত্যুর পরে যে বিষয়ে আমার সাধীগণ মতভেদ করেছে, সে বিষয়ে আমি আমার প্রভুকে জিজ্ঞাসা করেছিলাম। তাই তিনি আমাকে অহী মারকত জানিয়েছেন, হে মুহাম্মাদ! তোমার সাধীগণ আমার নিকট আসমানের নক্ষত্রতুল্য। যাদের কতকজন অন্যজনের চেয়ে অতি উত্তম। অতএব যে ব্যক্তি তাদের মতভেদকৃত বস্তু থেকে কিছু গ্রহণ করেছে সে আমার নিকট সঠিক পথের উপরেই রয়েছে।

## হাদীসটি জাল।

হাদীসটি ইবনু বাস্তা "আল-ইবানাহ্" গ্রন্থে ( ৪/১১/২) এবং আল-খাতীবও বর্ণনা করেছেন। এছাড়া নিযামুল মুলক "আল-'আমালী" গ্রন্থে (১৩/২), দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/১৯০), যিয়া "আল-মুনতাকা" গ্রন্থে (২/১১৬) ও ইবনু আসাকির (৬/৩০৩/১) নু'য়াইম ইবনু হাম্মাদ সূত্রে আন্দুর রহীম ইবনু যায়েদ আল-'আমী হতে ... বর্ণনা করেছেন।

এটির সনদটি বানোয়াট। কারণ নু'য়াইম ইবনু হামাদ দুর্বল। হাফিয় ইবনু হাজার তার সম্পর্কে বলেন ঃ তিনি বহু ভুল করতেন।

আর আব্দুর রহীম ইবনু যায়েদ আল-'আমী; মিধ্যুক। তার সম্পর্কে ৫৬ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

"জামে'উস সাগীর" গ্রন্থের ভাষ্যকার মানাবী বলেন ঃ

ইবনুল জাওয়ী "আল-ইলাল" গ্রন্থে বলেছেন ঃ এ হাদীসটি সহীহ নয়। কারণ নু'য়াইম দোষণীয় ব্যক্তি আর আব্দুর রহীম সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যুক। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ এ হাদীসটি বাতিল।

١٦. (إِنَّمَا أَصْحَابِي مِثِلُ النَّجُوم، قَالِيُّهُمْ أَحَدَّتُمْ يِقُولِهِ؛ اهْتَدَيِّتُمْ).

৬১। অবশ্যই আমার সাধীগণ নক্ষত্রত্ব্য। অতএব তোমরা তাদের যে কারো কথা গ্রহণ করলে সঠিক পর্ধপ্রাপ্ত হবে।

#### रामीअि खान।

হাদীসটি ইবনু আন্দিল বার মু'রাল্লাক হিসাবে (২/৯০) বর্ণনা করেছেন এবং ভার থেকে ইবনু হাযম মারফু' হিসাবে আবৃ শিহাব হান্লাত সূত্রে হামযা যাযারী হতে ... বর্ণনা করেছেন।

এছাড়া আব্দু ইবনে হুমায়েদ "আল-মুনতাখাব মিনাল মুসনাদ" (১/৮৬) গ্রন্থে, এবং ইবনু বাস্তা "আল-ইবানাহ" গ্রন্থে (৪/১১/২) ভিন্ন ভিন্ন সূত্রে বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু আদিল বার বলেছেন ؛ ﴿ يَرُويُهُ وَلَا يَرُويُهُ '' ' هَذَا إِسْنَادُ لَا يَصِحُ ، وَلَا يَرُويُهُ ' এ সনদটি সহীহ নয়, হাদীসটি নাফে হতে এমন কেউ বর্ণনা করেননি যার দারা দলীল গ্রহণ করা যায়।'

আমি (আলবানী) বলছি ঃ এ হাম্যা হচ্ছে আবৃ হাম্যার ছেলে; দারাকুতনী তার সম্পর্কে বলেন ঃ তিনি মাতরুক।

ইবনু আদী বলেন ঃ ''عامة مروياته موضوعة'' তার অধিকাংশ বর্ণনা জাল [বানোয়াট]।

ইবনু হিকান বলেন ঃ ﴿ كَنُوْرِدُ عَنَ النَّقَاتَ بِالْمَوْضُوْعَاتِ، حَتَّى كَأَنَّهُ ﴿ كَانَّهُ عَنْ الرَّوَانِهُ عَنْهُ ' .' .' .' তিনি নির্জরযোগ্যদের উদ্ভিতে এককভাবে জাল (বানোয়াট) হাদীস বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করেছেন। সুতরাং তার থেকে হাদীস বর্ণনা করাই হালাল নয়।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার জাল হাদীসগুলো উল্লেখ করেছেন। সেগুলোর একটি হচ্ছে এটি।

ইবনু হায্ম "আল-মুহাল্লা" গ্রন্থে ৬/৮৩) বলেন ঃ

এটিই স্পষ্ট হয়েছে যে, এ বর্ণনাটি আসলে সাব্যস্ত হয়নি। বরং বর্ণনাটি যে মিখ্যা তাতে কোন সন্দেহ নেই। কারণ আল্লাহ তাঁর নাবী (ﷺ)-এর গুণাগুণ বর্ণনা করে বলেছেনঃ ﴿وَمَا يِنْطَوْقُ عَنِ الْهَوَى، إِنْ هُوَ إِلاَّ وَحَيِّ بُونْحَى} অর্থঃ "আর তিনি মনোবৃত্তি হতে কিছু বলেন না। তাঁর উক্তি অহী ছাড়া অন্য কিছু নয়।" (স্রা নাজম: ৩-৪)

যখন নাবী (ﷺ)-এর সকল কথা শরীয়তের মধ্যে সত্য এবং তা গ্রহণ করা ওয়াজিব, তখন তিনি যা বলেন তা নিঃসন্দেহে আল্লাহর নিকট হতেই বলেন। আর আল্লাহর নিকট হতে যা আসে তাতে মতভেদ থাকতে পারে না, তাঁর এ বাণীর কারণে।

﴿ وَلُو ۚ كَانَ مِنْ عِنْدِ عَيْنِ اللهِ لُوجَدُوا فِيْهِ احْتَلَاقًا كَثِيْرًا }

অর্থঃ 'আর যদি আল্লাহ ব্যতীত অন্য কারো নিকট হতে হতো, তাহলে তারা তাতে বহু মতভেদ পেত।" (সূরা নিসা: ৮২) আল্লাহ তা'আলা মতভেদ ও দ্বন্ধ করতে নিষেধ করেছেন, তাঁর এ বাণী দ্বারা ঃ (১ আরু ১১) ''আর তোমরা আপোষে বিবাদ করো না।'' আনফালঃ ৪৬।

অতএব এটি অসম্ভবমূলক কথা যে রসূল (ﷺ) তার সাহাবীগণের প্রত্যেকটি কথার অনুসরণ করার নির্দেশ দিবেন, অথচ তাদের মধ্য হতে কেউ কোন বস্তুকে হালাল বলেছেন আবার অন্যজন সেটিকে হারাম বলেছেন।

ইবনু হায্ম এ বিষয়ে আরো বলেছেন ঃ সাহাবীগণের মধ্য হতে এমন মতামতও আছে যে, রসূল (ﷺ)-এর জীবদ্দশায় তারা তাতে ভুল করেছেন সুনাত বিরোধী হওয়ার কারণে। অতঃপর (৬/৮৬) বলেছেন ঃ কীভাবে সম্ভব তাদের অন্ধ অনুসরণ করা যারা ভুল করেছেন, আবার সঠিকও করেছেন?

ইবনু হায্ম মতভেদ নিন্দনীয় অধ্যায়ে (৫/৬৪) আরো বলেন ঃ

আমাদের উপর ফরয হচ্ছে আল্লাহর নিকট হতে কুরআনের মধ্যে যা এসেছে ইসলাম ধর্মের শারী'য়াত হিসাবে তার অনুসরণ করা এবং নাবী (緣) হতে সহীহ বর্ণনায় যা এসেছে তার অনুসরণ করা। কারণ সেগুলোও আল্লাহর নির্দেশ হিসাবে তাঁর নিকট ধর্মের ব্যাখ্যায় এসেছে। অতএব মতভেদ কখনও রহমত হতে পারে না, আবার তা গ্রহণীয় হতে পারে না।

মোটকথা হাদীসটি মিখ্যা, বানোয়াট, বাতিল, কখনও সহীহ নয়, যেমনটি ইবনু হায্ম বলেছেন।

٦٢. (أَهُلُ بَيْتِي كَالنُّجُوم، بِأَيِّهِمُ اقْتَدَيْثُم؛ اهْتَدَيْثُمْ ).

৬২। আমার পরিবারের সদস্যগণ নক্ষত্রতুষ্য, তোমরা তাদের যে কোন জনের অনুসরণ করলে সঠিক পথ লাভ করবে।

#### रामीमिं छान।

এটি মিথ্যুক আহমাদ ইবনু নুবায়েতের কপিতে রয়েছে। আমি অরহিত হয়েছি যে, এ বর্ণনাটি আবৃ নু'য়াইম আসবাহানীর। তার সনদে আহমাদ ইবনু কাসিম আল-মিসরী আল-লোকাঈ এবং আহমাদ ইবনু ইসহাক ইবনে ইব্রাহীম আল-আশ্যা'ঈ রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ আহমাদ উক্ত কপিতে বহু হাদীস বর্ণনা করেছেন, এটি সেগুলোর একটি।

याश्वी व किन সম्পর্কে বলেন ؛ 'نِنِهَا بَلاَيَا! وَأَحْمَدُ بِنُ اِسْحَاقَ لا يَحِلُ ''''' ''وَنِهَا بَلاَيَا! وَأَحْمَدُ بِنُ اِسْحَاقَ لا يَحِلُ '' 'الاحْتِجَاجُ بِهِ، فَاللّهُ كَدُّابِ''' '' 'الاحْتِجَاجُ بِهِ، فَاللّهُ كَدُّابِ'' पाता प्रनीन श्रश् कता देश नग्न, कात्रण जिन विक्षन मिथुकि।'

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে যাহাবীর কথাকে সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ আহমাদ ইবনু ইসহাক হতে রর্থনাকারী অপর ব্যক্তি আহমাদ ইবনু কাসেম লোকাঈ দুর্বল।

ইবনু আররাক হাদীসটি সুয়্তীর "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থের (পৃ: ২০১) অনুসরণ করে "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২/৪১৯) উল্লেখ করেছেন।

এছাড়া শাওকানীও "ফাওয়াইদুল মাযমৃ'য়াহ ফিল আহাদীসিল মাওযৃ'আহ" থান্থে (পৃ: ১৪৪) উল্লেখ করেছেন।

٦٣. (إنَّ الْبَرَدَ لَيْسَ بطْعَامِ وَلا يشْرَابِ).

৬৩। শীলা খাদ্যও না আবার পানিয় দ্রব্যও না ।

#### হাদীসটি মুনকার।

হাদীসটি তাহাবী "মুশকিলুল আসার" গ্রন্থে (২/৩৪৭), আবৃ ই'য়ালা তার "মুসনাদ" গ্রন্থে (কাফ ২/১৯১), সিলাফী "আত-তায়্রিয়াত" গ্রন্থে (৭/১-২) ও ইবনু আসাকির (৬/৩১৩/২) 'আলী ইবনু যায়েদ ইবনু যাদ'আন সূত্রে আনাস (ఉ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ দুর্বল, কারণ 'আলী ইবনু যায়েদ ইবনে যাদ'আন দুর্বল; যেরূপভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।

শু'বা ইবনু হাজ্জাজ বলেন ঃ আমাদেরকে হাদীসটি 'আলী ইবনু যায়েদ ইবনে যাদ'আন বর্ণনা করেছেন। তিনি মওকৃষকে মারফু' হিসাবে বর্ণনাকারী।

অর্থাৎ ঃ তিনি ভুল করতেন, মওকৃষ হাদীসকে মারষ্' করে ফেলতেন এটিই হচ্ছে এ হাদীসটির সমস্যা। কারণ নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ এটিকে আনাস (ఉ) হতে মওকৃষ হিসাবে বর্ণনা করেছেন।

এখানে মওকৃফকে মারফ্ হিসাবে বর্ণনা করাটাই হচ্ছে মুনকার।

হাদীসটিকে ইমাম আহমাদ (৩/২৭৯) ও ইবনু আসাকির (৬/৩১৩/২) ও'বা সূত্রে ...আনাস (ఉ) হতে বর্ণনা করেছেন।

তিনি বলেন ঃ একদা শীলা বৃষ্টি হল, তখন আবৃ তালহা সওম অবস্থায় ছিলেন। তিনি তা থেকে খাওয়া শুরু করলেন। তাকে বলা হল ঃ আপনি সওম অবস্থায় শীলা খাচ্ছেন? উত্তরে তিনি বললেন ঃ এটিতো বরকত স্বরূপ।

শাইখায়নের শর্তানুযায়ী এটির সনদ সহীহ। ইবনু হায্ম "আল-ইহকাম" গ্রন্থে (৬/৮৩) সহীহ বলেছেন।

তাহাবীও অন্য দু'টি সূত্রে আনাস (🚓) হতেই বর্ণনা করেছেন।

ইবনু বায্যারও মওকৃফ হিসাবে বর্ণনা করার পর বলেছেন ঃ এটি সা'ঈদ ইবনু মুসায়য়াব-এর নিকট উল্লেখ করলে তিনি তা অপছন্দ করেন এবং বলেন যে, এটি তৃষ্ণাকে দূর করে।

সুয়ৃতী হাদীসটি "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ:১১৬) দাইলামীর সূত্রে উল্লেখ করে বুঝিয়েছেন যে, এটি মাওয়ু' হাদীস।

কিন্তু ইবনু আররাক "তানযীন্থন শারী'য়াহ" গ্রন্তে (১/১৫৯) তার বিরোধিতা করে বুঝিয়েন্থেন যে, এটি মাওয়ু' নয়, তবে এটি দুর্বল। কারণ ইবনু হাজার বলেন্থেন যে, এটির সনদ দুর্বল।

হাদীসটি মওকৃষ্ণ হিসাবে সহীহ হলেও তা গ্রহণযোগ্য নয়। কারণ এটি ছিল আবৃ তালহার অভিমত। অন্যরা তার এ মতের বিরোধিতা করেছেন। তার এ মতের সাথে কেউ ঐক্যমতও পোষণ করেননি।

٦٤. (نِعْمَ أَنْ نِعْمَتِ النَّاضَحِيَةُ الْجَدَعُ مِنَ الضَّان).

৬৪। মেষ শাবক (যার বয়স এক বছর পূর্ণ হয়েছে) কতই না উত্তম কুরবানী।

# श्मीमि पूर्वम।

হাদীসটি ইমাম তিরমিয়ী (২/৩৫৫), বাইহাকী (৯/২৭১) ও ইমাম আহমাদ (২/৪৪৪,৪৪৫) উসমান ইবনু ওয়াকিদ সূত্রে কিদাম ইবনু আন্দির রহমান হতে আর তিনি আবু কাব্বাশ হতে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিয়ী বলেন ঃ ''حدیث غریب'' হাদীসটি গারীব। একথা দ্বারা বুঝিয়েছেন এটি দুর্বল।

এ জন্য হাফিষ ইবনু হাজার "ফতহুল বারীর" মধ্যে (১০/ ১২) বলেছেন ঃ ''وَفِيْ سَنَدِهِ ضُعُفْ''' 'এটির সনদে দুর্বলতা রয়েছে।'

ইবনু হায্ম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/৩৬৫) বলেন ঃ উসমান ইবনু ওয়াকিদ মাজহূল আর কিদাম ইবনু আন্দির রহমান জানি না সে কে।

আবৃ কাব্বাশ সম্পর্কে যা বলেছেন তা যেন ইঙ্গিত করছে যে, তিনি এ হাদীসের ব্যাপারে অপবাদ প্রাপ্ত ব্যক্তি। কিন্তু তিনি কিদামের ন্যায় একজ্বন মাজহুল, যেরূপভাবে হাফিয় ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে স্পষ্টভাবে বলেছেন।

উসমান ইবনু ওয়াকিদ; অপরিচিত নয়। কারণ তাকে ইবনু মা'ঈন ও অন্যরা নির্ভরযোগ্য বলেছেন। যদিও আবু দাউদ তাকে দুর্বল বলেছেন।

হাদীসটি অন্য সূত্রে বর্ণিত হয়েছে যার সনদে ইসহাক ইবনু ইব্রাহীম আল-ছনায়নী রয়েছেন। বাইহাকী তার সম্পর্কে বলেন ঃ نَقُود به، وفي حديثه ''فود به، وفي حديثه 'তিনি এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তার হাদীসে দুর্বলতা রয়েছে।'

আমি (আলবানী) বলছি ঃ ইসহাক আল-হুনায়নী দুর্বল এ বিষয়ে সকলে একমত। উকায়লী তাকে "আয-যু'য়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন, অতঃপর তার একটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এটির কোন ভিত্তি নেই।

অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ؛ 'يروي عن زياد بن '''ميمون –وكان يكنب –عن أنس'' তিনি যিয়াদ ইবনু মায়মূন হতে আনাস (هـ)-এর উদ্ধৃতিতে মিথ্যা বর্ণনা করতেন।'

ইবনুত তুরকুমানী বাইহাক্বীর উপরোক্ত কথার সমালোচনা করে বলেন ঃ হাদীসটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে উল্লেখিত ইসহাক সূত্রে উল্লেখ করে বলেছেন যে, এটির সনদ সহীহ!

আমি (আলবানী) বলছিঃ এ শাস্ত্রের প্রত্যেক বিজ্ঞজন জ্ঞাত আছেন যে, সহীহ এবং নির্জরযোগ্য আখ্যা দেয়ার ক্ষেত্রে হাকিম শিথিলতা প্রদর্শনকারী। এ জন্য তার দিকে কেউ দৃষ্টি দেন না। বিশেষ করে যখন তিনি অন্যদের বিপরীতে বলেছেন। এ কারণেই যাহাবী তার এ সহীহ্ বলাকে "তালখীস" গ্রন্থে সমর্থন করেননি, বরং বলেছেন (৪/২২৩) ঃ

ইসহাক ধবংসপ্রাপ্ত আর হিশাম নির্ভরযোগ্য নন।

ইবনুত তুরকুমানী সম্ভবত হানাফী হওয়ার কারণে হাদীসটি সহীহ্ বলার চেষ্টা চালিছেন। এটি এ ধরনের আলেমের ক্ষেত্রে বড় দোষ।

٦٥. (يَجُوزُ الْجَدُعُ مِنَ الضَّانِ أَصْحِيةً).

৬৫। মেষ শাবক দারা কুরবানী দেয়া দ্বায়েয। হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/২৭৫), বাইহক্বী ও ইমাম আহমাদ (৬/৩৩৮) উন্মু মুহাম্মাদ ইবনু আবী ইয়াহ্ইয়া সূত্রে তার মা হতে, তার মা উন্মু বিলাল বিনতে হিলাল হতে ...বর্ণনা করেছেন।

এটির সনদ দুর্বল উন্মু মুহাম্মাদ ইবনু আবী ইয়াহ্ইয়া মাজহুল হওয়ার কারণে, যেমনভাবে ইবনু হাযম (৭/৩৬৫) বলেছেন। তিনি আরো বলেন ঃ উন্মু বিলাল বিনতে হিলালও মাজহুলা। রসূল (ﷺ)-এর সাথে তার সাক্ষাৎ ঘটার ব্যাপারটি জানা যায় না।

সিন্দী বলেন, দামায়রী বলেছেন ঃ ইবনু হাষ্ম প্রথমটিতে ঠিক করেছেন ছিতীয়টিতে ঠিক করেননি। কারণ উদ্দে বিলালকে ইবনু মান্দা, আবৃ নুশ্মাইম ও ইবনু আন্দিল বার সাহাবীদের অন্তর্ভুক্ত করেছেন। তার পরেও যাহাবী "আলমীযান" প্রস্থে বলেছেন ঃ তাকে চেনা যায় না। অথচ আযালী তাকে নির্ভরশীল বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার সম্পর্কে ইবনু হাষম যা রলেছেন সেটিই সঠিক। কারণ তাকে একমাত্র এ হাদীসেই চেনা যায়। নাবী (ﷺ)-এর সাথে তার সাক্ষাৎ ঘটার ব্যাপারটি স্পষ্ট নয়। যেমনটি জানা যায় তার সনদে অজ্ঞতাও রয়েছে। আন্চর্যের বিষয় হচ্ছে এই যে, হাদীসটির মধ্যে দুর্বলতা সাব্যস্ত হওয়ার পরেও "নাসবুর রায়া" প্রন্থে ইমাম যায়লা'ঈ (৪/২১৭,২১৮) চুপ থেকেছেন!

এ অধ্যায়ে আরো হাদীস বর্ণিত হয়েছে, যেগুলো ইবনু হায্ম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/৩৬৪-৩৬৫) উল্লেখ করেছেন এবং সবগুলোকেই দুর্বল বলেছেন।

উকবা ইবনু 'আমের-এর হাদীস ব্যতীত অন্যান্য হাদীসকে তার দুর্বল বলার সিদ্ধান্তটি সঠিক। উকবার হাদীসে বলা হয়েছে १ شَوُلُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ يَجَدُّعٍ مِنَ الْصَاّلُ ''' صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجَدُّعٍ مِنَ الْصَاّلُ 'আমরা রস্ল (ﷺ)-এর সাথে মেষ শাবক যবেহ করেছি'।

হাদীসটি নাসাঈ (২/২০৪) ও বাইহাকী (৯/২৭০) বর্ণনা করেছেন। তাদের সনদটি ভাল।

উকবার ক্ষেত্রে মেষ শাবক কুরবানী দেয়ার বিষয়টি তার জন্যই খাস ছিল, এ মর্মে হাদীসে বিবরণ এসেছে বা ওযরের কারণে ছিল। যেমন মুসিন্নার (যে ছাগল দু'বছর পার হয়ে তৃতীয় বছরে পড়েছে) দুম্প্রাপ্যতা বা মূল্য বেশী হওয়ার কারণে। এটিই সঠিকের নিকটবর্তী। আসিম ইবনু কুলাঈব কর্তৃক তার পিতা হতে বর্ণনাকৃত হাদীসের কারণে। তার পিতা বলেন ঃ

''كُنَّا نُؤْمَرُ عَلَيْنَا فِي الْمَغَازِيُ أَصْحَابُ مُحَمَّد ﷺ، كُنَّا يَفَارِس، فَعَلَتْ عَلَيْنَا يَوْمَ الشَّعَانُ، فَكُنَّا نَلْحُدُ الْمُسِنَّة بِالْجَدْعَيْنِ وَاللَّلَاثَةِ، فَقَامَ فَيْنَا رَجُلَّ مِنْ مُزْيَنَة، فَقَالَ: (كُنَّا مَعَ رَسُولِ ﷺ، فأصنبنا مِثْلَ هَذَا الْيَوْم، فَكُنَّا نَلْحُدُ الْمُسِنَّة بِالْجَدْعَيْنِ وَالثَّلَاثَةِ، فَقَالَ رَسُولُ اللهِ ﷺ: ''إِنَّ الْجَدْعَ يُوقِي مِمَّا يُوقِي اللهُ اللهِ ﴾ النَّيْنُ ''. اللهَ المَحْدَعَ يُوقِي مِمَّا يُوقِي اللهُ النَّيْنُ ''.

"আমরা মুহাম্মাদ (緣)-এর সাথীগণ কর্তৃক যুদ্ধের মধ্যে আদেষ্টিত হয়েছিলাম। আমরা ছিলাম অশ্বারোহী। কুরবানীর দিন মুসিন্নাগুলোর দাম বেড়ে গেলে, একটি মুসিন্নাহ দু'টি/তিনটি মেষ শাবক-এর বিপরীতে গ্রহণ করতাম। আমাদের মধ্য হতে মুযাইনা গোত্রের এক ব্যক্তি দাঁড়িয়ে বললেনঃ আমরা রসূল (緣)-এর সাথে ছিলাম। আজকের দিনের ন্যায় পরিস্থিতির সম্মুখীন হয়েছিলাম, তখন আমরা একটি মুসিন্নাহ দু'টি/তিনটি মেষ শাবকের পরিবর্তে গ্রহণ করতাম। রসূল (緣) বললেনঃ মুসিন্নাহ যাতে যথেষ্ট হয় মেষ শাবকও তাতে যথেষ্ট হবে।

হাদীসটি নাসাঈ, হাকিম (৪/২২৬) ও ইমাম আহমাদ বর্ণণা করেছেন। হাকিম বলেছেন ঃ হাদীসটি সহীহ্। হাদীসটি তেমনই যেমনটি হাকিম বলেছেন।

ইবনু হায্ম বলেন (৭/২৬৭) ঃ হাদীসটি অত্যন্ত সহীহ্।

হাদীসটি আবৃ দাউদ (২/৩), ইবনু মাজাহ্ (২/২৭৫) ও বাইহাক্টা (৯/২৭০) সংক্ষিপ্তাকারে মুশাজে ইবনু মাস'উদ আস-সুলামী সূত্রে বর্ণনা করেছেন। এ হাদীসটি প্রমাণ করছে যে, মেষ শাবক কুরবানী দেয়া যাবে তখনই যখন মুসিন্নার দাম বেড়ে যাবে এবং তা দুম্প্রাপ্য হবে।

এ ব্যাখ্যাকে জাবির (ﷺ)-এর নিম্নের হাদীসটি সমর্থন করছে ঃ

''لا تنبحوا إلا مسنة، إلا أن يعسر عليكم فتنبحوا جذعة من الضأن'' "তোমরা মুসিন্নাহ ছাড়া অন্য কিছু যবেহ কর না, তবে তোমাদের জন্য যদি তা দুম্প্রাপ্য হয়ে যায় তাহলে তোমরা মেষ শাবক যবেহ কর।''

হাদীসটি মুসলিম (৬/৭২) ও আবৃ দাউদ (২/৩) (৩/৩১২,৩২৭) বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার "ফতহুল বারীর" মধ্যে বলেছেন ঃ হাদীসটি সহীহ।

জাবির হতে বর্ণিত হাদীসটি আসলে সহীহ নয়। কারণ আবৃ যুবায়ের যখন জাবির হতে বা অন্যদের থেকে ''عن عن'' আন আন শব্দ দ্বারা হাদীস বর্ণনা করেন এবং তার হাদীসটি যদি লাইস ইবনু সা'দ কর্তৃক তার থেকে বর্ণিত না হয়, তাহলে আবৃ যুবায়ের-এর শ্রবণ জাবির হতে সাব্যস্ত হয় না। এ হাদীসটিতে এদু'টোই বিদ্যমান। এ কারণে হাদীসটি দলীল হিসাবে গ্রহণ করা যাবে না, যতক্ষণ পর্যন্ত জাবির হতে তার শ্রবণ সাব্যস্ত না হয় অথবা সাক্ষীমূলক হাদীস না মিলে যা তার হাদীসকে শক্তি যোগাবে।

আমি (আলবানী) প্রথমে মেষ শাবক দারা কুরবানী করা যাবে না এ মতকে সমর্থন করেছি। কিন্তু এখন তা প্রত্যাহার করে নিচ্ছি এবং উল্লেখিত হাদীসের ব্যাখ্যায় যা বলেছি তাও প্রত্যাহার করে নিচ্ছি। বিশেষ করে মেষ শাবক দারা কুরবানী করা যাবে এ মতকে সমর্থন করছি এবং শেষবিধি বলছি যে, উন্মে হিলাল সূত্রে বর্ণিত হাদীস যদিও সনদের দিক দিয়ে সহীহ নয় তবুও সেটি অর্থের দিক দিয়ে সহীহ্। যার সাক্ষী দিচ্ছে উকবা এবং মুশাঙ্গের হাদীস।

তবে যদি ছাগল ছানা হয় তাহলে তার দ্বারা কুরবানী করা যাবে না। কারণ বারা (ﷺ)-এর হাদীসে এসেছে; তিনি বলেন ঃ

' ضَمَحًى خَالِي البُوبُرِدَةَ قَبْلَ الصَّلَاةِ، فَقَالَ رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : تِلكَ شَاهُ لَحْمِ. فَقَالَ : يَا رَسُولَ اللهِ ! إِنَّ عِنْدِي جَدْعَهُ مِنَ الْمَعِزِ، فَقَالَ: ضَمِّ بِهَا، وَلا تَصلُحُ لِغَيْرِكَ ".

وَفِيْ رُواَيَةٍ 'النَّبَحْهَا، وَلَنْ تَجْزِيءَ عَنْ أَحَدٍ بَعْنَكَ''. وَفِيْ أَخْرَى: 'و لا تَجْزِي جَدَّعَة عَنْ أَحَدٍ بَعْدَكَ''.

আমার খালু আবৃ বুরদা সলাতের (কুরবানীর সলাতের) পূর্বেই কুরবানী করেছিলেন, ফলে রসূল (緣) বললেন ঃ "সেটি গোগতের ছাগল"। তিনি বললেন ঃ হে আল্লাহর রসূল! আমার নিকটে একটি ছাগল ছানা রয়েছে। রসূল (緣)

বললেন ঃ "সেটিই কুরবানী কর, তবে তা তুমি ছাড়া অন্য কারো জন্য প্রযোজ্য হবে না।"

অন্য এক বর্ণনায় এসেছে ঃ

"তাই যবেহ কর, তবে তোমার পরে আর কারো পক্ষ হতে তা যথেষ্ট হবে না।" অপর এক বর্ণনায় এসেছে ঃ

ছাগল ছানা তোমার পরে আর কারো পক্ষ হতে যথেষ্ট হবে না।

হাদীসটি বর্ণনা করেছেন মুসলিম (৬/৭৪-৭৬) এবং বুখারী তার ন্যায়।

কারেদা: ''المسنة'' 'মুসিন্না 'দারা বুঝানো হচ্ছে দুই বা তারও বেশী নতুন দাঁতধারী উট, গরু ও ছাগলকে। গরু ও ছাগলের মধ্যে যেটির বয়স দু' বছর পূর্ণ হয়ে তৃতীয় বছরে পদার্পণ করেছে আর উটের ক্ষেত্রে যেটি সবে মাত্র ষষ্ঠ বছরে পদার্পণ করেছে সেটিকে।

আর ''الجذع من الضان'' মেষ শাবক (ভেড়ার বাচ্চা) বলতে বুঝানো হচ্ছে যেটির বয়স আরবী ভাষাবিদ ও জামহুরে আহলে ইলমের প্রসিদ্ধ মতানুসারে এক বছর পূর্ণ হয়েছে সেটিকে।

(মোটকথাঃ ছাগলের এক বছরের বাচ্চা দিয়ে কুরবানী বিভদ্ধ হবে না, তবে এক বছরের ভেড়া দিয়ে কুরবানী করা যাবে)।

٦٦. (مَنْ عَرَفَ نَفْسَهُ؛ فَقَدْ عَرَفَ رَبُّهُ).

৬৬। যে ব্যক্তি নিজেকে চিনেছে, সে তার প্রভূকে চিনতে সক্ষম হয়েছে। হাদীসটির কোন ভিত্তি নেই।

হাফিয সাখাবী "মাকাসিদুল হাসানা" গ্রন্থে (পৃ: ১৯৮) বলেন ঃ

আবৃ মুযাফ্ফার ইবনুস সাম'য়ানী বলেন ঃ মারফ্' হিসাবে এটিকে জানা যায় না। ইয়াহ্ইয়া ইবনু মু'য়ায আর-রাষীর ভাষ্য হিসাবে বলা হয়ে থাকে। ইমাম নাবাৰী বলেছেন ঃ এটি সাব্যস্ত হয়নি।

সুয়ৃতী হাদীসটি "যায়লুল মাওয়ৃ'আহ" গ্রন্থে (পৃ: ২০৩) বর্ণনা করেছেন এবং ইমাম নাবাবীর কথাটি উল্লেখ করে তাকে সমর্থন করেছেন। তিনি তার "আল-কাওলিল আশবাহ্" গ্রন্থে (২/৩৫১) বলেছেন ঃ হাদীসটি সহীহ নয়।

শাইখ আল-কারী তার "মাওয়্'আত" গ্রন্থে (পৃ: ৮৩) ইবনু তাইমিয়্যা হতে নকল করে বলেছেন ঃ হাদীসটি বানোয়াট।

ফিরোযাবাদী বলেন ঃ যদিও অধিকাংশ লোক এটিকে নাবী (ﷺ)-এর হাদীস বলে চালাচ্ছেন, তবুও এটি নাবী (ﷺ)-এর হাদীসের অন্তর্ভুক্ত নয়। এর ভিত্তিই সহীহ নয়। এটি ইসরাইলীদের বর্ণনায় বর্ণিত একটি কথা। মুহাদ্দিসগণ এ হাদীসের উপর উল্লেখিত হুকুম লাগালেও পরবর্তী হানাফী **সা**কীহ্গণের মধ্য হতে জনৈক ফাকীহ্ এটির ব্যাখ্যায় পুস্তক রচনা করেছেন, অথচ **যা**দীসটির কোন অস্তিত্বই নেই।

দুঃখের সাথে বলতে হচ্ছে এ ঘটনা প্রমাণ করছে যে, ঐসব ফাকীহুগণমুহাদ্দিসগণ সুনাতের খিদমাতে যে প্রচেষ্টা চালিয়েছেন তা হতে উপকৃত হওয়ার
চেষ্টা করেননি। এ জন্য তাদের গ্রন্থসমূহে দুর্বল এবং জাল হাদীসের সমারোহের
আধিক্যতা দেখা যায়।

٦٧. (مَنْ قَرَأ فِي الْقَجْرِ بِ (الله تَشْرَحُ)، وَ(الله ثَرَ كَيْفَ)؛ لَمْ يَرْمَدُ).

৬৭। যে ব্যক্তি ফজরের সলাতে সূরা "আলাম নাশরাহ" এবং সূরা "আলাম ভারা কাইফা" পাঠ করবে; সে চোখে ঝাপসা দেখবে না।

হাদীসটির কোন ভিন্তি নেই।

সাখাবী "মাকাসিদুল হাসানা" গ্রন্থে (পৃ:২০০) বলেছেনঃ

এটির কোন ভিত্তি নেই। চাই ফজর দারা সকালের সুন্নাত অথবা সকালের ফর্ম সলাত ধরা হোক না কেন। উভয়টিতে কিরায়াত পাঠের সুন্নাত এটির বিপরীতে হওয়ার কারণে।

তিনি ইঙ্গিত করেছেন যে, ফজরের সুনাত সলাতে সুনাত হচ্ছে প্রথম রাক'আতে) কুল ইয়া-আইউহাল কাফিরুন আর (দ্বিতীয় রাক'আতে) কুল হু ওয়াল্লাহু আহাদ পাঠ করা। আর ফজরের ফরয সলাতে ষাট বা ততোধিক আয়াত পাঠ করা।

অতএব হাদীসটি সঠিক নয়।

٨٦. (قِرَاءَةُ سُورَةِ (إِنَّا أَنْزَلْنَاهُ) عَقِبَ الْوُضُوعِ).

৬৮। ওযুর পরে "ইন্না আনযালনাহ" সূরা পাঠ করতে হয়।

হাদীটির কোন ভিত্তি নেই। যেমনটি সাখাবী বলেছেন।

তিনি বলেন ঃ আমি এটি দেখি হানাফী মাযহাবের ইমাম আবৃল লাইস-এর "আল-মুকাদ্দিমা" গ্রন্থে। বাস্তবতা হচ্ছে এই যে, অন্য কোন ব্যক্তি কর্তৃক তাতে (মুকাদ্দিমাতে) এটির প্রবেশ ঘটেছে। এটি সহীহ্ সুন্নাতকে বিতাড়িত করে।

আমি (আলবানী) বলছি ঃ কারণ ওয়্র পরের সুন্নাত হচ্ছে, এ দু আ পাঠ করাঃ 'أَشْهَدُ أَنْ لاَ إِلهَ إِلاَ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لهُ، وأَشْهَدُ أَنْ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، اللَّهُمُّ اجْعَلْنِيْ مِنَ النَّوَّالِينِنَ، وَاجْعَلْنِيْ مِنَ الْمُنْطَهِّرِيْنَ''.

এটি ইমাম মুসলিম ও ইমাম তিরমিয়ী বর্ণনা করেছেন, তবে বাক্যগুলো তিরমিয়ীর। ''سُبُحَانَكَ اللَّهُمُّ وَيَحَمْدِكَ، أَشْهَدُ أَن لاَ إِلهَ إِلاَ أَنْتَ، ؟ अथवा वलवि : ﴿ اللَّهُ اللَّهُ وَالُوبُ إِلَيْكَ '' اللَّهُ وَالُوبُ إِلَيْكَ ''

আমি (আলবানী) বলছি ঃ (আলোচ্য) হাদীসটির কোন ভিন্তি নেই। এ কথাতে সন্দেহ হতে পারে যে, এর কোন সনদ নেই। আসলে তা নয়, সনদ আছে তবে তা সঠিক নয়, যা ১৪৪৯ নং হাদীসে আসবে।

٦٩. (مَسْحُ الرَّقْبَةِ أَمَانٌ مِنَ الْغِلِّ).

৬৯। গর্দান মাসাহ করা নিরাপন্তা বিধান করে বন্দি হওয়া থেকে।

## হাদীসটি জাল।

ইমাম নাবাবী "আল-মাজম' শারহুল মুহায্যাব" গ্রন্থে বলেনঃ 'هذا 'هذا 'فائد عليه وسلم" 'এটি জাল, নাবী (ﷺ)- এর কথা নয়।

সুয়ৃতী "যায়লুল আহাদীসিল মাওয়ৃ'আহ" গ্রন্থে (পৃ: ২০৩) ইমাম নাবাবীর উক্ত কথা বর্ণনা করে তা সমর্থন করেছেন।

হাফিয ইবনু হাজার "তালখীসুল হাবীর" গ্রন্থে (১/৪৩৩) বলেন ঃ

এটি আবৃ মুহাম্মাদ আল-যুওয়াইনী বর্ণনা করে বলেছেন ঃ হাদীস শাস্ত্রের ইমামগণ এটির সনদে সম্ভষ্ট হতে পারেননি। গাযালীও "আল-ওয়াসীত" গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনুস সালাহ্ তার সমালোচনা করে বলেছেন ঃ এ হাদীসটি নাবী (ﷺ) হতে জানা যায়নি। এটি সালাফদের কোন ব্যক্তির কথা।

হার্ফিয় আরো বলেন ঃ হতে পারে এর দারা বুঝানো হয়েছে সেই হাদীসটিকে যেটি "কিতাবুত তাহুর"-এর মধ্যে আবু ওবায়েদ মাস'উদী সূত্রে বর্ণিত হয়েছে, কিন্তু এটি মওকৃষ।

তথাপিও গৃহীত হত যদি সূত্রে মার্স'উদী না থাকত। কারণ তার মন্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তার হাদীস যদি মারফ্'ও হয় তাহলে গৃহীত হয় না। অতএব মওকৃফ হলে কীভাবে গৃহীত হবে?

হাফিয ইবনু হাজার (১/৪৩৪-৪৩৫) বলেন ঃ আবৃ নু'য়াইম "তারীখু আসবাহান" গ্রন্থে ও রূইয়ানী "আল-বাহার" গ্রন্থে পৃথক পৃথক সনদে একই ভাবার্থে আলাদা আলাদা ভাষায় ইবনু উমার (ఉ)-এর উদ্ধৃতিতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ কিন্তু "আল-বাহারে" বর্ণিত হাদীসটির সনদে ইবনু ফারেস এবং ফুলাইহ ইবনু সুলায়মান রয়েছেন। তারা উভয়েই সমস্যার স্থল। তাতে দৃষ্টি দেয়া প্রয়োজন।

"তারীখু আসবাহান" গ্রন্থে (২/১১৫) উল্লেখিত ইবনু উমারের (ఉ) হাদীসটিকে শাইখ 'আলী আল-কারী "মাওযু'আত" গ্রন্থে (পৃ: ৭৩) দুর্বল সনদে উল্লেখ করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এর কারণ তার সনদে মুহাম্মাদ ইবনু আম্র আল-আনসারী রয়েছেন। তিনি হচ্ছেন আবৃ সাহাল আল-বাসরী। সকলে তার দুর্বল হওয়ার ব্যাপারে একমত। ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ তাকে নিতান্তই দুর্বল বলে আব্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন যে, তিনি হাসান হতে ধ্বংসাতাক বহু কিছু বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম-এর শাইখ মুহাম্মাদ ইবনু আহমাদও দুর্বল। যাহাবী "আল-মীষান" গ্রন্থে বলেন ঃ দারাকুতনী তার থেকে বর্ণনা করে তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ ধরনের হাদীসকে মুনকার হিসাবে গণ্য করা বেতে পারে। কারণ হাদীসটি নাবী (ﷺ) হতে বর্ণিত ওয়র পদ্ধতি বর্ণনাকারী সকল সহীহ হাদীস বিরোধী। কেননা সেগুলোর কোনটিতেই গর্দান মাসাহ করার কথা উল্লেখ করা হয়নি।

হাঁয় একটিতে বলা হয়েছে; যেটি বর্ণিত হয়েছে তালহা ইবনু মুসাররাফ হতে, তিনি তার পিতা হতে, তার দাদা হতে বর্ণনা করেছেন। তাতে গর্দান পর্যন্ত মাসাহ করার কথা বলা হয়েছে। হাদীসটি আবৃ দাউদ ও অন্যরা বর্ণনা করেছেন। বলা হয়েছে ইবনু ওয়াইনা হাদীসটি অস্বীকার করতেন। সেটিই হক, কারণ এটির সনদে তিনটি সমস্যা একত্রিত হয়েছে। একেকটিই তার দুর্বল হওয়ার জন্য যথেষ্ট। এ জন্য নাবাবী, ইবনু তাইমিয়্যা, আসকালানী ও অন্যান্য মুহাদ্দিসগণ এটিকে দুর্বল আখ্যা দিয়েছেন। এটিকে আমি য'ঈফু সুনানে আবী দাউদ গ্রন্থে ১৫ নং হাদীসে বর্ণনা করেছি।

٧٠. (مَنْ اطْعَمَ اَحَاهُ خُبْرًا حَتَّى يُثْنِيعَهُ، وَسَقَاهُ مَاءً حَتَّى يَرُويَهُ؛ بَعَدَهُ اللهُ عَن الثَّارِ سَنِعَ خَتَادِقَ، بُعْدُ مَا بَيْنَ خَنْدَقَيْنِ مَسِيْرَةُ خَمْسَ مِئَةِ سَنَةٍ).

৭০। যে ব্যক্তি তার কোন ভাইকে পরিতৃপ্ত না হওয়া পর্যন্ত রুটি খাওয়াবে।
তৃষ্ণা না মিটা পর্যন্ত পানি পান করাবে। তাকে আল্লাহু সাত খন্দক সমপরিমাণ
জাহান্নাম হতে দ্রে সরিয়ে দিবেন। দু' খন্দকের মধ্যের দূরত্ব হবে পাঁচশত
বছরের চলার পথের সমপরিমাণ।

#### হাদীসটি জাল।

হাদীসটি দুলাবী "আল-কুনা" গ্রন্থে (১/১১৭), ইয়াক্ব আল-ফুসাবী "আত-তারীখ" গ্রন্থে (২/৫২৭), ইবনু আবী হাকাম "ফত্তে মিসর" গ্রন্থে (পৃ:২৫৪), হাকিম (৪/১২৯), তাবারানী "আল-আওসাত" গ্রন্থে (১/৯৫/১) ও ইবনু আসাকির (৬/১১৫/২) ইদরীস ইবনু ইয়াহ্ইয়া খাওলানী সূত্রে ...বর্ণনা করেছেন। এ সনদে রাজা ইবনু আবী আতা নামক এক বর্ণনাকারী রয়েছেন।

হাকিম হাদীসটি সম্পর্কে রলেন ঃ সহীহ! আর তার সাথে সুর মিলিয়েছেন হাফিয যাহাবী! এটি তাদের দ্'জনের মারাত্মক তুল। কারণ এ রাজাকে কেউ নির্ভরশীল বলেননি, বরং তিনি একজন মিখ্যার দোষে দোষী ব্যক্তি।

ন্তনুন স্বয়ং হাকিম নিজে তার সম্পর্কে কি বলেছেন, যাহাবী নিজেই যা "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন।

নিজে তাকে কিঞ্চিৎ ভাল বলার পর বলেছেন, হাকিম বলেন ঃ তিনি মিসরী-জাল হাদীসের হোতা।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী। অতঃপর এ হাদীসটি মিসরীদের সূত্রে উল্লেখ করেছেন।

ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/১৭২) হাদীসটি উল্লেখ করেছেন। সুযুতী "আল-লাআলী" গ্রন্থে (২/৮৭) তা সমর্থন করেছেন।

হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেছেন যে, হাদীসটি ইবনু হিবরান বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ এটি জ্বাল। হাকিম হাদীসটি বর্ণনা করে বলেছেন ঃ হাদীসটির সনদ সহীহ্। আবার তিনি নিজেই তার বর্ণনাকারী (রাজা) সম্পর্কে বলেছেন ঃ তিনি জালের হোতা।

মোটকথা হাদীসটি জাল (বানোয়াট) এটিই সঠিক।

٧١. (التَّكْبِينُ جَزْمٌ).

৭১। তাকবীর হচ্ছে পৃথক পৃথক ভাবে। (অর্থাৎ আযানের তাকবীর)। হাদীসটির কোন ভিত্তি নেই।

এমনই বলেছেন হাফিয় ইবনু হাজার, সাখাবী ও সুয়ূতী। তবে সুয়ূতী এটিকে ইব্রাহীম নাখ'দর কথা হিসাবে উল্লেখ করেছেন। তিনি এ তাকবীর ঘারা বুঝিয়েছেন সলাতের তাকবীর। আযানের সাথে এর কোন সম্পর্ক নেই, যেমনভাবে কেউ কেউ ধারণা পোষণ করেছেন। মিসরের একদল লোক এ হাদীসের উপর 'আমল করে পৃথক পৃথক ভাবে আযান দিয়ে থাকেন। যদিও এপদ্ধতিতে আযান দেয়ার কোন ভিত্তি সুনাতের মধ্যে নেই। কারণ আযানে দু' তাকবীরকে একসাথে জোড়া জোড়া করে বলার ব্যাপারে সহীহ সুনাতে প্রকাশ্য ইঙ্গিত এসেছে। যা সহীহ মুসলিমে উমার (১৯) হতে বর্ণিত হয়েছে।

٧٢. (البُّنِي رَبِّي فاحسن ثانيني) .

৭২। আল্লাই তা'আলা আমাকে শিষ্টাচার শিক্ষা দিয়েছেন, অতঃপর আমার শিষ্টাচারে সুন্দর রূপ দান করেছেন।

হাদীসটি দুর্বল। ইবনু তাইমিয়্যা "মাজমু'আতুর রাসায়েলিল কুবরা" গ্রন্থে (২/৩৩৬) বলেন ঃ হাদীসটির অর্থ সহীহ, কিন্তু তার সনদ সম্পর্কে জানা যায় না।

সাখাবী ও সুয়ৃতী তাঁর একথাকে সমর্থন করে শক্তিশালী করেছেন। দেখুন ক্রান্সক্ষ খাফা" (১/৭০)।

٧٣. (مَسْحُ الْعَيْنَيْنِ بِبَاطِنِ الْمِلتَيْ السَبَابَتَيْنِ عِنْدَ قُولُ الْمُؤَدِّن: أَسْتَهَدُّ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللهِ ... إلى أَنْ مَنْ فَعَلَ ذَلِكَ؛ حَلَّتُ لَهُ شَفَاعَتُهُ صلى الله عليه وسلم).

৭৩। যে ব্যক্তি তর্জুনী অংশুলি দু'টোর ভিতরের অংশ বারা মুয়ায্যিন কর্তৃক আশ-হাদু-আন্না মুহাম্মাদার রস্পুল্লাহ ...বলার সময় দু' চোখ মাসাহ করবে; তার জন্য রসৃশ (緣)-এর সুপারিশ অপরিহার্য হয়ে যাবে।

## হাদীসটি সহীহ নয়।

হাদীসটি দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে আবৃ বাক্র (ఉ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

ইবনু তাহির "আত-তাযকীরাহু" গ্রন্থে বলেন ঃ এটি সহীহ নয়।

শাওকানী "আহাদীসূল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৯) অনুরূপ কথাই বলেছেন। সাখাবীও "মাকাসিদুল হাসানা" গ্রন্থের মধ্যে অনুরূপ বলেছেন।

٧٤. (عَظْمُوا ضَمَايَاكُمْ؛ قَاتُهَا عَلَى الصَّرَاطِ مَطَايَاكُمْ).

৭৪। তোমরা মোটা-তাজা শক্তিশালী পত দারা কুরবানী কর; কারণ তা হবে পুল-সিরাতের উপর তোমাদের বাহন।

এ ভাষায় হাদীসটির কোন ভিত্তি নেই।

ইবনু সালাহ্ বলেন ঃ ''مَدُا حَدِيْثُ عَيْرُ مَعْرُوْفَ وَلا تَابِتِ '' এ হাদীসটি পরিচিতও না এবং সাব্যন্তও হয়নি।

হাদীসটি ইসমাঈল আল-আজল্নী "আল-কাশফ" গ্রন্থে উল্লেখ করেছেন। তার পূর্বে ইবনুল মূলাক্কিন "আল-খুলাসা" গ্রন্থে (১৬৪/২) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ খুবই দুর্বল। এটি সম্পর্কে ২৬৮৭ নং হাদীসে বিস্তারিত আলোচনা আসবে। ইনশাআল্লাহ।

٧٠. (عَجُلُوا بِالصَّلاةِ قَبْلَ الْقَوْتِ، وَعَجَّلُوا بِالنُّونِيَةِ قَبْلَ الْمَوْتِ).

৭৫। সপাত ছুটে যাবার পূর্বেই দ্রুত তোমরা তা আদার কর এবং মৃত্যু গ্রাস করার পূর্বেই দ্রুত তাওবাহু কর।

## रामीमि जान।

তবে তার অর্থটি সঠিক। সাগানী "আল-আহাদীসুল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৪-৫) হাদীসটি উল্লেখ করেছেন। ٧٦. (الثَّاسُ كُلْهُمْ مَوبِّى؛ إلا العَالِمُونَ، وَالْعَالِمُونَ كُلْهُمْ هَلْكَى؛ إلا الْعَامِلُونَ، وَالْعَامِلُونَ عَلَى خَطْرِ الْعَامِلُونَ، وَالْعَامِلُونَ عَلَى خَطْرِ عَلَى خَطْرِ عَلَى خَطْرٍ عَظْرِيم).

৭৬। আলেমগণ ব্যতীত সব মানুষ মৃত, 'আমলকারীগণ ব্যতীত সব আলেম ধ্বংসপ্রাপ্ত, মুখলেসগণ ব্যতীত সব 'আমলকারী ডুবে রয়েছে। আ। মুখলেসগণ মহা বিপদে নিপতিত।

### रामीमिं छान ।

হাদীসটি সাগানী "আল-আহাদীসুল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ৫) উল্লেখ করেছেন। তিনি বলেন ঃ এটি একটি মিথ্যারোপ।

আমি (আলবানী) বলছি ঃ সৃফীদের কথার সাথে এটির সাদৃশ্যতা রয়েছে। ۲۷. (لا مَهْدِيُ إِلاَّ عِيْسَى). ۲۷

# ৭৭। একমাত্র ঈসা (আঃ)-ই হচ্ছেন মাহদী।

# হাদীসটি মুনকার।

এটি ইবনু মাজাহ (২/৪৯৫), হাকিম (৪/৪৪১), ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (১৪৪৭), ইবনু আদিল বার "জামে'উল ইলম" গ্রন্থে (১/১৫৫), আবৃ আম্র আদ্দানী "আস-সুনানুল ওয়ারিদা ফিল ফিতান" গ্রন্থে, সিলাফী "আত-তায়্রিয়াত" গ্রন্থে (৬২/১) এবং খাতীব বাগদাদী (৪/২২১) মুহাম্মাদ ইবনু খালেদ জানাদী সূত্রে আবান ইবনু সালেহ হতে, তিনি হাসান হতে ...বর্ণনা করেছেন।

হাদীসটির সনদ তিনটি কারণে দুর্বল ঃ

- ১। হাসান বাসরী কর্তৃক আন্ আন্ ''عن عن'' শব্দ দ্বারা বর্ণনাকৃত। কারণ তিনি কখনও কখনও তার শাইখের নাম গোপন করতেন (তাদলীস করতেন)।
- ২। সনদে বর্ণিত মুহাম্মাদ ইবনু খালিদ আল-জানাদী মাজহূল; যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।
  - ৩। হাদীসটির সনদে বিভিন্নতা।

বাইহাক্বী বলেন ঃ হাসান বাসরী সূত্রে নাবী (ﷺ) হতে হাদীসটি মুনকাতি'। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ ''إنه خبر منكر'' 'এ হাদীসটি মুনকার।' তিনি এটিকে মুরসালও বলেছেন।

সাগানী বলেন ঃ হাদীসটি জাল; যেমনভাবে শাওকানীর "আল-আহাদীসুল মাওয়ু'আহ" এছে (পৃ: ১৯৫) এসেছে। সুমূতী "আল-ওরফুল ওয়ারদী ফী আখবারিল মাহদী" (২/২৭৪) গ্রন্থে কুরুত্বীর উদ্ধৃতিতে বলেন, তিনি "তাযকিরা" গ্রন্থে বলেছেন ঃ এটির সনদ দুর্বল। হাফিষ ইবনু হাজার "ফতহুল বারীর" মধ্যে (৬/৩৮৫) ইঙ্গিত দিয়েছেন এ স্থানীসটি মারদ্দ (পরিত্যাক্ত) মাহদী সংক্রোন্ত হাদীসগুলোর বিরোধী হওয়ার কারণে।

১০১১ শিক্তির্ব্ধ শিক্তির শিক্তির্ব্ধ শিক্তির শিক

৭৮। মু'মিনের উচ্ছিষ্টে রয়েছে আরোগ্য। হাদীসটির কোন ভিত্তি নেই।

শাইখ আহমাদ আল-গাযাযী আল-'আমেরী "আল-যাদুল হাসীস" গ্রন্থে (ك ماديث ''ايس بحديث' এটি কোন হাদীস নয়।

তার একথাকে শাইখ আজলূনী "কাশফুল খাফা" গ্রন্থে (১/৪৫৮) সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ শাইখ 'আলী আল-কারী তার "মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ৪৫) বলেছেন ঃ অর্থের দিক দিয়ে হাদীসটি সহীহ্। ইবনু আব্বাস (秦) হতে মারফু' হিসাবে "আল-আফরাদ" গ্রন্থে দারাকুতনীর নিম্নের বর্ণনার কারণেঃ

" 'مِنَ النَّوَاضُعِ أَن يَشْرِبَ الرَّجْلُ مِنْ سُؤْرِ أَخِيْهِ " أَيْ الْمُؤْمِن ".

'কোন ব্যক্তি কর্তৃক তার মু'মিন ভাইয়ের উচ্ছিষ্ট হতে পানি পান করা বিনয়ের অন্তর্ভুক্ত।'

কিন্তু ইবনু আব্বাস (卷)-এর মারফ্' হাদীসটিও সহীহ নয়। তার বিবরণ একট্ন পরেই আসবে। যদি সহীহ্ হত তাহলেও এটি মূলহীন হাদীসের সাক্ষী [শাহেদ] হতে পারতো না। কীভাবে হবে? যাতে মু'মিনের উচ্ছিষ্ট আরোগ্য স্বরূপ একথাটি না স্পষ্টভাবে আছে আর না পরোক্ষভাবে আছে।

٧٩. (مِنَ الثَّوَاضُعِ أَنْ يَشْرَبَ الرَّجُلُ مِنْ سُؤر أَخِيهِ، وَمَنْ شَرَبَ مِنْ سُؤر أَخِيهِ، وَمَنْ شَرَبَ مِنْ سُؤر أَخِيهِ ابْتَيْعَاءَ وَجُهِ اللهِ تَعَالَى؛ رُفِعَتْ لَهُ سَبْعُونَ دَرَجَة، وَمُحيَتْ عَنْهُ سَبْعُونَ دَرَجَة).
 سَبْعُونَ خَطِيئَة، وكُتِبَ لَهُ سَبْعُونَ دَرَجَة).

৭৯। কোন ব্যক্তির তার ভাইয়ের উচ্ছিষ্ট হতে পান করা নমতার অন্তর্ভূক। যে ব্যক্তি তার ভাইয়ের উচ্ছিষ্ট হতে আল্লাহর সম্ভব্তি প্রান্তির লক্ষ্যে পান করবে, তার মর্যাদা সন্তর গুণ বৃদ্ধি করা হবে এবং তার সন্তরটি গুনাহ (অপরাধ) মোচন করে দেয়া হবে এবং তার জন্য সন্তরটি মর্যাদা লিখা হবে।

#### হাদীসটি জাল।

ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/৪০) দারাকুতনীর বর্ণনায় নৃহ ইবনু মারইয়াম সূত্রে ...উল্লেখ করেছেন। অতঃপর তিনি বলেছেন ঃ নূহ এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তিনি মাতর্ক্ক।

কিন্তু সুয়ৃতী "আল-লাআলিল মাসনৃ'য়াহ" গ্রন্থে (২/২৫৯) তার সমালোচনা করে বলেছেন ঃ

এটির মৃতাবা'য়াত পাওয়া যায়। কিন্তু ইসমাঈলী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/১২৩) এমন এক সনদে বর্ণনা করেছেন, যার মধ্যে ইব্রাহীম ইবনু আহমাদ আল-বালখী এবং হাসান ইবনু রাশীদ আল-মারওয়াযী নামক দুই বর্ণনাকারী ব্রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাসান মুনকারুল হাদীস।

ইবনু হাজার আসকালানীর "আল-লিসান" গ্রন্থে এসেছে; উকায়লী বলেন ঃ তার হাদীসে সন্দেহ রয়েছে। তিনি মুনকার হাদীস বর্ণনা করতেন। অতঃপর ইবনু আব্বাস (﴿﴿﴿﴿﴿﴾)-এর সেই হাদীসটি উল্লেখ করেছেন যেটিকে ইবনু আবী হাতিম মুনকার বলেছেন। তিনি আরো বলেছেন ঃ হাদীসটি বাতিল, তার কোন ভিত্তি নেই।

আবৃ বাক্র আল-ইসমাঈলী বলেন ঃ ইব্রাহীম ইবনু আহমাদ আল-বালখী ও হাসান ইবনু রাশীদ আল-মারওয়াযী তারা উভয়েই মাজহুল [অপিরিচিত]।

অতএব, সুয়ৃতীর পক্ষ হতে সমর্থন সূচক হাদীস রয়েছে এ দাবীকরণ সঠিক নয়। কারণ সেটিও সহীহ নয়।

আমি (আলবানী) বলছি ঃ এ নৃহ ছিলেন জ্ঞানীদের একজন। আবৃ হানীফা (রহ:)-এর ফিকাহ জমা করার কারণে আল-জামে নামে তার নামকরণ করা হয়। কিন্তু হাদীস বর্ণনার ক্ষেত্রে তিনি ছিলেন একজন মিথ্যার দোষে দোষী ব্যক্তি। তার সম্পর্কে আবৃ আলী নাইসাপুরী বলেন ঃ

''اين كذايا'' 'তিনি ছিলেন একজন মিথ্যুক।'

আবৃ সা'ঈদ আন-নাক্কাশ বলেন ঃ তিনি জাল হাদীস বর্ণনা করেছেন।

তার সম্পর্কে হাকিম বলেন ঃ সত্যবাদিতা ব্যতীত তাকে সব কিছু দান করা হয়েছিল। আল্লাহর নিকট তার পদস্খলনের জন্য আশ্রয় প্রার্থনা করছি।

ইবনু হিব্বানও অনুরূপ কথা বলেছেন।

হাফিয বুরহান উদ্দীন হালাবী "কাশফুল হাসীস" **গ্রন্থে তাকে হাদীস** জালকারীদের অন্তর্ভুক্ত করেছেন।

এছাড়া হাদীসটির আরো একটি সমস্যা আছে, তা হচ্ছে ইবনু যুরায়েজ কর্তৃক তাদলীস। তিনি একজন সম্মানিত ব্যক্তি হওয়া সত্ত্বেও মুদাল্লিস ছিলেন।

ইমাম আহমাদ বলেন ঃ কিছু কিছু জাল হাদীসকে ইবনু যুরায়েজ মুরসাল হিসাবে চালিয়ে দিতেন। তিনি কোথা হতে হাদীসটি গ্রহণ করেছেন এ ব্যাপারে বে-পারওয়া ছিলেন। যাহাবীর "আল-মীযান" গ্রন্থে এমনটিই এসেছে। দারাকুতনী বলেন ঃ ইবনু যুরায়েজের তাদলীস (শাইখকে গোপন করা) হতে বেঁচে থাকুন। কারণ তিনি জঘন্যতম তাদলীস করতেন। তিনি তাদলীস করতেন একমাত্র ঐ ব্যক্তি হতে যিনি দোষণীয়।

"আত-তাহযীব" গ্রন্থেও অনুরূপ বলা হয়েছে।

٨٠. (المَهْدِيُّ مِنْ وَلَدِ الْعَبَّاسِ عَمَّىٰ).

৮০। মাহদী হবে আমার চাচা আব্বাসের সম্ভানদের থেকে।

## হাদীসটি জাল।

এটিকে দারাকুতনী "আল-আফরাদ" গ্রন্থে (২/ নম্বর ২৬) উল্লেখ করেছেন। তার থেকে দাইলামী (৪/৮৪) ও ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (১৪৩১) মুহাম্মাদ ইবনুল ওয়ালীদ আল-কুরাশী সূত্রে...উল্লেখ করেছেন।

দারাকুতনী বলেন ঃ হাদীসটি গারীব, মুহাম্মাদ ইবনুল ওয়ালীদ এককভাবে উল্লেখিত সনদে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যার দোষে দোষী।

ইবনু আদী বলেন ঃ ''كان يضع الحديث'' 'তিনি হাদীস জাল করতেন।'

আবৃ আরুবাহ বলেন ঃ ''كذاب'' 'তিনি মিথ্যুক।'

ইবনুল জাওযীর উদ্ধৃতিতে মানাবী একই কারণ দর্শিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি মিখ্যা হওয়ার প্রমাণ এই যে, এটি রসূল (ﷺ)-এর কথা বিরোধী। তিনি বলেন ঃ "মাহদী আমার মেয়ে ফাতিমার সম্ভানদের মধ্য থেকে হবে।" এটিকে আবৃ দাউদ (২/২০৭-২০৮), ইবনু মাজাহ (২/৫১৯), হাকিম (৪/৫৫৭), আবৃ আম্র আদ্দানী ও উকায়লী যিয়াদ ইবনু বায়ান সূত্রে বর্ণনা করেছেন।

٨١. (يَا عَبَّاسُ! إِنَّ اللهَ قُتْحَ هَذَا الأَمْرَ بِيْ، وَسَيَخْتِمُهُ بِعْلَام مِنْ وَلَدِكَ،
 يَمَلُونُهَا عَذَلاً؛ كَمَا مُلِئَتْ جَوْراً، وَهُوَ الَّذِي يُصَلِّيْ بِعِيْستى).

৮১। হে আব্বাস! নিশ্চয় আক্লাহ আমার মাধ্যমে এ কর্ম উন্মোচন করেছেন, যার সমাপ্তি টানবেন তোমার সন্ধানদের মধ্য হতে এক যুবকের মাধ্যমে। তিনি ইনসাফ দ্বারা তাকে (যমীনকে) পরিপূর্ণ করে দিবেন; যেমনি ভাবে তাকে (যমীনকে) অত্যাচার দ্বারা পূর্ণ করে দেয়া হয়েছিল। তিনি ঈসা (আঃ)-এর সাথে সলাত কায়েম করবেন (তাঁর ইমামতী করবেন)।

### হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী "তারীখু বাগদাদ" গ্রন্থে (৪/১১৭) উল্লেখ করেছেন এবং তার সূত্রে ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (১৪৩৭) উল্লেখ করেছেন।

এটির সনদে আহমাদ ইবনু হাজ্জাজ নামক এক বর্ণনাকারী আছেন, তাকে যাহাবী এ হাদীসের ব্যাপারে মিথ্যার দোষে দোষী করেছেন।

তার এ কথার সাথে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে ঐকমত্য পোষণ করেছেন।

া হাদীসটি সুয়ৃতী "আল-লাআলিল মাসনৃ'য়াহ" গ্রন্থে (১/৪৩১-৪৩৪) উল্লেখ করেছেন। কিন্তু তিনি কোন হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন।

ইবনুল জাওয়ী "মাওয়ু'আত" গ্রন্থে (২/৩৭) উল্লেখ করে বলেছেনঃ এটি জাল।

খাতীব বাগদাদী "তারীখু বাগদাদ" গ্রন্থে অন্য এক সনদে (৪/১১৭) উল্লেখ করেছেন এবং তার সূত্রে ইবনুল জাওয়ী "ইলালুল মুতানাহিয়াহ" গ্রন্থে (২/৩৭৫/১৪৩৮) উল্লেখ করার পর বলেছেন ঃ এটির সনদে সমস্যা নেই।

কিন্তু এটির সনদে দু'টি সমস্যা রয়েছে ঃ

১। আব্দুস সামাদ ইবনু 'আলী, তিনি হাশেমী; তাকে উকায়লী (৩/৮৪/১০৫৩) দুর্বল আখ্যা দিয়েছেন।

২। মুহাম্মাদ ইবনু নৃহ্ ইবনে সা'ঈদ আল-মুয়াযযিন; তার সম্পর্কে যাহাবী বলেন ঃ তার এ হাদীসটি মিধ্যা এবং তার পিতা মাজহুল।

٨٠. (ألا أَبَشْرُكَ يَا أَبَا الْقَصْلُ؟ إِنَّ اللهَ عَزَّوَجَلَّ اقْتَتَّحَ بِي هَذَا الأَمْرَ،
 وَيَدُرُيَّتِكَ يَخْتُمُهُ).

৮২। হে আবুল ফ্যলা তোমাকে কী সুসংবাদ দেব না? নিশ্চয় আল্লাহ্ আমার মাধ্যমে এ কর্ম উন্মোচন করেছেন এবং তা তোমার সম্ভান দ্বারা সমাপ্ত করবেন।

#### रामीमिं छाम।

হাদীসটি আবৃ নু'য়াইম "হিলইয়্যাহ্" গ্রন্থে (১/১৩৫) লাহিয় ইবনু জা'ফার আত-তাইমী সূত্রে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ লাহিয মিধ্যার দোষে দোষী ব্যক্তি। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ

তিনি বাগদাদী মজহুল। তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনা করতেন।

যাহাবী বলেন ঃ আল্লাহর কসম এটি সর্বাপেক্ষা বড় জাল হাদীস। (আল্লাহর অভিশাপ সেই ব্যক্তিকে যে আলী (ఉ)-কে মুহাব্বাত করে না)। ٨٣. (تعْمَ المُدْكِّرُ السَّبْحَةُ، وَإِنَّ أَقْضَلَ مَا يُسْجَدُ عَلَيْهِ الأَرْضُ، وَمَا الْبَيْئَةُ الأَرْضُ).

৮৩। তাসবীহ পাঠের যন্ত্র দারা তাসবীহ পাঠক কতইনা ভাল ব্যক্তি। নিশ্চয় সর্বোত্তম বস্তু সেটিই যমীনে যার উপর সাজদাহ করা হয় এবং যমীন যা উৎপাদন করে।

## হাদীসটি জাল।

হাদীসটি দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (৪/৯৮) বর্ণনা করেছেন। এছাড়া সুয়ৃতী তার "আল-মিনহা ফিস সিবহা" গ্রন্থে (২/১৪১) এবং তার থেকে শাওকানী "নাইলুল আওতার" গ্রন্থে (২/১৬৬-১৬৭) উল্লেখ করেছেন। অতঃপর তারা উভয়ে (কোন হুকুম না লাগিয়ে) চুপ থেকেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদে রয়েছে একগুছে অন্ধকার যার একটির চেয়ে অন্যটি বড়। তার অধিকাংশ বর্ণনাকারী মাজহুল, এমনকি তাদের কেউ কেউ মিথ্যার দোষে দোষী।

এটির সনদে উম্মূল হাসান বিনতু জা'ফার ইবনুল হাসান রয়েছেন। কে তার জীবনী রচনা করেছেন পাচ্ছি না।

সনদে আরো রয়েছেন মুহাম্মাদ ইবনু হারুন ইবনে ঈসা ইবনে মানসূর আল-হাশেমী, তিনি হাদীস জাল করতেন।

ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে বলেন ঃ ''يضع الحديث'' 'তিনি হাদীস জাল করতেন।' অতঃপর তিনি তার একটি হাদীস উল্লেখ করে বলেন ঃ এটি তার জালকৃত হাদীস।

অনুরূপ ভাবে খাতীব বাগদাদীও তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। তিনি (৭/৪০৩) বলেনঃ এ হাশেমীকে ইবনু বোরাই নামে চেনা যায়। তিনি যাহেবুল হাদীস। তাকে হাদীস জাল করার দোষে দোষী করা হয়েছে।

সনদে আরো রয়েছেন আব্দুস সামাদ ইবনু মৃসা, তিনি হাশেমী। যাহাবী "আল-মীযান" গ্রন্থে খাতীব বাগদাদীর উদ্ধৃতিতে বলেছেন ঃ তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

অতঃপর যাহাবী বলেন ঃ يروي مناكير عن جده محمد بن إيراهيم'' ''তিনি তার দাদা মুহাম্মাদ ইবনু ইব্রাহীম আল-ইমাম হতে মুনকার হাদীস বর্ণনা করতেন।'

আমার নিকট কতিপয় কারণে এ হাদীসের অর্থও বাতিল ঃ

১। তসবীহ দ্বানা দ্বারা তাসবীহ পাঠ করা বিদ'আত। কারণ তা নাবী (緣)-এর যুগে ছিল না। এটি আবিষ্কার হয়েছে পরবর্তীতে। কীভাবে তিনি তাঁর সাধীদেরকে এমন একটি কাজ করার জন্য উৎসাহিত করেন যেটিকে তারা চিনতেন না।

এর দলীল; ইবনু মাস'উদ (ﷺ) এক মহিলাকে তসবীহ দ্বানা দ্বারা তাসবীহ পাঠ করতে দেখে তা কেটে ও ছুড়ে ফেলেছিলেন। অতঃপর আরেক ব্যক্তিকে পাথর দ্বারা তাসবীহ পাঠ করতে দেখে তিনি তাকে তার পা দ্বারা প্রহার করেন। অতঃপর বলেন ঃ তোমরা আমাদের চেয়ে অগ্রণী হয়ে গেছ! অত্যাচার করে বিদ'আত-এর উপর আরোহন করেছ এবং জ্ঞানের দিক দিয়ে নাবী (ﷺ)-এর সাখীগণকেও ছাড়িয়ে গেছ!

২। এটি নাবী (ﷺ)-এর দিক নির্দেশনা বিরোধী। কারণ আব্দুল্লাহ ইবনু
আম্র (ﷺ) বলেন ঃ رَأْبِتَ رَسُولَ الله صلى الله عليه وسلم يعقد النسبيح
''আমি রস্ল (ﷺ)-কে ডান হাতের মুষ্টি বেধে তাসবীহ পাঠ করতে
দেখেছি।' হাদীসটি আব্ দাউদ, তিরমিযী, ইবনু হিব্বান, হাকিম ও বাইহাক্ট্রী
সহীহ সনদে বর্ণনা করেছেন।

৩। এছাড়া রস্ল (ﷺ)-এর নির্দেশেরও বিরোধী। তিনি মহিলাদেরকে অংগুলীগুলো মৃষ্টি বেধে তাসবীহ ... পাঠের নির্দেশ দেন...। হাদীসটি হাসান। এটি আবৃ দাউদ ও অন্যরা বর্ণনা করেছেন। এটিকে হাকিম ও যাহাবী সহীহ্ আখ্যা দিয়েছেন আর নাবাবী ও আসকালানী হাসান আখ্যা দিয়েছেন।

কেউ যদি বলেন যে, কোন কোন হাদীসে পাথর দ্বারা তাসবীহ পাঠের কথা এসেছে এবং রস্ল (ৣৣর্ক) তা সমর্থন করেছেন। আর তাসবীহ দ্বানা ও পাথরের মধ্যে কোন পার্থক্য নেই, যেমনভাবে শাওকানী বলেছেন?

আমি (আলবানী) বলছি ঃ এটি মেনে নেয়া যেত যদি পাথর দিয়ে তাসবীহ পাঠের হাদীসগুলো সহীহ্ হতো। কিন্তু সেগুলো সহীহ্ নয়। এ মর্মে দু'টি হাদীস বর্ণিত হয়েছে। সুয়ৃতী হাদীস দু'টো বর্ণনা করেছেন।

একটি সা'দ ইবনু আবী ওয়াক্কাস (﴿﴿﴿﴿﴾) হতে আর দ্বিতীয়টি সাফিয়া (﴿﴿﴾)
হতে বর্ণিত হয়েছে। প্রথমটি আবৃ দাউদ, তিরমিয়ী, ইবনু হিব্বান, দাওরাকী,
মুখাল্লিস ও হাকিম বর্ণনা করেছেন। তিরমিয়ী বলেছেন ঃ হাদীসটি হাসান। হাকিম
বলেছেন ঃ সনদ সহীহ্। যাহাবী তাতে তাকে সমর্থন করেছেন। কিন্তু তিনি তাতে
ভূল করেছেন। কেননা এর সনদে খুযাইমা নামক এক বর্ণনাকারী আছেন তিনি
মাজহূল। যাহাবী নিজেই বলেছেন ঃ তার পরিচয় জানা যায় না এবং তার থেকে
সা'ঈদ ইবনু আবী হিলাল এককভাবে বর্ণনা করেছেন। এমনটিই বলেছেন ঃ
হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে '﴿﴿لِهِ لِمِوْلَهُ لَا يُعْلِمُ لَا يُعْلِمُ لَا يَعْلَمُ اللهُ الله

দ্বিতীয় হাদীস, যেটি সাফিয়া। (ﷺ) হতে বর্ণিত হয়েছে। সেটি ইমাম তিরমিয়ী, আবু বাক্র আশ-শাফে উ ও হাকিম বর্ণনা করেছেন। হাদীসটিকে তিনি সহীহল ইসনাদ বলেছেন আর যাহাবী তাকে সমর্থন করেছেন। এটি আশ্চর্যজনক ঘটনা। কারণ তিনি হাশিম ইবনু সা উদকে "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করে বলেছেন, ইবনু মা উন বলেন ঃ তিনি কিছুই না। ইবনু আদী বলেন ঃ তিনি যে পরিমাণ হাদীস বর্ণনা করেছেন তার অনুসরণ করা যায় না। এ জন্য ইবনু হাজার বলেন ঃ তিনি দুর্বল আর সাফিয়ার মাওলা কিনানা তিনি মাজহুলুল হাল, তাকে ইবনু হিব্বান ছাড়া কেউ নির্ভরশীল বলেননি।

এছাড়া এ দু'টি পাথরের হাদীস দুর্বল হওয়ার আরো কারণ হচ্ছে, উল্লেখিত হাদীস দু'টির ঘটনা ইবনু আব্বাস (ﷺ) সূত্রে সহীহ বর্ণনায় যুওয়াইরিয়াহ হতে বর্ণিত হয়েছে। যাতে পাথরের কথা উল্লেখ করা হয়নি। এটি ইমাম মুসলিম (৮/৮৩-৮৪), তিরমিয়ী (৪/২৭৪) (এবং তিনি সহীহ বলেছেন), নাসাঈ "আমালুল ইয়াওয়ম ওয়াল লাইলা" গ্রন্থে (১৬১-১৬৫), ইবনু মাজাহ (১/২৩) ও আহমাদ (৬/৩২৫,৪২৯-৪৩০) বর্ণনা করেছেন।

এ হাদীসটি দু'টি বিষয়ের প্রমাণ বহন করে ঃ

১। পূর্বে যে ঘটনার সাথে সাফিয়ার কথা বলা হয়েছে সেটি আসলে সাফিয়া নয় বরং সেটি হচ্ছে যুওয়াইরিয়ার ঘটনা।

২। ঘটনায় পাথরের উল্লেখ মুনকার। মুনকার হওয়াকে শক্তিশালী করছে কিছু লোককে পাথর গণনা করতে দেখে ইবনু মার্স'উদ (ﷺ) কর্তৃক তা ইনকার করা। এছাড়া তার মাদ্রাসা হতে শিক্ষাগ্রহণকারী ইব্রাহীম আন-নাখ'ঈ তার মেয়েকে মহিলাদেরকে তসবীর সূতা (তা ঘারা তাসবীহ পাঠ করার জন্য) পাকিয়ে দিয়ে সহযোগিতা করতে নিষেধ করেছিলেন। এটি ইবনু আবী শায়বাহ "আলমুসান্লাফ" গ্রন্থে (২/৮৯/২) ভাল সনদে বর্ণনা করেছেন।

٨٤. (كُلُكُمُ أَقْضَلُ مِنْهُ).

৮৪। তার থেকে তোমরা সকলে উন্তম।

## হাদীসটি দুর্বল।

সুন্নাতের গ্রন্থ সমূহে এটি পাচিছ না। এটি ইবনু ক্তাইবা "উয়ুনুল আখবার" গ্রন্থে (১/২৬) দুর্বল সনদে উল্লেখ করেছেন।

হাদীসটির ঘটনা নিমুরূপ ঃ আশ'রারীদের একটি দল কোন এক সফরে ছিল। তারা যখন ফিরে আসল, তখন তারা বলল ঃ হে আল্লাহর রসূল! আল্লাহর রসূলের পরে অমুক ব্যক্তি ছাড়া আর কোন উত্তম ব্যক্তি নেই। সে দিনে সওম পালন করে, আর আমরা যখন কোন স্থানে অবতরণ করি তখন সে দাঁড়িয়ে গিয়ে সলাত শুরু করে, সে স্থান ত্যাগ না করা পর্যন্ত! (রসূল) বললেন ঃ তার কাজ কে করেছে? তারা বললেনঃ আমরা। (রসূল) বললেন ঃ ''كلكم أفضل منه'' তোমরা প্রত্যেকে তার চাইতে উত্তম।

সনদের সকল বর্ণনাকারী নির্ভরশীল, কিন্তু হাদীসটি মুরসাল। কারণ মুসলিম ইবনু ইয়াসার বাসরী উমাবী একজন তাবে ঈ। তার জীবনীতে বলা হয়েছে যে, তার অধিকাংশ বর্ণনা আবুল আশ'রাস সান'রানী এবং আবৃ কিলাবা হতে বর্ণিত হয়েছে। তার এ হাদীসটি আবৃ কিলাবার সূত্রে। আবৃ কিলাবা এবং মুসলিম ইবনু ইয়াসার তারা উভয়ে একশ হিজরীর কিছু পরে মারা গেছেন। কিন্তু আবৃ কিলাবা বর্ণনাকারী হিসাবে একজন মুদাল্লিস।

যাহাবী বলেন ঃ তিনি মুদাল্লিস যার সাথে মিলিত হয়েছেন তার থেকে এবং যার সাথে মিলিত হননি তার থেকেও। তার কতিপয় সহীফা ছিল, তিনি সেগুলো হতে হাদীস বর্ণনা করতেন এবং তাদলীস করতেন। এ জন্য হাফিয বুরহানুদ্দীন আল-আজামী আল-হালাবী তার "আত-তাবে'ঈন লি আসমাঈল মুদাল্লিসীন" গ্রন্থে (পৃ:২১) তাকে উল্লেখ করেছেন। অনুরূপ ভাবে হাফিয ইবনু হাজারও তাকে "তাবাকাতুল মুদাল্লিসীন" গ্রন্থে (পৃ:৫) উল্লেখ করেছেন।

٨٥. (يُقْتَلُ عِنْدَ كَنْرَكُمْ ثَلَاثَة؛ كُلُهُمْ ابْنُ خَلِيْقَةٍ، ثُمَّ لا يَصِيْرُ إلى وَاحِدِ مِنْهُمْ، ثُمَّ تَطْلُعُ الرَّايَاتُ السُودُ مِنْ قِبَل الْمَشْرِق، فَيَقْتُلُونَكُمْ قَتْلاً لَمْ يَقْتُلُهُ قَوْمٌ، ثُمَّ ذَكَرَ شَيْئًا لا أَحْقَظُهُ، فقالَ: فَإِذَا رَأَيْتُمُونُهُ؛ فَبَايِعُونُهُ، وَلَوْ حَبُوا عَلَى النَّلْجِ، قَالَةُ خَلِيْقَةُ اللهِ الْمَهْدِيُ).

وَقِي رِوَايَةٍ: إِذَا رَأَيْتُمُ الرَّايَاتِ السُّوْدَ خَرَجَتْ مِنْ قِيلِ خُرَاسَانَ؛ فَاتُوْهَا، وَلَوْ حَبُواً... النخ).

৮৫। তোমাদের সংরক্ষিত সম্পদের নিকট তিনজনকে হত্যা করা হবে।
তারা প্রত্যেকে খলীফার পুত্র। অতঃপর তা তাদের মধ্যের একজনের জন্যও হবে
না। অতঃপর প্রাচ্যের দিক থেকে এক বিরাট দলের ঝাণ্ডা প্রকাশ পাবে। তারা
তোমাদের এমন ভাবে হত্যা করবে, যেরূপ হত্যাযজ্ঞের সম্মুখীন কোন জাতি
হয়নি। অতঃপর তিনি কিছু উল্লেখ করলেন তা আমি হেফ্য করতে পারিনি।
তারপর তিনি বললেন ঃ তোমরা যদি তাকে দেখতে পাও তাহলে তার সাথে
বাই'য়াত করবে। যদিও বরফের উপর হামাগুড়ি দিয়েও তা করতে হয়। কারণ
তিনিই হচ্ছেন আল্লাহর প্রতিনিধি মাহদী।

অন্য এক বর্ণনায় এসেছে ঃ তোমরা বড় দলের ঝাণ্ডাণ্ডলো দেখতে পাবে খুরাসানের দিক থেকে বের হয়েছে। তখন তোমরা হামাণ্ডড়ি দিয়ে হলেও তার নিকট আসবে।

হাদীসটি মুনকার।

ইবনু মাজাহ ৫১৮-৫১৯), হাকিম (৪/৪৬৩-৪৬৪) দু'টি সূত্রে খালেদ আল-হাযা সূত্রে আবৃ কিলাবা হতে ... হাদীসটি বর্ণনা করেছেন। এছাড়া ইমাম আহমাদ (৫/২৭৭) 'আলী ইবনু যায়েদ সূত্রে এবং হাকিম আব্দুল ওয়াহাব সূত্রে ...তার থেকে হাদীসটি বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী "আল-আহাদীসুল ওয়াহিয়াত" গ্রন্থে (১৪৪৫) সংক্ষেপে বর্ণনা করেছেন।

ইবনু হাজার "আল-কাওলুল মুসাদাদ…" গ্রন্থে বলেন ঃ 'আলী ইবনু যায়েদ দুর্বল।
মানাবীও "ফায়যুল কাদীর" গ্রন্থে একই কারণ দর্শিয়েছেন। তিনি বলেন ঃ
"আল-মীযান" গ্রন্থে উল্লেখ করা হয়েছে যে, আহমাদ ও অন্যরা তাকে দুর্বল
(য'ঈফ) আখ্যা দিয়েছেন। অতঃপর যাহাবী বলেন ঃ ''أراه حديثًا منكر '' আমি
এ হাদীসটিকে মুনকারই মনে করি।

ইবনুল জাওয়ী হাদীসটিকে তার "মাওয়্'আত" গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনু হাজার বলেনঃ

জাল হাদীস গ্রন্থে উল্লেখ করাটা সঠিক হয়নি। কারণ এ হাদীসের সনদে এমন কোন ব্যক্তি নেই যাকে মিথ্যার দোষে দোষী সাব্যস্ত করা হয়েছে।

তবে ইবনুল জাওয়ী তার জাল হাদীস গ্রন্থে (২/৩৯) যে সনদে উল্লেখ করেছেন, সে সনদের দিকে লক্ষ্য করলে, তার জাল হিসাবে উল্লেখ করাটা সঠিক হয়েছে। অতঃপর ইবনুল জাওয়ী বলেন ঃ এটির ভিত্তি নেই। আম্র কিছুই না। তিনি হাসান হতে শুনেননি এবং হাসান আবৃ ওবায়দা হতে শুনেননি।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ ওবায়দা তার পিতা ইবনু মাস'উদ (ఉ) হতেও শুনেননি।

সুয়তী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/৪৩৭) বলেন ঃ

তার ইসনাদ সহীহ। হাকিম শাইখায়নের শর্তানুযায়ী সহীহ্ বলেছেন এবং যাহাবী তার কথাকে সমর্থন করেছেন। অথচ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ আমি হাদীসটিকে মুনকার হিসাবেই দেখছি।

মুনকার হওয়াটাই সঠিক। তিনি এটিকে সহীহ্ বলেছেন মুনকার হওয়ার কারণ ভুলে যাওয়ায়। সেটি হচ্ছে আবৃ কিলাবার আন্ আন্ সূত্রে বর্ণনা করা। কেননা তিনি মুদাল্লিসদের অন্তর্ভুক্ত, যেমনটি উল্লেখ করেছেন যাহাবী ও অন্যরা। এ জন্যই ইবনু ওলাইয়্যাহ হাদীসটিকে দুর্বল বলেছেন যেমনভাবে ইমাম আহমাদ "আল-ইলাল" গ্রন্থে (১/৩৫৬) ইবনু ওলাইয়্যাহ হতে তা বর্ণনা করে তাকে সমর্থন করেছেন।

তবে''غانه خليفة الله المهدي'' 'কারণ তিনিই' হচ্ছেন আল্লাহর প্রতিনিধি মাহদী' এ অংশটুকু বাদ দিয়ে হাদীসটির অর্থ সঠিক। কারণ এ অংশটুকু সাব্যস্ত করার মত কোন বিশুদ্ধ সূত্র নেই। আবৃ বাকরকে (لله খালীফাতুল্লাহ বলে

সমোধন করা হলে তিনি বলেন ঃ আমি আল্লাহর খলীফা নই বরং আমি রসূল (ﷺ)-এর খালীফা। এটি বর্ণনা করেছেন ইমাম আহমাদ তাঁর মুসনাদ গ্রন্থে। আল্লাহ্ অন্যের খালীফা হন, কেউ তাঁর খালীফা হতে পারেন না।

٨٦. (الطَّاعُونُ وَخْزُ إِخْوَاتِكُمْ مِنْ الْجِنِّ).

৮৬। প্লেগ (উদরাময়) তোমাদের ভাই জিনদের এক অংশ।

হাদীসটির এ বাক্যে কোন ভিত্তি নেই। হাদীসটি ইবনুল আসীর "আন-নেহারা" গ্রন্থে '' মূলের মধ্যে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ইমাম আহমাদ "মুসনাদ" গ্রন্থে (৪/৩৯৫,৪১৩,৪১৭), তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৭) এবং হাকিম (১/৫০) আবৃ মৃসা আল-আশ'য়ারী হতে নিম্নের ভাষায় মারফ্' হিসাবে বর্ণনা করেছেন ঃ

"الطَّاعُونُ وَخَرْ أَعْدَائِكُمْ مِنْ الْجِنِّ".

অর্থঃ প্লেগ (উদরাময়) তোমাদের দুশমন জিনদের এক অংশ।

হাকিম এটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন এবং যাহাবী তা সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ ভাষায় হাদীসটি সহীহ্। তবে মুসলিমের শর্তানুযায়ী এ কথাটি সঠিক নয়।

মোটকথা হাদীসটি ''... وخز أعدائكم '' এ শব্দে সহীহ, وخز' 'وخز أعدائكم'' শব্দে সহীহ্ নয়।

তবে ''طعام اِخوانكم من الجن'' এ শব্দে সহীহু, যেটি ইমাম মুসলিম ও অন্যরা বর্ণনা করেছেন। দেখুন "নাইলুল আওতার"। সম্ভবত কারো নিকট একটি অন্যটির সাথে গোলমাল হয়ে গেছে।

٨٧. (إِذَا صَعِدَ الْخَطِيْبُ الْمِثْبَرَ؛ قَلا صَلاَةً، وَلا كَلاَمَ).

৮৭। খতীব যখন মিঘারে উঠে যাবে; তার পর সলাতও নেই, কোন কথাও নেই। হাদীসটি বাতিল। এ বাক্যটি মুখে মুখে পরিচিতি লাভ করেছে, কিন্তু তার কোন ভিত্তি নেই।

হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে ইবনু উমার (ﷺ) হতে মারফু' হিসাবে নিমের এ ভাষায় উল্লেখ করেছেন ঃ

"إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْدِدَ، وَالإِمَامُ عَلَى الْمِنْبَرِ، فلا صَلاةً، وَلا كَلاَمَ، حَتَّى يَقرُعُ الإِمَامُ"

"তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে এমতাবস্থায় যে, ইমাম মিম্বারের উপরে, তখন ইমামের খুৎবা শেষ না করা পর্যন্ত আর কোন সলাত পড়া যাবে না এবং কোন কথাও বলা যাবে ন।"

এ হাদীসের সনদে আইউব ইবনু নাহীক নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত-তা'দীল" গ্রন্থে (১/১/২৫৯) বলেনঃ

আমি আমার পিতা হতে শুনেছি তিনি বলেন ঃ হাদীসের ক্ষেত্রে তিনি দুর্বল। আবৃ যুর'য়াহ হতে শুনেছি, তিনি বলেন ঃ আইউব ইবনু নাহীক হতে আমি হাদীস বর্ণনা করব না এবং তার হাদীস আমাদের নিকট পড়াও হয় না। অতঃপর বলেছেন ঃ তিনি একজন মুনকারুল হাদীস।

হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (২/১৮৪) বলেন ঃ 'وهو متروك،'' ''..ই ضعفه جماعة 'তিনি মাতরুক, তাকে মুহাদ্দিসগণের এক জামা'আত দুর্বল আখ্যা দিয়েছেন।'

এ কারণেই হাফিয ইবনু হাজার "ফতহুল বারীর" মধ্যে (২/৩২৭) বলেছেন ঃ হাদীসটি দুর্বল।

আমি হাদীসটি বাতিল বলে হুকুম লাগিয়েছি। কারণ তার সনদে দুর্বলতা থাকা ছাড়াও এটি দু'টি সহীহ হাদীস বিরোধীঃ

١-- 'الدا جَاءَ أَحَدُكُمْ يَوْمَ الْجُمْعَةِ، وَالإَمَامُ يَخْطُبُ، فَيَرْكُعُ رَكَعَثَيْن، ولَيَتَجَوَّزْ فَيْهِمَا ''.

১। "তোমাদের কেউ জুম'আর দিবসে যখন (মসজিদে) আসবে এমতাবস্থায় যে, ইমাম খুৎবা দিচ্ছেন, তখন সে যেন সংক্ষেপে দু'রাকা'আত সলাত আদায় করে।"

হাদীসটি মুসলিম শরীফে (৩/১৪/১৫) এবং আবৃ দাউদে (১০২৩) বর্ণিত হয়েছে। বুখারী এবং মুসলিম-এর বর্ণনাতেও জাবের (ﷺ) হতে অনুরূপ হাদীস এসেছে।

٢ قوله صلى الله عليه وسلم: ''إذا قات لصاحيك: أنصبت يوم الجُمْعُة، والإمام يَخْطُبُ؛ ققد لغوت ".

২। রসূল (ﷺ) বলেন ঃ "তুমি যদি তোমার সঙ্গীকে জুম'আর দিবসে ইমাম খুংবা দেয়ার সময় বল চুপ কর, তাহলে তুমি কটু কথা বললে।"

প্রথম হাদীসটি অত্যন্ত স্পষ্ট, যা তাগিদ দিচ্ছে খংবা চলাকালীন সময়ে দু' রাকা'আত সলাত আদায় করার জন্য। রসূল (ﷺ)-এর হাদীসের বিরোধিতা করে কিছু অজ্ঞ ইমাম/খতীব খংবা চলাকালীন সময়ে মসজিদে প্রবেশ করে যে ব্যক্তি দু' রাকা'আত সলাত আদায় করতে চাই তাকে নিষেধ করেন।

আমার ভয় হয় তারা রস্লের হাদীসের বিরোধিতা করার কারণে নিম্নে বর্ণিত আয়াত দু'টিতে বর্ণিত শাস্তির অন্তর্ভুক্ত হয়ে যায় কি না।

{أرَ أَيْتَ الَّذِي يَنْهَى، عَبْدًا إِذَا صَلَّى}

অর্থঃ "কোন বান্দা যখন সলাত আদায় করে তখন তাকে যে নিষেধ করে তার সম্পর্কে আপনার সিদ্ধান্ত কী?" (সূরা আলাকঃ ৯-১০)। {قَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِقُونَ عَنْ أَمْرِهِ أَن تُصِيبَهُمْ فِئْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَدَابً اللِّمْ}

অর্থঃ "যারা আল্লাহর হুকুমের বিরোধিতা করে তাদের ভয় করা উচিত যে, তাদেরকে কোন বিপদ গ্রাস করবে বা তাদের উপর যন্ত্রণাদায়ক আযাব নাযিল হবে" (সূরা নূর ঃ ৬৩)।

দিতীয় হাদীসটি হতে বুঝা যাচেছ ইমাম খুৎবা শুরু করলে কথা বলা নিষেধ। খুৎবা শুরু না করে মিম্বারে বসে থাকা অবস্থায় কথা বললে তা নিষেধ নয়। কারণ উমার (ﷺ)-এর যুগে তিনি যখন মিম্বারের উপর বসতেন তখনও লোকেরা মুয়ায্যিন চুপ না হওয়া পর্যন্ত কথা বলতে থাকতেন। যখন তিনি মিম্বারে দাঁড়িয়ে যেতেন তখন দু' খুৎবা শেষ না হওয়া পর্যন্ত আর কেউ কথা বলতেন না।

অতএব মিম্বারে উঠলেই কথা বলা নিষেধ এটি সঠিক নয়।

٨٨. (الزرْعُ لِلزَّارع، وَإِنْ كَانَ عَاصِياً).

৮৮। শস্য কৃষকের জন্য, যদিও তা ছিনিয়ে নিয়ে থাকে। হাদীসটি বাতিল, এটির কোন ভিত্তি নেই।

সান'আনী "সুবুলুস সালাম" গ্রন্থে (৩/৬০) বলেন ঃ কেউ এটিকে উল্লেখ করেননি। "আল-মানার" গ্রন্থে বলা হয়েছে ঃ এ হাদীসটিকে খুজাখুজি করেছি, কিন্তু পাইনি।

শাওকানী "নাইলুল আওতার" গ্রন্থে বলেন ঃ এটির ব্যাপারে অবহিত হইনি, এটিতে দৃষ্টি দেয়া দরকার।

আমি (আলবানী) বলছি ঃ আমি এটির ব্যাপারে দৃষ্টি দিয়েছি, কিন্তু তার ভিত্তি পাইনি। বরং এটিকে সহীহ হাদীসের বিপরীতে পেয়েছি।

১। "যে ব্যক্তি মৃত যমীন জীবিত করবে (আবাদ করবে) তা তার জন্যেই। অত্যাচারীর জন্য এতে কোন হক নেই।"

হাদীসটি সহীহ্ সনদে আবৃ দাউদে (২/৫০) বর্ণিত হয়েছে। তিরমিযী (২/২২৯) হাদীসটিকে হাসান বলেছেন।

٢ - 'مَنْ زَرَعَ فِيْ أَرْضِ قَوْم بِغَيْرِ إِنْبِهِمْ، فَلَيْسَ لَهُ مِنَ الزَّرْعِ شَيْءً،
 وَتُرَدُ عَلَيْهِ نَفَقَلُهُ ''.

২। "যে ব্যক্তি কোন সম্প্রদায়ের যমী তাদের বিনা অনুমতিতে চাষ করবে, ভার সেই ক্ষেত হতে কোন অংশ নেই। তাকে তার খরচগুলো দিয়ে দিতে হবে।"

হাদীসটি আবৃ দাউদ (২/২৩), তিরমিযী (২/২৯১), ইবনু মাজাহ (২/৯০), তাহাবী "আল-মুশকিল" গ্রন্থে (৩/২৮০), বাইহাকী (৬/১৩৬) ও ইমাম আহমাদ (৪/১৪১) বর্ণনা করেছেন। ইমাম বুখারী এটিকে হাসান বলেছেন। এটি সহীহ অনুরূপ অর্থের বহু হাদীস থাকার কারণে। দেখুন "ইরওয়াউল গালীল" (হা: নং: ১৫১৯)।

٨٩. (صَاحِبُ الشَّيْءِ أَحَقُ بِحَمَّلِهِ؛ إِلاَ أَن يُكُونَ ضَعِيْفًا يَعْجِزُ عَنْهُ، فَيُعِيثُهُ أَخُوهُ المُسْلِمُ).

৮৯। বস্তুর মালিকই তার বস্তুটি বহন করার অধিক হকদার। তবে সে যদি দুর্বলতার কারণে তা বহন করতে অক্ষম হয়, তাহলে তাকে তার মুসলিম ভাই সহযোগিতা করবে।

# হাদীসটি জাল।

হাদীসটি ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২৩৫/১-২), ইবনু বিশরান "আল-'আমালী" গ্রন্থে (২/৫৩-৫৪) ও মুহাম্মাদ ইবনু নাসীর "আত-তানবীহ" গ্রন্থে (১৬/১-২) ইউসুফ ইবনু যিয়াদ আল-বাসরী সূত্রে তার শাইখ আব্দুর রহমান ইবনু যিয়াদ ইবনে আন'আম হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি একেবারেই নিমু পর্যায়ের। উক্ত ইউসুফ সম্পর্কে "তারীখুল কাবীর" গ্রন্থে (৪/২/৩৮৮) ইমাম বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

ইবনুল জাওয়ী হাদীসটিকে তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/৪৭) ইবনু আদীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ

হাদীসটি সহীহ নয়। দারাকুতনী "আল-আফরাদ" গ্রন্থে বলেন ঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে ইউসুফ ইবনু যিয়াদ। কারণ তিনি বাতিল হাদীস বর্ণনার ক্ষেত্রে প্রসিদ্ধ। আর তিনি ছাড়া ইফরীকী হতে অন্য কেউ বর্ণনা করেননি।

মানাবী তার "আল-ফায়য" গ্রন্থে বলেন, হাফিয ইরাকী ও ইবনু হাজার বলেছেন ঃ তিনি দুর্বল। সাখাবী বলেন ঃ তিনি নিতান্তই দুর্বল। ইবনুল জাওয়ী হাদীসটির ব্যাপারে জাল হিসাবে হুকুম লাগিয়ে বলেছেন যে, তাতে ইউসুফ ইবনু যিয়াদ আল-বাসরী রয়েছেন, তিনি আব্দুর রহমান আল-ইফরীকী হতে বর্ণনা করেছেন। তিনি তার নিকট হতে একমাত্র বর্ণনাকারী।

সুয়্তী বলেন ঃ তিনি আব্দুর রহমান হতে একক বর্ণনাকারী নন, বরং বাইহাক্বী তার "আল-শু'য়াব" গ্রন্থে এবং "আল-আদাব" গ্রন্থে হাফস ইবনু আব্দির রহমান সূত্রে বর্ণনা করেছেন। এর উত্তরে বলতে হচ্ছে যে আমরা আব্দুর রহমান আল-ইফরীকীর কথা বলছি।

ইবনু হিব্দান বলেন ঃ يُرُوي الْمَوْضُوْعَاتِ عَن النَّقَاتِ فَهُوَ كَافِ 'তিনি (ইউসুফ) নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। অতএব তিনিই হাদীসটি জাল হওয়ার জন্যে যথেষ্ট।

আমি (আলবানী) বলছি ঃ হক হচ্ছে ইবনুল জাওযীর সাথে (তার কথাই ঠিক)। যারা ইউসুফকে শুধু দুর্বল বলেছেন, তারা তিনি যে, নিতান্তই দুর্বল তা না বলে ভুল করেছেন। এছাড়া (দিতীয় কারণ) শাইখ আব্দুর রহমান আল-ইাফরীকীও যে নিতান্তই দুর্বল এটি বলতেও তারা ভুলে গেছেন।

খাতীব বাগদাদী তার "তারীখু বাগদাদ" গ্রন্থে (১৪/ ২৯৫-২৯৬) ইউসুফ সম্পর্কে বলেন, নাসাঈ হতে বর্ণিত হয়েছে তিনি বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন। বুখারী ও সাজী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস। আবৃ হাতিমও এরপ কথাই বলেছেন, যেমনভাবে তার "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/২২২) এসেছে। তিনি হচ্ছেন মিথ্যার দোষে অভিযুক্ত।

সাখাবী হাদীসটি "ফাতাওয়াল হাদীসাহ্" গ্রন্থে (কাফ ৮৬/১) উল্লেখ করে বলেছেন ঃ হাদীসটির সনদ নিতান্তই দুর্বল।

٩٠. (عَلَيْكُمْ بِلِبَاسِ الصُّوقِ؛ تَجِدُواْ حَلاَوَةُ الْإِيْمَانِ فِي قُلُوبِكُمْ، وَعَلَيْكُمْ بِلِبَاسِ الصُّوقِ؛ تُجِدُواْ قِلَةُ الْأَكْلِ، وَعَلَيْكُمْ بِلِبَاسِ الصُّوقِ؛ تُعْرَقُونَ بِهِ فِي الْآخِرَةِ، وَإِنَّ لِبَاسَ الصُّوقِ؛ تُعْرَفُ الْوَلْبَ الثَّقَكُرَ، وَالتَّقَكُرُ يُورِثُ الْحِكْمَةُ، وَإِلَّ لَيَعْمُهُ، وَإِلَّ لَيَعْمُهُ وَكُلَّ وَالْحَكْمَةُ بَعْمُهُ، وَمَنْ قَلْ طَعْمُهُ، وَمَنْ قَلْ طَعْمُهُ، وَعَظْمَ بَدَتْهُ، وَهَمَا قَلْبُهُ، وَالْقَلْبُ الْقَالِبِ الثَّالِ).

৯০। তোমরা পশমী পোশাক গ্রহণ কর, তাহলে তোমরা তোমাদের হৃদয়ে ঈমানের মধুরতা পাবে। তোমরা পশমী পোশাক গ্রহণ কর, তাহলে সন্তু খাদ্য প্রাপ্ত হবে। তোমরা পশমী পোশাক গ্রহণ কর; তাহলে তা দ্বারা তোমাদেরকে আখেরাতে চেনা যাবে। পশমী পোশাক হৃদয়কে গবেষণার অধিকারী করে আর গবেষণা বিচক্ষণতার অধিকারী করে এবং বিচক্ষণতা প্রবাহিত হয় রক্তনালীর মধ্যে। অতএব যে ব্যক্তির গবেষণা বৃদ্ধি পাবে, তার খাদ্য কমে যাবে, তার জিহ্বা অকেজো হয়ে যাবে এবং তার অন্তর পাতলা হয়ে যাবে। আর যে ব্যক্তির গবেষণা কমে যাবে তার খাদ্য করি পাবে, তার শরীর মোটা হয়ে যাবে এবং তার হৃদয়

শক্ত হয়ে যাবে। এ শক্ত হৃদয় দূরে সরে যাবে জান্লাত হতে এবং জাহান্লামের নিকটবর্তী হয়ে যাবে।

### হাদীসটি জাল।

এটি আবৃ বাক্র ইবনুন নাক্র "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/১৪৭-১৪৮), ইবনু বিশরান "আল-'আমালী" গ্রন্থে (২/৯/১), দাইলামী "মুসনাদূল ফিরদাউস" গ্রন্থে (২/২৮১) এবং ইবনুল জাওয়ী "মাওযু'আত" গ্রন্থে (৩/৪৮) আল-খাতীব-এর সূত্রে মুহাম্মাদ ইবনু ইউনুস আল-কুদায়মী হতে, তিনি তার শাইখ আব্দুল্লাহ ইবনু দাউদ আল-ওয়াসেতী হতে ...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ হাদীসটি সহীহ্ নয়। কুদায়মী হাদীস জাল করতেন এবং তার শাইখ দারা দলীল গ্রহণ করা যায় না।

এ জন্যেই তিনি "আল-জামে'উস সাগীর" গ্রন্থে হাকিম ও বাইহাক্বীর উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। কিন্তু এ সূত্রেও জালকারী মুহাম্মাদ ইবনু ইউনুস রয়েছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ সম্ভবত তিনি দু'হাজারেরও বেশি হাদীস জাল করেছেন।

এছাড়াও হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে অন্য একটি সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন। কিন্তু সেটিও সহীহ নয়।

মোটকথা এটির কোন সূত্রই সঠিক নয়। এটির সনদে ইবনু হাবীব মারওয়াযী রয়েছেন; তিনি মুনকার হাদীস বর্ণনা করতেন এবং আহমাদ ইবনু আন্দিল্লাহ নামক বর্ণনাকারী রয়েছেন। আমার ধারণা তিনি প্রসিদ্ধ মিথ্যুক এবং তার ভাই মুহাম্মাদ মাজহুল।

٩١. (لأنْ أَحْلِفَ بِاللهِ وَأَكْذِبَ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَحْلِفَ بِعْيْرِ اللهِ وَأَصْدُقَ).

৯১। আল্লাহর নাম ধরে কসম করে মিথ্যা কথা বলা আমার নিকট অতিপ্রিয়, আল্লাহ্ ছাড়া অন্য কিছুর নামে কসম করে সত্য বলা হতে।

#### श्मीमिं छान ।

হাদীসটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়্যাহ্" গ্রন্থে (৭/২৬৭) এবং "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১৮১) উল্লেখ করে "আখবার" গ্রন্থে বলেছেন ঃ লোকেরা এটিকে মওকৃষ্ণ হিসাবে বর্ণনা করেছেন। আর "হিলইয়্যাহ্" গ্রন্থে বলেছেন ঃ

মুহাম্মাদ ইবনু মু'য়াবিয়া একক ভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি হচ্ছেন নাইসাপুরী। দারাকুতনী তাকে মিপ্থ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু মা'ঈনও বলেছেন ঃ তিনি মিপ্থ্যুক।

তবে এটি ইবনু মাস'উদ (ﷺ)-এর বাণী, যেমনভাবে আবৃ নু'য়াইম উল্লেখ করেছেন। অনুরূপভাবে তাবারানীও "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১৭/২) সহীহ সনদে বর্ণনা করেছেন। যেমনটি এসেছে "আল-মাজমা" গ্রন্থে (৪/১৭৭)। অর্থাৎ এটি মওকৃষ্ণ হিসাবে সহীহ্।

٩٢. (ثلاث مَنْ كُنَّ فَيْهِ نَشْرَ الله عَلَيْهِ كَنْقَهُ، وَأَلْخُلَهُ الْجَنَّةُ: رِفْق بِالضَّعِيْقِ، وَالشَّقْقةُ عَلَى الْوَالْدِيْنِ، وَالإَحْسَانُ إِلَى الْمَمْلُوكِ).

৯২। তিনটি বস্তু যার মাঝে থাকবে, তার বক্ষকে আল্লাহ প্রশস্ত করে দিবেন এবং তাকে জান্নাতে প্রবেশ করাবেন। দুর্বলকে দয়া করা, পিতা-মাতার প্রতি নম্র ব্যবহার করা এবং অধীনস্তদের প্রতি ইহসান করা।

### হাদীসটি জাল।

হাদীসটি ইমাম তিরমিয়ী (৩/৩১৬) আব্দুল্লাহ ইবনু ইব্রাহীম আল-গিফারী আল-মাদীনী সূত্রে তার পিতা হতে ...বর্ণনা করে বলেছেন ঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বান এ আব্দুল্লাহ সম্পর্কে বলেছেন ঃ তিনি হাদীস জাল করতেন। হাকিম বলেন ঃ তিনি দুর্বল সম্প্রদায় হতে বহু জাল হাদীস বর্ণনা করেছেন। সেগুলো তিনি ছাড়া অন্য কেউ বর্ণনা করেনিন।

আমি (আলবানী) বলছি ঃ তার পিতা মাজহ্ল, যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। অতএব হাদীসটি এ সনদে জাল। ٩٣. (يُصَفَّ الثَّاسُ يَوْمَ الْقِيَامَةِ صُقُوفًا، فَيَمُرُ الرَّجُلُ مِنْ أَهُلِ الثَّالِ عَلَى الرَّجُلِ، فَيَقُولُ: يَا قُلاَنُ!أَمَا تَدْكُرُ يَوْمَ استُسْفَيْتَ، فَسَقَيْتُكَ شَرَبَةَ ؟ قَالَ: فَيَشْفَعُ لَهُ. وَيَمُرُ الرَّجُلُ فَيَقُولُ:أَمَا تَدْكُرْ يَوْمَ نَاوَلَتُكَ طَهُورًا؟ فَيَشْفَعُ لَهُ. ويَمُرُ الرَّجُلُ فَيَقُولُ:أَمَا تَدْكُرُ يَوْمَ نَاوَلَتُكَ طَهُورًا؟ فَيَشْفَعُ لَهُ. ويَمُرُ الرَّجُلُ فَيَقُولُ:يَا قُلانُ! أَمَا تَدْكُرُ يَوْمَ بَعَثْنَتِيْ فِي حَاجَةٍ كَذَا وَ كَذَا، فَدُهَبْتُ لِكَ؟ فَيَشْفَعُ لَهُ).

৯৩। কিয়ামত দিবসে লোকদের কাতার বন্দি করা হবে। অতঃপর জাহান্নামের কোন এক ব্যক্তি অন্য ব্যক্তিকে অতিক্রম করবে আর বলবে ঃ হে ব্যক্তি! তুমি কী স্মরণ করতে পারছ না সেই দিনটিকে বেদিন তুমি (আমার নিকট) পানি চেয়েছিলে? অতঃপর আমি তোমাকে একবার পানি পান করিয়েছিলাম। তিনি বলেন ঃ অতঃপর তার জন্য সুপারিশ করা হবে। অন্য এক ব্যক্তি অতিক্রম করবে আর বলবে ঃ হে ব্যক্তি। তুমি কী স্মরণ করতে পারছ না সেই দিনটিকে যেদিন আমি তোমাকে পবিত্রতা অর্জনের জন্য পানি দিয়েছিলাম? অতঃপর তার জন্য সুপারিশ করা হবে। অন্য এক ব্যক্তি অতিক্রম করবে আর বলবে যে, হে ব্যক্তি! তুমি কী স্মরণ করতে পারছ না সেই দিনটিকে বেদিন তুমি আমাকে এ এ প্রয়োজনে প্রেরণ করেছিলে আর আমি তোমার জন্য গিয়েছিলাম? অতঃপর তার জন্য সুপারিশ করা হবে।

श्मीमि पूर्वम ।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/৩৯৪) ইয়াযীদ বুকাশী সূত্রে আনাস (ఉ) হতে বর্ণনা করেছেন।

তিনি হচ্ছেন ইয়াযীদ ইবনু আবান; তিনি দুর্বল, যেরূপভাবে ইবনু হাজার ও অন্যরা বলেছেন। তিনি ছাড়া অন্য ব্যক্তিও হাদীসটি আনাস (ఉ) হতে বর্ণনা করেছেন। সেগুলোর কোন একটিও সহীহ নয়। দেখুন "আত-তারগীব" (২/৫০-৫১)।

٩٤. (عُرَى الإسلام وَقَوَاعِدُ الدِّيْنِ ثَلاثَة، عَلَيْهِنَّ اسسَّ الإسلام، مَنْ تَرَكَ وَاحِدَةً مِنْهُنَّ؛ فَهُوَ بِهَا كَافِرٌ حَلالُ الدَّم: شَهَادَةُ أَنْ لاَ إِلهَ إِلاَ اللهِ ، وَالصَّلاةُ الْمَكْثُوبَةُ، وَصَوْمُ رَمضَانَ).

৯৪। ইসলামের হাতল ও দিনের স্তম্ভ হচ্ছে তিনটি। যেগুলোর উপর ইসলামের ভিত্তি প্রতিষ্ঠিত। যে ব্যক্তি সেগুলো হতে একটি পুরিত্যাগ করবে, সে তা দারা কুফরীকারী হিসাবে গণ্য হবে, যার রক্ত প্রবাহিত করা হালাল। সত্যিকার -১০ অর্ধে আল্লাহ্ ব্যতীত কোন উপাস্য নেই-এর সাক্ষ্য প্রদান, ফর্য সলাত ও রমাযানের সওম।

# श्मीमि मूर्वम।

হাদীসটি আবৃ ই'য়ালা তার "মুস্নাদ" গ্রন্থে (কাফ ১২৬/২) এবং লালকাঈ তার "সুন্নাহ" গ্রন্থে (১/২০২/১) মুয়াম্মিল ইবনু ইসমাঈল সূত্রে ...আম্র ইরনু মালেক আন-নুকারী হতে ...বর্ণনা করেছেন।

আম্র ইবনু মালেককে ইবনু হিব্বান ব্যতীত অন্য কোন মুহাদ্দিস নির্ভরযোগ্য বলেননি। তিনি নির্ভরযোগ্য বলতে শিথিলতা প্রদর্শনকারীদের একজন। এমনকি মাজহুল ব্যক্তিদেরকেও তিনি নির্ভরযোগ্য বলেছেন। এছাড়া তিনি নিজেই এ মালেক সম্পর্কে বলেন ঃ

তার ছেলে ইয়াহ্ইয়ার বর্ণনা ব্যতীত অন্য বর্ণনার ক্ষেত্রে তিনি ভুল করতেন এবং গারীব বর্ণনা করতেন। অতএব এ হাদীসটিকে দলীল হিসাবে গ্রহণ করা যাবে না অন্য সনদে তা বর্ণিত না হওয়া পর্যন্ত।

এছাড়া মুয়ামিল ইবনু ইসমাঈল সজ্যবাদী, কিন্তু বহু ভুল করতেন। এরূপই বলেছেন আবৃ হাতিম ও অন্যরা।

এছাড়া হাদীসটি সকলের ঐক্যমতের সহীহ্ হাদীস বিরোধী। যেটিতে ইসলামের স্তম্ভ পাঁচটি উল্লেখ করা হয়েছে অথচ এটিতে বলা হয়েছে তিনটি। সহীহ হাদীসটির মধ্যে বলা হয়নি যে, কোন একটি স্তম্ভকে ছেড়ে দিলে সে কাফের হয়ে যাবে। পক্ষান্তরে এটিতে বলা হচ্ছে যে, যে ব্যক্তি (তিনটির) একটি ছেড়ে দিবে সে কাফির। তবে অন্য দলীল হতে বুঝা যায় যে, আশংকা আছে কেউ যদি সলাতের ব্যাপারে অলসতা করে তাহলে সে কুফরীর উপর মৃত্যুবরণ করবে এবং লাইলাহা ইল্লাল্লার সাক্ষী প্রদান করা ব্যতীত কোন কিছুই উপকারে আসবে না।

অতএব মুনযেরী (১/১৯৬) এবং হায়সামী (১/৪৮) কর্তৃক আলোচ্য হাদীসের সনদটি হাসান বলা প্রশ্নবোধক।

٩٥. (الثَّاتِبُ حَبِيْبُ اللهِ).

### ৯৫। তওবাকারী আল্লাহর বন্ধু।

এ শব্দে হাদীসটির কোন ভিত্তি নেই। গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৪/৪৩৪) নাবী (紫)-এর কথা হিসাবে উল্লেখ করেছেন।

অথচ শাইখ তাজুদ্দীন সুবকী "আত-তাবাকাত" গ্রন্থে (৪/১৪-১৭০) বলেন ঃ "أم أجد له إسنادا" এর কোন সনদ পাচ্ছি না।

এটির ন্যায় নিম্নের হাদীসটিও ঃ

٩٦. (إنَّ اللهَ يُحِبُّ الْعَبْدَ الْمُؤْمِنَ الْمُقْتِنَ الثَّوَّابَ).

৯৬। নিন্চয় আল্লাহ ভালবাসেন পথভ্ৰষ্ট তওবাকারী মু'মিন বান্দাকে। হাদীসটি জাল।

এটি আব্দুল্লাহ ইবনু আহমাদ "যাওয়াইদুল মুসনাদ" গ্রন্থে (নং ৬০৫,৮১০) এবং তাঁর সূত্রে আবৃ নু'য়াইম "হিলইয়্যাহ্" গ্রন্থে (৩/১৭৮-১৭৯) উল্লেখ করেছেন।

এ সূত্রে আবৃ আন্দিল্লাহ মাসলামা আর-রাযী রয়েছেন। তিনি আবৃ আম্র আল-বাজালী হতে আর তিনি আব্দুল মালেক ইবনু সুফিয়ান আস-সাকাফী হতে ...বর্ণনা করেছেন।

এ সনদটি জাল। কারণ আবৃ আব্দিল্লাহ মাসলামা আর-রাযীর জীবনী পাচ্ছি না। হাফিয ইবনু হাজার তাকে তার "তা'জীলুল মানফা'য়াহ" গ্রন্থে উল্লেখ করেননি।

আবৃ আম্র আল-বাজালী সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে এবং ইবনু হাজার "আত-তাজীল" গ্রন্থে বলেন ঃ বলা হয় তার নাম আবীদা, তার থেকে হারামী ইবনু হাফ্স হাদীস বর্ণনা করেছেন। ইবনু হিব্বান বলেন ঃ তার মাধ্যমে দলীল গ্রহণ করা হালাল নয়।

হাফিয ইবনু হাজার দৃঢ়তার সাথে "আল-কুনা" গ্রন্থে "লিসানুল মীযান"-এর উদ্ধৃতিতে (৬/৪১৯) বলেছেন ঃ তিনি হচ্ছেন আবীদা ইবনু আন্দির রহমান।

তাকে ইবনু হিব্বান উল্লেখ করে বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন।

আব্দুল মালেক ইবনু সুফিইয়ান আস-সাকাফী সম্পর্কে হুসাইনী বলেন ঃ তিনি মাজহুল। হাফিয ইবনু হাজার তার এ কথাকে "আত-তা'জীল" গ্রন্থে সমর্থন করেছেন।

এছাড়া হাদীসটি ওয়াকেদী সূত্রে বর্ণিত হয়েছে। তিনি একজন মিথ্যুক। অতএব হাদীসটি বানোয়াট।

٩٧. (إِنَّ اللهَ يُحِبُّ الشَّابُ الثَّاتِبَ).

৯৭। নিক্তয় আল্লাহ তওবাকারী যুবককে ভালবাসেন।

হাদীসটি দুর্বল।

হাফিয ইরাকী "আত-তাখরীজ" গ্রন্থে (৪/৪-৫) বলেন ঃ

এটিকে ইবনু আবিদ-দুনিয়া "আত-তাওবাহ" গ্রন্থে এবং আবৃশ শাইখ "কিতাবুস সাওয়াব" গ্রন্থে আনাস (ﷺ)-এর হাদীস বলে দুর্বল সনদে উল্লেখ করেছেন।

٩٨. (إِنَّ اللهَ يُحِبُّ الشَّابُ الَّذِي يُقْتِيْ شَبَابَهُ فِي طَاعَةِ اللهِ عَزَّ وَجَلُّ).

৯৮। নিশ্য আল্পাহ সেই যুবককে ভালবাসেন যে, তার যৌবন কালকে আল্পাহর আনুগত্যের মধ্যে অভিবাহিত করে।

### হাদীসটি জাল।

এটিকে আবৃ নু'য়াইম (৫/৩৬০) এবং তার সূত্রে দাইলামী "মুসনাদুল ফিরদাউস" এন্থে (১/২/২৪৭ মুহাম্মাদ ইবনুল ফ্যল ইবনু আতিয়া সূত্রে ...বর্ণনা করেছেন।

এ সনদটি জাল। কারণ মুহাম্মাদ ইবনুল ফ্যল মিথ্যুক।

এর পরেও সনদে বিচ্ছিন্নতা থাকার আশংকা করছি, উমার ইবনু আন্দিল আযীয এবং ইবনু উমার (ﷺ)-এর মধ্যে। কারণ ইবনু উমার (ﷺ)-এর মৃত্যুর দিন উমারের বয়স ছিল ১৩ বছর মত।

٩٩. (إنَّ اللهَ يُحِبُّ التَّاسِكَ التَّظيفَ).

৯৯। নিশ্বয় আল্পাহ পরিষ্কার পরিচ্ছন্রতার সাথে ইবাদাতকারীকে ভালবাসেন।

হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (১০/১১-১২) আব্দুল্লাহ ইবনু ইব্রাহীম আল-গিফারী সূত্রে...বর্ণনা করেছেন।

এ সনদটি জাল। কারণ গিফারী জাল করার দোষে দোষী আর তার শাইখ মুনকাদির ইবনু মুহাম্মাদ লাইয়েনুল হাদীস (হাদীসের ক্ষেত্রে দুর্বল), যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। এ হাদীসটি এবং পূর্বের হাদীসটি "জামে'উস সাগীর"-এর জাল হাদীস গুলোর অন্তর্ভুক্ত।

١٠٠ ( صَسَنَاتُ الأَبْرَارِ سَيَيُّاتُ الْمُقَرَّبِيْنَ).

১০০। সদাচারণকারীদের উত্তম কর্মগুলো হচ্ছে নৈকট্য অর্জন কারীগণের মন্দ কর্ম। হাদীসটি বাতিন, এর কোন ভিত্তি নেই।

গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৪/৪৪) ''…' قال القائل الصادق'' এ ভাষায় উল্লেখ করেছেন।

সুবকী (৪/১৪৫-১৭১) বলেন ঃ এটি যদি হাদীস হয় তাহলে তা দেখার প্রয়োজন আছে। কারণ লেখক তার উল্লেখিত কথা ঘারা কাকে বুঝিয়েছেন তা দেখতে হবে।

আমি (আলবানী) বলছি ঃ বাহ্যিকভাবে যা দেখা যাচ্ছে, গাযালী হাদীস হিসাবে এটিকে উল্লেখ করেননি। এ জন্য হাফিয ইরাকী "তাখরীজু আহাদীসে ইত্ইয়া" গ্রন্থে উল্লেখ করেননি। গাযালী ইঙ্গিত করেছেন যে, এটি আবৃ সাঙ্গিদ আল-খাররাজ আস-সৃফীর কথা। ইবনুল জাওয়ী "সাফওয়াতুস সাফওয়া" গ্রন্থে (২/১৩০/১) অনুরূপভাবে ইবনু আসাকিরও উল্লেখ করেছেন, যেমনটি "আল-কাশফ" গ্রন্থে (১/৩৫৭) এসেছে। অতঃপর বলেছেন ঃ কোন কোন ব্যক্তি এটিকে হাদীস হিসাবে গণ্য করেছেন। কিন্তু তেমনটি নয়।

যারা এটিকে হাদীস হিসাবে গণ্য করেছেন, তাদের একজন হচ্ছেন আবুল ফযল মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ আশ-শাফে'ঈ তার "জিল্পুল মওরেদ" গ্রন্থে (কাফ ১/১২)। তবে তিনি দুর্বল শব্দ দিয়ে (রোগাক্রান্ত শব্দে) উল্লেখ করেছেন।

তার এ দাবী সঠিক নয়। কারণ এটির কোন ভিত্তিই নেই।

অর্থের দিক দিয়েও এটি সঠিক নয়। কারণ কখনই ভালকর্ম খারাপ কর্মে পরিণত হতে পারে না। ١٠١. (أمَّا إِنِّي لا أنسني، ولكِنْ أنسنَّى لأَشْرَعَ).

১০১। আমি ভূলিনা, কিন্তু আমাকে ভূলিয়ে দেয়া হয় যাতে করে আমি বিধান রচনা করতে পারি।

হাদীসটি বাতিল, এর কোন ভিন্তি নেই।

এটিকে উক্ত ভাষায় গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৪/৩৮) নাবী (日)-এর হাদীস হিসাবে উল্লেখ করেছেন।

হাফিয ইরাকী বলেন ঃ ইমাম মালেক হাদীসটি বিনা সনদে তার নিকট পৌঁছেছে বলে উল্লেখ করেছেন।

ইবনু আন্দিল বার বলেন ঃ হাদীসটি "আল-মুওয়ান্তা" গ্রন্থে সনদহীন মুরসাল .হিসাবে পাওয়া যায়।

হামযা আল-কিনানী বলেন ঃ ইমাম মালেক ছাড়া অন্য কারো সূত্রে এটি বর্ণিত হয়নি।

আবৃ তাহের আনমাতী বলেন ঃ এটিকে আমি দীর্ঘ সময় খুঁজেছি, ইমাম এবং হাফিযগণকে এটির সম্পর্কে জিজ্ঞাসা করেছি, কিন্তু সফলকাম হইনি এবং কারো নিকট তনিনি যে, তিনি সফল হয়েছেন।

হাফিয ইবনু হাজার বলেন ঃ যারকানী "শরহল মুওয়ান্তা" গ্রন্থে (১/২০৫) উল্লেখ করেছেন। এর কোন ভিন্তি নেই।

এছাড়া হাদীসটি বুখারী ও মুসলিম শরীকে বর্ণিত নিম্নের সহীহ হাদীস বিরোধী।
('إِنَّمَا أَنَا بَشَرَّ الْسَى كَمَا تَسْمَوْنَ، فَإِذَا نَسِيْتُ فَذَكْرُ وُنِيْ''.

অর্থঃ 'আমি মানুষ; আমি ভূলে যাই যেরূপভাবে তোমরা ভূলে যাও। অতএব আমি যখন ভূলে যাব তখন তোমরা আমাকে স্মরণ করিয়ে দিবে।'

١٠٢. (التَّاسُ نِيَامٌ، قَادًا مَاتُوا؛ اثْنَبَهُوا).

১০২। লোকেরা ঘুমিয়ে রয়েছে, যখন তারা মৃত্যুবরণ করবে; তখন তারা সতর্ক হবে (জাগ্রত হবে)।

হাদীসটির কোন ভিন্তি নেই।

গাযালী এটিকে মারফ্' বলে উল্লেখ (৪/২০) করেছেন।

হাফিয ইরাকী এবং তার অনুসরণ করে সুবকী বলেন (৪/১৭০-১৭১) ঃ কিন্তু মারফ্' হিসাবে হাদীসটি পাচ্ছি না। এটিকে আলী ইবনু আবী তালিব (ఉ)-এর কথা হিসাবে বলা হয়েছে।

অনুরূপ কথা "আল-কাশফ" গ্রন্থেও (২/৩১২) এসেছে।

١٠٣. (جَالِسُوْا الثَّوَّالِينَ؛ قَائِمُمْ أَرَقُ أَقْدِدَةً).

১০৩। তোমরা তওবাকারীদের সাথে বস। কারণ তারা অতি নরম হৃদয়ের অধিকারী।

### হাদীসটির কোন ভিন্তি নেই।

গাযালী এটিকে মারফ্' হিসাবে উল্লেখ করেছেন! হাফিয ইরাকী এবং তার অনুসরণ করে সুবকী (৪/১৭১) বলেছেনঃ এটিকে মারফ্' হিসাবে পাচ্ছি না।

হাফিয ইরাকী বলেন ঃ এটি 'আওন ইবনু আব্দিল্লাহ্র কথা; যা ইবনু আবিদ-দুনিয়া "আত-তওবা" গ্রন্থে উল্লেখ করেছেন।

১০৪। যার নিকট সাদাকা করার মত কিছু থাকবে না, সে যেন ইয়াহুদীদের অভিশাপ দেয়।

#### रामीमिं जान।

খাতীব বাগদাদী এটিকে "তারীখু বাগদাদ" গ্রন্থে (১৪/২৭০) উল্লেখ করেছেন।

এর সনদে ইয়াকৃব ইবনু মুহাম্মাদ আয-যুহরী আছেন। তিনি সত্যবাদী, কিন্তু তিনি যার নিকট হতে বর্ণনা করেছেন তার ব্যাপারে তিনি বেপরওয়া। ইবনু মা'ঈন বলেন ঃ

# ''هَذَا كَنْبِ وَبَاطِلٌ، لا يُحَدِّثُ بِهَذَا أَحَدٌ يَعَقَلُ''.

এটি মিথ্যা ও বাতিল, যার আক্ল আছে তিনি এটি বর্ণনা করতে পারেন না। ইবনুল জাওয়ী এটিকে তার "মাওয়ু'আত" গ্রন্থে (২/১৫৭) আল-খাতীবের সূত্রে বর্ণনা করে বলেছেন ঃ বর্ণনাকারী ইয়াক্ব সম্পর্কে আহমাদ ইবনু হাম্বাল বলেন ঃ তিনি কোন কিছুই না।

সুয়ৃতী তার (ইবনুল জাওযীর) সমালোচনা করেছেন এবং ইয়াকূবকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু এ বাতিল হাদীসটির কারণ প্রকাশ করতে পারেননি। সেটি হচ্ছে ইনকিতা' (সনদে বিচ্ছন্নতা)।

যাহাবী ইয়াক্বের জীবনীতে বলেন ঃ যিনি এ কথা বলবেন যে, তিনি হিশাম ইবনু উরওয়া হতে বর্ণনা করেছেন তিনি ভুল করবেন। কারণ তিনি তার সাথে মিলিতই হননি। সম্ভবত তার জন্মই হয়েছে হিশামের মৃত্যুর পরে।

অতঃপর বলেন ঃ আরো নিকৃষ্ট সেটি যেটিকে তিনি এক ব্যক্তি হতে বর্ণনা করেছেন. আর সে ব্যক্তি হিশাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ সম্ভবত যে ব্যক্তির নাম নেয়া হয়নি, তিনি আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনে যাযান আল-মাদানী। এর সূত্রেই ইবনু আদী, সাহমী "তারীখু জুরজান" গ্রন্থে (২৮২) এবং যিয়া "আল-মুনতাকা" গ্রন্থে (২/৩৩) হাদীসটি বর্ণনা করেছেন।

তার (আব্দুল্লাহর) সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তার এমন হাদীস রয়েছে থেগুলো সংরক্ষিত [নিরাপদ] নয়।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি হালেক [ধ্বংস প্রাপ্ত]। অতঃপর এ হাদীসটি উল্লেখ করে বলেন ঃ এটি মিথ্যা।

তার এ কথাকে ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।

খাতীব বাগদাদী অন্য একটি সূত্রে হাদীসটি (১/২৫৮) বর্ণনা করেছেন। যার সনদে ইসমাঈল ইবনু মুহাম্মাদ আত-তালহী, সুলাইম আল-মাক্কী ও তালহা ইবনু আম্র রয়েছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ হাদীসটি সহীহ নয়, তারা সকলে মাতরূক। তালহা এবং সুলাইমকে নাসাঈ মাতরূকুল হাদীস বলেছেন। তবে তালহী মাতরূক নয়।

শাইখ 'আলী আল-কারী এ হাদীসটি সম্পর্কে বলেন (পৃঃ ৮৫) ঃ এটি সঠিক নয়। অর্থাৎ এটি জাল।

١٠٥. (مَنْ وَاقْقَ مِنْ أَخِيْهِ شَمَهْوَةً؛ عَقْرَ اللهُ لَهُ ).

১০৫। যে ব্যক্তি তার ভাইয়ের চাহিদানুযায়ী সংহতি প্রকাশ করবে, তাকে আল্লাহ ক্ষমা করে দিবেন।

# হাদীসটি জাল।

এটিকে উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৪৩৬,৪৩৭), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৬৬) নাসর ইবনু নাজীহ আল-বাহিলী সূত্রে উমার আবৃ হাফ্স হতে ...বর্ণনা করেছেন।

উকায়লী বলেন ঃ নাস্র এবং উমার উভয়েই বর্ণনার দিক দিয়ে মাজহুল। হাদীসটি নিরাপদ নয়।

ইবনুল জাওয়ী হাদীসটিকে "মাওয়ু'আত" গ্রন্থে (২/১৭১) উল্লেখ করে বলেছেন ঃ ''عوضوع، عمر متروك'' এটি বানোয়াট, উমার একজন মাতর্রক বর্ণনাকারী।

হাফিয ইরাকী তার এ কথাকে "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (২/১১) সমর্থন করেছেন।

কিন্তু সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (২/৮৭) তার সমালোচনা করে বলেছেনঃ হাদীসটিকে বায্যার এবং তাবারানী বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ আবৃ হাফস শক্তিশালী ছিলেন না।

আমি (আলবানী) বলছিঃ তার (সুয়্তীর) এ কথায় খুবই শিথিলতা করা হয়েছে। কারণ তিনি (আবৃ হাফস) খুবই দুর্বল, এমনকি তার সম্পর্কে ইবনু খারাশ বলেন ঃ ''كذاب، يضع الحديث'' তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন।

অতঃপর সুয়ূতী তার শাহেদ হিসাবে নিম্নের হাদীসটি উল্লেক করেছেন। যাতে মিখ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছেন। অতএব তার এ সমালোচনা অর্থহীন।

١٠٦. (مَنْ أَطْعَمَ أَخَاهُ الْمُسْلِمَ شَمَهُونَـُهُ؛ حَرَّمَهُ اللَّهُ اللَّهُ الثَّارَ).

১০৬। যে ব্যক্তি তার মুসলিম ভাইকে তার চাহিদানুযায়ী পানাহার করাবে, আল্লাহ তার উপর জাহান্লামকে হারাম করে দিবেন।

### হাদীসটি জাল।

বাইহাক্ট্য এটিকে "শু'য়াবুল ঈমান" গ্রন্থে তার সনদে উল্লেখ করেছেন এবং বলেছেন ঃ হাদীসটি এ সনদে মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ এর কারণ হচ্ছে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু আন্দিস সালাম (তিনি হচ্ছেন ইবনুন ন্মান)। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ

''کانَ مِمَّن یُسْتَحِلُ الكَذِب'' ' ' ' ' ' ' ' ' ' ' ' ' अ के प्रांक पा के राजित अर प्रांक पाता प्रिशा वनार्क रानान कानरून ।'

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী এ হাদীসটিকে "আল-লাআলী" গ্রন্থে (২/৮৭) উপরেরটির শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। অথচ সেটিও জাল। আর তিনি দু'টিকেই "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

١٠٧. (مَنْ لَدُدُ أَخَاهُ بِمَا يَشْئَهِيْ؛ كَتْبَ اللهُ لَهُ أَلْفَ ٱلْفِ حَسنَة، وَمَحَى عَنْهُ ٱلْفَ اللهُ مِنْ ثَلَاثٍ جَنَّاتٍ:
 جَنَّةِ الْفَرْدُوس، وَجَنَّةٍ عَدْن، وَجَنَّةٍ الْخُلْدِ).

১০৭। যে ব্যক্তি তার ভাইকে তার চাহিদানুষায়ী তৃত্তি দিবে, আল্লাহ তার জন্য দশ লক্ষ সাওয়াব লিপিবদ্ধ করবেন, তার নিকট হতে দশ লক্ষ মন্দ কর্মকে মুছে ফেলবেন, তার জন্য দশ লক্ষ মর্যাদা বৃদ্ধি করে দিবেন এবং আল্লাহ তাকে জান্লাতুল ফিরদাউস, জান্লাতু আদ্ন ও জান্লাতুল খুলদ এ তিনটি জান্লাত থেকে পানাহার করাবেন।

### হাদীসটি জাল।

এটিকে গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (২/১১) নাবী (縣)-এর হাদীস হিসাবে উল্লেখ করেছেন।

সুবকী "আত-তাবাকাত" গ্রন্থে বলেন ঃ তিনি এটির কোন সনদ পাননি।

তবে হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে বলেন ঃ এটিকে ইবনুল জাওযী "আল-মাওযু'আত" গ্রন্থে আবৃ যুবায়ের হতে মুহাম্মাদ ইবনু না'ঈমের বর্ণনায় উল্লেখ করে বলেছেন ঃ ইমাম আহমাদ ইবনু হামাল বলেন ঃ এটি বাতিল ও মিথ্যা।

অনুরূপ কথা যাহাবীর "আল-মীযান" গ্রন্থে এবং ইবনু হাজারের "লিসানুল মীযান" গ্রন্থেও বলা হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ তবে ইবনুল জাওয়ী হাদীসটিকে (২/১৭২) "نَّ الْفَ الْفَ حَسْنَة" এ পর্যন্ত উল্লেখ করেছেন।

হাদীসটি সম্পর্কে তার মন্তব্যকে সুয়ৃতী "আল-লাআলী" (২/৮৭) গ্রন্থে সমর্থন করেছেন। অতঃপর ইবনু আররাকও "তানযীহুশ শারী রাহ" গ্রন্থে (২/২৬২) তা সমর্থন করেছেন। হাদীসটি মুয়াফ্ফাক উদ্দীন ইবনু কুদামা "আল-মুন্তাখাব" গ্রন্থে (১০/১৯৬/১) উল্লেখ করে ইমাম আহমাদের উদ্ধৃতিতে বলেছেনঃ "هذا كذب، এটি মিধ্যা, এটি বাতিল।

١٠٨. (كَانَ يَاكُلُ الْعِنْبُ خَرَطاً).

১০৮। তিনি আংগুর খেতেন টুকরো টুকরো করে।

#### হাদীসটি জাল।

হাদীসটি ইবনু আদী "আল-কামিল" (১/২৮০) গ্রন্থে এবং বাইহাক্বী তার সূত্রে "শু'য়াবুল ঈমান" গ্রন্থে (২/২০১/১) উল্লেখ করেছেন। এ সনদে সুলায়মান ইবনু রাবী', কাদিহু ইবনু রাহমা এবং হুসাইন ইবনু কাইস রয়েছেন।

ইবনু আদী কাদিহ সম্পর্কে বলেন ঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন তা নিরাপদ নয় এবং তার সনদ এবং মতনগুলোর কোনটিরই অনুসরণ করা যায় না।

ইবনুল জাওয়ী ইবনু আদী সূত্রে তার "মাওয়ু'আত" গ্রন্থে (২/২৮৭) হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ হুসাইন কিছুই না, কাদিহ মিথ্যুক এবং সুলায়মানকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন।

বাইহাক্ট্যী এবং ইবনুল জাওয়ী উকায়লী সূত্রে দাউদ ইবনু আন্দিল জাব্বার আব্ সুলায়মান আল-কৃষ্টা হতে হাদীসটি নিমের ভাষায় বর্ণনা করেছেন ঃ

''رَ أَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأَكُلُ الْعَنِبَ خَرَطًا''

এটি সম্পর্কে উকায়লী বলেন ঃ এটির কোন ভিত্তি নেই। দাউদ নির্ভরযোগ্য নন, তার অনুসরণ করা যায় না।

আমি (আলবানী) বলছি ঃ তার (উকায়লী) সূত্রে হাদীসটি আবৃ বাক্র আশ-শাফে'ঈ "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/১১০) ও তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১৭৪/২) উল্লেখ করেছেন। সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (২/২১১০) হাদীসটি সম্পর্কে বলেন ঃ এটিকে তাবারানী এবং বাইহাক্বী "শু'য়াবুল ঈমান" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর (বাইহাক্বী) বলেছেন ঃ তার কোন শক্তিশালী সনদ নেই। ইরাকী "তাধরীজুল ইহুইয়া" গ্রন্থে হাদীসটিকে শুধু দুর্বল বলেই খ্যান্ত হয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইরাকী এবং বাইহাক্বীর দুর্বল আখ্যা প্রদান ব্যাখ্যা সম্বলিত নয়। কারণ এ দাউদ সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন। তিনি আরো বলেছেন ঃ তিনি মিখ্যা বলতেন।

অতএব তার মত ব্যক্তির হাদীস, মিথ্যুক কাদিহের হাদীসের জন্য শাহেদ হওয়ার উপযুক্ত নয়। এ জন্য যাহাবী ও আসকালানী উকায়লী কর্তৃক لا أصل ''لا أصل 'এটির কোন ভিত্তি নেই' একথাকে সমর্থন করেছেন।

এ কারণেই সুয়ৃতী কর্তৃক হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করা তার শর্তানুযায়ী সঠিক হয়নি।

١٠٩ (عَمَلُ الأَبْرَارِ مِنَ الرَّجَالِ مِنْ أَمْتِيْ الْخِياطَةُ، وَعَمَلُ الأَبْرَارِ مِنْ أَمْتِيْ مِنَ النَّسَاءِ المِغْزَلُ).

১০৯। আমার উন্মাতের সংকর্মশীশ পুরুষদের কর্ম হচ্ছে দরজীর কাজ আর আমার উন্মাতের সং কর্মশীলা মহিলাদের কর্ম হচ্ছে চরকায় সূতা কাটা।

#### হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/১৫৩), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/৩০৩) এবং ইবনু আসাকির (১৫/২৬১/১) আবৃ দাউদ আন-নাখ'ঈ সুলায়মান ইবনু আম্র সূত্রে তার শাইখ আবৃ হাযিম হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ এটি সুলায়মান ইবনু আম্র কর্তৃক আবৃ হাযিমের উপর জালকত হাদীসগুলোর একটি।

সুয়ৃতী- তাম্মাম, খাতীব বাগদাদী ও ইবনু আসাকিরের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন। কিন্তু সূত্রে আবৃ দাউদ আন-নাখ ক রয়েছেন। মানাবী বলেন ঃ তার সম্পর্কে আল-খাতীব নিজে বলেছেন ঃ তিনি একজন মিখ্যুক, জালকারী, দাজ্জাল। যাহাবী "আয-যু'য়াফা" গ্রন্থে বলেন ঃ তিনি মিথ্যুক, দাজ্জাল। তিনি তার "আল-মীযান" গ্রন্থে ইমাম আহমাদের উদ্ধৃতিতে বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। ইয়াহ্ইয়া তার সম্পর্কে বলেন ঃ "كَانَ أَكْنَ الْكُنْ الْكُلْ الْكُنْ الْكُنْ الْكُنْ الْكُلْ الْكُلْلِ الْكُلْلِ الْلْل

সুয়ৃতী এ হাদীসটি "আল-লাআলী" গ্রন্থে (২/১৫৪) এবং "আল-ফাতাওয়া" গ্রন্থে (২/১০৭) তাম্মামের সূত্রে উল্লেখ করেছেন। যার সনদে মূসা ইবনু ইব্রাহীম আল-মারওয়াযী রয়েছেন।

তাকে ইয়াহ্ইয়া মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার মুতাবা'য়াত দ্বারা আনন্দিত হওয়ার কিছু নেই। এ জন্য ইবনু আররাক হাদীসটিকে জাল-এর মধ্যে অন্তর্ভুক্ত করেছেন।

এ হাদীসটি সম্পর্কে যাহাবী বলেন ঃ ''قُبِّحَ اللهُ مَنْ وَضَعَهُ'' 'আল্লাহ খারাপ পরিণতি করুন সেই ব্যক্তির যিনি হাদীসটি জাল করেছেন।'

١١٠ (لَوْ خَشْعَ قَلْبُ هَدًا؛ خَشْعَتْ جَوَارِحُهُ).

১১০। যদি এ হৃদয় বিনয়ী হয়, তবে তার অঙ্গ-প্রতঙ্গ গুলোও বিনয়ী হবে। হাদীসটি জাল।

এটিকে সুয়ূতী "জামে'উস সাগীর" গ্রন্থে আবৃ হুরাইরাহ্ (ﷺ) হতে হাকীমের বর্ণনায় উল্লেখ করেছেন।

শাইখ জাকারিয়া আনসারী বলেন ঃ হাদীসটির সনদ য'ঈফ। কিন্তু এটি তার চাইতেও আরো দুর্বল।

যাইন আল-ইরাকী "শারহুত তিরমিযী" গ্রন্থে বলেন ঃ এটির সনদে সুলায়মান ইবনু আম্র রয়েছেন। তিনি হচ্ছেন আবৃ দাউদ আন-নার্খ ঈ। তার দুর্বল হওয়ার ব্যাপারে সকলেই একমত। এটিকে জানা যায় ইবনুল মুসাইয়্যাবের কথা হিসাবে।

যেমনটি "আল-মুগনী" গ্রন্থে (১/১৫১) উল্লেখ করা হয়েছে ঃ এটির সনদ দুর্বল এবং সা'ঈদের কথা হিসাবে পরিচিতি লাভ করেছে।

যায়লা'ঈ বলেছেন ঃ ইবনু আদী বলেন যে, তিনি (সুলায়মান) হাদীস জাল করতেন এ কথার উপর মুহাদ্দিসগণ একমত হয়েছেন ।

আমি (আলবানী) বলছি ঃ আব্দুল্লাহ ইবনুল মুবারাক এটিকে "আল-যুহুদ" গ্রন্থে (১/২১৩) সা'ঈদ হতে মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এটির সনদে একজন ব্যক্তির পরিচয় উল্লেখ করা হয়নি। অর্থাৎ সনদটি মাজহল।

আব্দুর রায্যাক "আল-মুসান্লাফ" গ্রন্থে (২/২২৬) মাজহূল ব্যক্তির নাম উল্লেখ করে বলেছেন ঃ তিনি হচ্ছেন আবান, কিন্তু আবানও দুর্বল বর্ণনাকারী।

সৃতরাং হাদীসটি মারফু হিসাবে জাল আর মওকৃফ হিসাবে দুর্বল।

তবে মওকৃষ হিসাবে এটির শাহেদ পাওয়া যায়। যার সন্দটি ভাল। সেটি ইমাম আহমাদের পুত্রের "মাসায়েল" গ্রন্থে (পৃ: ৮৩) উল্লেখ করা হয়েছে।

١١١. (كَدُبَ الثَّمَنَّابُونَ، قَالَ اللهُ تُعَالَى: وَقُرُونًا بَيْنَ دُلِكَ كَثِّيْرًا).

১১১। বংশ পরিচয় দানকারীগণ মিখ্যা বলেছেন, আল্লাহ তা'আলা বলেন ঃ "এবং তাদের মধ্যবর্তী বহু সম্প্রদায়কে ধ্বংস করেছি।"

হাদীসটি জাল।

এটিকে সুয়ৃতী তার "আল-জামে" গ্রন্থে ইবনু আব্বাস (ఉ) হতে ইবনু সা'য়াদ এবং ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন ।

মানাবী "জামে'উস সাগীর-এর শারাহ্তে" দু'টি স্থানে এ হাদীসটি সম্পর্কে চুপ থেকেছেন। সম্ভবত তিনি এটির সনদ সম্পর্কে অবহিত হননি, অন্যথায় তার এরূপ চুপ থাকা সঠিক হয়নি।

ইবনু সা'য়াদ হাদীসটি "আত-তাবাকাত" গ্রন্থে (১/১/২৮) হিশাম সূত্রে তার পিতা মুহাম্মাদের মাধ্যমে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হিশাম হচ্ছেন ইবনু মুহাম্মাদ ইবনুস সাঈব আল-কালবী। তিনি মাতরূক, যেমনভাবে দারাকুতনী প্রমুখ বলেছেন।

তার পিতা মৃহাম্মাদ তার চেয়েও নিকৃষ্ট। জুযজানী ও অন্যরা তার সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক।

মৃহাম্মাদ নিজে স্বীকার করেছেন যে, তিনি মিখ্যা বর্ণনা করেছেন। বুখারী সহীহ্ সনদে সুফিইয়ান হতে বর্ণনা করেছেন তিনি (সুফিইয়ান) বলেন ঃ

কালবী আমাকে বলেছেন যে, আমি তোমার নিকট যে সব হাদীস আবৃ সালেহ হতে বর্ণনা করেছি সেগুলো মিথ্যা।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি ইবনু আব্বাস (ﷺ) হতে আবৃ সালেহ-এর সূত্রে তাফসীর বর্ণনা করেছেন। অথচ আবৃ সালেহ ইবনু আব্বাসকে (ﷺ) দেখেননি আর কালবী আবৃ সালেহ হতে শুনেননি।

١١٢. (الْجَرَادُ نَثْرَةُ حُونتِ فِي الْبَحْر).

# ১১২। ফড়িং (পতঙ্গ) সামূদ্রিক মাছের হাঁচি। হাদীসটি জাল।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/২৯২) যিয়াদ ইবনু আন্দিল্লাহ ইবনে আলাসা সূত্রে মূসা ইবনু মুহাম্মাদ হতে বর্ণনা করেছেন... (এ অংশটুকু বর্ণিত হাদীসের অংশ বিশেষ)।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ খুবই দুর্বল। এ মূসা ইবনু মুহাম্মাদ হচ্ছেন তাইমী মাদানী। তিনি মুনকারুল হাদীস; যেমনভাবে নাসাঈ ও অন্যরা বলেছেন। হাদীসটিকে যাহাবী তার মানাকীর গুলোর একটি মুনকার হাদীস হিসাবে উল্লেখ করেছেন।

হাদীসটিকে ইবনুল জাওয়ী তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/১৪) মৃসার সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ্ নয়, মৃসা মাতরূক।

সুয়ূতী তার এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/৩৩৩) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনু কৃতায়বা হাদীসটি "গারীবুল হাদীস" গ্রন্থে (৩/১১৪) আবৃ খালিদ আল-ওয়াসেতী সূত্রে ইবনু আব্বাস (ఉ) হতে মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন।

এটিও মারফ্'টির ন্যায়। কারণ এর সনদও নিতান্তই দুর্বল। কেননা এ আবৃ খালিদ হচ্ছেন আম্র ইবনু খালিদ, তিনি মাতরক। ওয়াকী' তাকে মিথ্যার দোষে দোষী করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি ইসরাইলী বর্ণনার সাথে সাদৃশ্যপূর্ণ। (التَّقُوْا مَوَاضِعَ النَّهُم). ١١٣

১১৩। অপবাদমূলক স্থানগুলো হতে বেঁচে চল। এটির কোন ভিন্তি নেই।

হাদীসটি গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৩/৩১) উল্লেখ করেছেন। তার তাখরীজকারী হাফিয ইরাকী বলেন ঃ হাদীসটির কোন ভিত্তি পাচ্ছি না।

সুবকী "আত-তাবাকাত" গ্রন্থে (৪/১৬২) অনুরূপ কথাই বলেছেন। এছাড়া একইভাবে মওকৃফ হিসাবে বর্ণনা করা হয়েছে। দেখুন যুবাইদীর "শারহুল ইহ্ইয়া" গ্রন্থ (৭/২৮৩)।

١١٤. (مَنْ رَبِّي صَبَيًّا حَتَّى يَقُولُ: لا إِلهَ إِلاَّ اللهُ؛ لمْ يُحَاسِينُهُ اللهُ عَزَّوَجَلُّ).

১১৪। যে ব্যক্তি কোন শিশুকে পা–ইলাহা ইল্লাল্লাহ্ বলা পর্যন্ত লালনপালন করবে; আল্লাহ্ তার হিসাব কিতাব নিবেন না।

#### হাদীসটি জাল।

হাদীসটি খারায়েতী "মাকারিমূল আখলাক" গ্রন্থে (পৃ: ৭৫), ইবনু আদী (২/১৬২) এবং ইবনুন নাজ্জার "যায়লু তারীখে বাগদাদ" গ্রন্থে (১০/১৬৩/২) আবৃ উমাইর আব্দুল কাবীর ইবনু মুহাম্মাদ সূত্রে তার শাইখ সুলায়মান আশ-শাযক্নী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটির সনদ জাল। এ আব্দুল কাবীর ও তার শাইখ শাযক্নী তারা উভয়ে মিখ্যার দোষে দোষী। হাদীসটি ইবনুল জাওয়ী তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/১৭৮) বর্ণনাকারী আব্দুল কাবীর হতে ইবনু আদীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ হাদীসটি সহীহ্ নয়।

ইবনু আদী বলেন ঃ সম্ভবত এটির বিপদ হচ্ছে আবৃ উমাইরের নিকট হতে। তিনি বলেন ঃ এটিকে ইব্রাহীম ইবনু বারা শাযকুনী হতে বর্ণনা করেছেন। এ ইব্রাহীম বাতিল হাদীস বর্ণনা করতেন।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে এ ইব্রাহীমের জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন, উকায়লী বলেন ؛ "يُحَدِّثُ عَنِ النَّقَاتِ بِالْبِوَ الْحِيَّالِ" 'তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনাকারী।' ইবনু হিবান বলেন ঃ يُحَنِّثُ عَنِ النَّقَاتِ '' ''এনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন بالمَوْضُوْعَاتِ…'' তার সমালোচনা করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে তাকে উল্লেখ করাই বৈধ নয়'।

এ হাদীসটি অন্য সূত্রেও বর্ণিত হয়েছে; যেটি সুয়ৃতী ইবনুল জাওযীর সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/৯/৯১) উল্লেখ করেছেন। যাতে আশ'য়াস ইবনু মুহাম্মাদ আল-কালাঈ নামক এক বর্ণনাকারী রয়েছেন। তাকে শুধুমাত্র এ হাদীসের সনদেই চেনা যায়। এ জন্যেই যাহাবী তাকে "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ

.''أتى بخبر موضوع''.' 'তিনি জাল হাদীস বর্ণনা করেছেন।' যাহাবীর এ কথাকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।

এ হাদীসটি বাতিল এ মর্মে হাফিযগণ (ইবনু হিব্বান, ইবনু আদী, যাহাবী, আসকালানী) ঐকমত্য পোষণ করেছেন।

١١٥. (انْيِبُوا طَعَامِكُمْ بِنْكُرِ اللهِ وَالصَّلَاةِ، وَلاَتَنَامُوا عَلَيْهِ؛ فَتَقْسُوا فَلُويْكُمْ).

১১৫। তোমরা তোমাদের খাদ্যকে আল্লাহর বিক্র ও সলাত ঘারা পরিপূর্ণ রাখ, তোমরা তার উপর নিদ্রা বেওনা; কারণ তাহলে তোমাদের হৃদয়গুলো কঠিন হয়ে যাবে।

### হাদীসটি জাল।

হাদীসটি ইবনু নাস্র "কিয়ামুল লাইল" গ্রন্থে (পৃ: ১৯-২০), উকায়লী "আযযু'য়াফা" গ্রন্থে (পৃ: ৯৬), ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/৪০), আবৃ নু'য়াইম
"আখবারু আসবাহান" গ্রন্থে (১/৯৬), ইবনুস সুন্নী "আমালুল ইয়াওম ওয়াল
লাইআহ্" গ্রন্থে (পৃ: ১৫৬ নং ৪৮২) ও বাইহাক্বী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে
(২/২১১/১) বাযী' আবৃল খালীল সূত্রে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি জাল। উকায়লী বলেন ঃ বাযী' অনুসরণযোগ্য নয়। ইবনু আদী তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এ সব হাদীসগুলো মুনকার। কোন ব্যক্তিই তার অনুসরণ করেননি।

বাইহাক্বী বলেন ঃ এটি মুনকার, বাযী' একক ভাবে এটি বর্ণনা করেছেন। তিনি দুর্বল।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি মিথ্যার দোষে দোষী বর্ণনাকারী। ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে বানোয়াট কিছু (হাদীস) বর্ণনা করেছেন, যেন তিনি তা ইচ্ছাকৃতই করেছেন। "লিসানুল মীযান" গ্রন্থে এসেছে; বুরকানী দারাকুতনীর উদ্ধৃতিতে বলেন ঃ তিনি (বাযী') মাতরুক। তার সব কিছুই বাতিল।

হাকিম বলেন ঃ তিনি জালা হাদীস বর্ণনা করেছেন এবং তিঁনি ভা নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বর্ণনা করেছেন।

হাদীসটিকে ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/৬৯) এ সূত্রে ইবনু আদীর বর্ণনায় উল্লেখ করেছেন। তিনি অন্য বর্ণনায় আসরাম ইবনু হাওশাব সূত্রে উল্লেখ করেছেন।

অতঃপর ইবনুল জাওয়ী বলেছেন ঃ এটি জাল। বায়ী মাতরক এবং আসরাম মিথ্যুক।

١١٦. (تَعَشُّوا وَلَوْ بِكَفِّ مِنْ حَشَّفٍ؛ قَإِنْ تُركَ الْعِشَاءِ مَهْرَمَةً).

১১৬। তোমরা নৈশ খাদ্য গ্রহণ কর যদিও তা নিকৃষ্ট মানের খাদ্যের এক হাতের তালু পরিমাণও হয়। কারণ নৈশ খাদ্য পরিত্যাগ করা বার্ধক্যের কারণ।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইমাম তিরমিয়ী (৩/১০০) ও কাযা'ঈ (১/৬৩) আম্বাসা ইবনু আব্দির রহমান আল-কুরাশী সূত্রে আব্দুল মালেক ইবনু 'আল্লাক হতে ...বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি মুনকার, এ সূত্র ব্যতীত অন্য কোন মাধ্যমে এটিকে চিনি না। আম্বাসা হাদীসের ক্ষেত্রে দুর্বল আর আব্দুল মালেক মাজহূল।

আমি (আলবানী) বলছি ঃ এ আম্বাসা সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ کان''

''پضع الحدیث' 'তিনি হাদীস জাল করতেন; যেমনভাবে যাহাবীর "আল-মীযান"
গ্রন্থে এসেছে। অতঃপর তিনি তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

হাদীসটি আবৃ নু'য়াইম "হিলইয়্যাহ" গ্রন্থে (৮/ ২১৪-২১৫), খাতীব বাগদাদী (৩/৩৯৬), ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১১) ও ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/২৩২) আমাসা সূত্রেই তার শাইখের নাম বিভিন্নরূপে উল্লেখ পূর্বক বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ কারণেই উক্ত বর্ণনাগুলো হতে সনদটি আঘাসা সূত্রে মুযতারিব এটাই সুস্পষ্ট। কারণ তিনি তার শায়খের নাম একবার বলছেন আব্দুল মালেক ইবনু আল্লাক আরেক বার বলছেন মুসলিম, আরেক বার বলছেন আল্লাক ইবনু মুসলিম, আবার বলছেন মূসা ইবনু উকবা। এরূপ ইযতিরাব হওয়াটাও হাদীসটি দুর্বল হওয়ার অন্যতম কারণ। [মুযতারিবের ব্যাখ্যা দেখুন (৫৭-৫৮) পৃষ্ঠায়।

হাদীসটি সাগানী তার "আহাদীসুল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ১২) এবং তার পূর্বে ইবনুল জাওয়ী (৩/৩৬) তিরমিয়ীর সূত্রে উল্লেখ করেছেন। ইবনু মাজাহ্ (২/৩২২) অনুরূপ অর্থের হাদীস জাবির (ﷺ) হতে বর্ণনা করেছেন। তার সনদে ইব্রাহীম ইবনু আন্দিস সালাম ও আব্দুল্লাহ ইবনু মায়মূন রয়েছেন। কিন্তু সেটি সহীহ্ নয় বরং নিতান্তই দুর্বল। কারণ ইব্রাহীম মাতর্রুকদের দলভুক্ত; যেমনভাবে "তাহযীবুত তাহযীব" গ্রন্থে এসেছে।

যাহাবীর "আল-মীযান" গ্রন্থে এসেছে ঃ ইবনু আদী তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ আমার নিকট তার অবস্থান হাদীস চোর হিসাবে।

আব্দুল্লাহ ইবনু মায়মূন যদি কাদাহ হন, তাহলে তিনি মাতরুক। আর যদি অন্য কেউ হন তাহলে তিনি মাজহূল।

ইবনুন নাজ্জার তার "আত-তারীখ" গ্রন্থে হাদীসটি আবুল হায়সাম আল-কুরাশী সূত্রে মূসা ইবনু উকবা হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদে আনন্দিত হওয়ার কিছু নেই। কারণ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ আবুল হায়সামের বর্ণনা মূসা হতে। আবুল ফাতাহ আল-আযদী বলেন ঃ ''كذاب'' 'তিনি মিথ্যুক।' "লিসানুল মীযান" গ্রন্থেও অনুরূপ কথা এসেছে।

١١٧. (مَنْ أَحَبُ أَنْ يُكُثِّرَ اللهُ خَيْرَ بَيْتِهِ؛ فَلِيَتُوضًا إِذَا حَضَرَ عَدَاؤُهُ وَإِذَا رُفْعَ).

১১৭। যে ব্যক্তি তার ঘরে আল্লাহ তা'আলা কর্তৃক অধিক কল্যাণ কামনা করে, সে যেন তার দুপুরের খাবার উপস্থিত হওয়ার সময় ওয়্ করে এবং যখন তা উঠিয়ে নেয়া হবে তখনও ওয়ু করে।

হাদীসটি মুনকার।

এটি ইবনু মাজাহ্ (৩২৬০), আবুশ শাইখ "কিতাবুল আখলাকিন নাবী (
ঞ্জী)
ওয়া আদাবৃহ্" (পৃ: ২৩৫) গ্রন্থে, ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (১/২৭৫) ও
ইবনুন নাজ্জার "যায়লু তারীখে বাগদাদ" গ্রন্থে (১০/১৫৩/২) বিভিন্ন মাধ্যমে কাসীর
ইবনু সুলাইম সূত্রে আনাস (
্ঞা) হতে বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু আদী এ কাসীরের জীবনীতে বলেন ঃ সাধারণত আনাস (ఉ) হতে তার এ বর্ণনাগুলো নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছি ঃ এ কাসীর দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত। বরং তার সম্পর্কে নাসাঈ বলেন ঃ ''এ' তিনি মাতরুক।

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে বলেছেন ঃ যাবারা ও কাসীর তারা উভয়েই দুর্বল। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১১) বলেন ঃ আবৃ যুর'য়াহ বলেন ঃ হাদীসটি মুনকার।

١١٨. (لا تَتَنَفِعُوا مِنَ الْمَيْنَةِ بِشَيْعٍ).

১১৮। মৃত্যু বস্তুর কোন কিছু ঘারা তোমরা উপকার গ্রহণ কর না।

হাদীসটি দুর্বল। (কিন্তু পরবর্তীতে তা সহীহ্ হিসাবে প্রমাণিত হয়েছে)।

হাদীসটি ইবনু ওয়াহাব তার "আল-মুসনাদ" গ্রন্থে যাম'য়াহ ইবনু সালেহ হতে বর্ণনা করেছেন। এ যাম'য়াহ বিতর্কিত; যেমনভাবে "নাসবুর রায়া" গ্রন্থে (১/১২২) এসেছে।

এটির সনদ দু'টি কারণে দুর্বল ঃ

১। এ যাম'য়াহ সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" ও "তালখীস" গ্রন্থে (১/২৯৭) বলেন ঃ তিনি দুর্বল।

২। আবৃষ যুবায়ের; তিনি মুদাল্লিস । এছাড়া এ হাদীসটি সহীহ হাদীস বিরোধী।

### নিৰ্দেশিকা:

হাদীসটি দুর্বল হওয়ার দু'টি কারণ বর্ণনা করেছি এবং বলেছি যে, এটি সহীহ হাদীস বিরোধী যা "ইরউয়া" গ্রন্থে উল্লেখ করেছি। কিন্তু পরবর্তিতে আবুয যুবায়েরের সুস্পষ্ট শ্রবণ পেয়েছি এবং এটির শক্তিশালী শাহেদ আব্দুল্লাহ ইবন্ উকায়েম হতে এ শব্দেই পেয়েছি। যা আমি "ইরউয়া" গ্রন্থে স্পষ্ট করেছি। অতঃপর পুনরায় আমি এটির সনদের দিকে দৃষ্টি দিয়েছি এবং এটি যে সহীহ্ এ মর্মে নিশ্চিত হয়েছি। এ জন্যই আমি এটিকে সহীহার মধ্যে (৩১৩৩) নাম্বারে উল্লেখ করেছি।

١١٩. (عِنْدَ اتَّخَاذِ الْأَعْتِيَاءِ الدَّجَاجَ يَاذَّنُ اللهُ بِهَلاكِ القُرَى).

১১৯। ধনীদের মোরগ গ্রহণ করার সময় আল্লাহ্ গ্রামগুলোকে ধ্বংসের ঘোষণা দেন।

#### হাদীসটি জাল।

হাদীসটি ইবনু মাজাহ (২/৪৮) ও আবৃ সা'ঈদ ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (১৭৬/১/২) বর্ণনা করেছেন এবং তার থেকে ইবনু আসাকির (১২/২৩৮/১) উসমান ইবনু আন্দির রহমান সূত্রে 'আলী ইবনু উরওয়া হতে ...বর্ণনা করেছেন।

সিন্দী ইবনু মাজার হাশিয়াতে বলেন ঃ "আয-যাওয়াইদ" গ্রন্থে এসেছে এটির সনদে 'আলী ইবনু উরওয়া রয়েছেন। যাকে মুহাদ্দিসগণ মিথ্যার দোষে দোষী হওয়ার কারণে পরিত্যাগ করেছেন।

ইবনু হিব্বান বলেন १ ''يضع الحديث'' 'তিনি হাদীস জাল করতেন।' আর উসমান ইবনু আন্দির রহমান মাজহুল।

ইবনুল জাওয়ী হাদীসটির ভাষা "আল-মাওয়ু'আত" গ্রন্থে উল্লেখ করেছেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তাকে (উসমান ইবনু আদির রহমানকে) সালেহ যাযারা ও অন্যরা মিথ্যুক বলেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ উসমান মাজহুল নন। তিনি হচ্ছেন পরিচিত হাররানী। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন ঃ তিনি সত্যবাদী, কিন্তু তার বেশীর ভাগ বর্ণনা দুর্বল এবং মাজহুল বর্ণনাকারীদের থেকে হওয়ায় তাকে দুর্বল বলা হয়েছে। এমনকি ইবনু নুমায়ের তাকে মিখ্যার দোষে দোষী করেছেন। অথচ তাকে ইবনু মা ঈন নির্ভরযোগ্য বলেছেন।

ইবনুল জাওয়ী (২/৩০৪) হাদীসটি ইবনু আদীর সূত্রে (৫/১৮৫১) আলী ইবনু উরওয়ার বর্ণনা ছাড়াও উকায়লীর সূত্রে গিয়াস ইবনু ইব্রাহীম হতে বর্ণনা করে বলেছেনঃ

হাদীসটি সহীহ্ নয়। কারণ 'আলী ইবনু উরওয়া এবং গিয়াস ইবনু ইব্রাহীম তারা উভয়েই হাদীস জাল করতেন।

সুয়্তী যে "আল-লাআলী" গ্রন্থে (২/২২৭) অন্য সূত্র আছে বলে তার সমালোচনা করেছেন, ইবনু আররাক এ সমালোচনাকে অমূলক বলেছেন, এ মিথ্যুক 'আলী ইবনু উরওয়া সনদে থাকার কারণে।

উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৩৫১) বলেছেন ঃ এ গিয়াস সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যুক; তিনি নির্ভরযোগ্য নন এবং নিরাপদও নন।

ইমাম বুখারী বলেন ঃ মুহাদ্দিসগণ (মিথ্যার দোষে দোষী হওয়ার কারণে) তাকে পরিত্যাগ করেছেন।

١٢٠ (يَا حُمَيْرَاءُ! مَنْ أَعْلَى ثَاراً؛ فَكَائْمَا تَصَدَّقَ يَجَمِيْعِ مَا تَصْجَتْ تِلكَ الْلَارُ، وَمَنْ أَعْلَى مِلْحاً؛ فَكَانُمَا تُصَدَّقَ بِجَمِيْعِ مَا طَيَّبَ ذَلِكَ الْمِلْحُ، وَمَنْ سَقَى مَسَلِما شَرْيَة مِنْ مَاءٍ حَيْثُ يُوجَدُ الْمَاءُ؛ فَكَانْمَا أَعْتِقَ رَقْبَة، وَمَنْ سَقَى مُسَلِما شَرْيَة مِنْ مَاءِ حَيْثُ لا يُوجَدُ الْمَاءُ؛ فَكَانْمًا أَعْنَا أَعْنَى رَقْبَة، وَمَنْ سَقَى مُسَلِما شَرْيَة مِنْ مَاء حَيْثُ لا يُوجَدُ فَكَانَّمًا أَحْيَاهَا).

১২০। হে হুমাইরা (আয়েশা [ఈ])! যে ব্যক্তি (অন্যক্কে) আগুণ দান করণ, সে যেন সাদকাহ করণ সেই সব বস্তুকে যেগুলোকে সে আগুন পাকিয়েছে। যে ব্যক্তি (অন্যকে) শবন দান করণ সে যেন সাদকা করণ সেই সব বস্তুকে লবন যেগুলোকে পবিত্র করেছে। যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তিকে তার নিকট প্রাপ্ত পানি পান করালো, সে যেন একটি দাসী মুক্ত (স্বাধীন) করণ। আর যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তিকে পানি পান করালো এমতাবস্থায় যে, তা ছিল দৃশ্প্রাপ্য, সে যেন তাকে জীবন দান করলো।

### श्मीमि पूर्वम।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/৯২) 'আলী ইবনু গোরাব সূত্রে যুহায়ের ইবনু মারযুক হতে, তিনি 'আলী ইবনু যায়েদ হতে …বর্ণনা করেছেন। 'আলী ইবনু গোরাব মুদাল্লিস। যুহায়ের ইবনু মারয্ক সম্পর্কে ইবনু মা'ঈন বলেনঃ তাকে চিনি না। বুখারী তার সম্পর্কে বলেনঃ ''منكر الحديث، مجهول'' 'তিনি মুনকারুল হাদীস, মাজহুল।'

'আলী ইবনু যায়েদের মধ্যে দুর্বলতা রয়েছে।

ইবনুল জাওয়ী হাদীসটির দ্বিতীয়াংশ অন্য এক সনদে "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/১৭০) উল্লেখ করে বলেছেন ঃ

ইবনু আদী বলেছেন ঃ এটি জাল। কারণ বর্ণনাকারী আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনু 'আলী হচ্ছে তার সমস্যা।

আমি (আলবানী) বলছি ঃ এটির তৃতীয় সূত্রও পেয়েছি যেটি ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" (২/১৫৩) গ্রন্থে উল্লেখ করেছেন।

কিন্তু এটির সূত্রও একাধিক সমস্যা জর্জরিত যার জন্য সনদটি দুর্বল।

- ১। বর্ণনাকারী ওবায়েদ ইবনু ওয়াকেদ হচ্ছেন দুর্বল।
- ২। আরজী ইবনু যিয়াদের জীবনী মিলছে না।
- ৩। তার শাইখ আব্দু কাইস মাজহুল।

# ١٢١. (قُلَّ مَا يُوْجَدُ فِي آخِر الزَّمَانِ دِرْهَمَّ مِنْ حَلالٌ، أَوْ أَخْ يُوثُقُ بِهِ).

১২১। শেষ যামানায় হালাল পদ্মায় দিরহাম অর্জন কমে যাবে বা এমন ভাই মিলা কমে যাবে যার উপর নির্ভর করা যায়।

# হাদীসটি নিতান্তই দুর্বল অথবা জাল।

হাদীসটি আবৃ নু'য়াইম (৪/৯৪) মুহাম্মাদ ইবনু সা'ঈদ আল-হাররানী সূত্রে আবৃ ফারওয়া আর-রাহাবী হতে, তিনি তার পিতা হতে, তার পিতা মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকী হতে ...বর্ণনা করেছেন।

মুহাম্মাদ ইবনু সা'ঈদ আল-হাররানী সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি কে জানি না। আবৃ ফারওয়া আর-রাহাবী; তার নাম ইয়াযীদ ইবনু মুহাম্মাদ। ইবনু আবী হাতিম তার জীবনী উল্লেখ করলেও তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

তার পিতা মুহাম্মাদ ইবনু ইয়াযীদ সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি শক্তিশালী নন। তিনি তার পিতা হতে হাদীস বর্ণনা করতে খুবই গাফিল ছিলেন। যদিও তিনি একজন নেককার ব্যক্তি ছিলেন, ...।

তার সম্পর্কে বুখারী বলেন ঃ ''يروي عن أبيه مناكير '' 'তিনি তার পিতা হতে মুনকারগুলো বর্ণনা করতেন।'

নাসাঈ বলেন ঃ তিনি শক্তিশালী নন।

মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকী সম্পর্কে ইবনু আবী হাতিম (৩/২/১৯৭) বলেন ঃ আমার পিতা [আব হাতিম] বলেছেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে অন্য এক মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকীর কথা উল্লেখ করেছেন। যিনি মালেক হতে বাতিল হাদীস বর্ণনা করতেন।

মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকী মালেক ইবনু আনাস হতে হাদীস বর্ণনা করেছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। আমার কাছে যা স্পষ্ট হচ্ছে তা এই যে, তারা একজনই, দু'জন নয়।

١٢٢. (نَهَى عَنِ الْغِنَاءِ، وَالْإِسْتِمَاعِ إِلَى الْغِنَاءِ، وَنَهَى عَنِ الْغِيْبَةِ، وَعَنِ الْإِسْتِمَاع إِلَى النَّمِيْمَةِ، وَعَنِ الْإِسْتِمَاعِ إِلَى النَّمِيْمَةِ). الإِسْتِمَاع إِلَى النَّمِيْمَةِ).

১২২। তিনি গান গাওয়া ও গান শ্রবণ করাকে নিষিদ্ধ করেছেন। তিনি গীবাত করা ও গীবাত শ্রবণ করাকে নিষিদ্ধ করেছেন এবং তিনি পরনিন্দা করা ও পরনিন্দা শ্রবণ করাকে নিষিদ্ধ করেছেন।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (৮/২২৬), তাবারানী "মু'জামুল কাবীর" ও "মু'জামুল আওসাত" গ্রন্থে এবং আবৃ নু'য়াইম (৪/৯৩) গেনা শব্দ ছাড়া ফুরাত ইবনু সাঈব সূত্রে... উল্লেখ করেছেন।

ফুরাত সম্পর্কে নাসাঈ ও দারাকুতনী বলেন ঃ তিনি মাতরূক। হায়সামীও বলেন ঃ তিনি মাতরূক।

ইমাম বুখারী বলেন ঃ ''منكر الحديث'' 'তিনি মুনকারুল হাদীস।'

ইমাম আহমাদ বলেন ঃ তিনি মুহাম্মাদ ইবনু তাহানের ন্যায়। তাকে যে মিথ্যার দোষে দোষী করা হয়, তিনি সেই দোষে দোষী।

আমি (আলবানী) বলছি ঃ এ মুহাম্মাদ ইবনু তাহান ইবনু যিয়াদ ইয়াশকুরীকে ইমাম আহমাদ ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমনভাবে ১৬ ও ১৯ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

পরনিন্দা এবং গীবাত হারাম মর্মে সহীহ্ হাদীস এসেছে। অতএব এ য'ঈফ হাদীসের কোন প্রয়োজনীয়তা নেই।

তবে গানের ক্ষেত্রে সব গানই হারাম নয়। যেগুলোতে হারাম স্থান, বস্তু বা কথার উল্লেখ রয়েছে, সেগুলোই হারাম। যেগুলোতে এসব কিছু নেই সেগুলো হারাম নয়।

তবে বাদ্যযন্ত্র; সেগুলোর সবই হারাম, এ মূর্মে সহীহ্ হাদীস বর্ণিত হয়েছে।
النَّ الله يَسْئَالُ عَنْ صُحْبَةِ سَاعَةٍ). ١٢٣

১২৩। আল্লাহ তা'আলা এক ঘন্টা সঙ্গ দেওয়া সম্পর্কেও জিজ্ঞেস করবেন।

হাদীসটি বানোয়াট। হাদীসটি এভাবেই মুখে মুখে পরিচিতি লাভ করেছে। এটিকে এ শব্দে চিনি না। এটি আগত হাদীসটির অর্থবোধক।

١٢٤. (مَا مِنْ صَاحِبٍ يَصْحَبُ صَاحِباً وَلَوْ سَاعَةً مِنْ ثَهَارٍ ؛ إِلاَّ سُئِلَ عَنْ صُحْبَتِهِ: هَلْ أَقَامَ فِيْهَا حَقَّ اللهِ أَمْ أَضَاعَهُ ؟).

১২৪। কোন ব্যক্তি যদি তার সাধীদের সাথে সঙ্গ দেয় এবং তা যদি দিবসের একটি মৃহর্তের জন্যও হয়; তবুও তাকে তার সঙ্গদানের মৃহর্ত সম্পর্কে জিজ্ঞাসিত হতে হবে। সে তাতে আল্লাহর হক প্রতিষ্ঠা করেছে না নষ্ট করেছে?

#### रामी अपि काम।

গাযালী হাদীসটি "আল-ইহুইয়া" গ্রন্থে (২/১৫৪) উল্লেখ করেছেন।

"আল-ইহ্ইয়া" গ্রন্থের তাখরীজকারী হাফিয ইরাকী বলেন ঃ এটির কোন ভিত্তি সম্পর্কে অবহিত হতে পারিনি। সুবকী "আত-তাবাকাত" গ্রন্থে (৪/১৫৬) একই কথা বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির ভিত্তি পেয়েছি। কিন্তু সেটি জাল (বানোয়াট)। কারণ এটি আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনু উমারের বর্ণনাকৃত, যার সম্পর্কে ইবনু আবী হাতিম তার জীবনীতে (১/১/৭১) বলেছেন ঃ

আমি তার সম্পর্কে আমার পিতাকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেন ঃ তিনি আমাদের নিকট এসেছিলেন। তিনি ছিলেন একজন মিখ্যুক। তার নিকট হতে লিখেছি কিন্তু তার থেকে হাদীস বর্ণনা করিনি।

١٢٥. (سُوْءُ الخُلْق دَنْبُ لا يُعْفَرُ، وَسُوْءُ الظُّنِّ خَطِيئَةَ تَقُوحُ).

১২৫। খারাপ চরিত্র এমন এক গুনাহ যা ক্ষমা করা হবে না আর কু-ধারণা এমন এক ক্রটি যা দুর্গন্ধ ছড়ায়।

হাদীসটি বাতিশ, এর কোন ভিত্তি নেই।

এটিকে গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৩/৪৫) উল্লেখ করেছেন।

যদি ধরে নেই যে, এ হাদীসটি হাদীস হিসাবে বাতিল একথাটি তার (গাযালী) নিকট লুক্কায়িত ছিল; তা বোধগম্য। কিন্তু জানি না হাদীসটি ফিকহের দৃষ্টিকোণ থেকেও যে বাতিল, এ বিষয়টি তার নিকট কীভাবে লুক্কায়িত থাকল?!

কারণ হাদীসটি সম্পূর্ণরূপে আয়াত বিরোধী। আল্লাহ তা আলা বলেন ঃ

(إِنَّ اللَّهَ لَا يَعْقِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَعْقِرُ مَا دُوْنَ ذَلِكَ لِمَن يُّشَاءُ)

অর্থঃ "নিশ্চয় আল্লাহ ক্ষমা করবেন না তার সাথে শরীক স্থাপন করাকে, তবে তা ছাড়া অন্যান্য পাপ যাকে চান ক্ষমা করে দিবেন" (সূরা আন-নিসাঃ ৪৮)। সম্ভবত এর মাঝে শিক্ষণীয় বিষয় রয়েছে সেই ব্যক্তির জন্য যিনি হাদীস বর্ণনার ক্ষেত্রে শিথিলতা করেন এবং মুহাদ্দিসগণের তরীকায় সহীহ্ হাদীস হিসাবে সাব্যস্ত না করেই নাবী (緣)-এর উদ্ধৃতিতে তা বর্ণনা করেন।

সুবকী "আত-তাবাকাত" গ্রন্থে (৪/১৬২) এ হাদীসটি "আল-ইহ্ইয়া" গ্রন্থের ঐ অধ্যায়ে উল্লেখ করেছেন, যেখানে সেই হাদীসগুলো উল্লেখ করা হয়েছে যেগুলোর সন্দ নেই।

١٢٦. (مَا مِنْ شَيْءٍ إِلاَّ لَهُ تُولِيَةً؛ إِلاَّ صَاحِبُ سُوْءٍ الْخُلُق، فَإِنَّهُ لاَ يَتُولِبُ مِنْ دَنْبٍ؛ إِلاَّ عَادَ فِي شَرَّ مِنْهُ).

১২৬। অসৎ চরিত্রের অধিকারী ব্যতীত এমন কোন গুনাহু নেই যার জন্য তওবা নেই। কারণ সে যখনই গুনাহু হতে তওবা করে তখনই সে তার চেয়েও নিকৃষ্ট গুনাহের মধ্যে পতিত হয়।

### হাদীসটি জাল।

হাদীসটি তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১১৪) এবং ইস্পাহানী "আত-তারগীব" গ্রন্থে (১/১৫১) আম্র ইবনু জামী' সূত্রে ...উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি বানোয়াট। কারণ আম্র সম্পর্কে নাকাশ বলেন ঃ ''أَحَادِيْنُهُ مَوْضُوْعَهُ، وكَثَبَهُ يَحْيَى بْنُ مَعِيْنِ'' তার হাদীসগুলো বানোয়াট এবং তাকে ইহইয়া ইবনু মা ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

ইবনু আদী বলেন है ''كَاْنَ يُثَهُمُ بِالْوَصْنُعِ'' তাকে জাল করার দোষে দোষী করা হত।

হাফিয হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (৮/২৫) বলেছেন ঃ এটিকে তাবারানী বর্ণনা করেছেন। এ সনদে মিথ্যুক আমুর ইবনু জামী' রয়েছেন।

সুয়ৃতী হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু তা তার শর্ত মোতাবেক হয়নি। সন্দে মিথ্যুক ব্যক্তি এককভাবে বর্ণনা করার কারণে।

"তাখরীজুল ইহ্ইয়া" প্রন্তে (৩/৪৫) ইরাকী কর্তৃক শুধুমাত্র হাদীসটির সনদ দুর্বল বলেই শেষ করাও ঠিক হয়নি। তবে যদি এ দৃষ্টিকোণ থেকে বলে থাকেন যে, জাল তো দুর্বল হাদীসেরই একটি প্রকার, তাহলে সমস্যা নেই।

١٢٧. (صَلَاةُ بِعِمَامَةٍ تَعْدِلُ خَمْساً وَعِشْرِيْنَ صَلَاةً بِغَيْرِ عِمَامَةٍ، وَجَمْعَةُ بِعِمَامَةٍ تَعْدِلُ شَمْساً وَعِشْرِيْنَ صَلَاةً لِيَشْهُدُونَ الْجُمْعَةُ بِعِيْرِ عِمَامَةٍ. إِنَّ الْمَلاَئِكَةُ لْيَشْهُدُونَ الْجُمْعَةُ مُعْمَيِّنَ، وَلا يَزَالُونَ يُصِلُّونَ عَلَى أصْحَابَ الْعَمَائِمِ حَتَّى تَعْرُبَ الشَّمْسُ).

১২৭। পাগড়ী পরে একটি সলাত আদায় করা বিনা পাগড়ীতে পঁচিশটি সলাত আদায় করার সমতুল্য। পাগড়ী সহ একটি জুম'আহ পাগড়ী ছাড়া সন্তরটি জুম'আর সমতুল্য। ফেরেশতাগণ পাগড়ী পরা অবস্থায় জুম'আতে উপস্থিত হন এবং পাগড়ীধারীদের প্রতি সূর্যান্ত পর্যন্ত অব্যাহতভাবে রহমত কামনা করতে থাকেন।

#### হাদীসটি জাল।

হাদীসটি ইবনুন নাজ্জার তার সনদে মহাম্মাদ ইবনু মাহদী আল-মারওয়াযী। পর্যন্ত ...বর্ণনা করেছেন।

ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে (৩/২৪৪) বলেছেন ঃ

এ হাদীসটি জাল। এটির সনদে আব্বাস ইবনু কাসীর রয়েছেন। তার বিবরণ ইবনু ইউনুসের "আল-গুরাবা" এবং তার "আয-যায়ল" নামক গ্রন্থে দেখছিনা। বর্ণনাকারী আবৃ বিশ্র ইবনু সায়য়য়রকে আবৃ আহমাদ হাকিম তার "আল-কুনা" গ্রন্থে উল্লেখ করেননি। এছাড়া আরেক বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু মাহদী আলমারওয়াযীকে চিনি না। আর মাহদী ইবনু মায়মূনকে সালিম হতে বর্ণনাকারী হিসাবে চিনি না, তিনি বাসরীও নন।

সুয়ৃতী তার "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ১১০) হাদীসটি উল্লেখ করে আসকালানীর কথাকে সমর্থন করেছেন। ইবনুল আররাকও (২/১৫৯) তার অনুসরণ করেছেন।

তা সত্ত্বেও সুয়্তী তার "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। 'আলী আল-কারী হাদীসটি তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (পৃ: ৫১) মানৃফী হতে বর্ণনা করেছেন। তিনি বলেন ঃ ''كَذِيْتُ بَاطِلِ'' 'এ হাদীসটি বাতিল।'

١٢٨. (ركَعَتَان بعِمَامَةٍ خَيْرٌ مِنْ سَبْعِيْنَ ركْعَة بلا عِمَامَةٍ).

১২৮। পাগড়ী সহ দু'রাকা'য়াত সলাত আদায় বিনা পাগড়ীতে সম্ভর রাকা'য়াত সলাত আদায় করার চাইতেও উত্তম।

#### रामीमिं खान।

হাদীসটি সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামীর বর্ণনায় জাবের (﴿

হতে উল্লেখ করেছেন। এ হাদীসটি তার "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে উল্লেখ করা উচিত ছিল। যেমনটি পূর্বে উল্লেখিত হাদীসের ক্ষেত্রে করেছেন। কারণ এটিতে পূর্বেরটির চেয়ে বেশী ফযীলত বর্ণনা করা হয়েছে। এর উপর জালের হুকুম লাগানোটা বেশী উপযোগী ছিল।

এটির সনদে তারেক ইবনু আন্দির রহমান নামক এক বর্ণনাকারী আছেন। তাকে যাহাবী দুর্বলদের অন্তর্ভুক্ত করে বলেছেন ঃ

নাসাঈ বলেন ঃ তিনি শক্তিশালী নন। বুখারী তাকে দুর্বলদের অন্তর্ভুক্ত করেছেন। হাকিম বলেন ঃ তিনি হেফযের ক্ষেত্রে ক্রটিযুক্ত ছিলেন। এ কারণে সাখাবী বলেন ঃ এ হাদীসটি সাব্যস্ত হয়নি।

আমি (আলবানী) বলছি ঃ তারেক ইবনু আন্দির রহমান দু'জন রয়েছেন।
একজন হচ্ছেন বাজালী কৃফী। তিনি সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব হতে বর্ণনা
করেছেন। অপরজন হচ্ছেন কুরাশী হিজাজী। তিনি 'আলা ইবনু আন্দির রহমান হতে
বর্ণনা করেছেন। এ দ্বিতীয়জন সম্পর্কে জানা যায় না। তার সম্পর্কে নাসাঈ বলেন ঃ
তিনি শক্তিশালী নন। এ হাদীসের সনদে এ দ্বিতীয়জনই রয়েছেন।

ইমাম আহমাদ ইবনু হামালকে নাসীবীর শাইখ মুহাম্মাদ ইবনু নু'য়াইম সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, তাকে বলা হয়েছিল তিনি সোহাইল হতে, আর সোহাইল তার পিতা হতে, তার পিতা আবৃ হরাইরাহ্ (ﷺ) হতে, আবৃ হরাইরাহ্ (ﷺ) নাবী (ﷺ) হতে বর্ণনা করেছেন। 'পাগড়ী সহ সলাত আদায় করা বিনা পাগড়ীতে সম্ভরবার সলাত আদায় করার চেয়েও উত্তম? উত্তরে তিনি (আহমাদ ইবনু হাম্মাল) বলেন ঃ তিনি মিপ্তাক, এটি বাতিল হাদীস।

١٢٩. (الصَّلاةُ فِي عِمَامَةٍ تَعْدِلُ بِعَثْمَرَةِ آلاف حَسَنَةٍ).

১২৯। পাগড়ীসহ সলাত পড়া দশ হাজার ভাল কর্মের সমতূল্য।

#### रामीअपि छान।

হাদীসটি সুয়ৃতী "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ১১১) দাইলামীর বর্ণনায় (২/২৫৬) উল্লেখ করেছেন। এ সূত্রে আবান নামক এক বর্ণনাকারী রয়েছেন। অতঃপর তিনি (সুয়ৃতী) বলেন ঃ আবান মিধ্যার দোষে দোষী।

ইবনুল আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২/২৫৭) তার এ কথার অনুকরণ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ সাখাবী "মাকাসীদুল হাসানা" গ্রন্থে (পৃ: ১২৪) তার শাইখ হাফিয ইবনু হাজারের অনুকরণ করে বলেন ঃ অবশ্যই হাদীসটি জাল।

মানৃফী বলেন ঃ অবশ্যই উক্ত হাদীসটি বাতিল, যেমনভাবে শাইখ আল-কারী তার "আল-মাওযু'আত" গ্রন্থে (পু: ৫১) বলেছেন।

উল্লেখ্য এ হাদীসটিসহ উপরের হাদীস দু'টি বাতিল তাতে আমার নিকট কোন সন্দেহ নেই। কারণ জামা'আতের সাথে সলাত আদায়ের চেয়েও পাগড়ী পরে সলাত আদায় করলে তা বেশী সাওয়াব হবে এটি বোধগম্য নয়। কারণ পাগড়ী সম্পর্কে সর্বোচ্চ বলা যেতে পারে এটি মুস্তাহাব। এমনকি পাগড়ী পরা অভ্যাসগত সুন্নাত ইবাদাতগত সুনাত নয়, এটিই সঠিক। অতএব এরূপ ফ্যীলত সম্বলিত হাদীস বাতিল হওয়ারই উপযোগী।

١٣٠. (إَنَّ اللهَ تُعَالَى لا يُعَدِّبُ حِسَانَ الْوُجُوهِ، سُودُ الْحَدَق).

১৩০। নিশ্চয় আল্লাহ তা'আলা চোখে কালো মনি বিশিষ্ট সুন্দর চেহারার অধিকারীদেরকে শাস্তি দিবেন না।

### श्मीमि छाम।

্হাদীসটি দাইলামী বর্ণনা করেছেন। তার সূত্রে বেনজীর ইবনু মানস্র, জা'ফার ইবনু মুহাম্মাদ আল-আবহারী, 'আলী ইবনু আহমাদ আল-হারুরী, জা'ফার ইবনু আহমাদ আর-দাকাক এবং আব্দুল মালেক ইবনু মুহাম্মাদ আর-রুকাশী রয়েছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/১১৩-১১৪) উল্লেখ করে এটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন।

আমি এটি সম্পর্কে আলোচনা করা প্রয়োজন মনে করছি এর সমস্যা কি তা প্রকাশ করার জন্য। আমাকে এটি সম্পর্কে আমার অতি আপনজন আমার পিতা বিশেষভাবে জিজ্ঞাসা করেছিলেন।

আমি বলছি ঃ এ হাদীসটির সনদে রুকাশীর নীচের বর্ণনাকারীগণ সকলেই মাজহুল। তাদের কারো সম্পর্কে আমার নিকট যে সব আসমায়ে রিজালের [বর্ণনাকারীদের তথ্য সম্বলিত] গ্রন্থ রয়েছে সে সবের কোনটিতেই (তাদের) আলোচনা পাইনি।

তবে এ রুকাশীর জীবনী সম্পর্কে "তাহযীবৃত তাহযীব" (৬/৪১৯-৪২১) এবং "তারীখু বাগদাদ" গ্রন্থে (১০/৪২৫-৪২৭) আলোচনা করা হয়েছে। তিনি হচ্ছেন ইবনু মাজার এক বর্ণনাকারী।

তিনি সত্যবাদী হলেও যখন তিনি বাগদাদে আগমন করেন তখন তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। ফলে তার হাদীসের সনদ এবং মতনগুলোতে বহু ভূলের সমাহার ঘটে। সম্ভবত এ হাদীসটি সেগুলোর একটি। নতুবা এটি সে সব মাজহূল বর্ণনাকারীদের কোন একজনের তৈরিকৃত।

ইবনুল আররাক "তানধীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/১৭৪) বলেন ঃ তার সনদে জা'ফার ইবনু আহমাদ আদ-দাকাক রয়েছেন। তিনিই হচ্ছেন হাদীসটির বিপদ।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি বাতিল হওয়ার ব্যাপারে কোন প্রকার সন্দেহ পোষণ করছি না। কারণ এটি শরীয়তে যা বর্ণিত হয়েছে তার সাথে বিরোধপূর্ণ। যেমন বলা হয়েছে প্রতিদান দেয়া হবে অর্জন এবং কর্মের উপর ভিত্তি করে।

অর্থঃ "যে ব্যক্তি এক অণু পরিমাণ নেক আমল করবে সে তা দেখতে পাবে, আর যে ব্যক্তি এক অণু পরিমাণ বদ আমল করবে সে তা দেখতে পাবে।" (সূরা যিল্যাল আয়াতঃ ৭-৮)

এমন কিছুর উপর ভিত্তি করে নয় যা মানুষের কৃত নয় এবং যাতে মানুষের কোন হাত নেই, যেমন ভাল-মন্দ। এ দিকেই ইঙ্গিত করে রসূল (ﷺ) বলেছেন ঃ (إِنَّ اللهَ لا يَنظُرُ اِلَى أَجْسَادِكُمْ وَلا اِلَى صُورَكُمْ، وَلَكِينَ يَنظُرُ اِلَى قُلُونِكُمْ وَأَعْمَالِكُمْ).

অর্থঃ 'নিশ্চয় আল্লাহ দৃষ্টি দিবেন না তোমাদের শরীর এবং তোমাদের আকৃতির দিকে, বরং দৃষ্টি দিবেন তোমাদের অন্তর ও তোমাদের কর্ম সমূহের দিকে।' এ হাদীসটি ইমাম মুসলিম ও অন্যান্য মুহাদ্দিসগণ হাদীসটি বর্ণনা করেছেন। অতএব আলোচ্য হাদীসটি যে বানোয়াট তাতে কোন প্রকার সন্দেহ নেই।

١٣١. (عَلَيْكُمْ بِالْوُجُوْهِ الْمِلاح، وَالْحِدَق السُّوْدِ؛ قَانَ اللهَ يَستُّحِي أَن يُعَدِّبَ وَجُهَا مَلِيْحا بِالنَّار).

১৩১। তোমরা সুন্দর (সুশ্রী) চেহারা এবং চোখে কালো মনি বিশিষ্ট রূপ ধারণ কর। কারণ আল্লাহ সুশ্রী চেহারার অধিকারীকে জাহান্নামের শাস্তি দিতে লচ্ছা পান। হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী "আত-তারীখ" গ্রন্থে (৭/২৮২-২৮৩) হাসান ইবনু আলী ইবনু জাকারিয়ার জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়্'আত" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ এটির সমস্যা হচ্ছে হাসান ইবনু 'আলী ইবনু জাকারিয়া আল-আদাবী। কারণ তিনি হাদীস জালকারী।

সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/১১৩) বলেন ঃ তিনি প্রসিদ্ধ জালকারীদের একজন।

শাইখ আল-কারী (পৃ:১১০) বলেন ঃ ''يُنْيِئْرِ'' ভালাহর অভিশাপ এ হাদীসের জালকারী খবীসের উপর।

হাদীসটি অন্য একটি সূত্রেও পেয়েছি, যাতে একাধিক সমস্যাধারী বর্ণনাকারী রয়েছেন। এ কারণে এ সনদটি পূর্বোল্লেখিত হাদীসের সনদের মতই অথবা তার চেয়েও নিকৃষ্ট। এতে রয়েছেন ঃ

- ১। ইব্রাহীম ইবনু সুলায়মান আয-যাইয়াত; তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি শক্তিশালী নন।
- ২। মুহাম্মাদ ইবনু তালহা আরুকী এবং তার থেকে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু আব্দিল্লাহ আল-কাযী; তাদের দু'জনকেই চিনি না।
- ৩। লাহেক ইবনু হুসাঈন; তিনি এ হাদীসের সমস্যা। কারণ তিনি একজন মিথ্যুক, জালকারী।

হাফিয ইদরীসী বলেন ঃ তিনি ছিলেন মিথ্যুক, নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জালকারী আমাদের যুগে তার মত মিথ্যুক দ্বিতীয় কাউকে চিনি না। মিথ্যক হাসান ইবন 'আলী আল-আদাবীর হাদীসগুলোর একটি নিম্নের হাদীসটিও ঃ ۱۳۲ . (النَّظْرُ إِلَى الْوَجْهِ الْحَسَنَ يَجِلُو الْبَصَرَ، وَالنَّظْرُ إِلَى الْوَجْهِ الْقَبِيْحِ يُورْثُ الْكَلْحَ).

১৩২। সুন্দর চেহারার দিকে দৃষ্টিদান চোখকে উচ্ছল করে আর কুৎসিত চেহারার দিকে দৃষ্টিদান মুখমন্তলে ভীতির চিহ্নের উদ্ভব ঘটায়।

## रामीजि छान।

খাতীব বাগদাদী হাদীসটি (৩/২২৬) উল্লেখ করেছেন এবং তার সূত্রে ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (১/১৬২-১৬৩) হাসান ইবনু 'আলী আল-আদাবীর মাধ্যমে উল্লেখ করেছেন। তার সম্পর্কে ১৩১ নং হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

এছাড়ও তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ সম্ভবত তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এক হাজারেরও বেশী জাল হাদীস বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ তিনিই হাদীসটি জাল করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ আবৃ সা'ঈদই যে, হাদীসটি জাল করেছেন তাতে কোন সন্দেহ করছি না।

١٣٣. (النَّظُرُ إلى وَجْهِ الْمَرْأَةِ الْحَسَنَّاءِ وَالْخُصْرَةِ يَرْيُدَانِ فِي الْبَصَر).

১৩৩। সুন্দর চেহারার অধিকারিণী নারী এবং সুন্দর ঘাসের দিকে দৃষ্টিদান দৃষ্টিশক্তিকে বৃদ্ধি করে।

#### रामीमि खान।

হাদীসটি আবৃ নু'য়াইম "হিলইয়্যাহ" গ্রন্থে (৩/২০১-২০২) উল্লেখ করেছেন এবং তার থেকে দাইলামী (৪/১০৬) বর্ণনা করেছেন।

এটির সনদে ইব্রাহীম ইবনু হাবীব ইবনে সালাম আল-মাক্কী রয়েছেন। তার জীবনী পাচ্ছিনা। একই অবস্থা তার থেকে বর্ণনাকারী আহমাদ ইবনু হুসাইনের ক্ষেত্রেও। কিন্তু তার মুতাবা'য়াত পাওয়া গেছে। মুহাম্মাদ ইবনু ই'য়াকৃব এবং মুহাম্মাদ ইবনু আহমাদ কাষী বুরানী তার মুতাবা'য়াত করেছেন। তারা সকলেই ইব্রাহীম হতে বর্ণনা ক্রেছেন।

হাদীসটি সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/১১৬) উল্লেখ করেছেন। এ বুরানীর জীবনী আল-খাতীব (১/২৯৫) উল্লেখ করে দারাকুতনীর উদ্ধৃতিতে বলেছেন ঃ

তার ব্যাপারে কোন সমস্যা নেই। কিন্তু তিনি দুর্বল শাইখদের থেকে হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে ইব্রাহীম। হাদীসটি যাহাবী "আল-মীযান" গ্রন্থে মুহাম্মাদ ইবনু আন্দির রহমান আবুল ফ্যলের জীবনী বর্ণনা করতে গিয়ে ইব্রাহীমের সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ ''خَبْرٌ بَاطِلٌ'' হাদীসটি বাতিল।

সাগানী হাদীসটি "আহাদীসূল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৭) উল্লেখ করেছেন। ইবনুল কাইয়্যিম বলেন ঃ এ হাদীসসহ অনুরূপ হাদীসগুলো যিন্দীকদের (নাস্তি কদের) জালকৃত।

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী তার "জামে'উস সাগীর" গ্রন্থে এটি এবং পরবর্তী হাদীসটি উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিপ্ত করেছেন।

١٣٤. (ثلاثة يَرْدُنَ فِي قُوَّةِ الْبَصَرِ: النَّظْرُ اللَّي الْخُصْرَةِ، وَإِلَى الْمَاءِ الْجَارِيْ، وَإِلَى الْوَجْهِ الْحَسَنُ).

১৩৪। তিনটি বস্তু দৃষ্টিশক্তি বৃদ্ধি করেঃ সবুজ বর্ণ, প্রবাহিত পানি ও সুন্দর চেহারার দিকে দৃষ্টি দান।

#### হাদীসটি জাল।

ইবনুল জাওয়ী এটিকে "মাওয়ু'আত" প্রস্থে (১/১৬৩) ওয়াহাব ইবনু ওয়াহাব সূত্রে ...উল্লেখ করে বলেছেন ۽ 'نِاطِلُ، وَهَبُ كَذَّابُ'' হাদীসটি বাতিল ওয়াহাব একজন মিখ্যুক।

সুযুতী "আল-লাআলী" গন্থে (১/১১৫-১১৭) তার সমালোচনা করে বলেছেন ঃ হাদীসটির একাধিক সূত্র রয়েছে। যা হাদীসটিকে জালের পর্যায় হতে বের করে নিয়ে আসে।

আমি (আলবানী) বলছি ঃ এটির সুত্রগুলোতে হয় দুর্বল, না হয় মাজহুল, না হয় মিথ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছেন।

ইবনুল কাইয়্যিম তার "আল-মানার" গ্রন্থে জাল হাদীস চেনার উপায় বলতে গিয়ে বলেছেন ঃ (যা শাইখ আল-কারী তার "মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ১০৯) উল্লেখ করেছেন) হাদীসটি নাবীদের কথার সাথে সাদৃশ্যপূর্ণ হবে না, এমনকি সাহাবীদের কথার সাথেও মিলবে না, যেমন বলে এ হাদীসটি উল্লেখ করেছেন।

অতঃপর শাইখ আল-কারী তার সমালোচনা করে বলেছেন ঃ এটি দুর্বল জাল নয়।

আমি বলছি ঃ তাদের উভয়ের কথার মধ্যে কোন মতভেদ নেই। কারণ এটি সনদের দিক দিয়ে দুর্বল এবং মতনের (ভাষার) দিক দিয়ে জাল।

١٣٥. (إِذَا سَمِعْتُمْ بِجَبَلِ زَالَ عَنْ مَكَاتِهِ؛ قَصَدَقُوْا، وَإِذَا سَمِعْتُمْ بِرَجُلِ تَعْيَرَ عَنْ خُلُقِهِ؛ قَلاتُصَدَقُوْا بِهِ ،وَإِثَّهُ يَصِيْرُ إِلَى مَا جُبِلَ عَلَيْهِ).

১৩৫। যখন তোমরা কোন পাহাড় সম্পর্কে শুনবে যে, পাহাড়িটি স্থানচ্যুত হয়েছে, তখন তোমরা তা বিশ্বাস করবে, আর যখন শুনবে কোন ব্যক্তির চরিত্র পরিবর্তন হয়ে গেছে, তখন তোমরা তা বিশ্বাস করবে না। কারণ সে চলবে সেই ছাঁচে যার উপর তাকে তৈরি করা হয়েছে। श्मीअि पूर्वन।

হাদীসটি ইমাম আহমাদ (৬/৪৪৩) যুহ্রীর সূত্রে আবুদ-দারদা (ఉ) হতে বর্ণনা করেছেন।

এ সনদটি মুনকাতি' [বিচ্ছিন্ন]।

হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (৭/৬৯৬) এ কারণই দর্শিয়েছেন।
মানাবী "শারহুল জামে'ইস সাগীর" গ্রন্থে তার অনুসরপ করে বলেন ঃ হায়সামী
বলেছেন ঃ সনদের বর্ণনাকারীগণ সহীহার বর্ণনাকারী। কিন্তু যুহুরী আবুদ-দারদা
(ﷺ)-কে পায়নি।

সাখাবীও বলেছেন ঃ হাদীসটি মুনকাতি'।

আজলুনী "আল-কাশফ" গ্রন্থে (১/৮৭) বলেছেন ঃ এটিকে সহীহ্ সনদে ইমাম আহমাদ উল্লেখ করেছেন। কিন্তু অদ্ভূত ব্যাপার এই যে, তিনি অন্যত্র (১/৮২) উল্লেখ করে কোন হকুম লাগাননি। অতঃপর তৃতীয় স্থানে (১/২৫৯) উল্লেখ করে "আল-মাকাসিদ" গ্রন্থ হতে নকল করে বলেছেন ঃ এটি মুনকাতি'। এ ঘটনা প্রমাণ করছে যে, আজলুনী একজ্ঞন মুকাল্লিদ, নকল করে বর্ণনাকারী।

এ হাদীসটির মধ্যে জাবরিয়াদের আক্বীদার গন্ধ পাওয়া যায়। কারণ তাদের নিকট মুসলিম ব্যক্তি তার চরিত্র ভাল করার অধিকারী নয়। কেননা সে তার কিছু পরিবর্তন করতে সক্ষম নয়।

অথচ চরিত্র ভাল করার জন্য হাদীসে তাগাদা এসেছে। যেমন রস্ল (ﷺ) বলেছেন శి ''أَنَا زَعِيْمٌ بِيَرْتُ فِي أَعَلَى الْجَنَّةِ لِمَنْ حَسَّنَ خُلُقَهُ'' 'আমি সেই ব্যক্তির জন্য একটি ঘরের জিম্মাদার যে, তার চরিত্রকৈ সুন্দর করেছে।'

আবৃ দাউদ (২/২৮৮) ও অন্যান্য মুহাদ্দিসগণ হাদীসটি বর্ণনা করেছেন। এটির সন্দ সহীহ।

এ হাদীসটি প্রমাণ করছে যে, আলোচ্য হাদীসটি মুনকার।

١٣٦٠. (مَنْ حَدَّثُ حَدِيثًا، فَعُطِسَ عِنْدَهُ؛ فَهُوَ حَقٍّ).

১৩৬। যে ব্যক্তি কোন হাদীস বর্ণনা করবে। অতঃপর তার নিকট হাঁচি দেয়া হবে, সে ব্যক্তি (তার কথাই) সত্য।

হাদীসটি বাতিল।

হাদীসটি তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/১৪৮) উল্লেখ করেছেন। অনুরূপ ভাবে তিরমিয়ী, হাকিম, আবৃ ই'য়ালা, তাবারানী "মু'জামুল আওসাত" গর্ছে এবং ইবনু শাহীন বাকিয়া সূত্রে মু'য়াবিয়া ইবনু ইয়াহ্ইয়া হতে ...বর্ণনা করেছেন।

তিনি কিছুই না। আব্দুল্লাহ ইবনু জা'ফার আল-মাদীনী আবৃ আলী তার মুতাবা'য়াত করেছেন, কিন্তু এ আব্দুল্লাহ মাতরুক।

সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (২/২৮৬) কতিপয় হাদীস উল্লেখ করে তার সমালোচনা করেছেন। যেগুলোর কোনটি মারফু' আবার কোনটি মওকৃফ, আবার কোনটি 'আমভাবে হাঁচি প্রদানকারীর ফ্যীলত বর্ণনায় এসেছে। সেগুলো এটির শাহেদ হতে পারে না যদিও সহীহ হয়।

এছাড়া ইমাম নাবাবী কর্তৃক তার "আল-ফাতাওয়া" গ্রন্থে (পৃ ঃ ৩৬-৩৭) 'এটির সনদ ভাল ও হাসান বলা এবং একমাত্র বাকিয়া ব্যতীত সকলে নির্ভরশীল; এছাড়া তিনি যখন শামীদের থেকে হাদীস বর্ণনা করেছেন তখন তার হাদীসকে অধিকাংশ মুহাদ্দিসগণ দলীল হিসাবে গ্রহণ করেছেন এবং মু'য়াবীয়া শামী' এ বক্তব্যটি তার ধারণা মাত্র। কারণ বাকিয়া তাদলীসের ব্যাপারে প্রসিদ্ধ। মু'য়াবিয়া হতে আনু আনু শব্দে বর্ণনা করেছেন। নাসাঈ সহ আরো অনেকে বলেছেন ঃ

তিনি যখন বলবেন ঃ ''خبرنا'' حدثتا'' محدثتا'' আমাকে হাদীস শুনিয়েছেন, আমাকে সংবাদ দিয়েছেন, তখন তিনি নির্ভর্যোগ্য।

একাধিক ব্যক্তি বলেছেন ঃ তিনি যখন আন্ দিয়ে হাদীস বর্ণনা করবেন তখন তিনি গ্রহণযোগ্য নন।

এ জন্য আবৃ মুসহের বলেছেন ঃ বাকিয়ার হাদীসগুলো পরিচছন্ন নয়, তার হাদীসগুলো হতে বেঁচে থাকুন।

याशवी वलन : वाकिया पूर्वन এवः मूनकात्त्रत्र अधिकाती।

মু'য়াবীয়া নিতান্তই দুর্বল বর্ণনাকারী।

ইবন মা'ঈন বলেন ঃ তিনি হালেক, কিছুই না।

আবৃ হাতিম বলেন ঃ তিনি দুর্বল, তার হাদীসে ইনকার রয়েছে।

নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাকিম আবৃ আহমাদ বলেন ঃ তার হাদীসগুলো মুনকার, জালের সাথে সাদৃশ্যপূর্ণ।

সাজী বলেন ঃ হাদীসের ক্ষেত্রে তিনি নিতান্তই দুর্বল।

সকলেই তার দুর্বল হওয়ার ব্যাপারে একমত।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৩৪২) বলেন ঃ আমি আমার পিতাকে মু'য়াবিয়া হতে বাকিয়ার এ হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেন ঃ এ হাদীসটি মিথ্যা।

ইবনুল কাইয়্যিমও হাদীসটিকে জাল হিসাবেই উল্লেখ করেছেন। এছাড়া অর্থের দিক দিয়েও হাদীসটি সহীহ্ নয়। কারণ যদি একশত ব্যক্তি নাবী (ﷺ)-এর হাদীসের নিকটে হাঁচি দেয়, তবুও তাকে সহীহ্ বলে হুকুম লাগানো যাবে না। অনুরূপভাবে কোন ব্যক্তির সাক্ষীর সাথে যদি তারা হাঁচি দেয় তাহলেও তাকে সত্যবাদী হিসাবে হুকুম দেয়া যাবে না। মিথ্যা তার কর্ম চালিয়েই যাবে। অতএব কোন লোক যদি বলে যে, সনদটি সহীহ্ তবুও হাদীসটি বানোয়াট অনুভূতি এমনই সাক্ষ্য দিচ্ছে।

١٣٧. (أصدَقُ المديثِ مَا عُطِسَ عِدْدَهُ).

১৩৭। যে কথার নিকট হাঁচি দেয়া হয় সেটিই হচ্ছে সর্বাপেক্ষা সত্য কথা। হাদীসটি বাতিক।

এটিকে তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৯১/২/৩৫০২) আম্মারা ইবনু যাযান সূত্রে সাবেত হতে, তিনি আনাস (ﷺ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করে বলেছেন ঃ

সাবেত হতে একমাত্র আম্মারাই হাদীসটি বর্ণনা করেছেন।

এ আম্মারা সম্পর্কে ইমাম আহমাদ বলেন ঃ তিনি সাবেতের সূত্রে আনাস (ﷺ) হতে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন।

এটিই হচ্ছে এ হাদীসের সমস্যা। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/৫৯) এদিকেই ইঙ্গিত করেছেন।

অর্থের দিক দিয়েও যে হাদীসটি বাতিল তা পূর্বের হাদীসেই আলোচনা করা হয়েছে।

١٣٨. (ثلاثُ يَقْرَحُ يِهِنَ الْبَدَنُ، ويَرَبُو عَلَيْهَا: الطَّيْبُ، وَالتُّوْبُ اللَّيْنُ، وَشُرْبُ الطَّيْبُ، وَالتُّوْبُ اللَّيْنُ،

১৩৮। তিনটি বস্তু দারা শরীর আনন্দিত (পরিতৃপ্ত) হয় এবং তার উপর ভর করেই বৃদ্ধি লাভ করে; সুগন্ধি, মোলায়েম কাপড় এবং মধু পান করা।

#### হাদীসটি জাল।

এটিকে ইবনু হিব্বান "আয-যু'য়াফা ওয়াল মাতরূকীন" গ্রন্থে (৩/১৪১) এবং আবৃ নু'য়াইম (৬/৩৪০) তাবারানী সূত্রে মুহাম্মাদ ইবনু রাওহ আল-কাতাইরী হতে, তিনি ইউনুস ইবনু হারূণ আল-আযদী হতে ...বর্ণনা করেছেন।

আবৃ নুরাইম বলেন ঃ মালেক হতে তার পিতার উদ্ধৃতিতে হাদীসটি গারীব। মুহাম্মাদ ইবনু রাওহ এককভাবে এটি বর্ণনা করেছেন।

ইবনুস সাম'য়ানী মুহাম্মাদ ইবনু রাওহ সম্পর্কে বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু ইউনুসও বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস।
দারাকুতনী তার এবং তার শাইখ ইউনুস ইবনু হারূণ সম্পর্কে বলেন ঃ তারা
দু'জনই দুর্বল। তিনি "গারায়েবে মালেক" গ্রন্থে বলেন ঃ মালেক হতে হাদীসটি সহীহ্
নয়।

ইবনু হিব্বান বলেন ঃ ইউনুস আশ্চর্যজনক কিছু বর্ণনা করেছেন। তার থেকে বর্ণনা করাই হালাল নয়। মালেক তার পিতা ও তার দাদা হতে কিছুই বর্ণনা করেননি।

١٣٩. (أَشْنَقَى الأَشْنَقِيَاءِ: مَنْ اجْتَمَعَ عَلَيْهِ فَقْرُ الدُّنْيَا وَالآخِرَةِ).

১৩৯। হতভাগ্যদের মধ্যে সর্বাপেক্ষা দুঃখী সেই ব্যক্তি যার মাঝে দুনিয়া ও আখেরাতের দরিদ্রতা একত্রিত হয়েছে।

### হাদীসটি জাল।

এটিকে হাকিম (৪/৩২২), বাইহাক্বী "সুনান" গ্রন্থে (৭/১৩) ও তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/২৯৪/১/৯৪২৩) খালেদ ইবনু ইয়াযীদ ইবনে আব্দির রহমান সূত্রে ...উল্লেখ করেছেন।

তাবারানী বলেন ঃ তিনি এককভাবে এটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি দুর্বল, মিথ্যার দোষে দোষী। তবে তিনি এককভাবে বর্ণনা করেননি। এ আলোচনা একটু পরেই আসবে।

হাকিম বলেন ঃ এটির সনদ সহীহ্। যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি তাদের দু'জনের অশোভনীয় ধারণা মাত্র।

কারণ এ খালেদ সম্পর্কে ইমাম আহমাদ বলেন ৪ ''عليس بشيء'' 'তিনি কিছই না।'

ইবনু আবিল হাওয়ারী বলেন ঃ আমি ইবনু মা'ঈনকে বলতে শুনেছি যে, শাম দেশে একটি কিতাব আছে সেটি গেড়ে দেয়া উচিত। সেটি হচ্ছে খালেদ ইবনু ইয়াযীদ ইবনে আবী মালেক-এর 'কিতাবুদ দিয়াত'। তিনি তার পিতার উপর মিথ্যারোপ করে সম্ভুষ্ট হতে পারেননি। এমনকি সাহাবীগণের উপরেও মিথ্যারোপ করেছেন।

ইবনু আবী হাতিম "আল-জারহ্ ওয়াত তা'দীল" গ্রন্থে (১/২/৩৫৯) বলেন ঃ আমার পিতাকে এ খালেদ সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন ঃ তিনি মুনকার হাদীস বর্ণনাকারী।

এ হাদীসটি দ্বিতীয়, তৃতীয় এবং চতূর্থ সূত্রেও বর্ণিত হয়েছে, কিন্তু কোনটিই জাল বর্ণনাকারী হতে মুক্ত নয়।

١٤٠. (الزُّنِّا يُورِثُ الْقَقْرَ).

১৪০। ব্যভিচার (যেনা) দরিদ্রতার অধিকারী করে। হাদীসটি বাতিল।

এটিকে কার্যা'ঈ "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (৭/২) উল্লেখ করেছেন। দু'টি কারণে এটির সনদ নিতান্তই দুর্বল ঃ

১। বর্ণনাকারী লাইস ইবনু আবী সুলাইম দুর্বল।

২। অপর বর্ণনাকারী আল-মাযী ইবনু মুহাম্মাদ মাজহূল, মুনকারুল হাদীস। যাহাবী বলেছেন ঃ তার বহু মুনকার হাদীস রয়েছে এটি সেগুলোর এক্টি ।

.ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (১/৪১০-৪১১) বলেছেন ঃ আমার পিতা এ হাদীসটি সম্পর্কে বলেন ঃ এটি বাতিল হাদীস, মাযীকে আমি চিনি না।

এছাড়াও অন্য এক সূত্রে হাদীসটি বাইহাক্বীর "আশ-শু'য়াব" এছে (৬/৪৩২) এবং দাইলামীর "মুসনাদূল ফিরদাউস" গ্রন্থে (২/৯৯/২) বর্ণিত হয়েছে। সেটিতে একাধিক মাজহূল বর্ণনাকারী রয়েছেন।

١٤١. (إيَّاكُمْ وَالرَّنَا؛ قَإِنَّ فِيْهِ سِتُ خِصَالٍ؛ ثَلاثاً فِي الدُّنيَا، وتُلاثاً فِي الآخرةِ، قَامَااللُّواتِي فِي الدُّنيَا؛ قَإِنَّهُ يَدْهَبُ بِالْبَهَاءِ، ويَوْرثُ الْقَقْرَ، ويَنْقِصُ الرِّنِقَ، وَأمَّا اللَّوَاتِي فِي الآخِرةِ؛ قَإِنَّهُ يُورثُ سَخَطَ الرَّبِ، وَسَوْءِ الْحِسَابِ، وَالْخُلُودَ فِي الثَّار).

১৪১। তোমরা ব্যভিচার (যেনা) থেকে বেঁচে থাক, কারণ তাতে ছয়টি খাসলত রয়েছে; যার তিনটি ঘটবে দুনিয়ায় আর তিনটি আখেরাতে। যেগুলো দুনিয়াতে ঘটবে সেগুলো হচ্ছে; তা (যেনা) উজ্জ্বলতা নিয়ে যায়, দরিদ্রতার অধিকারী বানায় এবং রিযুক কমিয়ে দেয়। আর যেগুলো আখেরাতে ঘটবে সেগুলো হচ্ছে; তা প্রভুর ক্রোধ, মন্দ হিসাব-কিতাব এবং স্থায়ী জাহান্নামী বানিয়ে দেয়।

#### रामीमि छान।

এটিকে ইবনু আদী (২০/২৩) ও আবৃ নু'রাইম (৪/১১১) আ'মাশ হতে মাসলামা ইবনু 'আলী সূত্রে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ হাদীসটি আ'মাশ হতে নিরাপদ নয়, এটি মুনকার।

আবৃ নু'য়াইম বলেন ঃ মাসলামা আ'মাশ হতে এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ মাসলামা মাতর্রক হবার বিষয়ে সকলে একমত। বরং হাকিম বলেছেন ঃ তিনি আওযা'ঈ এবং যুবায়দীর উদ্ধৃতিতে মুনকার ও জাল হাদীস বর্ণনা করেছেন।

যাহাবী তার বহু মুনকার হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। তার অন্য একটি হাদীস সম্বন্ধে আবৃ হাতিম বলেছেন ঃ এটি বাতিল, জাল।

ইবনুল জাওথী আলোচ্য হাদীসটিকে তার "আল-মাওয়ু'আত" প্রন্থে (৩/১০৭) উল্লেখ করে বলেছেন ঃ মাসলামা মাতরক। তার মুতাবা'য়াতকারী আবান ইবনু নাহশাল হচ্ছেন নিতান্তই মুনকারুল হাদীস। ইবনু হিব্বান বলেন ঃ হাদীসটির কোন ভিত্তি নেই।

হাদীসটি অন্য কোন সূত্রেও নির্ভরযোগ্য বর্ণনাকারীর মাধ্যমে বর্ণিত হয়নি।

١٤٢. (إيَّاكُمْ وَالزِّنَا؛ قَإِنَّ فِي الزِّنَا سِبِتُ خِصَالٍ؛ ثَلَاثٌ فِي الدُّنْيَا، وتُلاثُ فِي الدُّنْيَا، وتُلاثُ فِي النَّنْيَا، وتُلاثُ فِي النَّذِيَا؛ قَدْهَابُ ثُورُ الْوَجْهِ، وَاتْقِطَاعُ الرَّزْق ، وَسُرْعَهُ الْقَنَاءِ، وَالْقَطَاعُ الرَّقِ ، وَسُرْعَهُ الْمَسْاءِ، وَسُرْعَهُ الْحَسِنَابِ، وَالخُلُودُ فِي الثَّارِ؛ إِلاَّ أَنْ يُشْنَاءَ اللهُ).

১৪২। তোমরা ব্যভিচার (যেনা) থেকে বেঁচে থাক, কারণ তাতে ছয়টি খাসলত রয়েছে; যার তিনটি ঘটবে দুনিয়ায় আর তিনটি আখেরাতে। যেগুলো দুনিয়াতে ঘটবে সেগুলো হচ্ছে; তাতে (যেনাতে) চেহারার নূর লোপ পাবে, রিষ্ক বন্ধ হয়ে যাবে এবং দ্রুত বিনাশ হয়ে যাবে। আর যেগুলো আখেরাতে ঘটবে সেগুলো হচ্ছে; প্রভুর ক্রোধ, মন্দ হিসাব-কিতাব এবং ছায়ী জাহান্লামী হওয়া। তবে আল্লাহ যাকে চান তাকে বাদ দিয়ে।

#### হাদীসটি জাল।

এটিকে খাতীব বাগদাদী তার "আত-তারীখ" (১২/৪৯৩) গ্রন্থে এবং তার থেকে ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/১০৭) কা'য়াব ইবনু আম্র আল-বালখী সূত্রে ...উল্লেখ করেছেন।

আল-খাতীব ও ইবনুল জাওয়ী বলেছেন ঃ কা'য়াব ইবনু আম্র আল-বালখী ছাড়া এ হাদীসটির অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তিনি নির্ভরযোগ্য ছিলেন না। মুহাম্মাদ ইবনু আবুল ফাওয়ারিস বলেন ঃ হাদীসের ক্ষেত্রে তার মন্দ অবস্থা ছিল। ওতায়কী বলেন ঃ হাদীসের ক্ষেত্রে তার মধ্যে শিথিলতা ছিল।

সুয়ৃতী ইবনুল জাওয়ীর সমালোচনা করে হাদীসটির অন্য একটি সনদ "আল-লাআলী" গ্রন্থে (২/১৯১) উল্লেখ করেছেন। কিন্তু সেটির সনদে আবুদ-দুনিয়া নামক এক বর্ণনাকারী আছেন, তিনি মিথ্যুক। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

তিনি একজন মিথ্যুক। তিনি তিনশত হিজরীর পরের, তা সত্ত্বেও 'আলী ইবনু আবী তালিব (ﷺ) হতে শুনেছেন এরূপ দাবী করতেন। তার নাম উসমান ইবনু খান্তাব আবূ আম্র।

সুয়ৃতী কর্তৃক মিথ্যুকের বর্ণনা দারা শাহেদ পেশ করা প্রমাণ করছে যে, তিনি হাদীসের উপর হুকুম লাগানোর ক্ষেত্রে নরমপন্থীদের একজন। [শাহেদ শব্দের ব্যাখ্যা দেখুন (৫৬) পৃষ্ঠায়।

١٤٣. (إِيَّاكُمْ وَالزِّنَا؛ فَإِنَّ فِيْهِ أَرْبَعُ خِصَالٍ: يَدْهَبُ بِالْبَهَاءِ مِنَ الْوَجْهِ، وَيَقْطَعُ الرَّزْقَ، ويُسْخِطُ الرَّحْمَنَ، وَالْخُلُودَ فِي الثَّارَ).

১৪৩। তোমরা ব্যভিচার (যেনা) থেকে বেঁচে থাক, কারণ তাতে চারটি খাসলত রয়েছে; যেগুলো চেহারা থেকে উচ্জনতা নিয়ে যায়, রিযুক বন্ধ করে দেয়, দয়াময় আল্লাহকে রাগান্বিত করে এবং স্থায়ী জাহান্নামী বানায়।

## হাদীসটি জাল।

এটি তাবারানী "আল-আওসাত" গ্রন্থে (২/১৪৪/২/৭২৩৪) এবং ইবনুল জাওয়ী "আল-মাওযু'আত" গ্রন্থে (৩/১০৬) ইবনু আদীর সূত্রে আম্র ইবনু জামী' হতে ...বর্ণনা করেছেন।

ু এ আম্র একজন মিথ্যুক। তাকে ইবনুল জাওয়ী মিথ্যুক বলেছেন। ১২৬ নং হাদীসের মধ্যে তার সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

এছাড়া তার একটি মুতাবা'য়াত মিলেছে। কিন্তু সে সনদটিতে তিনটি সমস্যা রয়েছে। ফলে তা হাদীসটিকে জাল হওয়া থেকে মুক্ত করতে পারেনি। তাতে রয়েছেন ইসমা'ঈল বাসরী; তিনি দুর্বল বর্ণনাকারী। মুখতার ইবনু গাস্সান; তাকে কোন ব্যক্তিই নির্ভরযোগ্য বলেননি, এবং ইব্রাহীম ইবনু ইসমা'ঈল; কে তার জীবনী বর্ণনা করেছেন তা পাচ্ছিনা। এছাড়া হাদীসটি ইবনু যুরায়েজ কর্তৃক আন্ আন্ শব্দে বর্ণনাকৃত। তিনি মুদাল্লিস। [মুতাবা'আত শব্দের ব্যাখ্যা (৫৭) পৃষ্ঠায়]।

١٤٤. (أَكْتُبُ الْحَدِيثِ الصَبَّاعُونَ وَالصَّوَّاعُونَ).

১৪৪। লোকদের মাঝে সর্বাপেক্ষা মিথ্যুক হচ্ছে বস্ত্রাদিতে রংকারীরা এবং অলংকারাদী প্রস্তুত কারীরা।

#### হাদীসটি জাল।

হাদীসটি তায়ালীসী তার "মুসনাদ" গ্রন্থে (১/২৬২) হুমাম-এর মাধ্যমে ফারকাদ আস-সাবখী হতে ...উল্লেখ করেছেন।

এছাড়া ইবনু মাজাহ (২/৬), ইমাম আহমাদ (২/২৯২,৩২৪,৩৪৫) ও আবৃ সা'ঈদ ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/৭৮) বিভিন্ন সূত্রে হুমাম হতে বর্ণনা করেছেন।

এ ফারকাদ ব্যতীত এটির সনদের সকলেই নির্ভরযোগ্য। এ ফারকাদ সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে শক্তিশালী নন।

নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

ইমাম বুখারী তার সম্পর্কে বলেন ঃ তার হাদীসে মুনকার রয়েছে।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার মুনকার হাদীসগুলো উল্লেখ করেছেন। সেগুলোর প্রথমটি হচ্ছে এটি। এ জন্য ইবনুল জাওযী "আল-ইলাল" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ নয়।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৭৮) অন্য একটি সূত্রে হাদীসটি ভিন্ন ভাষায় বর্ণনা করেছেন। এ সনদে ইয়াহ্ইয়া ইবনু সালাম রয়েছেন, তিনি উসমান ইবনু মুকসিম হতে বর্ণনা করেছেন।

অতঃপর বলেছেন ঃ আমার পিতা বলেছেন যে, এ হাদীসটি মিথ্যা। এ উসমান হচ্ছেন বাররী, তাকে ইবনু মা'ঈন এবং জুযজানী মিথ্যুক বলেছেন। এছাড়াও দারাকৃতনী ইয়াহইয়া ইবনু সালামকে দুর্বল বলেছেন।

অন্য একটি সূত্রে ইবনু আদী হাদীসটি বর্ণনা করেছেন। যাতে মুহাম্মাদ ইবনু ইউনুস আল-কুদায়মী রয়েছেন। অতঃপর তিনি বলেছেন ঃ কুদায়মীর বিষয়টি এতই স্পষ্ট যে, তার দুর্বলতা বর্ণনা করার কোন প্রয়োজনীয়তাই নেই।

় একথা দ্বারা তিনি ইঙ্গিত করেছেন যে, তিনি একজন মিথ্যুক, হাদীস জালকারী।

তাছাড়া ইবনু আদী মুহাম্মাদ ইবনু ওয়ালীদ ইবনে আবান সূত্রেও হাদীসটি বর্ণনা (২/৩১৫) করেছেন। কিন্তু এ সনদটি বাতিল। কারণ ইবনুল ওয়ালীদ আল-কালানিসী হাদীস জাল করতেন।

ইবনু তাহের হাদীসটি "তায়কেরাতুল মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ১৫) উল্লেখ করেছেন।

١٤٥. (كَانَ لا يَعُودُ مَريضاً إلا بَعْدَ ثلاثٍ).

১৪৫। তিনি তথুমাত্র তিন দিন পর রোগীর সেবা করতে (দেখতে) যেতেন। হাদীসটি জ্বাল।

এটি ইবনু মাজাহ্ (১/৪৩৯), আবৃশ শাইখ "আল-আখলাক" গ্রন্থে (২৫৫) এবং ইবনু আসাকির (১৬/২২৬/২, ১৯/১৩১/১) মাসলামা ইবনু 'আলীর সূত্রে...বর্ণনা করেছেন।

এ মাসলামা সম্পর্কে ১৪১ নং হাদীসে আলোচনা করা হয়েছে। তিনি মাতর্রক, মিথ্যার দোষে দোষী, মুনকার এবং জাল হাদীস বর্ণনাকারী।

এছাড়া ইবনু যুরায়েজ মুদাল্লিস। তিনি দুর্বল বর্ণনাকারীদের থেকে তাদলীস করতেন। তাদলীসের ব্যাখ্যা সম্পর্কে দেখুন (৫৭) পৃষ্ঠায়।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৩১৫) বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেন ঃ এটি একটি বাতিল, জাল হাদীস।

তার এ কথাকে যাহাবী "আল-মীযান" গ্রন্থে সমর্থন করেছেন। তা সত্ত্বেও সুয়ৃতী এটি উল্লেখ করে "জামে'উস সাগীর" গ্রন্থকে কালিমালিগু করেছেন।

হাফিয ইবনু হাজার "তাহযীবুত তাহযীব" গ্রন্থে মাসলামার মুনকারগুলো উল্লেখ করেছেন।

١٤٦. (لا يُعَادُ الْمَرِيْضُ إلاَّ بَعْدَ ثَلاَثِ).

১৪৬। রোগীর সেবা করতে হবে (দেখতে যেতে হবে) তিন দিন পরে।

#### रामीअि छान।

এটি তাবারনী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/২০০/১/৩৬৪৭) নাস্র ইবনু হাম্মাদ (আবুল হারিস আল-ওররাক) হতে বর্ণনা করেছেন, তিনি রাওহ ইবনু জানাহ হতে...বর্ণনা করেছেন। তাবারানী বলেন ঃ

আবুল হারিস এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

এ আবুল হারিস আল-ওররাক সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ ''كذاب'' 'তিনি মিথ্যুক।'

ইমাম বুখারী বলেন ঃ মুহাদ্দিসগণ তার সমালোচনা করেছেন। আর রাওহ হচ্ছেন মিথ্যার দোষে দোষী।

ইবনুল জাওয়ী হাদীসটি তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/২০৫) উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ্ নয়, রাওহ এবং নাস্র দু'জনই মাতরক।

সুয়ৃতী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/৪০৩) হাদীসটির শাহেদ উল্লেখ করেছেন। এর সূত্রে নৃহ ইবনু আবী মারইয়াম এবং আবান রয়েছেন। নৃহ মিথ্যার দোষে দোষী আর আবানও নৃহের মতই। তিনি হচ্ছেন ইবনু আবী আইয়াশ।

# ١٤٧. (تَرْوَجُوا وَلا تُطلَّقُوا؛ قان الطَّلاق يَهنز لهُ الْعَرْش).

১৪৭। তোমরা বিবাহ কর তবে তালাক দিওনা; কারণ তালাকের জন্য আরশ কেঁপে উঠে।

### হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী "তারীখু বাগদাদ" গ্রন্থে (১২/১৯১) এবং তার সূত্রে ... ইবনুল জাওয়ী (২/২৭৭) উল্লেখ করেছেন।

এটির সনদে আম্র ইবনু জামী রয়েছেন। তিনি যুওয়াইবীর হতে বর্ণনা করেছেন। অতঃপর ইবনুল জাওয়ী বলেছেন ঃ

এ আম্র প্রসিদ্ধ বর্ণনাকারীদের উদ্ধৃতিতে মুনকার হাদীস এবং নির্ভযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন। [মুনকারের ব্যাখ্যা দেখুন (৫৬) পৃষ্ঠায়]।

আমি (আলবানী) বলছি ঃ তিনি একজন মিথ্যুক এবং যুওয়াইবীর নিতান্তই দুর্বল। এ কারণই দর্শিয়ে ইবনুল জাওয়ী বলেছেন ঃ হাদীসটি সহীহ্ নয়।

হাদীসটি সাগানী "আল-মাওযৃ'আত" গ্রন্থে (পৃ: ৭) উল্লেখ করেছেন।

সুয়ৃতী ইবনুল জাওযীর কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/১৭৯) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। কীভাবে এ হাদীসটি সহীহ্ হয় যেখানে সালাফদের একদল তাদের স্ত্রীদের তালাক দিয়েছেন। এমনকি নাবী (緣) নিজেও হাফসা বিনতু উমার (緣)-কে তালাক দিয়েছিলেন।

١٤٨. (تُعَادُ الصَّلاةُ مِنْ قَدْرِ الدِّرْهَمِ مِنَ الدَّم). وَفِي لَقْظِ: (إِذَا كَانَ فِي التَّوْبِ قَدْرُ الدَّرْهَمِ مِنَ الدَّم؛ عُسِلَ التَّوْبُ، وَأَعِيْدَتِ الصَّلَاةُ).

১৪৮। (কাপড়ে) এক দিরহাম পরিমাণ রক্ত দাগলে পুনরায় সলাত আদায় করতে হবে।

অন্য এক ভাষায় এসেছে ঃ

'যদি কাপড়ে এক দিরহাম পরিমাণ রক্ত থাকে, তাহলে কাপড়টি ধুয়ে নিতে হবে এবং সলাতটি পুনরায় আদায় করতে হবে।'

रामीमि छान।

হাদীসটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/২৯৮), দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ১৫৪) এবং বাইহাক্বী (২/৪০৪) রাওহ ইবনু গুতাঈফ হতে …বর্ণনা করেছেন। অতঃপর ইবনু হিব্বান বলেছেন ঃ

হাদীসটি বানোয়াট হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই। রসূল (ﷺ) এটি বলেননি। কৃফাবাসীরা এটি তৈরি করেছেন। রাওহ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন।

যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (১/২১২) এবং ইবনুল মুলাক্কান "আল-খুলাসা" গ্রন্থে (কাফ ৩০/১) তার (ইবনু হিব্বানের) কথাকে সমর্থন করেছেন।

দারাকুতনী বলেন ঃ যুহ্রী হতে রাওহ ইবনু গুতাঈফ ছাড়া অন্য কেউ এটিকে বর্ণনা করেননি। তিনি মাতরুকুল হাদীস।

ইমাম বুখারী "তারীখুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৩৮) বলেন ঃ তার অনুসরণ করা যায় না।

উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (১৩৩) হাদীসটি এ সূত্রে বর্ণনা করে বলেছেন ঃ আমাকে আদাম হাদীসটি শুনিয়েছেন, তিনি বলেন ঃ আমি বুখারীকে বলতে শুনেছি যে, এ হাদীসটি বাতিল এবং এ রাওহ মুনকারুল হাদীস।

উকায়লীর সূত্রে হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" প্রন্থে (২/৭৬) উল্লেখ করেছেন, আর সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে তাকে সমর্থন করেছেন।

অতঃপর ইবনুল আররাকও "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২/৪২৮) তাকে সমর্থন করেছেন। আশ্চর্যের ব্যাপার এই যে, তার পরেও সুয়ৃতী কীভাবে হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন! ١٤٩. (الدَّمُ مِقْدَارَ الدَّرْهَمِ؛ يُفْسَلُ، وَتُعَادُ مِنْهُ الصَّلاةُ).

১৪৯। রক্ত এক দিরহাম পরিমাণ হলে, তা ধুয়ে নিতে হবে এবং তার কারণে সলাত পুনরায় আদায় করতে হবে।

### श्मीमि छान।

খাতীব বাগদাদী হাদীসটি "তারীখু বাগদাদ" গ্রন্থে (৯/৩৩০) উল্লেখ করেছেন এবং তার থেকে ইবনুল জাওযীও (২/৭৫) নৃহ ইবনু আবী মারইয়াম সূত্রে ...বর্ণনা করেছেন।

এটির সনদটি জাল, নৃহ ইবনু আবী মারইয়াম মিথ্যার দোষে দোষী। ইবনুল জাওয়ী বলেন ঃ নৃহ মিথ্যুক।

যায়লা'ঈ "নাসবুর রায়া<sup>"</sup> গ্রন্থে (১/২১২) এবং সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩) তার (ইবনুল জাওযীর) এ কথাকে সমর্থন করেছেন। তা সত্ত্বেও সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

١٥٠. (ثلاثٌ لا يُعَادُ صَاحِبُهُنَّ: الرَّمَدُ، وَصَاحِبُ الضَّرَسِ، وَصَاحِبُ الدُّملَّةِ).

১৫০। তিন ধরণের রোগীর সেবা করা যায় না (দেখতে যাওয়া যায় না); চোখ উঠা রোগী, দাঁতের রোগী এবং ফোঁড়াধারী রোগী।

#### হাদীসটি জাল।

হাদীসটি তাবারানী "মু'জামূল আওসাত" গ্রন্থে (১/১১/১/১৫০), উকায়লী (৪২১) ও ইবনু আদী (২/৩১৯) মাসলামা ইবনু 'আলী আল-খুশানীর সূত্রে ... উল্লেখ করেছেন।

তাবারানী ও ইবনু আদী বলেন ঃ হাদীসটি আওয়া'ঈ হতে মাসলামা ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ মাসলামা মিখ্যার দোষে দোষী। তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না। বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/২০৮) উল্লেখ করে বলেছেন ঃ এটি জাল (বানোয়াট)। এটিকে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীরের কথা হিসাবে বর্ণনা করা হয়।

হাফিয ইবনু হাজার খুশানীর মুনকারগুলো "তাহযীবুত তাহযীব" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ আবৃ হাতিম বলেন ঃ এটি বাতিল, মুনকার।

সুয়ৃতী ইবনুল জাওয়ীর সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/৪০৬) বলেছেন ঃ মাসলামা মিথ্যার দোষে দোষী নন, তাকে বাইহাক্বী দুর্বল আখ্যা দিয়েছেন। আমি (আলবানী) বলছি ঃ হক হচ্ছে ইবনুল জাওয়ীর কথায়। কারণ এ মাসলামা জাল হাদীস বর্ণনা করেছেন। দেখুন ১৪১ এবং ১৪৫ নং হাদীস। এ কারণে সুয়তী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে ঠিক কাজ করেননি।

বাইহাঝ্বী "শু'য়াবুল ঈমান" গ্রন্থে (৬/৫৩৫/৯১৯০) বলেছেন ঃ সঠিক হচ্ছে এই যে, এটি ইয়াহইয়ার কথা।

এটি জাল হওয়ার প্রমাণ এই যে, নাবী (ﷺ) চোখ উঠা রোগী দেখতে যেতেন। যায়েদ ইবনু আরকাম (ॐ)-এর চোখ উঠলে তিনি তাকে দেখতে যান। যেটি 'আলী ইবনু জা'য়াদ তার "মুসনাদ" গ্রন্থে (২/৮৪৪/২৩৩৫) এবং হাকিম (১/৩৪২) (তবে অন্য সূত্রে) বর্ণনা করেছেন এবং তিনি সেটিকে সহীহু আখ্যা দিয়েছেন। যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। তারা দু'জনে যেমনটি বলেছেন সেটি তেমনই।

এছাড়া এ যায়েদ-এর হাদীস হতেই এটির শাহেদ রয়েছে। যেটিকে হাকিম এবং যাহাবী সহীহ্ আখ্যা দিয়েছেন। সেটিকে আমি "সহীহ আবী দাউদ"-এর মধ্যে (২৭১৬) উল্লেখ করেছি।

١٥١. (العَنْكَبُونَتُ شَيْطَانٌ مَسَحَهُ اللهُ؛ قَاقَتُلُونُ).

১৫১। মাকড়সা হচ্ছে শয়তান আল্লাহ তার রূপ পরিবর্তন করে দিয়েছেন। অতএব তোমরা তাকে হত্যা কর।

#### হাদীসটি জ্বাল।

এটি ইবনু আদী (১/৩২০) মাসলামা ইবনু 'আলী আল-খুশানী সূত্রে ...বর্ণনা করেছেন।

এ মাসলামা সম্পর্কে ১৪১, ১৪৫, ১৫০ নং হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

এছাড়া হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ এই যে, এটি সহীহ হাদীস বিরোধী।
সহীহ হাদীসে এসেছে, ''إِنَّ اللهَ لَمْ يَجْعَلُ لِمَسْخُ اللهِ نَسْلاً وَلَاعَقِبًا''
''আল্লাহ তা'আলা কর্তৃক রূপ পরিবর্তনকৃত জীবের কোন বংশধর এবং পরবর্তী প্রজনু রাখেননি।'' হাদীসটি ইমাম মুসলিম (৮/৫৫) বর্ণনা করেছেন।

ইবনু হায্ম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/৪৩০) বলেন ঃ বানর ও শুকর ব্যতীত যে সব প্রাণীর রূপ পরিবর্তন মর্মে হাদীস এসেছে সেগুলো বাতিল, মিখ্যা ও বানোয়াট।

সুযুতী অভ্যাসগতভাবে তার বিরোধিতা করে হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। ١٥٢. (استَشْفُوا يما حَمَدَ اللهُ يهِ نَفْسَهُ قَبْلَ أَنْ يَحْمَدَهُ خَلْقُهُ، وَيَمَا مَدَحَ اللهُ يهِ نَفْسَهُ قَبْلَ أَنْ يَحْمَدَهُ خَلْقُهُ، وَيَمَا مَدَحَ اللهُ يهِ نَفْسَهُ : {الْحَمْدُ لِلهِ)، وَ{قُلْ هُوَ اللهُ أَحَدٌ}، قَمَنْ لَمْ يُشْفِهِ الْقُرْآنُ، قَلا شَقَاهُ اللهُ).

১৫২। তোমরা সূহতা প্রার্থনা কর ঐ বস্ত ঘারা যার ঘারা আল্লাহ্ তাঁর নিজের গুণাবলী বর্ণনা করেছেন সৃষ্টি কর্তৃক তাঁর প্রশংসা করার পূর্বেই এবং ঐ বস্ত ঘারা যা দিয়ে আল্লাহ্ তাঁর নিজের প্রশংসা করেছেন। তথা আলহামদু লিল্লাহ ও কুলছ আল্লাহ্ আহাদ। যে ব্যক্তিকে কুরআন সৃষ্ট করতে পারে না, আল্লাহ্ তাকে শেফা দান করবেন না।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আবৃ মুহাম্মাদ আল-খাল্লাল "ফাযায়েল কুল-হু আল্লাহু আহাদ" গ্রন্থে (২/১৯৮) উল্লেখ করেছেন। এছাড়া ওয়াহিদী তার "আত-তাফসীর" গ্রন্থে (২/১৮৫/২) ও সা'লাবী বর্ণনা করেছেন, যেমনভাবে ইবনু হাজার-এর "তাখরীজ আহাদীসিল কাশ্শাফ" গ্রন্থে (পৃ: ১০৩ নং ৩০৪) এসেছে।

এটির সনদে আহমাদ ইবনুল হারিস আল-গাস্সানী নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত-তা'দীল" গ্রন্থে (১/১/৪৭) বলেন ঃ

আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেন ঃ তিনি মাতর্রুক্ল হাদীস। [মুনকার শব্দের ব্যাখ্যা দেখুন (৫৬) পৃষ্ঠায়]।

নাসাঈ বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

বুখারী ও দুলাবী বলেন ঃ তার সম্পর্কে বিরূপ মন্তব্য রয়েছে।

উকায়লী বলেন ঃ তার বহু মুনকার রয়েছে। সেগুলোর অনুসরণ করা যায় না।

এছাড়া আরেক বর্ণনাকারী রাজা আল-গানাবীর কোন বর্ণনা সম্পর্কে জানা যায় না। সাহাবীর সাথে তার সাক্ষাৎও ঘটেনি।

যাহাবী "তারীখুস সাহাবা" **গ্রন্থে** এ হাদীসটি সহীহ্ নয় এদিকেই ইঙ্গিত করেছেন।

সহীহ হাদীসের মধ্যে রস্ল (ﷺ) বলেছেন ঃ "হে আল্লাহর বান্দারা! তোমরা ঔষুধ সেবন কর, কারণ আল্লাহ তা'আলা যে রোগই নাযিল করেছেন তার ঔষুধও নাযিল করেছেন।' হাদীসটি সহীত সনদে হাকিম বর্ণনা করেছেন। "গায়াতুল মারাম" গ্রন্থে (২৯২) এটির তাখরীজ করা হয়েছে।

١٥٣. (مَنِ استَشْنَقَى بِغَيْرِ الْقُرْآنِ؛ قَلَا شَفَاهُ اللهُ تَعَالَى).

১৫৩। যে ব্যক্তি কুরআন ব্যতীত অন্য কিছুর ঘারা সুস্থতা প্রার্থনা করবে, আল্লাহ তাকে সুস্থ করবেন না।

## श्मीमि खान।

সাগানী এটিকে "আল-আহাদীসুল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ১২) উল্লেখ করেছেন। শাইখ আজলুনীও এটিকে "আল-কাশফ" গ্রন্থে (২/৩৩২) জাল হিসাবে স্বীকৃতি দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির মৃলটি পূর্বের হাদীসেই আলোচিত হয়েছে।

১০৫. (السَّخِيُّ قَرِيْبٌ مِنَ اللهِ، قَرِيْبٌ مِنَ الْجَنَّةِ، قَرِيْبٌ مِنَ النَّاسِ، بَعِيْدٌ مِنَ النَّاسِ، قَرِيْبٌ مِنَ النَّاسِ، قَرِيْبٌ مِنَ النَّاسِ، قَرِيْبٌ مِنَ النَّاسِ، قَرِيْبٌ مِنَ النَّارِ، وَالْبَخِيلُ بَعِيْدٌ مِنَ اللهِ مِنَ عَابِدِ بَخِيلُ).

১৫৪। দানশীল ব্যক্তি আল্লাহর নিকটবর্তী, নিকটবর্তী জান্নাভের এবং নিকটবর্তী মানুষের আর দূরবর্তী জাহান্নামের। অপর পক্ষে কৃপণ ব্যক্তি আল্লাহর থেকে দূরে, জান্নাত থেকে দূরে এবং লোকদের থেকেও দূরে আর নিকটবর্তী জাহান্নামের। অজ্ঞ দানশীল আল্লাহর নিকট বেশী প্রিয় বখীল আবেদ থেকে।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি তিরমিয়ী (৩/১৪৩), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (১৫৪), ইবনু হিব্বান "রাওযাতুল ওকালা" গ্রন্থে (পৃ:২৪৬), ইবনু আদী (২/১৮৩) এবং তাবারী "আত-তাহয়ীব" গ্রন্থে (মুসনাদু উমার ১০০/১৬৩) সা'ঈদ ইবনু মুহাম্মাদ আল-ওররাক সূত্রে ...উল্লেখ করেছেন।

তিরমিয়ী বলেছেন ঃ এ হাদীসটি গারীব, সা'ঈদ ইবনু মুহাম্মাদ ছাড়া অন্য কোন মাধ্যমে এটিকে চিনি না, এ কথার দ্বারা তিনি এটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

এ সা'ঈদ সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না।ভাকে মৃদ্যায়ন করা হয় না।।

ইবনু সা'য়াদ ও অন্যরা বলেন ঃ তিনি দুর্বল।

নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

দারাকুতনী বলেন ঃ তিনি মাতর্রক।

এছাড়া এটির সনদে ইযতিরাব সংঘটিত হয়েছে। একবার একজন হতে বর্ণনা করেছেন আবার অন্যজন হতে বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটিকে "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/১৮০) উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ্ নয়। অতঃপর তিনি সহীহ্ না হওয়ার কারণ বর্ণনা করেছেন। আবৃ হাতিম ওররাকের এ হাদীসটি সম্পর্কে বলেন ঃ হাদীসটি মুনকার। ইমাম আহমাদও অনুরূপ কথা বলেছেন। আব্ হাতিম হাদীসটির অন্য সূত্রটির সময় বলেছেন ঃ এ হাদীসটি বাতিল। (رَبِيْعُ أُمْتِي الْعِنْبُ وَالْبِطْيْخُ). ١٥٥

১৫৫। আমার উম্মাতের শাক-সবজি হচ্ছে আংগুর এবং তরমুজ। হাদীসটি জ্বাল।

এটি দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/১৭৬-১৭৭) এবং ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে মাহদী সূত্রে মুহাম্মাদ ইবনু যাউ ইবনে দালহামাস হতে ...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ মুহামাদ ইবনু যাউ মিপ্যুক অসৎ চরিত্র প্রকাশকারী।

সুয়ৃতী তার (ইবনুল জাওযীর) এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/২১০) এবং ইবনু আররাক "তানযীহুশ শারী শ্বাহ" গ্রন্থে (২/৩১৭) সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে মাহদী নিতান্তই দুর্বল, যেরূপভাবে দারাকুতনী বলেছেন।

ইবনুল কাইয়্যিম হাদীসটি "আল-মাওয়ৃ'আত" এবং "আল-মানার" গ্রন্থে (পৃঃ ২১) উল্লেখ করেছেন।

শাইখ আল-কারীও তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (পৃ: ১০৭-১০৮) হাদীসটি যে জাল তা সমর্থন করেছেন।

১৬৭ নং হাদীসের শেষে সাখাবী বলেছেন ঃ তরমুজের ফ্রযীলতে বর্ণনাকৃত সকল হাদীস বাতিল।

١٥٦. (احترسوا من التاس يسوع الظن).

১৫৬। মন্দ ধারণা পোষণের ঘারা তোমরা লোকদের থেকে নিরাপদে থাক। হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি তাবারানী "মু'জামূল আওসাত" গ্রন্থে (১/৩৬/১/৫৯২) এবং ইবনু আদী (৬/২৩৯৮) বাকিয়ার সূত্রে মু'য়াবিয়া হতে...বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/৮৯) বলেন ঃ বাকিয়া মুদাল্লিস বর্ণনাকারী। তাছাড়া অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তিনি যেমনটি বলেছেন সেরূপই। মু'য়াবিয়া ইবনু ইয়াহ্ইয়া নিতান্তই দুর্বল। তাকে কেউ নির্ভরযোগ্য বলেননি। তার সম্পর্কে ১৩৬ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

এছাড়া হাদীসটি ঈসা ইবনু ইব্রাহীম সূত্রে উমার ইবনুল খাতাব (ఉ) হতে বর্ণিত হয়েছে। এ ঈসা হচ্ছেন হাশেমী, তিনি নিতান্তই দুর্বল। এছাড়াও অন্য সনদে উমার (ﷺ) হতে বর্ণিত হয়েছে। সেটিও দুর্বল। এটি আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/২০২) বর্ণনা করেছেন।

ইবনু সা'দ এটিকে (২/১৭৭) হাসান বাসরীর কথা হিসাবে সহীহ্ সনদে বর্ণনা , করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আমার নিকট হাদীসটি মুনকার। এটি বহু সহীহ্ হাদীসের বিপরীত হওয়ার কারণে। যেগুলোতে রসূল (ﷺ) মন্দ ধারণা পোষণ করতে নিষেধ করেছেন। যেমন তিনি বলেছেন ঃ 'لَيْنَاكُمْ وَ الْطُنَّ فَإِنَّ الْطُنِّ الْكُنْبُ ''… الْطَنِيْثِ ''তোমরা মন্দ ধারণা পোষণ করা হতে বেঁচে থাক, কারণ মন্দ ধারণা পোষণ সর্বাপেক্ষা বড় মিখ্যা কথা… ''।

এটি ইমাম বুখারী প্রমুখ মুহাদ্দিসগণ বর্ণনা করেছেন।

এছাড়া খারাপ ধারণা পোষণ করে মানুষের সাথে কোন প্রকার মু'য়ামালাত করাও সম্ভব নয়।

অতএব তিনি কীভাবে খারাপ ধারণা করার নির্দেশ দিতে পারেন।

١٥٧. (الإقتصادُ فِي النَّققةِ نِصنفُ المَعِيْشَةِ، وَالتَّوَدُدُ إلى النَّاسِ نِصنفُ العَقلِ، وَحُسنُ السُّوَالِ نِصفُ العِلم).

১৫৭। খরচ করতে মধ্যমগন্থা অবলমন হচ্ছে জীবন ধারণের অর্ধেক। লোকদেরকে ভালবাসা হচ্ছে বিবেকের অর্ধেক এবং উন্তমরূপে প্রশ্ন করা হচ্ছে জ্ঞানের অর্ধেক।

হাদীসটি দুর্বল।

হাদীসটি সুয়্তী "জামে'উস সাগীর" গ্রন্থে তাবারানীর "মাকারিমুল আখলাক" এবং বাইহাকীর "আশ-ত'য়াব" গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানাবী এটির উপর হুকুম লাগানো হতে চুপ থেকেছেন, অথচ এটি দুর্বল।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৮৪) বলেন ঃ

আমি আমার পিতাকে মাখীস ইবনু তামীম এবং তার শাইখ হাফস ইবনু উমার কর্তৃক বর্ণিত হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেন ঃ এটি বাতিল হাদীস, মাখীস এবং হাফস তারা উভয়েই মাজহুল [অপরিচিত]।

আমি (আলবানী) বলছি ঃ অনুরূপ কথা যাহাবী মাখীসের জীবনীতে বলেছেন। তিনি আরো বলেছেন যে, তার থেকে হিশাম ইবনু আম্মার মুনকার হাদীস বর্ণনা করেছেন।

অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার তার কথাকে সমর্থন করেছেন। হাদীসটি কাযা'ঈ "মুসনাদুশ-শিহাব" গ্রন্থে (১/৫৫/৩৩) হাদীসটি এ সূত্রেই উল্লেখ করেছেন।

١٥٨. (اعْتَسْلُوا يَوْمَ الْجُمْعَةِ، وَلَوْ كَأْسَا بِدِينَارٍ).

১৫৮। এক দীনারের বিনিময়ে এক গ্রাস পানি ষারা হলেও তোমরা জুম'আর দিবসে গোসল কর।

## হাদীসটি জাল।

এটিকে ইবনুল জাওয়ী "মাওযু'আত" গ্রন্থে (২/১০৪) বর্ণনাকারী ইবনু হিকান পর্যন্ত আযদীর বর্ণনায় তার সনদে উল্লেখ করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ ইবনু হিব্বান হচ্ছেন ইব্রাহীম ইবনুল বুহতারী। তিনি সাকেত [নিক্ষিপ্ত], তার দারা দলীল গ্রহণ করা যাবে না।

আমি (আলবানী) বলছি ঃ তিনি হচ্ছেন ইব্রাহীম ইবনু বাররা। তার একটি জাল হাদীস পূর্বে (নং ১১৪) আলোচিত হয়েছে। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। সেখানে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৬) ইবনুল জাওযীর সমালোচনা করে বলেছেন ঃ এটির অন্য সূত্রও রয়েছে, যেটি ইবনু আদী বর্ণনা করেছেন।

কিন্তু এ সনদে হাফস্ ইবনু উমার রয়েছেন। তিনি একজন মিথ্যুক, যেমনটি আবৃ হাতিম বলেছেন। সেটিকে যাহাবী "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন। এছাড়া তিনি তার কতিপয় অন্য হাদীসও উল্লেখ করেছেন।

এ কারণেই ইবনু আররাক বলেন (২/২৪৮) ঃ এটি শাহেদ হবার উপযোগী নয়।

হাদীসটি সুয়্তী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনু আদীর বর্ণনায় আবৃ হুরাইরাহ্ (ﷺ) হতে মওকৃষ হিসাবে উল্লেখ করেছেন। এছাড়া আবৃ হুরাইরাহ্ (ﷺ) হতে মওকৃষ হিসাবে ইবনু আবী শায়বাও (১১/২০/২) বর্ণনা করেছেন।

কিন্তু এটির সনদে যিয়াদ ইবনু আন্দিল্লাহ নামক এক বর্ণনাকারী রয়েছেন। তিনি দুর্বল, যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

মোটকথা হাদীসটি মারফ্' হিসাবে জাল (বানোয়াট) আর মওকৃষ্ণ হিসাবে য'ঈষ্ণ।

যেখানে জুম'আর দিবসে গোসল করার ব্যাপারে সহীহ্ হাদীসে নির্দেশ এসেছে, সেখানে জাল-দুর্বল হাদীসের কোন প্রয়োজনীয়তা নেই।

١٥٩. (إِنَّ اللهَ عَزَّوَجَلَّ وَمَلاَئِكَتُهُ يُصَلُّونَ عَلَى أَصْحَابِ الْعَمَاتِمِ يَوْمَ الْجُمْعَةِ).

১৫৯। নিশ্চয় আল্লাহ ও তাঁর ফেরেশতাগণ জুম'আর দিবসে পাগড়ী ধারীদের প্রতি দয়া করেন।

#### হাদছটি জাল।

তাবারানী ''আল-মু'জামুল কাবীর" গ্রন্থে এবং আবৃ নু'য়াইম তার সূত্রে "আল-হিলইয়াহ" গ্রন্থে (৫/১৮৯-১৯০) 'আলা ইবনু আম্র হানাফী সূত্রে আইউব ইবনু মুদরেক হতে ...বর্ণনা করেছেন।

এটিকে ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/১০৫) উল্লেখ করে বলেছেন ঃ এটির কোন ভিন্তি নেই। আইউব এককভাবে এটির বর্ণনাকারী। আযদী তার সম্পর্কে বলেছেন ঃ হাদীসটি তিনিই জাল করেছেন। ইয়াহ্ইয়া তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন আর দারাকুতনী তাকে প্রত্যাখ্যান করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (২/১৭৬) তাবারানীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ তার সনদে আইউব ইবনু মুদরেক রয়েছেন। তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেছেন ঃ তিনি মিথ্যুক। এ কথাটি তার থেকে যাহাবী "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন।

ইবনু হাজার-এর "লিসানুল মীযান" গ্রন্থে এসেছে;

উকায়লী বলেন ঃ তিনি এমন সব মুনকার হাদীস বর্ণনা করেছেন, যেগুলোর অনুসরণ করা যায় না। তিনি পাগড়ীর হাদীসের ক্ষেত্রে বলেন ঃ তার অনুসরণ করা যায় না।

আমি (আলবানী) বলছি ঃ আইউব হতে বর্ণনাকারী 'আলা ইবনু আম্র হানাফী মিথ্যার দোষে দোষী।

ইবনু আদী অন্য একটি সনদে হাদীসটি (১/১৮) বর্ণনা করে বলেছেন ঃ এ হাদীসটি মুনকার।

١٦٠. (أحبُوا الْعَرَبَ لِثلاث، النِّي عَرَبِيٌّ، وَالقُرْآنُ عَرَبِيٌّ، وكَلامُ أهل الْجَنَّةِ عَرَبِيٌّ).

১৬০। আমি আরবী ভাষী, কুরআন আরবী ভাষায় এবং ছান্নাতীদের ভাষা আরবী। এ তিনিটি কারণে ভোমরা আরবদের মুহাব্বাত কর।

#### शमीमि छान।

হাদীসটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (৪/৮৭) এবং "মারিফাতু উল্মিল হাদীস" গ্রন্থে (পৃ: ১৬১-১৬২), উকায়লী "আয-মু'য়াফা" গ্রন্থে (৩২৭), তাবারানী "মু'জামুল কাবীর" (৩/১২২/১) ও "আল-আওসাত" গ্রন্থে, তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/২২) এবং তার সূত্রে যিয়া আল-মাকদেসী "সিফাতুল জান্নাহ" গ্রন্থে (৩/৭৯/১), বাইহাকী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে, ওয়াহেদী তার "আত-তাফসীর" প্রন্থে (১/৮১) এবং ইবনু আসাকির ও আবৃ বাক্র আল-আমারী "ইয়াহ্ল ওয়াকফ ওয়াল ইবতিদা" প্রন্থে 'আলা ইবনু আম্র হানাফী সূত্রে ইয়াহ্ইয়া ইবনু ইয়ামীদ আল-আশ'য়ারী হতে, তিনি ইবনু যুরায়েজ হতে ...বর্ণনা করেছেন।

এটির সনদ তিনটি কারণে বানোয়াট।

১'। 'আলা ইবনু আম্র; যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার সম্পর্ক বলেন ঃ তিনি মাতরুক। ইবনু হিব্বান বলেন ঃ কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ করা জায়েয নয়। অতঃপর তার এ হাদীসটি উকায়লীর সূত্রে উল্লেখ করে বলেন ঃ এটি বানোয়াট।

আবৃ হাতিম বলেন ঃ এটি মিখ্যা।

অতঃপর তার অন্য একটি হাদীস উল্লেখ করে বলেন ঃ এটিও মিখ্যা।

হাফিয় ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেন, আযদী বলেছেন ঃ তার হাদীস লিখা যাবে না।

ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। নাসাঈ বলেন ঃ তিনি দুর্বল।

আবৃ হাতিম বলেন ঃ তার নিকট হতে লিখেছি, ভাল ছাড়া তার মধ্যে জন্য কিছু দেখিনি।

সম্ভবত ইবনু হিব্বান ও আবৃ হাতিম কর্তৃক দু'ধরনের কথা এ কারণে এসেছে যে, তারা তার জাল হাদীস বর্ণনা করা সম্পর্কে অবহিত হওয়ার পূর্বেই তার ব্যাপারে ভাল মন্তব্য করেছিলেন। অতঃপর তার সম্পর্কে জানার পর খারাপ মন্তব্য করেছেন।

ইবনু আবী হাতিম উক্ত হাদীসটি "আল-ইলাল" গ্রন্থে (২/৩৭৫-৩৭৬) উল্লেখ করে বলেছেন ঃ আমি আমার পিতাকে যে হাদীসটি 'আলা হানাফী বর্ণনা করেছেন সেটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, আমি তাকে উত্তরে বলতে শুনেছি ঃ এ হাদীসটি মিথ্যা।

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে তার জীবনীতে বলেন ঃ উকায়লী হাদীসটির তাখরীজ করে বলেছেন ঃ এটি মুনকার, মতনটি (ভাষাটি) দুর্বল। এর কোন ভিত্তি নেই। অতঃপর তিনি (ইবনু হাজার) তার কথাকে সমর্থন করেছেন।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৫২) বলেন ঃ 'আলা ইবনু আম্র দুর্বল এ মর্মে সকলে একমত।

২। ইয়াহ্ইয়া ইবনু ইয়াযীদ সম্পর্কে ইবনু মান্দিন বলেন ঃ তিনি দুর্বল। ইবনু নুমায়ের বলেন ঃ তিনি একটি খেজুরের সমতুল্যও নন।

আবৃ যুর'য়াহ বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেছেন ঃ তাকে সাজী, উকায়লী ও ইবনু জারুদ দুর্বলদের অন্তর্ভুক্ত করেছেন।

হাকিম হাদীসটিকে সহীহ্ বলে মন্তব্য করেছেন। তার সমালোচনা করে যাহাবী বলেন ঃ তাকে ইমাম আহমাদও দুর্বল বলেছেন। অন্য সূত্রে তার স্থলে মুহামাদ ইবনুল ফযল এসেছে, তিনি মিখ্যার দোষে দোষী। আমার ধারণা হাদীসটি বানোয়াট।

হাফিয ইরাকীও তার সমালোচনা করে বলেন ঃ তিনি যা বলেছেন তেমনটি নয়, বরং তিনি দুর্বল। কারণ ইয়াহুইয়া ইবনু ইয়াযীদ ও তার থেকে বর্ণনাকারী 'আলা ইবনু আম্র তারা উভয়েই দুর্বল।

৩। ইবনু যুরায়েজ একজন মুদাল্লিস বর্ণনাকারী। ইমাম আহমাদ বলেন ঃ এসব হাদীসগুলোর কতিপয় হাদীসকে ইবনু যুরায়েজ মুরসাল হিসাবে উল্লেখ করতেন। সেগুলো বানোয়াট। তিনি কোথা হতে গ্রহণ করছেন তার পরওয়া করতেন না। অনুরূপ কথা "আল-মীয়ান" গ্রন্থেও এসেছে।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/৪১) উকায়লীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ

উকায়লী বলেছেন ঃ এটি মুনকার, এর কোন ভিত্তি নেই।

ইবনুল জাওয়ী বলেন ঃ ইয়াহ্ইয়া উলট পালটকৃত হাদীস বর্ণনা করতেন।

সুয়ূতী ইবনু হিবান সহ অন্য যারা হাদীসটি সম্পর্কে ভাল মন্তব্য করেছেন তা "আল-লাআলী" গ্রন্থে (১/৪৪২) উল্লেখ করে হাদীসটি গ্রহণযোগ্য এদিকে ইঙ্গিত করেছেন। কিন্তু লক্ষ্য করেননি যে, এক ব্যক্তি সম্পর্কে ভাল এবং খারাপ মন্তব্য উভয়টি হলে খারাপ মন্তব্যটিই অগ্রাধিকার পায়।

١٦١. (أَنَّا عَرَبَيٌّ، وَالْقُرْآنُ عَرَبِيٌّ، وَلِسَانُ أَهُلِ الْجَنَّةِ عَرَبِيٌّ).

১৬১। আমি আরবী ভাষী, কুরআন আরবী ভাষায় এবং জান্নাতীদের ভাষা আরবী।

্হাদীসটি জাল।

তাবারানী ''আল-মু'জামূল আওসাত" গ্রন্থে হাদীসটি (২/২৮৫/১/৯৩০১) উল্লেখ করেছেন। তার সূত্রে আব্দুল আযীয ইবনু ইমরান রয়েছেন, তিনি তার শাইখ শিব্ল ইবনু 'আলা হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ আব্দুল আযীয় এটিকে শিব্ল হতে এককভাবে বর্ণনা করেছেন। সুয়্তী এটিকে পূর্বে উল্লেখিত হাদীসটির শাহেদ হিসাবে "আল-লাআলী" (১/৪৪২) গ্রন্থে উল্লেখ করে বলেছেন, যাহাবী "আল-মুগনী" গ্রন্থে বলেছেন ঃ শিব্ল সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তার কতিপয় মুনকার রয়েছে।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৫২-৫৩) এটিকে উল্লেখ করে বলেছেন ত্ব শিবল হতে বর্ণনাকারী আব্দুল আযীয় মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ তার সম্পর্কে ইবনু মার্ক্টন বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাফিয ইরাকী "আল-মুহাচ্ছা" (১/৫৬) গ্রন্থে বলেন ঃ আব্দুল আযীয মাতরুক। নাসাঈ ও অন্যরাও এ কথা বলেছেন। তার সম্পর্কে বুখারী বলেন ঃ ১১'' ''এইছ তার হাদীস লিখা যাবে না।' অতএব হাদীসটি সঠিক নয়।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২০৯) উক্ত বক্তব্যকে সমর্থন করেছেন।

হাদীসটি বাতিল হওয়ার আরো প্রমাণ এই যে, এর মধ্যে রস্ল (ﷺ) কর্তৃক আরবী হওয়ার অহংকার ফুটে উঠেছে। যা শরী'য়াতের মধ্যে দুর্বল বিষয়। কারণ আল্লাহ বলেন ঃ ''ঠে এই এই । এই শিল্লা স্থাকী সেই তোমাদের মধ্যে সর্বাপেক্ষা সম্মানিত ব্যক্তি" (সূরা হুজুরাত: ১৩)।

এছাড়া সহীহ্ হাদীসে এসেছে, "কোন আরবের অনারবের উপর প্রাধান্য নেই ...একমার্ত্র তাকওয়া ব্যতীত।" এটি ইমাম আহমাদ (৫/৪১১) সহীহ্ সনদে বর্ণনা করেছেন। (সিলসিলাতুস সাহীহা হা: নং: ২৭০০)।

١٦٢. (لمَّا تُحِلَّى اللهُ لِلْجَبَلِ - يَعْنِي : جَبَلَ الطُّوْرِ - طَارَتْ لِعَظْمَتِهِ سِنَّةُ جَبَالٍ، قُوقَعَتْ ثَلَاثُةً فِي الْمَدِينَةِ، وَثَلَاثُةً بِمَكَّة، بِالْمَدِينَةِ: أَحُدَّ، وَوَرَقَانُ، وَرَضُونَ، وَوَقَعْ بِمِكَةً حَرَاءً ، وَتُلِيْنُ ، وَتُوزُ ).

১৬২। আল্লাহ যখন পাহাড়ের উদ্দেশ্যে নিজের আলোক রশ্মি প্রকাশ করলেন, অর্ধাৎ তুর পাহাড়ের জন্য। তখন ছয়টি পাহাড় তাঁর সন্মানার্থে উড়ে গিয়েছিল। অতঃপর তিনটি গিয়ে পড়ে মদীনায় আর তিনটি মক্কায়। মদীনায় হচ্ছে উহুদ, ওরাকান ও রাযওয়া, আর মক্কায় হচ্ছে হেরা, সবীর ও সাওর।

#### হাদীসটি জাল।

হাদীসটি মাহামিলী "আল-আমালী" গ্রন্থে (১/১৭২/১) বর্ণনা করেছেন এবং তার সূত্রে খাতীব বাগদাদী "আত-তারীখ" গ্রন্থে (১০/৪৪০-৪৪১), ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/১৬৬) এবং ইবনু আবী হাতিম তার "আত-তাফসীর"

গ্রন্থে আব্দুল আয়ীয় ইবনু ইমরান সূত্রে মু'য়াবিয়া ইবনু আব্দিল্লাহ হতে, তিনি জিলদ ইবনু আইউব হতে ....বর্ণনা করেছেন।

ইবনু কাসীর হাদীসটি সম্পর্কে তার "আত-তাফসীর" গ্রন্থে (২/২৪৫) বলেন ঃ এটি গারীব হাদীস, বরং মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সমস্যা হচ্ছে আব্দুল আযীয ইবনু ইমরান, কারণ তিনি নির্ভরযোগ্য নন। তার সম্পর্কে ১৬১ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

এছাড়া এটির সনদে জিলদ ইবনু আইউব রয়েছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (১/১২০) খাতীব বাগদাদীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ

ইবনু হিব্বান বলেন ঃ এটি বানোয়াট, আব্দুল আযীয মাতরক। তিনি প্রসিদ্ধ বর্ণনাকারীদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনাকারী।

١٦٣. (إِذَا دُلُّتِ الْعَرَبُ؛ دُلُّ الإسلامُ).

# ১৬৩। যখন আরবদের পদশ্বলন ঘটবে তখন ইসলামেরই পদশ্বলন ঘটবে। হাদীসটি জাল।

হাদীসটি আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৩৪০) বর্ণনা করেছেন। অনুরূপ ভাবে আবৃ ই'য়ালা তার "মুসনাদ" গ্রন্থে (৩/৪০২/১৮৮১) বর্ণনা করেছেন। যার সূত্রে মুহাম্মাদ ইবনুল খান্তাব বাসরী ও তার শাইখ 'আলী ইবনু যায়েদ রয়েছেন।

ইবনু আবী হাতিমও "আল-ইলাল" গ্রন্থে (২/৩৭৬) উল্লেখ করে বলেছেন ঃ

আমি আমার পিতাকে মানসূর ইবনু আবী মাযাহিম কর্তৃক বর্ণিত হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। আমার পিতাকে উত্তরে বলতে ভনেছি ঃ এ হাদীসটি বাতিল, এর কোন ভিত্তি নেই।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটির সমস্যা দু'টি ঃ

১। মুহাম্মাদ ইবনুল খান্তাব; তিনি মাজহুলুল হাল। তার সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৩/২/২৪৬) বলেন ঃ আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি উত্তরে বলেন ঃ আমি তাকে চিনি না।

"আল-মীযান" গ্রন্থে এসেছে, আযদী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস্।

অতঃপর এ হাদীসটি উল্লেখ করে মুনকার হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার কথাকে সমর্থন করেন। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য বললেও তার নির্ভরযোগ্য বলা গ্রহ**ারোগ্য** নয়। এ মর্মে পূর্বে একাধিকবার আলোচনা করা হয়েছে। বিশেষ করে যখন তার বিরোধী মতামত থাকবে।

২। মুহাম্মাদের শাইখ 'আলী ইবনু যায়েদ হচ্ছেন ইবনু জাদ'শ্লান, তিনি দু<del>র্বল।</del>
١ ١ (المُدَبَّرُ لا يُبَاعُ وَلاَيُو هَبُ، وَهُوَ حُرٌّ مِنْ الثَّلْثِ). ١ ٦ ٤

১৬৪। মুদাব্বার দাস (যাকে তার মানিক নিজের মৃত্যুর পর মুক্ত করার ঘোষণা দিয়েছে) বিক্রি করা যাবে না, হেবা করাও যাবে না, এক ভূতীরাংশ হতে সে স্থাধীন (মুক্ত)।

## হাদীসটি জাল।

হাদীসটি দারাকুতনী (পৃ: ৩৮৪) ও বাইহাকী (১০/৩১৪) আবীদা ইবনু হাসসান হতে, তিনি আইউব হতে...বর্ণনা করেছেন।

দারাকৃতনী বলেন ঃ আবীদা ছাড়া অন্য কেউ এটিকে মুসনাদ হিসাবে বর্ণনা করেননি। আর আবীদা হচ্ছেন দুর্বল। এটি ইবনু উমার (ﷺ) হতে মওকৃফ হিসাবেও বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ হাতিম বলেন ঃ আবীদা মুনকারুল হাদীস।

তার সম্পর্কে ইবনু হিব্বান (২/১৮৯) বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন।

নিঃসন্দেহে এটি সে সব জালগুলোর একটি। কারণ বুখারী (৫/২৫) এবং মুসলিম শরীফে (৫/৯৭) জাবের (﴿﴿﴿﴿﴾) হতে বর্ণিত হয়েছে; রস্ল (﴿﴿﴾) নিজে মুদাববার দাস বিক্রি করেছেন।

আলোচ্য হাদীসটি ইবনু মাজাহ্ (২/১০৪), উকায়লী, দারাকৃতনী ও বাইহাক্বী 'আলী ইবনু যিবইয়ান সূত্রে বর্ণনা করেছেন। অতঃপর ইবনু মাজাহ্ বলেছেন ঃ এর কোন ভিত্তি নেই। অর্থাৎ ঃ মারফু' হিসাবে।

উকায়লী বলেন ঃ 'আলী ইবনু যিবইয়ান ছাড়া অন্য কোন মাধ্যমে এটি জানা যায় না।

তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না।

বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৪৩২) বলেন ঃ আবৃ যুর'য়াহকে এ 'আলীর হাদীস সম্পর্কে জিজ্জেস করা হয়েছিল, তিনি বলেন ঃ এ হাদীসটি বাতিল, তা পাঠ করা হতে বিরত থাক।

١٦٥. (كُلُوا النَّيْنَ، قَلَوْ قُلْتُ: إِنَّ قَاكِهَةً نَزَلَتْ مِنَ الْجَنَّةِ بِلا عَجَم؛ لَقُلْتُ : هِيَ النَّيْنُ، وَإِنَّهُ يَذْهَبُ بِالْبَوَاسِيرِ، وَيَنْقَعُ مِنَ النَّقْرَس).

১৬৫। তোমরা তীন ফল (ডমুর) খাও। আমি যদি বলি যে, জান্লাত হতে বীচি ছাড়া একটি ফল নাযিল হয়েছে, তাহলে বলব ঃ সেটি হচ্ছে তীন ফল (ডমুর)। তা অর্শ্ব রোগকে দুরিভূত করে এবং নুকরাস নামক রোগের জন্য উপকার করে।

# श्मीमि पूर्वम ।

হাদীসটি সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনুস সুন্নী এবং আবৃ নু'য়াইম-এর বর্ণনায় উল্লেখ করেছেন। দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (৬/৪৭) আবৃ যার (秦) হতে বিনা সনদে উল্লেখ করেছেন।

মানাবী বলেন ঃ তারা সকলে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর-এর হাদীস হতে একজন নির্ভরযোগ্য ব্যক্তির মাধ্যমে আবৃ যার (ﷺ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ সনদটি দুর্বল, কারণ নামহীন এ নির্ভরযোগ্য ব্যক্তি কে তা জানা যায় না।

এ জন্য ইবনুল কাইয়্যিম "যাদুল মা'য়াদ" গ্রন্থে (৩/২১৪) বলেছেন ঃ এটি সাব্যস্ত হতে বিরূপ মন্তব্য আছে।

আমি (আলবানী) বলছি ঃ আমার বেশীর ভাগ ধারণা এ হাদীসটি জাল।

শাইখ আজলুনী "আল-কাশফ" গ্রন্থে (১/৪২৩) বলেন ঃ ফাকিহা (ফল-মূল) সম্পর্কে যত হাদীস বর্ণিত হয়েছে সবই জাল (বানোয়াট)। সম্ভবত তিনি বুঝিয়েছেন ফ্যীলত সম্পর্কে যত হাদীস হয়েছে।

١٦٦. (إِنَّ أَهْلَ الْبَيْتِ لِيَقِلُّ طَعْمُهُمْ، فَتَسْتَتِيْنُ بُيُونُهُمْ).

১৬৬। আহলে বাইতের খাদ্য কমে যায়, ফলে তাদের ঘর আলোকিত হয়। হাদীসটি জাল।

এটি ইবনু আবিদ-দুনিয়া "কিতাবুল জু" গ্রন্থে (১/৫), উকায়লী "আযযু'য়াফা" গ্রন্থে (২২২), এবং তার নিকট হতে ইবনুল জাওয়ী "আল-মাওযু'আত"
গ্রন্থে (৩/৩৫), ইবনু আদী (১/৮৯) ও তাবারানী "আল-আওসাত" গ্রন্থে
(২/১৫/৫২৯৮) আব্দুল্লাহ ইবনু মুতাল্লিব আল-আজালী সূত্রে হাসান ইবনু যাকুওয়ান
হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ আপুল্লাহ ইবনু মুতাল্লিব ছাড়া অন্য কেউ হাদীসটি হাসান হতে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী তাকে (আব্দুল্লাহকে) "আয-যু'য়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ তাকে চেনা যায় না।

ইবনুল জাওয়া বলেন ঃ এটি সহীহ্ নয়। উকায়লী বলেন ঃ আব্দুল্লাহ মাজহুল, তার হাদীস মুনকার, নিরাপদ নয়। ইমাম আহমাদ বলেন ঃ হাসান ইবনু যাকুওয়ান-এর হাদীসগুলো বাতিল। হাফিয সুষ্তী তার এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/ ২৫৩) সমর্থক করেছেন। তা সত্ত্বেও তিনি তাবারানীর বর্ণনায় "জামেউস সাগীর" গ্রন্থে এ একই সনদে হাদীসটি উল্লেখ করেছেন।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৫) বলেন ঃ আমি আমার প্রিজ্ঞাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। জিনি বলেন ঃ এ হাদীসটি মিখ্যা আর আব্দুল্লাহ মাজহুল।

হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ র্জ হালীসটি দুনকার।
তার এ কথাকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।
د (البطنيخ فَبْلَ الطَعَامِ يَعْسِلُ الْبَطْنَ عُسَلًا، ويَدْهَبُ بِالدَّاءِ أَصْلًا). ١٦٧

১৬৭। খাদ্য গ্রহণের পূর্বে তরমুজ খেলে তা পেটকে ধৌত করে এবং রোগকে সমূলে বিনাশ করে।

#### হাদীসটি জাল।

এটিকে ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (২/২৮২, ১০/২৮৭) বর্ণনা করেছেন এবং যাহাবী আহমাদ ইবনু ইয়াকৃব ইবনে আন্দিল জাব্বার আল-জুরজানীর জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন।

ইবনু আসাকির বলেন ঃ এটি শায, সহীহ্ নয়। [শায সম্পর্কে দেখুন (৫৬) পৃষ্ঠায়]। মানাবী "আত-তায়সীর" গ্রন্থে বলেন ঃ আসলেই এটি সহীহ নয়।

তিনি "আল-ফায়য" গ্রন্থে উল্লেখ করেছেন, বাইহাকী বলেন ঃ আহমাদ ইবনু ইয়াকৃব বহু মাওযু' হাদীস বর্ণনা করেছেন। সে সব থেকে কিছু বর্ণনা করা আমি বৈধ মনে করি না। এটি সেগুলোর একটি। হাকিম বলেন ঃ এ আহমাদ হাদীস জালকারী।

আমি (আলবানী) বলছি ঃ এ জাল হাদীসটি "আল-মীযান" গ্রন্থ হতে নকল করা হয়েছে। এটি জাল হওয়ার বিষয়ে তার সাথে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে ঐকমত্য পোষণ করেছেন।

সুয়ৃতী নিজেও হাদীসটি তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (পৃ: ১৩৬/৬৪৫) উল্লেখ করে জাল হওয়ার কারণ দর্শিয়েছেন সেভাবে যেভাবে ইবনু আসাকির ও যাহাবী বলেছেন। তার সাথে ইবনু আররাকও (১/৩৩১) ঐকমত্য পোষণ করেছেন। তা সম্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

হাফিয সাখাবী "মাকাসিদুল হাসানা" গ্রন্থে বলেছেন (আরেক দল তার অনুসরণ করেছেন) ঃ আবৃ আম্র নৃকানী তরমুজের ফযীলত বর্ণনা করে একটি পুস্তি কা রচনা করেছেন। এর সবগুলোই বাতিল। ١٦٨. (بَركَةُ الطَّعَامِ الْوُضُوعُ قَبْلُهُ وَبَعْدَهُ).

১৬৮। খাদ্যের বরকত হচ্ছে তার পূর্বে ও পরে ওয়্ করাতে। হাদীসটি দুর্বল।

এটিকে তায়ালিসী তার "মুসনাদ" গ্রন্থে (৬৫৫) উল্লেখ করেছেন।

এছাড়া আবৃ দাউদ (৩৭৬১) ও তিরমিয়ী হাদীসটি বর্ণনা করেছেন। তিরমিয়ী হতে বাগাবী "শারহুস সুন্নাহ" গ্রন্থে (৩/১৮৭/১), হাকিম (৪/১০৬-১০৭) ও ইমাম আহমাদ (৫/৪৪১) বিভিন্ন সূত্রে কায়স ইবনু রাবী' হতে…হাদীসটি বর্ণনা করেছেন।

আবৃ দাউদ বলেন ঃ তিনি দুর্বল। তিরমিয়ী বলেন ঃ এ হাদীসটি শুধুমাত্র কায়স ইবনু রাবী' হতেই চিনি। এ কায়স হাদীসের ক্ষেত্রে দুর্বল।

যাহাবী বলেন ঃ কায়স দুর্বল হওয়া ছাড়াও এটি মুরসাল।

ইমাম আহমাদকে এ হাদীসটি সম্পর্কে মুহান্না জিজ্ঞাসা করেছিলেন, তিনি বলেন ঃ এটি মুনকার। কায়স ইবনু রাবী ব্যতীত অন্য কেউ এটিকে বর্ণনা করেননি।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১০) বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেন ঃ এটি মুনকার হাদীস।

কোন কোন সিথিলতা প্রদর্শনকারী ব্যক্তি এটিকে হাসান বলার চেষ্টা করেছেন, যেমন মুনযেরী। কিন্তু তা গ্রহণযোগ্য নয়, সেই সব মুহাদ্দিসগণের কারণে যারা এ হাদীসটি বর্ণনা করেছেন, আবার তারা সেটিকে দুর্বলও বলেছেন। তারাই এ বিষয়ে বেশী অভিজ্ঞ।

"আল-ইলাল" গ্রন্থে (২/১০) এসেছে; আবৃ হাতিম বলেন ঃ এ হাদীসটির সাদৃশ্যতা রয়েছে আবৃ খালিদ ওয়াসেতী (আম্র ইবনু খালিদ)-এর হাদীসের সাথে। তার নিকট আবৃ হাশিম হতে এরূপ জাল হাদীস রয়েছে। তিনি হচ্ছেন একজন মিথ্যুক। হাদীসটি যদি তার হয় তাহলে এটি বানোয়াট।

সুফিয়ান সাওরী খাবারের পূর্বে ওয়ু করাকে অপছন্দ করতেন। বাইহাক্বী বলেন ঃ মালিক ইবনু আনাস ওয়ু করাকে (খাবারের পূর্বে ওয়ু করাকে) মাকর্হ মনে করতেন। ইমাম শাফে স্ব ওয়ু ছেড়ে দেয়াকে মুস্তাহাব জানতেন। তারা তাদের সমর্থনে মুসলিম, আবু দাউদ এবং তিরমিযীতে বর্ণিত হাদীস দ্বারা দলীল গ্রহণ করেছেন।

ইবনু আব্বাস (ఉ) হতে বর্ণিত, রসূল (ఈ)-এর নিকট খাবার উপস্থিত করা হলে কেউ বলল ঃ আপনি কী ওয়ু করবেন না? তখন তিনি বললেন ঃ ''আমি তো (এখন) সলাত আদায় করব না যে, তার জন্য ওয়ু করব।'' এটি বর্ণনা করেছেন ইমাম মুসলিম, আবূ দাউদ ও তিরমিয়ী। অন্য বর্ণনায় এসেছে: "যখন আমি সলাতের জন্য দাঁড়াব তখন আমাকে ওয় করার নির্দেশ হয়েছে।" (আবৃ দাউদ, তিরমিযী)। এ হাদীসটি আলোচ্য হাদীসটি যে দুর্বল তার প্রমাণ বহন করছে।

١٦٩. (إنَّ لِكُلَّ شَنَيْءِ قَلْبًا، وَإِنَّ قُلْبَ الْقُرْآنِ (يس)، مَنْ قُرَّاهَا؛ فَكَاتَمَا قَرَا الْقُرْآنَ عَشْرَ مَرَّاتٍ).

১৬৯। প্রতিটি বস্তুর হৃদয় রয়েছে, আর কুরআনের হৃদয় হচ্ছে সূরা ইয়াসিন। যে ব্যক্তি তা পাঠ করল, সে যেন দশবার কুরআন পাঠ করল।

# হাদীসটি জাল।

এটিকে ইমাম তিরমিয়ী (৪/৪৬) ও দারেমী (২/৪৫৬) হামীদ ইবনু আব্দির রহমান সূত্রে ...হারূণ আবৃ মুহাম্মাদ হতে, তিনি মুকাতিল ইবনু হায়য়ান হতে ... বর্ণনা করেছেন।

হাদীসটির দুর্বলতা সুস্পষ্ট বরং এটি এ হারূণের কারণে বানোয়াট। যাহাবী তার জীবনী বর্ণনা করতে গিয়ে তিরমিয়ী হতে তার মাজহুল হওয়ার উক্তিটি উল্লেখ করে বলেছেনঃ

আমি তাকে মিখ্যার দোষে দোষী করছি সেই হাদীস দ্বারা যেটি কাষা ক্ষ তার "মুশনাদৃশ-শিহাব" প্রন্থে বর্ণনা করেছেন। অতঃপর এ হাদীসটি বর্ণনা করেছেন।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেন ঃ এ মুকাতিল হচ্ছেন ইবনু সুলায়মান। আমি এ হাদীসটি সেই কিতাবের প্রথমে দেখেছি যেটি মুকাতিল ইবনু সুলায়মান জাল করেছিলেন। হাদীসটি বাতিল, এর কোন ভিত্তি নেই।

আমি (আলবানী) বলছি ঃ এ মুকাতিল ইবনু হায়য়ান নন বরং তিনি হচ্ছেন ইবনু সুলায়মান, যেমনভাবে আবৃ হাতিম দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন। তিরমিয়ী ও দারিমী কর্তৃক মুকাতিলকে ইবনু হায়য়ান হিসাবে উল্লেখ করা সম্ভবত কোন বর্ণনাকারী হতে ভুলক্রমে সংঘটিত হয়েছে। যেটিকে কার্যান্সর বর্ণনা শক্তি যোগাচ্ছে। আবুল ফাতাহ আল-আযদী বলেন ঃ এ মুকাতিল ইবনু হায়য়ান সম্পর্কে ওয়াকী বলেন ঃ তাকে মিথ্যুক বলা হয়েছে।

এছাড়া যাহাবী বলেন ঃ আবুল ফাতহ এরূপই বলেছেন। আমার ধারণা তার মধ্যে ইবনু হায়য়ান না ইবনু সুলায়মান এ দু'য়ের ব্যাপারে গড়মিল সৃষ্টি হয়েছে। কারণ ইবনু হায়য়ান হচ্ছেন একজন সত্যবাদী বর্ণনাকারী। আর গুয়াকী' যাকে মিথ্যুক বলেছেন তিনি হচ্ছেন ইবনু সুলায়মান। অতএব আমি (যাহাবী) বলছি ঃ

এ মুকাতিল হচ্ছেন ইবনু সুলায়মান।

আমি আলবানী বলছি ঃ এটি যখন প্রমাণিত হচ্ছে যে, তিনি ইবনু সুলায়মান তখন বলতে হচ্ছে যে, হাদীসটি জাল।

এছাড়া বর্ণনাকারী হামীদ একজন মাজহূল, যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।

১৭০। আল্লাহ তা'আলা যখন আদম (আ:)-কে যমীনে নামিয়ে দিলেন, ফেরেশতারা বললেন ঃ হে প্রভু! "আপনি যমীনে এমন লোক সৃষ্টি করবেন যারা ফ্যাসাদ করবে ও রক্তারক্তি করবে- এমতাবস্থায় যে আমরা আপনার প্রশংসার সাথে তাসবীহ পাঠ করছি এবং আপনার পবিত্রতা বর্ণনা করছি। আল্লাহ বললেন ঃ আমি যা জানি তোমরা তা জান না।" তারা বলল ঃ হে প্রতিপালক! আমরা আদম সন্ত ানদের চেয়ে তোমার জন্য বেশী আনুগত্যশীল। আল্লাহ তা'আলা ফেরেশতাদের উদ্দেশ্যে বললেন ঃ ফেরেশতাদের মধ্য হতে দু'জন ফেরেশতাকে নিয়ে আস, তাদের দু'জনকে যমীনে প্রেরণ করা হবে। অতঃপর আমরা দেখব তারা কেমন আমল করে? তারা বলল ঃ হে আমাদের রব! হারুত ও মারুত। অতঃপর তাদের দু'জনকে পৃথিবীতে প্রেরণ করা হল। তাদের দু'জনের সম্মুখে মানবকুলের সর্বাপেক্ষা সুন্দরী রমণী হিসাবে যুহ্রাকে দাঁড় করানো হলো। সে তাদের দু'জনের কসম তা হবে না যতক্ষন পর্যন্ত আল্লাহর সাথে অংশীদার স্থাপনের উক্তি না করবে।

তারা দু'জনে বলল ঃ আল্লাহর কসম আমরা আল্লাহর সাথে শির্ক করতে পারব না। অতঃপর সে দু'জনের নিকট হতে চলে গেল। তার পর একটি শিশুকে বহন করে পুনরায় আসল। তারা দু'জনে তাকে পাবার জন্য চাইল। সে বলল ঃ আল্লাহর কসম তা হবে না যতক্ষণ পর্যন্ত তোমরা দু'জনে এ শিশুটিকে হত্যা না করবে। তারা বলল ঃ আল্লাহর কসম আমরা তাকে কখনও হত্যা করব না। সে চলে গেল। তারপর এক পিয়ালা মদ নিয়ে পুনরায় আসল। অতঃপর তারা দু'জনে তাকে পেতে চাইল। কিম্ব সে বলল ঃ আল্লাহর কসম তা হবে না যতক্ষণ পর্যন্ত এ মদ পান না করবে। এরপর তারা দু'জনে মদ পান করে মাতাল হয়ে গেল। অতঃপর সেই রমণীর সাথে দু'জনে যেনায় লিপ্ত হল, শিশুটিকে হত্যা করল। অতঃপর যখন জ্ঞান ফিরে আসল, তখন রমণীটি বলল ঃ আল্লাহর কসম তোমরা দু'জনে যখন মদ পান করে মাতাল হয়ে গেল তখন আমার নিকট যে সব কর্ম করতে অস্বীকার করেছিলে সে সব কর্ম করা হতে কিছুই ছাড়লেনা। অতঃপর তাদের দু'জনকে দুনিয়া ও আখেরাতের শাস্তির মধ্য হতে একটি শাস্তি গ্রহণ করার জন্য স্বাধীনতা দেয়া হল। তারা দু'জনে দুনিয়ার শাস্তি পছন্দ করল।

# মারফু হিসাবে হাদীসটি বাতিল।

এটিকে ইবনু হিব্বান, আহমাদ, আব্দু ইবনে হামীদ, ইবনু আবিদ-দুনিয়া, বায্যার, ইবনুস সুন্নী যুহায়ের ইবনু মুহাম্মাদ সূত্রে মৃসা ইবনু যুবায়ের হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি মওকৃফ হিসাবে সহীহ, যার বিবরণ কিছু পরেই আসবে।

ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (১/২৫৪) বলেন ঃ মৃসা ইবনু যুবায়ের হচ্ছেন আনসারী। তাকে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/১/১৩৯) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তার অবস্থা অস্পষ্ট (মাসতুরূল হাল)। তিনি এককভাবে নাফে' হতে বর্ণনা করেছেন।

ইবনু হিব্দান তাকে "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন, কিন্তু বলেছেন ঃ "کان پُخطِي، وَپُخالِف'' ''তিনি স্থুল করতেন এবং অন্যের বিরোধিতা করতেন।''

ইবনু হিব্বান যদি কোন বর্ণনাকারীর ব্যাপারে চুপ থাকেন তাহলে তার উপর নির্ভর করা যায় না। তিনি নরমপন্থীদের অন্তর্ভুক্ত হওয়ার কারণে। অথচ এখানে তিনি বলেছেন ঃ তিনি ভুল করতেন এবং বিরোধিতা করতেন।

এছাড়া যুহায়ের ইবনু মুহাম্মাদ সহীহাইনের বর্ণনাকারী হওয়া সত্ত্বেও তার হেফ্যের ব্যাপারে বহু কথা আছে। এ কারণেই তাকে একদল দুর্বল আখ্যা দিয়েছেন। বায্যার তার সম্পর্কে বলেন ঃ তিনি হাফিয় ছিলেন না। তার সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (১/২/৫৯০) বলেন ঃ তার হেফযে ক্রটি থাকার কারণে তিনি যে হাদীস শাম দেশে বলেছেন সেটি ইরাকে অস্বীকার করেছেন। ফলে তিনি তার কিতাব হতে যা বর্ণনা করেছেন তা সহীহ্ আর তার হেফয হতে যা বর্ণনা করেছেন তাতে ভুল করেছেন।

ইবনু কাসীর বিবরণ দিয়েছেন যে, এ ঘটনাটি ইসরাইলীদের বানোয়াট ঘটনা। মারফ্' হাদীস হিসাবে সাব্যস্ত হয়নি। এটি কা'য়াব আল-আহবার হতে আব্দুল্লাহ ইবনু উমার (ఉ)) সূত্রে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ একদল পূর্ববর্তী ইমাম এ হাদীসটিকে মুনকার হিসাবে চিহ্নিত করেছেন। ইমাম আহমাদ বলেন ঃ এটি মুনকার, এটি কা'য়াব হতে বর্ণনা করা হয়ে থাকে।

ইবনু আবী হাতিম বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উন্তরে বলেন ঃ এটি মুনকার হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ এটি মারফ্' হিসাবে বাতিল হওয়ার প্রমাণ এই যে, এটিকে ইবনু উমার (ﷺ) হতে সা'ঈদ ইবনু যুবায়ের এবং মুজাহিদ মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন। যেমনভাবে সুয়ৃতীর "দুররুল মানসূর" গ্রন্থে (১/৯৭-৯৮) এসেছে।

١٧١. (مَنْ وَلِدَ لَهُ مَولُودٌ، فَسَمَّاهُ مُحَمَّدًا تَبَرُكَا بِهِ؛ كَانَ هُوَ وَمَولُودُهُ فِي الْجَنَّةِ).

১৭১। যে ব্যক্তির কোন পুত্র সম্ভান ভূমিষ্ট হল, অতঃপর তার নাম রাখল মুহাম্মাদ তাঁর ঘারা বরকত নেয়ার উদ্দেশ্যে। তাহলে সেই ব্যক্তি ও তার নবজাতক জান্নাতী হবে।

## হাদীসটি জাল।

এটি ইবনু বুকায়ের "ফাযলু মান ইসমূহ আহমাদ ওয়া মুহাম্মাদ" নামক (কাফ ১/৫৮) গ্রন্থে বর্ণনা করেছেন এবং তার সূত্র হতে ইবনুল জাওয়ী তার "মাওয়্'আত" গ্রন্থে (১/১৫৭) উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ এটির সনদে সমালোচিত ব্যক্তি রয়েছেন।

এটির সনদে ইবনু বুকায়ের-এর শাইখ হামেদ ইবনু হাম্মাদ ইবনুল মুবারাক আল-আসকারী রয়েছেন। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি ইসহাক ইবনু ইয়াসার আন-নাসীবী হতে বানোয়াট হাদীস বর্ণনা করেছেন। তিনিই হচ্ছেন এ হাদীসটির সমস্যা।

তার এ কথাকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন। এ কারণেই ইবনুল কাইয়্যিম বলেছেন ঃ এ হাদীসটি বাতিল। শাইখ আল-কারী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে হাদীসটি (পৃ:১০৯) উল্লেখ করে যাহাবীর কথাকে সমর্থন করেছেন।

তা সত্ত্বেও হাদীসটিকে সুয়ৃতী হাসান বলেছেন। তিনি মাকহুলকে নির্ভলশীল বলে কারণ দর্শিয়েছেন অথচ সমস্যা তার নীচের ব্যক্তি হামেদ-এর ক্ষেত্রে।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/৮২) সুয়ৃতীর সমালোচনা করেছেন, যেরূপ আমি তার সমালোচনা করেছি।

١٧٢. (قالَ اللهُ لِدَاوُدَ : يَا دَاوُدُ! ابْن لِيْ فِي الْأَرْض بَيْتًا، فَبَنَى دَاوُدُ بَيْتًا لِنَهْ لِيهُ فِي الْأَرْض بَيْتًا، فَبَنَى دَاوُدُ بَيْتًا فَلَى اللهُ النَهْ النَهْ: يَا دَاوُدُ! بَنَيْتَ بَيْتُكَ قَبْلَ بَيْتِي؟ قَالَ: أَيْ رَبِّ! هَكَدُا قُلْتَ فِيمَا قَضَيْتَ: مَنْ مَلِكَ؛ اسْتَالْرَ. ثُمَّ احْدُ فِي بِنَاءِ الْمَسْحِدِ، قَلْمًا تَمَّ سُورُ الْحَقِطِ؛ سَقَط، قَتْمَكَا دَلِكَ إِلَى اللهِ، قَاوْحَى اللهُ إليه اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ

১৭২। আল্লাহ তা'আলা দাউদকে বললেন ঃ হে দাউদ। আমার জন্য পৃথিবীতে একটি ঘর বানাও। অতঃপর তাকে যে ঘর বানানার নির্দেশ দেয়া হলো সেটির পূর্বেই দাউদ তার নিজের জন্য একটি ঘর বানালেন। ফলে তার নিকট আল্লাহ অহী করলেন, হে দাউদ। তুমি আমার ঘর বানানার পূর্বেই তোমার ঘর বানালেঃ তিনি বললেন ঃ হে প্রভু। তুমি তোমার ফরসালাতে এমনই বলেছ; যে ব্যক্তি মালিক বনে যায় সে নিজের জন্য কিছু বস্তু নির্ধারিত করে নেয়। অতঃপর তিনি (দাউদ) মসজিদ তৈরি করা তরু করলেন। যখন প্রাচীরের দেয়াল সমাপ্ত হল; তখন তা পড়ে গেল! ফলে তিনি সে বিষয়ে আল্লাহর নিকট অভিযোগ করলেন। আল্লাহ তার নিকট অহী মারফত জানালেন, তুমি আমার জন্য যে ঘর তৈরি করবে তা সঠিকভাবে হবে না! (দাউদ) বললেন ঃ হে প্রভু কেন? (আল্লাহ) বললেন ঃ তোমার সম্মুখে রক্ত প্রবাহিত হওয়ার কারণে। তিনি বললেন ঃ হে প্রভু। সেটি কী তোমার ইচ্ছা মাফিক ছিল না? (আল্লাহ) বললেন ঃ হাঁ। কিন্তু তারাতো আমার দাস-দাসী এবং আমিই তো তাদেরকে দয়া করে থাকি। (এ কথা তনার পর) তা তার উপর মুশকিল হয়ে গেল। ফলে আল্লাহ তার নিকট অহী মারফত জানালেন তুমি চিন্তা করো না, কারণ আমি তা তৈরির সিদ্ধান্ত নিয়েছি তোমার পুত্র সুলায়মানের হাতে।

# হাদীসটি বাতিল ও জাল।

হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৫/১২) এবং "মুসনাদৃশ শামিয়ীন" গ্রন্থে (পৃ: ৬২,৯৯), ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (২/৩০০) এবং তার থেকে ইবনুল জাওযী "মাওযু'আত" গ্রন্থে (১/২০০) মুহাম্মাদ ইবনু আইউব ইবনে সুওয়াইদ হতে ...বর্ণনা করেছেন। অতঃপর ইবনুল জাওযী বলেছেন ঃ হাদীসটি জাল।

ইবনু হিব্বান এ মুহাম্মাদ ইবনু আইউব সম্পর্কে বলেন ঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী।

সুয়ৃতী "আল-লাআলী" (১/১৭০) গ্রন্থে তার এ কথাকে সমর্থন করে বলেছেন । এটিকে তাবারানী ও ইবনু মারদুবিয়া তার "আত-তাফসীর" গ্রন্থে উল্লেখ করেছেন। "আল-মীযান" গ্রন্থের লেখক যাহাবী হাদীসটি জাল হওয়ার ব্যাপারে ঐকমত্য পোষণ করেছেন। আবৃ যুর্ব গ্রাহ বলেন ঃ মুহাম্মাদ ইবনু আইউবকে তার পিতার গ্রন্থসমূহে বানোয়াট কিছুর অনুপ্রবেশ ঘটাতে দেখেছি। ইবনু হিকান বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। দাউদ-এর ঘটনা সে সবেরই একটি বানোয়াট ঘটনা।

١٧٣. (فِكْرَةُ سَاعَةٍ خَيْرٌ مِنْ عِبَادَةِ سِيِّيْنَ سَنَّةً).

১৭৩। এক ঘন্টা গবেষণা করা ষাট বছরের ইবাদাত থেকেও অতি উত্তম। হাদীসটি জাল।

আবৃশ শাইখ এটিকে "আল-আযমাহ" গ্রন্থে (১/২৯৭/৪২) উল্লেখ করেছেন এবং তার থেকে ইবনুল জাওয়ী "আল-মাওযু'আত" (৩/১৪৪) গ্রন্থে উসমান ইবনু আদ্দিল্লাহ আল-কুরাশী সূত্রে ইসহাক ইবনু নাজীহ আল-মালতী হতে...বর্ণনা করে বলেছেন ঃ

উসমান ও তার শাইখ তারা উভয়েই মিথ্যক।

সুযূতী "আল-লাআলী" গ্রন্থে (২/২২৭) তার সমালোচনা করে বলেছেন যে, ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে হাদীসটিকে শুধুমাত্র দুর্বল আখ্যা দিয়ে বলেছেন তার শাহেদ রয়েছে। শাহেদ শব্দের ব্যাখ্যা (৫৬) পৃষ্ঠায় দেখুন]।

আমি (আলবানী) বলছি ঃ তিনি (ইরাকী) দাইলামীর বর্ণনায় উল্লেখ করেছেন এবং তিনি তার "মুসনাদ" প্রন্থে (২/৪৬) নিজ সনদে সাঙ্গিদ ইবনু মায়সারা হতে বর্ণনা করেছেন, সাঙ্গিদ আনাস (ﷺ) হতে শুনেছেন, তাতে আনাস (ﷺ) বলেন ঃ 'রাত ও দিনের বিবর্তনের মাঝে এক ঘন্টা গবেষণা করা হাজার বছর ইবাদাত করা হতেও উত্তম।"

আমি (আলবানী) বলছি ঃ এটি মওকৃষ এবং এটিও জাল। এ সা'ঈদ সম্পর্কে যাহাবী বলেন ঃ তার ব্যাপারটি অন্ধকারাচ্ছন্ন।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী।

তার সম্পর্কে হাকিম বলেন ঃ তিনি আনাস (ఉ) হতে জাল হাদীস বর্ণনা করেছেন। তাকে ইয়াহ্ইয়া আল-কান্তান মিথ্যুক আখ্যা দিয়েছেন।

অতএব এরূপ সনদের হাদীস শাহেদ হতে পারে না।

١٧٤. (إِذَا بَنَى الرَّجُلُ الْمُسْلِمُ سَبْعَةَ أَنْ تِسْعَةَ أَدْرُع، ثَادَاهُ مُثَادِ مِنَ المسَّمَاءِ: أَيْنَ تُدْهَبُ يَا أَفْسَقَ الْقَاسِقِيْنَ؟!).

১৭৪। কোন মুসলিম ব্যক্তি যখন সাত বা নয় গজ বিশিষ্ট ঘর তৈরি করবে, তখন আসমান হতে আহ্বানকারী তাকে ডাক দিয়ে বলবে, কোথায় যাচ্ছ হে স্বাপেক্ষা বড় দুর্ফ্ কারী?

## হাদীসটি জাল।

এটিকে আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৭৫) তাবারানীর সূত্রে বর্ণনা করে বলেছেন ঃ এটি হাসান, ইয়াহ্ইয়া ও আওয়া'ঈ হতে গারিব হাদীস। ওয়ালীদ ইবনু মূসা আল-কুরাশী এটিকে এককভাবে বর্ণনা করেছেন। তিনি দুর্বল। তিনি ওয়ালীদ ইবনু মূসা আদ-দামেশকীর মত নন।

আমি (আলবানী) বলছি ঃ এ ওয়ালীদ হচ্ছেন কুরাশী। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

দারাকুতনী বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস। অন্যরা বলেছেন ঃ তিনি মাতরক। ওকায়লী ও ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি য'ঈফ, তার বানোয়াট হাদীস রয়েছে।

সম্ভবত এ হাদীসটির দিকে ইঙ্গিত করা হচ্ছে। কারণ স্পষ্টত এটি জাল।

সুযূতী হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানাবী বলেছেন ঃ যে লেখক (মুসান্নিফ) এটি বর্ণনা করবেন তিনি সর্বাপেক্ষা বড় গাফিল।

١٧٥. (مَنْ بَنَى بِنَاءٌ قُوْقَ مَا يَكْفِيهِ؛ كُلْفَ يَوْمَ الْقِيَامَةِ بِحَمْلِهِ عَلَى عَاتِقِهِ).

১৭৫। যে ব্যক্তি তার জন্য যে পরিমাণ যথেষ্ট তার চেয়ে উঁচু করে ইমারাত তৈরি করবে, কিয়ামতের দিন তার কাঁধে তা বহন করার ঘারা তাকে কষ্ট দেয়া হবে।

# হাদীসটি বাতিল।

এটিকে তাবারানী (৩/৭১/২), ইবনু আদী (৩৩৩/১-২) ও আবৃ নু'য়াইম (৮/২৪৬) মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ সূত্রে তার শাইখ ইউসুফ ইবনু আসবাত হতে ... বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম ও ইবনু আদী বলেন ঃ সাওরী হতে হাদীসটি গারীব। এটিকে মুসাইয়্যাব ইউসুফ হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি ইউসুফের কারণে দুর্বল। তার সম্পর্কে আর হাতিম বলেন ঃ তিনি একজন আবেদ ব্যক্তি ছিলেন। তার গ্রন্থগুলো দাফন করে দিয়েছিলেন। তিনি বহু ভুল করতেন। তবে তিনি ব্যক্তি হিসাবে সং ছিলেন। কিন্তু তার হাদীস দলীল হিসাবে গ্রহণীয় নয়, যেমনভাবে "আল-জারহু…" গ্রন্থে (৪/২/৪১৮) এসেছে।

হাদীসটিকে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে ও হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৪/৭০) উল্লেখ করেছেন।

হাদীসটি কোন সনদেই সহীহ নয়। এটির আরেকটি সমস্যা রয়েছে তা হচ্ছে সনদে আবৃ ওবায়দা ও তার পিতা আব্দুল্লাহ ইবনু মাস'উদের মধ্যে বিচ্ছিন্নতা। কারণ আবৃ ওবায়দা ইবনু মাস'উদ (ఉ) হতে শ্রবণ করেননি। হাফিয ইরাকী "তাখরীজুল ইহুইয়া" গ্রন্থে (৪/২০৪) এদিকেই ইঙ্গিত করেছেন।

যাহাবী মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ-এর জীবনী আলোচনা করতে গিয়ে বলেন ঃ এ হাদীসটি মুনকার।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১১৫,১১৬) বলেন ঃ আমি আমার পিতাকে সেই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম যেটি মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ ইউসুফ ইবনু আসবাত হতে বর্ণনা করেছেন। তিনি উত্তরে বলেন ঃ এ হাদীসটি বাতিল, এ সনদে এর কোন ভিত্তি নেই।

١٧٦. (لا تَسْقُونِي حَلْبَ امْرَأَةٍ).

১৭৬। তোমরা আমাকে মহিলার দুধ পান করিয়ো না।

হাদীসটি মুনকার।

এটি ওয়াকী "আল-যুহুদ" গ্রন্থে (৩/৪৯৪/৪০৮) উল্লেখ করেছেন ।

এছাড়া ইবনু সা'দ "আত-তাবাকাত" গ্রন্থে (৬/৪৩) কায়স ইবনু রাবী' হতে অন্য দু'টি সূত্রে বর্ণনা করেছেন। হাদীসটির একাধিক বর্ণনাকারীর মধ্যে সমস্যা রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল, অন্ধকারাচ্ছন্ন। বর্ণনাকারী ইবনু আবিশ শাইখ আল-মুহারেবীকে এ হাদীস ব্যতীত অন্য কোন হাদীসে চেনা যায় না।

ইবনুল আসীর প্রমুখ এ ভাবেই তাকে সাহাবীগণের অন্তর্ভুক্ত করেছেন।

এছাড়া বর্ণনাকারী আসিম ইবনু বুহায়েরের জীবনী পাচ্ছি না।

যাহাবী তার "আল-মীযান" গ্রন্থে আরেক বর্ণনাকরী ইমরুল কায়েস সম্পর্কে বলেন, আযদী বলেছেন ঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন যা সহীহ নয়। অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থেও বলা হয়েছে।

বর্ণনাকারী কায়স ইবনু রাবী সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেন ঃ তিনি সত্যবাদী। কিন্তু যখন বয়দ্ধ হয়ে গিয়েছিলেন, তখন তার পরিবর্তন সাধিত হয়। তার ছেলে যে হাদীস তার না সেটিকে তার উদ্ধৃতিতে বিস্থা হিসাবে বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি অন্ধকারাচ্ছন্ন। এ সনদের হাদীসটি তার ছেলে কর্তৃক প্রবেশ ঘটানো হাদীসগুলোর একটি হওয়াটা অবাস্তব নয়।

َّ سَكِمَ اللَّهُ عَرَسَ بَنْيَاتًا فِي غَيْرِ ظُلْمٍ وَلَا اغْتِدَاءٍ، أَوْ غَرَسَ غَرَسًا فِي غَيْرِ ظُلْمٍ وَلَا اغْتِدَاءٍ، أَوْ غَرَسَ غَرَسًا فِي غَيْرِ ظُلْمٍ وَلَا اغْتِدَاءٍ؛ كَانَ أَجْرُهُ جَارِياً مَا اثْنَقَعَ بِهِ أَحَدٌ مِنْ خَلْق الرَّحْمَنِ تَبَارِكَ وَتَعَالَى).

১৭৭। যে ব্যক্তি অট্টালিকা (ইমারাত) তৈরি করল অত্যাচার ও সীমালংঘন না করে বা কোন গাছ লাগাল অত্যাচার ও সীমালংঘন না করে, তার সাওয়াব অব্যাহত থাকবে যতক্ষণ পর্যন্ত দয়াময় আল্লাহ তাবারাক ওয়া তা'আলার সৃষ্টি থেকে একজন তা ঘারা উপকৃত হবে।

## श्मीअि पूर्वन।

এটি ইমাম আহমাদ (৩/৪৩৮), তাহাবী তার "আল-মুশকিল" গ্রন্থে (১/৪১৬-৪১৭) ও তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (২০/১৮৭/নং ৪১০, ৪১১) যুবান ইবনু ফায়েদ সূত্রে ...বর্ণনা করেছেন।

হাদীসটি দুর্বল যুবান হাদীসের ক্ষেত্রে দুর্বল হওয়ার কারণে, যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।

তাকে ইমাম আহমাদ প্রমুখ মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন। আর আবৃ হাতিম তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

١٧٨. (مَنْ عَيَّرَ أَخَاهُ بِذَنْبٍ؛ لَمْ يَمُتْ حَتَّى يَعْمَلَهُ).

১৭৮। যে ব্যক্তি ভার ভাইকে কোন গুনাহের কারণে ভৎসনা করবে, সে ব্যক্তি সে কর্ম না করা পর্যন্ত মৃত্যুবরণ করবে না।

#### হাদীসটি জাল।

এটিকে ইমাম তিরমিয়ী (৩/৩১৮), ইবনু আবিদ-দুনিয়া "যামুল গীবা" গ্রন্থে, ইবনু আদী (২/২৯৬) ও খাতীবুল বাগদাদী (২/৩৩৯-৩৩০) মুহাম্মাদ ইবনুল হাসান সূত্রে ...বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি হাসান গারীব। এটির সনদ মুন্তাসিল নয়। খালিদ ইবনু মি'দান মু'য়ায ইবনু জাবাল (ఈ)-কে পাননি।

আমি (আলবানী) বলছি ঃ তাহলে কীভাবে এটি হাসান। এ মুহাম্মাদ ইবনু হাসানকে ইবনু মা'ঈন ও আবৃ দাউদ মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমনটি যাহাবীর "আল-মীযান" গ্রন্থে এসেছে। অতঃপর তিনি এ হাদীসটি উল্লেখ করেছেন। ত্রত কারণেই সাগানী তার "আল-মাওয়্সাত" ব্যক্ত (পৃত্রত) হাদীসটি উল্লেখ করেছেন। তার পূর্বে ইবনুল জাওয়ী (৩/৮২) ইবনু আবিদ-দুনিয়ার সূত্রে বর্গনা করে বল্লেছেন ১ এটি সহীহ নয়। মুহামাদ ইবনু হাসান মিথ্যুক

্রসূমৃতী "আল-লাআলী" এতে (২/২৯৩) তার সমালোচনা করে বলেছেন যে, এটি তিরমিয়ী বর্ণনা করে বলেছেন ঃ এটি হাসান গারীর এবং তার শাহেদ রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ তার শাহেদটি মারফু নয়। তবুও এটির সনদটি দুর্বল সালেহ ইবনু বাশীর আল-মুররীর কারণে। তিনি দুর্বল যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। এটি শাহেদ হওয়ার যোগ্য নয় দুর্বল এবং মারফু না হওয়ার কারণে।

এছাড়া মারফ্ হিসাবেও শাহেদ এসেছে, কিন্তু সেটিও দুর্বল। দেখুন "মিশকাত" গ্রন্থের শেষে (৩য় বভা)।

١٧٦. (الدُّعَاءُ سَلِاحُ الْمُؤْمِنِ، وَعَمَادُ الدِّيْنِ، وَثُورُ السَّمَاوَاتِ وَالأَرْض).

১৭৯। মু'মিনের হাডিয়ার, দ্বীনের জন্ত এবং আসমান ও ম্মীনের আলো হচ্ছে দো'আ।

্ৰাদীসটি জাল্ ৷

এটিকে আরু ই খ্রালা (৪৩৯), ইবনু আদী (২/২৯৬), হাকিম (১/৪৯২) ও কারাঙ্গি (৪/২/১) হাসান ইবনু হাম্মাদ আয-যাবী সূত্রে মুহাম্মাদ ইবনু হাসান হতে ...বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ এটি সহীহ্ হাদীস। কারণ মুহাম্মাদ ইবনু হাসান হচ্ছেন আত-তাল। তিনি কৃফীদের অন্তর্ভুক্ত একজন সত্যবাদী।

যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। এটি যাহাবী হতে দু'টি কারণে মারাত্মক ভুল ঃ

১। এটির সনদে ইনকিতা' অর্থাৎ বিচ্ছিন্নতা রয়েছে। যা যাহাবী নিজে তার "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন। সেটি হচ্ছে আলী ইবনু হুসাইন ও তার দাদা 'আলী ইবনু আবী তালিব (卷)-এর মধ্যে।

২। এ মুহাম্মাদ- ইবনুল হাসান হামদানী। তিনি আত-তাল নন, সত্যবাদীও নন যেমনভাবে হাকিম বলেছেন। বরং তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনুল হাসান ইবনু আবী ইয়াযীদ আল-হামাদানী, তিনি মিখ্যুক। যার সম্পর্কে পূর্ববর্তী হাদীসে আলোচনা করা হয়েছে। এর প্রমাণ হিসাবে নিম্নের বিষয়গুলো উল্লেখ করা যেতে পারে ঃ

১। যাহাবী নিজেই হাদীসটি তার (মুহাম্মাদের) জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন, তাকে ইবনু মাস্ট্রন প্রমুখ ব্যক্তি কর্তৃক মিথ্যুক হিসাবে আখ্যায়িত করার পরে। অনুরূপভাবে ইবনু আদীও তার জীবনী বর্ণনা করার সময় হাদীসটি উল্লেখ করেছেন। অতএব সুয়ৃতী কর্তৃক হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করাটা ভুল।

- ২। হায়সামী হাদীসটি "আল-মাজমা" গ্রন্থে (১০/১৪৭) উল্লেখ করে বলেছেন ঃ এটিকে আবৃ ই'য়ালা বর্ণনা করেছেন। যার সনদে মুহাম্মাদ ইবনুল হাসান ইবনু আবী ইয়াযীদ রয়েছেন, তিনি মাতরুক।
- ৩। মুহাম্মাদ ইবনুল হাসান আত-তাল-এর শাইখ হিসাবে জা'ফার ইবনু মুহাম্মাদকে উল্লেখ করা হয়নি। তাকে মুহাম্মাদ ইবনুল হাসান আল-হামাদানীর শাইখ হিসাবে উল্লেখ করা হয়েছে।
- ৪। এ সনদে যে বলা হয়েছে মুহাম্মাদ ইবনুল হাসান ইবনু যুবায়ের, যুবায়ের শব্দটি "আল-মুসতাদরাক" গ্রন্থের কোন বর্ণনাকারীর পক্ষ হতে বিকৃত করে উল্লেখ করা হয়েছে। যার কারণে হাকিম তাকে তাল হিসাবে উল্লেখ করেছেন। ফলে তিনি ভুল করেছেন।

١٨٠. (الا اذلكم على ما ينجيكم من عدوكم ويَدرُ لكم ارزاقكم؟ تدعون الله ليلكم وتهاركم، فإن الدعاء سيلاخ المؤمن).

১৮০। তোমাদেরকে কী আমি নির্দেশনা দিব না এমন বস্তুর যা তোমাদেরকে তোমাদের শত্রু হতে বক্ষা করবে এবং তোমাদের জন্য রিযুক বর্ধিত করবে? (তা হচ্ছে) তোমরা দিনে ও রাতে আল্লাহকে ডাকবে। কারণ দোঁ আ হচ্ছে মুঁমিনের হাতিয়ার।

# হাদীসটি দুর্বল।

এটি আবৃ ই'য়ালা (৩/৩৪৬/১৮১২) সাল্লাম ইবনু সুলাইম সূত্রে মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদ হতে ...বর্ণনা করেছেন।

হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (১০/১৪৭) বলেন ঃ এটির সনদে মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদ নামক বর্ণনাকারী আছেন। তিনি দুর্বল।

এ হাদীসটি সহীহ্ না হওয়ার পিছনে আরো একটি কারণ আছে, সেটি হচ্ছে সাল্লাম ইবনু সুলাইম। তিনি হচ্ছেন তাবিল আল-মাদানী, তিনি মাতরূক, জাল বর্ণনা করার দোষে দোষী। তাকে উল্লেখ করে এ হাদীসের সমস্যা বর্ণনা করাই উত্তম। পূর্বে তার একটি জাল হাদীস উল্লেখ করা হয়েছে (নং ৫৮) সেখানে তার সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এছাড়া তার আরেকটি দুর্বল হাদীসও বর্ণনা করা হয়েছে ২৬ নাম্বারে মুতাবা'য়াত থাকার কারণে। তবে এটি পূর্বের্টির ন্যায় শুধু দুর্বল নয়, বরং জালও বটে।

অতএব এ হাদীসটি কেউ সহীহ্ বললে তা গ্রহণযোগ্য নয়।

١٨١. (إِنَّ الرِّزْقَ لا تُنْقِصُهُ الْمَعْصِيةَ، وَلا تُزِيْدُهُ الْحَسَنَةَ، وَتَرَكُ الدُّعَاءِ مَعْصِيةً).

১৮১। অবাধ্যতা রিয়ক কমিয়ে দেয় না এবং তাকে (রিয়ককে) সৎকর্ম বৃদ্ধিও করে না। আর দো'আ ছেড়ে দেয়া হচ্ছে নাফারমানী (অবাধ্যতা)।

#### হাদীসটি জ্বাল।

হাদীসটি তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৪৭) এবং ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (১১/২) ইসমাঈল ইবনু ইয়াহ্ইয়া আত-তাইমী সূত্রে...উল্লেখ করেছেন।

এ সনদটি জাল এ ইসমাঈল মিথ্যুক হওয়ার কারণে, যেমনভাবে আবৃ 'আলী আন-নাইসাপুরী, দারাকুতনী ও হাকিম বলেছেন।

ইবনু আদী বলেন ঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন তার সবই বাতিল।

এছাড়া আতিয়া আল-আওফী দুর্বল। তার সম্পর্কে ২৪ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

মানাবী "জামে'উস সাগীর"-এর শারাহ্র মধ্যে বলেন, হায়সামী বলেছেন ঃ আওফী দুর্বল। সাখাবী বলেন ঃ এটির সনদ দুর্বল।

কিন্তু হাদীসটির মূল কারণ উদঘাটন করতে তারা সকলে ভুলে গেছেন। সেটি হচ্ছে ইসমা'ঈলের মিথ্যুক হওয়া। এ কারণেই সম্ভবত সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

এছাড়া হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ বহন করছে রসূল (ﷺ)-এর নিম্নের সহীহ্ হাদীসটি। যেটিকে বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন।

''مَنْ أَحَبُّ أَنْ يُبْسَطُ لَهُ رِزْقُهُ، وَأَنْ يُنْسَأَ لَهُ فِي أَثْرِهِ، فَلْيَصِلِ رَحِمَهُ''

অর্থ ঃ "যে ব্যক্তি তার রিয্ক বৃদ্ধি করা ও তার হায়াত বৃদ্ধি পাওয়াকে ভালবাসে, সে যেন আত্মীয়দের সাথে সম্পর্ক বজায় রাখে।"

١٨٢. (خَيْرُكُمْ الْمُدَافِعُ عَنْ عَشْيِرْرَبِهِ؛ مَالَمْ يَأْتُمْ).

১৮২। তোমাদের সেই সর্বোন্তম ব্যক্তি যে, তার নিজ বংশের পক্ষে অন্যকে প্রতিরোধ করে, তবে যতক্ষণ পর্যন্ত সে গুনাহ না করবে।

### श्मीमि खान।

এটি আবৃ দাউদ (নং ৫১২০) আইউব ইবনু সুওয়াইদ সূত্রে...বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ আইউব ইবনু সুওয়াইদ-এর কারণে এটির সনদটি নিতান্তই দুর্বল। তাকে আহমাদ, আবৃ দাউদ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন।

নাসাস ৰাজন ঃ ছিনি নির্ভিক্তবার্গ্যালন 🖒 😢 🕮 😘 😘 💢 🕮

শ্রীৰদু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৩১) বলেন ঃ আমি আমীর পিতাকে ক্ষাতে জনেছি) ঃ আইউব ইননু সুওয়াইদি এর প্রথম বে বছটি আমরা ইনকার করি সেটি হচ্ছে সাঙ্গিদ ইবনু মুসাইক্ষাক হতে উসামা ইবনু মায়েদ সূত্রের এ হাদীসটি। উসামা সাঙ্গিদ হতে কিছু বর্ণনা করেছেন বলে আমি জানিনা ক্রিড

তিনি অন্যত্র (২/২০৯) বলেন ঃ ইবনু মান্দিনকে এ আইউব সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন ঃ তিনি কিছুই না। সান্দি, ইবনু মুন্মাইয়ানর সুরাকা হতে কিছু বর্ণনা করেননি। এ হাদীসটি জাল, এর দরজা হচ্ছে ওয়াকেদীর হাদীস।

মুন্যেরী "মুখতাসাক্রস সুনান" এচছ (৮/১৮) আইউব ইবনু সুভয়াইদকে এবং সনদের মধ্যে সা'ঈদ এবং সুরাকার মধ্যে ইনকিন্তা (বিচ্ছিল্ল) বঙ্গাকে প্রদীসটির সমস্যা হিসাবে চিহ্নিত করেছেন। কিন্তু মানারী শুধুমাত্র আইউব ইবনু সুভয়াইদকে দুর্বল্তার কারণ হিসাবে উল্লেখ করেছেন।

١٨٣٠. (لا صلاة لِجَارِ المستجدِ إلا في المستجدِ).

১৮৩। মসঞ্জিদ ছাড়া মসঞ্জিদের প্রতিবেশীর সলাত হবে না। হাদীসটি দুর্বল।

এটি দারাকৃতনী (পৃ: ১৬১), হাকিম (১/২৪৬) ও বাইহাকী (৩/৫৭) সুলায়মান ইবনু দাউদ আল-ইয়ামামী সূত্রে ...বর্ণনা করেছেন।

হাদীসটির সমস্যা হচ্ছে এ সুলায়মান, কারণ তিনি নিতান্তই দুর্বল।
তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না।
ইমাম বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

যাহাবী বলেন, ইমাম বুখারী বলেছেন ঃ যার সম্পর্কে আমি মুনকারুল হাদীস বলেছি তার হাদীস বর্ণনা করা হালাল নয়।

হাদীসটি সাগানী তার "আল-মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ৬) এবং ইবনুদ জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/৯৩) উল্লেখ করেছেন।

দারাকুতনী মুহাম্মাদ ইবনু সিক্কীন আশ-শাকারী সূত্রে হাদীসটি উল্লেখ করেছেন। কিন্তু এ মুহাম্মাদের কারণে হাদীসটি দুর্বল। কেননা তার সম্পর্কে আবৃ হাতিম "আল-জারহু ওয়াত-তাঁদীলি" গ্রন্থে (৩/২/২৮৩) বলেন ঃ

তিনি মাজহ্ল [অপরিচিত], তার হাদীসটি মুনকার। যাহাবী বলেন ঃ তাকে চেনা যায় না, তার খবর হচ্ছে মুনকার। দারাকৃতনী তার হাদীসকে দুর্বল বলেছেন।

্ৰথছাড়া হাদীসটি অন্যান্য সমদেও বর্ণিত হয়েছে। কিন্ত কোনটিই দুর্বলতার সমস্যা হতে মুক্ত নয়। रर्गना द्वा अर्गन

١٨٢٠ ﴿ إِذَا تَخَالُمْ عَلَى الْمُرْيِضَ الْمُأْشَوِّ لَهُ فِي أَكِيهِ، فَإِنَّ مُلِكَ الْأَرْدُولُ الْمُلِكُالُهُ وَيُطِيبُ نَفْسَهُ).

১৮৪ তিমিরী যখন রোগীর নিকট প্রবেশ করবে, তখন তাকে তার মৃত্যুর ব্যাপারে সান্ত্রনা দাও। কারণ তা তার কিছুই প্রতিরোধ করবে না, তবে তা তার হদরে প্রশান্তি এনে দিকে (১৯৫৯) তেওঁ চাত বিষ্ণু বাংগার্ড এক সালি ইতি

থানি ব্যান বিভাগেই দুবল।
এটি ইমাম তিরমিয়ী (৩/১৭৭), ইবনু মাজাই (১/৪৩৯) ও ইবনু আদী
(২/৩২৪) মূসা ইবনু মুহামাদ ইবনে ইব্রাহীম আত-তাইমী সূত্রে ...বর্ণনা
ক্রেব্রেন। করেছেন।

া প্রতিপারীর<sup>া ভিরমিয়া</sup> ভার এ কথা দারা বুর্ঝিয়েছেন হাদীসটি দুর্বল

আমি (আলবামী) বলছি ঃ এর সমস্যা ইচেছ এ মুসা। ইবনুল জাওয়া তার रामिनितक "जान-गार्थम् जाठम ब्राह्म छित्त्रीय करति होने जीवर मुसूकी जातक ममर्थन করেছেন, যেমনভাবে ১১২ নামার হাদীসে আলোচিত হয়েছে। যাহাবী তার জীবনী আলোচনা করার সময় তার মুনকারগুলো উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

মানাবী ইম্মে নাৰাবী হতে নকুল করেছেন, তিনি তার "আল-আযকার" গ্রন্থে বলেন ঃ এটির স্কুন্ত নুর্বল্ ১৯৮৮ টক ক্ষতান্মান ক্ষেত্র ভাগান স্কুলায়ত ১৮৮৫

ইবনুল জাওয়ী তার "ইলালুল মুতানাহিয়া" গ্রন্থে (২/৩৮৮) বলেন ঃ হাদীসটি সহীহ নয়। নিন্দান চ্ট্রিচ ১৯১ (০৭/০) ভাগে "দ্যীক্র চ্ছে" নিন্দ দুহর বীএ হাফিষ হবনু হাজার বলেনু ঃ তার সন্দে দুর্বলতা রয়েছে।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৪১) বলেছেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাস করেছিলাম? তিনি উত্তরে বলেন ঃ এটি মুনকার হাদীস, এটি যেন বানোয়াট, মুসা নিতান্তই দুবল।

ार ४५€। पास-यामा शिक्षाद, स्मरवासन मासन कर्ता मामान करके सम्मर्ट्य प्रसर्व । হয়ে (১/২৩৫) ইয়েখ শহ্যা**হদীসটি জাল** দুং

এটি ইয়াকৃব আল-ফাসাবী শতাল-মা'রিকাছ্" (৩/১৫৯) এত্তে; ভাবারামী <del>"আল মুজামুল কারীর" (ভ/১৪৪/২), "আল আওসাত" প্র</del>ত্থে (১/৭৬/২) ও भूभेनापुर्मे मिरिप्रशिक्त (२४०६) बर्रिस सिल्ला केरेतरहेने विस्तान विस्तित सिप्राति, सिप्राति, सिप्राति, सिप्राति, कारिम जान-र्मर्शिनी, शाजीव विभिन्नी, कार्या में जर्र हैं वन जानाकित्र जाताके ইবনু খালিদ ইবনে ইয়াযীদ সূত্রে উসমান ইবনু আতা হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ নাবী (ﷺ) হতে এ সনদ ছাড়া অন্য কোন সনদে হাদী বর্ণনা করা হয়নি।

মেহরানী বলেন ঃ এটি গারীব। উসমান ইবনু আতা এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/২৩৬) উল্লেখ করে বলেছেনঃ

এটি সহীহ নয়। উসমান দুর্বল। তার পিতা হেফ্যের দিক দিয়ে নিমুমানের। আরাক ইবনু খালিদ শক্তিশালী নন। মুহাম্মাদ ইবনু আন্দির রহমান আল-কুরাশী দুর্বল, তিনি হাদীস চুরি করতেন। তিনি আরো বলেন ঃ আমি আমার শাইখ আব্দুল ওয়াহাব ইবনু আনমাতী হতে শুনেছি; তিনি আল্লাহর নামে কসম করে বলেন ঃ এ সংক্রান্ত বিষয়ে রসূল (ﷺ) কখনও কিছুই বলেননি।

সুযুতী তার (ইবনুল জাওয়ীর) এ বক্তব্যকে "আল-লাআলী" গ্রন্থে (২/৪৩৮) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। এ কারণে "জামে'উস সাগীর"-এর ভাষ্যকার মানাবী তার সমালোচনা করেছেন।

সাগানী হাদীসটি তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (পৃ:৮) উল্লেখ করেছেন। (وَقَنُ الْبِنَاتِ مِنَ الْمَكْرُمَاتِ). ١٨٦

১৮৬। মেরেদের দাফন করা সম্মানজনক কর্ম সমূহের অন্তর্ভুক। হাদীসটি জ্বাল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/৮০) এবং খাতীব বাগদাদী (৭/২৯১) হুমায়েদ ইবনু হাম্মাদ সূত্রে ...উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। হুমায়েদ ইবনু হাম্মাদ সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনা করতেন। হাদীসটি নিরাপদ নয়।

আবৃ দাউদ বলেন ঃ এটি দুর্বল।

ইবনুল জাওয়ী হাদীসটির এ কারণই বর্ণনা করেছেন। তিনি এটিকে তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/২৩৫) উল্লেখ করে বলেছেন ঃ শুমায়েদ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনা করতেন।

সুযূতী তার (ইবনুল জাওয়ীর) এ বক্তব্যকে "আল-লাআলী" গ্রন্থে (২/৪৩৮) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। এ কারণে ইবনু আদীর কথা উল্লেখ করার মাধ্যমে মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ

ইবনুল জাওয়ী এটিকে জাল হিসাবে হুকুম লাগিয়েছেন। যাহাবী এবং লেখক (সুযুতী) তার এ কথাকে সমর্থন করেছেন।

١٨٧. (إِنَّ اللهَ تَعَالَى يُنْزِلُ عَلَى أَهْلِ هَدَا الْمَسْخِدِ - مَسْخِدِ مَكَّة - فِي كُلِّ يَوْمِ وَلَيْلَةٍ عِشْرِيْنَ وَمِائَةً رَحْمَةٍ: سِيِّيْنَ لِلطَّاتِفِيْنَ، وَارْبَبَعِيْنَ لِلْمُصلَيْنَ، وَعَشْرِيْنَ لِلشَّافِرِيْنَ). وَعَشْرِيْنَ لِلشَّافِرِيْنَ).

১৮৭। নিশ্চয় আল্লাহ তা'আলা এ মসজিদের (মক্কার মসজিদ) অধিবাসীদের জন্য প্রত্যেক দিনে ও রাতে একশত বিশটি রহমত নাথিল করেন। ষাটটি তাওয়াফ কারীদের জন্য, চল্লিশটি সলাত আদায়কারীদের জন্য আর বিশটি দৃষ্টিদান কারীদের জন্য।

### श्रामीअपि य'श्रेक।

এটি তাবারানী "আল-আওসাত" (১/১২৩/২) ও "আল-কাবীর" গ্রন্থে (১১৪৭৫) ইউসুফ ইবনু ফায়েয হতে বর্ণনা করেছেন। এছাড়া ইবনু আসাকির (৯/৪৭৬/২) ও যিয়া "আল-মুনতাকা মিন মাসম্'আতিহী বিমার" গ্রন্থে হাদীসটি আব্দুর রহমান ইবনু সাফর আত-দামেস্কী হতে ... বর্ণনা করেছেন।

এ হাদীসটি সম্পর্কে তাবারানী বলেন ঃ এটি আওযা'ঈ হতে ইবনুস সাফর ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন।

ইবনু আসাকির আব্দুর রহমান ইবনুস সাফরের জীবনী বর্ণনা করতে গিয়ে হাদীসটি উল্লেখ করে ইবনু মান্দার উদ্ধৃতিতে বলেছেন যে, তিনি (আব্দুর রহমান) মাতরুক (অগ্রহণযোগ্য)। যাহাবীও তার অনুসরণ করেছেন।

ইবনুল জাওয়ী "ইলালুল মুতানাহিয়া" গ্রন্থে (২/৮২-৮৩) বলেছেন ঃ

হাদীসটি সহীহ নয়। কারণ ইউসুফ ইবনুস সাফর এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি মাতরূক, যেমনভাবে দারাকুতনী ও নাসাঈ বলেছেন। দারাকুতনী বলেন ঃ তিনি মিখ্যা বলতেন। ইবনু হিব্বান বলেন ঃ তার দ্বারা হাদীস গ্রহণ করা হালাল নয়। ইয়াহুইয়া বলেন ঃ তিনি কিছুই না।

হায়সামীও তাকে মাতরুক হিসাবে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তাকে বলা হয় ইবনুল ফায়েয। ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (৩/১৩৬-১৩৭) ও আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/১১৬, ৩০৭) এরূপ বর্ণনা করেছেন। অতঃপর ইবনু হিব্বান বলেছেন ঃ

ইউসুফ ইবনু ফায়েয আওযা'ঈ হতে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করতেন।

क्ष्मिक स्वापित स्वाप स्वापित स्वापित स्वापित स्वापित स्वापित स्वापित स्वापित स्वापित পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম সুতিনি বলৈন কু এ হাদীসটি মুনকার) ইউসুফ হাদীসের ক্ষেত্রে দুর্বল, মাতরকের ক্রায়ন। ক্রিক্র - ক্রেক্র ক্রিক্র তার সম্পর্কে ইবনু আদী বলেন ও তিনি বহু বার্তিক হাদীস বর্ণনা করেছেন। বাইহান্ট্রী বলেন ঃ তাকে হাদীস জালকারীদের মধ্যে গণ্য করা হয়েছে। <sup>হন্যা</sup>য়িহাবী 'জৌল-মীয়ান<sup>দ</sup> প্রস্তৈ<sup>ত</sup>বলৈন' গ্রুণ**িনিহ<sup>্যা</sup>ইচ্ছেন্** জীবুর র্বহমান <del>স্ক্রান্ত্রনাল্লি</del>য় নহজে তলে বলহুম গ্রীশ্বী ক্ষেত্রন ক্রান্ত স্কলি ক্রান্ত্রনা ক্রেয়া চেন্ত

ছন্য প্রত্যেক দিনে ও বাসে একাছ বিশ্বতি প্রহ্নত বাসি একাছ করে ও বাস ও বাস করে করে জ্বার প্রক্রিয় করিব করে করে করে বাস করিবের জ্বার করে বাস করিবের করে আন নিমান করিবের হবন হাজার আল-লিসান গ্রহে বলেন ঃ কেউ কেউ তার নাম এম্নুই রেখেছেন। সঠিক নাম হচ্ছে ইউসুফ ইবনুস সাফর। তিনি মাত্রুক। তাকে ইমাম বুখারী উল্লেখ করে বলেছেন ঃ তিনি আব্দুর রহমান ইবনুস সাকর, তিনি জালু হাদীস বর্ণনা করেছেন।

এছাড়া যে সব সনদে হাদীসটি বর্ণিত হয়েছে, সেগুলোর কোন্টিই সহীহ্ নয়। ٨٨ ﴿ وَإِنَّ اللَّهُ مِتَعَالَى يُنْزُلُ فِي كُلِّ يَوْمَ مِالْمَةَ وَجَمَةٍ: سِتَّيْنَ مِنْهَا عَلَى الطَائِفِينَ بِالْبَيْتِ، وَعِيْنِ إِنْ عَلَى أَهُلِ مِكَّةً، عِيْنِ بِنَ عَلَى سَائِرِ النَّاسِ).

১৮৮। নিক্য আল্লাহ তা'আলা প্রতি দিন একশভটি রহমত সাবিদ্রুকরেন। তার ষাটটি বায়তুল্লানুকে তাওয়াফ কারীদের জন্য বিশটি মকারামীদের জন্য এবং বিশটি সকল মানুষের জন্য। इवन कामानिक काम्बद बुद्धाल इंदनम मार्थाहरू

হালগায় টুরেণ করে ইনর মানার উদ্ভিত্তে বলেছেন সে, বি**দ্দৈর্থাদ্যিত্**মান এটিকে ইবনু আদী (১/৩১৪), খাফীব বাগদাদী দাব "সাত-ভারীখ" গ্রন্থ (৬/২৭) ও বাইহাকী (৩/৪৫৪-৪৫৫) মহামাদ ইবনু মুয়াবিয়া সুত্রে করেছেন্।

्यापि (जालवानी) वलिहि हैं थे उर्वम में मार्विद्धी जम्मादर्व वर्वन मार्जन ठाइन १ वर्षा के समिति हैं कि उर्वाम में मार्विद्धी जम्मादर्व उर्वन मार्जन ठाइन १ वर्षा के समिति हैं कि उर्वाम में मार्गन प्रतिकृति । प्रति । प

দারাকুতনী আরো বলেন ঃ তিনি **হানীরু <mark>জান ক্</mark>রহতেন্দ্র**ে দ্রাইড়ারেই : এন চাচাক যাহাবী তার জীবনীতে প্রত্যুদীনটি উল্লেখ করেছের ১০০ করেও ও টিল্ডের হ

١٨١٨ ( ﴿ إِلَّهَا كُمْ وَالْجُلُونِينَ فِي المُتَّمَسِيَّةِ فَلِمُ اللَّوْبَ مِن تُنْتِنُ إلرَّ إِن أَيْحَ وَ विद्वार विकेश हैं कि (८/১৩४-५५१) ७ जातृ हो सहिस "आवराहु जानवाशन" बर्फ

১৮৯৷ তোমরা তোমাদ্রেরকে সূর্বের যাঝোরসা হতে রক্ষা কর করবার হ কাপ্তড়কে পুরাজন করে দেয়; বাডাসকে দূর্গন্মযুক্ত করে দের এবং শুক্সমিত রোগকে যেন তা ইচ্ছাকঙই করতেন প্রকাশ করে দেয়।

হাদীসটি জাল।

্যভাৰ্থটিকে হাকিন শ্ৰ্মাদ-মুস্বতাদরাক ই থছেই (৪/৪৯৯) মুহান্দাদ ইব্যুগ্যিয়াদ আড়-তাহান্ত্ৰ্ত্তভাৰ কিব্ৰেছেন হাকিন হানীসটির উপাক্ত ইকুম লাগানো হতে চুপ থেকেছেন। প্ৰক্ৰিন এক প্ৰতিষ্ঠিত কৰ্মা লাভ ১০৩ চনত্ত্ৰত এক প্ৰতিশিল প্ৰক

যাহারী তার সমালোচনা করে বলেছেন ঃ এটি তাহান কর্তৃক জালকৃত।

আমি (আলবানী) বলছি ঃ তা সর্বেও সুয়তী বাদীসটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উদ্লেখি করিছেন ি এ করিনে মানাবী যিহাকীর এ কথা দ্বারা জির সর্মালোচনা করেছেন।

অতঃপুর মানাবী বলেছেন ঃ লেখকের উচিত ছিল এটিকে মুছে ফেলা ৷

١٩٠ (مُا مِن لِحَدِ الأَوفِي رَاسِيهِ عِرَى مِنَ الْجُدُامِ تَنْعَرُ، فَلِدًا هَاجَ؛ سَلَطُ

হাদীসটি জাল।

ত্রিটিকে হার্কিম (৪/৪১১), অনুরপভাবে কার্সিম আর্স-সারকার্সতী শ্র্ণারীবুল হাদীস' গ্রন্থে (২/১৫৪/১) শ্বহামাদ ইবনু ইউনুস কুরাশী সূত্রে বর্ণনা করেছেন। হাকিম হাদীসটির উপর কোন প্রকার ইকুম লাগীনো হতে চুপ খেকেছেন।

্রিত্র কারণে যাহারী তার সমালোচনা করে বর্লেছেন, আমি বলছি ঃ সম্ভবত এটি বাদনারাট । কুনায়মী (কুরানী) মিখ্যার দোকে দোষী মুল্য ক্রিক্তিন সূত্র

আমি (আলবানী) বলছি ঃ ইবনুল জাওয়ী হাদীসটিকে আল-মার্ভ্যু আতি ধ্বছে (৩/২০৫) কুদার্যমী শর্শন্ত ভার সনদে উল্লেখ করে বলছেন ঃ এটি সহীহ্ নয়।
মুহামার্দি ইবনু ইউনুষ হচ্ছেক কুদায়মী । ভিনি হাদীস জালকারী । ভাইচাই

সৃষ্তী "আল-লাআলী" গ্রন্থে (২/৪০২) ভারতি কথাকে সমর্থন করা সত্তেও তিনি হাদীপটি "জ্বান্তে উন্ত সামীর" গ্রন্থে, উল্লেখ ক্রেক্তের ক্রিক্তের

জ্যাত **মানীস্ট্রি দুর্মুলামীল ৪ কিট্রে ইবন্ ভালে ভালে তার্নি কর্মিন্দ্র । ১**৭ সেনদে মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনু মানসূর রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ মুহামাদ ইবনু আহমাদ ইবনে মানুসুৰ প্রথম তার শাইখ হুসুইন ইবনু ইউসুফ আল-ফাহহাম আমাৰ নিকট মিধ্যার দোষে দোষি তার এ শাইখকে আমি চিনি না হতে পাবে তিনিই সেই ব্যক্তি যাকে ইবনু আমাক্রির মাজহুল অপরিচিত্র ব্রেল্ডেন্ ক্র

যাহাবী বলেন ঃ মুহাম্মাদ ইবনু আহমাদ আবৃ হাফস ফাল্লাসের উদ্ধৃতিতে রাফেযী এবং জাহমিয়াদের অভিশাপ করতে বাতিল হাদীস বর্ণনা করেছেন। জানা যায় না তিনি কে? অনুরূপভাবে তার থেকে বর্ণনাকারীকেও চিনি না।

١٩١. (الجُمْعَةُ حَجُّ الْقُقْرَاءِ، وَفِي لَقْظِ: الْمَسَاكِينُ).

১৯১। জুম'আহ হচ্ছে ফকীরদের হজ্জ, (অন্য ভাষায়) মিসকীনদের হজ্জ। হাদীসটি জাল।

এটি আবৃ নু'রাইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১৯০), কাষা'ঈ (নং ৭৯) ও ইবনু আসাকির (১১/১৩২) ইবনু আব্বাস (秦) হতে প্রথম শব্দে এবং ইবনু যানজুবিয়াহ ও কাষা'ঈ (৭৮) দ্বিতীয় শব্দে বর্ণনা করেছেন, যেমনভাবে "জামে'উস সাগীর" গ্রন্থে এসেছে।

এটির সনদে ঈসা ইবনু ইব্রাহীম হাশেমী ও তার শাইখ মুকাতিল রয়েছেন। হাফিয ইরাকী বলেন ঃ সনদটি দুর্বল।

যাহাবী হাদীসটি ঈসার জীবনী বর্ণনা করতে গিয়ে "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করে বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস, মাতরুক। সাখাবী বলেন ঃ মুকাতিল দুর্বল, অনুরূপভাবে তার থেকে বর্ণনাকারী ঈসাও দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ মুকাতিল মিথ্যুক, যেমনভাবে তার সম্পর্কে ওয়াকী' হতে নকল কারা হয়েছে এবং তার থেকে বর্ণনাকারী ঈসা ইবনু ইব্রাহীম নিতান্তই দুর্বল। বুখারী ও নাসাঈ বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

এ জন্যেই সাগানী হাদীসটিকে "আহাদীসুল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৭) উল্লেখ করেছেন। ইবনুল জাওযীও "আল-মাওয়্'আত" গ্রন্থে উল্লেখ করেছেন। সুয়ৃতী নিজে তা সমর্থন করেছেন, তবে নিয়ের বাক্যেঃ

١٩٢. (الدَّجَاجُ عَمْمُ فَقْرَاءِ أُمَّتِيْ، وَالْجُمْعَةُ حَجُّ فَقْرَاءِنا).

১৯২। মোরগ হচ্ছে আমার উন্মাতের দরিদ্রদের ছাগন এবং জুম'আহ হচ্ছে আমাদের দরিদ্রদের হচ্ছ।

### হাদীসটি জাল।

ইবনু হিব্বান কর্তৃক "মাজরহীন" গ্রন্থের (৩/৯০) বর্ণনা হতে ইবনুল জাওযী "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/৮) হাদীসটি আব্দুল্লাহ ইবনু যায়েদ-মাহমাশ আন-নাইসাপুরী সূত্রে হিশাম ইবনু ওবায়দিল্লাহ হতে ...উল্লেখ করেছেন।

অতঃপর বলেছেন ঃ ইবনু হিব্বান বলেন ঃ এটি বাতিল, এর কোন ভিন্তি নেই। হিশাম হচ্ছেন এমন এক বর্ণনাকারী যার দারা দলীল গ্রহণ করা যায় না। দারাকুতনী বলেন ঃ হাদীসটি মিখ্যা, মাহমাশ হাদীস জাল করতেন। সয়ুতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৮) তা সমর্থন করেছেন।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২/২৩৬) বলেন ঃ হাফিয যাহাবী "তাবাকাতুল হুফ্ফায" গ্রন্থে শুধুমাত্র বলেছেন হাদীসটি সহীহ নয়।

সহীহ্ নয় এ কথা দ্বারা হাদীসটি জাল নয় এমন কিছু বুঝানো ঠিক হবে না, দু'টি কারণে ঃ

১। হাদীসটি স্পষ্টত জাল এ কারণই তার প্রমাণ বহন করছে। কারণ এটিকে একজন জালকারী বর্ণনা করেছেন। তাছাড়া দারাকুতনী স্পষ্ট করেই বলেছেন ঃ এটি মিখ্যা হাদীস এবং ইবনু হিব্বান বলেছেন বাতিল।

২। 'এটি সহীহ নয়' কথাটি হাদীসটি জাল এ কথা বিরোধী নয়, বরং বহু সময় দেখা যায় এ শব্দটি জাল শব্দের স্থলাভিষিক্ত হয়েছে, এখানেও সেরূপ। কারণ যাহাবী নিজেই হিশাম ইবনু ওবায়দিল্লার জীবনীতে ইবনু হিব্বান-এর বর্ণনায় এ হাদীসটিসহ আরেকটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ উভয়টিই বাতিল।

মানাবী যাহাবী হতে নকল করেছেন (৬/১৬৩) যে, তিনি "আয-যু'য়াফা" গ্রন্থে বলেছেন ঃ এ দু'টো হাদীসই বানোয়াট। অতএব ইবনু আররাক কর্তৃক এরূপ ধারণা পোষণ করা যে, যাহাবী জাল হিসাবে উল্লেখ করেননি, সঠিক নয়।

١٩٣. (مِنْ سَعَادَةِ الْمَرْءِ خِقَةُ لِحُيْبَهِ).

১৯৩। পুরুষের সৌভাগ্য রয়েছে তার হালকা পাতলা দাড়িতে। হাদীসটি ছাল।

হাদীসটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/৩৬০), তাবারানী (৩/২৮২/১), ইবনু আদী (২/৩৫৮) ও খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (১৪/২৯৭) ইউসুফ ইবনু গারাক সূত্রে সুকায়েন ইবনু আবী সিরাজ হতে, তিনি মুগীরা ইবনু সুওয়াইদ হতে ...বর্ণনা করেছেন।

আল-খাতীব বলেন ঃ সুকায়েন মাজহ্ল, মুনকারুল হাদীস। মুগীরা ইবনু সুওয়াইদও মাজহ্ল। এ হাদীসটি সহীহ নয়। এছাড়া ইউসুফ ইবনু গারাক মুনকারুল হাদীস।

ইবনু হিব্বান বলেন ঃ সুকায়েন নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। হাদীসটি হারসামী "আন্ধ-মাজমা" থ্রন্থে (৫/১৯৪-১৬৫) উল্লেখ করে বলেছেন ঃ এটি তারারাদী বর্দনাক্ষেরেছেন। জার সদদে ইউসুদা ইবনু গারাক রয়েছেন। তার সম্পর্কে আয়দী বলেন ঃ তিনি মিথুকে।

হাদীসটি ইবনুক জাওয়ী "আল মাওয়্ আত" গ্রেছ (১/১৬৬) রওয়ইদ ইবনু সাসিদ সূত্রে বাকিয়া ইবনু ওয়ালীদ হতে উল্লেখ করেছেন। এ সুওয়াইদ ইবনু সাসিদকে ইয়াহ্ইয়া দুর্বল আখ্যা দিয়েছেন আর বাকিয়া হচ্ছেন মুদাল্লিয়। এছাড়া তার শাইখ আবুল ফ্যলও দুর্বল।

ইবনু আদীর বর্ণনায় অন্য এক স্ত্রের বর্ণনাকারী আবু দাউদ আনু-নার্থ ঈ হচ্ছেন একজন জালকারী। তার জীবনী বর্ণনা করতে গিয়ে ইরনু আদী ব্রলেন এ (২/১৫৩) এ হাদীসটি তিনিই জাল করেছেন।

ইবনু আদীর আরো এক সূত্রের বর্ণনাকারী হচ্ছেন হসাইন ইবনুল মুবারাক; তার সম্পর্কে ইবনু আদী রব্বেন ঃ তিনি বিভিন্ন সনদে মুনকার রাক্যে হাদীস বর্ণনা, করেছেন।

हुए जना तर्नुताकांती प्रताकाः, विनि किष्ट्रतरे समक्ष्य नत् । उठा विवय उठाव

াত্যাপ্রকাইন সম্পর্কেইবনু আদী বলেন ঃ তিনি মিখ্যার দোষে দোষী ১ ঃ নির্দেশ্য যাহাবী তার দুটি ইাদীস বর্ণনা করেছেন বিটি সে দুটোর একটি অতঃপর বলেছেন ঃ এটি মিখ্যান তার এই কর্মাকে হাক্রিয় ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে

সমর্থন করেছেন। তার্ট্রান লেতাাগ কোনাই চাত স্কার্ম্য লেতানি ক্রম্নেশ তার প্রালিনি ক্রম্নেশ তার প্রালিনিক করেছেন। তার ক্রম্নেশ তার ক্রমেন্দ্র তার ক্রমেন্দ্র

থানে একমত্য পোষণ করেছেন।

ত্রিক্ত বিষ্ণালয় বিষ্ণালয়

ইবনু ক্তাইবা "মুখতালাফ্ল হাদীসালিক (৯০) ইউরোধ করেছেল চিবিদ্ হাদীসবিদ্যাল এটি সভাবের বলেছেন ৪ হাদীসটিক কোন ভিবিদ্যালৈ ৮ জিলালাভ বিটি প্রাকৃতি কিন্তি বিশ্বিদ্যালিক বিশ্বিদ

ানি ১৯৪। তোমরা বর্ত্তক পূর্ণকারিত্বনী গাছের ছেতল গ্রহণ কর এবং ঐযুদ্ধ ছিসাবে ব্যবহার কর, কারণ তা অর্থ রোগের আরোগ্যকারী।

হাদীসটি মিথ্যা।

ি টিকে তার্বারানী আন-মুজামুল কারীর আছে (১৭/২৪৭/৭৭৪) এবং তার থেকে আই নুয়াইম অভিতিক আছে (২/৮১) উসমান হবনু সালেহ সূত্রে তার পিতা হতে, তার পিতা ইবনু লাহী য়াহ হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থ (২/২৭৯) বলেন ঃ

আমার পিতা হতে শুনেছি ঃ তিনি ইবনু লাহী য়াহ হতে উসমান ইবনু সালেহ সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন ...। অতঃপর বলেছেন ঃ এটি একটি মিখ্যা হাদীস।

যাহাবী তার "আল্-মীয়ান" গ্রন্থে এ কথাকে সমর্থন করে এটির কারণ সম্পর্কে ইন্সিত দিয়ে বলেছেন ঃ

আবৃ যুর'য়াহ বলেছেন ঃ উসমান মিথ্যুকদের অন্তর্ভুক্ত ছিলেন না। কিন্তু তিনি খালিদ ইবনু নাজীহ-এর সাথে হাদীস লিখতেন। আর এ খালিদ তাদেরকে লিখে দিতেন সে সব কিছু যা তারা তাদের শাইখ হতে ওনেন্নি।

ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (১/২/৩৫৫) খালিদ ইবনু নাজীহ-এর জীবনী আলোচনা করতে গিয়ে তার পিতা হতে নকল করে বলেছেন ঃ

তিনি (খালিদ) উসমান ইবনু সালেহ মিসরী, লাইস-এর কাতিব আবৃ সালেহ ও ইবনু আবী মারইয়াম-এর সাথে থাকতেন। তিনি একজন মিথ্যুক, হাদীস জাল করতেন এবং সেগুলো ইবনু আবী মারইয়াম এবং আবৃ সালেহ-এর গ্রন্থ গুলোতে ঢুকিয়ে দিতেন। যে হাদীসগুলো আবৃ সালেহ হতে ইনকার করা হচ্ছে, ধারণা করা হচ্ছে সেগুলো তারই জালকৃত।

আমি (আলবানী) বলছি ঃ স্পষ্ট ব্যাপার এই যে, এ হাদীসটি খালেদ কর্তৃক জালকৃত। তার পক্ষে উসমান ইবনু সালেহের মধ্যে সন্দেহ ঢুকানো সম্ভব হয়েছে যে, এটি তিনি তার শাইখ ইবনু লাহী'য়াহ হতে লিখেছেন।

কিন্তু সুয়ৃতীর নিকট হাদীসটির কারণ লুকায়িতই রয়ে গেছে। ফলে তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। এজন্য মানাবী তার সমালোচনা করেছেন।

١٩٥ . (َإِذَا جَامَعَ احَدُكُمْ رَوَجَتُهُ أَوْ جَارِيَتُهُ؛ قَلاَ يِنْظُرُ إِلَى قُرْجِهَا، قَانَّ لِيَانَّ يَوْرُثُ الْعَمَى).

১৯৫। তোমাদের কোন ব্যক্তি যখন তার স্ত্রী বা তার দাসীর সাথে মিলিড হবে; তখন যেন তার গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি না দেয়। কারণ তা অন্ধ সম্ভান ভূমিষ্ট করায়।

# ्रामीमि छान।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/২৭১) ইবনু আদীর (১/৪৪) বর্ণনায় হিশাম ইবনু খালিদ হতে, তিনি বাকিয়া হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর ইবনুল জাওয়ী বলেন, ইবনু হিব্বান বলেছেন ঃ বাকিয়া মিখ্যুকদের থেকে বর্ণনা করতেন এবং তাদলীস করতেন। তার কিছু সাখী ছিল যারা তার হাদীস হতে দুর্বল বর্ণনাকারীদেরকে সরিয়ে দিত। এ হাদীসটি ইবনু যুরায়েজ হতে কোন দুর্বল বর্ণনাকারীর। অতঃপর তিনি তার থেকে তাদলীস করেছেন। এটি জাল (বানোয়াট)।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৭০) বলেছেন ঃ ইবর্নু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে তার পিতা হতে অনুরূপ কথা বর্ণনা করেছেন।

ইবনু সালাহ বাকিয়া কর্তৃক ইবনু যুরায়েজ হতে শ্রবণ সাব্যন্ত করেছেন। কিন্তু ইবনু আবী হাতিম ইঙ্গিত দিয়েছেন যে, বাকিয়া থেকে বর্ণনাকারী হিশাম হতে এ ভুল সংঘটিত হয়েছে। মূলত এটি তিনি ইবনু যুরায়েজ হতে শ্রবণ করেননি। অতঃপর বলেছেন, আমার পিতা বলেছেন ঃ এ তিনটি হাদীস বানোয়াট, এগুলোর কোন ভিত্তি নেই।

তার এ কথাকে যাহাবী "আল-মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।

এছাড়া সঠিক দৃষ্টিভঙ্গিও এ হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ বহন করে। যখন আল্লাহ তা'আলা স্ত্রীর সাথে মেলা-মেশাকে বৈধ করেছেন, তখন এটি বোধগম্য নয় যে, তিনি তার গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দিতে নিষেধ করবেন!

এ দৃষ্টিভঙ্গিকেই শক্তি যোগাচ্ছে আয়েশা (ఉ) কর্তৃক বর্ণিত নিম্নের হাদীসটি। তিনি বলেন ঃ "আমি এবং রস্লুল্লাহ (ఈ) উভয়ের মধ্যবর্তী স্থলে রাখা একই পাত্র হতে গোসল করতাম এবং তিনি (পানি নিতে) আমার চাইতে অর্থণী হতেন, তখন আমি বলতাম ঃ আমার জন্য ছাড়ুন আমার জন্য ছাড়ুন' (বুখারী, মুসলিম)।

ইবনু হিব্বান-এর বর্ণনায় সুলায়মান ইবনু মূসার সূত্রে এসেছে যে, কোন ব্যক্তি কর্তৃক তার স্ত্রীর গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দেয়া যাবে কিনা তাঁকে এ মর্মে প্রশ্ন করা হয়েছিল? তিনি বলেন ঃ আমি এ বিষয়ে আতাকে জিজ্ঞাসা করলে; তিনি বলেন ঃ আমি আয়েশাকে জিজ্ঞাসা করেছিলাম, তখন তিনি উপরের হাদীসটি বর্ণনা করেন।

হাফিয ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থে (১/২৯০) বলেন ঃ এটি ব্যক্তি কর্তৃক তার স্ত্রীর গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দেয়া জায়েয হওয়ার দলীল।

এটি যখন স্পষ্ট হচ্ছে, তখন গোসলের সময় এবং সঙ্গম করার সময় দৃষ্টি দেয়ার মধ্যে কোন পার্থক্য নেই। অতএব হাদীসটি বাতিল হওয়া সাব্যস্ত হচ্ছে। পিন্দু কিন্দু কি

১৯৬। তোমাদের কোন ব্যক্তি যখন সঙ্গম করবে, তখন গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দিবে না, কারণ তা আন্ধ সম্ভান ভূমিষ্টের কারণ এবং বেশী বেশী কথা বলবে না; কারণ তা বোবা সম্ভান ভূমিষ্টের কারণ।

# रापीमि खान।

এটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/২৭১) আযদীর বর্ণনা হতে ...উল্লেখ করেছেন। যার সূত্রে মুহাম্মাদ ইবনু আন্দির রহমান আল-কুশায়রী রয়েছেন। তার সম্পর্কে খালীলী তার "মাশিখাত" গ্রন্থে বলেন ঃ তিনি শামী। এ হাদীসটি তিনি এককভাবে বর্ণনা করেছেন। তিনি মুনকার বর্ণনা করতেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনিই হচ্ছেন হাদীসটির সমস্যা। তার সম্পর্কে যাহাবী বলেন ঃ তিনি মিধ্যার দোষে দোষী, নির্ভরযোগ্য নন। আবুল ফাতাহ আল– আযদী বলেন ঃ তিনি মিধ্যুক, মাতরূকুল হাদীস।

"লিসানুল মীযান" প্রন্থে দারাকুতনী হতে বর্ণনা করা হয়েছে; তিনি বলেন ঃ তিনি মাতরূকুল হাদীস।

উকায়লী মিস'য়ার হতে তার হাদীসগুলো সম্পর্কে বলেন ঃ মুনকারুল হাদীস, তার কোন ভিত্তি নেই, তার অনুকরণও করা যায় না। কারণ তিনি (কুশায়রী) মাজহুল [অপরিচিত]।

অনুরূপ কথা ইবনু আদীর "আল-কামিল" গ্রন্থেও (৬/২২৬১) এসেছে। ۱۹۷. (४ تُكثِرُوُا الْكَلَامَ عِنْدَ مُجَامَعَةِ النَّسَاءِ؛ فَإِنَّ مِنْهُ يِكُونُ الْخَرَسُ وَ الْقَافَاةُ).

১৯৭। নারীদের সাথে মিলিত হওয়ার সময় তোমরা বেশী কথা বলবে না, কারণ তা থেকে বোবা ও ধবল রোগের সৃষ্টি হয়।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আসার্কির তার সনদে (৫/৭০০) আবুদ-দারদা হাশিম ইবনু মুহাম্মাদ ইবনে সালেহু আল-আনসারী পর্যন্ত ...বর্ণনা করেছেন। সূষ্টি "আশ-লাআলী" গ্রন্থে (২/১৭০-১৭০) ইবনু আসাকির-এর বর্ষনায় হাদীসটি পূর্ববর্তী হাদীসের শাহেদ হিসাবে উল্লেখ করে চুপ থেকেচেন, অথচ (দুলী হওয়ার জন্য) তার চারটি কারণ রয়েছে ঃ

১ । এটি মুরসাল; এ কাবীসা যিনি রস্ল (ﷺ) হতে বর্ণনা করেছেন, তিনি তাবে'ঈ, সাহারী নন।

২। যুহায়ের ইবনু মুহাম্মাদ আত-তামীমী হচ্ছেন বিতর্কিত ব্যক্তি। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" অন্তে বলেন ঃ তার থেকে শামীদের বর্ণনা সহীহ নয়। এ কারণে এ বর্ণনাটি দুর্বল। ইমাম বুখারী ইমাম আহমাদ হতে বর্ণনা করে বলেন ঃ মৌ যুহায়ের থেকে শামীরা বর্ণনা করেছেন তিনি অন্যজন। আরু হাজিম বলেন ঃ তিনি শামীদের সম্মুখে হাদীস বর্ণনা করেছেন তার হেফ্য হতে, ফলে জার বছ ভুল সংঘটিত হয়েছে।

"আল-মীযান" গ্রন্থে এসেছে তিরমিয়ী "আল-ইলাল" গ্রন্থে বলেন ঃ আমি ইমাম বুখারীকে যুহায়ের কর্তৃক বর্ণিত এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেন ঃ আমি এ শাইখ হতে পরহেজ করি, তার হাদীস যেন বানোয়াট, আমার নিকট এ যুহায়ের- ইবনু মুহাম্মাদ নন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি তার থেকে শামীদের বর্ণনায় এসেছে । অতএব তা তার হাদীসটি দুর্বল হওয়ার প্রমাণ বহন করছে।

৩। খায়রান ইবনু 'আলা প্রসিদ্ধ নন। তাকে ইবনু হিব্বান ছাড়া অন্য কেউ নির্ভরযোগ্য বলেননি।

যাহাবী যখন তার জীবনী বর্ণনা করেছেন, তখন বলেছেন ঃ তাকে নির্ভরযোগ্য বলা হয়েছে অথচ তার মুনকার হাদীস রয়েছে।

8। আমি আবুদ-দারদা হাশিম ইবনু মুহাম্মাদ ইবনে সালেহ্ আনসারীর জীবনী পাচ্ছি না।

মোটকথা ঃ হাদীসটি নিতান্তই দুর্বল। এর দ্বারা দলীল গ্রহণ করা যাবে না। এটি মুনকার।

১৯৮। যে ব্যক্তি তার সম্পদ বা তার শরীরে কোন বিপদ শ্রুরা আক্রান্ত হবে। অতঃপর তা গোপন রাখবে এবং তা মানুষের নিকট উপস্থাপন করবে না। আল্লাহর উপর তাকে ক্ষমা করা অপরিহার্য হয়ে যায়।

श्मीमिं छान।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১২৩/১) এবং ইবনু হিব্বান "আল-মাজরুহীন" গ্রন্থে (১/২০২) হিশাম ইবনু খালিদ সূত্রে বাকিয়া হতে...বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (২/৩৩১) বলেন ঃ হাদীসটি তাবারানী "আল-কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন, তাতে বাকিয়া রয়েছেন, তিনি মুদাল্লিস।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু আবী হাতিম তার "আল-ইলাল" গ্রন্থে তাবারানীর সূত্রেই হাদীসটি উল্লেখ করেছেন এবং তার পিতা হতে বর্ণনা করেছেন তিনি বলেন ঃ হাদীসটি জাল (বানোয়াট), এটির কোন ভিত্তি নেই।

যাহাবী আবৃ হাতিমের কথাকে সমর্থন করেছেন।

১৯৫ নং হাদীসে এ বাকিয়া সম্পর্কে আলোচনা করা হয়েছে। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ ইবনু হিব্বান বলেছেন ঃ এ হাদীসটি এমন এক কপি হতে আমরা লিখেছি যে কপির সবই বানোয়াট।

সূয়্তী এ দুই ইমাম কর্তৃক হাদীসটিকে জাল হিসাবে হুকুম লাগানোর পরেও সে দিকে লক্ষ্য না করে তার "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

١٩٩. (حَقُّ الْوَلَدِ عَلَى الْوَالِدِ أَنْ يُحْسِّنَ اسْمَهُ، وَيُحَسِّنَ أَدَبَهُ).

১৯৯। পিতার নিকট পুত্রের প্রাপ্য এই যে, সে তার সুন্দর নাম রাখবে এবং তাকে উত্তম রূপে আদব শিক্ষা দিবে।

# হাদীসটি জাল।

এটি আবৃ মুহাম্মাদ জা'ফার ইবনু মুহাম্মাদ আস-সীরাজ আল-কারী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (৫/৩২/১-৯৮ পর্যন্ত) এবং মুহাম্মাদ ইবনু আব্দিল ওয়াহিদ আল-মাকদেসী (যিয়া) "আল-মুনতাকা মীন মাসমু'য়াত" গ্রন্থে (৪/২৬/১) মুহাম্মাদ ইবনু সসা সূত্রে তার শাইখ মুহাম্মাদ ইবনুল ফযল হতে...বর্ণনা করেছেন।

আল-ক্বারী বলেন ঃ এটি গারীব, মুহাম্মাদ ইবনুল ফযল ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন কিনা তা জানি না, তিনি নিতান্তই দুর্বল, তবে তার পিতা নির্ভরযোগ্য।

আমি (আলবানী) বলছি ঃ মুহাম্মাদ ইবনুল ফযলকে ইবনু আবী শায়বাহ মিথ্যার দোষে দোষী করেছেন।

ফাল্লাস বলেন ঃ তিনি মিথ্যুক।

ইমাম আহমাদ বলেন ঃ তার হাদীস মিথ্যুকদের হাদীসের অন্তর্ভুক্ত।

অপর বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু ইসহাক আল-মাদায়েনী মাতরূক, যেমনভাবে দারাকুতনী ও হাকিম বলেছেন। এ হাদীসটি অন্য এক সনদে আবৃ বাক্র আল-জাস্সাস "আহকামুল কুরছান" গ্রন্থে (৩/৫৭৪) এ মুহাম্মাদ ইবনুল ফযল হতেই জাবারার সূত্রে বর্ণনা করেছে কিন্তু এ জাবারা হচ্ছেন ইবনুল মুগাল্লিস। তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যক।

ইবনু নুমায়ের বলেন ঃ তার জন্য হাদীস জাল করা হত। অতঃপর তিনি সেটি বর্ণনা করতেন অথচ তিনি তা জানতেন না।

٢٠٠. (الْحَجُّ جِهَادٌ، وَالْعُمْرَةُ تُطُوعً).

২০০। হজ্জ হচ্ছে জিহাদ আর উমরা হচ্ছে সেচ্ছাসেবক স্বরূপ (নফল)। হাদীসটি দুর্বল।

এটি ইবনু মাজাহ্ (২/২৩২) ও ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (১/২৮৬) হাসান ইবনু ইয়াহ্ইয়া আল-খুশানী সূত্রে উমার ইবনু কায়েস হতে ...বর্ণনা করেছেন।

এর সনদটি দুর্বল। কারণ এ উমার ইবনু কায়েস মণ্ডল হিসাবে প্রসিদ্ধ। তাকে আহমাদ, ইবনু মা'ঈন, ফাল্লাস, আবৃ যুর'য়াহ, বুখারী, আবৃ হাতিম, আবৃ দাউদ, নাসাঈ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন এবং হাসানও দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ বরং তারা উভয়েই মাতরূক। প্রথমটি সম্পর্কে আহমাদ বলেন ঃ তার হাদীসগুলো বাতিল।

হাসান সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

দারাকুতনী বলেন ঃ তিনি মাতরক।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি নিতান্তই মুনকারুল হাদীস। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এমন কিছু বর্ণনা করেছেন যেগুলোর কোন ভিত্তি নেই। অতঃপর তার একটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এটি বানোয়াট।

ইবনু জানী হাতিম বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম? তিনি বলেন ঃ এ হাদীসটি বাতিল।

কিন্তু হাদীসটি অন্য সূত্রেও বর্ণিত হয়েছে। বাইহাক্বী তার "সুনান" গ্রন্থে (৪/৩৪৮) সা'ঈদ ইবনু সালেম সূত্রে বর্ণনা করেছেন। মুরসাল এবং বর্ণনাকারী সা'ঈদ দুর্বল হওয়ার কারণে এ সনদটি দুর্বল। এ জন্যেই বলা হয়েছে হাদীসটি দুর্বল।

٢٠١. (مَا مِنْ نَبِيٍّ يَمُونْتُ، فَيُقِيْمُ فِي قَبْرِهِ؛ إِلاَّ ارْبَعِيْنَ صَبَاحاً، حَتَّى تُرَدُّ النَّهِ رَوْحُهُ، وَمَرَرَثُتُ بِمُوسْمَى لَيْلَةٌ أَسْرِيَ بِي وَهُوَ قَائِمٌ فِي قَبْرِهِ بِيْنَ عَائِلَةٍ وَعُويَلَةٍ).

২০১। প্রত্যেক নাবীই মৃত্যুবরণ করেন, অতঃপর চল্লিশ দিন পর কবরে তাঁর নিকট তাঁর আত্মাকে ফিরিয়ে দেয়া হলে তিনি দাঁড়িয়ে যান। আমি আমার মে'রাজের রাতে মৃসাকে অতিক্রম করছিলাম এমতাবস্থায় যে, তিনি তাঁর কবরে পরিবারবর্গের মাঝে দাঁড়িয়ে ছিলেন।

# হাদীসটি জাল।

এটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/৩৩৩) তার শাইখ সুলায়মান ইবনু আহমাদ তাবারানী সূত্রে বর্ণনা করেছেন। এছাড়া এটি "মুসনাদুশ শামীয়ীন" গ্রন্থে (পৃ: ৬৪) এসেছে। ইবনু আসাকিরও (১৭/১৯৭/১) হাসান ইবনু ইয়াহ্ইয়া হতে...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাসান ইবনু ইয়াহ্ইয়া আল-খুশানী মাতর্রক, যেমনভাবে তার সম্পর্কে পূর্বের হাদীসটিতে আলোচনা করা হয়েছে। তার সূত্রেই ইবনুল জাওয়ী "আল-মাওয়'আত" গ্রন্থে (৩/২৩৯) ও (১/৩০৩)- ইবনু হিব্বান কর্তৃক "মাজরহীন" গ্রন্থের (১/২৩৫) বর্ণনা হতে উল্লেখ করেছেন। ইবনু হিব্বান বলেছেন ঃ

এটি বাতিল, খুশানী নিতান্তই মুনকারুল হাদীস। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে যেগুলোর কোন ভিত্তি নেই সেগুলো বর্ণনা করেছেন।

হাফিয ইবনু হাজার ইবনু হিব্বান হতে বর্ণনা করে বলেন, তিনি বলেছেন ঃ এ হাদীসটি বাতিল, বানোয়াট।

অতঃপর তিনি তা "তাহযীবুত তাহযীব" গ্রন্থে (২/৩২৭) সমর্থন করেছেন।

যাহাবীও "আল-মীযান" গ্রন্থে এ খুশানীর জীবনী বর্ণনা করতে গিয়ে তার থেকে অনুরূপ ভাষ্য বর্ণনা করে বলেছেন ঃ তিনি এককভাবে এটি বর্ণনা করেছেন। এটিকে ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থেও উল্লেখ করে তিনিও তা সমর্থন করেছেন।

সুয়্তী সকলের বিপরীত কথা বলে "আল-লাআলী" গ্রন্থে (১/২৮৫) ইবনুল জাওয়ীর সমালোচনা করে বলেছেন যে, শাহেদ থাকার কারণে হাদীসটি হাসান স্তরে পৌঁছে যায়। এ কথা বলার পর তার সমর্থনে আরো যে সব কথা বলেছেন তা গ্রহণযোগ্য নয়। কারণ তিনি বলেছেন যে, তাকে (খুশানীকে) জালকরা বা মিথ্যার সাথে জড়িত করা হয়নি। কিন্তু ইবনু হিব্বান স্পষ্টভাবে বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এমন কিছু বর্ণনা করেছেন যার কোন ভিত্তি নেই। এ কথা হতে স্পষ্ট বুঝা যায় যে, তিনি মিখ্যার আশ্রয় নিয়েছেন।

আমি (আলবানী) মনে করি এ হাদীসটি রস্ল (日)-এর নিমের সহীহ্ হাদীস বিরোধী ঃ

''مَا مِنْ أَحَدٍ يُسَلِّمُ عَلَىَّ إِلاَّ رَدَّ اللهُ عَلَىَّ رُوحِيْ حَتَّى أَرُدَّ عَلَيْهِ السَّلامَ''

'যে কেউ আমাকে সালাম প্রদান করলে আল্লাহ তা'আলা আমার আত্মাকে আমার নিকট ফিরিয়ে দেন যাতে করে আমি তার সালামের উত্তর দিতে পারি।''

এটি আবৃ দাউদ (১/৩১৯), বাইহাক্বী (৫/২৪৫) ও আহমাদ (২/৫২৭) হাসান দরজার সনদে আবৃ হুরাইরাহ্ (ఉ) হতে বর্ণনা করেছেন। দেখুন "সিলসিলাহ্ সহীহাহ্" (২২৬৬)।

এ হাদীসটি প্রমাণ করছে যে, রস্ল (ﷺ)-এর আত্মা তাঁর শরীরে সর্বদা স্থায়ী
নয় বরং তাঁকে তা ফিরিয়ে দেয়া হয় যাতে করে তিনি মুসলমানদের সালামের উত্তর
দিতে পারেন। অপর পক্ষে জাল হাদীসটি প্রমাণ করছে যে, মৃত্যুর চল্লিশ দিন পর
সকল নাবীর আত্মাকে ফিরিয়ে দেয়া হয়। যদি এটি সহীহ হয় তাহলে কীভাবে
সালামের উত্তর দেয়ার জন্য তাঁর শরীরে তাঁর আত্মা ফিরিয়ে দেয়া হয়? এটি
বোধগম্য নয়। বরং দু'টির মাঝে ছন্দ্র সুস্পষ্ট। একটি পরিত্যাণ করা অপরিহার্য।
অতএব যেটি মুনকার সেটিই পরিত্যাণ করা যুক্তি সঙ্গত।

এছাড়া শাহেদ হিসাবে সুয়ৃতী যে হাদীসটি (কোন নাবী তার যমীনের কবরে চল্লিশ দিনের বেশী অবস্থান করেননি। অন্য বর্ণনায় এসেছে: উঠিয়ে নেয়া হয়) বর্ণনা করেছেন সেটিও সহীহ্ নয়, বরং মাকতৃ'। তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। সম্ভবত সেটি ইসরাঈলীদের বর্ণনা। [মুকতৃ'র অর্থ দেখুন (৫৪) পৃষ্ঠায়]।

তার এ বর্ণনা অনুযায়ী চল্লিশ দিনের বেশী কবরে থাকেন না বরং উঠিয়ে নেয়া হয়। তাহলে তাঁদের আত্মা ফিরিয়ে দেয়ার প্রশ্নই আসে না। কারণ তাঁদের শরীরগুলো তো কবরেই অবশিষ্ট নেই, কিসের নিকট তা ফিরিয়ে দেয়া হবে?

٢٠٢. (إنَّ الأَلْبِيَاءَ لاَ يُتْرَكُونَ فِي قُبُورُهِمْ بَعْدَ أَرْبَعِيْنَ لَيْلَةً، ولَكِنَّهُمْ يُصلُونَ بَيْنَ يَدَي اللهِ حَتَّى يُنْفَخَ فِي الصُّورُ).

২০২। নাবীগণকে তাঁদের কবরে চল্লিশ রজনীর পরে অবশিষ্ট রাখা হয় না, তবে তাঁরা আল্লাহর সম্মুখে সিংগায় ফুঁক না দেয়া পর্যন্ত সলাত আদায় করতে থাকবেন।

# হাদীসটি জাল।

এটিকে বাইহাকী "কিতাবু হায়াতিল আম্মিয়া" গ্রন্থে (পৃ: ৪) উল্লেখ করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি জাল। কারণ এর বর্ণনাকারী আহমাদ ইবনু আলী আল-হাসনাবী মিখ্যার দোষে দোষী। তিনি হাকিমের শাইখ, হাকিম নিজে তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

তিনি বলেন ঃ তার হাদীস দলীল হিসাবে গ্রহণীয় নয়।

আল-খাতীব বলেন ঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না।

তার সম্পর্কে মুহাম্মাদ ইবনু ইউসুফ জুরজানী আল-কুশৃশী বলেন ঃ তিনি মিথ্যুক। তার সম্পর্কে আবুল আবোস আল-আসামও অনুরূপ মন্তব্য করেছেন।

সনদের আরেক বর্ণনাকারী আবৃ আন্দিল্লাহ মুহাম্মাদ ইবনু আব্বাসকে চিনি না। তার শাইখ ইসমা'ঈল ইবনু তালহা ইবনু ইয়াযীদের জীবনী পাচ্ছি না। এছাড়া মুহাম্মাদ ইবনু আবী লায়লা দুর্বল। তার স্মরণশক্তি ছিল ক্রটিপূর্ণ। তিনি এ ব্যাপারে প্রসিদ্ধ।

সুয়ৃতী হাদীসটি "আল-লাআলী" গ্রন্থে (১/২৮৫) পুর্বের হাদীসটির শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। কিন্তু দু' দিক দিয়ে তা সঠিক নয় ঃ

১। এটি বানোয়াট, এ ব্যাপারে উপরে আলোচনা করা হয়েছে।

২। এ হাদীসটিকে যার জন্য শাহেদ হিসাবে বলা হচ্ছে এটি তার বিরোধী। কারণ এ হাদীসে বলা হচ্ছে চল্লিশ দিন পরে নাবীগণকে তাদের কবরে অবশিষ্ট রাখা হবে না (যদিও এটি জাল) এবং পূর্বেরটিতে বলা হয়েছে তাঁর আত্মাকে কবরের মধ্যে তাঁর নিকট ফিরিয়ে দেয়া হবে! এটি কোথায় আর সেটি কোথায়?! একটি অপরটির বিরোধী।

এছাড়া এ হাদীসটি সহীহ্ হাদীস বিরোধী যা এটির জাল হওয়ার প্রমাণ বহন করছে।

٢٠٣. (مَنْ صلَّى على عِنْدَ قبْريْ؛ سنمِعْلهُ، ومَنْ صلَّى على ثانيا؛ وكُلْ بها ملك يُبلِّفني، وكفي بها أمْلَ دُنْيَاهُ وآخِريّهِ، وكنْتُ لهُ شنهيدا أو شفيعا).

২০৩। যে আমার কবরের নিকট আমার প্রতি দুরূদ পাঠ করবে; আমি তা শ্রবণ করি এবং যে ব্যক্তি আমার প্রতি দুর হতে দুরূদ পাঠ করবে; একজন কেরেশতাকে তা আমার নিকট পৌঁছে দেয়ার জন্য দায়িত্ব দেয়া হবে এবং তা তার দুনিয়া ও আখেরাতের কর্মের জন্য যথেষ্ট হয়ে যাবে এবং আমি তার জন্য সাক্ষী বা সুপারিশকারী হয়ে যাব।

#### হাদীসটি এভাবে জ্বাল।

হাদীসটি ইবনু সাম'উন "আল-আমালী" গ্রন্থে (২/১৯৩/২), খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (৩/২৯১-২৯২) এবং ইবনু আসাকির (১৬/৭০/২) মুহাম্মাদ ইবনু মারওয়ান সূত্রে আ'মাশ হতে এবং তিনি আবৃ সালেহ্ হতে...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ মুহাম্মাদ ইবনু মারওয়ান সূত্রে ইবনুল জাওযী ''আল-মাওয্'আত" গ্রন্থে (১/ ৩০৩) উকায়লীর বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ

এটি সহীহ্ নয়। মুহাম্মাদ ইবনু মারওয়ান হচ্ছেন সুদ্দী আস-সাগীর; তিনি মিথ্যুক। উকায়লী বলেন ঃ এ হাদীসটির কোন ভিন্তি নেই।

সৃয়্তী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/২৮৩) বলেছেন ঃ এটিকে বাইহাকী এ সূত্রেই "শু'য়াবুল ঈমান" গ্রন্থে বর্ণনা করে তার শাহেদগুলোও উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী যে শাহেদগুলো উল্লেখ করেছেন, সেগুলোর কোন কোনটি আবার সহীহ, যেমন ؛ إَنَّ سِهُ مَلائِكَةٌ سَيُّاحِينٌ فِي الأَرْضِ ''নিশ্চয় যমীনের মধ্যে আল্লাহর কিছু ভ্রমনকারী ফেরেশতা রয়েছেন যারা আমার নিকট আমার উন্মাতের সালামগুলো পৌছে দেন।"

এছাড়া আরেকটি হাদীস ২০১ নং হাদীসর আলোচনায় উল্লেখ করা হয়েছে।

এ হাদীসগুলো আলোচ্য হাদীসটির পূরো অংশের জন্য শাহেদ হতে পারে না। তবে সালাম যে নাবী (ﷺ)-এর নিকট পৌঁছে এ অর্থ যে উক্ত হাদীস হতে বুঝা যায় শুধুমাত্র সেটুকুর শাহেদ হতে পারে। অবশিষ্ট অংশগুলেকে বানোয়াটই বলতে হবে।

এছাড়া মুতাবা'য়াত হিসাবে যেসব বর্ণনাগুলো এসেছে সেগুলোর কোনটিই সহীহ সনদে বর্ণিত হয়নি।

ইবনু তাইমিয়্যা "মাজমূ'উ ফাতাওয়া" গ্রন্থে বলেছেন (২৭/২৪১) ঃ এ হাদীসটি বানোয়াট, এটি মারওয়ান আ'মাশ হতে বর্ণনা করেছেন। তিনি সকলের ঐক্যমতে মিথ্যুক।

মোটকথা ঃ যে অংশটুকু প্রমাণ বহন করছে যে, সালাম দিলে তাঁর নিকট পৌছে দেয়া হয়, এ অংশটুকু সহীহ, বাকী অংশগুলো সহীহ নয় বরং সেগুলো বানোয়াট।

٢٠٤. (مَنْ حَجَّ حَجَّة الإسلام، وزَارَ قَبْرِيْ، وَغْزَا غَزْوَة، وَصَلَّى عَلَيً فِي الْمَقْدِس؛ لَمْ يَسْئَلُهُ اللهُ فَيْمَا اقْتَرْضَ عَلَيْهِ).

২০৪। যে ব্যক্তি ইসলামের হজ্জ করবে, আমার কবর যিয়ারত করবে, একটি যুদ্ধে লড়াই করবে এবং কুদুস নগরীতে আমার প্রতি দুরূদ পাঠ করবে; আল্লাহ তাকে ঐ বস্তুর ব্যাপারে জিজ্ঞাসা করবেন না যা তার উপর কর্য করেছেন।

#### रामीमि छान।

এটিকে সাখাবী "আল-কাওলীল বাদী" গ্রন্থে (পৃ: ১০২) উল্লেখ করেছেন। আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি জাল, স্পষ্টতই এটি বাতিল ।

ইবনু আন্দিল হাদী বলেন ঃ এ হাদীসটি যে, রসূল (緣)-এর উপর বানানো হয়েছে, যাদের হাদীস সম্পর্কে জ্ঞান আছে তাদের তাতে কোন প্রকার সন্দেহ থাকতে পারে না। যার সামান্যতম জ্ঞান আছে সেই জানে যে, এটি সুফিয়ানের উপর জালকৃত হাদীস।

এ হাদীসটির সনদে আবৃ সাহাল বাদর ইবনু আন্দিল্লাহ আল-মাসীসী নামক এক বর্ণনাকারী আছেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার সম্পর্কে বলেন ঃ তিনি হাসান ইবনু উসমান যিয়াদী হতে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

সুয়ৃতী হাদীসটি তার "যায়লুল আহাদীসিল মওয়্'আহ" গ্রন্থে উল্লেখ করে (নং ৫৭১, পৃ:১২২) বলেছেন ঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ এ হাদীসটি বাতিল। তার সমস্যা হচ্ছে উক্ত বাদর।

٢٠٥ (مَا مِنْ مُسلِّم يُسلِّمُ عَلَيَّ فِي شَرَق وَلا غَرْب؛ إِلاَّ أَنَا وَمَلاَئِكَةُ رَبِّيْ ثَرُدُ عَلَيْهِ السَّلَامَ، فقالَ لَهُ قَالِلَ: يَا رَسَولَ اللهِ! قَمَا بَالُ أَهَل الْمَدِينَةِ؟ فقالَ لَهُ: وَمَا يُقَالُ لِكُورِمِ فِي حِيْرَتِهِ وَجِيْرَانِهِ مِمَّا أَمَرَ اللهُ بِهِ مِنْ حِقْظِ الْحِوَارِ وَحِقْظِ الْحِوَارِ وَحِقْظِ الْحِوَارِ وَحِقْظِ الْحِوَارِ وَحِقْظِ الْحِيرَانِ؟).

২০৫। পূর্ব-পশ্চিমে যে কোন মুসলিম ব্যক্তি আমার প্রতি সালাম প্রদান করবে, আমি ও আমার প্রভুর ফেরেশতাগণ তার সালামের উত্তর প্রদান করব। অতঃপর এক ব্যক্তি বলল ঃ হে আল্লাহর রস্ল। মদীনাবাসীদের অবস্থা কী হবে? (উত্তরে) তাকে বললেন ঃ পাড়া-প্রতিবেশীদের প্রতি দয়ালু ব্যক্তি সম্পর্কে কিইবা বলার আছে, যে পাড়া-প্রতিবেশীকে হেফাযাত করার জন্য আল্লাহ নির্দেশ দিয়েছেন?

### रामीमिं छान।

হাদীসটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে উল্লেখ (৬/৩৪৯) করে বলেছেনঃ

মালেকের হাদীস হতে এটি গারীব, আবৃ মুস'য়াব এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ মুস'য়াব-এর নাম হচ্ছে আহমাদ ইবনু আবী বাক্র আল-কাসেম ইবনে হারেস আয-যুহরী আল-মাদানী। তিনি ইমাম মালেক হতে "মুওয়ান্তা" গ্রন্থের একজন বর্ণনাকারী। তিনি নির্ভরযোগ্য ফাকীহ। এ হাদীসটির সমস্যা হচ্ছে আবৃ মুস'য়াব হতে বর্ণনাকারী ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী; তিনি হচ্ছেন কাষী। "আল-মীযান" গ্রন্থে যাহাবী তার সম্পর্কে বলেছেন ঃ

নাসাঈ তাকে মিথ্যার দোষে দোষী করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার সূত্রেই হাদীসটি দারাকুতনী "গারায়েবে মালেক" গ্রন্থে বর্ণনা করে বলেছেন ঃ

এটি সহীহ্ নয়। উমারী এককভাবে এটিকে বর্ণনা করেছেন, তিনি ছিলেন দুর্বল। অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থেও এসেছে। সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃ:১১৭) বলেছেন ঃ হাদীসটির সনদে ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী রয়েছেন, তাকে যাহাবী এ হাদীসটি জাল করার দোষে দোষী করেছেন।

ইবনু আব্দিল হাদী "আস-সারেমুল মানকী" গ্রন্থে (পৃ: ১৭৬) বলেছেন ঃ হাদীসটি রসূল (ﷺ)-এর উপর বানানো হয়েছে। এটির কোন ভিত্তি নেই। জাল করার দোষে দোষী করা হয়েছে এ শাইখ আল-উমারী আল-মাদানীকে। তার বেইজ্জতীর জন্য এ ধরনের সনদে এ একটি হাদীসই যথেষ্ট।

٢٠٦. (مَنْ سَنَبُّ الأَنْبِياءَ؛ قُتِلَ، وَمَنْ سَنَبُّ أَصْحَابِي؛ جُلِدَ).

২০৬। যে ব্যক্তি নাবীগণকে গালি দিবে; (শান্তি হিসাবে) তাকে হত্যা করা হবে। যে ব্যক্তি আমার সাহাবীদেরকে গালি দিবে; তাকে বেত্রাঘাত করা হবে।

# रामीमि छान।

হাদীসটি তাবারানী "আল-মু'জামুস সাগীর" (পৃ: ১৩৭) এবং "আল-মু'জামুল আওসাত" (১/২৮১/৪৭৩৯) গ্রন্থে বর্ণনা করেছেন।

এটিও পূর্বের হাদীসটির ন্যায় ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী আল-কাষী সূত্রে বর্ণিত হয়েছে। তার সম্পর্কে হাফিষ ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেন ঃ উমারীকে মিথ্যা এবং জাল করার দোষে দোষী করা হয়েছে।

হাফিয ইবনু হাযার আরো বলেন ঃ এ খবরটি তার মুনকারগুলোর একটি।

হাদীসটি হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৬/২৬০) উল্লেখ করে বলেছেন ঃ

এটিকে তাবারানী "আল-মু'জামস সাগীর" এবং "আল-মু'জামূল আওসাত" গ্রন্থে তার শাইখ ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী আল-কাযী হতে বর্ণনা করেছেন। যাকে নাসাঈ মিথ্যার দোষে দোষী করেছেন।

٢٠٧. (أقضلُ الأيّامِ يَوْمُ عَرَقَةَ إِذَا وَافْقَ يَوْمَ الْجُمُعَةِ، وَهُوَ أَفْضَلُ مِنْ سِبْعِيْنَ حَجّةً فِي عَيْرِ جُمُعَةٍ).

২০৭। আরাফার দিবস যদি জুম'আর দিবসের সাথে মিলে যায় তাহলে তা সর্বোত্তম দিবস এবং সেটি জুম'আর দিবসহীন সন্তরটি হচ্জের চেয়েও উন্তম।

হাদীসটি বাতিল, এটির কোন ভিত্তি নেই।

যায়লা'ঈ "হাশীয়া ইবনু আবেদীন" গ্রন্থে যা এসেছে (২/৩৪৮) তার উপর ভিত্তি করে বলেছেন ঃ

এটিকে রাযীন ইবনু মু'য়াবিয়া "তাজরীদুস সিহ্হা" গ্রন্থে বর্ণনা করেছেন।

জেনে নিন ঃ এ রাযীনের গ্রন্থটিতে ইবনুল আসীরের "জামে'উল উসূল মিন আহাদীসির রসূল" গ্রন্থের ন্যায় ছয়টি হাদীস গ্রন্থ (বুখারী, মুসলিম, মুয়ান্তা মালেক, আবৃ দাউদ, নাসাঈ ও তিরমিযী) থেকে হাদীস একত্রিত করা হয়েছে। কিন্তু "কিতাবৃত তাজরীদ" গ্রন্থে এমন বহু হাদীস স্থান পেয়েছে যেগুলোর কোন ভিত্তি ছয়টি হাদীস গ্রন্থে নেই।

এ হাদীসটি সেই পর্যায়ভুক্ত যেটি ছয়টি হাদীস গ্রন্থে, এমনকি অন্য কোন প্রসিদ্ধ গ্রন্থেও যার কোন ভিত্তি নেই। ইবনুল কাইয়্যিম বরং স্পষ্টভাবে "যাদুল মা'য়াদ" গ্রন্থে (১/১৭) হাদীসটি বাতিল হওয়ার কথা বলেছেন।

তিনি বলেছেন ঃ সাধারণ লোকদের মুখে মুখে প্রচার হয়েছে যে, জুম'আর দিবসের সে হজ্জ বাহাত্তরটি হজ্জের সমতুল্য। এটি বাতিল, এর কোন ভিত্তি রসূল (緣) হতে এমনকি কোন সাহাবী বা তাবে স্ব হতেও নেই।

তার একথাকে মানাবী "ফায়যুল কাদীর" গ্রন্থে (২/২৮) সমর্থন করেছেন। ইবনু আবেদীন "হাশীয়া" গ্রন্থেও সমর্থন করেছেন।

٨٠٨. (مَا قُبِلَ حَجُّ امْرِئِ؛ إلاَّ رُفِعَ حَصَاهُ. يَعْتِي حَصَى الْجِمَار).

২০৮। যে ব্যক্তির হজ্জ গৃহীত হবে (কবৃপ হবে) তার কঙ্কর উঠিয়ে নেয়া হয় অর্থাৎ পাথর নিক্ষেপের স্থানে নিক্ষিপ্ত পাথর উঠিয়ে নেয়া হয়।

### হাদীসটি দুর্বল।

"মাকাসীদৃল হাসানা ফিল আহাদীসিল মুসতাহারা আলাল আলসিনা" গ্রন্থের লেখক বলেছেন ঃ এটিকে দাইলামী ইবনু উমার (ఉ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

ইবনু আদী হাদীসটি "আল-কামিল" গ্রন্থে (৭/২৫৫৫) আব্দুল্লাহ ইবনু খাররাশ সূত্রে ওয়াসিত ইবনু হারিস হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ ওয়াসিত-এর হাদীসগুলোর অনুসরণ করা যায় না।

যাহাবীর "আল-মীযান" গ্রন্থে তার মুনকারগুলো উল্লেখ করা হয়েছে, এটি সেগুলোর একটি।

হাদীসটি বাইহাক্বী তার "সুনানুল কুবরা" গ্রন্থে (৫/১২৮), দারাকুতনী (পৃ:২৮৯), হাকিম (১/৪৭৬) ও তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১২১/১) ইয়াযীদ ইবনু সিনান সূত্রে উল্লেখ করেছেন।

এ ইয়াযীদ ইবনু সিনানকে বাইহাক্বী দুর্বল বলেছেন। তিনি আরো বলেছেন ঃ ইয়াযীদ হাদীসের ক্ষেত্রে শক্তিশালী নন।

কিন্তু হাকিম এ কথার বিরোধিতা করে বলেছেন ঃ এটির সনদ সহীহ, ইয়াযীদ ইবনু সিনান মাতরুক নন।

তবে হক হচ্ছে বাইহাক্বীর কথায়। কারণ তিনি এ বিষয়ে বেশী জ্ঞাত। হাকিম কর্তৃক মাতরুক নয় বলা প্রমাণ করে না যে, হাদীসটি সহীহ। কারণ কখনো মাতরুক না হয়েও দুর্বল হতে পারে, যার কারণে হাদীস দুর্বল হয়। যাহাবী "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থে হাকিমের সমালোচনা করে বলেছেন ঃ মুহাদ্দিসগণ ইয়াযীদকে দুর্বল আখ্যা দিয়েছেন।

হায়সামী (৩/২৬০) বলেন ঃ এটির সনদে ইয়াযীদ ইবনু সিনান আছেন, তিনি দুর্বল। আমি (আলবানী) বলছি ঃ তবে মওকূফ হিসাবে সহীহ্ সনদে আবু সা'ঈদ আল-খুদরী (﴿﴿﴿﴿﴾) এবং ইবনু আব্বাস (﴿﴿﴿﴾) হতে সাব্যস্ত হয়েছে। সেটি আযর্জ্ঞকী "তারীখু মাক্কা" গ্রন্থে (পৃ: ৪০৩) এবং দুলাবী "আল-কুনা" গ্রন্থে (২/৫৬) বর্ণনা করেছেন। কিন্তু এটি আমার নিকট মারফু'র হুকুমে এমনটি স্পষ্ট হয়নি।

২০৯। একমাত্র বিদ'আতী ছাড়া আমার উন্মাতের সবার জন্য আমার সুপারিশ অত্যাবশ্যকীয় হয়ে যাবে।

# হাদীসটি মুনকার।

ইবনু ওয্যাহ আল-কুরতুবী "আল-বিদ'উ ওয়ান নাহীউ আনহা" গ্রন্থে (পৃ: ৩৬) আবৃ আন্দিস সালাম সূত্রে বাক্র ইবনু আন্দিল্লাহ আল-মুযানী হতে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি মুরসাল। এ বাক্র একজন তাবে স। তিনি নাবী (ﷺ)-কে পাননি। মুরসাল হওয়া সত্ত্বেও এটির সনদ দুর্বল। কারণ এ আব্ আদিস সালাম-এর নাম হচ্ছে সালেহ্ ইবনু রুক্তম আল-হাশেমী, তিনি মাজহ্ল; যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।

এছাড়াও এ দুর্বল মুরসাল রস্ল (ﷺ)-এর কথা বিরোধী। কারণ তিনি বলেছেন ॥ ''شَفَاعَتِيُ لِأَهْلِ الْكَبَائِرِ مِنْ أُمْتِيُ ' 'আমার শাফা'য়াত আমার উন্মাতের কাবীরা গুনাহকারীদের জন্য।' এ হাদীসটি সহীহ। দেখুন ঃ "মিশকাত" (৫৫৯৮)।

২১০। তোমার পরিবারের ছোট বাড়ী হতে ইহরাম বাঁধাতে হচ্ছের পূর্ণতা নিহিত রয়েছে।

# হাদীসটি মুনকার ।

এটিকে বাইহাক্বী (৫/৩১) জাবের ইবনু নূহ সূত্রে...বর্ণনা করেছেন।

হাদীসটির সনদ দুর্বল। এটিকে বাইহাক্বী দুর্বল আখ্যা দিয়েছেন তার এ ভাষায় ॥ ''نیه نظر'' 'এটির মধ্যে বিরূপ মন্তব্য রয়েছে।'

আমি (আলবানী) বলছি ঃ এর কারণ জাবের সকলের ঐক্যমতে দুর্বল। ইবনু আদী তার এ হাদীসটি (২/৫০) উল্লেখ করে বলেছেন ঃ এটিকে এ সনদ ছাড়া চেনা যায় না এবং এর চেয়ে বেশী মুনকার আমি দেখছি না।

অথচ শাওকানীর নিকট তা লুক্কায়িতই রয়ে গেছে। যার জন্য "নায়লুল আওতার" প্রন্থে (৪/২৫৪) বলেছেন ঃ এটি মারফ্ 'হিসাবে আবৃ হুরাইরাহ্ (ఈ)-এর হাদীস হতে সাব্যস্ত হয়েছে। ইবনু আদী এবং বাইহাক্বী বর্ণনা করেছেন। (কিছু তার এ কথা সঠিক নয়)।

আমি (আলবানী) বলছি ঃ বাইহাক্বী এটিকে মওকৃফ হিসাবেও বর্ণনা করেছেন। কিন্তু তার সনদে আব্দুল্লাহ মুরাদী রয়েছেন। তার মুখন্ত বিদ্যা ব্রাস পেয়েছিল। তবে এটি মারফু'র চেয়ে বেশী সহীহ।

এছাড়া এটি সহীহ্ সুন্নাহ বিরোধী কথা। কারণ সহীহ্ সুন্নাহের মধ্যে নির্দিষ্ট স্থান হতে ইহরাম বাধার কথা উল্লেখ করা হয়েছে।

উমার এবং উসমান (秦) মিকাতের পূর্বে ইহরাম বাঁধাকে মাকরুহ মনে করেছেন। এ আসারটি বাইহাক্বী বর্ণনা করেছেন।

٢١١. (مَنْ أَهَلَّ بِحَجَّةً أَوْ عُمْرَةً مِنَ الْمَسْجِدِ الْأَقْصَى إلى الْمَسْجِدِ الْأَقْصَى إلى الْمَسْجِدِ الْحَرَامِ؛ عُفِرَ لَهُ مَا تُقَدَّمَ مِنْ دُنْيِهِ وَمَا تُأْخَرَ، أَوْ وَجَبَتُ لَهُ الْجَنَّةُ).

২১১। যে ব্যক্তি হজ্জ বা উমরার উদ্দেশ্যে মসজিদুল আকসা থেকে মসজিদুল হারাম পর্যন্ত তাকবীর পাঠ করবে, তার পূর্ববর্তী এবং পরবর্তী সকল গুনাহ ক্ষমা করে দেয়া হবে বা তার জন্য জান্লাত অপরিহার্য হয়ে যাবে।

# श्मीमि पूर्वम।

হাদীসটি আবৃ দাউদ (১/২৭৫), ইবনু মাজাহ্ (২/২৩৪-২৩৫), দারাকুতনী (পৃ: ২৮২), বাইহাক্বী (৫/৩০) ও আহমাদ (৬/২৯৯) উন্মু সালামাহ্ হতে হাকীমাহ্ সূত্রে...বর্ণনা করেছেন। ইবনুল কাইয়্যিম "তাহযীবুস সুনান" গ্রন্থে (২/২৮৪) বলেছেন ঃ

একাধিক হাফিয় বলেছেন ঃ এটির সনদ শক্তিশালী নয়।

আমি (আলবানী) বলছি ঃ আমার নিকট হাদীসটির সমস্যা হচ্ছে এ হাকীমাহ। কারণ তিনি পরিচিত নন। ইবনু হিব্বান ছাড়া (৪/১৯৫) অন্য কেউ তাকে নির্ভরয়োগ্য বলেননি। আর বার বার সতর্ক করেছি যে, ইবনু হিব্বান কর্তৃক নির্ভরযোগ্য বলা গ্রহণযোগ্য নয়। কারণ তিনি নরমপন্থী (শিথিলতা প্রদর্শনকারী)। যার জন্য হাফিয ইবনু হাজার তার কথার উপর নির্ভর করেননি এবং তাকে নির্ভরযোগ্যও বলেননি। বরং "আত-তাকরীব" গ্রন্থে ব্লেছেম্ব ব

তার মুতাবা'য়াত পাওয়া গেলে তিনি গ্রন্থায়োগ্য বিখানে তার কার মুতাবা'য়াত পাওয়া যায়নি। অতএব তার ক্রিন্সিটি দুর্বনা, গ্রহণায়োগ্য নেয়। ।
[মুতাবা'আতের ব্যাখ্য দেখুন (৫৭) পৃষ্ঠায়]।

মুন্যেরী ইয়তিরাব বলে হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন, তিনি "মুখতাসারুস সুনান" গ্রন্থে (২/২৮৫) বলেন ঃ

হাদীসটির মতন এবং সনদের মধ্যে বর্ণনাকারীগণ বহু মতভেদ করেছেন।

অনুরূপভাবে হাফিয় ইবনু কাসীরও ইয়তিরাব বলে কারণ দর্শিয়েছেন, বিমনভাবে "নায়লুল আওতার" গ্রন্থে (৪/২৩৫) এসেছে।

অতঃপর মুনযেরী সম্ভবত ভুলে গেছেন, যার কারণে তিনি "তারগীব ওয়াত তারহীব" গ্রন্থে (২/১১৯-১২০) বলেছেন ঃ ইবনু মাজাহ্ সহীহ সনদে বর্ণনা করেছেন। [মুযতারিবের ব্যাখ্যা দেখুন (৫৭-৫৮) পৃষ্ঠায়]।

কীভাবে এটি সহীহ? যেখানে তিনি নিজে এবং অন্যরা এটিকে মুযতারিব হিসাবে চিহ্নিত করেছেন আর আমরা বলেছি হাকীমা মাজহুলা।

٢١٢. (ليَسَنَّمْتَغ أَحَدُكُمْ بِحِلِّهِ مَا استَّطَاعَ؛ فَإِنَّهُ لا يَدْرِيْ مَا يَعْرِضُ فِي إِحْرَامِهِ).

২১২। তোমাদের কোন ব্যক্তি তার হালাল থাকা অবস্থায় সাধ্যমত উপভোগ্য বস্তু উপভোগ করবে, কারণ সে জানে না তার ইহরামের মাঝে কি উপস্থিত হবে।

शिमिमि पूर्वण।

হাদীসটি হায়সাম ইবনু কুলায়েব তার "মুসনাদ" গ্রন্থে (১/১৩২) এবং বাইহাক্বী তার "সুনান" গ্রন্থে (৫/৩০-৩১) ওয়াসিল ইবনু সায়েব আর-রুকাশী সূত্রে আবু সুরা হতে...উল্লেখ করেছেন।

এটির সনদ দুর্বল। কারণ ওয়াসিল ইবনু সায়েব আর-রুকাশী মুনকারুল হাদীস। বুখারী ও অন্যরা এমনই বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ সূরাও দুর্বল, যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

বাইহাক্বী ইমাম শাফে'ঈর সূত্রে মুসলিম-এর মাধ্যমে ইবনু যুরায়েজ হতে বর্ণনা করেছেন এবং সমস্যা হিসাবে বলেছেন ঃ এটি মুরসাল।

আমি (আলবানী) বলছি ঃ ইমাম শাফে স্বর শাইখ মুসলিম ইবনু খালেদ আল-যান্যী; সত্যবাদী ছিলেন, কিন্তু তিনি বহু সন্দেহ প্রবণ ছিলেন, যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

এছাড়া ইবনু যুরায়েজ মুদাল্লিস। তিনি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। ۲۱۳. (إِنِّيْ لَأَعْلَمُ أَرْضًا يُقَالُ لَهَا: عُمَان، يَنْضَحُ بِجَاتِيهَا الْبَحْرُ، الْحَجَّةُ مِنْهَا أَقْضَلُ مِنْ حَجَّئِيْنِ مِنْ غَيْرِهَا). ২১৩। আমি অবশ্যই একটি যমীন সম্পর্কে জ্ঞানি, যাকে বলা হয় ওমান, যার একদিকে বিস্তৃত রয়েছে সমুদ্র। সেখান হতে হঙ্জ করা অন্য স্থান হতে দু'বার হঙ্জ করার চেয়েও অতি উত্তম।

# হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ "মুসনাদ" গ্রন্থে (নং ৪৮৫৩), সাকাফী "মাশীখাতুন নাইসাপুরীয়ীন" গ্রন্থে (১৮৪-১৮৫) এবং বাইহাক্বী তার "সুনান" গ্রন্থে (৪/৩৩৫) হাসান ইবনু হাদিয়া সূত্রে…বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাসান ইবনু হাদিয়া ছাড়া হাদীসটির সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য। তাকে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

তবে ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেছেন ঃ ইবনু আবী হাতিম তার পিতা হতে বর্ণনা করে বলেছেন ঃ আমি তাকে চিনি না।

কিন্তু ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে (৪/১২৩) উল্লেখ করেছেন। মাজহুল বর্ণনাকারীদেরকে নির্ভরযোগ্য বলা তার আদাত হওয়ার কারণে।

ইবনু হিব্বান কর্তৃক তাকে নির্ভরযোগ্য বলার কারণে হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৩/২১৭) বলেছেন ঃ হাদীসটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। আহমাদ মুহাম্মাদ শাকির ইমাম আহমাদের এ হাদীসটির সনদকে সহীহ্ বলেছেন, কিন্তু তাদের এ সহীহ্ বলাটা সঠিক নয়, যা একটু পূর্বেই উল্লেখ করা হয়েছে।

٢١٤. (مَنْ لَمْ يُصَلُّ عَلَيُّ؛ قَلَا دِيْنَ لَهُ).

২১৪। যে আমার প্রতি দ্রূদ পাঠ করবে না, তার কোন ধর্ম নেই।

# হাদীসটি দুর্বল।

ইবনুল কাইয়্যিম বলেন ঃ এটি মুহাম্মাদ ইবনু হামাদান আল-মারওয়াযী বর্ণনা করেছেন। এটির দু'টি সমস্যা ঃ

- ১। সনদের বর্ণনাকারী ইউসৃফ ইবনু আসবাত সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি একজন আবেদ ছিলেন। তার গ্রন্থগুলো দাফন করে দিয়েছিলেন। তিনি বহু ভুল করতেন। তিনি সং ব্যক্তি হওয়া সত্ত্বেও তার হাদীসকে দলীল হিসাবে গ্রহণ করা যায় না।
- ২। যার হতে বর্ণনাকারী ব্যক্তি; ইনি এমন এক ব্যক্তি যার নাম উল্লেখ করা হয়নি। হাফিয সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃ: ১১৪) এ কারণই উল্লেখ করেছেন। এটি হচ্ছে তার ক্রটি।

অতঃপর এ হাদীসটিকে দেখেছি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (নং ৮৯৪২, ৮৯৪২) দু'টি সূত্রে আসেম হতে, তিনি যার হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাস'উদ (秦) থেকে উল্লেখ করেছেন। এটির সনদ হাসান, কিন্তু এটি মওকৃষ্ণ। এরূপই সঠিকের সাথে সাদৃশ্যপূর্ণ।

٢١٥. (مَنْ صلَّى عَلَى يَوْمَ الْجُمُعَةِ ثَمَاتِيْنَ مَرَّةً؛ عَقْرَ اللهُ لهُ دُثُوبَ ثَمَاتِيْنَ عَاماً، قَقِيلَ لهُ: وكَيْف الصلاة عَليك يا رَسُولَ اللهِ ؟ قال: تَقُولُ: اللَّهُمَّ صل عَلَى مُحَمَّدٍ عَبْدِكَ وَبَييك وَرَسُولِكَ النَّييِّ الأَمْيِّ، وتَعْقَدُ وَاحِداً).

২১৫। যে ব্যক্তি জুম'আর দিবসে আমার প্রতি আশিবার দুরাদ পাঠ করবে; আল্লাহ তার আশি বছরের গুনাহ ক্ষমা করে দিবেন। কেউ তাঁকে বলল ঃ আপনার প্রতি কীভাবে দুরাদ পাঠ করব হে আল্লাহর রসূল? তিনি বললেন ঃ বলবে, হে আল্লাহ। তুমি দয়া কর তোমার বান্দা, তোমার নাবী, তোমার রসূল উন্মী নাবীর প্রতি এবং একবার গিরা দিবে।

### হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী (১৩/৪৮৯) ওয়াহাব ইবনু দাউদ ইবনে সুলায়মান আয-যারীরের সূত্রে...বর্ণনা করে বর্ণনাকারী যারীরের জীবনীতে বলেছেন ঃ

তিনি নির্ভরযোগ্য ছিলেন না।

সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃ: ১৪৫) বলেছেন ঃ ইবনুল জাওয়ী হাদীসটিকে "আল-আহাদীসুল ওয়াহিয়া" গ্রন্থে উল্লেখ করেছেন (নং ৭৯৬)।

আমি (আলবানী) বলছি ঃ তিনি তার "আহাদিসুল মাওযু'আত" গ্রন্থেও উল্লেখ করেছেন। এটিই উত্তম এবং উপযোগী।

কারণ এটির জাল হওয়াটাই স্পষ্ট। সহীহ্ হাদীসে দুরূদ পাঠের যে সব ফ্যীলত এসেছে, এরূপ জাল হাদীস হতে নিরাপদে থাকার জন্য তাই যথেষ্ট। যেমন মুসলিম শরীফ সহ অন্যান্য হাদীস গ্রন্থে সহীহ্ হাদীসে এসেছে ঃ

রসূল (ﷺ) বলেন ঃ "যে ব্যক্তি আমার উপর একবার দুরূদ পাঠ করবে, আল্লাহ তার বিনিময়ে তার উপর দশবার রহমত নাযিল করবেন।" "সহীহ আবৃ দাউদ" নং (১৩৬৯)।

٢١٦. (إِنَّا لَنْكُشْيرُ فِي وُجُوْهِ أَقْوَامٍ، وَإِنَّ قُلُونِينَا لِتَلْعَثُّهُمْ).

২১৬। আমরা মুচকি হাঁসি কতিপন্ন সম্প্রদায়ের চেহারার সামনে, অ্বচ আমাদের হৃদয়গুলো তাদেরকে অভিশাপ দেয়।

মারফু' হিসাবে হাদীসটির কোন ভিত্তি নেই।

এটিকে আজলুনী তার "আল-কাশফ" গ্রন্থে (২০৬) উল্লেখ করেছেন। বুখারী মওকৃষ্ণ মু'য়াল্লাক হিসাবে (১০/৪৩৪) উল্লেখ করেছেন। তিনি বলেন ঃ

আবৃদ-দারদা হতে উল্লেখ করা হয়েছে ...।

কিন্তু হাফিয ইবনু হাজার "ফতহুল বারী" গ্রন্থে বলেছেন ঃ এটির সনদ মুনকাতি' (বিচ্ছিন্ন)।

আবৃ বাক্র আল-মাকরী তার "আল-ফাওয়াইদ" গ্রন্থে আবৃ সালেহ-এর সূত্রে আবৃদ-দারদা হতে মওসূল হিসাবে উল্লেখ করেছেন। কিন্তু হাফিয ইবনু হাজার বলেন ঃ এটিও মুনকাতি'। ইবনু আবিদ-দুনিয়া, ইব্রাহীম হারবী "গারীবুল হাদীস" গ্রন্থে এবং আদ-দীনঅরী "আল-মুজালাসা" গ্রন্থে মওসূল হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু সোটিও মুনকাতি'। দীনঅরী তার সনদে যুবায়ের ইবনু নুফায়েরকে উল্লেখ করেননি। মোটকথা হাদীসটি মারফ্' হিসাবে ভিত্তিহীন। অধিকাংশ ধারণা মওক্ফ হিসাবে সাব্যপ্ত হয়েছে।

٢١٧. (الزُّرْقَةُ فِي الْعَيْنِ يُمْنُ، وَكَانَ دَاوْدُ أَرْرُقَ).

২১৭। চোখের নীল বর্ণ মঙ্গলজনক, দাউদ (আ:) ছিলেন নীল বর্ণধারী। হাদীসটি জাল।

এটিকে হাকিম তার "আত-তারীখ" গ্রন্থে হুসাইন ইবনু উলওয়ান সূত্রে আওযা'ঈ হতে...বর্ণনা করেছেন।

সুয়ৃতী হাদীসটি "আল-লাআলী" গ্রন্থে (১/১১৪) (অন্যটির) শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। তাতে তিনি ক্রটি করেছেন, কারণ ইবনু উলওয়ান মিথ্যুক, জালকারী।

হাদীসটির প্রথম বাক্যটি ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/১৬২) ইবনু হিব্বান-এর বর্ণনা হতে উল্লেখ করেছেন। তিনি এটি "আযযু'য়াফা" গ্রন্থে (২/১৬৪) আব্বাদের জীবনী বর্ণনা করার সময় মুহাম্মাদ ইবনু ইউনুস
সূত্রে আব্বাদ ইবনু সুহায়েব হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর ইবনুল জাওয়ী বলেছেন ঃ এটি সহীহ্ নয়। কারণ আব্বাদ মাতর্ক্ষ এবং তার থেকে বর্ণনাকারী হচ্ছেন কুদায়মী (মুহাম্মাদ), সমস্যা তার থেকেই।

ইবনুল জাওয়ী অন্য একটি সূত্রেও হাদীসটি উল্লেখ করেছেন যার সনদে ইসমাঈল আল-মুয়াদ্দাব এবং তার শাইখ সুলায়মান ইবনু আরকাম রয়েছেন। অতঃপর বলেছেন ঃ

এটি সহীহ নয়, সুলায়মান মাতরক আর ইুসমা'ঈল দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

সুয়ৃতী তার সমালোচনা করে বলেছেন ঃ আবৃ দাউদ তার "আল-মারাসীল" প্রন্থে (নং ৪৭৯) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি মুরসাল। এছাড়া এটির সনদে ইরাকী এক বর্ণনাকারী রয়েছেন যার নাম উল্লেখ করা হয়নি। তিনি এ হাদীসটির ব্যাপারে মিখ্যার দোষে দোষী।

ইবনুল কাইয়্যিম হতে শাইখ আজলুনী "আল-কাশফ" গ্রন্থে বর্ণনা করেছেন (১/৪৩৯), তিনি বলেন ঃ হাদীসটি জাল (বানোয়াট)।

٢١٨. (مَنْ سَاقرَ مِنْ دَارِ إِقَامَتِهِ يَوْمَ الْجُمُعَةِ؛ دَعَتْ عَلَيْهِ الْمَلاَئِكَةُ أَنْ لاَ يُصْحَبَ فِي سَقْرِهِ).

২১৮। যে ব্যক্তি জুম'আর দিবসে তার বাসগৃহ হতে সফর করবে, ফেরেশতারা তার বিরূদ্ধে দো'আ করবে যেন তার সফরে কোন সঙ্গী না মিলে।

### श्मीअि पूर्वम।

এটি দারাকুতনী "আল-আফরাদ" গ্রন্থে ইবনু উমার (ﷺ)-এর হাদীস হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

ইবনুল কাইয়্যিম "যাদুল মা'য়াদ" গ্রন্থে (১/১৪৫) বলেছেন ঃ এটি ইবনু লাহী'য়াহ হতে বর্ণিত হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ হেফযের দিক থেকে তিনি দুর্বল। হাফিয ইবনু হাজার "আত-তালখীস" গ্রন্থে এ কারণের দিকেই ইঙ্গিত করেছেন।

বুজায়রেমী "আল-ইকনা" গ্রন্থে (২/১৭৭) হাদীসটিকে সহীহ্ বলেছেন। কিন্তু সহীহ বলার কোন যৌক্তিকতা নেই।

ইবনু আবী শায়বা (১/২০৬/১) সহীহ্ সনদে হাস্সান ইবনু আতিয়া হতে বর্ণনা করেছেন। কিন্তু এটি মাকতৃ', সম্ভবত এটিই হাদীসটির মূল। ইবনু লাহী'য়াহ তার হেফযে ক্রেটি থাকার কারণে মারফ্' করে দিয়েছেন! হাদীসটির অন্য একটি সূত্র রয়েছে কিন্তু সেটি বানোয়াট। সেটি হচ্ছে নিম্নোক্ত হাদীসটিঃ

٢١٩. (مَنْ سَاقَرَ يَوْمَ الْجُمُعَةِ؛ دَعَا عَلَيْهِ مَلكَاهُ أَنْ لا يُصْحَبَ فِي سَقَرِهِ
 وَلا تُقْضَى لَهُ حَاجَةً).

২১৯। যে ব্যক্তি জুর্ম'আর দিবসে সফর করবে, তার দু' ফেরেশতা তার বিপক্ষে দো'আ করবে, যেন তার সফরে সঙ্গী না মিলে এবং তার প্রয়োজন পূর্ণ না হয়।

হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী "কিতাবু আসমাউর রুওয়াত আন মালেক" গ্রন্থে হুসাইন ইবনু উলওয়ান-এর বর্ণনায়...উল্লেখ করে বলেছেন ঃ হুসাইনের চেয়ে অন্যজন বেশী দৃঢ়।

হাফিয ইরাকী বলেন ঃ আল-খাতীব তার ভাষায় এ হুসাইন সম্পর্কে নরম সূরে বলেছেন। অথচ তাকে ইয়াহ্ইয়া ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন এবং ইবনু হিব্বান তাকে জালকারী হিসাবে চিহ্নিত করেছেন।

যাহাবী তার "আল-মীযান" গ্রন্থে এ হাদীসটি উল্লেখ করে বলেছেন যে, হুসাইন মালেকের উপর মিধ্যারোপ করেছেন।

অনুরূপ কথা "নায়লুল আওতার" গ্রন্থেও (৩/১৯৪-১৯৫) বলা হয়েছে।

আশ্চর্যের ব্যাপার এই যে, ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (১/১৮৮) নিজেই নরম ভাষায় বলেছেন। বলেছেন এটির সনদ দুর্বল।

সহীহ্ সুন্নাহ্র মধ্যে জুম'আর দিবসে সফর করা নিষেধ এমন কিছু নেই। বরং রস্ল (紫) হতে বর্ণিত হয়েছে, তিনি নিজেই জুম'আর দিবসে প্রথম প্রহরেই সফর করেছেন। কিন্তু এটি দুর্বল, মুরসাল হওয়ার কারণে।

বাইহাক্বী বর্ণনা করেছেন (৩/১৮৭) উমার (ఉ) এক ব্যক্তিকে সফরের আকৃতিতে দেখলেন। অতঃপর তিনি তাকে বলতে শুনলেন যদি আজকে জুম'আর দিবস না হতো তাহলে অবশ্যই বের হতাম। উমার (ఉ) একথা শুনে বললেন ঃ বেরিয়ে যাও, কারণ জুম'আর দিবস সফর হতে বাধা সৃষ্টি করে না।

এটিকে ইবনু আবী শায়বাও বর্ণনা করেছেন (২/২০৫/২) তবে সংক্ষিপ্তাকারে। এটির সনদ সহীহ।

এ আসারটিও উক্ত হাদীসটিকে দুর্বল হিসাবে চিহ্নিত করছে। কারণ যদি সেটি সহীহ্ হতো, তাহলে উমার (ఉ) হতে তা লুক্কায়িত থাকত না।

٢٢٠. (إنَّ لَهُ ( يَعْنِي إِبْرَاهِيْمَ بْنَ مُحْمَدِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ) مُرْضِعاً فِي الْجَنَّةِ، وَلَوْ عَاشَ؛ لَعَتْقَتُ الْحُوالَّهُ الْقَبْطَ، وَمَا السَّرْقُ قِبْطِي قَطْ).
 استُرقُ قَبْطِي قَطْ).

২২০। অবশ্যই তার জন্য (অর্থাৎ ইব্রাহীম ইবনু মুহাম্মাদ (紫)-এর জন্য) জানাতে দ্ধমাতা থাকবে। সে যদি জীবিত থাকত; তাহলে অবশ্যই সত্যবাদী নাৰী হত। যদি জীবিত থাকত তাহলে অবশ্যই তার কিবতী মামারা মুক্ত হয়ে যেত এবং কোন কিবতী কখনও দাসতু গ্রহণ করত না।

रामीमि मूर्वन ।

এটি ইবনু মাজাহ্ (১/৪৫৯-৪৬০) ইব্রাহীম ইবনু উসমান সূত্রে বর্ণনা

এটির সনদ দুর্বল এ ইব্রাহীম ইবনু উসমান-এর কারণে। কেননা তার দুর্বল হওয়ার ব্যাপারে সকলেই একমত।

ंহাদীসটির প্রথম বাক্যটি বারা (४७)-এর হাদীস হতে কোন কোন সহীহ সনদে বর্ণিত হয়েছে। সেটি ইমাম আহমাদ ও অন্যরা বর্ণনা করেছেন।

আর বিতীয় বাক্যটি আব্দুল্লাহ ইবনু আবী আওফা হতে বর্ণিত হয়েছে ঃ قال: ''مَاتَ وَهُوَ صَغِيْرٌ'، وَلَوْ قُضِيَ أَن يُكُونَ بَعْدَ مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيٍّ؛ لَعَاشَ اللهُ، وَلَكِنَّ لا نَبِيٍّ بَعْدَهُ''.

তিনি বলেন ঃ 'ছোট অবস্থায় সে মারা গেছে, যদি এমন ফয়সালা থাকত যে, নাবী (紫)-এর পরে নাবী হবে তাহলে সে জীবিত থাকত। কিন্তু তাঁর পরে কোন নাবী নেই।'

এটি ইমাম বুখারী তার সহীহার মধ্যে (১০/৪৭৬), ইবনু মাজাহ্ (১/৪৫৯) ও আহমাদ (৪/৩৫৩) বর্ণনা করেছেন।

অনুরপ ভাবে আনাস (﴿ عَلَى إِبْرَاهِيْمَ ، ইতেও বর্ণিত হয়েছে ﴿ رُحْمَةُ اللهِ عَلَى إِبْرَاهِيْمَ ، ''' আল্লাহর রহমত ইব্রাহীমের উপর সে যদি জীবিত থাকত তাহলে সত্যবাদী নাবী হত।'

এটি ইমাম আহমাদ (৩/১৩৩...) বর্ণনা করেছেন। এটির সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

ইবনু মান্দাও বর্ণনা করেছেন, কিন্তু তিনি তাতে কিছু বেশী বলেছেন ঃ ﴿ وَكِنَ لَمْ بِكُنْ لَيْنَقِى؛ لِأَنْ نَبِيْكُمْ أَخِرُ الأَنْبِيَاءِ ''.

'তিনি বলেন'ঃ কিন্তু এমনটি হওয়ার ছিল না যে সে অবশিষ্ট থাকবে, কারণ তোমাদের নাবী, নাবীকুলের শেষ নাবী।'

এ বর্ণনাওলো সবই মওকৃফ, কিন্তু মারফ্র হকুমে। কারণ এটি হচ্ছে গোপনীয় বিষয়, এতে নিজ মতামতের কোন সুযোগ নেই।

এ আসারগুলো যে সঠিক ভাবে বুঝবে তার নিকট কাঁদিয়ানীদের পথভ্রষ্টতা স্পষ্ট হয়ে যাবে।

٢٢١. (الْحَجُّ قَبْلَ الثَّزَوَّج).

২২১। হচ্জ হচ্ছে বিবাহের পূর্বের কর্ম।

### হাদীসটি জাল।

সুয়ূতী এটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামী কর্তৃক "মুসনাদুল ফিরদাউস গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন।

মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ

এটির সনদের গিয়াস ইবনু ইব্রাহীম সম্পর্কে যাহাবী বলেন ঃ সকলে তাকে মাতরুক আখ্যা দিয়েছেন (সে গ্রহণযোগ্য নয়)। মায়সারা ইবনু আব্দে রাব্বিহি সম্পর্কে যাহাবী বলেন ঃ তিনি প্রসিদ্ধ মিথ্যুক।

আমি (আলবানী) বলছি ঃ প্রথম ব্যক্তিও (গিয়াস) পরিচিত মিথ্যুক। ইবনু মা'ঈন তার সম্পর্কে বলেন ঃ তিনি মিথ্যুক, খবীস।

আবৃ দাউদ বলেন ঃ তিনি মিথ্যুক।

ইবনু আদী বলেন ঃ দুর্বল হওয়ার ব্যাপারে তার বিষয়টি স্পষ্ট। তার সব হাদীস মাওয়ু'র সাথে সাদৃশ্যপূর্ণ।

আশ্চর্যের ব্যাপার কীভাবে সৃয়্তী তার "জামে" গ্রন্থে সেই সব মিথ্যুকদের হাদীস উল্লেখ করেছেন?

٢٢٢. (مَنْ تْزَوَّجَ قَبْلُ أَنْ يَحُجًّ؛ فَقَدْ بَدَأَ بِالْمَحْسِيَةِ).

২২২। যে ব্যক্তি হজ্জ করার পূর্বে বিবাহ করল, সে গুনাহ করা জরু করল। হাদীসটি জাল।

এটি ইবনু আদী (২/২০) আহমাদ ইবনু জামহুর আল-কারকাসানী হতে বর্ণনা করেছেন।

ইবনু আদীর সূত্রে ইবনুল জাওয়ী হাদীসটি তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/২১৩) উল্লেখ করে বলেছেন ঃ

আহমাদের শাইখ মুহাম্মাদ ইবনু আইউব জাল হাদীস বর্ণনাকারী। তার পিতা আইউব সম্পর্কে ইয়াহুইয়া বলেন ঃ তিনি কিছুই না।

ইবনুল জাওয়ীর এ বক্তব্যকে সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১২০) সমর্থন করেছেন। তিনি আরো বলেছেনঃ আহমাদ ইবনু জামহুর মিথ্যার দোষে দোষী।

আমি (আলবানী) বলছি ঃ রাজা ইবনু রওহ; যেভাবে ইবনু আদীর গ্রন্থে, "আল-মাওযু'আত" গ্রন্থে এবং "আল-লাআলী" গ্রন্থে এসেছে, তিনি হচ্ছেন ইবনু নূহ- তার জীবনী পাচ্ছি না।

٢٢٣. (الْحَجَرُ الْأُسُودُ لَيَمِينُ اللهِ فِي الأَرْضَ الْمُودُ يُصَافِحُ بِهَا عِبَادَهُ).

২২৩। যমীনে হাজরে আসওয়াদ হচ্ছে আল্লাহর ডান হাত; যার ধারা তিনি তাঁর বান্দাদের সাথে মুসাফাহা করেন।

### হাদীসটি মূনকার।

এটি আবৃ বাক্র ইবনু খাল্লাদ "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/২২৪/২), ইবনু আদী (২/১৭), ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২/৩/১), খাতীব বাগদাদী (৬/৩২৮) এবং তার থেকে ইবনুল জাওযী তার "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (২/৮৪/৯৪৪) ইসহাক ইবনু বিশ্র আল-কাহেলী সূত্রে ...উল্লেখ করেছেন।

খাতীব বাগদাদী এ কাহেলীর জীবনীতে উল্লেখ করেছেন, তিনি মালেক ও অন্যান্য মর্যাদাশীলদের সূত্রে মুনকার হাদীস বর্ণনাকারী।

অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন। এরপর আবৃ বাক্র ইবনু আবী শায়বা হতে তার একটি মিখ্যা বর্ণনা উল্লেখ করেছেন।

তাকে মূসা ইবনু হারূণ এবং আবৃ যুর'য়াহ মিপ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু আদী এ হাদীসটির পরে বলেছেন ঃ তিনি সেই দলের অন্তর্ভুক্ত যারা হাদীস জাল করতেন।

দারাকুতনীও অনুরূপ বলেছেন যেমনভাবে "আল-মীযান" গ্রন্থে এসেছে। তবে ইবনুল জাওয়ী একটু বেশী করে বলেছেন ঃ সহীহ নয় ... এবং আবৃ মা'শার দুর্বল।

হাদীসটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করার কারণে মানাবী সুয়ৃতীর সমালোচনা করেছেন ।

ইবনুল 'আরাবী বলেন ঃ এ হাদীসটি বাতিল, এ দিকে দৃষ্টি দেয়া যায় না। আমি কাহেলীর মুতাবা'য়াত পেয়েছি। কিন্তু সেগুলোও সহীহ্ নয়। সেগুলোও বাতিল নতুবা নিতান্তই দুর্বল।

٢٢٤. (حَمَلَةُ الْقُرْآنِ أُولِيَاءُ اللهِ، قَمَنْ عَادَاهُمْ، فَقَدْ عَادَى اللهَ، وَمَنْ وَالْأَهُمْ؛ فَقَدْ وَالْي اللهَ).

২২৪। কুরআনের বাহকগণ আল্লাহর আউলিয়া (বন্ধু)। অতএব যে ব্যক্তি তাদের সাথে শব্রুতা করবে, সে প্রকৃত পক্ষে আল্লাহর সাথে শব্রুতা করল। আর যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব স্থাপন করল, সে প্রকৃত পক্ষে আল্লাহর সাথে বন্ধুত্ব স্থাপন করল।

### হাদীসটি জাল।

এটিকে দাইলামী তার "মুসনাদ" থছে (২/৯০) আবৃ নুর্যাইম সূত্রে মুর্যাল্লাক হিসাবে উল্লেখ করেছেন। [মুর্যাল্লাকের ব্যাখ্য দেখুন (৫৫) পৃষ্ঠায়]।

সুয়্তী "জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামী এবং ইবনুন নাজ্জার-এর বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ এটির সনদে দাউদ ইবনু মুহাব্বার নামক এক বর্ণনাকারী আছেন। যাহাবী "আয-যু'য়াফা" গ্রন্থে বলেন ঃ তার সম্পর্কে ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভারযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন।

সুয়ৃতী নিজে হাদীসটিকে "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৩২ নং: ১৫৫) উল্লেখ করে বলেছেন, হাফিয "লিসানুল মীযান" গ্রন্থে বলেন ঃ এ খবরটি মুনকার। হাদীসটি আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে হাসান ইবনু ইদরীস-এর জীবনীতে উল্লেখ করেছেন। কিন্তু এটির সমস্যা হচ্ছে দাউদ ইবনু মুহাব্বার হতে।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/১৩৫) তার অনুকরণ করেছেন। সনদের অপর বর্ণনাকারী হাসান ইবনু ইদরীস সম্পর্কে আবুশ শাইখ তার "আত-তাবাকাত" গ্রন্থে (৩৮৯/৫৩১) ভাল-মন্দ কিছুই বলেননি। আবৃ নু'য়াইমও তাই করেছেন।

এছাড়া ইব্রাহীম ইবনু সাহালকে আমি চিনি না।

দাইলামী আলী (ﷺ)-এর হাদীস হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। যার সন্দে মুহাম্মাদ ইবনু হাসান রয়েছেন। তার সম্পর্কে খাতীব বাগদাদী (২/২৪৮) বলেনঃ

মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-কান্তান বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না। সৃফীদের জন্য হাদীস জাল করতেন।

٧٢٥. (لَعَنَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ زَاثِرَاتِ الْقُبُورِ، وَالْمُتَّخِذِينَ عَلَيْهَا الْمَسَاجِدَ وَالسُرُجَ).

২২৫। রস্পুল্লাহ (ﷺ) কবর যিয়ারত কারিণীদের এবং তার উপর মসজিদ নির্মাণ ও বাতি প্রজ্বুলিত কারীদের উপর অভিশাপ দিয়েছেন।

হাদীসটি শেষাংশের শব্দগুলো ঘারা দুর্বল।

হাদীসটিকে ইবনু মাজাহ্ ছাড়া চার সুনান রচনাকারী, ইবনু আবী শায়বাহ "আল-মুসান্নাফ" গ্রন্থে (৪/১৪০), বাগাবী "হাদীসু আলী ইবনু যা'য়াদ" গ্রন্থে (৭/৭০/১), তাবারানী (৩/১৭৪/২), আবৃ আব্দিল্লাহ আল-কান্তান তার "হাদীস" গ্রন্থে (১/৫৪), হাকিম (১/৩৭৪), বাইহাক্বী (৪/৭৮, তায়ালিসী (১/১৭১) এবং ইমাম আহমাদ (২০৩০) মুহাম্মাদ ইবনু জাহাদা সূত্রে আবৃ সালেহ্ বাযান হতে...বর্ণনা করেছেন।

আবৃ সালেহ বাযান সম্পর্কে হাকিম ও যাহাবী বলেন ঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যাবে না। তিরমিয়ী বলেছেন ঃ এটি হাসান পর্যায়ের হাদীস। আমি (আলবানী) বলছি ঃ জামহুরে ওলামার নিকট আবৃ সালেহ বাযান দুর্বল। আজালী ছাড়া অন্য কেউ তাকে নির্ভরযোগ্য বলেননি, যেমনভাবে হাফিয় ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। বরং তাকে ইসমা'ঈল ইবনু আবী খালেদ ও আযদী মিখ্যুক আখ্যা দিয়েছেন। কেউ কেউ তাকে তাদলীসের সাথে সম্পৃক্ত করেছেন।

হাফিষ "আত-তাকরীব" গ্রন্থে বলেন ঃ তিনি দুর্বল, মুদাল্লিস।

আব্দুল হক ইশবীলী "আহকামূল কুবরা" গ্রন্থে (১/৮০) বলেন ঃ তিনি তাদের নিকট নিতান্তই দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ যার অবস্থা এই তার হাদীসকে হাসান বানানো যায় না; যেমনভাবে তিরমিয়ী করেছেন! তাহলে কীভাবে সহীহ বানানো যায়? যেরপভাবে আহমাদ শাকের করেছেন।

জি হাাঁ: ''فَلَعَنَ زَائِرَاتِ الْقُبُورُ'' এ অংশটুকু বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে তবে এ শব্দে ''زَوَّارَاتِ الْقُبُورُ'' দেখুন "আহকামুল জানায়েয" (১৮৫-১৮৭) এবং এ শব্দে يَقْبُورُ الْمَسَاحِد''. فَلَعَنَ الْمُتَّخِنِيْنَ عَلَى الْقَبُورُ الْمَسَاحِد''. ইয়েছে, যা সহীহাইন সহ অন্যান্য হাদীস গ্রন্থে বর্ণিত হয়েছে।

কিন্তু ''اعن المتخذين عليها السرج' এ অংশটুকুর কোন হাদীসে শাহেদ পাচিছ না, হাদীসটির এ অংশটুকু দুর্বল।

٢٢٢. (تَخَتَّمُوا بِالْعَقِيْقِ؛ قَالَتُهُ مُبَارِكٌ).

২২৬। তোমরা আকীক পাধরের আংটি ব্যবহার কর, কারণ সেটি বরকতপূর্ণ। হাদীসটি **জান**।

এটি মাহামেলী "আল-আমালী" গ্রন্থে (২/৪১ নং), খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (১১/২৫১), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৪৬৬) ইয়াক্ব ইবনু ওয়ালীদ আল-মাদানী সূত্রে বর্ণনা করেছেন এবং ইবনু আদী (১/৩৫৬) ইয়াক্ব ইবনু ইব্রাহীম আয-যুহরী সূত্রে হিশাম ইবনু উরউয়া হতে...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী উকায়লীর সূত্রে "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/৪২৩) উল্লেখ করে বলেছেন ঃ ইয়াকৃব মিথ্যুক, জালকারী। উকায়লী বলেন ঃ এ বিষয়ে নাবী (緣) হতে কিছুই সাব্যস্ত হয়নি।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী ইয়াক্ব-এর জীবনী বর্ণনা করতে গিয়ে বলেছেন ঃ

ইমাম আহমাদ বলেছেন ঃ তিনি ছিলেন বড় বড় মিথ্যুকদের একজন। তিনি হাদীস জাল করতেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন। ইবনু আদী বলেন ঃ এ ইয়াক্ব ইবনু ইব্রাহীম পরিচিত নন। তার থেকে ইয়াকৃব ইবনুল ওয়ালীদ চুরি করতেন।

সুয়ৃতী "আল-লাআলী" এন্থে (২/২৭২) তার অভ্যাসগতভাবে ইবনুল জাওযীর সমালোচনা করে বলেছেন ঃ এটির অন্য সূত্রও রয়েছে, যেটি আল-খাতীব এবং ইবনু আসাকির বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি অন্ধকারাচ্ছন । কারণ এ সূত্রে বর্ণনাকারী খাল্লাদ ইবনু ইয়াহ্ইয়ার নীচে যে তিনজন বর্ণনাকারী আছেন, তাদের কাউকেই চেনা যায় না। তারা হচ্ছেন ও'য়ায়েব ইবনু মুহাম্মাদ, আবৃ আন্দিল্লাহ মুহাম্মাদ ইবনু ওয়াসীফ আল-কামী এবং মুহাম্মাদ ইবনু সাহাল।

হাদীসটি বিভিন্ন ভাষায় বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে, কিন্তু সবগুলোই বাতিল। যেমনভাবে সাখাবী "আল-মাকাসিদ" এছে বলেছেন। অধিকাংশ সূত্র মিথ্যার দোষে দোষী ব্যক্তি হতে মুক্ত নয়। তাছাড়া ভাষাগতভাবে চরম পর্যায়ের ইযতিরাব লক্ষ্য করা যাচ্ছে।

٢٢٧. (تَخَتَّمُوا بِالْعَقِيقِ؛ قَالِتُهُ يَنْفِي الْفَقْرَ).

২২৭। তোমরা আকীক পাধরের আর্থটি ব্যবহার কর; কারণ সেটি দরিদ্রকে দুরীভূত করে।

হাদীসটি জাল।

এটিকে ইবনুল জাওয়ী "আল-মাওযু'আত" গ্রন্থে (৩/৫৮) ইবনু আদীর বর্ণনায় উল্লেখ করেছেন এবং তার থেকে দাইলামী (২/৩১) হুসাইন ইবনু ইব্রাহীম আল-বাবী হতে...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেন, ইবনু আদী বলেছেন ঃ এটি বাতিল, হুসইন মাজহুল।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ হাদীসটি জাল। তার এ মতকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন। অনুরূপভাবে সুয়্তীও "আল-লাআলী" গ্রন্থে (২/২৭৩) ইবনুল জাওয়ীর জাল বলাকে সমর্থন করেছেন। সুয়ৃতী হাদীসটি জাল হিসাবে স্বীকার করার পরেও "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করেছেন।

٢٢٨. (تَخَتَّمُوا بِالْعَقِيْقِ؛ قَاتَّهُ الْجَحُ لِلأَمْرِ، وَالْيُمْنَى أَحَقُّ بِالزِّينَةِ).

২২৮। তোমরা আকীক পাথরের আংটি ব্যবহার কর। কারণ সেটি কর্ম সম্পাদনে সর্বাপেক্ষা সফল আর ডান হাত সৌন্দর্যের জন্য সর্বাধিক উপযুক্ত।

হাদীসটি জাল।

এটি ইবনু আসাকির (৪/২৯১/১-২) উল্লেখ করেছেন।

হাফিয ইবনু হাজার "লিসানু মীযান" গ্রন্থে (২/২৬৯) বলেন ঃ
এটি বানোয়াট তাতে কোন সন্দেহ নেই। কিন্তু জানি না কে জাল্ করেছে।
তার এ বক্তব্যকে সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৭৩) সমর্থন করেছেন।
(دُخَتُمُوٰ ا بِالْحُواتِيْمِ الْعَقِيْقِ؛ قَاتِلُهُ لَا يُصِيْبُ أَحَدُكُمْ عُمُّ مَادَامَ عَلَيْهُ). ٢٢٩

২২৯। তোমরা আকীক পাথরের তৈরিকৃত আংটি ব্যবহার কর। কারণ সেটি তোমাদের কোন ব্যক্তির নিকট থাকাকালীন তাকে চিম্ভা গ্রাস করবে না।

### হাদীসটি জাল।

এটিকে দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/৩২) 'আলী ইবনু মাহরুবিয়া আল-কাষবীনী সূত্রে বর্ণনা করেছেন।

এটির সনদে দাউদ ইবনু সুলায়মান আল-গায়ী আল-জুরজানী নামক এক বর্ণনাকারী আছেন। তকে ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

যাহাবী বলেন ঃ তিনি মিথ্যুক শাইখ। 'আলী ইবনু মৃসা আর-রিয়া হতে বর্ণনাকৃত তার একটি জাল কপি আছে।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি উল্লেখিত কপি হতেই নেয়া। এরপই স্পষ্ট হবে সেই ব্যক্তির নিকট যে "মাকাসিদুল হাসানা" এবং "আল-কাশফ" গ্রন্থদ্বয় দেখবে।

# ٢٣٠. (مَنْ تَحْتَثُمَ بِالْعَقِيقِ؛ لَمْ يَزَلُ يَرَى خَيْرًا).

২৩০। যে ব্যক্তি আকীক পাধরের আংটি ব্যবহার করবে, সে সর্বদা কল্যাণই দেখতে পাবে।

#### হাদীসটি জাল।

এটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (১/৫৭) ইবনু হিব্বান-এর সূত্র হতে বর্ণনা করেছেন। ইবনু হিব্বান এটিকে "আয-যু'য়াফা" গ্রন্থে (৩/১৫৩) যুহায়ের ইবনু আব্বাদ হতে ...উল্লেখ করেছেন।

ইবনু হিব্দান এবং ইবনুল জাওয়ী সনদের এক বর্ণনাকারী আবৃ বাক্র সম্পর্কে বলেন ঃ

তিনি মালেক হতে এমন হাদীস বর্ণনা করেছেন, যা তার হাদীসের অন্তর্ভুক্ত ছিল না। সুয়ৃতী তার এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/২৭১) সমর্থন করেছেন।

যাহাবী আবৃ বাক্রের জীবনী বর্ণনা করতে গিয়ে তার এ হাদীসটি উল্লেখ করে বলেন ঃ এটি মিখ্যা।

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে যাহাবীর বক্তব্যকে সমর্থন করেছেন।

তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ মালেক হতে আবৃ বাক্র ছাড়া অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি। যুহায়েরও এককভাবে এটি বর্ণনা করেছেন।

হায়সামী আবৃ বাক্রকে সহীহ্ গ্রন্থসমূহের বর্ণনাকারী বলেছেন। কিন্তু তা ঠিক নয়, তার একথাটি ভুল। কারণ তিনি এরপ বর্ণনাকারী নন, এমনকি "সুনান" এবং "মাসানীদ" গ্রন্থলোর বর্ণনাকারীও নন। তিনি মিথ্যার দোষে দোষী ব্যক্তি, যেমনটি ইবনু হিব্বান ও ইবনুল জাওয়ী বলেছেন।

মোটকথা আকীক পাথরের আংটি সম্পর্কে বর্ণিত সকল হাদীসই বাতিল, যেমনভাবে হাফিয সাখবী বলেছেন।

٢٣١. (كُلُوا الْبَلَحَ بِالنَّمْرِ؛ فَإِنَّ الشَّيْطَانَ إِدَّا رَآهُ؛ غَضِبَ، وَقَالَ: عَاشَ ابْنُ آدَمَ حَتَّى أَكُلَ الْجَدِيْدُ بِالْخَلَق).

২৩১। তোমরা শুকনা খেজুরের সাথে কাঁচা খেজুর খাও। কারণ শয়তান যখন তাকে দেখে তখন ক্রোধাষিত হয় এবং বলে ঃ আদম সম্ভান জীবন ধারণ করে এমনকি নতুনকে পুরাতনের সাথে মিলিয়ে আহার করে।

### হাদীসটি জাল।

এটি ইবনু মাজাহ (১/৩১৭), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৪৬৭), ইবনু আদী (২/৩৬৪), ইবনু হিবান "আয-যু'য়াফা" গ্রন্থে (৩/১২০) বর্ণনা করেছেন। এছাড়া আবৃ নু'য়াইম, হাকিম, বাইহাঝুী, আবুল হাসান, হুমামী, খাতীব বাগদাদী এবং হেবাতুল্লাহ আত-তাবারী বর্ণনা করেছেন।

এটির সনদে আবৃ যাকীর ইয়াহ্ইয়া ইবনু মুহাম্মাদ নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু আদী, হাকিম, বাইহাক্বী, হুমামী ও খাতীব বলেন ঃ আবৃ যাকীর এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

হাকিম শিথিলতা প্রদর্শনকারী হওয়া সত্ত্বেও তিনি "আল-মুসতাদরাক" গ্রন্থে হাদীসটিকে সহীহ বলেননি।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ এটি মুনকার হাদীস।

নাসাঈ বলেন ঃ হাদীসটি মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/২৬) উল্লেখ করে বলেছেন ঃ

দারাকুতনী বলেন ঃ আবৃ যাকীর হিশাম হতে এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। উকায়লী বলেন ঃ তার অনুকরণ করা যায় না এবং এ হাদীসটিতে ছাড়া তাকে চেনা যায় না। ইবনু হিবোন বলেন ঃ তিনি সনদগুলো উলট পালট করে ফেলতেন এবং অনিচ্ছাকৃতভাবে মুরসালকে মারফ্' করে ফেলতেন। তাকে দলীল হিসাবে গ্রহণ করা যায় না। তিনি এ হাদীসটি বর্ণনা করেছেন অথচ তার কোন ভিত্তি নেই। সুমূতীও "আল-লাআলী" গ্রন্থে (২/২৪৩) হাদীসটি যে জাল তা স্বীকার করেছেন। ইমাম মুসলিম আবৃ যাকীর হতে বর্ণনা করেছেন। কিন্তু তিনি তার থেকে মুতাবা'য়াতের ক্ষেত্রে বর্ণনা করেছেন, যেমনভাবে "আত-তাহযীব" গ্রন্থে এসেছে।

"আত-তাকরীব" গ্রন্থে তার সম্পর্কে বলা হয়েছে ঃ তিনি সত্যবাদী, কিন্তু বহু ভুল করতেন।

সুয়ৃতী এটিকে জাল হিসাবে স্বীকার করার পরেও "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

٢٣٢. (كُلُوا النَّمْرَ عَلَى الرِّيْقِ؛ قَائِنَهُ يَقْتُلُ الدُّوذَ).

২৩২। তোমরা <del>ও</del>কনা খেজুর পুপুর সাথে মিশিয়ে খাও, কারণ তা জীবানুকে হত্যা করে।

# शमीत्रिष्ठ खान।

হাদীসটি আবৃ বাক্র শাফে'ঈ "আল-ফাওয়াইদ" গ্রন্থে (৯/১০৬/১) এবং ইবনু 'আদী (২/২৫৮) ইসমাহ ইবনু মুহাম্মাদ হতে...বর্ণনা করেছেন।

ইবনু আদী, ইসমাহ ইবনু মুহাম্মাদ সম্পর্কে বলেছেন ঃ তার কোন হাদীসই নিরাপদ নয়, তিনি মুনকারুল হাদীস।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ু'আত" গ্রন্থে (৩/২৫) ইবনু আদীর সূত্রে ইসমাহ হতে উল্লেখ করে বলেছেন ঃ সহীহ নয়, ইসমাহ মিথ্যুক।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৪৩) তার বক্তব্যকে সমর্থন করেছেন। ইবনু আররাকও "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (২/৩২০) তাকে সমর্থন করেছেন।

তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

٢٣٣. (أَكْثُرُ خَرَزُ الْجَنَّةِ الْعَقِيْقُ).

২৩৩। জান্নাতে অধিকাংশ মালা হবে আকীক পাথরের। হাদীসটি জ্বাল।

এটি আবৃ নু'রাইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/২৮১) সালাম ইবনু মায়মূন আল-খাওয়াস-এর জীবনী আলোচনা করতে গিয়ে আবৃ মুহাম্মাদ সালাম আয-যাহেদ (সালাম ইবনু সালেম) সূত্রে ...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটিকে তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/৫৮) উল্লেখ করে বলেছেনঃ সালাম ইবনু সালেম মিথ্যুক।

সুষ্ঠী "আল-লাআলী" গ্রন্থে (২/২৭৩) তার সমালোচনা করে বলেছেন ঃ

ইবনু আদী ছাড়া সকলেই তার দুর্বল হওয়ার ব্যাপারে একমত। অতঃপর বলেছেন ঃ সালাম ইবনু মায়মূন আল-খাওয়াস বড় ধরনের সৃফী এবং আবেদ। কিন্তু তার হাদীসে মুনকার রয়েছে। ইবনু হিব্বান বলেন ঃ তার উপর ধার্মিকতা অগ্রাধিকার পেয়ে যায়, ফলে তিনি হাদীস এবং তার অনুসরণ হতে অমনোযোগী হয়ে যান।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বান-এর পুরো কথা (১/৩৪৫) হচ্ছে এই যে, 'তিনি কখনও কখনও একটি বস্তুকে অন্যটির পরে উল্লেখ করেছেন এবং সন্দেহ করে তা উলট-পালট করে ফেলেছেন। ফলে তার দ্বারা দলীল গ্রহণ করা বাতিল হয়ে গেছে।'

ইবনু আবী হাতিম তার পিতার (২/১/১৬৭) উদ্ধৃতিতে বলেছেন ঃ

আমি তার থেকে লিখি না। তিনি আবৃ খালিদ আল-আহমার হতে মাওয়ু'র সাথে সাদৃশ্যপূর্ণ মুনকার হাদীস বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী যে কথা বলেছেন, সেটিই সঠিক। সালাম ইবনু সালেম মিখ্যার দোষে দোষী।

আল-খাতীব আহমাদ ইবনু সায়্য়ার হতে বর্ণনা করেছেন। তিনি বলেন ঃ সালাম ইবনু সালেম মাওযু' হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ বহু হাদীস বর্ণনা করেছেন, যেগুলোর কোন লাগাম নেই।

ইবনু আবী হাতিম তার জীবনীতে (১/১/৩৬৭) বলেছেন ঃ

আমি আবৃ যুর'য়াহকে বলতে ওনেছি ঃ তার হাদীস লেখা যাবে না। তিনি মুরজিয়া ছিলেন এবং ইঙ্গিতে বুঝিয়েছেন তিনি সত্যবাদী ছিলেন না।

ইবনু হিব্বান (১/৩৪৪) বলেন ঃ তিনি মুনকারুল হাদীস। তিনি হাদীসগুলোকে উলট পালট করে ফেলতেন। ইবনুল মুবারাক তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন।

ইবনু আদী শুধুমাত্র দুর্বল বলেছেন, এ কথা উল্লেখ করে এ হাদীসটির ক্ষেত্রে সুয়ূতী তার সিদ্ধান্তে ভুল করেছেন।

মোটকথা ঃ হাদীসটি জাল, চাই এটি সালাম ইবনু সালেম-এর বর্ণনায় হোক বা সালাম ইবনু মায়মূন-এর বর্ণনায় হোক।

٢٣٤. (اطْعِمُوا نِسنَاءَكُمْ فِي نِقَاسِهِنُّ التَّمْرَ؛ قَاتَّهُ مَنْ كَانَ طَعَامُهَا فِي نِقَاسِهِنَّ التَّمْرُ؛ قَاتَهُ مَنْ كَانَ طَعَامُ مَرْيَمَ حِيْنَ وَلَدَتُّ عِيْسَى، وَلَوْ عَلِمَ اللَّمْرِ؛ اطْعَامُ مَرْيَمَ حِيْنَ وَلَدَتُّ عِيْسَى، وَلَوْ عَلِمَ اللَّهُ طَعَامُ اللَّهُ طَعَامُ اللَّهُ طَعَامًا هُوَ خَيْرٌ لَهَا مِنَ الشَّمَرِ؛ اطْعَمَهَا إِيَّاهُ).

২৩৪। তোমাদের রমণীদের নেফাসের রক্ত প্রবাহিত হওয়া কালীন খেজুর খাওয়াবে, কারণ যে নারীর খাদ্য তার নেফাসের সময়ে শুকনা খেজুর হবে তার সম্ভ ান বুদ্ধিমান হয়ে বের হবে। কারণ সেটি মারইয়াম-এর খাদ্য ছিল। যখন তিনি ঈসাকে প্রসব করেন, তখন তার জন্য আল্লাহ্ যদি শুকনা খেজুরের চাইতেও উন্তম খাবার সম্পর্কে জানতেন, তাহলে তাই তাকে খাওয়াতেন।

হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী (৮/৩৬৬) দাউদ ইবনু সুলায়মান জুরজানী সূত্রে (তার জীবনী বর্ণনা করার সময়) সুলায়মান ইবনু আম্র হতে...উল্লেখ করেছেন। অতঃপর দাউদ সম্পর্কে বলেছেন ঃ তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যক।

আমি (আলবানী) বলছি ঃ তার আরেকটি হাদীস পূর্বে ২২৯ নম্বরে আলোচনা করা হয়েছে। তার শাইখ সুলায়মান ইবনু আম্র, তিনি হচ্ছেন নার্খ'ঈ। তিনিও মিথ্যুক।

ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/২৭) বলেন ঃ সুলায়মান আন-নাখ'ঈ এবং দাউদ তারা দু'জনই মিখ্যুক।

সুয়্তী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/২৪৪) বলেছেন ঃ ইবনু মান্দার বর্ণনা হতে দাউদ-এর মুতাবা'য়াত পাওয়া যায়।

আমি (আলবানী) বলছি ঃ সেটির সনদে রয়েছেন সুলায়মান ইবনু আম্র আন-নার্যান্ট । সুয়ৃতী নিজেই এ সুলায়মান মিথ্যুক তা স্বীকার করেছেন। অতএব তিনি যেন স্বীকার করেছেন হাদীসটি জাল।

ইবনুল কাইয়্যিম আল-জাওযিয়াহ্ "আল-মানার" গ্রন্থে (২৫) দৃঢ়তার সাথে বলেছেন ঃ হাদীসটি জাল।

٢.٣٥. (ثركُ الدُنْيَا أَمَرُ مِنَ الصَّبْرِ، وَأَشْدُ مِنْ حَطْمِ السُيُوفِ فِي سَبِيلِ الشِّهِ، وَلا يَعْلَى الشُّهَدَاءَ، ويَرْكُهَا: فَلَهُ الأَكُل وَالشَّبَع، ويَبْعضُ الثّناء مِنَ النَّاس، قَائمُهُ مَنْ أَحَبً الثَّنَاءَ مِنَ النَّاس؛ أَحَبً الثُنْيَا وَيَعْضُ الثَّام؛ أَحَبً الثَّنْيَا وَيَعْضُ الثَّام؛ أَخَبُ الثَّنْيَا وَيَعْضُهُا، وَمَنْ سَرَّهُ النَّعْيِمُ؛ فَلِيَدَع الثَّنَاءَ مِنَ النَّاس).

২৩৫। ধৈর্য ধারণ করার চেয়েও দুনিয়াকে পরিত্যাগ করা অতি তিব্ত এবং আল্লাহর পথে তরবারী ভাংগার চাইতেও কঠিন। এ দুনিয়াকে যে ব্যক্তিই পরিত্যাগ করে তাকে দেয়া হয় সেরূপ প্রতিষ্ণল যেরূপ দেয়া হয় শহীদদেরকে। তাকে পরিত্যাগ করার অর্থ হচ্ছে খাদ্য কম গ্রহণ করা, তৃপ্ত কম হওয়া এবং মানুষের প্রশংসাকে ঘৃনা করা। কারণ যে ব্যক্তি মানুষের প্রশংসাকে ভালবাসে সে দুনিয়া ও তার সম্পদকে ভাল বাসলো। আর যাকে সম্পদ আনন্দিত করে সে যেন মানুষের প্রশংসাকে পরিত্যাগ করে।

#### হাদীসটি জাল।

এটি দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/৪৪) বর্ণনা করেছেন।

হাদীসটি সুয়ৃতী "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ১৯১) দাইলামীর বর্ণনায় উল্লেখ করে বলেছেন ঃ

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ আব্দুল্লাহ ইবনু আব্দির রহমান আল-জাযারী নামক বর্ণনাকারী সাওরী এবং আওযা'ঈ হতে মুনকার এবং আজব ধরনের হাদীস বর্ণনা করেছেন। তাকে ইবনু হিব্বান জাল করার দোষে দোষী করেছেন। "লিসানুল মীযান" গ্রন্থে এসেছে; ইবনু হিব্বান বলেন ঃ তিনি সাওরী হতে অবোধগম্য বিষয় নিয়ে এসেছেন। ফলে যে ব্যক্তি তার হাদীস লিখেছেন এ কাজ যে তারই তিনি তাতে কোন সন্দেহ করেননি (২/৩৫)।

তার এ কথাকে ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/৩৫৮) সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটির প্রথম অংশ "জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামীর বর্ণনায় উল্লেখ করেছেন! তিনি এক্ষেত্রে দু'টি কারণে ক্রটি করেছেন ঃ

১। জাল করার দোষে দোষী ব্যক্তির বর্ণনা হওয়া সত্ত্বেও সেটিকে উল্লেখ করা। ২। সংক্ষেপে তথু প্রথম অংশ উল্লেখ করা, যা সন্দেহ জাগায় য়ে, দাইলামী হয়তো এরপই (সংক্ষেপে) বর্ণনা করেছেন।

٢٣٦. (مَا تُزَيَّنَ الْأَبْرَارُ فِي الدُّنْيَا بِمِثْلِ الرُّهْدِ فِي الدُّنْيَا).

২৩৬। সং কর্মশীল লোক দুনিয়াতে সুসচ্জিত হতে পারে না দুনিয়াকে পরিত্যাগ কারীর ন্যায়।

#### হাদীসটি জাল।

এটি আবৃ ই'য়ালা তার "মুসনাদ" গ্রন্থে (৩/১৯১/১৬১৭) বর্ণনা করেছেন। হায়সামী এটিকে "আল-মাজমা" গ্রন্থে (১০/২৮৬) উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ

এটির সনদে সুলায়মান শাযকুনী নামক এক বর্ণনাকরী আছেন; তিনি মাতরক।

আমি (আলবানী) বলছি ঃ বরং তিনি মিথ্যুক। তার সম্পর্কে পূর্বে আরো কয়েকটি হাদীসে আলোচনা করা হয়েছে (২৩৪)।

এছাড়া 'আলী ইবনুল হাযুর; তিনিও মাতর্রক এবং ইসমা'ঈল ইবনু আবান (তিনি নির্ভরযোগ্য ওররাক নন বরং তিনি হচ্ছেন গানাবী) সম্পর্কে হাফিয বলেন ঃ তিনি মাতর্রক, তাকে জাল করার দোষে দোষী করা হয়েছে।

٢٣٧. (مَا أَسَرُ عَبْدٌ سَرِيْرَةُ؛ إِلاَّ الْبَسَنَهُ اللهُ رِدَاءَهَا؛ إِنْ خَيْرًا فَخَيْرٌ، وَإِنْ شَرَا فَشْيَرًا.
 شَرَا فَشْيَرًا.

২৩৭। বান্দা কোন রহস্যকে গোপন করলে, আল্লাহ্ তাকে সেই রহস্যের চাদর পরিয়ে দেন। যদি তা (রহস্যটি) কল্যাণকর হয় তাহলে কল্যাণকর আর যদি তা অনিষ্টকর হয় তাহলে অনিষ্টকর।

श्मीमि निजास्य मूर्वन।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (১/১৮০/১) এবং "মু'জামুল আওসাত" (৪৮৪–৪৮৫) গ্রন্থে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতান্তই দুর্বল, এর কারণ দু'টি ঃ
১। মুহাম্মাদ ইবনু ওবায়দুল্লাহ আর্যামী নামক বর্ণনাকারী; তিনি মাতর্রক;
যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে বলা হয়েছে।

২। হামেদ ইবনু আদাম আল-মারওয়াযী; তাকে জুযজানী ও ইবনু আদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। আহমাদ ইবনু আলী সালমানী যারা হাদীস জাল করার ক্ষেত্রে প্রসিদ্ধ তাকে সেই সব ব্যক্তিদের কাতারে উল্লেখ করেছেন।

এ জন্য হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (১০/২২৫) বলেছেন ঃ হামেদ ইবর্নু আদাম মিথ্যুক।

(কিন্তু দুর্বল সনদে এটির মুতাবা'য়াত পাওয়া যাওয়ার কারণে সরাসরি জাল হিসাবে চিহ্নিত করা হয়নি)।

٢٣٨. (إِذَا وُضِعَتِ الْمَاتِدَةُ؛ فَلاَ يَقُومُ رَجُلٌ حَتَّى تُرْفَعَ الْمَاتِدَةُ، وَلاَ يَرْفَعُ يَدَهُ – وَإِنْ شَبَعَ – حَتَّى يَقْرُعُ الْقَوْمُ، وَلِيُعْلِرَ؛ قَانَ الرَّجُلَ يَخْجَلُ جَلِيْسُهُ، فَيَقْبِضُ يَدَهُ، وَعَسَى أَنْ يَكُونَ لَهُ فِي الطَّعَامِ حَاجَةً).

২৩৮। দন্তরখান যখন বিছিয়ে দেয়া হবে তখন কোন ব্যক্তি দন্তরখান না উঠানো পর্যন্ত দাঁড়াবে না এবং তার হাত উঠাবে না, যদিও ভৃপ্ত হয়ে যায় যতক্ষণ পর্যন্ত লোকেরা খাওয়া সম্পূর্ণ না করবে এবং ওবৃহাত পেশ না করবে। কারণ ব্যক্তি তার সাধীর নিকট লজ্জাবোধ করে, ফলে সে তার হাতকে গুটিয়ে নেয় অথচ খাদ্যে হয়তো তার আরো প্রয়োজনীয়তা ছিল।

श्मीमि निजाखर पूर्वण।

এটি ইবনু মাজাহ্ (২/৩০৯) আবুল 'আলা সূত্রে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর হতে ...বর্ণনা করেছেন।

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (৪/১৪) বলেছেন ঃ হাদীসটির সনদে আবুল 'আলা ইবনু আউন রয়েছেন তিনি দুর্বল।

আমি (আলবনী) বলছি ঃ বরং তিনি নিতান্তই দুর্বল। আবৃ নুয়াইম বলেন ঃ তিনি ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ সেগুলো হতেই এটি একটি।

দারাকুতনী বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

ইবনু হিব্বান বলেন ঃ তার দারা দলীল এহণ করা যায় না। হাদীসটির প্রথম বাক্যটি অন্য সূত্রে বর্ণনা করা হয়েছে, কিন্তু সেটিও নিতান্তই দুর্বল। ٢٣٩. (نهَى أَنْ يُقَامَ عَنِ الطَّعَامِ حَتَّى يُرفَعَ).

২৩৯। যতক্ষণ না খাদ্য সামনে থেকে উঠিয়ে নেয়া হবে ততক্ষণ তিনি খাদ্য হতে উঠিয়ে দিতে নিষেধ করেছেন ।

## হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু মাজাহ (২/৩০৯) ওয়ালীদ ইবনু মুসলিম সূত্রে মুনীর ইবনুয যুবায়ের হতে...বর্ণনা করেছেন।

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (৪/১৩) বলেছেন ঃ এটির সনদে ওয়ালীদ ইবনু মুসলিম রয়েছেন, তিনি মুদাল্লিস। মাকহুল আদ-দেমান্ধিও অনুরূপ। এছাড়া মুনীর ইবনু যুবায়ের সম্পর্কে দাহীম বলেন ঃ তিনি দুর্বল। ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের থেকে মু'যাল হাদীস নিয়ে এসেছেন। পরীক্ষা করার উদ্দেশ্য ছাড়া তার থেকে বর্ণনা করাই হালাল নয়। মু্যালের ব্যাখ্যা দেখুন (৫৬) পৃষ্ঠায়।

হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে হাদীসটি উল্লেখ করার পর বলেছেন ঃ এটি মুনকাতি' হাদীস। মাকহুল এবং আয়েশা (ﷺ)-এর মাঝে সাক্ষাৎ ঘটেনি।

٢٤٠. (ثهي عَن دُبَالِح الْجِنُ).

২৪০। তিনি জিনের যাবৃহ করা জম্ভ গ্রহণ করতে নিষিদ্ধ করেছেন। হাদীসটি জাল।

এটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/৩০২) ইবনু হিব্বান কর্তৃক তার "মাজরুহীন" গ্রন্থের (২/১৯) বর্ণনা থেকে আব্দুল্লাহ ইবনু উযায়না …হতে উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ

ইবনু হিন্দান বলেন ঃ আব্দুল্লাহ নিতান্তই মুনকারুল হাদীস। সাওর হতে তিনি এমন হাদীস বর্ণনা করেছেন যা তার (সাওর-এর) হাদীস নয়।

সুযুতী "আল-লাআলী" গ্রন্থে তার সমালোচনা করে (২/২২৬) বলেছেন ঃ হাদীসটি আবৃ ওবায়েদ তার "আল-গারীব" গ্রন্থে এবং বাইহাক্বী উমার ইবনু হারুণ হতে তার সূত্রে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সমালোচনাতে কোন উপকারিতা নেই। কারণ উমার ইবনু হারূণ দুর্বল সকলে তার ব্যাপারে একমত। বরং তার সম্পর্কে ইয়াহ্ইয়া ইবনু মা'ঈন এবং সালেহ জাযারা বলেছেন ঃ তিনি মিখ্যুক।

. ٢٤١. (إنَّ مِنَ السَّرَفِ أَنْ تَأْكُلُ كُلُّ مَا الشُّهُ هَيْتَ).

২৪১। তুমি যে সর্ব কিছুর আকাংশা কর সে সর্ব কিছুকে শান্তরায় হচ্চেহ অপচয়ের অন্তর্ভুক্ত।

रामीमि छाम।

এটি ইবনু মাজাহ্ (২/৩২২), ইবনু আবিদ-দুনিয়া "কিতাবুল জু" গ্রন্থে (১/৮), আবৃ নু'য়াইম ''আল-হিলইয়াহ" গ্রন্থে (১০/২১৩) এবং বাইহাক্বী "গু'য়াবুল ঈমান" গ্রন্থে (২/১৬৯/১) বিভিন্ন সূত্রে বাকিয়া ইবনু ওয়ালীদ হতে, তিনি ইউসুফ ইবনু আবী কাসীরের মাধ্যমে নৃহ ইবনু যাকুওয়ান হতে...বর্ণনা করেছেন।

আবৃল হাসান সিন্দী ইবনু মাজার "হাশিয়াতে" বলেছেন ঃ এ সনদটি দুর্বল। কারণ নৃহ ইবনু যাকুওয়ান দুর্বল হওয়ার বিষয়ে সকলেই একমত। দুমায়রী বলেন ঃ এ হাদীসটি এমন একটি হাদীস যা তার উপর ইনকার [অস্বীকার] করা হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" এছে (৩/৩০) দারাকুতনীর বর্ণনায় ইয়াহ্ইয়া ইবনু উসমান হতে উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ নয়, ইয়াহ্ইয়া মুনকারুল হাদীস, নৃহও তার ন্যায়।

সুযূতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৪৬) তার সমালোচনা করে বলেছেন ইয়াহ্ইয়া তার যিম্মাদারী হতে মুক্ত।

এ কারণে হাদীসটির জালের অপবাদ নৃহ্-এর উপরেই ন্যান্ত হয়, যা সুয়ৃতীর ভাষাতেই বুঝা যায়। তা সত্ত্বেও তিনি ইবনু মাজার বর্ণনায় "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

মানাবীও ইবনুল জাওযীর সমালোচনা করে বলেছেন ঃ এটির শাহেদ রয়েছে।

কিন্তু এটি তার ধারণা। কারণ এটির একটি শাহেদও আমি পাইনি। যদি শাহেদ থাকত তাহলে সুয়ূতী তা "আল-লাআলী" গ্রন্থে উল্লেখ করতেন।

হাদীসটির সনদের মধ্যে অন্য সমস্যাও আছে যা ইবনুল জাওয়ী এবং সুয়ৃতীর নিকট লুক্কায়িত রয়ে গেছে। হাফিয় ইবনু হাজার "আত-তাহ্যীব" গ্রন্থে বলেছেন ঃ ইউসুফ ইবনু আবী কাসীর বাকিয়ার সেই সব শাইখদের একজন যাদের পরিচয় জানা যায় না।

যাহাবীর "আল-মীযান" গ্রন্থেও অনুরূপ বলা হয়েছে।

তৃতীয় আরো একটি সমস্যা রয়েছে, সেটি হচ্ছে হাদীসটি হাসান বাসরী হতে আনু আনু সূত্রে বর্ণিত হয়েছে, তিনি তাদলীস করতেন।

٢٤٢. (احْيُواْ فُلُويْكُمْ يَقِلَةِ الضَّحْكِ، وَقِلَةِ الثَّبِعِ، وَطَهْرُوْهَا بِالْجُوْعِ؛ تَصْغُرُ وَتَرقُ).

২৪২। তোমরা তোমাদের বদয়গুলোকে কম হাসি এবং কম তৃপ্তি ঘারা জীবস্ত-জাগ্রত কর এবং ক্ষুধা ঘারা সেগুলোকে পবিত্র কর, আহলে তা ছোট এবং পাতলা হবে। হাদীসটির কোন ভিত্তি নেই। যেমনভাবে হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৭৩) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/১৬৩) অবহিত করেছেন।

٢٤٣. (أَقَضَلُ النَّاسِ مَنْ قُلَّ طَعْمُهُ وَصَنَحِكُهُ، ويَرَضَى بِمَا يَسَثُّرُ بِهِ عَوْرِيَّهُ).

২৪৩। সর্বশ্রেষ্ঠ মানুষ সেই ব্যক্তি যার খাবার ও হাসি কম এবং সম্ভষ্ট থাকে সেই বস্তুতে যা তার সজ্জাস্থানকে আবৃত করে।

এটির কোন ভিন্তি নেই।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৬৯) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে বলেন ঃ এটির কোন ভিন্তি পাচ্ছি না।

٢٤٤. (اقضلكُمْ عِنْدَ اللهِ منزلة يَوْمَ القِيَامَةِ اطْولْكُمْ جُوْعا وتَقْكِيْرا فِي اللهِ سنبداته، وَالْفضكُمْ عِنْدَ اللهِ عَزْ وَجَلَّ يَوْمَ القَيَامَةِ كُلُّ ثُوْمِ الْكُولِ شَرُوبِ).

২৪৪। কিয়ামত দিবসে মর্যাদার দিক থেকে আল্লাহর নিকট তোমাদের সর্বশ্রেষ্ট ব্যক্তি সেই যে তোমাদের মধ্যে দীর্ঘ ক্ষুধায় জড়িত এবং আল্লাহর ব্যাপারে দীর্ঘ চিন্তামগ্ন। আর কিয়ামত দিবসে আল্লাহর নিকট ঘৃণিত তারাই যারা অধিক ঘুমার, অধিক ভক্ষণ করে এবং অধিক পান করে।

হাদীসটির কোন ভিত্তি নেই।

এটিকে গাযালী "আল-ইত্ইয়া" গ্রন্থে (৩/৯৬) হাসান বাসরীর হাদীস হতে মুরসাল হিসাবে উল্লেখ করেছেন।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৯৬) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/১৬২) বলেছেন ঃ এটির কোন ভিত্তি পাচ্ছি না

٧٤٥. (السِنُوا وَاشْرَبُوا فِي أَنْصَافِ البُطُونِ، قَاتَهُ جُزْءٌ مِنَ النُّبُوَّةِ).

২৪৫। তোমরা পরিধান কর এবং অর্ধপেটে পান কর, কারণ তা হচ্ছে নরুওয়াতের এক অংশ।

হাদীসটির কোন ভিত্তি নেই।

হাফিয ইরাকী "তার্ষরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৬৯) এবং তাজুস সুবকী "তাবাকাতুল ক্বরা" গ্রন্থে (৪/১৬২) হাদীসটি উল্লেখ করে আমাদেরকে অবহিত করেছেন, হাদীসটি কোন ভিত্তি নেই।

٢٤٦. (إِنَّ الْأَكُلُ عَلَى الشِّبَعِ يُورِثُ الْبَرَصَ).

২৪৬। তৃত্তি সহকারে ভক্ষণ স্বেত রোগের অধিকারী করে। হাদীসটির কোন ভিত্তি নেই। এ হাদীসটি সেই সব বাতিল হাদীসগুলোর একটি যেগুলো দ্বারা গাযালী তারু গ্রন্থ সমূহকে পরিপূর্ণ করে রেখেছেন। বিশেষ করে "আল-ইহুইয়া" গ্রন্থকে।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৭০) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/১৬৩) বলেন ঃ এটির কোন ভিত্তি পাচ্ছি না।

٧٤٧. (جَاهِدُوْا الْقُسَكُمْ بِالْجُوْعِ وَالْعَطْشِ؛ قَانَ الْأَجْرَ فِي ذَلِكَ كَأَجْرِ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللهِ، وَإِنَّهُ لَيْسَ مِنْ عَمَلِ أَحَبَّ إِلَى اللهِ مِنْ جُوْعِ وَعَطْشٍ).

২৪৭। তোমরা তোমাদের আত্মার সাথে ক্ষুধা এবং তৃষ্ণা দ্বারা সংগ্রাম কর। কারণ তাতে সাওয়াব অর্জিত হয়, আল্লাহর পথে জেহাদকারীর সাওয়াবের ন্যায়। এ ছাড়া ক্ষুধা ও তৃষ্ণার চেয়ে আল্লার নিকট অধিক পছন্দনীয় কর্ম নেই।

হাদীসটি বাতিশ, এটির কোন ভিত্তি নেই।

গাযালী এটিকে "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৩/৬৯) মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

হাফিয ইরাকী "তাখরীজুল ইত্ইয়া" গ্রন্থে এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/৬২) বলেন ঃ এটির কোন ভিত্তি পাচিছ না।

٢٤٨. (سَنَيْدُ الْأَعْمَالِ الجُوعُ، وَدُلُّ النَّقْسِ لِبَاسُ الصُّولَفِ).

২৪৮। কর্মসমূহের সর্দার হচ্ছে কুধা এবং আত্মার অপমান হচ্ছে পশমী পোষাক।

হাদীসটির কোন ভিন্তি নেই।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৯) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/১৬২) বলেন ঃ এটির কোন ভিত্তি পাচ্ছি না।

٢٤٩. (الفِكْرُ نِصفُ الْعِبَادَةِ، وَقِلْهُ الطَّعَامِ هِيَ الْعِبَادَةُ).

২৪৯। চিন্তা হচ্ছে ইবাদাতের অর্ধেক আর অল্প খাদ্য গ্রহণই হচ্ছে ইবাদাত। হাদীসটি বাতিল।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে (৩/৬৯) বলেন ঃ এটির কোন ভিত্তি নেই। ۲০٠. (كَانَ إِذَا تَعْدَّى؛ لَمْ يِتَعَشَّ، وَإِذَا تُعَشَّى؛ لَمْ يِتَعْدً).

২৫০। তিনি যখন দুপুরের খাবার খেতেন, তখন রাতের খাবার খেতেন না। আর যখন রাতের খাবার খেতেন তখন দুপুরের খাবার খেতেন না।

# श्मीमि पूर्वम ।

এটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (১/৭৩), আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৩২৩), ইবনু আসাকির "আখবারুন লি হিফমিল কুরআন" গ্রন্থের শেষাংশে (কাফ ২/৮) এবং অনুরূপভাবে "আত-তারীখ" গ্রন্থে (১১/৬৫/১) সুলায়মান ইবনু আন্দির রহমান হতে...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। বর্ণনাকারী ওয়াযীন ইবনু আতার হেক্ষযে ক্রুটি রয়েছে। এ কারণে হাদীসটি দুর্বল। তাছাড়া হাদীসটি মুরসাল, কারণ আবু সাম্প্রদ-এর সাথে আতার সাক্ষাৎ ঘটেনি।

সতর্কবাণী ঃ এ হাদীসটির উৎপত্তি স্থল হাফিয় ইরাকী এবং তাজুস-সুবকী উভয়ের নিকট লুক্কায়িতই রয়ে গেছে। এ জন্যে তারা বলেছেন যে, এটি সেই সব হাদীসের অন্তর্ভুক্ত যেগুলো গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে উল্লেখ করেছেন অথচ সেগুলোর কোন ভিত্তি নেই।

যুবায়দী "ইতহাফুস সাদা" গ্রন্থে (৭/৪০৯) শুধু আবৃ নু'য়াইম-এর বর্ণনা দারা তার সমালোচনা করেছেন।

কিন্তু বাস্তবতা হলো তার বিপরীত। এটিকে বাইহাক্বী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে (২/১৫৮/২) আবৃ যুহায়ফা হতে মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন, যার সনদে ওয়ালীদ ইবনু আমুর নামক বর্ণনাকারী আছেন, তিনি দুর্বল।

٢٥١ . (مَنْ أَجَاعَ بَطْنَهُ؛ عَظْمَتْ فِكْرَثُهُ، وَقَطِنَ قَلْبُهُ).

২৫১। যে ব্যক্তি তার পেটকে ক্ষুধার্ত বানায় তার চিম্ভা-ভাবনা বড় হয় (বৃদ্ধি পায়) এবং তার হৃদয় জ্ঞান সম্পন্ন হয়।

হাদীসটির কোন ভিন্তি নেই।

যেমনভাবে হাফিষ ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৭৩) এবং তাজুস সুবকী "তাবাকাতুল কুবরা" গ্রন্থে (৪/১৬৩) অবহিত করেছেন।

٢٥٢. (البطنة أصلُ الدَّاءِ، وَالْحِمْيَةُ أَصلُ الدَّوَاءِ، وَعَوَّدُوا كُلَّ حِسْمِ مَا اعْتَادَ).

২৫২। অতিভোজন রোগের মূল আর রক্ষাকারী খাদ্য ঔষধের মূল। অতএব তোমরা প্রত্যেক শরীরকে যাতে সে অভ্যন্ত হরেছে তাতে অভ্যন্ত কর।

হাদীসটির কোন ভিন্তি নেই।

গাযালী মারফ্' হিসাবে "স্পাল-ইহ্ইয়া" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর হাফিয ইরাকী তার "আত-তাখরীজ" গ্রন্থে বলেছেন ঃ এটির কোন ভিত্তি পাচ্ছি না।

তার বক্তব্যকে হাফিয সাখাবী "মাকাসিদুল হাসানা" গ্রন্থে (১০৩৫) সমর্থন করেছেন। ইবনুল কাইয়িয়ম "যাদুল মা'য়াদ" গ্রন্থে (৩/৯৭) বলেন ঃ... এ হাদীসাঁটি আরবদের ডাক্তার হারিস ইবনু কিলদার কথা। নাবী (ﷺ) পর্যন্ত মারফ্' হিসাবে বলা সঠিক নয়। হাদীস শাস্ত্রের একাধিক ইমাম এ কথাই বলেছেন।

কিন্তু সাখাবী উল্লেখ করেছেন যে, খাল্লাদ আয়েশা (ঃ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন এ বাক্যেঃ

"الأزُّمُ دَوَاءً، والمُعِدَةُ دَاءً، وعَوْدُوا بَدَنا مَا اعْتَادَ"

অর্থ: ''সাবধানতা হচ্ছে ঔষধ এবং পাকস্থলী (পেট) হচ্ছে অসুখ। অতএব তোমরা শরীরকে যাতে অভ্যান্ত হয়েছে তাতেই অভ্যন্ত কর।''

এটির বাহ্যিকতা দেখে মনে হয় যেন মারফ্'। সুয়ৃতী "আদ-দুরার" প্রন্থে তা স্পষ্ট করেই বলেছেন, যেমনভাবে "কাশফুল খাফা" প্রন্থেও (২/৭৪/১৭৮৮) এসেছে। তিনি (সুয়ৃতী) "জামে'উল কাবীর" গ্রন্থেও (১/৩২০/২) উল্লেখ করেছেন। কিন্তু তারা হাদীসটির কোন সনদ বর্ণনা করেননি যাতে দৃষ্টি দেয়া যায়। আমার অধিকাংশ ধারণা এটি সহীহ্ নয়।

অতঃপর ইবনুল কাইয়্যিমকে দেখেছি তিনি "যাদুল মা'য়াদ" গ্রন্থে (৩/১০২) এটিকে হারিস ইবনু কিলদার কথা হিসাবেই উল্লেখ করেছেন। এটিই উপযোগী।

٢٥٣. (صُومُوا تصبحُوا).

# ২৫৩। তোমরা সন্তম পালন কর সুস্থ থাকবে। হাদীসটি দুর্বল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/২২৫/১/৮৪৭৭) এবং আবৃ নু'রাইম "আত-তিব্ব" গ্রন্থে (কাফ ২৪/১,২) মুহাম্মাদ ইবনু সুলায়মান সূত্রে যুহায়ের ইবনু মুহাম্মাদ হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ যুহায়ের ইবনু মুহাম্মাদ ছাড়া অন্য কেউ এ বাক্যে হাদীসটি বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি যুহায়ের হতে শামীদের বর্ণনায় দুর্বল। আর এ বর্ণনাটি সে সব বর্ণনারই অন্তর্ভক্ত।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (৩/৭৫) বলেন ঃ এটি আবৃ হুরাইরাহ (ﷺ)-এর হাদীস হতে দুর্বল সনদে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে এবং হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৩/১৭৯) উল্লেখ করে বলেছেন ঃ এটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। এরূপ বলা প্রমাণ করে না যে, দুর্বল হতে পারে না।

সাগানী একটু অগ্রণী হয়ে বলেছেন ঃ এ হাদীসটি বানোয়াট।

এছাড়া ইবনু আদী যে বাক্যে হাদীসটি (৭/২৫২১) বর্ণনা করেছেন, সেটিতে নাহশাল নামক এক বর্ণনাকারী আছেন, তিনি হচ্ছেন মাতরূক এবং তার শাইখ যহহাক ইবনু আব্বাস (ﷺ) হতে ওনেননি।

٢٥٤. (سَافِرُوا تصبحُوا، وَاعْزُوا تَسْتَعْثُوا).

২৫৪। তোমরা সফর কর সুস্থ থাকবে এবং যুদ্ধ কর স্বাবলম্বী হবে। হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (২/৩৮০) ইবনু লাহী'য়াহ সূত্রে দাররাজ হতে...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু দাহী যার কারণে এটির সনদ দুর্বল। কেননা তিনি মুখস্থ বিদ্যার ক্ষেত্রে দুর্বল এবং দাররাজ হচ্ছেন বহু মুনকারের অধিকারী।

ইমাম যাহাবী "সিয়ারু আ'লামীন নুবালা" গ্রন্থে বলেন, কুতাইবা বলেছেন ঃ আমাকে ইমাম আহমাদ বললেন ঃ ইবনু লাহী'য়াহ্ হতে তোমার হাদীসগুলো সহীহ্। কারণ আমরা ইবনু ওয়াহাবের কিতাব হতে লিখেছি, অতঃপর ইবনু লাহী'য়াহ্ হতে গুনেছি।

অতএব দাররাজ হচ্ছে হাদীসটির মূল সমস্যা।

ইবনু আবী হাতিম (২/২০৬) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ হাদীসটি মুনকার।

এটির শাহেদ আছে তবে সেটি নিতান্তই দুর্বল। সেটি হচ্ছে নিম্নেরটি ৪ ٢٥٥. (سَافِرُوا تُصِحُوا وتَعْتَمُوا).

২৫৫। তোমরা সফর কর সৃষ্থ থাকবে এবং গনীমত লাভ করবে। হাদীসটি মুনকার।

হাদীসটি ইবনু আদী (২/২৯৯), তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১১২/১), ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (৩/৬৬/১), খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (১০/৩৮৭), কার্যা'ঈ (২/৫২), অনুরূপ ভাবে তাম্মামুর রাযী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (নং ৭৬৭) মুহাম্মাদ ইবনু আন্দির রহমান ইবনু রাদাদ হতে ...বর্ণনা করেছেন। ইবনু আবী হাতিম (৩/২/১৫৫) বলেন ঃ

ইবনু রাদাদ ছাড়া অন্য কেউ এটি বর্ণনা করেছেন বলে আমি জানি না। তিনি যা কিছু বর্ণনা করেছেন তার অধিকাংশই নিরাপদ নয়।

ইবনু আবী হাতিম (৩/২/১১৫) বলেন ঃ তিনি শক্তিশালী নন, তিনি জাহেবুল হাদীস।

আবৃ যুর'য়াহ বলেন ঃ তিনি দুর্বল।

"আল-মীযান" গ্রন্থে এসেছে তার মুনকারগুলোর একটি হচ্ছে এ হাদীসটি। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৩০৬) বলেন, আমার পিতা বলেছেন । এ হাদীসটি মুনকার।

এ ইবনু রাদাদই হচ্ছে হাদীসটির সমস্যা।

ইবনু আদী এবং আবৃ নু'য়াইম অন্য একটি সূত্রে সিওয়ার ইবনু মুস'য়াব হতে, তিনি আতিয়া হতে...হাদীসটি বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ সিওয়ার যা কিছু বর্ণনা করেছেন তার অধিকাংশই নিরাপদ নয়।

ুআমি (আলবানী) বলছি ঃ আতিয়া হচ্ছেন আওফী, তিনি দুর্বল।

আব্দুর রায্যাক "আল-মুসান্নাফ" গ্রন্থে (১১/৪৩৪) তাউস-এর সূত্রে উমার (ఉ) হতে হাদীসটি বর্ণনা করেছেন, তবে মওকৃফ হিসাবে। কিন্তু এটির সনদ মুনকাতি'। অর্থাৎ তাউস এবং উমার (ఉ)-এর মধ্যে বিচ্ছিন্নতা রয়েছে।

٢٥٦. (يُنْزَلُ اللهُ كُلُّ يَوْم عِشْرِيْنَ وَمِئَةَ رَحْمَةٍ، سِيُّوْنَ مِثْهَا لِلطَّاتِقِيْنَ،
 وَأَرْبَعُوْنَ لِلْعَاكِفِيْنَ حَوْلَ الْبَيْتِ، وَعِشْرُوْنَ مِثْهَا لِلثَّاظِرِيْنَ إِلَى الْبَيْتِ).

২৫৬। আল্লাহ তা'আলা প্রতিদিন একশত বিশটি রহমত নাযিল করেন। ষাটটি তাওয়াফকারীদের জন্য, চল্লিশটি ঘরের (বায়তুল্লাহ-এর) চারিদিকে ই'তিকাফ কারীদের জন্য এবং বিশটি ঘরের দিকে দৃষ্টিদান কারীদের জন্য।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামূল কাবীর" গ্রন্থে (৩/১১৫/১) খালিদ ইবনু ইয়াযীদ আল-উমারী সূত্রে আব্দুল্লাহ ইবনু ওবায়দিল্লাহ আল-লায়সী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ জাল; খালিদ ইবনু ইয়াযীদকে আবৃ হাতিম ও ইয়াহুইয়া ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। লায়সীও মাতরূক; যেমনভাবে "লিসানুল মীযান" (৫/২১৬) সহ অন্যান্য গ্রন্থে এসেছে।

হাদীসটির আরো দু'টি সূত্র রয়েছে। কিন্তু সে সূত্র দু'টিও জাল।

٢٥٧. (إيَّاكَ وَالسَّرَهَ، قَانَ أَكُلْتَيْنِ فِي يَوْم مِنَ السَّرَفِ).

২৫৭। তুমি তোমাকে অপচয় করা হতে বাঁচাও, কারণ দিনে দু'বার খাবার গ্রহণ করা অপচয়ের অন্তর্ভুক্ত।

### হাদীসটি জাল।

এটি গাযালী "আল-ইহ্ইয়া" গ্রন্থে (৩/৭৮) উল্লেখ করেছেন। হাফিয ইরাকী তার "আত-তাখরীজ" গ্রন্থে বলেন ঃ হাদীসটি বাইহাক্নী "আশ-শু'য়াব" গ্রন্থে আয়েশা (ﷺ)-এর হাদীস হতে বর্ণনা করে বলেছেন ঃ এটির সনদ দুর্বল।

মুনযেরী বলেন ঃ হাদীসটি বাইহাক্বী বর্ণনা করেছেন। তাতে বর্ণনাকারী ইবনু লাহী'য়াহ রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি তার হেফযের দিক থেকে দুর্বল।

অতঃপর আমি বাইহাক্বীর নিকট "আশ-ভ'য়াব" গ্রন্থে (২/১৫৮/১) হাদীসটির সনদ সম্পর্কে অবহিত হই এবং আমার নিকট স্পষ্ট হয়ে যায় যে, এটিতে অন্য কারণও রয়েছে যা এটির দুর্বলতাকে বৃদ্ধি করেছে।

কারণ এটির সনদে আবৃ আন্দির রহমান আস-সুলামী রয়েছেন। তার নাম মুহাম্মাদ ইবনুল হাসান আস-সৃফী। তার সম্পর্কে মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-কান্তান বলেন ঃ তিনি সৃফীদের জন্য হাদীস জাল করতেন।

অতঃপর বাইহাক্ট্র (২/১৬১/২) খালিদ ইবনু নাজীহ আল-মিসরী সূত্রেও বর্ণনা করেছেন।

এ খালিদ সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন।

(إِنَّ مِنَ السُنَّةِ أَنْ يَخْرُجَ الرَّجِلُ مَعَ ضَيَقِهِ إِلَى بَابِ الدَّارَ). ٢٥٨

২৫৮। নিশ্চয় ব্যক্তি কর্তৃক তার মেহমানের সাথে বাড়ীর দরজা পর্যন্ত বের হয়ে যাওয়া সুনাতের অন্তর্ভুক্ত।

#### रामीमि खान।

এটি ইবনু মাজাহ্ (২/৩২৩), ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/২৪৬) এবং তার থেকে কাযা'ঈ (১/৯৫) 'আলী ইবনু উরওয়া সূত্রে আব্দুল মালেক হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি বানোয়াট। তার কারণ হচ্ছে এ 'আলী ইবনু উরওয়া। তার সম্পর্কে যাহাবী বলেন, ইবনু হিব্বান বলেছেন ঃ

তিনি হাদীস জাল করতেন। তাকে সালেহ জাযারা ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন। অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

এর আরেকটি সূত্র পেয়েছি, যেটি ইবনু আদী (২/১৬৯) সালাম ইবনু সালেম আল-বালখী সূত্রে ... উল্লেখ করেছেন। এ সালাম সম্পর্কে ২৩৩ নং হাদীসে আলোচনা করা হয়েছে। তার সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি সত্যবাদী নন।

জুরজানী বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

এছাড়া ইবনু যুরায়েজ মুদাল্লিস। তিনি আন্ আন্ শব্দে হাদীসটি বর্ণনা করেছেন। (لا تُتَمَارَضُوُّا؛ فَتُمْرَضُوْا؛ وَلاَتَحْفِرُوْا فَبُورَكُمُ؛ فَتَمُونُوْا). ٢٥٩

২৫৯। তোমরা রোগের ভান করোনা, কারণ এর ফলে তোমরা রোগী হয়ে বাবে এবং তোমরা তোমাদের কবর খুড়ো না, কারণ এর ফলে তোমরা মৃত্যুবরণ করবে। হাদীসটি মুনকার।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/ ৩২১) বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। আমার পিতা উত্তরে বলেন ঃ এ হাদীসটি মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ তার কারণ হচ্ছে মুহাম্মাদ ইবনু সুলায়মান নামক বর্ণনাকারী। ইমাম যাহাবী "আল–মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি মাজহুল এবং তিনি যে হাদীস বর্ণনা করেছেন সেটি মুনকার। অর্থাৎ এ হাদীসটি।

٢٦٠. (أطعِمُوا نُفسناءَكُمْ الرُطبَ. قالُوا: لَيْسَ فِي كُلِّ حِيْنِ يكُونُ الرُطبُ.
 قالَ: فَتَمْرٌ. قَالُوا: كُلُّ التَّمْرِ طَيِّبٌ، قَايُّ الثَّمْرِ خَيْرٌ؟ قَالَ: إِنَّ خَيْرَ تَمْرَاتِكُمْ البُربِيُّ؛ يُدْخِلُ الشَّقَاءَ، ويُخْرِجُ الدَّاءَ، لا دَاءَ فِيْهِ، أَشْنَبَعَهُ لِلْجَاتِع، وَأَدْقُونُهُ لِلْمَقْرُورِ).

২৬০। তোমরা তোমাদের নেফাসধারী নারীদেরকে কাঁচা খেজুর খেতে দাও। তারা বলল ঃ সব সময়তো কাঁচা খেজুর পাওয়া যায় না। তিনি (উত্তরে) বললেন ঃ তাহলে তকনা খেজুর। তারা বলল ঃ সব তকনা খেজুরই ভাল, তবে সর্বোত্তম তকনা খেজুর কোনটি? তিনি বললেন ঃ তোমাদের সর্বোত্তম তকনা খেজুর হচ্ছে বুরনী খেজুর, যা সুস্থতাকে প্রবেশ করায় এবং রোগকে বের করে দেয়। তাতে কোন রোগ নেই। তা ক্ষুধার্থের জন্য অধিক তৃত্তিদায়ক এবং আক্রান্তের জন্য অধিক উত্তাপ দানকারী।

### श्मीअपि मूर्वम ।

এটি ইবনু সাম'উন ওয়ায়েয "আল-আমালী" গ্রন্থে (২/১৯২/১) বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এটির সনদের বর্ণনাকারী কাসেম ইবনু ইসমা'ঈল- এর জীবনী কে বর্ণনা করেছেন পাচিছ না। তবে ইবনু হিব্বান-এর "আস-সিকাত" গ্রন্থে (৯/১৯) এসেছে, তিনি হাশেমী কৃষী, তিনি ওবায়দুল্লাহ ইবনু মূসা হতে...হাদীসটি বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম-এর "আত-তিব্ব" নামক গ্রন্থে (২৩-২৪) অন্য একটি সূত্রে শু'বা হতে তার মুতাবা'য়াতও পাওয়া গেছে।

সনদটির অন্য এক বর্ণনাকারী শাহার ইবনু হাওশাব দুর্বল। বেশী বেশী ভুল সংঘটিত হওয়ার কারণে তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। এ জন্য ইমাম মুসলিম অন্য বর্ণনাকারীর সাথে মিলিতভাবে তার হাদীস বর্ণনা করেছেন। হাফিয় ইবনু হাজার তার সম্পর্কে বলেন ঃ তিনি সত্যবাদী, কিন্তু বেশী মুরসালকারী এবং সন্দেহ প্রবণ।

অতএব এ হাওশাবের কারণেই হাদীসটি দুর্বল।

٢٦١. (أَحْسِثُوا إِلَى عَمَّتِكُمُ النَّخْلَةَ؛ فَإِنَّ اللهَ تَعَالَى خَلَقَ آدَمَ فَقَضْلَ مِنْ طَيِّنَتِهَا، فَخَلَقَ مِنْهَا النَّخْلَة).

২৬১। তোমরা তোমাদের চাচী খেজুর গাছের সাথে ভাল ব্যবহার কর। কারণ আল্লাহ তা'আলা আদমকে সৃষ্টি করার পর তাঁর মাটির কিছু অংশ অবশিষ্ট রয়ে যায়, অতঃপর তা থেকেই খেজুর গাছকে সৃষ্টি করেন।

### रामीमिं छान ।

এটি ইবনু আদী (২/৫৭), বাতেরকানী তার "জুযউ মিন হাদীস" গ্রন্থে (২/১৫৭) এবং ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/১৮৪) জা'ফার ইবনু আহমাদ ইবনে গাফেকী হতে ...বর্ণনা করেছেন। ইবনু আদী বলেন ঃ

এ হাদীসটি জাল। এটি যে জা'ফার জাল করেছেন তাতে কোন সন্দেহ নেই। ইবনুল জাওযী বলেন ঃ এটি সহীহ নয়, জা'ফার একজন জালকারী।

হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার এ বক্তব্যকে সমর্থন করেছেন।

কিন্তু সুয়্তী অভ্যাসগতভাবে "আল-লাআলী" গ্রন্থে (১/১৫৬) তার সমালোচনা করে বলেছেন ঃ আবৃ সা'ঈদ খুদরী (ﷺ)-এর হাদীসে এটির শাহেদ আছে। কিন্তু তাতেও চরম সমস্যা রয়েছে, সেটি হচ্ছে সম্মুখের হাদীসটি ঃ

٢٦٢. (خُلِقَتِ النَّخَلَةُ وَالرُّمَّانُ وَالْعِثْبُ مِنْ قَصْلُ طَيِثَةِ آدَمَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ).

২৬২। আদম (আ:)-কে সৃষ্টিকৃত মাটির অবশিষ্টাংশ হতে খেন্ধুর গাছ, আনার গাছ এবং আন্ধুর গাছ সৃষ্টি করা হয়েছে।

### হাদীসটি নিতাশ্বই দুৰ্বল।

এটি মাহামেলী "আল-আমালী" গ্রন্থে (২/৩৮) এবং তার থেকে ইবনু আসাকির (২/২০৯/২) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। বর্ণনাকারী আবৃ হারূণ আল-আবাদীর নাম হচ্ছে আম্মারা ইবনু যুওয়াইন। তিনি মাতরূক। কেউ কেউ তাকে মিথ্যুকও আখ্যা দিয়েছেন; যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। এরপ চরম পর্যায়ের দুর্বল হওয়া সত্ত্বেও সুযূতী "আল-লাআলী" গ্রন্থে পূর্বের হাদীসটির শাহেদ হিসাবে ইবনু আসাকীরের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন। গুধু তাই নয়, তিনি "জামে'উস সাগীর" গ্রন্থেও উল্লেখ করেছেন।

এ কারণে মানাবী তার সমালোচনা করেছেন।

٢٦٣. (اكْرِمُوا عَمِّتُكُمُ النَّحْلَةَ؛ قَاتَهَا خُلِقَتْ مِنْ قَصْلَةِ طِينَةِ البِيْكُمْ آلَمَ، وَلَيْسَ مِنَ الشَّجَرَةِ وَلَاتَ تَحْتُهَا مَرْيَمُ بِنْتُ عَمْرانَ، قَاطْمِمُوا نِسَاعَكُمُ الْوَالِدَ الرُّطْبَ، قَانِ لَمْ يَكُنْ رُطْباً قَتْمْرًا.

২৬৩। তোমরা তোমাদের চাটী খেজুর গাছকে সন্দান কর। কারণ তাকে তোমাদের পিতা আদমকে সৃষ্টিকৃত মাটির অবশিষ্টাংশ ঘারা সৃষ্টি করা হয়েছে। মারইরাম বিনতে ইমরান যে বৃক্ষের নীচে সন্তান প্রসব করেছেন, তার চেয়ে আল্লাহর নিকটে সন্দানিত বৃক্ষ আর নেই। অতএব তোমরা তোমাদের নারী মাতাকে কাঁচা খেজুর খাওয়াও। যদি কাঁচা খেজুর না থাকে তাহলে ভকনা খেজুর।

#### হাদীসটি জাল।

এটি উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৪৩০), আবুশ শাইখ "আল-আমসাল" গ্রন্থে (নং ২৬৩), ইবনু আদী (১/৩৩০), ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (৩/৪৪-৪৫), বাগেন্দী "হাদীস শায়বান" গ্রন্থে (১/১৯০) এবং তার খেকে ইবনু আসাকির (২/৩০৯/২, ১৯/২৬৭/১), আবু নু'য়াইম "আত-তিব্ব" গ্রন্থে (২/২৩/২) এবং "আল-হিলইয়াহ" গ্রন্থে (৬/১২৩) মাসরুর ইবনু সা'ঈদ আত-তামীমী সূত্রে ...বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম বলেন ঃ উরওয়া হতে আওযা'ঈর এ হাদীসটি গারীব। মাসরূর এককভাবে এটিকে বর্ণনা করেছেন।

উকায়লী বলেন ঃ তার হাদীসটি নিরাপদ নয়। তাকে ছাড়া অন্য কারো মাধ্যমে এটিকে জানা যায় না।

ইবনু আসাকির বলেন ঃ উরওয়া 'আলী (ఉ)-কে পায়নি, অর্থাৎ সনদটি মুনকাতি' [বিচ্ছিন্ন]। হাদীসটি গারীব এবং তামীমী মাজহুল।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিখ্যার দোষে দোষী। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

ইবনু হিব্বান তার সম্পর্কে অনুসন্ধান করে বলেছেন ঃ তিনি আওযা'ঈ হতে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন। সুয়ৃতী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/১৫৬) বলেছেন ঃ আবৃ সাপ্টিদ খুদরীর (ﷺ) হাদীসে তার প্রথমাংশের শাহেদ রয়েছে এবং শেষাংশেরও শাহেদ আছে।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ সাঈদ (ﷺ)-এর (২৬২) হাদীসটি নিতান্তই দুর্বল। সবার ঐক্যমতে সেটি শাহেদ হবার যোগ্য নয়। তার অবস্থা সম্পর্কে এটির পূর্বেই আলোচনা করেছি।

আরো একটি শাহেদ হচ্ছে আবৃ উমামা (﴿﴿﴿﴿﴿﴿﴾﴾)-এর হাদীস। সেটি হচ্ছে ২৬০ নং হাদীস। সেটি যে দুর্বল তা সেখানেই আলোচনা করা হয়েছে।

٢٦٤. (مَا لِلنَّفْسَاءِ عِنْدِيْ شَيْفَاءٌ مِثْلُ الرُّطْبِ، وَلَا لِلْمَرِيْضِ مِثْلُ الْصَلْ).

২৬৪। নেফাসধারী নারীদের জন্য আমার নিকট কাঁচা খেজুরের ন্যায় রোগ মুক্তকারী কিছু নেই এবং কোন রোগীর জন্য মধুর ন্যায় আরোগ্যদানকারী কিছু নেই।

### श्मीमि छान।

এটি ইবনু নু'য়াইম "আত-তিব্ব" গ্রন্থে আবৃ হুরাইয়াহ্ (ఉ) হতে বর্ণনা করেছেন। সুয়ৃতী এটিকে পূর্বের হাদীসটির শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। অথচ তার কোন সনদ উল্লেখ করেননি যাতে করে তাতে দৃষ্টি দেয়া যায়।

আবৃ নু'য়াইম তার "আত-তিব্ব" গ্রন্থে (২/২৪/১) 'আলী ইবনু উরওয়া হতে ...বর্ণনা করেছেন, যা আমার দৃষ্টি গোচর হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ আলী ইবনু উরওয়া মিথ্যুক। তিনি হাদীস জাল করতেন। তার সম্পর্কে ১১৯ নং হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

ইবনু আররাক "তানবীহুশ শারী'রাহ" গ্রন্থে (১/২০৯) ইমাম সুয়ৃতীর অনুসরণ করে হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। তবে তিনি বলেন ঃ হাদীসটি ওয়াকী' "আল-গারার" গ্রন্থে আয়েশা (ఉ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন। কিন্তু তার সূত্রে আসরাম ইবনু হাওশাব নামক এক বর্ণনাকারী আছেন, তিনি মিথ্যুক।

٢٦٥. (يَا أَبَا هُرَيْرَة! عَلَم النَّاسَ الْقُرْآنَ، وتَعَلَّمهُ، فَإِنَّكَ إِنْ مِتَ وَالْتَ كَثَلِكَ؛ زَارَتِ الْمَلائِكَةُ قَبْرَكَ كَمَا يُزَارُ الْبَيْتُ الْعَيْنِقُ، وَعَلَم النَّاسَ سُنَتِي، وَإِنْ كَمَا يُزَارُ الْبَيْتُ الْعَيْنِقُ، وَعَلَم النَّاسَ سُنَتِي، وَإِنْ كَرَهُواْ دَلِكَ، وَإِنْ احْبَيْتَ أَنْ لا تُوقَفَ عَلَى الصَّرَاطِ طَرَقَة عَيْنِ حَتَّى تَدْخُلَ لَرَهُ وَلَا تُحَدِّثُ عَيْنٍ حَتَّى تَدْخُلَ الْجَنَّة؛ فَلا تُحَدِّثُ فِي دِيْنَ اللهِ حَدَثًا بِرَأَيك).

২৬৫। হে আবৃ হুরাইরাহু। তুমি লোকদেরকে কুরআন শিক্ষা দাও এবং তুমি তা শিখ। কারণ তুমি যদি এমতাবস্থায় মৃত্যুবরণ কর, তাহলে ফেরেশতাগণ তোমার কবর যিয়ারত করবে যেরূপ বায়তুল্লাহকে যিয়ারত করা হয়। তুমি লোকদেরকে আমার সূন্নাত শিক্ষা দাও, যদিও তারা তা অপছন্দ করে। তুমি যদি পথে এক পলক পরিমাণ সময় অপেক্ষা না করে জান্নাতে প্রবেশ করাকে পছন্দ কর, তাহলে তোমার মতামত ঘারা আল্লাহর দ্বীনের মধ্যে নৃতন কিছু আবিষ্কার করো না।

#### হাদীসটি ছাল।

এটি খাতীব বাগদাদী (৪/৩৮০) এবং আবুল ফারাজ ইবনু মাসলামা "মাজলিসুল আমালী" গ্রন্থে (২/১২০) আব্দুল্লাহ ইবনু সালেহ আল-ইয়ামানী সূত্রে আবৃ হাম্মাম আল-কুরালী হতে...বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী তার "আল-মাওয়'আত" গ্রন্থেও (১/২৬৪) উল্লেখ করে বলেছেন ঃ

এটি সহীহ নয়। আবৃ হুম্মাম-এর নাম হচ্ছে মুহাম্মাদ ইবনু মুহাব্বাব। তার সম্পর্কে ইয়াহ্ইয়া বলেন ঃ তিনি মিথ্যুক। আবৃ হাতিম বলেন ঃ তিনি যাহেবুল হাদীস।

সুয়ৃতী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (১/২২২) বলেছেন ঃ এটির অন্য সূত্রও রয়েছে। আবৃ নু'য়াইম বলেন ঃ আমাকে আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ হাদীসটি শুনিয়েছেন...।

আমি (আলবানী) বলছি ঃ তিনি উল্লেখিত হাদীসটির ন্যায় বলেছেন, কিন্তু ভাষায় কিছুটা ভিন্নতা রয়েছে। তিনি বলেন ، ثَانِنَ النَّكَ الْمُونَّتُ وَالْتَ كَتَلِكَ عَجَدًا كَمَا يَحُجُ الْمُؤْمِلُونَ إِلَى بَيْتِ اللهِ الْحَرَامِ ''.' وَلَمْ الْمُؤْمِلُونَ إِلَى بَيْتِ اللهِ الْحَرَامِ ''. وَلَمْ 'نَامَ المُحَالِكَةُ إِلَى قَبْرِكَ؛ كَمَا يَحُجُ الْمُؤْمِلُونَ إِلَى بَيْتِ اللهِ الْحَرَامِ ''. وَلَمْ ''. وَلَمْ ''. وَلَمْ ''. وَلَمْ 'لَمُونَ مِلُونَ إِلَى بَيْتِ اللهِ الْحَرَامِ ''. وَلَمْ ''. وَلَمْ 'لَمُ اللهِ الْمُونَمِلُونَ إِلَى بَيْتِ اللهِ الْحَرَامِ ''. وَلَمْ ''. وَلَمْ 'لَا اللهُ ا

সুয়ৃতী হাদীসটির ব্যাপারে কোন হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন। আমার নিকট এ অংশটুকুতে প্রথমটির চেয়ে আরো শক্তিশালী ইনকার [অপছন্দনীয় বস্তু] রয়েছে। কারণ এতে কবরের দিকে হজ্জ করার কথা উল্লেখ করা হয়েছে। এ ব্যাখ্যা বিদ'আতী ব্যাখ্যা, শরীয়তে এর কোন অন্তিত্ব নেই। বায়তুল্লাহ ছাড়া অন্য কোন দিকে হজ্জের উদ্দেশ্যে যিয়ারত করা যায় এমন কথা কোথাও আসেনি। এরূপ কর্মকান্ড সেই সব বিদ'আতীদের মাঝেই বিদ্যমান আছে যারা কবরগুলোকে অতিরিক্ত সম্মান দেখায়...।

আমার হাদয় সাক্ষ্য দিচ্ছে যে, নাবী (ﷺ) হতে এটির একটি অক্ষরও বের হয়নি। আল্লাহ খারাপ পরিনতি করুন ঐ ব্যক্তির যিনি এ হাদীসটি জাল করেছেন। এ হাদীসটি মুহাম্মাদ ইবনু আন্দির রহীম ইবনু শাবীব জাল করেছেন। আমি তাকেই জালকারী হিসাবে দোষী সাব্যস্ত করছি। তিনি মাজহুল [অপরিচিত]।

এছাড়া অন্য এক সনদে মুহাম্মাদ ইবনু আন্দির রহীম ইবনু শাবীবের স্থলে মুহাম্মাদ ইবনু ইব্রাহীম ইবনে শাকীক বলা হয়েছে, কিন্তু যাচাই-বাছাই করার পর দেখা যাচ্ছে যে এখানে ইবনু শাবীবই সঠিক।

٢٦٦. (كَانَ إِدْا أَشْفَقَ مِنَ الْحَاجَةِ أَنْ يَنْسَاهَا؛ جَعَلَ فِي يَدِهِ خَيْطًا لِيَدَّكُرَهَا).

২৬৬। তিনি যখন কোন প্রয়োজনীয়তাকে ভূলে যাবার আশংকা করতেন, তখন তাঁর হাতে একটি সূতা রেখে দিতেন (বেঁধে দিতেন), যাতে করে তা স্মরণ করতে পারেন।

### হাদীসটি বাতিপ।

এটি ইবনু আদী (১/১৭২), ইবনু সা'দ (১/২৮৬), হারিস ইবনু আবৃ উসামা তার "মুসনাদ" গ্রন্থে এবং আবুল হাসান আল-আবনুসী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/২৬) সালেম ইবনু আদিল 'আলা হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ সালেম এ হাদীসটির ব্যাপারে প্রসিদ্ধ, ইবনু মা'ঈন ও অন্যরা তার উপরে এটিকে হাদীস হিসাবে ইনকার [অস্বীকার] করেছেন।

সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনু সা'দের বর্ণনা ইতে উল্লেখ করেছেন। মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ

এটি আবৃ ই'য়ালা বর্ণনা করেছেন। যারাকশী বলেন ঃ এটির সনদে সালেম ইবনু আন্দিল 'আলা রয়েছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ তিনি জালকারী। ইবনু আবী হাতিম বলেন ঃ হাদীসটি বাতিল। ইবনু শাহীন "আন-নাসিখ" গ্রন্থে বলেন ঃ তার সব হাদীসই মুনকার। মুসান্নেফ (সুয়ৃতী) "আদ-দুরার" গ্রন্থে বলেন ঃ আবৃ হাতিম বলেছেন ঃ হাদীসটি বাতিল। ইবনু শাহীন বলেছেন ঃ এটি মুনকার, সহীহ্ নয়।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু আবী হাতিম তার "আল-ইলাল" গ্রন্থে (২/২৫২) বলেন ঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম ... তিনি উত্তরে বলেন ঃ এ হাদীসটি বাতিল। আমি সালেমের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করলাম? তিনি বললেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল এবং এটি সালেম হতেই বর্ণিত।

ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (২/১/১৮৬) বলেন ঃ সালেম সম্পর্কে ইবনু মা'ঈন বলেছেন ঃ তার হাদীসটি কিছুই না।

ইবনু আবী হাতিম আরো বলেন ঃ আমার পিতা বলেছেন ঃ তিনি মাতরুকুল হাদীস।

আবৃ তাহের "আত-তাযকিরা" গ্রন্থে বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। ইবনু হিব্বানও তার কথার অনুসরণ করেছেন।

হাকিম ও নাক্কাশ বলেন ঃ তিনি নাফে হতে জাল হাদীস বর্ণনা করেন। অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থে এসেছে। তার এ বর্ণনাটি নাফে হতেই । ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/৭৩) হাদীসটির তিনটি সূত্র উল্লেখ করেছেন।

- ১। প্রথমটি সম্পর্কে আলোচনা করা হল।
- ২। দ্বিতীয় সূত্রটিতে আবৃ আম্র বিশ্র ইবনু ইব্রাহীম আল-আনসারী রয়েছেন। তিনি আওযা'ঈ হতে হাদীসটি বর্ণনা করেছেন।

এটি দারাকুতনী এবং ইবনু আসাকির তার "আত-তারীখ" গ্রন্থে (৩/১০/১) বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ বিশ্র এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি হাদীস জালকারী।

আমি (আলবানী) বলছি ঃ ইমাম যাহাবী তার জীবনীতে উল্লেখ করেছেন যে, এ হাদীস তার মুসীবতগুলোর একটি! ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে তার কতিপয় হাদীস (২/৩৩) বর্ণনা করেছেন, এটি সেগুলোর একটি। অতঃপর বলেছেন ঃ

এ হাদীসগুলো আওয়া'ঈ এবং অন্যদের থেকে বর্ণনা করা। বিশ্র ছাড়া অন্য কেউ আওয়া'ঈ হতে সেগুলো বর্ণনা করেননি। এগুলো বাতিল তিনি তাদের উপর জাল করেছেন। অনুরূপভাবে তার সেই সব হাদীস যেগুলো আমি উল্লেখ করিনি (তাদের থেকে বর্ণনা করা) সেগুলোও বানোয়াট।

৩। তৃতীয়টি গিয়াস ইবনু ইব্রাহীম সূত্রে বর্ণিত হয়েছে। এ গিয়াস এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ তিনি জাল করার দোষে দোষী, যেমনভাবে পূর্বে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

সুযূতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৮০) তাবারানীর বর্ণনা হতে বাকিয়া ইবনুল ওয়ালীদ থেকে চতূর্থ সূত্র উল্লেখ করেছেন। অতঃপর চুপ থেকেছেন, কিন্তু তার চুপ থাকা সঠিক হয়নি।

কারণ বাকিয়া মাজহুল বর্ণনাকারীদের থেকে বর্ণনা করেছেন, যেমনভাবে ইবনু মা'ঈন ও আজালী বলেছেন। এ বর্ণনাটি এ প্রকারের অন্তর্ভুক্ত। কারণ তার শাইখ আবৃ আন্দির রহমান মাজহুল বর্ণনাকারীদের একজন; যেমনভাবে "আল-লিসান" গ্রন্থে এসেছে।

অতঃপর আমি (আলবানী) আরেকটি সূত্র পেয়েছি, যেটি একাধিক সমস্যায় জর্জরিত। তাতে বিশ্র ইবনু ওবায়দিল্লাহ রয়েছেন। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ

তিনি আইম্মাদের থেকে বর্ণনাকারী হিসাবে মুনকারুল হাদীস।

আরো রয়েছেন ইয়াহ্ইয়া ইবনু আবী ফুরাত; আমি তাকে চিনি না।

আরো আছেন ঈসা ইবনু ও'য়ায়েব; তার মধ্যে দুর্বলতা রয়েছে। তাদের দু'জনের একজন এ সূত্রটির সমস্যা।

٢٦٧. (مَنْ حَوَّلَ خَاتِمَهُ، أَوْ عَمَامَتُهُ، أَوْ عَلَّقَ خَيْطًا فِي أَصْبُعِهِ؛ لِيُدَكِّرَهُ
 حَاجَتُهُ؛ فقد أَشْرَكَ بِاللهِ عَزَّ وَجَلَّ، إِنَّ اللهَ هُوَ يُدَكِّرُ الْحَاجَاتِ).

২৬৭। যে ব্যক্তি তার আংটি বা পাগড়ী উল্টিয়ে রাখে বা তার আংগুলে সূতা ঝুলিয়ে রাখে, যাতে করে তার প্রয়োজনীয়তাকে স্মরণ করতে পারে, সে ব্যক্তি অবশ্যই আল্লাহর সাথে শির্ক করল। কারণ আল্লাহ তা'আলাই প্রয়োজনীয়তাকে স্মরণ করিয়ে দেন।

### रामीमि छान।

এটি ইবনু আদী (৩৩/১-২) এবং ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/৭৪) বিশ্র ইবনুল হুসাইন সূত্রে...বর্ণনা করেছেন। অতঃপর ইবনু আদী বলেছেন ঃ এটি সহীহ নয়।

ইবনুল জাওয়ী বলেছেন ঃ এটির কোন ভিত্তি নেই। কারণ বিশ্র যুবায়ের হতে বাতিল হাদীস বর্ণনাকারী।

সুয়্তী তার এ বক্তব্যকে "আল-লাআলী" গ্রন্থে (২/২৮৩) সমর্থন করে বলেছেনঃ

ইবনু হিব্বান বলেন ঃ বিশ্র ইবনুল হুসাইন আল-আসবাহানী যুবায়ের হতে একটি জাল কপি বর্ণনা করেছেন যাতে একশত পঞ্চাশটি হাদীস ছিল।

ইবনু আররাক "তানযীন্থশ শারী'য়াহ" গ্রন্থে (২/৩২২) তার এ বক্তব্যকে সমর্থন করেছেন।

٢٦٨. (مَنْ رَقْعَ قِرْطُاساً مِنَ الْأَرْضِ فِيْهِ (بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَحِيْمِ)؛ إجْلالاً أَنْ يُدَاسَ؛ كُتِبَ عِنْدَ اللهِ مِنَ الصِّدِيْقِيْنَ، وَخَقْفَ عَنْ وَاللِّذِيْهِ وَإِنْ كَاثَا مُشْرِكَيْنَ، وَخَقْفَ عَنْ وَاللَّذِيْهِ وَإِنْ كَاثَا مُشْرِكَيْنَ، وَمَنْ كَتْبَ (بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ)، قَجَودًهُ تَعْظِيْمًا لِلهِ؛ عَقْرَ لَهُ).

২৬৮। যে ব্যক্তি যমীন হতে বিসমিল্লাহির রাহমানির রহীম দিখা কাগজ উঠাবে; তাকে পদদলিত হওয়া থেকে সন্মান প্রদর্শন করে, তাকে আল্লাহর নিকট সত্যবাদী বিশ্বাসীদের মধ্যে দিপিবদ্ধ করা হবে এবং তার পিতা মাতার উপর হতে শান্তি লাঘব করা হবে যদিও তারা দু'জন মুশরিক হয়। আর যে ব্যক্তি বিসমিল্লাহির রাহমানির রহীম দিখল, অতঃপর আল্লাহকে সন্মান দেখিয়ে তাকে সৌন্দর্য মণ্ডিত করল, তাকে ক্ষমা করে দেরা হবে।

रामीमि खान।

এটি আবৃশ শাইখ ইবনু হিব্বান "তাবাকাতুল আসবাহানিয়ীন" **গ্রন্থে** (পৃ: ২৩৪) এবং ইবনু আদী (১/২৪৬) আবৃ সালেম আর-রাওয়াসী 'আলা ইবনু মাস**লামা**: সূত্রে আবৃ হাফস আল-আবাদী হতে, তিনি আবান হতে...বর্ণনা করেছেন ৷

ইবনুল জাওয়ী এটিকে তার "আল-মাওয়ৃ'আত" গ্রন্থে (১/২২৬) ইবনু আদীর বর্ণনায় উল্লেখ করে বলেছেন ঃ

আবান নিতান্তই দুর্বল। হাফস তার চেয়েও দুর্বল এবং আবৃ সালেম 'আলা ইবনু মাসলামাকে মুহাম্মাদ ইবনু তাহির আল-আযদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তার থেকে বর্ণনা করা হালাল নয়।

সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (১/২০২) বলেন ঃ আবাদীর জীবনী বর্ণনা করতে গিয়ে এটিকে ইবনু আদী উল্লেখ করে বলেছেন ঃ তিনি মাতর্রকুল হাদীস। তিনি (সুয়্তী) আরো বলেন ঃ এটি 'আলী ইবনু আবী তালিব (ఉ) হতে বর্ণিত হয়েছে, কিন্তু সহীহ্ নয়।

٢٦٩. (العَالِمُ لا يَخْرَفُ).

২৬৯। আলেম ব্যক্তির বার্ধক্য জনিত কারণে মন্তিষ্ক বিকৃত হবে না। হাদীসটি জাপ।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৪৩৯) বলেন ঃ আমার পিতাকে 'আলা ইবনু যায়দাল কর্তৃক আনাস (ఉ) হতে বর্ণনাকৃত হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন ঃ 'আলা দুর্বল, মাতর্রকুল হাদীস। আমরা জ্ঞানের অধিকারী মাস'উদী, জারীরী, সা'ঈদ ইবনু আরুবা, আতা ইবনুস সায়েব ও অন্যান্যদের পেয়েছি তাদের প্রত্যেকের শেষ বয়সে মস্তিক্ষে পরিবর্তন ঘটেছিল।

আমি (আলবানী) বলছি ঃ এ 'আলা সম্পর্কে যাহাবী বলেছেন ঃ তিনি ধ্বংস প্রাপ্ত। ইবনুল মাদীনী বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। ইবনু হিব্বান বলেন ঃ তিনি আনাস (ఉ) হতে জাল কপি বর্ণনা করেছেন।

তিনি হাদীসটি অন্য ভাষাতেও বর্ণনা করেছেন এভাবে ঃ

٢٧٠. (لا يَخْرَفُ قارئُ الْقُرْآن).

২৭০। কুরআন পাঠকারী বার্ধক্য জনিত করণে বিকৃত মন্তিক হবে না।

হাদীসটি জান।

এটিকে সুয়্তী "যায়লু আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ২৫) উল্লেখ
করেছেন এবং তার অনুসরণ করে ইবনু আররাক "তানযীহুদা শারী'য়াহ" গ্রন্থে
(২/৩৬) আবৃ নু'য়াইম সূত্রে বর্ণনা করেছেন। এটি "আখবারু আসবাহান" গ্রন্থেও
(২/৩৪৩) লাহেক ইবনুল হুসাইন-এর বর্ণনায় ...এসেছে।

দাইলামী (৪/১৯০) এবং ইবনু আসাকির তার "আত-তারীখ" গ্রন্থে (১৮/১/২) আবৃ নু'য়াইম ও অন্য একটি সূত্রের বরাতে বর্ণনা করেছেন।

এটির সনদে লাহেক ইবনুল হুসাইন নামক এক বর্ণনাকারী আছেন। সুয়্তী বলেন ঃ

যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ লাহেক মিথ্যুক। তার থেকেই আবৃ নুর্যাইম "আল-হিলইয়াহ" গ্রন্থে উল্লেখ করেছেন। "লিসানুল মীযান" গ্রন্থে ইবনু হাজার বলেন ঃ ইদরীসী বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। সম্ভবত মিথ্যুকদের মধ্যে তার মত কাউকে সৃষ্টি করা হয়নি। ইবনুস সাম'য়ানী বলেন ঃ তিনি ছিলেন মিথ্যুকদের একজন। এমন একটি কপি জাল করেছেন, যার বর্ণনাকারীদের নাম জানা যায় না। ইবনুন নাজ্জার বলেন ঃ তিনি মিথ্যুক হওয়ার ব্যাপারে সকলেই একমত পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এতো কিছু বলার পরেও সুয়ৃতী হাদীসটি উল্লেখ করার দ্বারা "জামে'উস সাগীর" গ্রন্থকে কালিমালিগু করেছেন।

٢٧١. (مَنْ جَمَعَ الْقُرْآنَ؛ مَنَّعَهُ اللهُ بِعَقْلِهِ حَتَّى يَمُوتَ).

২৭১। যে ব্যক্তি কুরআন জমা করবে, মৃত্যু পর্যন্ত আল্লাহ তাকে তার জ্ঞান দ্বারা উপকৃত করবেন।

হাদীসটি ছাল।

এটি আবৃ সাস্ট্রিদ ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/১১১) ইব্রাহীম ইবনু হায়সামের মাধ্যমে আবৃ সালেহু হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আসাকির (২/১১১/২) অন্য একটি সূত্রে আবৃ সালেহ্ হতে বর্ণনা করেছেন।

এটির সনদ নিতান্তই দুর্বল। বর্ণনাকারী রিশদীন ইবনু সা'ঈদ সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেন ঃ

তিনি দুর্বল। আবৃ হাতিম ইবনু লাহী য়াকে তার উপর অগ্রাধিকার দিয়েছেন। ইবনু ইউনুস বলেন ঃ তিনি দ্বীনের ক্ষেত্রে নেককার ছিলেন। আমি তাকে সালেহীনদের মধ্যে গাফেল হিসাবে পেয়েছি। ফলে তার হাদীসে সংমিশ্রণ ঘটেছে।

আমি (আলবানী) বলছি ঃ বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি তার সংমিশ্রণ ঘটিত হাদীসগুলোর একটি। হতে পারে হাদীসটি আব্দুল্লাহ ইবনু সালেহ (আবৃ সালেহ)-এর প্রতিবেশী খালেদ ইবনু নাজীহ কর্তৃক জালকৃত। কারণ তিনি হাদীস জাল করতেন এবং আব্দুল্লাহ্র গ্রন্থ সমূহে ঢুকিয়ে দিতেন। অথচ আব্দুল্লাহ তা বুঝতে পারতেন না। দেখুন "আল-মীযান" গ্রন্থ (২/৪৬-৪৮) এবং এ মর্মে আবৃ হাতিমের ভাষ্য ১৯৪ নং হাদিসে দেখুন, সেখানেও তার সম্পর্কে ব্যাখ্যা দেয়া হয়েছে।

٢٧٢. (اعْتَيرُواْ عَقْلَ الرَّجُلُ فِي طُولُ لِحْيِيّهِ، ونَقْش خَاتِمِهِ، وكَثُويْهِ).

২৭২। ব্যক্তির জ্ঞানের গভীরতা যাচাই কর তার দাড়ির দীর্ঘায়ত্বের মাঝে, আংটির কারুকার্যের মাঝে এবং তার কুনিয়াতের মাঝে।

### হাদীসটি জাল।

এটিকে সুয়্তী "যায়লু আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ১০) ইবনু আসাকিরের বর্ণনা হতে উসমান ইবনু আন্দির রহমান আত-তারায়েফী হতে উল্লেখ করেছেন। তিনি ইয়াযীদ ইবনু সিনান আশ'য়ারী হতে ...বর্ণনা করেছেন।

সৃয়্তী বলেন ঃ ইয়াযীদ দুর্বল এবং তারায়েফীকে ইবনু নুমায়ের মিখ্যুক আখ্যা দিয়েছেন।

٢٧٣. (لا حُبْسَ (أيْ؛ وَقَفَ) بَعْدَ سنُورَةِ النَّسَاعِ).

২৭৩। সূরা নেসার পরে ওয়াক্ফ নেই।

### হাদীসটি দুর্বল।

এটি তাহাবী "শারহু মা'য়ানীল আসার" গ্রন্থে (২/২৫০), তাবারানী (৩/১১৪/১), দারাকুতনী (৪/৬৮/৩,৪) এবং বাইহাক্বী তার "সুনান" গ্রন্থে (৬/১৬২) আব্দুল্লাহ ইবনু লাহী'য়াহ সূত্রে ঈসা ইবনু লাহী'য়াহ হতে ...বর্ণনা ক্রেছেন।

দারাকুতনী বলেন (বাইহাঝ্বীও তাকে সমর্থন করেছেন) ঃ ইবনু লাহী য়াহ ছাড়া অন্য কেউ তার ভাই থেকে মুসনাদ হিসাবে বর্ণনা করেননি। তারা দু'জনই দুর্বল।

এটিকে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন এবং হাসান হিসাবে চিহ্নিত করেছেন। মানাবী দারাকুতনী ও "আল-মাজমা" গ্রন্থে (২/৭) হায়সামীর কথা দ্বারা তার প্রতিবাদ করেছেন। তিনি বলেন ঃ হাদীসটি তাবারানী বর্ণনা করেছেন, যার সনদে ঈসা ইবনু লাহী'য়াহ রয়েছেন; তিনি দুর্বল।

তাহাবী ইমাম আবৃ হানীফা (রহ ঃ)-এর নিকট ওয়াকফ বাতিল এ মতামতের সমর্থনে এ হাদীস দ্বারা দলীল গ্রহণ করেছেন।

এরূপ দলীল গ্রহণ করা নিতান্তই দুর্বল নিম্নে বর্ণিত কারণে ঃ

- ১। হাদীসটি দুর্বল; যেমনটি অবহিত হয়েছেন। এর দ্বারা দলীল গ্রহণ করা অবৈধ।
- ২। এটি ওয়াকফ শরীয়ত সম্মত এ মর্মে বর্ণিত সহীহ হাদীসের সাথে সাংঘর্ষিক, যা বুখারী ও মুসলিমের মধ্যে বর্ণিত হয়েছে। দেখুন "ইরওয়াউল গালীল" (৬/৩০/১৫৮২)।
- ٢٧٤. (أوْصَاتِيْ چِيْرَائِيلُ عَلَيْهِ السَّلَامُ بِالْجَارِ إِلَى أَرْبَعِيْنَ دَاراً، عَشَرَةً مِنْ هَاهُنا، وَعَشَرَةً مِنْ هَاهُنا، وَعَشَرَةً مِنْ هَاهُنا).

২৭৪। চল্লিশটি বাড়ী পর্যন্ত প্রতিবেশী এ মর্মে জিবরীল আমাকে ওয়াসিয়াত করেছেন। চতুর্দিকে দশটি দশটি করে।

रामीमि पूर्वन।

এটি বাইহাক্। (৬/২৭৬) ইসমা'ঈল ইবনু সায়েফ হতে...বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ এটির সনদ দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ যায়লা'ঈ "নাসবুর রায়ার" গ্রন্থে (৪/৪১৪) তা স্বীকার করেছেন। কারণ এ ইসমা'ঈল সম্পর্কে ইবনু আদী (১/৩১৮) বলেন ঃ

তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে ভেজালযুক্ত হাদীস বর্ণনা করেছেন এবং তিনি হাদীস চোর।

আমি (আলবানী) বলছি ঃ বর্ণনাকারী সাকীনা এবং উম্মে হানীকে আমি চিনি না।

٢٧٥. (الا إن البين دارا جوار، والايدخل الجنّة من خاف جاره بواتقة.
 قيل: لِلزُهْرِي : البين دارا ؟! قال: البين هكذا، والبين هكذا).

২৭৫। সাবধান! অবশ্যই চল্লিশ ঘর পর্যন্ত প্রতিবেশী। সেই ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার প্রতিবেশী তার অনিষ্টতাকে ভয় করে। চল্লিশ ঘর বলতে কী বুঝানো হচ্ছে এ মর্মে যুহুরীকে জিজ্ঞাসা করা হয়েছিল? তিনি বলেন ঃ চল্লিশ এ দিকে আর চল্লিশ ঐদিকে।

হাদীসটি দুর্বল। এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (১৯/৭৩/নং ১৪৩) ইউসুফ ইবনু সাফার হতে এবং তিনি আওযা'ঈ হতে ...বর্ণনা করেছেন।

বর্ণনাকারী ইউসুফ ইবনু সাফার আবুল ফায়েয সম্পর্কে সমালোচনা রয়েছে। অনুরূপ কথা যায়লা'ঈও (৪/৪১৩-৪১৪) বলেছেন। তাদের পক্ষ হতে এ ইবনু সাফার সম্পর্কে নিতান্তই নরম কথা বলা হয়েছে। কারণ এরপ কথা বলা হয় যার ব্যাপারে ভাল না মন্দ এ নিয়ে দ্বন্দ্ব রয়েছে তার ক্ষেত্রে। অথচ এ ইবনু সাফার মাতরুক হওয়ার ব্যাপারে সবাই একমত, বরং তাকে দারাকুতনী মিথ্যুক আখ্যা দিয়েছেন এবং বাইহাক্বী তার সম্পর্কে বলেছেন ঃ তিনি হাদীস জালকারীদের অন্তর্ভুক্ত।

তার জাল হাদীস পূর্বে আলোচিত হয়েছে (১৮৭ নং)।

এ জন্য হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৮/১৬৯) বলেছেন ঃ ইউসুফ ইবনুস সাফার মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ হাকাল ইবনু যিয়াদ আওযা'ঈ হতে মুরসাল হিসাবে হাদীসটি বর্ণনা করেছেন।

সেটি আবূ দাউদ তার "আল-মারাসীল" গ্রন্থে (নং ৩৫০) বর্ণনা করেছেন।

এটির সনদের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। যদি মুরসাল না হত তাহলে সহীহু বলে হুকুম লাগাতাম।

হাফিয় ইরাকী "তাধরীজুল ইত্ইয়া" গ্রন্থে (২/১৮৯) বলেছেন ঃ হাদীসটি দুর্বল। অনুরূপ কথা হাফিয় ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থেও (১০/৩৯৭) বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির অংশ বিশেষ عَنْ خَافَ مَنْ خَافَ ''
نَوْلاَ يَدْخُلُ الْجَنَّةُ مَنْ لاَ يَلُمْنُ جَارُهُ بَوَالِقَهُ'' अशेर । কারণ আবৃ হুরাইরাহ্ (هه)-এর হাদীসের মধ্যে এসেছে এ ভাষায় ঃ ''غَنْ جَارُهُ بَوَالِقَهُ'' يَدُخُلُ الْجَنَّةُ مَنْ لاَ يَأْمَنُ جَارُهُ بَوَالِقَهُ'' अधे पूर्वाया क्षित्र (১/ ৪৯) এবং বুখারী "আদাবুল মুফরাদ" গ্রন্থে (পৃ: ২০) বর্ণনা করেছেন।

٢٧٦. (حَقُ الْجِوَارِ إِلَى أَرْبَعِيْنَ دَارِا، وَهَكَدًا، وَهَكَدُا، وَهَكَدُا، وَهَكَدُا؛ يَمِيتُا وَشَمَالاً، وقَدَّامُ وَخَلْفُ).

২৭৬। প্রতিবেশীদের হক হচ্ছে চল্লিশ বাড়ী পর্যন্ত। এদিকে, এদিকে... তথা ডানে, বামে, সমুখে ও পিছনে।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আবৃ ই'য়ালা তার "মুসনাদ" গ্রন্থে (১০/৩৮৫/ ৫৯৮২) বর্ণনা করেছেন। এটির সনদে মুহাম্মাদ ইবনু জামে' আল-আন্তার, মুহাম্মাদ ইবনু উসমান ও আব্দুস সালাম ইবনু আবীল জানূব রয়েছেন।

আবৃ ই'য়ালার সূত্র হতেই হাদীসটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা" প্রন্থে (২/১৫০) বর্ণনা করেছেন এবং এটির সমস্যা হিসাবে আব্দুস সালামকে মুনকারুল হাদীস বলে চিহ্নিত করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (৩/৪১৪) তার এ বক্তব্যকে সমর্থন করেছেন। ইবনু হিব্বান এটিকে "আস-সিকাত" গ্রন্থেও (৭/১২৭) উল্লেখ করেছেন।

আবৃ হাতিম (৩/১/৪৫) বলেন ঃ তিনি মাতর্রকুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদে অন্য একটি সমস্যা রয়েছে। হায়সামী বলেন ঃ (৮/১৬৮) আবৃ ই'য়ালা তার শাইখ মুহাম্মাদ ইবনু জামে' আল-আন্তার হতে বর্ণনা করেছেন। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ এর চেয়েও বরং তার অবস্থা আরো খারাপ। আবৃ যুর'য়াহ বলেন ঃ তিনি সত্যবাদী নন। এছাড়া মুহাম্মাদ ইবনু উসমান হচ্ছেন জামহী মাক্কী, তিনিও দুর্বল। এটি হচ্ছে হাদীসটির তৃতীয় সমস্যা। এ কারণেই হাফিয ইরাকী "তাধরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (২/১৮৯) বলেছেনঃ হাদীসটি দুর্বল।

٢٧٧. (السَّاكِنُ مِنْ أَرْبَعِيْنَ دَاراً جَارًا).

২৭৭। চল্লিশটি বাড়ীর অধিবাসীরা প্রতিবেশী। হাদীসটি দুর্বল।

এটি আবৃ দাউদ তার "আল-মারাসীল" গ্রন্থে (৪৫০) যুহ্রী হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। যুহ্রীকে জিজ্ঞাসা করা হয়েছিল কীভাবে চল্লিশ ঘর? তিনি বলেন ঃ ডানে চল্লিশ, বামে চল্লিশ, পিছনে চল্লিশ এবং সামনে চল্লিশ।

এটির সনদের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। হাদীসটি সহীহ্ সেই ব্যক্তির নিকট যিনি মুরসালকে দলীল হিসাবে গ্রহণ করেন।

আলেমগণ প্রতিবেশীর সীমা-রেখা নির্ধারণের ব্যাপারে মতভেদ করেছেন। হাফিয ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থে (১০/৩৬৭) সেগুলো উল্লেখ করেছেন। সীমা-রেখা নির্দিষ্ট করে যা কিছু রসূল (紫) হতে বর্ণনা করা হয়েছে সেগুলো দুর্বল, সহীহ নয়। সমাজ যতটুকু পর্যন্ত প্রতিবেশী হিসাবে গণ্য করে ততটুকুই প্রতিবেশী হিসাবে গণ্য হবে। এ সিদ্ধান্তটিই সঠিক।

٢٧٨. (العِلْمُ خَزَائِنُ، وَمِقْتَاحُهَا السُّوَالُ، قاسْأَلُوا يَرْحَمُكُمُ اللهُ، قَائَلُهُ يُؤْجَرُ فِيلِهِ أَرْبَعَةَ السَّائِلُ، وَالمُعَلَّمُ، وَالمُستَّمِعُ، وَالمُحِيْبُ لَهُمْ).

২৭৮। জ্ঞান হচ্ছে ভাগার এবং তার চাবি হচ্ছে প্রশ্ন করা/জিজ্ঞাসা করা। অতএব তোমরা জিজ্ঞাসা কর, তোমাদেরকে আল্লাহ দয়া করবেন। কারণ তাতে চার জনকে সাওয়াব দেয়া হবে; প্রশ্নকারীকে, শিক্ষককে, মনোযোগ সহকারে শ্রবণকারীকে এবং তাদের উত্তর দানকারীকে।

#### रापीमि छान।

এটি আবৃ নু'য়াইম (৩/১৯২) এবং আবৃ উসমান আন-নুজায়রেমী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/২৪) দাউদ ইবনু সুলায়মান আল-কায্যায সূত্রে ...বর্ণনা করেছেন। অতঃপর আবৃ নু'য়াইম বলেন ঃ এ হাদীসটি গারীব, এ সনদ ছাড়া অন্য কোন সনদে আমরা এটিকে লিখিনি।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দাউদ ইবনু সুলায়মান হতে জালকৃত। তিনি হচ্ছেন জুরজানী গাযী। যাহাবী তার সম্পর্কে বলেন ঃ

ইয়াহ্ইয়া ইবনু মা'ঈন তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। আবৃ হাতিম তাকে চিনেন না। সর্বাবস্থায় তিনি মিথ্যুক শাইখ। 'আলী ইবনু মূসা আর-রিযা হতে তার একটি জাল কপি রয়েছে। অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

হাফিয ইবনু হাজারও "লিসানুল মীযান" গ্রন্থে তার (যাহাবীর) কথাকে সমর্থন করেছেন।

এ কারণেই সুমৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে ক্রেটি করেছেন। মানাবী যাহাবী ও আসকালানীর কথা উল্লেখ করে তার সমালোচনা করেছেন।

হাদীসটি অন্য এক সনদে "আওয়ালী" গ্রন্থে শায়রাবী (১/২১৩) এবং "আল-ফাকীহ্ ওয়াল মুতাফাক্কিহ" গ্রন্থে (২/৩২) আল-খাতীব বর্ণনা করেছেন।

কিন্তু এটির সনদে আব্দুল্লাহ ইবনু আহমাদ আত-তাঈ রয়েছেন। তার অবস্থা জুরজানীর অবস্থার ন্যায়। তিনি তার পিতা হতে বাতিল-বানোয়াট কপি বর্ণনা করেছেন। তিনি অথবা তার পিতা এটি জাল করেছেন।

٢٧٩. (نبيِّ ضَيَّعَهُ قَوْمُهُ. يَعْنِيْ سُطَيْحًا).

২৭৯। কোন এক নাবীকে তার জাতি ধ্বংস করে দিয়েছে। অর্থাৎ সোতাইত্ব।
ইসলামী কোন গ্রন্থে এটির ভিত্তি নেই। আসলে এটির সনদই দেখছি না।
হাফিয ইবনু কাসীর "আল-বিদায়া ওয়ান নিহায়া" গ্রন্থে (২/২৭১) এরপই
বলেছেন।

٢٨٠. (أَوْحَى اللهُ إِلَى عِيْسَى عَلَيْهِ السَّلامُ: يَا عِيْسَى! آمِنْ بِمُحَمَّدٍ، وَالْمُرْ مَنْ أَدْرَكَهُ مِنْ أَمْرِتُكُ أَنْ يُؤْمِنُوا بِهِ، قُلُولًا مُحَمَّدٌ مَا خَلَقْتُ آدَمَ, لَوْلاً مُحَمَّدٌ مَا خَلَقْتُ الْجَنَّةُ وَلا الثَّارَ، ولقد خَلَقْتُ الْعَرْشَ عَلَى الْمَاءِ، فَاضْطَرَبَ، فَكَتْبْتُ عَلَيْهِ لِلهَ إِلَّا اللهُ مُحَمَّدٌ رَسُولُ اللهِ، قسكن ).

২৮০। আল্লাহ পাক ঈসা (আ:)-এর নিকট অহী মারফত বললেন ৪ হে ঈসা!
মুহাম্মাদের প্রতি ঈমান আন এবং তোমার উন্মাতের মধ্য হতে যে ব্যক্তি তাঁকে পাবে
তাদেরকে তাঁর প্রতি ঈমান আনার নির্দেশ দাও। কারণ মুহাম্মাদ যদি না হত তাহলে
আদমকে সৃষ্টি করতাম না। মুহাম্মাদ যদি না হত তাহলে জান্লাত ও জাহান্লাম সৃষ্টি
করতাম না। অবশ্যই আমি পানির উপর আরশ সৃষ্টি করেছিলাম। অতঃপর সে
(আরশ) অশান্ত হয়ে গেলে তার উপর লা-ইলাহা ইক্লাল্লাহ্ মুহাম্মাদ্র রস্লুল্লাহ লিখে
দিলাম, ফলে সে শান্ত হয়ে গেল।

হাদীসটি জাল।

মারফ্' হিসাবে এটির কোন ভিত্তি নেই। হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (২/৬১৪-৬১৫) আম্র ইবনু আওস আনসারী সূত্রে ...বর্ণনা করে বলেছেন ঃ এটির সনদ সহীহ।

যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ আমার ধারণা এটি সা'ঈদের উপর জাল করা হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ অর্থাৎ সা'ঈদ ইবনু আবী আরূবার উপর। এ হাদীসটির ব্যাপারে সা'ঈদ হতে বর্ণনাকারী আম্র ইবনু আওস আনসারী মিখ্যার দোষে দোষী। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

তার অবস্থা মাজহূল, তিনি মুনকার হাদীস নিয়ে এসেছেন।

তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ আমার ধারণা এটি বানোয়াট।

হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" এত্তে তার কথার সাথে একমত পোষণ করেছেন এবং তাকে সমর্থন করেছেন ।

২৮১। সে এক নাবী যাকে তার জাতি ধ্বংস করে দিয়েছে। **অর্থাৎ** খালিদ ইবনু সিনানকে বুঝানো হচ্ছে।

#### হাদীসটি সহীহ নয়।

এটি হাকিম (২/৫৯৮-৫৯৯) এবং অনুরূপ ভাবে আবৃ ই'য়ালা মু'য়াল্লা ইবনু মাহদী সূত্রে ...বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল মুরসাল হওয়ার কারণে। মু'য়াল্লা ইবনু মাহদীকে আবৃ হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি কখনও কখনও মুনকার হাদীস নিয়ে আসতেন। হায়সামী বলেছেন ঃ এটি সেগুলো হতেই।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি তাবারানী (৩/১৫৪/১), বায্যার (২৩৬১), ইবনু আদী (২/২৭১), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১৮৭) কায়স ইবনু রাবী' সূত্রে সালেম আল-আফতাস হতে ...বর্ণনা করেছেন। বয্যার বলেন ঃ

এ সূত্র ছাড়া এটিকে মারফ্ হিসাবে চিনি না। কায়স নিজে নির্ভরযোগ্য ছিলেন, কিন্তু তিনি মুখস্থ বিদ্যায় দুর্বল ছিলেন। তার এক ছেলে ছিল সে তার হাদীসের মধ্যে এমন কিছু ঢুকিয়ে দিত, যা তার হাদীসের অন্তর্ভুক্ত ছিল না।

সাওরী হাদীসটি সা'ঈদ ইবনু যুবায়ের হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। এটি ইবনু কাসীর "আল-বিদায়া ওয়ান নিহায়া" গ্রন্থে (২/২১১) বর্ণনা করেছেন। ইবনু আদী বলেন ঃ তিনি তার হাদীসটিকে মওসূল করেননি। অতঃপর ইবনু কাসীর বলেন ঃ এসব মুরসাল এ স্থানে দলীল **হিসারে** গ্রহণযোগ্য নয়। অন্যত্র (২/২৭১) বলেন ঃ এটি সহীহ্ নয়।

খাতীব বাগদাদী "তালখীসুল মুতাশবিহ" গ্রন্থে (১৩/ ১৪৮-১৪৯) মওসুল হিসাবে বর্ণনা করে বলেছেন ঃ এটির সনদে বিরূপ মন্তব্য রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ সম্ভবত তার কারণ এই যে, এটির সনদে একদল বর্ণনাকারী আছেন যাদেরকে চিনি না। তাদের মধ্যে একজন হচ্ছেন আবৃ মুহাম্মাদ আল-কুরাশী হাশেমী। দেখুন "আল-ইসাবা" (২/৫০৭)।

কালবী সূত্রেও হাদীসটি বর্ণিত হয়েছে, কিন্তু কালবী মিথ্যুক।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি দুর্বল হওয়া সম্বেও এটি নিম্নের সহীহ হাদীসের সাথে সাংঘর্ষিক, যেমনভাবে হায়সামী (৮/২১৪) বলেছেন।

''أَنَا أُولَى النَّاسِ يعِيْسَى ابْنِ مَرْيُمَ، الأَنْبِيَاءُ أَخْوَةً لِعَلَات، وليس بيني وبينه نبي '' رواه البخاري ومسلم.

''ঈসা ইবনু মারইয়ামের সাথে সম্পর্কের দিক দিয়ে লোকদের মধ্যে আমিই সর্বোত্তম, কারণ নাবীগণ পিতার দিক দিয়ে ভাই ভাই। আমার ও তাঁর মধ্যে কোন নাবী নেই' (বুখারী ও মুসলিম)।

٢٨٢. (لولاك لما خَلَقْتُ الأَقْلاك).

২৮২। আপনি যদি না হতেন, তাহলে আমি আকাশ ও ভূমওল সৃষ্টি করতাম না। হাদীসটি জাল। যেমনভাবে সাগানী "আল-আহাদীসূল মাওফ্'আহ" গ্রন্থে (পৃ: ৭) বলেছেন।

তবে শাইখ আল-কারীর উক্তি (৬৭-৬৮) ঃ কিন্তু তার অর্থটি সহীহ, এটি দাইলামী ইবনু আব্বাস (ﷺ) হতে মারফ্' হিসাবে নিম্নের ভাষায় বর্ণনা করেছেন ঃ

''اتَّانِيْ حِيْرِيْلُ، فَقَالَ: يَا مُحَمَّدُ! لَوْلاَكَ لَمَا خَلَقْتُ الْجَنَّة، لَوْلاَكَ مَا خَلَقْتُ النَّارَ. وَفِيْ رُوَايَةِ ابْن عَسَاكِر: لَوْلاَكَ مَاخَلَقْتُ النَّنْيَا''.

'আমার নিকট জিবরীল আসলেন, অতঃপর বললেন ঃ হে মুহাম্মাদ! আপনি যদি না হতেন তাহলে জান্নাত সৃষ্টি করতাম না, আপনি যদি না হতেন তাহলে জাহান্নাম সৃষ্টি করতাম না।' ইবনু আসাকির হতে অন্য এক বর্ণনায় এসেছে; আপনি যদি না হতেন তাহলে দুনিয়া সৃষ্টি করতাম না।

আমি (আলবানী) বলছি ঃ দাইলামী হতে যা বর্ণনা করা হয়েছে তা সাব্যস্ত না হওয়ার পূর্বেই হাদীসটির অর্থ সঠিক, এ কথাটি দৃঢ়তার সাথে বলা উচিত হবে না। আমি কাউকে দেখছি না যিনি এটি বর্ণনা করেছেন। যদিও আমি তার সনদটি সম্পর্কে অবহিত হইনি, তবুও হাদীসটি যে দুর্বল এ মর্মে আমি কোন সন্দেহ পোষণ করছি না। এর জন্য দাইলামী কর্তৃক এককভাবে বর্ণনা করাটাই তার প্রমাণের জন্য যথেষ্ট।

অতঃপর আমি যখন তার (দাইলামীর) "মুসনাদ" গ্রন্থে (১/৪১/২) হাদীসটির সনদ সম্পর্কে অবহিত হলাম যে, এটি ওবায়দুল্লাহ ইবনু মৃসা আল-কুরাশী সূত্রে ফু্যায়েল ইবনু জা'ফার ইবনু সুলায়মান হতে বর্ণিত আর তিনি আব্দুস সামাদ ইবনু 'আলী হতে, তিনি তার পিতা হতে, তার পিতা 'আলী ইবনু আব্বাস (ﷺ) হতে বর্ণনা করেছেন। তখন আমি সিদ্ধান্তে উপনীত হলাম এটির দুর্বলতার ফাটল সম্পর্কে।

আমি বলছি ঃ এটির সমস্যা হচ্ছে এ আবুস সামাদ; উকায়লী তার সম্পর্কে বলেন ঃ

তার হাদীস নিরাপদ নয় এবং তার মাধ্যম ছাড়া হাদীসটি অন্য কোন মাধ্যমে জানা যায় না। অতঃপর তিনি সাক্ষীর সম্মানের বিষয়ে তার অন্য একটি হাদীস উল্লেখ করেছেন, যা ২৮৯৮ নম্বরে আসবে। তার মাধ্যম ছাড়া আমি হাদীস দু'টোকে চিনি না।

সুযুতী "আল-লাআলী" গ্রন্থে (১/২৭২) তার (ইবনুল জাওয়ীর) বক্তব্যকে সমর্থন করেছেন।

٢٨٣. (ارْمُوْا؛ قَانَ أَيْمَانَ الرُّمَاةِ لَعْقَ، لا حِنْثَ فِينْهَا وَلا كَقَارَة).

২৮৩। তোমরা তীর নিক্ষেপ কর, কারণ তীর নিক্ষেপকারীদের শপথ অর্থহীন, তাতে শপথ ভঙ্গ হয় না. কাফফারাও দিতে হয় না।

#### হাদীসটি বাতিল।

এটি তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ২৩৭) ইউসুফ ইবনু ইয়াক্ব ইবনে আন্দিল আযীয সাকাফী হতে, তিনি তার পিতা হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ হাদীসটি ইউসুফ তার পিতা হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। ইউসুফ ইবনু ইয়াকৃব এবং তার পিতা ছাড়া সকলেই নির্ভরযোগ্য বর্ণনাকারী। এ ইউসুফের জীবনী বর্ণনা করতে গিয়ে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেন ঃ

আমি তার অবস্থা সম্পর্কে জানি না। তিনি বাতিল হাদীস নিয়ে এসেছেন এমন সনদে যাতে কোন সমস্যা নেই। আমি (আলবানী) বলছি ঃ "কিতাবুর রামী" গ্রন্থে তাবারানী কর্তৃক বর্ণনাকৃত হাদীসটি হাফিয উল্লেখ করে বলেছেন ঃ এটির সমস্যার দায় ইউসুফ অথবা **তার** পিতার (ইয়ক্ব) উপর। ইবনু উয়াইনা কখনই হাদীসটি বর্ণনা করেননি।

٢٨٤. (يَا مُعَادُ! إِنِّيْ مُرْسِلِكَ إِلَى قَوْمِ أَهْلِ كِتَابٍ، قَادًا سُئِلْتَ عَن الْمَجَرَّةِ النَّتِيْ فِي السماء؛ فقل: هي لعاب حية تحت العرش).

২৮৪। হে মু'য়াজ। আমি তোমাকে কিতাবধারী (আহলেকিতাব) সম্প্রদায়ের নিকট প্রেরণ করছি। অতএব তুমি যদি আসমানে পানি প্রবাহিত হওয়াার স্থানের ব্যাপারে জিজ্ঞাসিত হও, তাহলে বলবে, সেগুলো হচ্ছে আরশের নিচের সাপের লালা।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী (১/১৭৬/১), উকায়লী (৩/৪৪৯) ও ইবনু আদী (১/২৬৩) ফাযল ইবনুল মুখতার সূত্রে ...বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/১৪২) উল্লেখ করে বলেছেনঃ ফায়ল মুনকারুল হাদীস।

হাফিয ইবনু কাসীর "আল-বিদায়া ওয়ান নিহায়া" গ্রন্থে (১/৩৯) বলেছেন ঃ

এ হাদীসটি নিতান্তই মুনকার, বরং এটি মাওয়্'র সাথে বেশী সাদৃশ্যপূর্ণ। তার বর্ণনাকারী ফাযল ইবনু মুখতার হচ্ছেন আবৃ সাহাল আল-বাসরী। তার সম্পর্কে আবৃ হাতিম আর-রাযী বলেন ঃ তিনি মাজহুল, বাতিল হাদীস বর্ণনা করেছেন। আবুল ফাতাহ আল-আযদী বলেন ঃ তিনি নিতান্তই মুনকারুল হাদীস । ইবনু আদী বলেন ঃ তার হাদীসগুলোর অনুসরণ করা যায় না, না ভাষার না সনদের।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এগুলো বাতিল এবং আশ্চর্যজনক।

ইবনুল জাওয়ী অন্য একটি সূত্রেও হাদীসটি উল্লেখ করেছেন। যেটি উকায়লী আব্দুল আ'লা ইবনু হাকিমের জীবনী বর্ণনা করতে গিয়ে (২৫৩) উল্লেখ করে বলেছেনঃ

এ হাদীসটি নিরাপদ নয়, বর্ণনা করার ক্ষেত্রে আব্দুল আ'লা মাজহল।

এটির সনদে আবৃ বাক্র ইবনু আবী সাবুরা রয়েছেন; তিনি মাতর্ক । এছাড়া সুলায়মান ইবনু দাউদ শাযকুনীও রয়েছেন, তিনি হচ্ছেন মিথ্যার দোষে দোষী। যাহাবী আব্দুল আ'লার জীবনী বর্ণনা করতে গিয়ে বলেন ঃ এটির সনদ অন্ধকারাচ্ছন্ন। ভাষাও সহীহ্ নয়।

٢٨٥. (لَيْسَ لِيَوْم قَصْلٌ عَلَى يَوْم فِي الصَّيَامِ؛ إِلاَّ شَهْرَ رَمَصَانَ، وَيَوْمَ عَاشُوْرَاءَ). ২৮৫। রমাযান মাস এবং আশুরার দিবস ব্যতীত সপ্তম রাখার ক্ষেত্রে একটি দিবসের অন্যটির উপর কোন ক্ষয়ীলত (শ্রেষ্ঠত্ব) নেই।

### হাদীসটি মুনকার।

এটি তাবারানী "মু'জামূল কাবীর" গ্রন্থে (৩/২১৫/২), তাহাবী "শারন্থ মা'য়ানীল আসার" গ্রন্থে (১/৩৩৭), আবৃ সাহাল "আহাদীস ইবনু যুরায়েস" গ্রন্থে (২/১৮৯), ইবনু আদী (১/২৫০) ও আরো অনেকে আব্দুল জাব্বার ইবনু ওরদ সূত্রে ইবনু আবী মুলায়কা হতে...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। এটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য, যেমনিভাবে মুন্যেরী "আত-তারগীব" গ্রন্থে (২/৭২) এবং হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৩/১৮৬) বলেছেন। কিন্তু আব্দুল জাব্বার ইবনু ওরদ-এর মুখস্থ বিদ্যায় দুর্বলতা ছিল, যেমনিভাবে ইমাম বুখারী ইঙ্গিত দিয়েছেন তার এ কথায় ঃ তিনি তার কোন কোন হাদীসে বিরোধিতা করেছেন।

ইবনু হিব্দান বলেন ঃ তিনি ভুলকারী এবং সন্দেহ পোষণকারী। আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটির বর্ণনাতে তিনি যে ভুল করেছেন, দু'টি কারণে তাতে কোন সন্দেহ পোষণ করছি না ঃ

১। তার সনদে ইযতিরাব সংঘটিত হয়েছে। একবার বলেছেন ইবনু আবী মুলায়কা হতে, আবার বলেছেন আম্র ইবনু দীনার হতে। এটি প্রমাণ করছে যে, তার মুখস্থ বিদ্যায় সমস্যা ছিল।

২। এ হাদীসটির মতন (ভাষার)-এর বিরোধিতা করা হয়েছে। যেটি বুখারী ও মুসলিম শরীফ সহ অন্যান্য হাদীস গ্রন্থে বর্ণিত হয়েছে।

٢٨٦. (قد أَتَّى آدَمُ عَلَيْهِ السَّلَامُ هَذَا الْبَيْتَ أَلْفَ آتِيَةٍ مِنَ الْهِنْدِ عَلَى رَجِّلَيْهِ، لَمْ يَرَكَبُ فِيْهِنَّ، مِنْ دَلِكَ تُلَاثُ مِنَةٍ حَجَّةٍ وَسَبْعُ مِنَةً عُمْرَةٍ، وَأُوّلُ حَجَّةٍ حَجَّةٍ وَسَبْعُ مِنَةً عُمْرَةٍ، وَأُوّلُ حَجَّةٍ حَجَّةٍ وَسَبْعُ مِنَةً عُمْرَةٍ، وَأُوّلُ حَجَّةٍ حَجَّةً النَّهُ السَّلَامُ عَلَيْهِ السَّلَامُ فَقَالَ: السَّلَامُ عَلَيْكَ يَا آدَمُ! بَرَّ اللهُ تُسْلَكُ امًا إِنَّا قَدْ طُقْتًا هَذَا الْبَيْتَ قَبْلَ أَنْ تُحْلَقَ يَحْمُسُهِ آلِافِ سَنَةً).

২৮৬। আদম (আঃ) পায়ে হেঁটে ইণ্ডিয়া হতে এক হাজার বার এ ঘরের নিকট এসেছিলেন। তবে কোন বাহনে আরোহণ করেননি। (এক হাজারের মধ্যে) তিন শতবার হজ্জের উদ্দেশ্যে এবং সাত শতবার উমরার উদ্দেশ্যে। আদম (আঃ) প্রথম যে হজ্জ করেন তখন আরাফার মাঠে দাঁড়িয়েছিলেন, এমতাবস্থায় জিবরীল (আঃ) আসলেন। অতঃপর বললেন ঃ আস-সালামু আলাইকা হে আদাম! আল্লাহ আপনার কুরবানী কবৃল করুন। তবে আমরা এ ঘরকে আপনাকে সৃষ্টির পাঁচ হাজার বছর পূর্ব হতে তাওয়াফ করছি।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২/১৬০-১/১৬১) আব্দীর্ট ইবনু ফাযল আনসারী সূত্রে কাসিম ইবনু আন্দির রহমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ নিতান্তই দুর্বল। কারণ আব্বাস ইবনু ফাবল আনসারী মাতরক। তাকে আবৃ যুর'য়াহ মিধ্যার দোষে দোষী করেছেন; যেরূপভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

এছাড়া কাসিম ইবনু আন্দির রহমান আনসারী সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না।

আবৃ যুর'য়াহ বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আবৃ হাতিম বলেন ঃ তিনি দুর্বল, মুযতারিবুল হাদীস। তার থেকে মুহাম্মাদ ইবনু আন্দিল্লাহ দু'টি বাতিল হাদীস বর্ণনা করেছেন। দু'টির একটি আদম (আ:)-এর মৃত্যু সম্পর্কে এবং দ্বিতীয়টি আবৃ হাযিম হতে এসেছে। এরূপই "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৩/২/১১৩) এসেছে।

আমি (আলবানী) বলছি ঃ সম্ভবত দ্বিতীয় বাতিল হাদীসটি আবৃ হাযিম হতে এ আলোচ্য হাদীসটি।

٢٨٧. (مَا تَرَكَ الْقَاتِلُ عَلَى الْمَقْتُولِ مِن نَسْبٍ).

২৮৭। হত্যাকারী নিহতের কোন পাপ অবশিষ্ট রাখে না।

#### হাদীসটির কোন ভিন্তি নেই।

এটি কোন হাদীসগ্রন্থের মধ্যে পাওয়া যায় না। সহীহ, হাসান এমনকি কোন দুর্বল সনদেও পাওয়া যায় না।

কিন্তু কিয়ামত দিবসে কতিপয় ব্যক্তির ব্যাপারে সহীহ হাদীসে (মুসলিমের বর্ণনায় সহীহা নং ৮৪৭) এসেছে; যার মধ্যে কাতিল মাকত্লের কথাও আছে। তাতে বলা হয়েছে মাকত্ল (নিহত) ব্যক্তির গুনাহগুলো কাতিল (হত্যাকারী) ব্যক্তির উপর চাপিয়ে দেয়া হবে। (সেটি হাদীসুল মুফলিস নামে প্রসিদ্ধ)।

٢٨٨. (كَانَ يَأْخُذُ مِنْ لِحْيَتِهِ؛ مِنْ عَرْضِهَا وَطُولِهَا).

২৮৮। তিনি তাঁর দাড়িকে পার্শ্ব (প্রস্থ) এবং দৈর্ঘের শেষ প্রান্ত হতে কাট-ছাট করতেন।

#### হাদীসটি জাল।

এটি ইমাম তিরমিয়ী (৩/১১), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃ: ২৮৮), ইবনু আদী (২/২৪৩) এবং আবৃশ শাইখ "আখলাকুন নাবী" গ্রন্থে (পৃ: ৩০৬) উমার ইবনু হারূণ আল-বালখী সূত্রে উসামা ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেন। তিরমিয়ী বলেন ঃ এ হাদীসটি গারীব। আমি মুহাম্মাদ ইবনু ইসমা দলকে বলতে শুনেছি ঃ উমার ইবনু হারূন মুকারিবুল হাদীস। এ হাদীসটি ছাড়া তার এমন কোন হাদীস সম্পর্কে জানি না যেটির ভিত্তি নেই অথবা এ হাদীসটি ছাড়া তিনি এককভাবে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ তার জীবনীতে হাদীসটি উকায়লী বর্ণনা করে বলেছেন ঃ তার মাধ্যম ছাড়া অন্য কোন মাধ্যমে এটিকে জানা যায় না।

এ উমার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন, ইবনু মাক্ষিন বলেছেন ঃ তিনি মিথ্যুক, খবীস। সালেহ জাযারা বলেন ঃ তিনি মিথ্যুক।

অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন। তবে ইবনু আদী বলেছেন ঃ

উমার ইবনু হারূণ ছাড়াও উসামা হতে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু চিন্তা করে দেখুন ঃ ইবনু আদীর এ কথাটি কিন্তু বুখারী এবং উকায়লীর কথার বিপক্ষে যাচ্ছে। কারণ তারা উভয়ে বলেছেন যে, উমার এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

٢٨٩. (مَنْ قَرَأُ سُوْرَة الْوَاقِعَةِ فِي كُلِّ لَيْلَةٍ؛ لَمْ تُصِيبُهُ قَاقَةَ أَبَدًا).

২৮৯। যে ব্যক্তি প্রতি রাতে সূরা আল-ওয়াকে'য়াহ পাঠ করবে, তাকে কখনও অভাব (কুখা) গ্রাস করবে না।

रामीमि पूर्वन।

এটি হারিস ইবনু আবী উসামা তার "মুসনাদ" গ্রন্থে (১৭৮), ইবনুস সুন্নী "আমালুল ইয়াউম ওয়াল লাইলাহ" গ্রন্থে (নং ৬৭৪), ইবনু লাল তার "হাদীস" গ্রন্থে (১/১১৬), ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২০/৩৮/১) এবং বাইহাক্বী "আশ-শুশ্বাব" গ্রন্থে বর্ণনা করেছেন। তারা সকলেই আবু শুযা সূত্রে আবৃ তায়বাহ হতে...বর্ণনা করেছেন।

এটির সনদ দুর্বল। যাহাবী বলেন ঃ আবৃ শুয়াকৈ চেনা যায় না এবং আবৃ তায়বাহ মাজহল।

এছাড়া হাদীসটির সনদে তিন দিক থেকে ইযতিরাব সংঘটিত হয়েছে। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে এ আবৃ শুযা'র জীবনী বর্ণনা করতে গিয়ে তার বিবরণ দিয়েছেন।

যায়লা'ঈ উল্লেখ করেছেন হাদীসটি কয়েকটি দিক খেকে দোষণীয় ঃ

১। এটির সনদে রয়েছে বিচ্ছিন্নতা, যেমনভাবে দারাকুতনীসহ অন্যরা তার বিবরণ দিয়েছেন।

২। হাদীসটির মতনে (ভাষায়) রয়েছে দুর্বোধ্যতা, যেমনভাবে ইমাম আহমাদ উল্লেখ করেছেন।

- ৩। হাদীসটির বর্ণনাকারীগণ দুর্বল, যেরূপ ইবনুল জাওয়ী বলেছেন।
- ৪। এছাড়া ইযতিরাব রয়েছে।

এটি দুর্বল ইওয়ার ব্যাপারে ইমাম আহমাদ, আবৃ হাতিম, ইবনু আবী হাতিম, দারাকুতনী, বাইহাঝ্বী এবং অন্যরাও একমত হয়েছেন।

মানাবী "আত-তায়সীর" গ্রন্থে বলেন ঃ হাদীসটি মুনকার।

٢٩٠. (مَنْ قَرَا سُوْرَة (الْوَاقِعَةِ) كُلَّ لَيْلَةٍ؛ لَمْ تُصِيبُهُ قَاقَةَ ابَداً، وَمَنْ قَرَا كُلَّ لَيْلَةٍ؛ لَمْ تُصِيبُهُ قَاقَةَ ابَداً، وَمَنْ قَرَا كُلِّ لَيْلَةٍ: (لاَ أَقْسِمُ بِيَوْمُ الْقَيَامَةِ)؛ لَقِيَ اللهَ يَوْمَ الْقَيَامَةِ وَوَجْهُهُ فِي صُوْرَةِ الْقَمَرِ لَيْلَةِ الْبَدر).

২৯০। যে ব্যক্তি প্রতি রাতে সূরা আল-ওয়াকে'য়াহ পাঠ করবে; তাকে কখনও অভাব (কুধা) গ্রাস করবে না। যে ব্যক্তি প্রতি রাতে লা-উকসেমু বে-ইওরাওমিল কিয়ামাহ পাঠ করবে; সে কিয়ামত দিবসে আল্লাহর সাথে এমতাবস্থায় মিলিত হবে যে, তার চেহারা পূর্ণিমা রাতের চাঁদের ন্যায় উচ্জল থাকবে।

#### रामीमिं छान ।

এটি দাইলামী আহমাদ ইবনু উমার ইয়ামানী সূত্রে নিজ সনদে বর্ণনা করেছেন।

হাদীসটি সুয়্তী "যায়লুল আহাদীসিল মাওযু'আহ" গ্রন্থে (১৭৭) উল্লেখ করে বলেছেন ঃ আহমাদ ইয়ামামী মিথ্যুক।

٢٩١. (مَنْ قَرَا سُوْرَة (الْوَاقِعَةِ وَ تُطَمَهَا؛ لَمْ يُكْتُبُ مِنَ الْغَافِلِيْنَ، وَلَمْ
 يَقْتَقِرْ هُوَ وَأَهْلُ بَيْتِهِ).

২৯১। যে ব্যক্তি সুরা আল-ওয়ার্কেয়াহ পাঠ করবে এবং তা শিক্ষা গ্রহণ করবে, তাকে গাফেলদের অন্তর্ভুক্ত লিখা হবে না এবং সে ও তার বাড়ীর সদস্যরা অভাক্যস্ত হবে না।

### হাদীসটি জাল।

এটি সুমৃতী "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (১৭৭) আবুশ শাইখ-এর বর্ণনা হতে তার নিজ সনদে আব্দুল কুদ্দুস ইবনু হাবীব হতে ...উল্লেখ করে বলেছেনঃ আব্দুল কুদ্দুস ইবনু হাবীব মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ আব্দুর রায্যাক বলেন ঃ আমি ইবনুল মুবারাককে এ আব্দুল কুদ্দুস ব্যতীত অন্য কাউকে স্পষ্টভাবে মিথ্যুক ৰলতে শুনিনি। ইবনু হিব্বান স্পষ্টই বলেছেন ঃ তিনি হাদীস জাল করতেন। ٢٩٢. (أمَّا ظَلْمَةُ اللَّيْلُ وَضَوْءَ الشَّهَارِ؛ قَإِنَّ الشَّمْسَ إِذَا سَقَطَتْ تَحْتَ النَّهَارِ فَإِنَّ الشَّمْسَ إِذَا سَقَطَتْ تَحْتَ النَّارُضِ؛ قَاظَلَمَ اللَّيْلَ لِذَلِكَ، وَإِذَا أَضَاءَ الصَّبْحُ؛ ابتُدَرَهَا سَبَعُونَ القَ مَلْكِ وَهِيَ تَقَاعَسَ كَرَاهِيَةً أَنْ تُعْبَدَ مِنْ دُونُ اللهِ حَتَّى تَطَلْعَ، قَتْضِيءَ، قَيَطُولُ الثَّهَارُ يطول مَكْثِهَا، قَيَسْدُنُ الْمَاءُ لِذَلِكَ، وَإِذَا كَانَ الصَيِّفُ؛ قَلَّ مَكْثُهَا، قَبَرُدَ الْمَاءُ لِذَلِكَ.

وَأَمَّا الْجَرَادُ؛ قَائِمُهُ تُثْرَهُ حُوْتٍ فِي الْبَحْرِ؛ يُقالُ لَهُ: (الإِيْوَانُ)، وَقَيْهِ يَهْلِكُ.

وَأُمَّا مَنْشَأَ السَّحَابِ؛ قَائِنَهُ يَنْشَأَ مِنْ قِبَلِ الْخَافِقِيْنِ، وَمِنْ بَيْنَ الْخَافِقِيْنِ ثُلْجِمُهُ الصَّبَا وَالْجَنُونِ،

وَأَمَّا الرَّعْدُ؛ قَائِمُهُ مَلَكٌ بِيَدِهِ مِخْرَاقً، يُدُنِي القاصِية، يُؤخِّرُ الدَّانِيَة، قَادَا رَقْعَ بَرِقَتْ، وَإِدَّا ضَرَبَ صَعَقَتْ.

وَأُمَّا مَا لِلرَّجُلِ مِنَ الْوَلَدِ وَمَا لِلْمَرْأَةِ؛ فَإِنَّ لِلْرَجْلِ الْعِظَامِ، وَالْعُرُوثَى، وَالْمَسْتُمْ، وَالشَّعْرَ.

وَأَمَّا الْبَلَدُ الْأَمِينُ؛ فَمَكَّةً).

২৯২। রাতের অন্ধকার আর দিনের আলো; যখন সূর্য যমীনের নীচে চলে যায় তখন তার কারণে রাত অন্ধকার হয়ে যায়। যখন সকাল আলোকিত হয় তখন সন্তর হাজার ক্ষেরেশতা তার (সূর্বের) দিকে অর্থগামী হয়, এমতাবস্থায় রাত পিছনে পড়ে যায় আল্লাহ ব্যতীত অন্য কারো ইবাদাত করাকে অপছন্দ করে, সূর্যোদয় হয়ে আলো ছড়ানো পর্যন্ত। ফলে দিন দীর্ঘ হয় তার দীর্ঘ অবস্থান ঘারা এবং তার কারণে পানি গরম হয়ে যায়। যখন গ্রীম্মকাল হয়় তখন তার অবস্থানের সময় কমে যায়, যার জন্য পানি ঠাতা হয়ে যায়।

গলদা চিংড়ি; সেটি হচ্ছে সামুদ্রিক মাছের লৌহ বস্ত্রধারী মাছ। তাকে বলা হয় ঈওয়ান (প্রাসাদ), তাতেই সে ধ্বংস হয়ে যায়।

মেঘমালার উৎস স্থল; তা উৎপন্ন হয় পূর্ব-পশ্চিমের দূই প্রান্তের দিক থেকে এবং দূই প্রান্তের সম্মুখ হতে। তাকে লাগাম লাগিয়ে দেয় পশ্চিমা এবং দক্ষিণা হাওয়া এবং তার পিছু ধাওয়া করে উত্তরের এবং পূর্বের দিকের হাওয়া।

মেঘের গর্জন; সে এক কেরেশতা যার হাতে রয়েছে একটি আঁচড়ানী সে দূরবর্তীকে নিকটে আনে এবং নিকটবর্তীকে দূরে সরিয়ে দের। সে যখন তাকে উঁচু করে তখন বিদ্যুৎ চমকায়, যখন ধমকায় তখন গর্জন করে এবং যখন প্রহার করে তখন বছ্রপাত করে। সম্ভানের কোন কোন অংশ পুরুষের আর কোন কোন অংশ নারীক্ত পুরুষের হচ্ছে হাড়, ঘাম ও মানসিক শক্তি আর নারীর হচ্ছে গোশত, রক্ত ও চুল।

নিরাপদ শহর হচ্ছে মাকা।

হাদীসটি বাতিল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/১৮৮/২/৭৮৯১) মুহাম্মাদ ইবনু আন্দির রহমান সুলামী সূত্রে আবৃ ইমরান হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ ইবনু জুরায়েজ হতে আবৃ ইমরান হাররানী ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। মুহাম্মাদ ইবনু আন্দির রহমান সুলামীও এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি (মুহাম্মাদ) তার শাইখ-এর ন্যায় মাজহুল। হায়সামী বলেন ঃ

যাহাবী আবৃ ইমরানের জীবনীতে এ হাদীসটি উল্লেখ করেছেন অথচ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন এমন কথা কোন ব্যক্তি হতে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ এরূপ হাদীস বর্ণনা করাই তার দুর্বল হওয়ার জন্য যথেষ্ট। যাহাবী তার জীবনীতে বলেন ঃ এ খবরটি বাতিল। আবৃ ইমরান হতে বর্ণনাকারী মাজহুল। তার নাম মুহাম্মাদ ইবনু আব্দির রহমান সুলামী।

হাফিয ইবনু হাজার তার এ বক্তব্যকে "দিসানুদ মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।

٢٩٣. (وُكُلُ بِالشَّمْسِ تِسْعَةُ أَمْلاكِ؛ يَرْمُونَهَا بِالثَّلَجِ كُلُّ يَوْمٍ، لَوْلا دُلِكَ؛ مَا أَنَتْ عَلَى شَيْءٍ إِلاَ أَحْرَقَتُهُ).

২৯৩। সূর্যের ব্যাপারে দায়িত্ব অর্পিত হয়েছে নয়জন ফেরেশতার উপর। তারা তার (সূর্যের) উপর প্রতিদিন বরফ নিক্ষেপ করছে। যদি এরূপ না হতো তাহলে সূর্য যে বস্তুর উপরই আসত তাকেই সে পুড়িয়ে দিত।

#### ্হাদীসটি জাল।

এটি ইবনু আদী (২/২৩০) এবং তার থেকে ইবনুল জাওয়ী "আল-ওয়াহিয়াত" গ্রন্থে (১/৩৪), তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৮/১৯৭/ ৭৭০৫), আবৃ হাফস আল-কিনানী "আল-আমালী" গ্রন্থে (১/৯/২) ও আরো অনেকে আফীর ইবনু মি'দান হতে, তিনি সুলায়মান ইবনু আমের হতে ...বর্ণনা করেছেন।

আল-কারী, ইবনু আদী ও ইবনুল জাওয়ী বলেছেন ঃ হাদীসটি গারীব। আফীর ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন কিনা জানি না। [গারীবের ব্যাখ্য দেখুন (৫৪) পৃষ্ঠায়]।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ নিতান্তই দুর্বল, যেমনভাবে হায়সামী (৮/১৩১) বলেছেন।

হাদীসটি সনদের দিক দিয়ে অত্যন্ত দুর্বল। হাদীসটির মতন (ভাষা) জাল হওয়ার ব্যাপারে আমার কোন সন্দেহ নেই। কারণ এটি ইসরাইলী বর্ণনার সাথেই বেশী সাদৃশ্যপূর্ণ।

এটির সনদের আরেক বর্ণনাকারী মাসলামা ইবনু আলী খুশানী সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি দুর্বল, মুহাদ্দিসগণ তার হাদীসকে মাতরূক বলেছেন এবং তার হাদীসকে ইনকার করেছেন। তার সম্পর্কে ইয়াহ্ইয়া বলেন ঃ তিনি কিছুই না। নাসাঈ বলেন ঃ তিনি মাতরূক।

এছাড়া ইলমুল ফালাকের মধ্যে যা সাব্যস্ত হয়েছে তা তার বিরোধী। ইলমে ফালাকে বলা হয়েছে সূর্য যমীন হতে বহু দূরে থাকার কারণে কিছু পুড়ে না। বলা হয়েছে একশত পঞ্চাশ মিলিয়ন কিঃ মিঃ দূরত্বে তার অবস্থান।

আবৃ উমামা হতে মওকৃফ হিসাবেও হাদীসটি বর্ণিত হয়েছে। তবুও সেটি দুর্বল।

٢٩٤. (الأرضُ عَلَى الْمَاءِ، وَالْمَاءُ عَلَى صَدْرَةٍ ، وَالصَّدْرَةُ عَلَى ظَهْرِ حُونْتٍ يَلْتَقِي حَرِقَاهُ بِالْعَرْشِ، وَالْحُونْتُ عَلَى كَاهِلِ مَلْكِ قَدَمَاهُ (فِي) الْهَوَاءِ).

২৯৪। যমীন হচ্ছে পানির উপর, পানি একটি পাথরের উপর আর পাথর হচ্ছে এমন একটি মাছের পিঠের উপর যার দু'চোয়াল আরশের সাথে মিলিত হয়েছে এবং মাছটি এক ফেরেশতার স্কন্ধের উপর যার দু' পা বাতাসে।

### रामीमिं छान।

এটি হায়সামী (৮/১৩১) ইবনু উমার (ఉ)-এর হাদীস হতে মারফ্' হিসাবে উল্লেখ করে বলেছেন ঃ এটি বায্যার তার শাইখ আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনে শাবীব হতে বর্ণনা করেছেন। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি "আল-মীযান" ও "লিসানুল মীযান" গ্রন্থ সহ অন্য কোন গ্রন্থেও দেখছি না। বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি পূর্বেরটির ন্যায় ইসরাইলী বর্ণনা।

অতঃপর আমি দেখতে পেলাম হাদীসটি ইবনু আদী (১/১৭৫) মুহাম্মাদ ইবনু হারব সূত্রে সা'ঈদ ইবনু সিনান হতে, তিনি আবু্য যাহেরিয়া হতে ...বর্ণনা করে বলেছেন ঃ

এটি সা'ঈদ ইবনু সিনান হিমসী কর্তৃক বর্ণিত। বিশেষ করে আবুয যাহেরিয়া হতে তার বর্ণিত হাদীস নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছি ঃ তিনি নিতান্তই দুর্বল বরং জুযজানী তার সম্পর্কে বলেন ঃ আমার ভয় হচ্ছে যে, তার হাদীসগুলো জাল।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার হাদীসগুলো উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

আমি অন্য একটি সূত্র পেয়েছি যেটি ইবনু মান্দা "আত-তাওহীদ" বিক্ (২/২৭) আব্দুল্লাহ ইবনু সুলায়মান আত-তাবীল হতে, তিনি দাররাজ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ দাররাজ বহু মুনকারের অধিকারী। তার কিছু মুনকার পূর্বে আলোচিত হয়েছে। আব্দুল্লাহ ইবনু সুলায়মানের মুখস্থ বিদ্যায় ত্রুটিছিল। তিনি অথবা তার শাইখ ভুল করেছেন। যেখানে মওকৃষ্ণ হবে সেখানে মারষ্ট্ হিসাবে চালিয়ে দিয়েছেন।

ইবনু মান্দা ইবনু আব্বাস (ఉ) হতে মওকৃফ হিসাবে হাদীসটি উল্লেখ করেছেন। এ সনদটি সহীহ। মওকৃফ হওয়াটাই প্রমাণ করছে যে, এটি ইসরাইলী বর্ণনা।

এছাড়া আমার নিকট বায্যার কর্তৃক বর্ণিত সনদের বাস্তবতা প্রকাশিত হয়েছে। তাতে বায্যার বলেন ঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে সা'ঈদ ইবনু সিনান।

তিনি হচ্ছেন মিথ্যার দোষে দোষী ব্যক্তি।

বর্ণনাকারী হিসাবে হায়সামী যে আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনে শাবীবকে উল্লেখ করেছেন, প্রকৃত পক্ষে এরূপ বর্ণনাকারী পাওয়া যাচ্ছে না। তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু শাবীব। যার মুতাবা'য়াত ইবনু আদীর নিকট পাওয়া যাচ্ছে।

٢٩٥. (مَنْ قَرَأ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) مِئِتَىٰ مَرَّةٍ؛ عُفِرَتْ لهُ ثُنُونِهُ مِئِتَىٰ سَنَةً).

২৯৫। যে ব্যক্তি কুল-ছ আল্লাহ আহাদ সূরা দু'শত বার পাঠ করবে, তার দু'শত বছরের গুনাহ ক্ষমা করে দেয়া হবে।

হাদীসটি মুনকার।

এটি ইবনু যুরায়েস "ফাযায়েলুল কুরআন" গ্রন্থে (৩/১১৩/১), খাতীব বাগদাদী (৬/১৮৭), ইবনু বিশরান (১২/৬২) ও বাইহাক্বী "আশ-শু'য়াব" গ্রন্থে (১/২/৩৫/১-২) হাসান ইবনু আবী জা'ফার আল-জা'ফারী সূত্রে সাবেত আল-বুনানী হতে ...বর্ণনা করেছেন।

এটির সনদ নিতান্তই দুর্বল।

হাসান ইবনু জা'ফার সম্পর্কে যাহাবী বলেন ঃ তাকে ইমাম আহমাদ ও নাসাঈ দুর্বল আখ্যা দিয়েছেন। বুখারী এবং ফাল্লাস তাকে মুনকারুল হাদীস বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ কিন্তু তিনি এককভাবে এটি বর্ণনা করেননি। সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (১/২৩৯) বলেছেন ঃ বায্যার সাবেত হতে আগলাব ইবনু তামীম সূত্রে বর্ণনা করেছেন। মুখস্থ বিদ্যায় ক্রটির দিক দিয়ে তিনি হাসানের ন্যায়। ইবনু যুরায়েস ও বাইহাক্বী সাবেত হতে সালেহ্ আল-মিররী সূত্রে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সালেহ্ হচ্ছেন ইবনু বাশীর আয-যাহেদ। তার সম্পর্কে ইমাম বুখারী ও ফাল্লাস বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

মোটকথা হাদীসটি তিনটি সূত্রেই অত্যন্ত দুর্বল। একটি দ্বারা অন্যটির দুর্বলতাকে দূর করার মত নয়। অর্থটিও আমার নিকট মুনকার, কারণ ফ্যীলতের ক্ষৈত্রে অতিরঞ্জিত করা হয়েছে।

٢٩٦. (إِنَّ اللهَ لَيْسَ بِتَارِكِ أَحَدا مِنَ الْمُسْلِمِيْنَ صَبَيْحَةَ أُولَ يَوْمَ مِنْ شَهَرَ رَمَضَانَ؛ إِلاَّ عَقْرَ لَهُ).

২৯৬। নিশ্যর আল্লাহ্ কোন মুসলিমকে রমাযান মাসের প্রথম দিবসের প্রত্যুক্তে ক্ষমা না করে ছাড়েন না।

# श्मीत्रिष्ठ खान।

এটি খাতীব বাগদাদী (৫/৯১) এবং তার থেকে ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/১৯০) সালাম আত-তাবীল সূত্রে যিয়াদ ইবনু মায়মূন হতে বর্ণনা করেছেন।

এটির সনদটি মাওযূ' (বানোয়াট)।

সালাম আত-তাবীলকে একাধিক ব্যক্তি মিথ্যুক এবং জাল করার দোষে দোষী করেছেন।

তার শাইখ যিয়াদ ইবনু মায়মূন স্বস্বীকৃত হাদীস জালকারী।

ইবনুল জাওয়ী বলেন ঃ হাদীসটি সহীহ্ নয়। সালাম মাতরূক এবং যিয়াদ মিপ্যুক।

সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (২/১০১) তার সমালোচনা করে বলেছেন ঃ এটির অন্য সূত্রও রয়েছে।

অতঃপর নিম্নের হাদীসটি উল্লেখ করেছেন অথচ সেটিও জাল।

٢٩٧. (إِنَّ اللهَ لَيْسَ بِتَارِكِ أَحَدًا مِنَ الْمُسْلِمِيْنَ يَوْمَ الْجُمُعَةِ إِلَّا عَقْرَ لَهُ).

২৯৭। নিক্তর আল্লাহ্ কোন মুসলিমকে জুম'আর দিবসে ক্ষমা না করে ছাড়েন না।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল আওসাঁত" গ্রন্থে (৪৮-৪৯) ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (১৪৭) এবং ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২৪/২৯০) মুফায্যাল ইবনু ফুযালা হতে বর্ণনা করেছেন, তিনি আবু উরওয়া বাসরী হতে, তিনি যিয়াদ আবু আন্মার হতে বর্ণনা করেছেন। ইবনুল আ'রাবী বলেছেন ঃ যিয়াদ ইবনু মায়মূন হতে …।

যিয়াদ আন-নুমায়রী হচ্ছেন ইবনু আন্দিল্লাহ বাসরী। তার কুনিয়াত আবু আন্দার হিসাতে আন্দার হিসাতে আন্দার হিসাতে আন্দার হিসাতে মিলছে। ইবনুল আ'রাবী স্পষ্টভাবেই বলেছেন ঃ এ ব্যক্তি যিয়াদ ইবনু মায়মূন। তিনি স্বস্বীকৃত হাদীস জালকারী।

যাহাবী বলেন ঃ যিয়াদ ইবনু মায়মূন আস-সাকাফীকেই বলা হয় যিয়াদ আবৃ আন্মার বাসরী এবং যিয়াদ ইবনু আবী হাস্সান। যার সম্পর্কে ইয়াযীদ ইবনু হারূণ বলেন ঃ তিনি ছিলেন মিথ্যুক। অতঃপর তার কতিপয় মুনকার হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

এছাড়া আবৃ উরওয়া বাসরী হচ্ছেন মা'মার অর্থাৎ ইবনু রাশেদ। তিনি আব্দুর রায্যাকের শাইখ। যদিও তার কুনিয়াত আবৃ উরওয়া তবুও আমি পাচ্ছি না যে, সেই এ সনদে। হাফিয যাহাবী এবং ইবনু হাজার ইঙ্গিত দিয়েছেন যে, সে এ সনদে নেই। তারা "আল-মীযান" ও "লিসানুল মীযান" গ্রন্থে বলেন ঃ আবৃ উরওয়া যিয়াদ ইবনু ফুলান হতে মাজহুল বর্ণনাকারী, তার শাইখও অনুরূপ।

আমি (আলবানী) বলছি ঃ এ যিয়াদ হচ্ছেন মিথ্যুক যিয়াদ ইবনু মায়মূন। তার সম্পর্কে পূর্বের হাদীসে আলোচনা হয়েছে।

ওয়াহেদী কর্তৃক তার "আত-তাফসীর" গ্রন্থের (৪/১৪৫/১) বর্ণনাতেও যিয়াদ ইবনু মায়মূনকেই সনদে উল্লেখ করা হয়েছে।

ইবনু আসাকিরের বর্ণনাতে যিয়াদ আল-ওয়াসেতীর কথা বলা হয়েছে। সেও এ যিয়াদ ইবনু মায়মূন। অতএব হাদীসটির কোন সনদই এ স্বস্বীকৃত জালকারী হতে মুক্ত নয়।

٧٩٨. (سُبْحَانَ اللهِ مَادَا تَسْتَقْبِلُونَ، وَمَادَا يُسْتَقْبِلُ يِكُمْ؟ قَالَهَا ثَلاَثًا، فَقَالَ عُمَرُ: يَا رَسُولَ اللهِ! وَحْيِّ نْزَلَ، أَوْ عَدُوِّ حَضَرَ؟ قَالَ: لا، ولَكِنَّ اللهَ يَغْفِرُ فِي أُولِ لِيلَةٍ مِنْ رَمَضَانَ لِكُلُّ أَهْلِ هَذِهِ الْقَبِلَةِ. قَالَ: وَفِي تَاحِيةِ الْقَوْمِ رَجُلٌ يَهُزُ وَلَي لِيلَةٍ مِنْ رَمَضَانَ لِكُلُّ أَهْلِ هَذِهِ الْقَبِلَةِ. قَالَ: وَفِي تَاحِيةِ الْقَوْمِ رَجُلٌ يَهُزُ رَأْسَهُ؛ يَقُولُ: بَحْ بَحْ، فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَى الله عَلَيْهِ وَسَلَمَ: كَاثَلُكَ ضَاقَ صَدَرُكَ مَمَا اللهِ عَلَيْهِ وَسَلَمَ: كَاثَلُكَ ضَاقَ صَدَرُكَ مَمَا اللهِ يَا رَسُولَ اللهِ! وَلَكِنْ دُكَرْتَ الْمُنَافِقِيْنَ، فَقَالَ النَّبِيُ صَلَى الله عَلَيْهِ وَسِلَمَ: إِنَّ الْمُنَافِقَ كَافِرٌ، ولَيْسَ لِكَافِر فِي دَا شَيْءً).

২৯৮। সুবহানাল্লাহ তোমরা কোন বস্তুকে অভ্যার্থনা জ্ঞানাবে এবং কোন বস্তুকে তোমাদের সম্মুখবর্তী করা হবে? তিনি বাক্যটি তিনবার বললেন। অতঃপর উমার (﴿﴿﴿﴿﴿﴾) বললেন ঃ হে আল্লাহর রসূল! অহী নাযিল হয়েছে নাকি দুশমন উপস্থিত হয়েছে? তিনি বললেন ঃ না, কিম্তু আল্লাহ্ এ কেবলাবাসীদের সকলকে রমাযান মাসের প্রথম রাতেই ক্ষমা করে দিবেন। (বর্ণনাকারী বলেন ঃ) মজলিসের একধারে এক ব্যক্তি তার মাথা নাড়াচ্ছিল এবং বলছিল ঃ যথেষ্ট হয়েছে যথেষ্ট হয়েছে। নাবী

(勝) তাকে বললেন ঃ এ কথা শুনে সম্ভবত তোমার হৃদয় সংকীর্ণ হয়ে গেছে? সে বলল ঃ আল্লাহর কসম তা না হে আল্লাহর রসূল! তবে আমি মুনাফেকদের ব্যাপারে বলছি। নাবী (緣) বললেন ঃ মুনাফেক হচ্ছে কাফের আর কাফেরের জন্য তাতে কোন অংশ নেই।

## হাদীসটি মুনকার।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/৯৭/১), আবৃ তাহের আম্বারী তার "আল-মাশীখা" গ্রন্থে (১৪৭/১-২) ও আরো অনেকে আম্র ইবনু হামযা আল-কায়সী আবৃ উসায়েদ হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ আনাস (ఉ) হতে শুধুমাত্র এ সনদেই হাদীসটি বর্ণিত হয়েছে। আম্র এককভাবে এটি বর্ণনা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলীল মাসনৃ'য়াহ" গ্রন্থে (২/১০১) পূর্বের হাদীসটির শাহেদ হিসাবে এটিকে উল্লেখ করেছেন, অতঃপর চুপ থেকেছেন! কারণ এ আম্র ইবনু হামযাকে দারাকুতনীসহ অন্যরা দুর্বল বলেছেন। বুখারী ও উকায়লী তার সম্পর্কে বলেন ঃ তার হাদীসের অনুসরণ করা যাবে না। অতঃপর উকায়লী তার দু'টি হাদীস উল্লেখ করেছেন, এটি সে দু'টির একটি। অতঃপর বলেছেন ঃ এ দু'টির অনুসরণ করা যায় না।

অন্য এক বর্ণনাকারী খালাফ আবৃর রাবী হচ্ছেন মাজহুল [অপরিচিত]। তিনি খালাফ ইবনু মিহরান নন। বুখারী ও ইবনু আবী হাতিম উভয়ের মধ্যে পার্থক্য করেছেন। তিনি (ইবনু আবী হাতিম) খালাফ ইবনু মিহরানকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। অতঃপর আবৃর রাবী র জীবনী উল্লেখ করেছেন। কিন্তু তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলেননি।

ইবনু খুযায়মা তার "সহীহাহ্" গ্রন্থে এ হাদীসটিকে দুর্বল হিসাবে ইঙ্গিত দিয়েছেন, যা মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (২/৬৩) উল্লেখ করেছেন।

ইবনু খুযায়মা বলেন ঃ আমি খালাফ আবৃর রাবী' এবং আম্র ইবনু হামযাকে (ভাল না মন্দ এ হিসাবে) চিনি না।

মোটকথা এ দুই মাজহূল বর্ণনাকারী এককভাবে বর্ণনা করার কারণে হাদীসটি আমার নিকট মুনকার।

٢٩٩. (إذا كَانَ أُولُ لَيْلَةً مِنْ شَنَهْرِ رَمَضَانَ؛ نَظْرَ اللهُ عَزَّوَجَلَّ إلى خَلْقِهِ،
 وَإِذَا نَظْرَ اللهُ عَزُّوَجَلَّ إلى عَبْدِهِ؛ لَمْ يُعَدَّبْهُ أَبَداً، وَاللهِ عَزَّ وَجَلَّ فِي كُلِّ لَيْلَةً الْفُ أَلْف عَيْفِه مِنَ النَّار).

২৯৯। যখন রমাযান মাসের প্রথম রাতের আগমন হয়, তখন আল্লাহ তাঁর সৃষ্টির দিকে দৃষ্টি দেন। যখন আল্লাহ তার বান্দার দিকে দৃষ্টি দেন, তখন তাকে আর কখনও শান্তি দেন না এবং আল্লাহর উপর প্রতি রাতে দশ শক্ষ জনকে **জাহানা**ম হতে মুক্তি দেয়া অপরিহার্য হয়ে যায়।

### হাদীসটি জাল।

এটি ইবনু ফানজুবিয়া "মাজলিসুম মিনাল আমালী ফি ফাযলে রমাযান" গ্রন্থে এবং আবুল কাসিম আসবাহানী "আত-তারগীব" গ্রন্থে (কাফ ১/১৮০) হাম্মাদ ইবনু মুদরিক হতে, তিনি হাদীসটি উসমান ইবনু আব্দিল্লাহ শামী হতে বর্ণনা করেছেন।

যিয়া মাকদেসী "আল-মুখতারা" গ্রন্থে (১০/১০০/১) বর্ণনা করে বলেছেন ঃ হাদীসটি বর্ণনা করার ক্ষেত্রে উসমান ইবনু আধিল্লাহ শামী মিখ্যার দোষে দোষী।

ইবনুল জাওয়ীও তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ এটি জাল। এটির সনদে একাধিক মাজহুল ব্যক্তি রয়েছেন। উসমান মিথ্যার দোষে দোষী, জালকারী।

সুরূতীও "আন-নাআনী" গ্রন্থে (২/১০০-১০১) তাঁর এ কথাকে সমর্থন করেছেন। ۲۰۰۰. (مَنْ قَرَأ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) مِئتَىٰ مَرَّةٍ؛ كَتَّبَ اللهُ لَهُ الْفَا وَخَمْسَ مِنَةٍ حَسَنَةٍ؛ إِلاَّ أَنْ يَكُونَ عَلَيْهِ دَيْنٌ).

৩০০। যে ব্যক্তি দু'শত বার কুল-ছ্-আল্লান্থ আহাদ পাঠ করবে, যদি তার উপর কোন ঋণ না থাকে, তাহলে আল্লান্থ তার জন্য এক হাজার পাঁচশত সাওয়াব লিখে দেন।

#### হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/৮৪৮-৮৪৯) এবং তার থেকে বাইহাক্বী "গু'য়াবুল ঈমান" গ্রন্থে (১/২/৩৫/২) এবং খাতীব বাগদাদী (৬/২০৪) আবুর রাবী' আয-যাহরানী সূত্রে হাতিম ইবনু মায়মূন হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। এ হাতিম সম্পর্কে ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/২৭০) বলেন ঃ

তিনি মুনকারুল হাদীস। তিনি সাবেত হতে এমন কিছু বর্ণনা করেছেন যা তার হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ নয়। কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ করা জায়েয হবে না।

ইমাম বুখারী বলেন ঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন।

হাদীসটি ইবনুল জাওয়ী তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/২৪৪) খাতীব বাগদাদীর সত্র হতে উল্লেখ করে বলেছেন ঃ

এটি বানোয়াট। হাতিম দ্বারা কোন অবস্থাতেই দলীল গ্রহণ করা যাবে না।

হাদীসটি ইমাম তিরমিয়ী এবং ইবনু নাসর "কিয়ামুল লায়ল" গ্রন্থে (পৃ৬৬) হাতিম ইবনু মায়মূন হতেই বর্ণনা করেছেন, তবে ভাষায় পার্থক্য রয়েছে। তাতে বলা হয়েছে, যে ব্যক্তি দু'শত বার পাঠ করবে তার পঞ্চাশ বছরের গুনাহ ক্ষমা করে দেয়া হবে...।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি গারীব অর্থাৎ দুর্বল। এ জন্য ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে বলেছেন ঃ হাদীসটির সনদ দুর্বল।

আমি (আলাবনী) বলছি ঃ পূর্বে আলোচনাকৃত হাতিম ইবনু মায়মূন দ্বারা কোন অবস্থাতেই দলীল গ্রহণ করা হালাল হবে না, যেমনটি বলেছেন ঃ ইবনু হিবান। ইবনুল জাওযী তার এ হাদীসটিকে "আল-মাওয্'আত" গ্রন্থে পূর্বের বাক্যে একই সূত্রে উল্লেখ করেছেন।

এছাড়া দারেমীও এটি (২/৪৬১) মুহাম্মাদ আল-ওতা সূত্রে উম্মে কাসীর আনসারিয়া হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তাদের উভয়কেই আমি চিনি না। (অর্থাৎ তারা উভয়েই মাজহুল)।

ইবনু কাসীর বলেছেন ঃ এটির সনদ দুর্বল।

এ হাদীসটিও মুনকার যেমনভাবে আলোচনা করা হয়েছে ২৯৫ নং হাদীসে।

(مَنْ قَرَا ﴿ قُلْ هُوَ اللّهُ أَحَدً ﴾ فِي مَرَضِهِ الّذِيْ يَمُونَتُ فِيْهِ لَمْ يُقْتَنْ فِي قَبْرهِ، وَأَمِنَ مِنْ ضَمَعْلَةً القَبْر، وَحَمَلَتْهُ الْمَلاَئِكَةُ يَوْمَ الْقَيَامَةِ بِأَكُفَّهَا حَتَّى تُجِيْزَهُ مِنْ الصَّرَاطِ إلى الْجَنَّةِ).

৩০১। যে ব্যক্তি কুল-ছ্-আল্লাহ আহাদ তার সেই রোগের মধ্যে পাঠ করবে যাতে তার মৃত্যু হবে, তার কবরে তাকে ফেতনায় (প্রশ্নোন্তরে) পড়তে হবে না। সে কবরের চাপ খাওয়া হতে নিরাপদ থাকবে এবং ফেরেশতারা কিয়ামত দিবসে তাকে (হাতের) তালু ধারা বহন করে পুল সিরাত অতিক্রম করিয়ে জান্লাতে প্রবেশ করাবে।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/৫৪/২/৫৯১৩) ও আবৃ নু'য়াইম (২/২১৩) আবৃ হারিস নাসর ইবনু হাম্মাদ আল-বালখী সূত্রে মালেক ইবনু আন্দিল্লাহ আযদী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ বানোয়াট। এ নাসর মিথ্যার দোষে দোষী। তিনি এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, যেমনভাবে তাবারানী বলেছেন।

তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যুক।

তার শাইখ মালেক ইবন আব্দিল্লাহ আযদীকে আমি চিনি না।

٣٠٢. (كُنْتُ نبياً وَآلَهُ بَيْنَ الْمَاءِ وَالطَّيْنِ).

৩০২। আমি সে সময়েও নাবী ছিলাম যখন আদম পানি এবং মাটিক ক্লাৰে ছিলেন।

হাদীসটি জাল। নিম্নের হাদীসটিও এটির ন্যায় ঃ

٣٠٣. (كُنْتُ نبياً وَلا آنَمَ وَلا مَاءَ وَلا طِيْنَ).

৩০৩। যখন আদম ছিলেন না, পানি ও মাটি ছিল না তখনও আমি নাবী ছিলাম।

### रामी अपि कान।

এটি এবং পূর্বেরটিকে সুয়ূতী ইবনু তাইমিয়্যার উদ্ধৃতিতে "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ২০৩) উল্লেখ করেছেন এবং তিনি তার বক্তব্যকে সমর্থন করেছেন।

ইবনু তাইমিয়্যা "বাকরীর প্রতিবাদ" গ্রন্থের মধ্যে (পৃ: ৯) বলেছেন ঃ কুরআন ও হাদীসের মধ্যে এমনকি সুস্থ বিবেকেও এটির কোন ভিত্তি নেই। কোন মুহাদ্দিসই এটিকে উল্লেখ করেননি। এটির অর্থও বাতিল। কারণ আদম (আ:) কখনও পানি এবং মাটির মাঝে ছিলেন না। কারণ তীন (طُين) হচ্ছে পানি ও মাটি। বরং তিনি ছিলেন দেহ এবং রূহের মাঝে।

পথ ভ্রষ্টরা ধারণা করে যে, নাবী (ﷺ) সে সময় উপস্থিত ছিলেন এবং তার সন্তা সকল সন্তার পূর্বে সৃষ্টি করা হয়েছিল। তারা মিখ্যা হাদীস দ্বারা তার প্রমাণ উপস্থাপন করে থাকে। যেমন তাদের একটি বানোয়াট হাদীস হচ্ছেঃ 'তিনি নূর হিসাবে আরশের আশে-পাশে ছিলেন। তিনি বললেন ঃ হে জিবরীল। আমি সেই নূর ছিলাম।' তাদের কেউ আবার দাবী করে যে, নাবী (ﷺ)-এর নিকট জিবরীল আসার পূর্বেই তিনি কুরআন হেফ্য করেন।

রসূল (ﷺ) বলেন క ''كُنْتُ نَبِيا، وَأَدَمُ بَيْنَ الرُّوْحِ وَالْجَسَدِ'' 'যখন আদম (আ:) রহ ও দেহের মাঝে ছিলেন, তখন আমি নাবী ছিলাম।'

এ হাদীসটির সনদ সহীহ, যেমনটি আমি সাহীহার মধ্যে (নং ১৮৫৬) বর্ণনা করেছি।

সৃষ্তী স্পষ্টভাবে "আদ-দুরার" গ্রন্থে বলেছেন ঃ উপরে আলোচিত দু'টি হাদীসের কোন ভিত্তি নেই। ইবনু তাইমিয়্যা দু'টি হাদীসকেই বাতিল বলেছেন। তিনি আরো বলেছেন উভয়টিই মিথ্যা। সৃষ্টী তার "আন-নূর" গ্রন্থেও তা স্বীকার করেছেন।

٣٠٤. (مَا أَكْرَمَ شَمَابٌ شَيْخًا لِسِنِّهِ؛ إِلاَّ قَيَّضَ اللهُ لَهُ مَنْ يُكْرِمُهُ عِنْدَ سِنِّهِ).

৩০৪। কোন যুবক কোন বৃদ্ধকে তার বয়সের কারণে সম্মান করলে, আল্লাহ তার জন্যও এমন ব্যক্তি নির্ধারিত করে দিবেন যে তাকে তার বৃদ্ধ বয়সের সময় সম্মান করবে।

হাদীসটি মুনকার।

এটি তিরমিয়ী (৩/১৫২), আবৃ বাক্র আশ-শাফে'ঈ "রুবা'ঈয়াত" গ্রন্থে (১/১০৬/১-২) এবং তার থেকে বাইহাক্বী "আল-আদাব" গ্রন্থে (৫৭/৫৩) বর্ণনা করেছেন। এছাড়া উকায়লী, আবৃ নু'য়াইম, আল-খাতীব, ইবনু আসাকির ও যিয়া আল-মাকদেসীসহ আরো অনেকে ইয়াযীদ ইবনু বায়ান আল-মু'য়াল্লিম সূত্রে আবৃর রিহাল হতে ... বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ এ হাদীসটি গারীব। এটিকে শুধুমাত্র ইয়ায়ীদ ইবনু বায়ানের হাদীস হতেই জানি।

উকায়লী বলেন ঃ তার অনুকরণ করা যায় না। এটিকে তার মাধ্যম ছাড়া অন্য কোন মাধ্যমে জানা যায় না।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি দুর্বল। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ দারাকুতনী বলেছেন ঃ এটি দুর্বল। বুখারী বলেছেন ঃ এটিতে বিরূপ মন্তব্য আছে।

ইবনু আদী বলেছেন ঃ এটি মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ ইয়াযীদ ইবনু বায়ানের শাইখ আবৃ রিহাল তার মতই। ুআবৃ হাতিম বলেন ঃ তিনি শক্তিশালী নন, তিনি মুনকারুল হাদীস।

বুখারী বলেন ঃ তার নিকট আজব আজব বস্তু রয়েছে। ইবনুন নাকৃরও তাকে দুর্বল বলে ইঙ্গিত করেছেন।

٣٠٥. (كُنْ دُنْباً، وَلا تُكُنْ رَاساً).

৩০৫। তুমি লেজ হও, তুমি মাথা হয়ো না।

আমার জানা মতে এটির কোন ভিত্তি নেই।

সাখাবী তার "মাকাসিদুল হাসানা" গ্রন্থে ( পৃ: ১৫৪) আমাদেরকে উপকৃত করেছেন তার এ কথার মাধ্যমে যে, এটি ইব্রাহীম ইবনু আদহামের কথা। তা দ্বারা তিনি তার কোন সাথীকে উপদেশ দিয়েছিলেন।

অতঃপর এটিকে আমি আহমাদের "আয-যুহুদ" নামক গ্রন্থে (২০/৮০/১) শুর্যাইব ইবনু হারবের কথা হিসাবে পেয়েছি। তিনি মারা গেছেন ১৯৭ হি: সনে।

٣٠٦. (لَعَنَ اللهُ الثَّاظِرَ إِلَى عَوْرَةِ الْمُؤْمِنِ، وَالْمَنْظُورَ إِلَيْهِ).

৩০৬। মু'মিনের গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দানকারী এবং যার দিকে দৃষ্টি দেয়া হয়েছে তার উপরেও আল্লাহর অভিশাপ।

### হাদীসটি জাল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/১৫) ইসহাক ইবনু নাজীহ হতে একং তিনি আব্বাদ ইবনু রাশেদ মুনকেরী হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু আদী বলেছেন ঃ এটি স্পষ্ট যে, ইসহাক ইবনু নাজীহ দুর্বলদের অন্তর্ভুক্ত। তিনি আরো বলেছেন ঃ যারা হাদীস জ্বাল করতেন তিনি তাদেরও অন্ত র্ভুক্ত।

ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যুক এবং হাদীস জালকারী হিসাবে পরিচিতি লাভ কারীদের একজন।

ইবনু আদী বলেন ঃ এ হাদীসটি আব্বাদ ইবনু রাশেদের মাধ্যমে হাসান হতে একটি বানোয়াট হাদীস।

সুষ্ঠী এটিকে যাহাবীর "আল-মীযান" গ্রন্থের অনুকরণ করে "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" (পৃ:১৪৯) গ্রন্থে এ ইসহাকের বাতিল হাদীস হিসাবে উল্লেখ করেছেন।

এ হাদীসটির অগ্রহণযোগ্যতার জন্য নাবী (縣)-এর এ বাণীই যথেষ্ট ঃ 'তুমি তোমার গুপ্তাঙ্গকে হেফাযাত কর। তবে তোমার স্ত্রী হতে নয়...।' এটির সনদটি হাসান। আমি "আদাবুয যুফাফ ফিস সুন্নাহ আল-মুতাহ্হারা" গ্রন্থে এটির (পৃ: ৩৪-৩৫) তাখরীজ করেছি।

٣٠٧. (لأنْ أطعمَ أَخَا لِيْ فِي اللهِ لَقْمَةَ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَتُصَدَّقَ بِمِشْرِيْنَ، ولدِرْهَمَانِ أَعْطِيْهِمَا إِيَّاهُ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَتُصَدَّقَ بِمِشْرِيْنَ، ولَعِشْرِيْنَ ورْهَمَا أَعْطِيْهِمَا إِيَّاهُ أَحَبُ إِلَى مِنْ أَنْ أَعْتِقَ رَقَبَةً).

৩০৭। আমি আমার কোন ভাইকে আল্লাহর ওয়ান্তে এক লোকমা খানা খাওয়াব অবশ্যই এটি আমার নিকট দু' দিরহাম সাদাকা করার চেয়ে বেশী পছন্দনীয়। আর বিশ দিরহাম সাদকা করার চেয়ে সেই ভাইকে দু' দিরহাম দান করা আমার নিকট বেশী পছন্দনীয়। বিশ দিরহাম তাকে দান করব তা অবশ্যই আমার নিকট একটি দাসী আযাদ (মুক্ত) করার চেয়ে বেশী পছন্দনীয়।

### হাদীসটি জাল।

এটি ইবনু বিশরান (২৬/১০৭) হাজ্জাজ সূত্রে বিশ্র হতে ...বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এটি জাল। এটির সমস্যা বিশ্র-এর মধ্যেই। তিনি হচ্ছেন ইবনুল হুসাইন, তিনি একজন মিধ্যুক। এটি যুবায়ের ইবনু আদীর কপিতে (২/৫৪) রয়েছে।

হাদীসটি অন্য ভাষাতেও বর্ণনা করা হয়েছে ঃ

٣٠٨. ( لأن أطعِمَ الحَافِي اللهِ مُسلِماً لَقْمَةَ الحَبُّ إِلَيَّ مِنْ أَنَّ اتَّصَدَّقَ يَدِرْهُم، وَلأَنْ أَعْطِي أَلْمَا فِي اللهِ مُسلِماً دِرْهُما أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَتَّصَدَّقَ يَعِشَرَةً، وَلأَنْ أَعْطِيهُ عَشْرَةً أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أَعْتِقَ رَقْبَةً).

৩০৮। আমি আমার কোন মুসলিম ভাইকে এক লোকমা খানা খাওয়াব অবশ্যই তা আমার নিকট এক দিরহাম সাদাকা করার চেয়ে বেশী পছন্দনীয়। আমি আমার আল্লাহর ওয়ান্তের কোন মুসলিম ভাইকে এক দিরহাম দান করব তা দশ দিরহাম সাদাকা করার চেয়ে আমার নিকট অবশ্যই বেশী পছন্দনীয়। আর দশ দিরহাম তাকে দান করব তা একটি দাসী আজ্ঞাদ (মুক্ত) করার চেয়ে অবশ্যই আমার নিকট বেশী পছন্দনীয়।

হাদীসটি দুর্বল। সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে বলেন ঃ এটি হান্নাদ এবং বাইহাক্বী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে বুদায়েল হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন।

মানাবী বলেন ঃ এটির সনদে হাজ্জাজ ইবনু ফুরাফিসা নামক এক বর্ণনাকারী আছেন, তার সম্পর্কে আবৃ যুর'য়াহ বলেন ঃ তিনি শক্তিশালী নন। যাহাবী তাকে "আয-যু'য়াফা ওয়াল-মাতরূকীন" গ্রন্থে উল্লেখ করেছেন।

এছাড়াও অন্য সূত্রেও এটি বর্ণিত হয়েছে, কিন্তু কোনটিই সহীহ নয়।

٣٠٩. (مَنْ أَصْبَحَ وَالدُّنْيَا أَكْبَرَ هَمَّهِ؛ فَلَيْسَ مِنَ اللهِ فِي شَنَيْءٍ، وَمَنْ لَمْ يَتَّقَ اللهَ؛ فَلَيْسَ مِنْ اللهِ فِي شَنَيْءٍ، ومَنْ لَمْ يَهُتَّمَّ لِلْمُسْلِمِيْنَ عَامَّةً؛ فَلَيْسَ مِنْهُمُ).

৩০৯। যে ব্যক্তি এ অবস্থায় সকাল করবে যে, তার সর্ববৃহৎ ব্যস্ততা (চিন্তা-ভাবনা) হচ্ছে দুনিয়া কেন্দ্রিক, সে আল্লাহর নিকট হতে কিছুই পাবে না। যে ব্যক্তি আল্লাহকে ভয় করবে না, সে আল্লাহর নিকট হতে কিছুই পাবে না। যে ব্যক্তি সাধারণ মুসলমানদের শুরুত্ব দিবে না, সে তাদের অন্তর্ভুক্ত হবে না।

## হাদীসটি জাল।

এটি হাকিম (৪/৩১৭) এবং খাতীব বাগদাদী তার "আত-তারীখ" গ্রন্থে (৯/৩৭৩) (তবে প্রথম বাক্যটি তার থেকে) ইসহাক ইবনু বিশ্র সূত্রে সুফিয়ান সাওরী হতে ...বর্ণনা করেছেন।

याश्वी वलन : आमात धात्रणा श्रामीमि जान।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ইবনুল জাওয়ী "মাওয়ু'আত" গ্রন্থে (৩/১৩২) আল-খাতীব সূত্রে উল্লেখ করেছেন। সুয়ুতী "আল-লাআলী" গ্রন্থে (২/৩১৬-৩১৭) বিভিন্ন সূত্র এবং শাহেদ উল্লেখ পূর্বক তার সমালোচনা করেছেন।

এ সূত্রগুলোর দু'টি হুযাইফা হতে এসেছে ঃ

১। একটি আবান হতে বর্ণিত হয়েছে আর তিনি আবুল আলিয়া হতে বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি শাহেদ হওয়ার যোগ্য নয়। কারণ আবান হচ্ছেন ইবনু আবী আইয়াশ; তাকে গু'বা ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন।

২। অপরটি আব্দুল্লাহ ইবনু সালামা হতে বর্ণিত হয়েছে আর তিনি উকবা ইবনু শাদ্দাদ জামহী হতে বর্ণনা করেছেন।

এটির সনদ নিতান্তই দুর্বল; এ আব্দুল্লাহ্কে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন এবং আবৃ নু'য়াইম বলেছেন ঃ তিনি মাতরুক।

উকবাকে চেনা যায় না, যেমনভাবে "আল-মীযান" গ্রন্থে এসেছে। এতে আরো কয়েকজন বর্ণনাকারী রয়েছেন যাদেরকে চিনি না।

এছাড়া শাহেদ হিসাবে যেগুলো ইবনু মার্স উদ, আনাস ও আবৃ যার (秦)-এর হাদীস হতে এসেছে, সেগুলোর কোনটিই সহীহ্ নয়।

٣١٠. (مَنْ أَصْبَحَ وَهَمُّهُ النَّنْيَا؛ فَلَيْسَ مِنَ اللهِ فِي شَيْءٍ، وَمَنْ لَمْ يَهُمَّمُّ بِأَمْرِالْمُسْلِمِيْنَ؛ فَلَيْسَ مِنْهُمْ، وَمَنْ أَعْطِى الذَّلَةُ مِنْ نَفْسِهِ طَائِعاً غَيْرَ مَكْرَةِ؛ فَلَيْسَ مِثَا).

৩১০। যে ব্যক্তি এ অবস্থায় সকাপ করবে যে, তার ব্যস্ততা (চিন্তা-ভাবনা) হচ্ছে দুনিয়া কেন্দ্রিক, সে আল্লাহর নিকট হতে কিছুই পাবে না। যে ব্যক্তি মুসলমানদের ব্যাপারে শুরুত্ব দিবে না; সে তাদের অন্তর্ভুক্ত থাকবে না। যে ব্যক্তি স্বেচ্ছায় নিজের জন্য অপমান বরণ করে নিয়েছে কারো প্রতারণা ব্যতীত সে আমার উন্মাতের অন্তর্ভুক্ত নয়।

## হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/২৯/১/৪৬৬/২) ইয়াযীদ ইবনু রাবী'য়াহ্ সূত্রে আবূল আশ'আস সান'আনী হতে …বর্ণনা করে বলেছেন ঃ

হাদীসটি ইয়াযীদ এককভাবে বর্ণনা করেছেন।

এটিকে সুযুতী "আল-লাআলী" গ্রন্থে (২/৩১৭) উল্লেখ করে চুপ থেকেছেন!

হায়সামী "মাজমা'উয যাওয়াইদ" গ্রন্থে (১০/২৪৮) বলেছেন ঃ হাদীসটি তাবারানী বর্ণনা করেছেন। তার সনদে ইয়াযীদ ইবনু রাবী'য়াহ আর-রাহাবী রয়েছেন, তিনি মাতরুক।

মুনযেরীও হাদীসটি দুর্বল এদিকেই ইঙ্গিত দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ হাতিম আবৃল আশ'আস হতে ইয়াযীদের হাদীসগুলোকে অস্বীকার করেছেন, যেমনভাবে "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/২/২৬১) এসেছে। এটি সেগুলোর অন্তর্ভুক্ত।

জুযজানী বলেন ঃ আমার ভয় হচ্ছে যে, হতে পারে তার হাদীসগুলো বানোয়াট।

٣١١. (مَنْ أَصْبُحَ وَهَمُّهُ غَيْرُ اللهِ عَزَّ وَجَلَّ؛ قَلَيْسَ مِنَ اللهِ فِي شَيْءٍ، وَمَنْ لَمْ يَهْتُمَّ لِلْمُسْلِمِيْنَ؛ قَلَيْسَ مِنْهُمْ).

৩১১। যে ব্যক্তি এমতাবস্থায় সকাল করবে যে, তার চিন্তা-চেতনা হচ্ছে আল্লাহ্কে বাদ দিয়ে অন্য কিছুকে নিয়ে, সে আল্লাহর নিকট হতে কিছুই পাবে না। আর যে ব্যক্তি মুসলমানদের ব্যাপারে শুরুত্ব দিবে না; সে তাদের অম্বর্জুক্ত নয়।

#### रामीमि छान।

এটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (৭/১০৫/১), (১৯/৩/২) এবং হাকিম (৪/৩২০) ইসহাক ইবনু বিশর সূত্রে মুকাতিল ইবনু সুলায়মান হতে বর্ণনা করেছেন। এটির ব্যাপারে হাকিম চুপ থেকেছেন। ইবনু বিশরান বলেছেন ঃ

হাদীসটি গারীব, ইসহাক ইবনু বিশ্র এককভাবে এটি বর্ণনা করেছেন।

হাফিয যাহাবী "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থে বলেছেন ঃ ইসহাক এবং মুকাতিল তারা উভয়েই নির্ভরযোগ্য নন, সত্যবাদীও নন।

আমি (আলবানী) বলছি ঃ ইসহাক ইবনু বিশ্র হচ্ছেন আবৃ হুযাইফা আল-বুখারী। তাকে ইবনুল মাদীনী ও দারাকুতনী মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমনভাবে "আল-মীযান" গ্রন্থে এসেছে। তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ মুকাতিলও ধ্বংসপ্রাপ্ত।

আমি (আলবানী) বলছি ঃ এ মুকাতিল ইবনু সুলায়মান হচ্ছেন বালখী। ওয়াকী তার সম্পর্কে বলেন ঃ তিনি মিথ্যক।

হাদীসটি অন্যান্য সূত্রেও বর্ণিত হয়েছে ঃ যেগুলোর একটির সনদে বর্ণনাকারী ফারকাদ এবং ওয়াহাব ইবনু রাশেদ আর-রাকী রয়েছেন।

আবৃ নু'য়াইম বলেন ঃ তারা উভয়েই এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। তাদের হাদীস দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

আমি (আলবানী) বলছি ঃ মুখস্থ বিদ্যায় ক্রটি থাকার কারণে ফারকাদ দুর্বল। ওয়াহাব আর-রাকী সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/২/২৭) বলেন ঃ

আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন ঃ তিনি মুনকারুল হাদীস, তিনি বাতিল হাদীস বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান বলেন ঃ তার দ্বারা কোন অবস্থাতেই দলীল গ্রহণ করা জায়েয নয়।

দ্বিতীয় সূত্রটিতে (যেটি "আল-লাআলী" গ্রন্থে (২/৩১৬) সুয়ৃতী উল্লেখ করেছেন) আবান ইবনু আবী আইয়াশ রয়েছেন। তাকে গুণবা ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার হাদীস শাহেদ হওয়ার যোগ্য নয়। এছাড়াও আব্দুল্লাহ ইবনু যুবায়েদ নামক এক বর্ণনাকারী আছেন, তিনি আদেল হিসাবে পরিচিত নন।

তৃতীয় সূত্রে যিয়াদ ইবনু মায়মূন আস-সাকাফী রয়েছেন, তিনি হচ্ছেন মিথ্যুক। চতূর্থ সূত্রে মূসা ইবনু ইব্রাহীম মারওয়াযী রয়েছেন; তাকে ইয়াহ্ইয়া ইবনু মান্টিন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

٣١٢. (مَنْ لا يَهَنَّمُ بِأَمْرِ الْمُسْكِمِيْنَ؛ فَلَيْسَ مِنْهُمْ، وَمَنْ لا يُصْبِحُ وَيُمْسِي تَاصِحاً لِلْهِ وَرَسُولِهِ وَلِكِتَّالِهِ وَلِإِمَامِهِ وَلِعَامَّةِ الْمُسْلِمِيْنَ؛ فَلَيْسَ مِنْهُمْ).

৩১২। যে মুসলমানদের বিষয়ে শুরুত্ব দিবে না, সে তাদের অন্তর্ভূক্ত নয়। আর যে ব্যক্তি আল্লাহ, তাঁর রসূল, তাঁর কিতাব, তাঁর ইমাম ও সাধারণ মুসলিমদের নসিহত করা অবস্থায় সকাল এবং সন্ধ্যা করবে না, সে তাদের অন্তর্ভূক্ত নয়।

# श्मीअि पूर्वल।

এটি তারারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৮৮) ও "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/১৭১/১/৭৬২৬) এবং তার থেকে আবৃ নু'রাইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/২৫২) আব্দুল্লাহ ইবনু আবী জা'ফার আর-রাযী সূত্রে তার পিতা হতে ...বর্ণনা করেছেন।

এ সনদ ছাড়া অন্য কোন সনদে এ হাদীসটি হুযাইফা (秦) হতে বর্ণিত হয়নি। আমি (আলবানী) বলছি ঃ আব্দুল্লাহ ইবনু আবী জা'ফার এবং তার পিতার কারণে হাদীসটি দুর্বল। তারা উভয়েই দুর্বল।

হায়সামী "আল-মাজমা" থছে (১/৮৭) হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন শুধুমাত্র ছেলে আব্দুল্লাহকে দুর্বল হিসাবে উল্লেখ করে। কিন্তু এটি তার ক্রটি, কারণ তার পিতা পুত্র হতেও বেশী দুর্বল।

٣١٣. (كَانَ خَطِيْلَةُ دَاوِدَ عَلَيْهِ السَّلَامُ النَّظْرَ).

৩১৩। দাউদ (আ:)-এর দৃষ্টিতে ব্রুটি ছিল।

### হাদীসটি জাল।

এটি দাইলামী তার সনদে মুজালিদ ইবনু সা'ঈদ হতে বর্ণনা করেছেন। ইবনুস সালাহ "মুশকিলুল ওয়াসীত" গ্রন্থে বলেছেন ঃ এ হাদীসটির কোন ভিত্তি নেই।

যারাকশী "তাখরীজু আহাদীসিশ শারহ" নামক গ্রন্থে বলেছেন ঃ এ হাদীসটি মুনকার। তাতে দুর্বল ও মাজহূল বর্ণনাকারী রয়েছেন এবং সনদে বিচ্ছিন্নতা রয়েছে।

সুয়ৃতীর "যায়লুল আহাদীসিল মাওয়ৃ'আহ" গ্রন্থে (পৃ: ১২২-১২৩) এবং ইবনু আররাকের "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (৩০৮/১-২) অনুরূপ কথাই এসেছে। অন্য একটি সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে, যেটি আবৃ নু'য়াইম বর্ণনা করেছেন। সেটিও বানোয়াট। তার আ**লো**চনা ৫৬২ নং হাদীসে আসবে।

সম্ভবত এ হাদীসটির আসল ইসরাইলীদের বর্ণনা হতে এসেছে, কোন আহলে কিতাব বর্ণনা করেছে। অতঃপর কোন মুসলিম বর্ণনাকারী সেটি পেয়ে ধারণা বশত নাবী (ﷺ) পর্যন্ত মারফু হিসাবে চালিয়ে দিয়েছেন।

এক নারীর দিকে দৃষ্টি দান সম্পর্কে একটি বানোয়াট ও বাতিল কিস্সা দাউদ (আঃ)-কে কেন্দ্র করে বর্ণিত হয়েছে। কোন মুসলিম ব্যক্তিই সেটি বাতিল হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করতে পারেন না। এখানে সেটি বর্ণনা করা সঙ্গত মনে করছি ঃ

٣١٤. (إنَّ دَاودَ عَلَيْهِ السَّلَامُ؛ حِيْنَ نَظْرَ إِلَى الْمَرْاةِ، فَهَمَّ بِهَا، قَطْعَ عَلَى بَنِي إِسْرَاتِيلَ بَعْثًا، وَأُوحَى إِلَى صَاحِبِ الْبَعْثِ، فَقَالَ: إِذَا حَضَرَ الْعَدُونُ فَقَرَّبُ فَكُنَ فَلَانًا، وَسَمَّاهُ. قَالَ: وَكَانَ دَلِكَ الثَّابُونَ فِي دَلِكَ اللَّابُونَ فِي دَلِكَ اللَّمَانِ فِسُنَتْصَرُ بِهِ، فَمَنْ قُدِّمَ بَيْنَ يَدَي الثَّابُونَ؛ لَمْ يَرْجِعْ حَتَّى يُقْتَلَ أَوْ يَنْهَزَمَ عَنْهُ الْجَيْشُ الَّذِي يُقاتِلُهُ، فَقُتِلَ زَوْجُ الْمَرَاةِ ،وتَزَلَ الْمَلَكَانَ عَلَى دَاودَ، فَقَصًا عَلَيْهِ الْقَصِدِةِ الْمَرَاةِ ،وتَزَلَ الْمَلَكَانَ عَلَى دَاودَ، فَقَصًا عَلَيْهِ الْقَصِدَةُ).

৩১৪। দাউদ (আ ঃ) যখন এক মহিলার দিকে দৃষ্টি দিলেন এবং তাকে কামনা করলেন, তখন বানু ইসরাইলের নিকট একদল সৈন্য প্রেরণ করলেন এবং সৈন্য দলের প্রধানের নিকট নির্দেশ দিয়ে বললেন ঃ যখন শক্রেরা উপস্থিত হবে; তখন ত্মি উমুক ব্যক্তিকে নিকটবর্তী করে দাও। তিনি তার নামও উল্লেখ করে বললেন ঃ তাকে তাবুতের সম্মুখে উপস্থিত করে দাও। তিনি বললেন ঃ তাবুত ছিল সেই যুগে এমন এক ব্যক্তি যার মাধ্যমে সাহাব্য নেয়া হত। যাকেই তাবুতের সম্মুখে উপস্থিত করা হত, সেই নিহত অথবা তার সম্মুখে যে সৈন্য বাহিনী যুদ্ধ করত তারা পরাজিত হওয়া ছাড়া ফিরে আসত না। মহিলার স্বামী নিহত হলো। দু' ফেরেশতা দাউদ (আ ঃ)-এর নিকট অবতরণ করলেন, অতঃপর তারা তাকে ঘটনাটি জনালেন।

# হাদীসটি বাতিল।

এটি হাকীম আত-তিরমিয়ী "নাওয়াদিরুল উসূল" গ্রন্থে ইয়ায়ীদ আর-রুকাশী হতে বর্ণনা করেছেন, যেমনভাবে "তাফসীরু কুরতুবী" গ্রন্থে (১৫/১৬৭) বর্ণিত হয়েছে। ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৪/৩১) বলেন ঃ

হাদীসটি ইবনু আবী হাতিম বর্ণনা করেছেন। এটির সনদ সহীহ নয়, কারণ এটি ইয়াযীদ আর-রুকাশীর বর্ণনায় এসেছে। ইয়াযীদ যদিও সালেহীনদের অন্তর্ভুক্ত, তবুও তিনি ইমামগণের নিকট হাদীসের ক্ষেত্রে দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি ইসরাইলী বর্ণনা হতে এসেছে। সেই আহলে কিতাবরা বর্ণনা করেছে যারা নাবীগণ নিষ্পাপ এ বিশ্বাসে বিশ্বাসী নয়। ইয়াযীদ এখানে ভুল করে নাবী (ﷺ) পর্যন্ত মারফ্ হিসীক্র উল্লেখ করেছেন।

٣١٥. (مَنْ أَكُلُ مَعَ مَغْفُورُ لَهُ: غُفِرَ لَهُ).

৩১৫। যে ব্যক্তি ক্ষমাকৃত ব্যক্তির সাথে খাবে তাকে ক্ষমা করে দেগা হবে। হাদীসটি মিথ্যা, এটির কোন ভিত্তি নেই।

এটি কোন কোন নেককারদের থেকে বর্ণনা করা হয়ে থাকে।

"আল-মাকাসিদ" গ্রন্থে এসেছে; ইবনু হাজার বলেন ঃ এটি মিখ্যা, বানোয়াট। তার পূর্বে ইবনুল কাইয়্যিম "আল-মানার" গ্রন্থে (পৃ: ৫১) এ কথাই বলেছেন। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়া বলেন ঃ জ্ঞানীজনদের নিকট এটির কোন সনদই নেই। এটি মুসলিমদের কোন কিতাবেও নেই। এটির অর্থও সহীহ নয়। কারণ কখনও কখনও মুসলিমদের সাথে কাফের মুনাফিকরাও খেয়ে থাকে।

٣١٦. (ابدا بأمِّكَ وأبيك، وأخبِّكَ وأخبيك، والأدنى فالأدنى، ولا تنسوا الحيران ودا الحاجة).

৩১৬। তুমি তোমার মাতা, তোমার পিতা, তোমার বোন এবং তোমার ভাইকে সহযোগিতা করা তরু কর। অতঃপর যে নিকটবর্তী তাকে, তার পর যে নিকটবর্তী তাকে। আর তোমরা প্রতিবেশী এবং যে অন্যের মুখাপেক্ষী তাদেরকৈ ভূলে যেয়ো না।

## হাদীসটি নিতান্তই দুৰ্বল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (২০/১৫০/৩১১) আব্বাদ ইবনু আহমাদ আল-আর্থামী সূত্রে তার চাচা হতে এবং তার চাচা তার বাবা হতে ্র্বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৩/১২০) বলেন ঃ আব্বাদ দুর্বল। আমি (আলবানী) বলছি ঃ আমাদের ভাই হামাদী সালাফী "আল-মু'জাম" গ্রন্থের টীকায় বলেছেন ঃ বরং তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ তিনি ঠিকই বলেছেন। তাকে আল্লাহ উত্তম বদলা দান করুন। কারণ দারাকুতনী বলেন ঃ তিনি মাতরুক, তিনি নিতান্তই দুর্বল।

তার চাচা আব্দুর রহমান ইবনু মুহাম্মাদ আর্যামীকে দারাকুতনী দুর্বল বলেছেন। আবৃ হাতিম বলেছেন ঃ তিনি শক্তিশালী নন। এরূপই "আল-মীযান" গ্রন্থে এসেছে।

চাচার পিতা (অর্থাৎ আব্বাদের দাদা) মুহাম্মাদ আর্যামীও মাতর্রক। তার জীবনী "আত-তাহযীব" ও অন্যান্য গ্রন্থে বর্ণনা করা হয়েছে। ٣١٧. (إِنَّ مُوْسَى بْنَ عِمْرَانَ مَرَّ بِرَجُلِ وَهُوَ يَضْطْرِبُ، قَقَامَ يَدْعُو لَهُ أَنْ يُعَافِيَهِ، فَقَيْلَ لَهُ: مَنْ اللَّهُ لَيْسَ الَّذِيْ يُصِينِبُهُ خَبْطٌ مِنْ إِلَيْسَ، وَلَكِنَّهُ جَوَّعَ نَفْسَهُ لِيْ، فَهُوَ الَّذِيْ تَرَى، إِنِّيْ الْظُرُ الِيْهِ كُلَّ يَوْمَ مَرَّاتٍ الْعَجَّبُ مِنْ طَاعَتِهِ لِيْ، فَمُرْهُ، فَلِيَدْعُ لَكَ، فَإِنَّ لَهُ عِنْدِيْ كُلَّ يَوْمِ دَعُوْهُ).

৩১৭। মৃসা ইবনু ইমরান এক ব্যক্তিকে অতিক্রম করছিলেন এমতাবস্থায় যে, সে ব্যক্তি কাঁপতেছিল। তিনি দাঁড়ালেন এবং যেন তাকে ক্রমা করা হয় এ দু'আ করলেন। তাকে বলা হল ঃ হে মৃসা। তার তো এ অবস্থা হয়নি ইবলীস কর্তৃক আক্রান্ত হওয়ার কারণে। সে তো নিজেকে আমার জন্য ক্ষুধার্ত করেছে। তুমিতো দেখছ সেই ব্যক্তিকে যার দিকে আমি প্রতিদিন একাধিকবার দৃষ্টি দিয়ে থাকি, আমার জন্য তার আনুগত্যে আন্চর্য হয়ে। তুমি তাকে নির্দেশ দাও, সে যেন তোমার জন্য দু'আ করে। কারণ তার জন্য আমার নিকট প্রতিদিন গ্রহণযোগ্য দু'আ রয়েছে।

# श्मीअि पूर्वन।

এটি তাবারানী (৩/১৩২/১) বর্ণনা করেছেন। এটির সনদে জাবারুন ইবনু ঈসা মাকরী রয়েছেন। তিনি হাদীসটি ইয়াহ্ইয়া ইবনু সুলায়মান আল-হাফরী হতে ... বর্ণনা করেছেন।

তাবারানীর সূত্র হতেই আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৩৪৫-৩৪৬) বর্ণনা করে বলেছেন ঃ

এ হাদীসটি গারীব, ফ্যায়েল হতে শুধুমাত্র ইয়াহ্ইয়া ইবনু সূলায়মান বর্ণনা করেছেন। তার ব্যাপারে সমালোচনা রয়েছে।

আমি (আলবানী) বলছি ३ ইয়াত্ইয়া হতে বর্ণনাকারী জাবারুনকে চিনি না। ٣١٨. (لِكُلُّ شَيْءٍ رْكَاةً، وَرْكَاهُ الدَّارِ بَيْتُ الْصَيِّافَةِ).

৩১৮। প্রতিটি বস্তুর যাকাত রয়েছে, আর বাড়ীর যাকাত হচ্ছে মেহমানদের জন্য (তৈরিকৃত) ঘর।

## रामीमि खान।

এটিকে সুযুতী "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন, "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থেও (পৃ ১১৪) ইবনু আবী শুরাইহ-এর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেন ঃ

এটিকে সা'ঈদ আন-নাক্কাশ "মাওযু'আত" গ্রন্থে উল্লেখ করেছেন, প্রতঃপর বলেছেন ঃ হাদীসটি আহমাদ ইবনু উসমান আন-নাহারাওয়ানী অথবা তার শাইখ আব্দুল্লাহ ইবনু আব্দিল কুদ্দুস আবু সালেহ কারখী জাল করেছেন।

তার এ বক্তব্যকে যাহাবী "আল-মীযান" প্রন্থে (১/১১৮) সমর্থন করেছেন।

জুযকানী হাদীসটি তার "আল-আবাতীল" গ্রন্থে (২/৬৪) উল্লেখ করে বলৈছেন ঃ হাদীসটি মুনকার, আব্দুল্লাহ ইবনু আব্দিল কুদ্দুস মাজহুল।

হাদীসটি আরো দু'টি সূত্রে বর্ণিত হয়েছে। কিন্তু সে দু'টির সনদও সমস্যা জর্জরিত। একটির সনদে আবৃ তালিব ঈসা ইবনু মুহাম্মাদ বাকিল্লানী রয়েছেন। তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করা হয়নি। তিনিই হচ্ছেন এ সনদের সমস্যা।

অন্য স্ত্রটিতে মুহাম্মাদ ইবনুল কাসিম আছেন। তার সম্পর্কেও ভাল-মন্দ কিছুই উল্লেখ করা হয়নি। আরো আছেন আলী ইবনুল হুসাইন আল-কৃষী। তিনি হচ্ছেন রাফেযী এবং আলী ইবনু আসেম দুর্বল বর্ণনাকারী।

٣١٩. (سَبْعَة لا يَنْظُرُ اللهُ عَزَّوَجَلَّ النَّهُم يَوْمَ القِيَامَةِ، وَلا يُزكَيْهِمْ، وَيَغُولُ: انْخُلُوا الثَّارَ مَعَ الدَّافِيْنَ: القَاعِلُ، وَالمَقْعُولُ بِهِ، وَالثَّاكِحُ يَدَهُ، وَيَأْكِحُ الْمَرْاةِ وَالنَّتِهَا، وَالزَّانِيُ يحَلِيلَةِ الْمَرْاةِ وَالنَّتِهَا، وَالزَّانِيُ يحَلِيلَةِ جَارِهِ، وَالمُونَذِي لِجَارِهِ حَتَّى يَلَعَلُهُ).

৩১৯। সাত ব্যক্তির দিকে আল্লাহ তা'আলা কিয়ামত দিবসে তাকাবেন না। তাদেরকে পবিত্রপ্ত করবেন না। তাদেরকে বলবেন ঃ তোমরা জাহান্লামে প্রবেশকারীদের সাথে জাহান্লামে প্রবেশ কর ঃ সমকামী, যাকে করা হল, নিজ হাতকে বিবাহকারী, পশুকে বিবাহকারী, মহিলার পিছনের পথকে বিবাহকারী, মহিলা ও তার মেয়েকে বিবাহকারী, নিজ প্রতিবেশীর সাথে ব্যভিচারকারী এবং প্রতিবেশীকে কষ্টদানকারী এমন ভাবে যে, সে এ কারণে তাকে অভিশাপ দিচ্ছে।

## श्मीअि मूर्वम ।

এটি ইবনু বিশরান (৮৬/১-২) আব্দুল্লাহ ইবনু লাহী'য়াহ সূত্রে আব্দুর রহমান ইবনু যিয়াদ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল ইবনু লাহী'য়াহ ও তার শাইখ ইফরিকীর কারণে। তারা দু'জনই মুখস্থ বিদ্যার দিক থেকে দুর্বল।

মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (৩/১৯৫) হাদীসটির অংশ বিশেষ উল্লেখ করে বলেছেন ঃ এটি ইবনু আবিদ-দুনিয়া, খারায়েতী ও অন্যরা বর্ণনা করেছেন। অতঃপর এটি যে দুর্বল সেদিকে ইঙ্গিত করেছেন।

٣٢٠. (كَمَا تُكُونُوا يُولِّى عَلَيْكُمْ).

৩২০। তোমরা বেরূপ, সেরূপ ব্যক্তিকেই তোমাদের নেতা নিয়োগ করা হবে। হাদীসটি দূর্বল।

এটি দাইলামী ইয়াহ্ইয়া ইবনু হাশেম সূত্রে ইউনুস ইবনু আবী ইসহাক হতে ... মারফু' হিসাবে বর্ণনা করেছেন। বাইহান্ব্যী একই সনদে মুরসাল হিসাবে "আশ-ত'য়াব" গ্রন্থে বর্ণনা করেছেন।
এ ইয়াহ্ইয়াকে সেই দলের মধ্যে গণ্য করা হয় যারা হাদীস জাল করতেন।
কিন্তু হাদীসটির অন্য সূত্র ইবনু জামী'র "আল-মু'জাম" গ্রন্থে (পৃ:১৪৯) এবং
কাষা'ঈর "মুসনাদ" গ্রন্থে (১/৪৭) আহমাদ ইবনু উসমান কিরমানী হতে, তিনি
মুবারাক ইবনু ফু্যালা হতে ...বর্ণনা করেছেন।

ইবনু তাহের বলেন ঃ মুবারাকের ব্যাপারে যদিও কিছুটা দুর্বলতার কথা উল্লেখ করা হয়েছে তবুও দোষটা তার থেকে বর্ণনাকারীর। কারণ তিনি (আহমাদ ইবনু উসমান) হচ্ছেন মাজহূল অপরিচিত।

ইবনু হাজার "তাখরীজুল কাশ্শাফ" গ্রন্থে (৪/২৫) বলেন ঃ মুবারাক পর্যন্ত হাদীসটির সকল বর্ণনাকারী মাজহুল।

٣٢١. (مَنْ وَلِدَ لَهُ مَوَلُودٌ، قَادُّنَ فِي الْنِهِ الْيُمْنَى، وَأَقَامَ فِي الْنِهِ الْيُمْنَى، وَأَقَامَ فِي الْنِهِ الْيُمْنَى، الْيُسْرَى؛ لَمْ تَصُرُّهُ أَمُّ الْصَبْنِيَانَ).

৩২১। যে ব্যক্তির কোন সন্তান ভূমিষ্ট হবে, অতঃপর তার ডান কানে আযান এবং বাম কানে ইকামাত দেয়া হবে, বাচ্চাদের মা [শরতান] তার কোন অনিষ্ট করতে পারবে না।

### হাদীসটি জাপ।

এটি আবৃ ই'য়ালা তার "মুসনাদ" এছে (৪/১৬০২) এবং তার থেকে ইবনুস সুন্নী "আমালুল ইওয়াম ওয়াল-লায়লাহ" থছে (২০০/৬১৭) বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইবনু আসাকির (১৬/১৮২/২) আবৃ ই'য়ালার সূত্র হতে, ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (১/৮৮) এবং আবৃ তাহের কুরাশী "হাদীস ইবনু মারওয়ান আনসারী ওয়া গায়রেহি" গ্রন্থে (১/২) ইয়াহ্ইয়া ইবনুল 'আলা আর-রাষী সূত্রে মারওয়ান ইবনু সুলায়মান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ বানোয়াট। ইয়াহ্ইয়া ইবনুল 'আলা এবং মারওয়ান ইবনু সুলায়মান, তারা উভয়েই হাদীস জালকারী।

ইবনুল কাইয়্যিম "তুহফাতুল মওদৃদ" গ্রন্থে (পৃ:৯) বলেছেন ঃ সনদটি দুর্বল। আমি (আলবানী) বলছি ঃ তিনি নরম পদ্মা অবলম্বন করেছেন।

অনুরূপভাবে হায়সামী তার "আল-মাজমা'" গ্রন্থে (৪/৫৯) মারওয়ান ইবনু সুলায়মানকে শুধুমাত্র মাতরুক [অগ্রহণযোগ্য] বলেছেন। এ কারণে মানাবী তার সমালোচনা করে "শারহু জামে'উস সাগীর" গ্রন্থে বলেছেনঃ

ইয়াহ্ইয়া ইবনুল 'আলা বাজালী সম্পর্কে যাহাবী "আয-মু'য়াফা ওয়াল মাতরূকীন" গ্রন্থে বলেন, ইমাম আহমাদ বলেছেন ঃ তিনি মিথ্যুক, জালকারী। তিনি "আল-মীযান" গ্রন্থে বলেছেন, ইমাম আহমাদ বলেন ঃ তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন। অতঃপর তিনি তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সৈগুলোর একটি।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি যে বানোয়াট তা অনেক লেখকের নিকটেই অপ্রকাশিত রয়ে গেছে, যেমন ইমাম নাবাবীর নিকট।

এছাড়া ইমাম ইবনু তাইমিয়্যাহ্ এবং ইবনুল কাইয়্যিম-এর নিকটেও আসল তথ্যটি লুক্কায়িতই রয়ে গেছে, যদিও তারা উভয়েই হাদীসটিকে দুর্বল বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ রাফে' হতে তিরমিথী দুর্বল সনদে বর্ণনা করেছেন। আবৃ রাফে' বলেন ঃ 'যখন ফাতেমা (ﷺ) হাসান ইবনু 'আলীকে জন্ম দিলেন, তখন আমি রস্লকে (ﷺ) হাসানের কানে স্লাতের ন্যায় আযান দিতে দেখেছি।'

মুবারাকপুরী এ হাদীসটি দুর্বল বলার পরেও এটির উপর আমল করা যাবে একথা বলেছেন, উল্লেখিত জাল হাদীসকে (যেটিকে আবৃ ইয়া'লা বর্ণনা করেছেন) আবৃ রাফে'র হাদীসের শাহেদ হিসাবে বর্ণনা করে। চিন্তা করে দেখুন কিভাবে দুর্বল হাদীসকে জাল হাদীস দ্বারা শক্তিশালী করেছেন।

জি হাঁ। আবৃ রাফে'র হাদীসকে শক্তিশালী করা যায় ইবনু আব্বাস (ﷺ)-এর হাদীস দ্বারা। যেটিকে বাইহাক্বী "আশ-শু'য়াব" গ্রন্থে উল্লেখিত আবৃ রাফে'র হাদীসের সাথে বর্ণনা করেছেন, অতঃপর বলেছেন ঃ হাদীস দু'টির সনদ দুর্বল।

যদি এরপ হয়, তাহলে আবৃ রাফে'র হাদীসে যে গুধু আয়ান দেয়ার কথা আছে ইবনু আব্বাস (ఈ)-এর হাদীসের আয়ানের অংশটুকুই গুধুমাত্র তার (আবৃ রাফে'র) হাদীসের শাহেদ হতে পারে। ইবনু আব্বাস (ఉ)-এর হাদীসে যে ইকামাতের কথা বলা হয়েছে সেটা গ্রহণযাগ্য হবে না।

٣٢٢. (سَالْتُ رَبِّيْ عَزَّوَجَلَّ أَنْ لَا يُدْخِلَ أَحَدًا مِنْ أَهُلِ بَيْنِيَ النَّارَ فَأَعْطَاتَيْهَا).

৩২২। আমি আমার প্রভুর কাছে চেয়েছি, যেন আমার পরিবারের মধ্য হতে কাউকে জাহান্নামে দেয়া না হয়। তিনি তা আমাকে দিয়েছেন।

হাদীসটি জাল।

<sup>• [</sup>বিশেষ দুষ্টব্য ঃ হাসান পর্যায়ের হাদীস দ্বারা সাব্যস্ত হয়েছে যে, ফাতেমা (♣) যখন হাসান ইবন আলীকে জন্ম দেন তখন নাবী (ౖౖౖౖౖౖౖౖౖౖ) তার কানে সলাতের ন্যায় আযান দিয়েছিলেন। হাদীসটি আবৃ দা'উদ-"সহীহ্ আবী দাউদ"- (৫১০৫), ও তিরমিষী -"সহীহ্ তিরমিষী"- (১৫১৪) বর্ণনা করেছেন, হাদীসে দু'কানে দেয়ার কথা উল্লেখ করা হয়নি, অতএব এক কানে আয়ান দিলে তাই যথেষ্ট হয়ে যাবে ইনশাআল্লাহ]।

এটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (১/৫৬) বর্ণনা করেছেন। যার সূত্রে আর হামযা আস-সুমালী এবং মুহামাদ ইবনু ইউনুস রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটির সনদ জাল (বানোয়াট)। আবৃ হামযা হচ্ছেন সাবেত ইবনু আবী সুফিয়া। তিনি নির্ভরযোগ্য নন, যেরূপভাবে নাসাঈ ও অন্যরা বলেছেন। এছাড়া মুহাম্মাদ ইবনু ইউনুস হচ্ছেন কুদায়মী। তিনি জালকারী হিসাবে প্রসিদ্ধ।

তা সত্ত্বেও সুয়্তী হাদীসটি তার "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করে ঠিক করেননি। ٣٢٣. (مَا عَلِمَ اللهُ مِنْ عَبْدِ نَدَامَةً عَلَى نَسْبِ؛ إِلاَّ عَقْرَ لَهُ قَبْلَ أَنْ يَسْتَغْفِرَ).

৩২৩। যখনই আল্লাহ জানতে পারেন যে, কোন বান্দা তার গুনাহের কারণে অনুতপ্ত হয়েছে, তখনই সে ক্ষমা প্রার্থনা করার পূর্বেই তিনি তাকে ক্ষমা করে দেন।

## रापींजि जान।

এটি হাকিম (৪/২৫৩) হিশাম ইবনু যিয়াদ সূত্রে আব্য যিনাদ হতে ... বর্ণনা করে বলেছেন ঃ এটির সনদ সহীহ্।

যাহাবী "আত-তালখীস" গ্রন্থে তার প্রতিবাদ করে বলেছেন ঃ হিশাম মাতর্রক।

ইবনু হিব্বান (৩/৮৮) বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল ও উলট পালটকৃত হাদীস বর্ণনাকারী। এমন কি শ্রবণকারীর নিকট এটিই প্রাধান্য পেত যে, তিনি তা ইচ্ছাকৃতই করছেন। তার দ্বারা দলীল গ্রহণ করাই জায়েয নয়।

এটির আরেকটি সূত্র আছে অন্য ভাষায়। সেটিও জাল। সেটি সম্পর্কে ৭৭৭ নম্বর হাদীসে আলোচনা আসবে।

٣٢٤. (مَنْ أَدْنَبَ دُنْباً، فَطِمَ أَنْ لَهُ رَبا؛ إِنْ شَاءَ أَنْ يَغْفِرَهُ لَهُ؛ عَقْرَلَهُ، وَإِنْ شَاءَ؛ عَدْبَهُ؛ كَانَ حَقا عَلَى اللهِ أَنْ يَغْفِرَ لَهُ).

৩২৪। যে ব্যক্তি কোন শুনাহ করল, অতঃপর জানতে পারল যে তার প্রতিপালক রয়েছেন, তিনি যদি চান তাহলে তাকে ক্ষমা করে দিবেন; তাহলেই (আল্লাহ) তাকে ক্ষমা করে দিবেন। আর যদি জানে যে, তিনি যদি চান তাহলে তাকে শান্তি দিবেন, তাহলে আল্লাহর উপর তাকে ক্ষমা করা অপরিহার্য হয়ে যায়।

#### रामीमि छान।

এটি আবৃশ শাইখ তার "আল-আহাদীস" গ্রন্থে (২/১৮), তাবারানী নাসাঈ হতে তার "হাদীস" গ্রন্থে (১/৩১৩), ইবনু হিব্বান "আস-সিকাত" গ্রন্থে (২/১৫০), হাকিম তার "আল-মুসতাদরাক" গ্রন্থে (৪/২৪২), আবৃ নু'রাইম তার "আল-হিলইরাহ" গ্রন্থে (৮/২৮৬) এবং মুশরিক ইবনু আদিল্লাহ আল-ফাকীহ্ তার "হাদীস" গ্রন্থে (২/৬০) জাবের ইবনু মারযুক আল-মাক্কী সূত্রে ...বর্ণনা করেছেন।

অতঃপর হাকিম বলেছেন ঃ এটির সনদ সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ আল্লাহর কসম তা নয়। কে এ জাবের যে, তিনি দলীল হতে পারেন?! তিনি হচ্ছেন অপরিচিত, অজ্ঞাত এবং তার হাদীস মুনকার।

হাফিষ যাহাবী "আল-মীযান" গ্রন্থে জাবেরের জীবনী আলোচনা করতে গিয়ে বলেছেন ঃ তিনি মিথ্যার দোষে দোষী। তার থেকে কুতাইবা ইবনু সা'ঈদ এবং 'আলী ইবনু বাহার এমন ধরনের হাদীস বর্ণনা করেছেন, যা নির্ভরযোগ্যদের হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ নয়। এ কথাটি ইবনু হিব্বান বলেছেন।

তা সত্ত্বেও সুয়ৃতী তার "জামে উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

٣٢٥. (مَنْ أَدْنْبَ دُنْبًا؛ فَعَلِمَ أَنَّ اللهَ قَدِ اطْلَعَ عَلَيْهِ؛ عَقْرَ لَهُ، وَإِنْ لَمْ
يَسْتُعْفِرْ).

৩২৫। যে ব্যক্তি কোন গুনাহ করণ। অতঃপর জানতে পারণ যে, আল্লাহ তা অবগত হয়েছেন, তবেই তাকে ক্ষমা করে দেয়া হবে যদিও সে ক্ষমা প্রার্থনা না করে।

### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/২৭২/১/৪৬৩৩) ইব্রাহীম ইবনু হিরাসা সূত্রে হামযা আয-যায়য়াত হতে ... বর্ণনা করেছেন।

হায়সামী বলেন (১০/২১১) ঃ তাতে ইব্রাহীম ইবনু হিরাসা রয়েছেন। তিনি মাতরক।

আমি (আলবানী) বলছি ঃ আবূ দাউদ ও অন্যরা তাকে মিথ্যুক বলেছেন।

এ চারটি হাদীস শরীয়তের দৃষ্টিকোণ থেকেও বাতিল বলে গণ্য হয়। এভাবে শরীয়তে বলা হয়নি যে, শুধুমাত্র অনুভপ্ত হওয়া এবং এটি জ্ঞাত হওয়া যে, গুনাহগার সম্পর্কে আল্লাহ অবহিত, তাহলেই সে নাজাত পেয়ে যাবে। বরং অপরিহার্য হচ্ছে তাকে তাওবায়ে নাসূহা করতে হবে।

বুখারীতে কিতাবৃত তাওহীদ অধ্যায়ে বর্ণিত (৭৫০৭) হাদীসটি এরূপ বানোয়াট হাদীস হতে আমাদেরকে নিরাপদে রাখতে পারে।

٣٢٦. (مَنْ تَمَسَّكَ بِسُلْتِي عِنْدَ قَسَادِ أُمَّتِي ؛ فَلَهُ أَجْرُ مِنْةِ شَهِيدٍ).

৩২৬। আমার উন্মাতের কলহ-বিবাদের সময় যে ব্যক্তি আমার সুন্নাতকে আঁকড়ে ধরবে, তার জন্য একশতটি শহীদানের সওয়াব রয়েছে।

## হাদীসটি নিতান্তই দুৰ্বল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/৯০) এবং ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (১/৯৩, ২/১৪১) হাসান ইবনু কুতাইবা হতে, তিনি আব্দুল খালেক ইবনুল মুন্যির হতে ...বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ নিতান্তই দুর্বল। এর কারণ হচ্ছে হাসান ইবনু কুতাইবা। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ তিনি হালেক [ধ্বংসপ্রাপ্ত]। দারাকুতনী বলেন ঃ তিনি মাতর্রুকুল হাদীস। আবৃ হাতিম বলেন ঃ তিনি দুর্বল। আযদী বলেন ঃ তিনি ওয়াহীউল হাদীস [খুবই দুর্বল]। উকায়লী বলেন ঃ তিনি অধিক পরিমাণে সন্দেহ প্রবণ ছিলেন। আর তার শাইখ ইবনুল মুন্যির অপরিচিত।

٣٢٧. (الْمُتَمَسِّكُ بِسُنْتَتِيْ عِنْدَ فَسَادِ أُمْتِيْ لَهُ أَجْرُ شَهِيدٍ).

৩২৭। আমার উম্মাতের কলহ-বিবাদের সময় আমার সুন্নাতকে ধারণকারীর জন্য এক শহীদের সওয়াব রয়েছে।

# হাদীসটি দুর্বল।

এটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/২০০) তাবারানীর "মু'জামুল আওসাত" গ্রন্থের (২/৩১/৫৭৪৬) সূত্র হতে …বর্ণনা করেছেন।

অতঃপর আবৃ নু'য়াইম বলেছেন ঃ এটি গারীব।

তিনি যা বলেছেন তেমনই। তবে তাবারানী একটু বেশী বলেছেন ঃ আব্দুল আযীযের পুত্র আব্দুল মন্ত্রীদ এককভাবে এটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার ব্যাপারে মতভেত রয়েছে। "আত-তাকরীব" গ্রন্থে এসেছে ঃ তিনি সত্যবাদী, ভুল করতেন।

এছাড়া সনদের আরেক বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু সালেহ আযারীকে আমি চিনি না। হায়সামীও "আল–মাজমা" গ্রন্থে (১/১৭২) বলেছেন ঃ তার জীবনী কে রচনা করেছেন আমি তা পাচ্ছি না।

এ হাদীস হতে আমাদেরকে মুক্ত রাখতে পারে "সহীহাহ্" গ্রন্থের মধ্যে (৪৯৪) যে হাদীসটি উল্লেখ করেছি সেটি ঃ "তোমাদের পরে ধৈর্য ধারণের দিন আসছে। সে সব দিনগুলোতে আজকে তোমরা যার উপর আছ, তাকে ধারণকারীগণ তোমাদের পঞ্চাশ জনের সমান সওয়াব পাবে…"। আল-হাদীস।

٣٢٨. (مَنْ عَدَا فِي طَلَبَ الْعِلْم؛ صَلَّتْ عَلَيْهِ الْمَلَائِكَةُ، وَيُوْرِكَ لَهُ فِي مَعَاشِهِ، وَلَمْ يَنْتَقَصْ مِنْ رَزْقِهِ، وَكَانَ عَلَيْهِ مُبَارَكًا).

৩২৮। যে ব্যক্তি জ্ঞান অর্জন করতে করতে সকাল করল, ফেরেশতারা তার উপর রহমত কামনা করেন এবং তার জন্য তার জীবন ধারণে বরকত দান করা হবে। তার রিযুক কমিয়ে দেয়া হবে না এবং তা তার জন্য হবে বরকতময়।

হাদীসটি জাল।

এটি ইবনু বিশরান (২/৫৪) এবং ইবনু আদিল বার "জামেউ' বায়ানিল ইলমে ওয়া ফার্যলিহি" গ্রন্থে (১/৪৫) মু'য়াল্লাক হিসাবে আবৃ যাকারিয়া ইয়াহ্ইয়া ইবনু হাশিম সূত্রে মিস'য়ার ইবনু কিদাম হতে, তিনি আতিয়া হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি জাল। ইয়াহ্ইয়া ইবনু হাশিমকে ইবনু মান্দিন ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আতিয়া আল-আওফী দুর্বল এবং মুদাল্লিস।

অতঃপর ইয়াহ্ইয়ার মুতাবা'য়াত পেয়েছি। তবে সেটি নিতান্তই দুর্বল। সেটি উকায়লী "আয-যু'য়াফা" প্রন্থে (পৃ: ২৬) বর্ণনা করে বলেছেন ঃ

এ হাদীসটি বাতিল। এটির কোন ভিত্তি নেই।

সুযুতী তার "যায়লু আহাদীসিল মাওযু'আহ" গ্রন্থে (পৃ:৪৩) হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ ইবনুল জাওযী "ইলালুল মাওযু'আত" গ্রন্থে উল্লেখ করেছেন। (সঠিক হচ্ছে ইলালুল মুতানাহিয়া গ্রন্থে)।

٣٢٩. (رَحِمَ اللهُ أَخِي يُوسُفَ، لو لمْ يَقُلْ: (الجَعَلْتِي عَلَى خَزَاتِنِ الأَرْضِ)؛ لأستَّعْمَلُهُ مِنْ سَاعَتِهِ، وَلَكِلَّهُ أَخْرَ لِدُلِكَ سَنَةً).

৩২৯। আমার ভাই ইউস্ফকে আল্লাহ রহম করুন। তিনি যদি এ কথা না বলতেন ঃ (হে আল্লাহ) "আপনি আমাকে যমীনের ভাগ্তারগুলো দান করুন", তাহলে সে মূহুর্তেই তা ব্যবহার করতে পারতেন। কিন্তু উক্ত কারণেই তা এক বছরের জন্য পিছিয়ে দেয়া হয়।

रामीमि छान।

হাফিয ইবনু হাজার "তাখরীজুল কাশ্শাফ" গ্রন্থে (৪/৯০) বলেন ঃ এটি সা'লাবী ইবনু আব্বাস (﴿ﷺ) হতে ইসহাক ইবনু বিশরের বর্ণনা থেকে উল্লেখ করেছেন এবং তিনি যুওয়াইবীর হতে ...বর্ণনা করেছেন। এ সনদটি সাকেত (গ্রহণযোগ্য নয়)।

এটি সা'লাবী সূত্রে ওয়াহেদী তার "তাফসীর" গ্রন্থে (১/৯৩) বর্ণনা করেছেন।

٣٣٠. (سَٱلْتُ اللهَ أَنْ يَجْعَلَ حِسَابَ أَمَّتِي إِلَيَّ؛ لِنَلاَ تُقْتَضَحَ عِنْدَ الْأُمُم، فَأَنْ كَانَ مِنْهُمُ زَلَّهُ سَتَرَنَّهَا عَنْكَ فَأُوْحَى اللهُ إِلَيَّ بِلَ أَنَا أَحَاسِبُهُمْ، فَإِنْ كَانَ مِنْهُمُ زَلَّهُ سَتَرَنَّهَا عَنْكَ لِنَا لَقَاضَحَ عِنْدَكَ).

৩৩০। আমি আল্লাহর নিকট চাইলাম যেন আমার উন্মাতের হিসাব-কিতাব আমার উপর দিয়ে দেরা হয়; যাতে করে আমাকে অন্য উন্মাতগুলোর সন্মুখে অপদস্ত হতে না হয়। তখন আল্লাহ আমার নিকট অহী মারফত জানালেন ঃ হে মুহাম্মাদ! আমি তাদের হিসাব গ্রহণ করব, তাদের মধ্য হতে কারো যদি কোন অপদস্থতা থাকে তাহলে আমি তা আপনার নিকট হতে পুকিয়ে ফেলব, যাতে করে আপনার নিকট আপনার উন্মাত অপদস্থ না হন।

#### रापीमिं छान ।

এটি দাইলামী "মুসনাদ" গ্রন্থে (২/১০১) তার নিজ সনদে আবৃ বাক্র নাক্কাশ হতে, তিনি হাসান ইবনু সাকার হতে ...বর্ণনা করেছেন।

সুযূতী "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ১৭৯) দাইলামীর উদ্ধৃতিতে উল্লেখ করে বলেছেন ঃ নাকাশ মিথ্যার দোষে দোষী।

আমি (আলবানী) বলছি ঃ এ কথা বলা সত্ত্বেও তিনি তার "জামে'উস সাগীর" থছে হাদীসটি দাইলামীর সূত্রে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানাবী চুপ থেকেছেন। সম্ভবত এটির সনদ সম্পর্কে তিনি অবহিত হননি।

অতঃপর সুয়ৃতী ইবনু নাজ্জারের বর্ণনা হতে আনাস ইবনু মালেক (ﷺ) থেকে বর্ণনা করেছেন। এ সনদে মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকী নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ তিনি হাদীস জাল করতেন।

ইবনু আররাকও হাদীসটি "তান্যীহুশ শারী'য়াহ" গ্রন্থে (কাফ ১/৪০০) উল্লেখ করেছেন।

٣٣١. (أنا ابن الدينحتين).

৩৩১। আমি দুই কুরবাণীকৃত ব্যক্তির সম্ভান।

এ শব্দে এটির কোন অস্তিত্ব নেই ।

যায়লা'ঈ এবং ইবনু হাজার "তাখরীজুল কাশ্শাফ" গ্রন্থে (৪/১৪১) বলেছেন ঃ এ শব্দে হাদীসটি পাচ্ছি না।

আমি (আলবানী) বলছি ঃ যাযলা'ঈ আখরাজাহু "أخرجه'' শব্দটি লিখার পর সাদা স্থান ছেড়ে রাখেন কে বর্ণনা করেছেন তা পরবর্তীতে লিখার জন্যে। কিন্তু তা পাওয়া সম্ভব হয়নি। সম্ভবত তার ধারণা ছিল এটির আসল রয়েছে, কিন্তু পাননি।

হাকিম দীর্ঘ এক হাদীসের মধ্যে এটির ঘটনা উল্লেখ করে হুকুম লাগানো হতে চুপ থেকেছেন। কিন্তু যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ এটির সনদ দুর্বল।

হাফিয ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৪/১৮) ইবনু জারীরের বর্ণনায় উল্লেখ করার পর বলেছেন ঃ

এ হাদীসটি নিতান্তই গারীব (দুর্বল)।

٣٣٢. (الدَّبينِ أسْحَاقُ).

৩৩২। কুরবাণী করা হয়েছিল ইসহাককে। হাদীসটি দুর্বল।

<sup>° (</sup>দু'জনের একজন হচ্ছে আব্দুল্লাহ ইবনু আব্দিল মুন্তালিব এবং অন্যজন হচ্ছেন ইসমা'ঈল ইবনু ইব্রাহীম)।

সূয়্তী "জামে'উস সাগীর" গ্রন্থে এ ইঙ্গিত দিয়ে উল্লেখ করেছেন যে, এটি দারাকুতনী "আল-আফরাদ" গ্রন্থে ইবনু মাস'উদ (ఉ) হতে, বায্যার ও ইবনু মারদুবিয়া আব্বাস ইবনু আব্দুল মুন্তালিব (ఉ) হতে এবং ইবনু মারদুবিয়া (একক ভাবে) আবৃ হুরাইরাহ (ఉ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু মাস'উদ (卷)-এর হাদীসটি তাবারানীও বর্ণনা করেছেন। যার সনদে মুদাল্লিস বর্ণনাকারী এবং ইনকিতা (বিচ্ছিন্নতা) রয়েছে। তবে তার ভাষায় ভিন্নতা রয়েছে। এটি হাকিমও (১/৫৫৯) মারফ্' হিসাবে বর্ণনা করে বলেছেন ঃ

শাইখায়নের শর্তানুযায়ী এটি সহীহ।

যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ এটির সনদে সুনায়েদ ইবনু দাউদ রয়েছেন। তিনি সহীহ্ হাদীস বর্ণনাকারী নন।

ইবনু কাসীর মওকৃফ হিসাবে "আত-তাফসীর" গ্রন্থে (৪/১৭) উল্লেখ করে বলেছেন ঃ এটি ইবনু মাস উদ (ఉ) হতে সহীহ অর্থাৎ মওকৃফ হিসাবে।

আমি (আলবানী) বলছি ঃ সম্ভবত সুনায়েদ ছাড়া অন্য কোন সূত্রে এসেছে। আব্বাস (﴿﴿
)-এর হাদীসটির সনদে রয়েছেন মুবারাক ইবনু ফু্যালা, যিনি হাসান হতে ...বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল। হাসান মুদাল্লিস এবং মুবারাকের মধ্যেও দুর্বলতা রয়েছে।
হায়সামীও জামহুরে নিকট মুবারাক দুর্বল হওয়ার কথা উল্লেখ করেছেন।
এছাড়াও তার বর্ণনায় ইযতিরাব সংঘটিত হয়েছে। তিনি একবার মারফ্
আবার মওক্ফ হিসাবে বর্ণনা করেছেন।

এছাড়া আবৃ হুরাইরাহ (ఉ) এবং আবৃ সা'ঈদ খুদুরী (ఉ) হতেও অন্য সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু কোনটিই সহীহ নয়।

মোটকথা হাদীসটির সকল সূত্রই দুর্বল। যার একটি অন্যটিকে শক্তি যোগাতে সক্ষম নয়। অধিকাংশ বর্ণনায় ইসরাইলী বর্ণনা যেগুলো কোন কোন সাহাবী বর্ণনা করেছেন। আর দুর্বল বর্ণনাকারী সেগুলোকে মারফু' হিসাবে চালিয়ে দিয়ে ভুল করেছেন।

যারকানী ধারণা করেছেন যে, হাদীসটি হাকিম বিভিন্ন সূত্রে আব্বাস (ﷺ) হতে বর্ণনা করেছেন এবং সেটিকে শাইখায়নের শর্তানুযায়ী সহীহ্ বলেছেন এবং যাহাবীও সহীহ্ বলেছেন।

তিনি (যারকানী) (১/৯৮) বলেন ঃ একটি সূত্র অন্যটিকে শক্তি যোগাচ্ছে। অতএব হাদীসটি হাসান বরং এটিকে হাকিম এবং যাহাবী সহীহ্ বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটিকে যাহাবী সহীহ্ বলেননি। হাকিম সন্দেহ বশত এটিকে সহীহ্ বলেছেন। এটির সকল সূত্রতেই রয়েছে দুর্বলতা ও ইযতিরাব। ভাষাগুলো ইসরাইলী হওয়ার সম্ভাবনা রয়েছে বরং সেটি হওয়াই প্রাধান্য পায়। এসব কিছুই 'একটি অন্যটিকে শক্তি যোগাচেছ' এ কথা বলতে বাঁধা প্রদান করছে।

এদিকে মুহাক্কিক আলেমগণ (যেমন ইবনু তাইমিয়্যা, ইবনুল কাইয়্যিম, ইবনু কাসীর ও আরো অনেকে) বলেছেন ঃ যাকে যাব্হ্ করা হয়েছিল তিনি হচ্ছেন ইসমাজিল, ইসহাক নয়।

ইবনুল কাইয়্যিম "যাদুল মা'য়াদ" গ্রন্থে বলেছেন ঃ ইসহাককে কুরবানী করার নির্দেশ এসেছিল এ কথাটি বাতিল। আমি শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাকে বলতে শুনেছি, এ মতটা আহলে কিতাবদের থেকে এসেছে। অথচ তাদের কিতাবের দলীল দ্বারাই এ মতটি বাতিল। কেননা তাদের কিতাবে এসেছে যে, ইব্রাহীমকে আল্লাহ তার ছোট সন্তানকে কুরবাণী করার নির্দেশ দেন। আহলে কিতাবরা মুসলিমদের সাথে এ মর্মে সন্দেহ পোষণ করে না যে, ইসমা'ঈলই তার সন্তানদের সর্বকনিষ্ট ছিলেন। অতএব কীভাবে এ কথা বলা বৈধ হবে যে, কুরবানীর জন্য চয়ন করা হয়েছিল ইসহাককে, অথচ আল্লাহ তা'আলা তার মাকে তার দ্বারা সুসংবাদ দিচ্ছেন এবং তার পুত্র ইয়াকৃব দ্বারা।

٣٣٣. ( إِنَّ اللهَ ثَبَارِكَ وَتَعَالَى خَيْرِيَى بَيْنَ أَنْ يَغْفِرَ لِنِصْفِ أُمَّتِيْ، وَبَيْنَ أَنْ يُخِفِرَ لِنِصْفِ أُمَّتِيْ، وَبَيْنَ أَنْ يُحِيْبَ شَفَاعَتِيْ، فَاهَرْتُ شُفَاعَتِيْ، وَرَجُونَتُ أَنْ تَكُونَ اعْمَ لأَمْتِيْ، ولَوْلا الَّذِيْ سَبَقَتِي لِلنِهِ الْعَبْدُ الصَّالِحُ؛ لَتَعَجَّلْتُ فَيْهَا دَعْوَتِيْ، إِنَّ اللهُ تُعَالَى لَمَّا فَرَّجَ لَلْذِيْ سَبَقَتِي لِلنِهِ الْفَهُ تَعَالَى لَمَّا فَرَّجَ عَنْ إِسْمَاقَ لِاسْمَاقَ لا يُشْرِكُ فَقَالَ: أَمَا وَالذِيْ تَفْسِيْ بِيَدِهِ لاَتَعَجَلَتُهَا قَبْلَ تَرْعَاتُ لَلْشَيْطَانَ: اللَّهُمْ مَنْ مَاتَ لا يُشْرِكُ بِكَ شَيَئًا؛ فَاعْفِرْ لَهُ وَانْخِلَهُ الْجَلَّهُ ).

ততা। আল্লাহ্ তা'আলা আমার অর্থেক উন্মাতকে ক্ষমা করার অথবা আমার শাকা'য়াত গ্রহণ করার মধ্য হতে একটি গ্রহণ করার স্বাধীনতা আমাকে দিয়েছিলেন। কিন্তু আমি আমার শাকা'য়াত করাকে পছন্দ করি। আমার আলা শাকা'য়াতটি আমার উন্মাতের জন্য ব্যাপক হবে। আমার পূর্বের নেককার বান্দা যদি আমার চেয়ে সেটির দিকে অর্থানী না হতেন, তাহলে আমি তাতে আমার দাবী নিয়ে তাড়াতাড়ী করতাম। আল্লাহ তা'আলা যখন ইসহাককে যবেহের বিপদ হতে মুক্ত করলেন, তাকে বলা হলো; হে ইসহাক। চাও তোমাকে দেয়া হবে। তিনি বললেন ঃ যার হাতে আমার আত্মা তার কসম অবশ্যই আমি তাতে তাড়াতাড়ী করব, শয়তান তা ছিনিয়ে নেয়ার পূর্বেই। হে আল্লাহ! যে ব্যক্তি তোমার সাথে কোন প্রকার শির্ক না করে মারা যাবে, তুমি তাকে ক্ষমা করে দাও এবং তাকে জালাত দিয়ে দাও।

# হাদীসটি মুনকার।

ইবনু আবী হাতিম বলেছেন ঃ আমার পিতা আমাদেরকে হাদীসটি শুনিয়েছেন। এটির সনদে রয়েছেন আব্দুর রহমান ইবনু যায়েদ ইবনু আসলাম। অনুরূপভাবে "তাফসীরু ইবনে কাসীর" গ্রন্থেও এসেছে (৪/১৬) বর্ণিত হয়েছে, তিনি (ইবনু কাসীর) বলেন ঃ এ হাদীসটি গারীব ও মুনকার। আব্দুর রহমান ইবনু যায়েদ হাদীসের ক্ষেত্রে দুর্বল। আমার ভয় হচ্ছে যে, হাদীসটির মধ্যে কিছু বর্ধিত করা হয়েছে। সে বর্ধিত অংশটুকু হচ্ছে ''… فرغ عن إسحاق" অর্থ ঃ 'আল্লাহ তা আলা যখন ইসহাককে যবেহের বিপদ হতে মুক্ত করলেন…।'

আব্দুর রহমান ইবনু যায়েদ নিতান্তই দুর্বল; হাকিম তার সম্পর্কে বলেন ঃ তিনি তার পিতা হতে জাল হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি হচ্ছেন আদম (আ:) কর্তৃক নাবী (緣)-কে অসীলা ধরার হাদীসের বর্ণনাকারী। সে হাদীসটি জাল (নম্বর ২৫)।

এটি ইসরাইলী বর্ণনা হতে এসেছে। ভুল করে আব্দুর রহমান ইবনু যায়েদ মারফ্' করে ফেলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির বর্ধিত অংশটুকুও ইসরাইলী বর্ণনা হতেই এসেছে। তার প্রমাণ এই যে, কা'আব আল-আহবার বর্ধিত অংশসহ আবৃ হুরাইরাহ্ (卷)-এর নিকট হাদীসটি বর্ণনা করেছেন, যেমনভাবে হাকিম (২/৫৫৭) তার সনদে কা'আব পর্যন্ত বর্ণনা করেছেন।

অতঃপর বলেছেন ঃ এ সনদটি সহীহ, এতে কোন ধূলিকণা নেই। যাহাবী তার কথাকে সমর্থন করেছেন। অর্থাৎ এটি কা'আবের কথা। অতএব এটি ইসরাইলী বর্ণনা হওয়াই সঠিক।

ইসহাক যাবিহ হওয়ার হাদীসগুলো যে সূত্রে এসেছে সেগুলো সহীহ নয়।

٣٣٤. (أَكْرَمُ النَّاسِ يُوسُفُ بْنُ يَعْقُوبَ بْنِ إِسْمَاقَ} دُبِيْحُ اللهِ).

৩৩৪। গোকদের মধ্যে ইউসুফ ইবনু ইয়াকৃব ইবনে ইসহাক হচ্ছেন সর্বাপেক্ষা সম্মানিত ব্যক্তি। তিনি যাবীছক্সাহ।

## হাদীসটি মুনকার।

এ শব্দে তাবারানী তার "মু'জামুল কাবীর" গ্রন্থে (১০২৭৮) আবৃ ওবাইদার সূত্রে বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে বলেছেন ঃ (৮/২০২) এটির সনদে বাকিয়াহ রয়েছেন, তিনি মুদাল্লিস এবং আবু ওবাইদা তার পিতা হতে ওনেননি।

কিন্তু বাকিয়ার মুতাবা য়াত পাওয়া যায়। মু শ্লাবিয়া ইবনু হাফস এবং বাকিয়া উভয়ে ত'বা হতে বর্ণনা করেছেন। এটি ইবনুল মুজাফ্ফার "গারায়েবু ত'বাহ" গ্রন্থে (১/১৩৮) বর্ণনা করেছেন।

ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৪/১৭) বলেছেন 🖇 এটি ইবনু মাস'উদ (ఉ) হতে সহীহ (অর্থাৎ মওক্ফ হিসাবে)।

আমি (আলবানী) বলছি ঃ ''ين إسحاق ذبيح الله'' এ অংশটুকু বাদ দিয়ে হাদীসটি মারফ্' হিসাবেও সহীহ। কারণ এ বর্ধিত অংশটুকু মুনকার। এ অংশটুকু বাদ দিয়ে বুখারী এবং মুসলিম আবৃ হুরাইরার (🐞) হাদীস হতে বর্ণনা করেছেন।

ইসহাকই ছিলেন যাবীহ এ মর্মে যে সব হাদীস বর্ণিত হয়েছে, সে গুলোর সবই দুর্বল।

٣٣٥. (قالَ دَاودُ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَسْأَلْكَ بِحَقِّ أَبَاتِيْ ؛ إِبْرَاهِيْمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ. فَقَالَ: أمَّا إِبْرَاهِيْمُ؛ فَالْقِيَ فِي النَّارِ، فُصَبَرَ مِنْ أَجَلِيْ، وَتِلْكَ بَلِيَّةً لَمْ تَتْلَكَ، وَأَمَّا إِسْحَاقُ؛ فَبَدَلَ نَفْسَهُ لِيَدْبَحَ، قُصَبَرَ مِنْ أَجْلِيْ، وَتِلْكَ بَلِيَّةً لَمْ تَتْلَكَ، وَأَمَّا إِسْحَاقُ؛ فَبَدُلَ نَفْسَهُ لِيَدْبَحَ، قُصَبَرَ مِنْ أَجْلِيْ، وَتِلْكَ بَلِيَّةً لَمْ تَتْلَكَ، وَأَمَّا إِلَيْهُ لَمْ تَتْلَكَ، وَأَمَّا يَعْفُوبُ؛ فَعْلَبَ عَنْهُ يُوسُفُ، وَيَلْكَ بَلِيَّةً لَمْ تَتْلَكَ).

৩৩৫। দাউদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ আমি তোমার নিকট আমার পিতা ইব্রাহীম, ইসহাক এবং ইয়াক্বকে হক জানার মাধ্যমে প্রার্থনা জানাচ্ছি। অতঃপর [আল্লাহ্] বললেন ঃ ইব্রাহীমকে আগুনে নিক্ষেপ করা হয়েছিল। সে আমার জন্যই ধৈর্য ধারণ করে। সে বিপদ তোমাকে স্পর্শ করেনি। ইসহাক নিজেকে যাব্হ করার জন্য সমর্পন করেছিল। সে আমার জন্যই ধৈর্য ধারণ করে। সে বিপদ তোমাকে স্পর্শ করেনি। ইয়াক্বের নিকট হতে ইউসুফ হারিয়ে গিয়েছিল। সে বিপদও তোমাকে স্পর্শ করেনি।

# হাদীসটি নিভান্তই দুর্বল।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২০২) বলেন ঃ হাদীসটি বাষ্যার আব্বাস (ఉ) হতে আবৃ সাস্টিদের বর্ণনা থেকে, তিনি 'আলী ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেন। এ আবৃ সাস্টিদকে আমি চিনি না এবং 'আলী ইবনু যায়েদ দুর্বল। কেউ কেউ তাকে সিকা (নির্ভরযোগ্য) আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ আবৃ সা'ঈদ হচ্ছেন হাসান ইবনু দীনার। তিনি একেবারেই দুর্বল। হাদীসটি ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৪/১৭) উল্লেখ করে বলেছেন ঃ

এটি সহীহ নয়। এটির সনদের বর্ণনাকারী হাসান ইবনু দীনার মাতরূক আর 'আলী ইবনু যায়েদ ইবনু যাদ'আন মুনকারুল হাদীস।

হাসান ইবনু দীনারের কুনিয়াত হচ্ছে আবু সাস্থিদ, যেমনভাবে "আল-মীযান" গ্রন্থে এসেছে।

হাদীসটি ইবনু মারদুবিয়াও বর্ণনা করেছেন, যেমনটি যারকানীর "শারছল মাওয়াহিব" গ্রন্থে (১/৯৭) এসেছে।

ইবনু তাইমিয়্যা "কায়েদাতুল জালীলাহ" গ্রন্থে উল্লেখ করেছেন, এটি ইসরাইলী বর্ণনার অন্তর্ভুক্ত। এটিই বিভদ্ধতার দিক থেকে বেশী সাদৃশ্যপূর্ণ।

কারণ আমাদের ধর্মের মধ্যে পিতাদের হক জানার দারা অসীলা করা শরীয়ত সম্মত নয়, যেমনটি ২২-২৫ নং হাদীসে আলোচনা করা হয়েছে। ٣٣٦. (قالَ نَبِيُّ اللهِ دَاودُ: يَا رَبِّ! أَسْمَعُ النَّاسَ يَقُولُونَ: رَبِّ إِسْحَاقَ؟ قَالَ: إِنَّ إِسْحَاقَ؟ قَالَ: إِنَّ إِسْحَاقَ جَادَ لِي بِنْفُسِهِ).

৩৩৬। আল্লাহর নাবী দাউদ বললেন ঃ হে প্রতিপালক। আমি লোকদেরকে বলতে ওনছি ঃ ইসহাকের প্রভু? উত্তরে (আল্লাহ) বললেন ঃ ইসহাক আমাকে তার নিজের জীবন দিয়েছে।

## श्मीमि पूर्वम ।

এটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (২/৫৫৬) বর্ণনা করেছেন।

অতঃপর বলেছেন ঃ এটি সহীহ। লোকেরা 'আলী ইবনু যায়েদ ইবনু যাদ'আন হতে বর্ণনা করেছেন। তিনি এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি: যাহাবী চুপ থেকেছেন। অপচ ইবনু যাদ'আন দুর্বল, মুনকারুল হাদীস, যেমনটি ইবনু কাসীর হতে পূর্বের হাদীসে আলোচনা করা হয়েছে।

যারকানী "শারহুল মাওয়াহিব" গ্রন্থে (১/৯৭) হাকিম ও যাহাবী হতে যে কথা নকল করেছেন, সে সম্পর্কে পূর্বেই আলোচনা করা হয়েছে।

٣٣٧. (إِنَّ جِيْرِيلَ دَهَبَ بِإِبْرَاهِيْمَ إِلَى جَمْرَةِ الْعَقْبَةِ، فَعَرَضَ لَهُ الشَّيْطَانُ، قَرَمَاهُ بِسَبْع حَصَيَاتٍ، فَسَاحٌ، فَلَمَّا أَرَادَ إِبْرَاهِيْمُ أَنْ يَدْبَحَ ابْنَهَ إِسْحَاقَ؛ قَالَ لَايْنِهِ: يَا أَبْتِ! أُونِقِتِي لاَ أَصْطَرَبُ، فَيَنْتُضِحُ عَلَيْكَ مِنْ دَمِيْ إِدَا دَبَحْتَتِيْ، فَشَدَهُ، فَلَمَّا أَحَدُ الشَّقْرَة، قَارَادَ أَنْ يَدْبَحَهُ؛ نُودِيَ مِنْ خَلْقِهِ {أَنْ يَالِبْرَاهِيْمُ قَدْ صَدَقتَ الرُّوْيَا}).

৩৩৭। জিবরীল ইব্রাহীমকে সাথে নিয়ে জামারাতুল আকাবার নিকট গেলেন।
শয়তান তার সম্মুখে দাঁড়াল। তিনি তাকে সাতটি পাথর নিক্ষেপ করলেন। তাতে সে
চিল্লিয়ে উঠল। অতঃপর যখন ইব্রাহীম তার সন্তান ইসহাককে যাবৃহ করার ইচ্ছা
করলেন; তিনি তার পিতাকে বললেন ঃ হে আমার পিতা। আমাকে শব্দু করে বেঁধে
ফেলুন যাতে আমি নড়াচড়া না করি। যাতে করে আমাকে আপনি যখন যাবৃহ
করবেন তখন আমার রক্ত আপনার উপর ছিটে না পড়ে। তিনি তাকে শব্দু করে
বাঁধলেন এবং ছুরি নিয়ে তাকে যাবৃহ করার ইচ্ছা করলেন, তখন তার পিছন হতে
ডাক দেয়া হলো "হে ইব্রাহীম তুমি সপ্লকে সত্যে পরিণত করে দেখিয়েছ", (সূরা
সাক্ষাত:১০৫)।

# হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (নং ২৭৯৫) হাম্মাদ ইবনু সালামা সূত্রে আতা ইবনুস সায়েব হতে বর্ণনা করেছেন। এটির সনদ দুর্বল। কারণ এ আতা ইবনুস সায়েবের মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। হাম্মাদ তার থেকে এ অবস্থাতে এবং এর পূর্বেও শুনেছেন।

যারকানী যে "শারহুল মাওয়াহিব" গ্রন্থে (১/৯৮) বলেছেন ঃ শাইখ আহমাদ শাকের মুসনাদের টীকায় বলেছেন ঃ এটির সনদ সহীহ্। এ কথা গ্রহণযোগ্য নয়।

কারণ এটি প্রসিদ্ধ যে, শাইখ আহমাদ শাকের হাদীসটির সনদ সহীহ্ হওয়ার পিছনে দলীল হিসাবে উল্লেখ করেছেন যে, হাম্মাদ ইখতিলাতের (মস্তিষ্ক বিকৃতি ঘটার) পূর্বে আতা হতে শুনেছেন।

এটি হচ্ছে হাফিয় ইবনু হাজার "তাহ্যীবৃত তাহ্যীব" গ্রন্থে কোন কোন ইমামের উদ্ধৃতিতে যা উল্লেখ করেছেন তা থেকে তার (পাশ কাটিয়ে) দ্রুত চলা। কারণ হাম্মাদ আতা হতে ইখতিলাতের মধ্যেও শুনেছেন। অতএব সহীহ্ বলা সঠিক হবে না যতক্ষণ পর্যন্ত স্পষ্ট না হবে যে তিনি ইখতিলাতের পূর্বে শুনেছেন।

হাদীসটি হাকিম (১/৪৬৬) অন্য একটি সূত্রে ইবনু আব্বাস (ఉ) হতে মারফ্ হিসাবে যাব্হ করার কিস্সাটি বাদ দিয়ে উল্লেখ করেছেন এবং মুসলিমের শর্তানুযায়ী সহীহ এ কথা বলেছেন। যাহাবীও তাকে সমর্থন করেছেন।

ইমাম আহমাদ তৃতীয় একটি সূত্রে (নং ২৭০৭) বর্ণনা করেছেন। তাতে কিসসাটি আছে তবে ইসমাঈলকে যাব্হ করার কথা বলা হয়েছে। এটিই সঠিক।

٣٣٨. (إنَّ اللهَ عَزُوجَلُ خَلَقَ السَّمَاوَاتِ سَبَعا، فَاخْتَارَ الْطَيَا مِنْهَا، فَسَكَنْهَا، وَأَسْكَنَ سَاتِرَ سَمَاوَاتِهِ مَنْ شَاءَ مِنْ خَلَقِهِ، وَخَلَقَ الْأَرْضِيْنَ سَبَعا، فَاخْتَارَ مِنَ فَاحْتُارَ الْعُلْيَا مِنْهَا فَاسْكَنْهَا مَنْ شَاءَ مِنْ خَلَقِهِ، ثُمَّ خَلَقَ الْخَلْقَ، فَاحْتَارَ مِنَ الْحُلْقَ بَنِي آدَمَ، وَاحْتَارَ مِنْ الْعَرَبِ مُصْرَ، وَاحْتَارَ مِنْ مُصْرَ، وَاحْتَارَ مِنْ الْعَرَبِ مَنْ الْعَرَبِ مَنْ الْعَرَبِ فَيْكُونَ الْعَرَبَ فَيْحُبُقُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحَبَّهُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبَهُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبُهُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبَالِهِ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبُهُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبُهُمْ، وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَحْبُهُمْ وَمَنْ أَبْعُضَ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَوْمَالَهُمْ الْعَرَبَ فَيْحُبُقِيْ أَمْ الْعَلَى الْعَرْبَ فَيْحُبُونَ الْعَرْبَ فَيْ أَنْعُضَ الْعَرَبَ فَيْعُنْ أَنْ الْعَلَقِ بَالْعُلُقُ لَا الْعَرْبَ فَيْعُمْ الْعَرْبَ الْعَرْبَ اللَّهُ الْعَلَى الْعَلَى الْعَرْبَ الْعَرْبَ فَيْمُ الْعَلَى الْعَرْبَ فَلَى الْعَلَقِ الْعَلَى اللَّهُ الْعَلَى اللَّهُ الْمَالَعُونَ الْعَرْبَ اللَّهُ الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللْعَلَى اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللْعَلَى اللَّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللْعَلَى اللَّهُ اللْعَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللْعَلَى اللَّهُ اللَّهُ الْعَلَى اللَّهُ الْعَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللّهُ اللَّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْعَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّه

৩৩৮। আল্লাহ তা'আলা সাত আসমানকে সৃষ্টি করলেন। অতঃপর তার মধ্য হতে সর্বোচ্চটিকে পছন্দ করলেন। সেটিতে বসবাস করা তক করলেন এবং তাঁর সকল আসমানকে তাঁর সৃষ্টির মধ্য হতে যাকে চান তাদের জন্যে বাসস্থান বানালেন। সাত যমীনকে সৃষ্টি করলেন। তার মধ্য হতে সর্বোচ্চটিকে তার সৃষ্টির মধ্য হতে যাকে চান তাদের জন্য বাসস্থান বানালেন। অতঃপর সকল সৃষ্টিকে সৃষ্টি করলেন। সৃষ্টির মধ্য হতে আদম সন্তানদের তিনি চয়ন করলেন। বানু আদমদের থেকে আরবদেরকে চয়ন করলেন। আরবদের থেকে মুযারা গোরকে বেছে নিলেন। মুযারা হতে কুরাইশদেরকে বেছে নিলেন। কুরাইশদের থেকে হাশেমীদেরকে বেছে নিলেন। অতঃপর আমাকে হাশেমীদের থেকে বেছে নিলেন। আমি উত্তমদের থেকে উত্তমদের শেষ সীমায়। অতএব যে ব্যক্তি আরবদের ভালবাসবে, সে আমাকে

ভালবাসার কারণেই তাদেরকে ভালবেসেছে এবং যে আরবদেরকে অপছন্দ করবে সে আমাকে অপছন্দ করার কারণেই তাদেরকে অপছন্দ করেছে।

# হাদীসটি মুনকার।

এটি তাবারানী (৩/২১০/১), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৪৫৮), ইবনু আদী (৭৪/২/৩০১/২), আবৃ নু'য়াইম "দালায়েলুল নুবুওয়া" গ্রন্থে (পৃ: ১২), অনুরূপভাবে হাকিম (৪/৭৩-৭৪), ইবনু কুদামা আল-মাকদেসী "আল-উল্" গ্রন্থে (১৬৫-১৬৬) এবং ইরাকী "মুহাজ্জাতুল কুরব ইলা মুহাব্বাতীল আরাব" গ্রন্থে (২/২০১) দু'টি সূত্রে মুহাম্মাদ ইবনু যাকুওয়ান হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ নিতান্তই দুর্বল।

এ মুহাম্মাদ ইবনু যাকুওয়ান সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

তাকে দারাকুতনী ও অন্যরা দুর্বল আখ্যা দিয়েছেন।

উকায়লী বলেছেন ঃ তিনি অনুসরণযোগ্য নন।

হাকিম অন্য একটি সূত্রে আম্র ইবনু দীনার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদে আবৃ সুফিয়ান যিয়াদ ইবনু সুহায়েল আল-হারেসী নামক এক বর্ণনাকারী আছেন তার জীবনী পাচ্ছি না।

হাদীসটি ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৩৬৭-৩৬৮) প্রথম সূত্রটিতে উল্লেখ করেছেন, অতঃপর তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ হাদীসটি মুনকার।

যাহাবী ইবনু যাকুয়ানের জীবনীতে "আল-মীযান" গ্রন্থে তা সমর্থন করেছেন। তবে হাদীসের শেষাংশ যেটুকুতে রসূল (ﷺ)-এর ফ্যীলত এবং আরবদের ফ্যীলত সম্পর্কে বলা হয়েছে। সে অংশটুকু সহীহু হাদীস দ্বারা সাব্যস্ত হয়েছে।

٣٣٩. (إِنَّ إِدْرِيْسَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ صَدِيقًا لِمَلْكِ الْمَوْتِ، فَسَأَلُهُ أَنْ يُرِيهُ الْجَنَّةُ وَالنَّارَ، فَقَرْعَ مِنْهَا، وَكَادَ يُضْنَى عَلَيْهِ، فَالْرَاهُ النَّارَ، فَقْرَعَ مِنْهَا، وَكَادَ يُضْنَى عَلَيْهِ، فَالْتَفَ عَلَيْهِ مَلْكُ الْمَوْتِ بِجِنَاجِهِ، فَقَالَ مَلْكُ الْمَوْتِ: الْيُسَ قَدْ رَأَيْبَهَا؟ فَالَ نَلِيْ الْمَوْتِ: الْيُسَ قَدْ رَأَيْبَهَا؟ فَقَالَ مَلْكُ الْمَوْتِ: هَنِيْكُ مُلْكَ الْمَوْتِ: حَيْثُ كُنْتَ. قالَ الْمَوْتِ: حَيْثُ كُنْتَ. قالَ الْمَوْتِ: هَنِيْكُ الْمَوْتِ: حَيْثُ كُنْتَ. قالَ الْمَوْتِ: لَا الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: الْلَهِ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْهُ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْيُسَ الْمَوْتِ: أَلْهُ لَيْسَ الْمَوْتِ: أَلْهُ لَيْسَ الْمَوْتِ: أَلَيْسَ الْمَوْتِ: أَلَّهُ لَيْسَ لَاحَدْ حَتْهَا أَنْ يَخْرُجُ مِنْهَا ).

৩৩৯। ইদরীস সাল্লাল্লাহ্ন আলাইবি ওয়াসাল্লাম ছিলেন মালাকুল মাওতের বন্ধু। তিনি তার নিকট জান্লাত এবং জাহান্লাম দেখতে চাইলেন। তিনি ইদরীসকে নিয়ে উপরে উঠলেন। অতঃপর তাকে জাহান্লাম দেখালেন। তিনি তাতে অত্যন্ত ভীত হরে পড়লেন, এমনকি বেহুশ হওয়ার উপক্রম হলেন। মালাকুল মাওত তাঁকে তার বাহু ঘারা জড়িয়ে ধরলেন। মালাকুল মাওত বললেন ঃ আপনি কী তা দেখেননি? তিনি বললেন ঃ হাঁ।, কখনও এ দিনের ন্যায় কিছু দেখিনি। অতঃপর তাকে নিয়ে চললেন। তাকে জ্লানাত দেখালেন। তাতে তিনি প্রবেশ করলেন। মালাকুল মাওত বললেন ঃ আপনি চলুন তা আপনি দেখেছেন। তিনি বললেন ঃ কোধায়? মালাকুল মাওত বললেন ঃ যেখানে ছিলাম। ইদরীস বললেন ঃ আল্লাহর কসম না! আমি তাতে প্রবেশ করার পরে তা (জ্লানাত) থেকে বের হব না। মালাকুল মাওতকে বলা হলো ঃ আপনি কী বিশেষভাবে তাঁকে প্রবেশ করিয়ে দেননি? তাতে যে কেউ প্রবেশ করলে তাকে আর বের করা হয় না।

## হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/১৭৭/১/৭৪০৬) ইব্রাহীম ইবনু আদিল্লাহ ইবনে খালেদ মাসীসী সূত্রে বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৮/১৯৯-২০০) বলেন ঃ এটির সনদে ইবরাহীম ইবনু আন্দিল্লাহ রয়েছেন, তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ এ ব্যক্তি মিথ্যুক। হাকিম তার সম্পর্কে বলেন ঃ তার হাদীসগুলো মাওযু' (বানোয়াট)।

٣٤٠. (سَوُوْا بَيْنَ أُوْلَادِكُمْ فِي الْعَطِيَّةِ، فَلَوْ كُنْتُ مُقَضَّلًا أَحَدا؛ لَقَضَّلْتُ

৩৪০। তোমরা সম্ভানদের মধ্যে সমানভাবে হাদিয়া দাও। যদি কাউকে বেশী দিতাম তাহলে নারীদেরকেই বেশী দিতাম।

## হাদীসটি দুর্বল।

এটি আবৃ বাক্র আজুরী "ফাওয়াইদুল মুম্ভাখাবা" গ্রন্থে (১/১০৩/১), তাবারানী (৩/১৪২/২), হারিস ইবনু আবী উসামা "মুসনাদ" গ্রন্থে (পৃ: ১০৬) এবং বাইহাক্বী (৬/১৭৭) চারটি সূত্রে বর্ণনা করেছেন। তারা বলেন ঃ আমাদেরকে হাদীসটি ইসমা'ঈল ইবনু আইয়াশ সা'ঈদ ইবনু ইউসুফ হতে ...গুনিয়েছেন।

এটির সনদ দুর্বল। কারণ ইবনু ইউস্ফ সকলের ঐক্যমতে দুর্বল। ইবনু আদী তার এ হাদীসটি উল্লেখ করে বলেন ঃ তার এ হাদীসটির চেয়ে মুনকার হাদীস আর নেই।

এ জন্য ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তার জীবনীতে বলেন ঃ তিনি দুর্বল।

তার এ কথার কারণেই বুঝা যাচেছ "ফাতহুল বারী" গ্রন্থে (৫/১৬৩) যে বলেছেন সনদটি হাসান, এরপ বলাটা সঠিক নয়।

তবে হাদীসটির প্রথম অংশটুকুর অর্থবোধক শব্দ বুখারী এবং মুসলিম সহ অন্যান্য হাদীস গ্রন্থে বর্ণিত হয়েছে। সুতরাং প্রথম অংশটি সহীহ্। হাদীসটি আবৃ মুহাম্মাদ জাওহারী "ফাওয়াইদুল মুন্তাখাবা" গ্রন্থে (২/৭) জিছু তার থেকে ইবনু আসাকির (৭/১৮৪/২) আওযা'ঈর সূত্রে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর হতে বর্ণনা করেছেন। ইয়াহ্ইয়া বলেন ঃ রসূল (日) বলেছেন: ...।

এ সনদটি মু'জাল। সাহাবী এবং তাবে'ঈ দু'জনকে এখানে লুকিয়ে দেয়া হয়েছে।

٣٤١. (كَانَ يَرَى فِي الظُّلْمَةِ كَمَا يَرَى فِي الضَّوْعِ).

৩৪১। তিনি অন্ধকারেও দেখতেন যেরূপ আলোতে দেখতেন। হাদীসটি জাল।

এটি তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২০৭/১-২/নং ২২১০), ইবনু আদী (২/২২১) এবং তার থেকে বাইহাক্বী "আদ-দালায়েল" গ্রন্থে (৬/৭৫), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (৪/২৭২), মাক্কী আল-মুয়াফ্যিন তার "হাদীস" গ্রন্থে (১/২৩৬) এবং যিয়া আল-মাকদেসী "আল-মুনতাকা …" গ্রন্থে (১/২) আব্দুল্লাহ ইবনু মুগীরা হতে, তিনি মু'য়াল্লা ইবনু হিলাল হতে …বর্ণনা করেছেন।

বাইহাক্বী বলেন ঃ এ সনদটিতে দুর্বলতা রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ বরং এটির সনদ নিতান্তই দুর্বল। এটির সমস্যা হচ্ছে এ ইবনুল মুগীরা। তাকে বলা হয় আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনিল মুগীরা; উকায়লী বলেন ঃ

তিনি এমন হাদীস বর্ণনা করতেন যার কোন ভিত্তি নেই। ইবনু ইউনুস বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। অতঃপর বলেছেন ঃ এগুলো বানোয়াট। তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটি তার "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

মু'য়াল্লা ইবনু হিলাল যে মিথ্যুক এ মর্মে সমালোচকগণ একমত পোষণ করেছেন, যেমনটি ইবনু হাজার-এর "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

ইবনু আসাকির অন্য একটি সূত্রে বর্ণনা করেছেন, যেটিতে মুহাম্মাদ ইবনু মুগীরা রয়েছেন। তিনি অপরিচিত। সম্ভবত তার ছেলে আব্দুল্লাহর নাম কপি হতে উঠিয়ে দেয়া হয়েছে। অতঃপর বাইহাক্বী বলেন ঃ

অন্য একটি মাধ্যমে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু সেটি শক্তিশালী নয়।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি অন্ধকারাচ্ছন্ন। কারণ মুগীরা ইবনু মুসলিমের নিচের বর্ণনাকারীদের জীবনী পাচ্ছি না। ٣٤٢. (لمَّا حَمَلَتُ حَوَّاءُ؛ طَافَ بِهَا إِبْلِيْسُ - وَكَانَ لَا يَعِيْشُ لَهَا وَلَدَّ فَقَالَ: سُمُنَّهُ عَبْدَ الْحَارِثِ، فَعَاشَ، وَكَانَ دَلِكَ مِنْ وَحْي الْمَارِثِ، فَعَاشَ، وَكَانَ دَلِكَ مِنْ وَحْي الشَّيْطَانِ وَأَمْرِهِ).

৩৪২। মা হাওয়া যখন গর্ভবতী হলেন, তখন ইবলীস তাকে নিয়ে তাওয়াফ করল। তাঁর (হাওয়ার) সন্তান জীবন ধারণ করত না। অতঃপর (ইবলীস) বলল ঃ তার নাম রাখুন আব্দুল হারেস। তিনি তার নাম রাখলেন আব্দুল হারেস। ফলে সে জীবন ধারণ করল। এটি ছিল শয়তানের অহী হতে এবং তার নির্দেশে।

# रामीनि पूर्वम ।

এটি তিরমিয়ী (২/১৮১), হাকিম (২/৫৪৫), ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (২/১৫৮) এবং আহমাদ (৫/১১) উমার ইবনু ইব্রাহীম সূত্রে কাতাদা হতে বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি হাসান গারীব। এটিকে কাতাদা থেকে উমার ইবনু ইব্রাহীমের হাদীস ছাড়া অন্য কোন সূত্রে চিনি না।

হাকিম বলেন ঃ হাদীসটির সনদ সহীহ্। যাহাবীও তার কথাকে সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তারা যেরূপ বলেছেন তেমন নয়। কারণ (এটির সনদে) বর্ণনাকারী হাসান, সামুরা হতে জনেছেন কিনা তাতে মতভেদ রয়েছে। তার পরেও তিনি মুদাল্লিস।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে হাসানের জীবনীতে বলেন ঃ হাসান বেশী বেশী তাদলীস করতেন। যখন তিনি কোন হাদীসে আন ফুলান [অমুক হতে] বলেন তখন তা দলীল হিসাবে গ্রহণ করা দুর্বল হয়ে যায়।

ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে বলেন ঃ উমার ইবনু ইব্রাহীম এককভাবে হাদীসটি বর্ণনা করে বলেছেন ঃ কাতাদা হতে তার হাদীস মুযতারিব। তিনি দুর্বল হওয়া সত্ত্বেও তার হাদীস লিখা যায়।

. ( مَا مَاتَ رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَرَأَ وَكَتْبَ). ٣٤٣. ( مَا مَاتَ رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَرَأَ وَكَتْبَ). ७८७। त्रम्ल (ﷺ) পড়া এবং লিখার পূর্বে মৃত্যুবরণ করেননি। হাদীসটি আল।

এটি আবুল আব্বাস আল-আসাম তার "হাদীস" গ্রন্থে (৩/নং ১৫৩) এবং তাবারানী আবু আকীল আস-সাকাফী সূত্রে মুজাহিদ হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ এ হাদীসটি মুনকার, আবৃ আকীল হাদীসের ক্ষেত্রে দুর্বল এবং এ কথাটি কিতাবুল্লাহ বিরোধী। সুয়ৃতী হাদীসটি "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ:৫) উর্জিন্ করেছেন।

বুখারী শরীফে সুলহে হুদাইবিয়ার ঘটনায় তাঁর নিজে লিখার সম্পর্কে যে কথা বলা হয়েছে, সেটি এরপ ষে, "আমীর শহরটি তৈরি করেছেন" (কর্মচারীরা তৈরি করা সত্ত্বেও)। কারণ বুখারীর অন্য বর্ণনায় এবং মুসলিম শরীফের বর্ণনায় এসেছে তিনি আলী (ﷺ)-কে লিখার নির্দেশ দেন।

এ জন্যই সুহাইলী বলেছেন ঃ হক হচ্ছে এটিই যে, ''ککئے'' অর্থাৎ 'তিনি আলীকে লিখার নির্দেশ দেন।'

হাফিয় ইবনু হাজার "ফাতহুল বারী" এন্থে (৪/৪০৬) এ ব্যাখ্যাকে সমর্থন করে বলেছেন ঃ এটিই জামহুরে ওলামার মত।

٣٤٤. (مَا مِنْ عَبْدٍ يُحِبُّ أَنْ يَرَّقُفِعَ فِي الدُّنْيَا دَرَجَةَ، فَارَتَقَعَ؛ إِلاَّ وَضَعَهُ اللهُ فِي الدُّنْيَا دَرَجَةَ، فَارَتَقَعَ؛ إِلاَّ وَضَعَهُ اللهُ فِي الآخِرَةِ اكْبَرُ دَرَجَاتٍ وَاكْبَرُ تُمَّ قَالَ: {وَلِلآخِرَةِ اكْبَرُ دَرَجَاتٍ وَاكْبَرُ تَقْضِيلًا}).

৩৪৪। কোন বান্দা দুনিয়াতে তার মর্যাদা উচ্চ হওয়াকে ভালবাসলে, সে মর্যাদাবান হয় এবং আল্লাহ আব্দেরাতে তার জন্য আরো বৃহৎ ও দীর্ঘ মর্যাদা তৈরি করে দেন। অতঃপর পড়লেন ঃ (আব্দেরাতে বড় বড় মর্যাদা আর বড় বড় সন্মান রয়েছে)। (সূরা ইসরা ঃ ২১)।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী (৬/২৩৪) এবং আবৃ নু'য়াইম (৪/২০৩-২০৪) আব্দুল গফ্র ইবনু সা'দ আনসারী সূত্রে আবৃ হাশেম আর-রুম্মানী হতে ...বর্ণনা করেছেন।

এটির সনদ জাল (বানোয়াট); ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (২/১৪৮) বলেনঃ আব্দুল গফুর হাদীস জাল করতেন।

ইবনু মা'ঈন বলেন ঃ তার হাদীস কিছুই না।

ইমাম বুখারী বলেন ঃ তাকে মুহাদ্দিসগণ মাতরূক হিসাবে চিহ্নিত করেছেন। (মিথ্যার দোষে দোষী হওয়ার কারণে পরিত্যাগ করেছেন)।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৭/৪৯) এ একই সমস্যা উল্লেখ করে কারণ দর্শিয়েছেন। তথাপিও হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করা হয়েছে।

٥٣٥. (يَقُومُ الرَّجُلُ لِلرَّجُلِ؛ إلاَّ بَنِي هَاشِمٍ؛ قَاتَّهُمْ لا يَقُومُونَ لأحدٍ).

৩৪৫। বানু হাশেমরা ছাড়া এক ব্যক্তি অন্য ব্যক্তির জন্য দাঁড়াবে। তারা কারো জন্য দাঁড়াবে না।

### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৮/২৮৯/৭৯৪৬) এবং আবৃ জা'ফার রাযায "সিন্তাতু মাজালিস মীনাল আমালী" গ্রন্থে (কাফ ২/২৩২) জা'ফার ইবনু যুবায়ের হতে ...বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজামা'" গ্রন্থে (৮/৪০) বলেন ঃ এটির সনদে জা'ফার ইবনু যুবায়ের রয়েছেন, তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছি ঃ বরং তিনি মিখ্যুক, জালকারী। তার কতিপর হাদীস পূর্বেও গেছে, সেগুলো তিনিই তৈরি করেছেন। এ জন্য ও'বা তাকে মিখ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি রস্ল (ﷺ)-এর উপর চার শত হাদীস জাল করেছেন।

এ হাদীসটির আরো একটি সূত্র পেয়েছি, যেটি ইবনু কুতাইবা "কিতাবুল 'আরাব..." গ্রন্থে উল্লেখ করেছেন। এটির বর্ণনাকারী ইয়াযীদ ইবনু আম্র ...মাকহুল হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। দু'টি কারণে তার দারা দলীল সাব্যস্ত হয় না ঃ

১। এটি মুরসাল; কারণ মাকহুল তাবে ঈ।

২। ইবনু কুতাইবার শাইখ ইয়াযীদ ইবনু আম্রকে চিনি না।

এটি অন্য একটি সূত্ৰেও বৰ্ণিত হয়েছে। সেটি সম্পর্কে আলোচনা সামনে আসবে। . (لا تَقُوْمُواْ كَمَا تَقُوْمُ الأَعَاجِمُ؛ يُعَظِّمُ بَعْضُهَا بَعْضًا). ٣٤٦

৩৪৬। যেভাবে আঙ্কমীরা (অনারবরা) দাঁড়ায় সেভাবে তোমরা দাঁড়াবে না, তাদের একজন (দাঁড়িয়ে) অন্যজনকে সম্মান দেখায়।

# रामीजि पूर्वम ।

এটির সনদটিতে ইযতিরাব, দুর্বলতা এবং জাহালাত (অজ্ঞতা) রয়েছে।

হাদীসটি আবৃ দাউদ (২/৩৪৬) এবং আহমাদ (৫/২৫৩) আব্দুল্লাহ ইবনু নুমায়ের হতে বর্ণনা করেছেন। এছাড়া রামহুরমুয়ী "আল-ফাসেল" গ্রন্থে (পৃ: ৬৪) এবং তান্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৪১) ইয়াহ্ইয়া ইবনু হাশেম হতে বর্ণনা করেছেন। তারা উভয়ে মিস'য়ার হতে, তিনি আবুল আদাস হতে, তিনি আবুল আদাববাস হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর ইমাম আহমাদ সুফিয়ান সূত্রে মিস'য়ার হতে, তিনি আমার পিতা হতে, আমার পিতা হতে, আমার পিতা হতে এভাবে বর্ণনা করেছেন। আব্দুল গনী মাকদেসী "তারগীব ফিদ দু'আ" গ্রন্থে (২/৯৩) সুফিয়ান ইব্দু ওয়াইনা হতে বর্ণনা করেছেন, তিনি মিস'য়ার ইবনু কিদাম হতে, তিনি আবী মারযুক হতে, তিনি আবুল আমাস হতে, তিনি আবুল আদাব্বাস ... হতে বর্ণনা করেছেন।

অতঃপর হাদীসটি ইমাম আহমাদ (৫/২৫৬) এবং রুবিয়ানী তার "মুসনাদ" গ্রন্থে (৩০/২২৫/২) ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ হতে, তিনি মিস'য়ার হতে, তিনি আবুল আম্বাস হতে, তিনি তার পিতা খালাফ হতে, তিনি আবু মারযুক হতে ...বর্ণনা করেছেন।

ইবনু মাজাহ (২/৪৩১) ওয়াকী সূত্রে মিস'য়ার হতে, তিনি আবুল মারযুক হতে, তিনি আৰু ওয়ায়েল হতে...বর্ণনা করেছেন।

সনদের মধ্যে উল্লেখিত চরম পর্যায়ের ইযতিরাবই হাদীসটি দুর্বল হওয়ার জন্য যথেষ্ট। [মুযতারিব ও ইযতিরাব সম্পর্কে দেখুন (৫৭-৫৮) পৃষ্ঠায়]।

এ আবৃ মারযুক সম্পর্কে যাহাবী "আল-মীযান" র্মন্থে বলেন ঃ ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি এককভাবে কিছু বর্ণনা করলে তা দলীল হিসাবে গ্রহণ করা জায়েয হবে না।

অতঃপর প্রথমটি এবং ইবনু মাজার সূত্র দু'টি উল্লেখ করে বলেছেন ঃ আবুল আদাব্বাসের স্থলে (ইবনু মাজাহ) আবৃ ওয়ায়েল উল্লেখ করে বলেছেন ঃ এটি ভুল।

আবুল আদাব্বাস মাজহুল যেমনভাবে যাহাবী "আল-মীযান" গ্রন্থে এবং ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন।

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (২/১৮১) হাদীসটির এ সমস্যাই উল্লেখ করেছেন।

হাদীসটিকে মুনযেরী হাসান বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ কিন্তু উপরে উল্লেখিত বিবরণের কারণেই তা সঠিক নয়।

তবে হ্যাঁ হাদীসটির অর্থ সহীহ। কারণ রসূল (ﷺ) কোন ব্যক্তি প্রবেশ করলে তার জন্য দাঁড়ানোকে অপছন্দ করতেন। এ মর্মে সহীহ হাদীস এসেছে। যা "সিলসিলাতুস সহীহার" (৩৫৮ নং) মধ্যে আলোচনা করা হয়েছে।

যখন নাবী (ﷺ) তার নিজের জন্য দাঁড়ানোকে অপছন্দ করতেন, তখন অন্যের জন্য দাঁড়ানো অপছন্দ করা আরো বেশী উপযোগী।

উল্লেখ্য এখানে যে দাঁড়ানোকে অপছন্দ করা হয়েছে সেটি হচ্ছে অন্যের সম্মানার্থে দাঁড়ানো। প্রয়োজনের তাগিদে দাঁড়ালে তাতে অপছন্দের কিছু নেই।

٧٤٧. (لا تزالُ الأُمَّةُ عَلَى شَرِيْعَةِ مَالَمَ تَظْهَنَ فَيْهِمْ ثَلَاثُ: مَالَمْ يُقْبَضْ مِنْهُمُ الْعِلْمُ، وَيَكُثُرُ فِيْهِمْ وَلَدُ الْخُبْثِ، ويَتَظْهَر السَّقَارُونَ. قَالُوا: ومَاالسَّقَارُونَ يَا رَسُولُ اللَّهِ؟! قَالَ: يشْرٌ يكُونُونَ فِي آخِر الزَّمَانِ تُكُونُ تُحِيَّتُهُمْ بَيْنَهُمْ إِدَا تَلَاقُوا اللَّمْنَ).
تَلَاقُوا اللَّمْنَ).

৩৪৭। এ উন্মাত শরীয়তের উপর প্রতিষ্ঠিত থাকবে যতক্ষণ পর্যন্ত তাদের মধ্যে তিনটি বস্তু প্রকাশ না পাবে ঃ যতদিন তাদের মধ্য হতে জ্ঞানকে উঠিয়ে না নেয়া হবে, তাদের মধ্যে কুসন্তানের আধিক্য না হবে এবং যতদিন সাক্ষারুনরা প্রকাশিত না হবে। তারা বলল ঃ সাক্ষারুন কারা হে আল্লাহর রসূলঃ তিনি বললেন ঃ শেষ যামানার মানুষ, যখন তারা একে অপরে মিলিত হবে তখন তাদের অভিনন্দনের ভাষা হবে অভিশাপ।

## হাদীসটি মুনকার।

এটি হাকিম (৪/৪৪৪) এবং ইমাম আহমাদ (৩/৪৩৯) যাবান ইবনু ফায়েদ হতে বর্ণনা করেছেন এবং তিনি সাহাল হতে...বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেনঃ শাইখায়নের শর্তানুযায়ী এটি সহীহ্।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ হাদীসটি মুনকার, শাইখাইন যাবান হতে বর্ণনা করেননি।

ইবনু হাজার "আত-তাকরীব" এন্থে বলেন ঃ তিনি নেককার এবং আবেদ হওয়া সত্ত্বেও হাদীসের ক্ষেত্রে দুর্বল ছিলেন।

٣٤٨. (هُوَ الْوَزَعُ ابْنُ الْوَزَعْ، الْمَلْعُونُ ابْنُ الْمَلْعُونْ؛ يَعْنِي: مَرْوَانَ بْنَ الْمَلْعُونْ؛ يَعْنِي: مَرْوَانَ بْنَ الْمَكْعُونْ؛ يَعْنِي: مَرْوَانَ بْنَ الْمَكْعُونْ؛

৩৪৮। সে টিকটিকির বাচ্চা টিকটিকি (কাপুরুষের বাচ্চা কাপুরুষ), অভিশন্তের বাচ্চা অভিশন্ত; অর্থাৎ মারওয়ান ইবনুল হাকাম।

## रामीमिं छान।

এটিকে হাকিম (৪/৪৭৯) আব্দুর রহমান ইবনু আউফের দাস মীনা সূত্রে ...বর্ণনা করেছেন।

অতঃপর (হাকিম) বলেছেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ আল্লাহর কসম তা নয়! মীনাকে আবৃ হাতিম মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু মা'ঈন "আত-তারীখু ওয়াল ইলাল" গ্রন্থে (২/১৩) বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্য নন এবং নিরাপদও নন। কখনও কখনও বলেছেন ঃ কে এ মীনা আল্লাহ তাকে দূর করুন।

ইয়াকৃব ইবনু সুফিয়ান বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন এবং নিরাপদও নন। তার হাদীস না লিখা ওয়াজিব।

٣٤٩. (رَحِمَ اللهُ حِمْيَرا؛ القواهُهُمْ سَلامٌ، والندينهِمْ طَعَامٌ، وَهُمُ اهْلُ امْنِ. وَإِيْمَان).

৩৪৯। হিমইরারীদের আল্লাহ রহম করুন। তাদের মুখমঞ্জগুলো শাস্তি স্বরূপ এবং হাতগুলো খাদ্য স্বরূপ। তারা নিরাপন্তা এবং ঈমানের অধিকারী।

### হাদীসটি জাল।

এটি তিরমিয়ী (৪/৩৭৮), আহমাদ (২/২৭৮) এবং তার সূত্র হতে ইরাকী তার "আল-মু'জাম' গ্রন্থে (২/৪৬) আব্দুর রহমান ইবনু আউফের দাস মীনা হতে ...বর্ণনা করেছেন। অতঃপর ইরাকী বলেছেন ঃ

এ হাদীসটি গারীব। এ সূত্র ছাড়া অন্য কোন সূত্র হতে এটিকে চিনি না। মীনা হতে মুনকার হাদীস বর্ণনা করা হয়ে থাকে।

আমি (আলবানী) বলছি ঃ তাকে আবৃ হাতিম মিপ্যুক আখ্যা দিয়েছেন, যেমনভাবে পূর্বের হাদীসে বলা হয়েছে।

হাদীসটি সুয়ৃতী তার "জামে'উস সাগীর" গ্রন্থে আহমাদ এবং তিরমিয়ীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। আর তার ভাষ্যকার মানাবী কোন কিছুই বলেননি।

٣٥٠. (مَنْ مَاتَ وَلَمْ يَعْرِفْ إِمَامَ زُمَاتِهِ؛ مَاتَ مَيْئَةً جَاهِلِيَةً).

৩৫০। যে মৃত্যুবরণ করল এমভাবস্থায় যে, সে তার যুগের ইমামকে চিনল না, সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করল।

এ বাক্যে হাদীসটির কোন ভিন্তি নেই।

শাইখুল হাদীস ইবনু তাইমিয়াা বলেন ঃ আল্লাহর কসম রস্ল (ﷺ) এরপ বলেননি। প্রসিদ্ধ হচ্ছে সেটিই যেটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। ইবনু উমার (ﷺ) বলেন ঃ আমি রসূল (ﷺ) কে বলতে ওনেছি ঃ

''مَنْ خَلَعَ يَدَا مِنْ طَاعَةٍ لَقِيَ اللهَ يَوْمَ الْقَيَامَةِ وَلاَ حُجَّةً لَهُ، وَمَنْ مَاتَ وَلَيْسَ فَي عُلْقِهِ بَيْعَةً؛ مَاتَ مَئِنَّةً جَاهِلِيةً''.

"যে ব্যক্তি তার হাতকে আনুগত্য করা হতে মুক্ত করে নিল, সে কিয়ামতের দিন আল্লাহর সাথে মিলিত হবে এমতাবস্থায় যে, তার কোন প্রমাণ থাকবে না। আর যে ব্যক্তি মৃত্যুবরণ করবে এমতাবস্থায় যে, তার কাঁধে বাইয়াত থাকবে না; সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করল।"

যাহাবী ইবনু তাইমিয়্যার বক্তব্যকে "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে (পৃ: ২৮) সমর্থন করেছেন এবং তাদের দু'জনের কথাই দলীল হিসাবে যথেষ্ট।

এ হাদীসটি শি'য়া ও কাদিয়ানীদের কোন কোন গ্রন্থে বর্ণিত হয়েছে। তারা এর দারা তাদের ইমামের উপর ঈমান আনা ওয়াজিব হওয়ার দলীল দিয়ে থাকে। ٣٥١. ( يَا عَلِيُّ! أَنْتَ أَخِيْ فِي الدُّنْيَا وَ الآخِرَةِ).

৩৫১। হে আলী। তুমি দুনিয়া এবং আঝেরাতে আমার ভাই।

হাদীসটি জাল।

এটি তিরমিয়ী (৪/৩২৮), ইবনু আদী (১/৫৯,১/৬৯) এবং হাকিম (৩/১৪) হাকীম ইবনু যুবায়ের সূত্রে জামী ইবনু উমায়ের হতে ... বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি হাসান গারীব।

মুবারাকপূরী তার সমালোচনা করে বলেছেন ঃ হাকীম ইবনু যুবায়ের দুর্বল, তাকে শীয়া' মতাবলমী দোষে দোষী করা হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ দু'টি কারণে ওধুমাত্র হাকীমকে দোষ দেয়াটা ইনসাফের কাজ হবে না ঃ

১। তার শাইখ জামী' ইবনু উমায়ের মিখ্যার দোষে দোষী; যাহাবী তার সম্পর্কে বলেনঃ

ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি রাফেযী, হাদীস জালকারী। ইবনু নুমায়ের বলেছেন ঃ তিনি লোকদের মধ্যে সর্বাপেক্ষা বড় মিথ্যুক ছিলেন। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

২। হাকীম ইবনু যুবায়ের এককভাবে বর্ণনা করেননি, সালেম ইবনু আবী হাফসা তার মুতাবা'আত করেছেন, তিনি নির্ভরযোগ্য। কিন্তু তার এ সনদে আরেক বর্ণনাকারী ইসহাক ইবনু বিশ্র আল-কাহেলী রয়েছেন; তাকে ইবনু আবী শায়বা এবং মূসা ইবনু হারূণ মিধ্যুক আখ্যা দিয়েছেন।

দারাকুতনী তার সম্পর্কে বলেন ঃ যারা হাদীস জাল করেছেন, তিনি তাদের একজন।

তার এ সূত্রে হাকিমণ্ড বর্ণনা করেছেন। যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ জামী' মিখ্যার দোষে দোষী এবং কাহেলী হালেক।

ইবনু আদী বলেন ঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে এ জামী'; তিনি যা কিছু বর্ণনা করেছেন অন্যরা তার মুতাবা'আত করেননি।

এজন্য ইবনু তাইমিয়্যা বলেন ঃ নাবী (鑛) কর্তৃক আলীর সাথে ভাইয়ের সম্বন্ধ সম্পর্কিত হাদীস মিথ্যার অন্তর্ভুক্ত।

তাঁর এ বক্তব্য যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে সমর্থন করেছেন (পৃ: ৩১৭)।

٣٥٢. (يَا عَلِيُّ! أَلْتَ أَخِيْ وَصَاحِبِيْ وَرَقِيْقِيْ فِي الْجَنَّةِ).

৩৫২। হে আলী। জান্নাতের মধ্যে তুমি আমার ভাই, আমার সঙ্গী এবং আমার বন্ধু।

#### হাদীসটি জাল।

় এটি আল-খাতীব (১২/২৬৮) উসমান ইবনু আন্দির রহমান সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি বানোয়াট। উসমান ইবনু আন্দির রহমান হচ্ছেন কুরাশী। তিনি একজন মিথ্যুক, যেমনভাবে বার বার তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা বলেন ঃ ভাইয়ের সম্বন্ধ স্থাপন সম্পর্কিত সকল হাদীস মিথ্যা।

তাঁর এ বক্তব্য যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে সমর্থন করেছেন (পৃ: ৪৬০)।

٣٥٣. (إنَّ اللهَ تُعَالَى أَوْحَى إِلَيَّ فِي عَلِيٍّ ثَلَاثَةً أَشْنِيَاءٍ لَيْلَةً أَسْرِيَ بِيْ؛ أَنَّهُ سَيِّدُ الْمُؤْمِنِينَ، وَإِمَامُ الْمُثَقِينَ، وَقَاتِدُ الْغُرِّ الْمُحَجَّلِينَ).

৩৫৩। আল্লাহ তা'আলা আলীর সম্পর্কে মে'রাজের রাতে তিনটি বিষয়ে আমার নিকট অহী করেছেন; সে মু'মিনদের সর্দার, ইমামূল মুন্তাকীন এবং উচ্জল চেহারার অধিকারীদের নেতা।

# হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ২১০) মুশাঙ্গে ইবনু আম্র হতে, তিনি 'ঈসা ইবনু সুওয়াদা আন-নাখ'ঈ হতে ... বর্ণনা করেছেন।

অতঃপর বলেছেন ঃ মুশার্জে' এককভাবে এটিকে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যুক এবং তার শাইখ ঈসা ইবনু সুওয়াদাও মিথ্যুক।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৯/১২১) শুধুমাত্র ঈসার দারা হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন, তিনি তাতে যথার্থ কাজটি করেননি।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা বলেন ঃ

যে ব্যক্তির হাদীস সম্পর্কে সামান্যতম ধারণা রয়েছে তার নিকটেও হাদীসটি বানোয়াট। এটিকে রসূল (ﷺ)-এর উদ্ধৃতিতে বলাই হালাল নয়। আমাদের নাবী ছাড়া অন্য কারো ক্ষেত্রে এসব গুণাবলী প্রযোজ্য নয়।

তাঁর এ বক্তব্য যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুনাহ" গ্রন্থে সমর্থন করেছেন (প: ৪৭৩)। ٣٥٤. (خَلْقَ اللهُ تَعَالَى آدَمَ مِنْ طِيْنِ الْجَابِيَةِ، وَعَجَنْهُ بِمَاءِ الْجَنَّةِ).

৩৫৪। আল্লাহ তা'আলা আদমকে জাবীয়া নামক স্থানের মাটি দিয়ে সৃষ্টি করেছেন এবং তাকে জান্নাতের পানি দিয়ে মুদিত করেছেন।

## হাদীসটি সুনকার।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৮/১) এবং তার থেকে হাফিয ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (২/১১৯) ও যিয়া "আল-মাজম্" গ্রন্থে (২/৬০) হিশাম ইবনু আন্মার হতে, তিনি ওয়ালীদ ইবনু মুসলিম হতে, তিনি ইসমাস্টল ইবনু রাফে হতে ... বর্ণনা করেছেন।

এটির সনদ নিতান্তই দুর্বল।

এ ইসমা'ঈল ইবনু রাফে' সম্পর্কে দারাকৃতনী ও অন্যরা বলেছেন ঃ তিনি মাতর্রুক হাদীস।

ইবনু আদী বলেছেন ঃ তার সকল হাদীসে বিরূপ মন্তব্য রয়েছে।

অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন। তার সূত্র হতে ইবনুল জাওযী "আল-মাওয়্'আত" গ্রন্থে (১/১৯০) উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহ নয়। ইসমা'ঈলকে ইয়াহ্ইয়া ও আহমাদ দুর্বল আখ্যা দিয়েছেন আর ওয়ালীদ তাদলীস করতেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে তার সমালোচনা করে বলেছেন ঃ এ ইসমাস্ট্রিলের হাদীস ইমাম তিরমিয়ী বর্ণনা করেছেন এবং তিনি বুখারীর উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্য, মুকারেবুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ এ সমালোচনা সঠিক নয়। কারণ কোন ব্যক্তি নিজে নির্ভরযোগ্য হয়েও তার মুখস্থ বিদ্যায় তিনি খারাপ হতে পারেন। কখনও কখনও তার হেফয শক্তি নিতান্তই খারাপ হতে পারে। যার কারণে তার হাদীসে বেশী ভূলও সংঘটিত হয়। ফলে তার ঘারা দলীল গ্রহণ করা যায় না, এ ইসমাস্টল এ পর্যায় ভুক্তই। তার সম্পর্কে ইবনু হিকান বলেন ঃ

তিনি ব্যক্তি হিসাবে সং ছিলেন। কিন্তু তিনি হাদীসগুলোকে উলট পালট করে ফেলতেন। ফলে তার অধিকাংশ হাদীস মুনকারের অন্তর্ভুক্ত হয়ে যায়, এজন্য ভাবা হত তিনি এটা ইচ্ছাকৃতই করতেন।

এজন্যই তাকে একদল কিছু না বলে ছেড়ে দিয়েছেন আর অন্যরা তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। হতে পারে বুখারীর নিকট তার বিষয়টি অস্পষ্ট ছিল। নির্দোষীতার আগে ব্যাখ্যাকৃত দোষারোপ অগ্রাধিকার পাবে, এর ভিত্তিতে তিনি গ্রহণযোগ্য ব্যক্তি নন।

এ কারণেই ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৯৭) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ এ হাদীসটি মুনকার। ٣٥٥. (الصَّدِّيْقُوْنَ ثَلَاثُةَ: حَبِيْبُ النَّجَّارُ مُؤْمِنُ آل (يس) الذِي قَالَ: {يَا قَوْمِ النَّبِعُوا المُرْسَلِيْنَ}، وَحِزْقِيلُ مُؤْمِنُ آلِ فِرْعَوْنَ الَّذِيْ قَالَ: {اتَقَتُلُونَ رَجُلاً أَنْ يَعُولُ رَبِّي اللهِ}، وَعَلِيٌّ بْنُ أَبِي طَالِبٍ، وَهُوَ أَفْضَلُهُمْ).

৩৫ে। তিন ব্যক্তি হচ্ছেন সত্যবাদী। হাবীবুন নাজ্জার; ইয়াসিনের পরিবারের মু'মিন ব্যক্তি যিনি বলেছিলেন ঃ "হে আমার জাতি তোমরা রসূলগণের অনুসরণ কর", হিযকীল; ফির'আউনের পরিবারের মু'মিন ব্যক্তি যিনি বলেছিলেন ঃ "তোমরা এমন এক ব্যক্তিকে হত্যা করছ যিনি বলেন যে, আমার প্রতিপালক আল্লাহ" এবং আলী ইবনু আবী তালিব, সে হচ্ছে তাদের মধ্যে সর্বেভিম।

### হাদীসটি জাল।

এটি সৃষ্তী "জামে'উস সাগীর" গ্রন্থে আবৃ নুয়াইম কর্তৃক "আল-মা'রিফাত" গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন এবং ইবনু আসাকির ইবনু আবী লায়লা হতে বর্ণনা করেছেন। তার (জামে'র) ভাষ্যকার মানাবী এটিকে ইবনু মারদুবিয়া এবং দাইলামী বর্ণনা করেছেন, এ কথা বলা ছাড়া আর কিছুই বলেননি।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা বলেছেন ঃ এ হাদীসটি মিথ্যা।

তাঁর এ বক্তব্যকে যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ্" গ্রন্থে (পৃ: ৩০৯) সমর্থন করেছেন। তাদের দু'জনের কথাই দলীল হিসাবে যথেষ্ট।

ইবনু তাহের শি'য়ী তার গ্রন্থে বলেছেন যে, এটি আহমাদের বর্ণনায় এসেছে। ইবনু তাইমিয়্যা তার বিরোধিতা করে বলেছেন ঃ ইমাম আহমাদ হাদীসটিকে তার "আল-মুসনাদ" ও "আল-ফাযায়েল" গ্রন্থেও বর্ণনা করেননি। অন্য কোথাও বর্ণনা করেননি।

কুতাই ঈ ইমাম আহমাদের "ফাযায়েলুস সাহাবা" গ্রন্থে (নং ১০৭২; পৃ: ৪৩১-৪৩২) কুদায়মী সূত্রে আম্র ইবনু জামী র বর্ণনা হতে বৃদ্ধি করেছেন। হাফিয ইবনু আদী বলেন ঃ এ আম্র জাল করার দোষে দোষী এবং কুদায়মী মিথ্যুক হিসাবে প্রসিদ্ধ।

٣٥٦. (النَّظْرُ فِي الْمُصْحَفِ عِبَادَةً، ويَظْرُ الْولَدِ إلى الْوَالِدِيْن عِبَادَةً، وَالنَّطْرُ الْولَدِ إلى الْوَالِدِيْن عِبَادَةً، والنَّطْرُ الْولَدِ الْي طَالِبِ عِبَادَةً).

৩৫৬। মুসহাফে (কুরআনে) দৃষ্টি দেয়া ইবাদাত, সম্ভান কর্তৃক পিতা মাতার দিকে দৃষ্টি দেয়া ইবাদাত এবং আলী ইবনু আবী তালেবের দিকে দৃষ্টি দেয়া ইবাদাত।

হাদীসটি জাল।

এটি ইবনুল ফুরাতী মুহাম্মাদ ইবনু যাকারিয়া ইবনে দীনার সূত্রে ... বর্ণনা করেছেন।

সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৪৬) শাহেদ হিসাবে উল্লেখ করে চুপ থেকেছেন! অথচ এটি বানোয়াট, কারণ মুহাম্মাদ ইবনু যাকারিয়া জালকারী হিসাবে প্রসিদ্ধ।

শেষ বাক্যটি ইবনুল জাওয়ী "আল-মাওয়্'আত" গ্রন্থে একদল সাহারী হতে উল্লেখ করেছেন এবং সবগুলোকে "আল-মাওয়্'আত" গ্রন্থে উল্লেখ করার কারণ ব্যাখ্যা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৪২-৩৪৬) বহু মুতাবা'য়াত এবং শাহেদ উল্লেখ করে তার সমালোচনা করেছেন। এ জন্যই সেটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। যাহাবী "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থে (৩/১৪১) একটি শাহেদকে সহীহ্ বলেছেন। তার এ সহীহ্ বলার মধ্যে বিরূপ মন্তব্য রয়েছে। পরবর্তীতে এ সম্পর্কে ব্যাখ্যা আসবে ৪৭০২ নং হাদীসের আলোচনায়।

٣٥٧. (عَلِيٍّ إِمَامُ الْبَرَرَةِ، وَقَاتِلُ الْفَجَرَةِ، مَنْصُوْرٌ مَنْ نُصَرَهُ، مَخْدُولٌ مَنْ خَنْلَهُ).

৩৫৭। আলী হচ্ছে নেককারদের ইমাম, পাপাচারদের হত্যাকারী, যে তাকে সাহায্য করবে সে সাহায্যপ্রাপ্ত আর যে তাকে অপমান করবে সে অপমানিত।

#### रामीमि छान।

এটি হাকিম (৩/১২৯) এবং আল-খাতীব (৪/২১৯) আহমাদ ইবনু আন্দিল্লাহ ইবনে ইয়াযীদ হাররানী সূত্রে ... বর্ণনা করে বলেছেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ আল্লাহর কসম। এটি জাল (বানোয়াট)। এ আহমাদ ইবনু আন্দিল্লাহ মিথ্যুক।

আমি (আলবানী) বলছি ঃ "আল-মীযান" গ্রন্থে এসেছে,

ইবনু আদী তার সম্পর্কে বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

খাতীব বাগদাদী বলেন ঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন এটি তার মধ্যে সর্বাপেক্ষা বেশী মুনকার।

٣٥٨. (السُنَّكُ ثَلَاثُةَ: قَالَمَنَّايِقُ إلى مُوْسَى يُوشْنَعُ بْنُ ثُوْنِ، وَالسَّايِقُ إلى عِيْسَى صَاحِبُ يَاسِيْنَ، وَالسَّابِقُ إلى مُحَمَّدٍ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلِيٌّ بْنُ أَبِيْ طَالِبٍ).

৩৫৮। অর্থগামী হচ্ছেন তিনজন: মূসা (আঃ)-এর দিকে অর্থগামী হচ্ছেন ইউশা ইবনু নূন, ঈসা (আঃ)-এর দিকে অর্থগামী হচ্ছে ইয়াসিনের সাধী এবং সুহাম্মাদ (蘇)-এর দিকে অর্থগামী হচ্ছে আলী ইবনু আবী তালিব।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী (৩/১১/২) হুসাইন ইবনু আবিস সারী হতে, তিনি হুসাইন আশকার হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবনী) বলছি ঃ যদিও জাল নয় এটির সনদ নিতান্তই দুর্বল, কারণ এ হুসাইন আশকার হচ্ছেন ইবনুল হাসান কৃষী, তিনি চরমপন্থী শী'য়া। তার সম্পর্কে বুখারী বলেন ঃ তিনি খুবই দুর্বল। তিনি "তারীখুস সাগীর" গ্রন্থে (২৩০) আরো বলেছেন ঃ তার নিকট মুনকার রয়েছে।

উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৯০) বুখারী হতে নকল করেছেন। তিনি বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে।

ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (১/৯৭) বলেছেন ঃ কেউ কেউ তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। অতঃপর ইবনু আদী বলেন ঃ এমনটি নয় যে, তিনি যে সব হাদীস বর্ণনা করেছেন সেগুলোর সবই তার কারণে মুনকার। কখনও কখনও তার থেকে বর্ণনাকারীর পক্ষ হতেও মুনকার হয়ে থাকতে পারে।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু আদী যেন তার এ কথা দ্বারা ইঙ্গিত দিচ্ছেন যে, এ হাদীসটির বর্ণনাকারী হুসাইন ইবনু আবিস সারী তিনি তার মতই। বরং তার চেয়েও বেশী দুর্বল।

যাহাবী বলেন ঃ তাকে আবৃ দাউদ দুর্বল আখ্যা দিয়েছেন এবং হুসাইনের ভাই মুহাম্মাদ বলেছেন ঃ আমার ভাই হতে আপনারা লিখবেন না, কারণ তিনি হচ্ছেন মিথ্যুক। তিনি আরো বলেছেন ঃ আবৃ আর্বা আল-হার্রানী আমার পিতার মামা, তিনিও মিথ্যুক। অতঃপর তিনি এ হাদীসটি তাবারানীর সূত্রে উল্লেখ করেছেন।

হাফিয ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৩/৫৭০) বলেছেন ঃ এ হাদীসটি মুনকার। হুসাইন আল-আশকারের সূত্র ছাড়া অন্য কোন সূত্র হতে এটি জানা যায় না। তিনি একজন শী'য়া মাতরুক।

অনুরূপ কথা মানাবী উকায়লীর উদ্ধৃতিতে এবং ইবনু হাজারও "তাহযীবৃত তাহযীব" গ্রন্থে উল্লেখ করেছেন। তিনি বলেছেন ঃ ইবনু ওয়াইনা হতে এটির কোন ভিত্তি নেই।

٣٥٩. (كُلُّ أَخَدٍ أَحَقُ بِمَالِهِ مِنْ وَالِدِهِ وَوَلَدِهِ وَالثَّاسِ أَجْمَعِيْنَ).

৩৫৯। প্রত্যেকে তার সম্পদের ব্যাপারে তার পিতা, তার সম্ভান ও সব মানুষের চেয়ে বেশী হকদার।

# হাদীসটি দুর্বল।

় এটি দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (৪/২৩৫/১১২) এবং তার সূত্র হতে বাইহান্ত্বী তার "সুনান" গ্রন্থে (১০/৩১৯) হুশাইম সূত্রে আব্দুর রহমান ইবনু ইয়াহ্ইয়া হতে, তিনি হিবান ইবনু আবী জিবিল্লাহ হতে বর্ণনা করেছেন।

বাইহাঝ্বী এটির সমস্যা বর্ণনা করেছেন এ বলে যে, এটি মুরসাল, হিব্বান তারে ঈনদের অন্তর্ভুক্ত।

আমি (আলবানী) বলছি ঃ তিনি নির্ভরযোগ্য, কিন্তু তার থেকে বর্ণনাকারীকে চিনি না। অতঃপর তাকে চিনেছি "তারীখুল বুখারী" ও অন্যান্য গ্রন্থে।

এ হাদীসটি অন্য যে সব সূত্রে বর্ণিত হয়েছে সেগুলোর কোনটিই সহীহ্ নয় বরং সেগুলো হয় মুনকাতি' না হয় মুরসাল।

এ হাদীস দারা কেউ কেউ সন্তানদের মাঝে সমভাবে কিছু দান করা ওয়াজিব না হওয়ার দলীল গ্রহণ করেছেন। অথচ সহীহ্ হাদীসে সমভাবে দেয়ার কথা বলা হয়েছে। যা বুখারী এবং মুসলিম নু'মান ইবনু বাশীরের হাদীস হতে বর্ণনা করেছেন।

৩৬০। হন্তগত করা ব্যতীত হিবা বৈধ হবে না।

মারফু' হিসাবে হাদীসটির কোন ভিন্তি নেই।

এটি আব্দুর রায্যাক নার্খন্টর কথা হতে বর্ণনা করেছেন; যেরূপভাবে যায়লা'র্জ "নাসবুর রায়া" গ্রন্থে (৪/১২১) উল্লেখ করেছেন।

হিবা হন্তগত করা শর্ত, হাদীসে এরূপ কোন দদীল নেই।

ইমাম বুধারী তার সহীহার মধ্যে অধ্যায় রচনা করেছেন, 'অনুপস্থিত হিবা জায়েষ হওয়ার বিষয়ে যিনি মতামত দিয়েছে তার অধ্যায়'। দেখুন "ফাতহুল বারী" (৫/১৬০)।

٣٦١. (إِذَا كَانْتِ الْهِبَةُ لِذِي رَحِم؛ لَمْ يُرْجَعْ فِيهَا).

৩৬১। যদি (রন্ডের সম্পর্কের) আত্নীয়ের জন্য হেবা করা হয়, তাহলে তা কিরিয়ে নেয়া যায় না।

হাদীসটি মুনকার।

এটি দারাকুতনী (পৃ: ৩০৭), হাকিম (২/৫২) ও বাইহাক্বী (৬/১৮১) হাসান সূত্রে সামুরা ইবনু জুনদুব হতে মারফ্ হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেন ঃ বুখারীর শর্তানুযায়ী এটি সহীহ।

তার ছাত্র বাইহাক্বী তার এ কথার বিরোধিতা করে বলেছেন ঃ এটির সনদ শক্তিশালী নয়।

এটিই সঠিক, কারণ সামুরা হতে হাসান কর্তৃক শ্রবণ সাব্যস্ত হয়েছে কিনা তাতে মতভেদ রয়েছে। তারপরও তিনি মুদাল্লিস বর্ণনাকারী, কীভাবে এটি সহীহ হয়?

যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (৪/১১৭) আল্লামা ইবনু আন্দিল হাদী হতে বর্ণনা করেছেন, তিনি বলেন ঃ এ হাদীসটির বর্ণনাকারী সকলেই নির্ভরশীল, কিন্তু হাদীসটি মুনকার। হাসান সূত্রে সামুরা হতে যা কিছু বর্ণিত হয়েছে তার মধ্যে সর্বাপেক্ষা মুনকার হচ্ছে এ হাদীসটি।

আমি (আলবানী) বলছি ঃ এটি সহীহ্ হাদীস বিরোধী ঃ

"একমাত্র পিতা কর্তৃক পূত্রকে হিবাকৃত মাল ফিরিয়ে নেয়া ছাড়া অন্য কারো ক্ষেত্রে হিবাকৃত মাল ফিরিয়ে নেয়া হালাল নয়, কারণ যে হিবাকৃত বস্তু ফিরিয়ে নেয়, সে হচ্ছে ঐ কুক্রের ন্যায় যে খেয়ে পরিতৃপ্ত হয়ে বমি করে নিজের বমি নিজেই খায়।"

হাদীসটি ইমাম আহমাদ (নং ২১১৯) সহীহ্ সনদে বর্ণনা করেছেন। "সুনান" গ্রন্থের লেখকগণও বর্ণনা করেছেন। অতঃপর এটিকে সহীহ্ বলেছেন। তিরমিয়ী, ইবনু হিব্বান ও হাকিম ইবনু উমার এবং ইবনু আব্বাস (ఉ)-এর হাদীস হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

"ইরওয়াউল গালীল" গ্রন্থের ১৬২২ নাম্বারে এটির তাখরীজ করা হয়েছে।
777. (مَنْ وَهَبَ هِبَةً، قَارِنَجَعَ بِهَا؛ فَهُوَ أَحَقُ بِهَا، مَا لَمْ بِنُبُ عَلَيْهَا،
وَلَكِنَّهُ كَالْكَلْبِ يَعُودُ فِي قَبِيُهِ).

৩৬২। যে ব্যক্তি হিবা করল, অতঃপর তা ফিরিয়ে নিল; সেই তার বেশী হ্কদার, যতক্ষণ পর্যন্ত তার প্রতিদান দেয়া না হবে। কিন্তু সে যেন ঐ কুকুরের ন্যায় যে তার বমিকে পুনরায় খায়।

# হাদীসটি দুর্বল।

এটি দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (৩০৭) ইব্রাহীম ইবনু আবী ইয়াহ্ইয়া সূত্রে মুহাম্মাদ ইবনু ওবায়দিল্লাহ হতে বর্ণনা করেছেন। যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (৪/১২৫) বলেছেন ঃ আব্দুল হক তার "আল-আহকাম" গ্রন্থে হাদীসটি দুর্বল হওয়ার কারণ হিসাবে মুহাম্মাদ ইবনু ওবায়দিল্লাহ আর্যামীকে চিহ্নিত করেছেন।

ইবনু কান্তান বলেন ঃ এটি আরযামীর নিকট মিথ্যুক ভাষার উপর ভিত্তি করেই পৌছেছে।

আমি (আলবানী) বলছি ঃ আরযামী মাতরুক; যেরূপভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

কিন্তু হাদীসটি এটির চেয়ে সঠিক সনদে বর্ণিত হয়েছে; যেটি তাবারানী (১১৩১৭) ইবনু আবী লায়লা সূত্রে আতা হতে বর্ণনা করেছেন। কিন্তু ইবনু আবী লায়লার হেফযে ক্রটি ছিল।

٣٦٣. (مَنْ وَهَبَ هِبَةً ؛ قَهُوَ أَحَقُّ بِهَا، مَاثُمْ يُثبُ مِثْهَا).

৩৬৩। যে ব্যক্তি হিবা করল, সেই তার বেশী হকদার, যতক্রণ পর্যন্ত তার প্রতিদান দেয়া না হবে।

# श्मीमि पूर्वन।

এটি দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ৩০৭), হাকিম (২/৫২) এবং তার থেকে বাইহাক্বী (৬/১৮০-১৮১) দু'টি সূত্রে ওবায়দুল্লাহ ইবনু মূসা হতে বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেন ঃ

এটি শাইখায়নের শর্তানুযায়ী সহীহ।

মানাবী "জামে'উস সাগীর"-এর ব্যাখ্যায় বলেছেন ঃ আমি যাহাবীর "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থের কপিতে তার হাতে লিখিত টীকায় দেখেছি যার আকৃতি মাওযু'র মত।

ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে এ ইসহাক ইবনু মুহাম্মাদ ইবনে খালিদ হাশেমীর জীবনী লিখতে গিয়ে বলেছেন ঃ হাকিম তার খেকে বর্ণনা করেছেন এবং তাকে মিখ্যার দোষে দোষী করেছেন।

তবে মওকৃষ্ণ হিসাবে এটি সাব্যস্ত হয়েছে, যেমনভাবে দারাকৃতনী বলেছেন। আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি রস্ল (錄)-এর বাণী বিরোধী ঃ "যে তার ঐ হিবাকে ফিরিয়ে নিল সে সেই কুকুরের ন্যায় যে তার বমিকে পুনরায় খায়" (বুখারী ও মুসলিম)।

٣٦٤. (مَنْ صَلَّى فِي مَسْجِدِي الْهَجِيْنَ صَلَاةً لاَ يَقُوثُهُ صَلَاةً؛ كُتِبَتْ لَهُ يَرَاءَةً مِنَ الثَّالِ، ويَرَعَ مِنَ الثَّقَاقِ).

৩৬৪। যে ব্যক্তি আমার মসজিদে চল্লিশ (ওয়াক্ত) সলাত আদায় করল এমনভাবে যে, তার নিকট হতে এক (ওয়াক্ত) সলাতও ছুটল না, তার জন্য জাহান্লাম হতে মুক্তি ও শাস্তি হতে নাজাত লিপিবদ্ধ করা হবে এবং সে মুনাফেকী হতে মুক্ত।

হাদীসটি মুনকার।

এটি ইমাম আহমাদ (৩/১৫৫) এবং তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/৩২/২/৫৫৭৬) আব্দুর রহমান ইবনু আবির রিজাল সূত্রে নুবাইত ইবনু উমার হতে ... বর্ণনা করেছেন। তাবারানী বলেন ঃ

আনাস (﴿

তি তথুমাত্র নুবাইত বর্ণনা করেছেন। ইবনু আবির রেজালও এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। নুবাইতকে শুধুমাত্র এ হাদীসেই চেনা যায়। তাকে ইবনু হিবান "আস-সিকাত" প্রন্থে (৫/৪৮৩) উল্লেখ করেছেন। কারণ মাজহুল বর্ণনাকারীকে তার থিওরীতে নির্ভরশীল হিসাবে চিহ্নিত করা যাবে।

এ কারণেই হায়সামী "আল-মাজমা'" প্রন্থে (৪/৮) বলেছেন ঃ ইমাম আহমাদ ও তাবারানী "মু'জামুল আওসাত" প্রন্থে এটিকে বর্ণনা করেছেন। এটির বর্ণনাকারীগণ নির্ভরশীল।

এছাড়া "আত-তারগীব" গ্রন্থে (২/১৩৬) মুন্যেরী বলেন ঃ এটি ইমাম আহ্মাদ বর্ণনা করেছেন। তার বর্ণনাকারীগণ সহীহ্ বর্ণনাকারী।

এটি ধারণা মাত্র, কারণ নুবাইত সহীহ্ বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত নয় বরং ছয়টি হাদীস গ্রন্থের কোন লেখক তার থেকে বর্ণনা করেননি।

এটি দুর্বল হওয়ার কারণ এটিও যে, হাদীসটি দু'টি সূত্রে আনাস (ఉ) হতে বর্ণিত হয়েছে। যার একটি অন্যটিকে শক্তি যোগাচেছ। কিন্তু নিম্নের ভাষায় মারফ্' এবং মওকৃফ হিসাবে।

"যে ব্যক্তি চল্লিশ দিন প্রথম তাকবীর সহকারে জামা'আতের সাথে সলাত আদায় করবে, তার জন্য দু'টি মুক্তি লিখা হয়। জাহান্নামের আগুন হতে মুক্তি এবং মুনাফেকী হতে মুক্তি"।

এ হাদীসটি তিরমিয়ী (১/৭) বর্ণনা করেছেন।

ইবনু মাজাহ্ (১/২৬৬) একটি শাহেদ উল্লেখ করেছেন, যার সনদটি দুর্বল এবং মুনকাতি'।

এ বাক্যের হাদীসটির সূত্রগুলো সহীহার মধ্যে (২৬৫২) বিস্তারিত আলোচনা করেছি, যা প্রমাণ করে যে, আলোচ্য হাদীসটি দুর্বল এবং মুনকার।

٣٦٥. (جَهِّرُوا صَاحِبِكُمْ، فَإِنَّ الْقَرَقَ قَلْدُ كَبِدَهُ).

৩৬৫। তোমাদের সাধীকে তোমরা প্রস্তুত কর, কারণ ভীতি তার কলিজাকে টুকরো টুকরো করে দিয়েছে।

# হাদীসটি দুর্বল।

এটি হাকিম (৩/৪৯৪) এবং তার থেকে বাইহাক্বী "ভ'য়াবুল ঈমান" গ্রন্থে (১/১/১৭৮/২) ইবনু আবিদ দুনিয়ার সূত্রে মুহাম্মাদ ইবনু ইসহাক ইবনে হাম্যা বুখারী হতে, তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেন ঃ সনদটি সহীহ্।

যাহাবী তার সমালোচনা করে "আত-তালখীস" গ্রন্থে বলেছেন ঃ এ বুখারী এবং তার পিতা তারা দু'জন কে তা জানা যায় না। হাদীসটি বানোয়াটের সাথে সাদৃশ্যপূর্ণ।

তার এ বক্তব্যকে হাফিয় ইবনু হাজার "লিসানুল মীয়ান" গ্রন্থে ইসহাক ইবনু হামযার জীবনী বর্ণনা করতে গিয়ে সমর্থন করেছেন। কিন্তু ইসহাক সম্পর্কে যা বলেছেন সে ব্যাপারে তিনি তার সমালোচনা করেছেন।

কারণ তাকে ইবনু হিবান "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। ইমাম বুখারীও তার উপর সম্ভুষ্ট এবং তার প্রশংসা করেছেন, যদিও তার থেকে বর্ণনা করেননি।

٣٦٦. (جَهَنَّمُ تُحِيْطُ بِالنُّنْيَا، وَالْجَنَّةُ مِنْ وَرَائِهَا، فَلِثَلِكَ صَارَ الصَّرَاطُ عَنَى جَهَنَّمَ طَرِيْقًا إلى الْجَنَّةِ).

৩৬৬। জাহানাম দুনিয়ার দ্বারা পরিবেষ্টিত আর জানাত তার (জাহানামের) পিছনে। সে কারণে পুল সিরাত জাহানামের উপর জানাতে যাওয়ার রাস্তা স্বরূপ হয়ে গেছে।

## হাদীসটি নিতান্তই মুনকার।

এটি ইবনু মিখলাদ আন্তার "আল-মুনতাকা মিন আহাদীস" গ্রন্থে (২/৮৪/২), আবৃ নোয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (৩/৯২) এবং তার সূত্র হতে দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/৭৯) মুহাম্মাদ ইবনু হামযা ইবনে যিয়াদ আত-তৃসী হতে, তিনি তার পিতা হামযা হতে ... বর্ণনা করেছেন।

আন্তারের সূত্র হতে আল-খাতীব (২/২৯১) এবং তার থেকে যাহাবী মুহাম্মাদের জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন। অতঃপর যাহাবী বলেছেন ঃ

হাদীসটি নিতান্তই মুনকার। মুহাম্মাদ দুর্বল আর হামযা ইমাম আহমাদের নিকট মাতরুক। ইবনু মান্সন বলেন ঃ তার সাথে কোন সমস্যা নেই। মাহনা বলেছেন ঃ আমি ইমাম আহমাদকে হামযা আত্ত্তুসী সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেন ঃ এ খাবীস হতে লিখা যাবে না।

যাহাবী মুহাম্মাদের জীবনীতে বলেন, ইবনু মান্দা বলেছেন ঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন। ٣٦٧. (خِيَارُ امْتِي عُلَمَاؤُهَا، خِيَارُ عُلَمَاتُهَا، أَلَا وَإِنَّ اللَّهَ يَغْفِرُ لِلْعَالِمِ الْهَابِعِيْنَ دَيْبًا قَبْلَ أَنْ يَغْفِرُ لِلْجَاهِلِ دَيْبًا وَاحِدًا، أَلَا وَإِنَّ الْعَالِمَ الرَّحِيْمَ يَجِيْءُ يَوْمُ الْقَيَامَةِ وَإِنَّ تُورُهُ قَدْ أَضَاءَ يَمْشِيْ فِيْهِ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ؛ كَمَا يُضِيْءُ النَّوْكَابُ الدَّرِيُّ).

৩৬৭। আমার উন্মাতের আলেমরা হচ্ছে সর্বোন্তম এবং আমাদের আলেমদের মধ্যে দরাবানরা হচ্ছে সর্বোন্তম। সাবধান। অবশ্যই আল্লাহ তা'আলা জাহেলের একটি গুনাহ ক্ষমা করার পূর্বেই আলেমের চল্লিশটি গুনাহ ক্ষমা করে দেন। সাবধান। দরাবান আলেম কিয়ামত দিবসে আগমন করবেন এমতাবস্থায় যে তার নূর আলোকিত করবে যেমনভাবে সাদা তারকা আলোকিত করে এবং সে তাতে পূর্ব এবং পশ্চিম প্রাস্তে চলাফিরা করবে।

### হাদীসটি বাতিল।

এটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/১৮৮), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (১/২৩৭-২৩৮) ও "মুয়াযযিহ" গ্রন্থে (২/৬২) এবং ইবনু আসাকির "যামু মান লা ইয়ামালু বি ইলমিহি" গ্রন্থে (২/৫৮) ও "আত-তারীখ" গ্রন্থে (১৬/২৮/২) মুহাম্মাদ ইবনু ইসহাক সুলামী সূত্রে আম্মুল্লাহ ইবনুল মুবারাক হতে ... বর্ণনা করেছেন।

আল-খাতীব বলেন ঃ মুহাম্মাদ ইবনু ইসহাক মাজহুলদের অন্তর্ভুক্ত। তিনি আন্দুল্লাহ ইবনুল মুবারাক হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন।

অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ তার মধ্যে জাহালাত [অজ্ঞতা] রয়েছে এবং তিনি বাতিল খবর (হাদীস) নিয়ে এসেছেন। অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে এবং সুযুতী "আল-লাআলী" গ্রন্থে (১/২৩৫) যাহাবীর বক্তব্যকে সমর্থন করেছেন।

এটির আরো একটি সূত্র রয়েছে। সেটিকে কার্যা'ঈ "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (কাফ ১/১০৪) উল্লেখ করেছেন। যার সনদে আহমাদ ইবনু খালিদ কুরাশী রয়েছেন। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ তাকে চেনা যায় না এবং হাদীসটি বাতিল।

আমি (আলবানী) বলছি ঃ হাফিয ইবনু হাজার তার এ কথাকে "আল-লিসান" গ্রন্থে সমর্থন করেছেন।

যাহাবী, ইবনু হাজার এবং সুয়ৃতী তারা তিন হাফিয হাদীসটি বাতিল এ মর্মে একমত হওয়ার পরেও সুয়ৃতী নিজেই নিজের বিরোধিতা করে হাদীসটি "জামে উস সাগীর" গ্রন্থে উল্লেখিত দু'টি সূত্র হতেই উল্লেখ করেছেন। ٣٦٨. (حَامِلُ القُرْآنِ حَامِلُ رَائِةِ الإسلام، مَنْ أَكْرَمَهُ؛ فَقَدْ أَكْرَمَ اللهَ ، وَمَنْ أَكْرَمَهُ؛ فَقَدْ أَكْرَمَ اللهَ ،

২৬৮। কুরআন বহনকারী হচ্ছে ইসলামের ঝাভা বহনকারী। যে তাকে সম্মান করল, সে যেন আল্লাহকে সম্মান করল। আর যে তাকে তুচ্ছ ভেবে অবহেলা করল, তার উপর আল্লাহর অভিশাপ।

#### रामीमिं छान।

এটি দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (২/৮৮) নিজ সনদে মুহাম্মাদ ইবনু ইউনুস কুদায়মী পর্যন্ত ... বর্ণনা করেছেন।

সুয়ৃতী এটিকে "যায়লুল আহাদীসিল মাওয়ু'আহ" গ্রন্থে (পৃ: ২৩ নং ১১৬) উল্লেখ করে বলেছেন ঃ কুদায়মী মিথ্যার দোষে দোষী।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে এ বর্ণনাতেই উল্লেখ করেছেন!

এ কারণে মানাবী 'কুদায়মী জালকারী' বলে তার সমালোচনা করেছেন।

٣٦٩. (قليلُ الْعَمَلِ يَنْقَعُ مَعَ الْعِلْمِ، وَكَثْيْرُ الْعَمَلِ لا يَنْفَعُ مَعَ الْجَهَل).

৩৬৯। জ্ঞানের সাথে অল্প 'আমল উপকারী, অজ্ঞতার সাথে বেশী 'আমল উপকারী নয়।

#### হাদীসটি জাল।

এটি ইবনু আন্দিল বার "জামেউ' বায়ানিল ইলমে ওয়া ফার্যলিহি" গ্রন্থে (১/৪৫) মুহাম্মাদ ইবনু রাওহ ইবনে ইমরান কুশায়রী সূত্রে মুয়াম্মিল ইবনু আন্দির রহমান সাকাফী হতে, তিনি আব্বাদ ইবনু আন্দিস সামাদ হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি বানোয়াট; মুহামাদ ইবনু রাওহ দুর্বল।

মুয়ান্মিল ইবনু আন্দির রহমান সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ লাইয়েনুল হাদীস, য'ঈফুল হাদীস (হাদীসের ক্ষেত্রে দুর্বল)।

ইবনু আদী বলেন ঃ তার অধিকাংশ হাদীস নিরাপদ নয়।

যাহাবী আব্বাদ ইবনু আদিস সামাদ সম্পর্কে "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

তাকে ইবনু হিব্বান দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি আনাস (ﷺ) হতে একটি কপি বর্ণনা করেছেন যার সবই জাল (বানোয়াট)।

সুয়ৃতী হাদীসটি "যায়লুল আহাদীসিল মাওয়'আহ" গ্রন্থে (পৃ: ৪১) দাইলামীর বর্ণনা থেকে মুহামাদ ইবনু রাওহ হতে উল্লেখ করেছেন। অতঃপর ইবনু হিব্বানের বক্তব্য উল্লেখ করে হাদীসটির সমস্যার কথাও বলেছেন। যা সবে মাত্র উল্লেখ করলাম। তিনি আরো বলেছেন ঃ

বুখারী বলেন ঃ আব্বাদ ইবনু আব্দিস সামাদ মুনকারূল হাদীস। "আল-মুগনী" গ্রন্থে বলা হয়েছে ঃ মুয়াম্মিলকে আবৃ হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। তিনি নিজেও জাল হিসাবে হুকুম লাগানোর পর কীভাবে তিনি তা করলেন!

হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (১/৭) বলেছেন ঃ এটির সনদ দুর্বল। তার এ কথা প্রমাণ করে না যে, এটি জাল নয়। কারণ জাল হাদীসও য'ঈফ হাদীসেরই একটি প্রকার। অতএব কোন দ্বন্ধ নেই।

٣٧٠. (قِوَامُ الْمَرْءِ عَقْلُهُ، وَلِا دِيْنَ لِمَنْ لا عَقَلَ لَهُ).

৩৭০। মানুষের মৃশ্যায়ন তার জ্ঞানে। যার জ্ঞান নেই তার কোন ধর্মও নেই। হাদীসটি জ্ঞান।

এটিকে সুয়ৃতী তার "যায়লুল আহাদীসিল মাওয়'আহ" গ্রন্থে (পৃ: ৬) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৩/৭৯৬), ইবনুন নাজ্জার "যায়লু তারীখে বাগদাদ" গ্রন্থে (১০/কাফ ২/১০৯) এবং রাফেন্ট "আখবারু কাযবীন" গ্রন্থে (৪/৯০) হারিস হতে, তিনি দাউদ হতে...বর্ণনা করেছেন।

সনদটির কারণ স্পষ্ট হওয়ায় সৃয়্তী চুপ থেকেছেন। কেননা এ দাউদ হচ্ছেন ইবনুল মুহাব্বার, 'আকল' নামক গ্রন্থের রচনাকারী। যাহাবী বলেন ঃ সম্ভবত তিনি এটি রচনা করেননি।

দারাকুতনী বলেন ঃ 'আকল' গ্রন্থটি তৈরি করেছেন মায়সারা ইবনু আব্দি রাব্বিহি। অতঃপর তার থেকে দাউদ ইবনুল মুহাব্বার তা চুরি করে মায়সারার সনদ বাদ দিয়ে অন্য সনদের সাথে হাদীসগুলোকে জড়িয়ে দেন।

সুয়ৃতী বলেন ঃ বাইহাকী হামেদ ইবনু আদাম সূত্রে হাদীসটি বর্ণনা করে বলেছেন ঃ হামেদ এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি মিথ্যার দোষে দোষী ছিলেন।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও সুয়ূতী বাইহাক্বীর বর্ণনায় "জামে'উস সাগীর" এছে উল্লেখ করেছেন। বাইহাক্বী কর্তৃক হামেদ সম্পর্কে মন্তব্যটি উল্লেখ না করেই।

এ জন্য মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ কিন্তু তিনি যদি বাইহাক্বী কর্তৃক বর্ণিত হাদীসটির সমস্যার কথাটি উহ্য না করে উল্লেখ করতেন। ٣٧١. (سَتُقْتَحُ عَلَيْكُمُ الآقَاقُ، وَسَتُقْتُحُ عَلَيْكُمْ مَدِينَةً يُقَالُ لَهَا: (قزوينُ)، مَنْ رَابَطْ فِيْهَا أَرْبَعِينَ يَوْما أَوْ أَرْبَعِينَ لَيْلَةً؛ كَانَ لَهُ فِي الْجَنَّةِ عَمُودٌ مِنْ دَهَب، عَلَيْهِ وَبُهٌ مِنْ يَاقُونُهُ حَمْرًاءَ، لَهَا سَبْعُونَ الْفَ مِصْرًاعِ مِنْ دَهَبٍ، عَلَى كُلِّ مِصْرًاعِ زَوْجَةً مِنَ الْحُورِ الْعِين).

৩৭১। তোমাদের জন্য প্রান্তসমূহের বিজয় সাধিত করা হবে এবং অচিরেই তোমাদের জন্য একটি শহরকে মুক্ত করে দেয়া হবে, যাকে বলা হয় কাযবীন। যে ব্যক্তি সেখানে চল্লিশ দিন অথবা চল্লিশ রাত পাহারাদার হিসাবে নিয়োজিত থাকবে, তার জন্য জান্লাতে স্বর্ণের একটি ভন্ত হবে। যার উপর সবুজ রঙের যাবারজাদ পাথর থাকবে এবং তার উপর লাল বর্ণের ইয়াক্ত পাথরের কুবাা থাকবে। তার সভর হাজার স্বর্ণের দরজা থাকবে। প্রতিটি দরজায় একটি করে শুরিয়ীনদের থেকে স্ত্রী থাকবে।

### হাদীসটি জাল।

এটি ইবনু মাজাহ (২/১৭৯), রাফে'ঈ "আখবারু কাযবীন" গ্রন্থে (১/৬-৭) এবং মিয্যী "তাহযীবুল কামাল" গ্রন্থে (৮/৪৪৮) দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে রাবী' ইবনু সাবীহ হতে, তিনি ইয়াযীদ ইবনু আবান হতে ... বর্ণনা করেছেন।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/৫৫) উল্লেখ করে বলেছেন ঃ এটি বানোয়াট। দাউদ জালকারী তিনিই এ হাদীসটির ব্যাপারে মিথ্যার দোষে দোয়ী। আর বর্ণনাকারী রাবী হচ্ছেন দুর্বল এবং ইয়াযীদ মাতরূক।

মিয্যী "আত-তাহযীব" গ্রন্থে বলেন ঃ হাদীসটি মুনকার। দাউদের বর্ণনা ছাড়া অন্য কারো মাধ্যমে এটিকে চেনা যায় না।

সূয়্তী তার এ বক্তব্যকে "আল-লাআলী" এছে (১/৪৬৩) সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ যাহাবী দাউদের জীবনী বর্ণনা করতে গিয়ে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ ইবনু মাজাহ তার "সুনান" গ্রন্থে বানোয়াট হাদীসটির প্রবেশ ঘটিয়ে সুনানকে দোষী করেছেন।

জাল হওয়া সত্ত্বেও হাদীসটি উল্লেখ করার পর রাফে'ঈ যে কথা বলেছেন, তাতে তার কথার মূল্যায়ন কতটুকু তা জানা যায়।

তিনি বলেছেন ঃ হাদীসটি মাশহ্র, দাউদ হতে কতিপয় ব্যক্তি বর্ণনা করেছেন, ইমাম ইবনু মাজাহ্ তার "সুনান" গ্রন্থে হেফাযাত করেছেন এবং তার গ্রন্থকে হাফিযগণ তুলনা করেছেন সহীহাইন এবং আবৃ দাউদের সাথে...।

٣٧٢. (مَاخَلْفَ عَبْدٌ عَلَى الْمَلِهِ اقْصَلَ مِنْ رَكْعَتَيْنَ يَرَكَعُهُمَا عِنْدَهُمْ حِيْنَ يُرِيْدُ سَقَرًا). ৩৭২। কোন বান্দা তার পরিবারের নিকট সেই দু' রাকা'য়াত হতে উন্তম কিছু ছেড়ে বায় না, যে দু' রাকা'য়াত যখন সে সফরের ইচ্ছা করে তখন তাদের (পরিবারের) নিকট আদায় করে।

# रामीमि पूर्वम ।

এটি ইবনু আবী শায়বাহ "আল-মুসান্নাফ" গ্রন্থে (১/১০৫/১) মুত'ঈম ইবনুল মিকদাম হতে মারস্থু' হিসাবে বর্ণনা করেছেন।

হাদীসটি খাতীব বাগদাদী "মুয়ায্যিহ" গ্রন্থে (২/২২০-২২১) এবং ইবনু আসাকিরও তার "আত-তারীখ" গ্রন্থে (১৬/২৯৭/২) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ দুর্বল। বর্ণনাকারী সকলেই নির্ভরযোগ্য, কিন্তু এটি মুরসাল। কারণ মুত'ঈম তাবে'ঈ তিনি সাহাবী নন।

٣٧٣. (لا تَبَكُوا عَلَى الدَّيْنِ إِذَا وَيَيَهُ اهَلَّهُ، وَلَكِنِ ابْكُوا عَلَيْهِ إِذَا وَيَيهُ عَيْلُ اهْلِهِ).

৩৭৩। যখন ধর্মের নেতৃত্ব দিবে তার উপযুক্ত ব্যক্তি তোমরা তখন তার জন্য কাঁদবে না। কিন্তু যখন তার নেতৃত্ব দিবে অনুপযুক্ত ব্যক্তি তখন তোমরা তার জন্য কাঁদো।

# হাদীসটি দুর্বল।

এটি আহমাদ (৫/৪২২) এবং হাকিম (৪/৫১৫) আব্দুল মালেক ইবনু আম্র আকাদী সূত্রে কাসীর ইবনু যায়েদ হতে, তিনি দাউদ ইবনু আবৃ সালেহ হতে বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার কথাকে সমর্থন করেছেন! এটি তাদের দু'জনের ধারণা মাত্র। কারণ যাহাবী নিজে এ দাউদের জীবনীতে বলেছেন ঃ তিনি হেজাজী, তাকে চেনা যায় না।

হাফিয ইবনু হাজার যাহাবীর এ কথাকে "তাহ্যীবুত তাহ্যীব" গ্রন্থে সমর্থন করেছেন। অতএব কীভাবে এটি সহীহ?

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৫/২৪৫) বলেছেন ঃ হাদীসটি ইমাম আহমাদ এবং তাবারানী "মু'জামুল কাবীর" ও "মু'জামুল আওসাত" গ্রন্থে একই সনদে বর্ণনা করেছেন। তাতে কাসীর ইবনু যায়েদ রয়েছেন, আহমাদ এবং অন্যরা তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। আর নাসাঈ ও অন্যারা তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

কিন্তু এ সনদে রয়েছেন আহমাদ ইবনু রুশদীন মিসরী। তিনি মিখ্যার দোষে দোষী। যেরূপভাবে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে ৪৭ নং হাদীসে।

٣٧٤. (نَهَى أَنْ يَمْشِيَ الرَّجْلُ بَيْنَ الْبَعِيْرِيْنِ يَقُودُهُمَا).

৩৭৪। তিনি পুরুষ ব্যক্তিকে তার দু' উটের মাঝে চলে (হেঁটে) উট দু'টিকে পরিচালনা করতে নিষেধ করেছেন।

# श्मीनि पूर्वन।

এটি হাকিম (৪/২৮০) মুহাম্মাদ ইবনু সাবেত বুনানী সূত্রে তার পিতা হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ মুহাম্মাদকে নাসাঈ দর্বুল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন ঃ তিনি দুর্বল।

٣٧٥. (ثهني أنْ يَمْشِي الرَّجْلُ بَيْنَ الْمَرْ أَتَيْنِ).

৩৭৫। তিনি পুরুষ ব্যক্তিকে দু' মহিলার মাঝে চলতে নিবেধ করেছেন। হাদীসটি জাল।

এটি আবৃ দাউদ (২/৩৫২), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (১২৬), হাকিম (৪/২৮০), খাল্লাল "আম্র বিল মা'রুফ" গ্রন্থে (২/২২) এবং ইবনু আদী (৩/৯৫৫) দাউদ ইবনু আবী সালেহ্ সূত্রে নাঞে' হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ দাউদ ইবনু আবী সালেহ্ সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী।

আমি (আলবানী) বলছি ঃ তিনি "আল-মীযান" গ্রন্থে এমনটিই বলেছেন, অতঃপর এ ইাদীসটি উল্লেখ করেছন। মুন্যেরী "মুখতাসারুস সুনান" গ্রন্থে (৮/১১৮) বলেন ঃ

ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের থেকে জাল হাদীস বর্ণনাকারী। এমনকি তিনি তা যেন ইচ্ছাকৃতই করতেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

আবৃ যুর'য়াহ বলেন ঃ তাকে একমাত্র এ হাদীসের মাধ্যমেই চিনি। তিনি মুনকার।

বুখারী তার "তারীখুস সাগীর" গ্রন্থে (১৮৭) এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ তার হাদীসের অনুসরণ করা যায় না। অনুরূপ কথা উকায়লীও বলেছেন। তিনি আরো বলেছেন ঃ তাকে একমাত্র এ হাদীসের মাধ্যমেই চেনা যায়।

আব্দুল হক "আল-আহকাম" গ্রন্থে (১/২০৫) তার অনুকরণ করেছেন, অতঃপর বলেছেন ঃ হাদীসটির অন্য ভাষা রয়েছে ...। যেটি উল্লেখ করেছেন আবৃ আহমাদ ইবনু আদী।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি ইউসুফ ইবনু গারাক সূত্রে দাউদ হতে বর্ণিত হয়েছে। এ ইউসুফ মিথ্যুক, যেমনভাবে তার সম্পর্কে ১৯৩ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

٣٧٦. (الأقربُونَ أولني بالمَعْرُونَفِ).

৩৭৬। নিকটজনরা উত্তম ব্যবহার পাওয়ার বেশী হকদার।

এ বাক্যে হাদীসটির কোন ভিত্তি নেই। যেমনভাবে সে দিকে সাখাবী "মাকাসিদুল হাসানা" গ্রন্থে (পৃ: ৩৪) ইঙ্গিত করেছেন।

তাদের কেউ ধারণা করেছেন যে, এটি আয়াত! কিন্তু কুরআনে আল্লাহ বলেন ঃ {قُلْ مَا أَنْفَقَتُمْ مِنْ خَيْرِ قَلُو الْاَيْنِ وَالْأَقْرَبِيْنَ} الْبَقْرَةَ: ١٥٥.

অর্থ ঃ "আপনি বলে দিন তোমরা পিতা-মাতা এবং আত্মীয়-স্বজনদের জন্য উত্তম যা খরচ করবে" (সূরা বাকারা: ২১৫)।

٣٧٧. (آخِرُ مَنْ يَدْخُلُ الْجِنَّةَ رَجُلٌ مِنْ جُهِيَنَةَ؛ يُقالُ لَهُ: جُهِيَنَةَ فَيَسْأَلُهُ أَهْلُ الْجَنَّةِ: هَلْ بَقِي َ أَحَدُ يُعَدُّبُ؟ فَيَقُولُ: لا. فَيقُولُونَ: عِدْ جُهِينَةَ الْخَبْرُ الْيَقِيْنُ).

৩৭৭। জুহাইনা গোত্রের এক ব্যক্তি সব শেষে জান্নাতে প্রবেশ করবে। তাকে বলা হবে ঃ জুহাইনা। অতঃপর তাকে জান্নাতীরা জিজ্ঞাসা করবে ঃ আর কেউ কী অবশিষ্ট রয়েছে যাকে শান্তি দেয়া হচ্ছে? সে (উন্তরে) বলবে ঃ না। অতঃপর তারা (জান্নাতীরা) বলবে ঃ জুহাইনার নিকট সত্য সংবাদ।

रामीमि छान।

্রএটি মুহাম্মাদ ইবনু মুজাফ্ফার "গারায়েবে মালেক" গ্রন্থে (২/৭৬) এবং দারাকুতনী "আল-গারায়েব" গ্রন্থে জামি ইবনু সাওয়াদা সূত্রে ... বর্ণনা করেছেন।

দারাকুতনী বলেন ঃ হাদীসটি বাতিল, জামি' দুর্বল। আরেক বর্ণনাকারী আব্দুল মালেক ইবনুল হাকামও অনুরূপ।

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী "যায়লুল মাওয়্'আহ" গ্রন্থে দারাকুতনী সূত্রে হাদীসটি উল্লেখ করেছেন। ইবনু আররাকও তার অনুসরণ (২/৩৯৯) করেছেন। তা সত্ত্বেও সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে আল-খাতীবের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন! অথচ আল-খাতীব এবং দারাকুতনী উভয়ের সূত্র এক।

٣٧٨. (النَّبِعُوا الْطَمَاءَ؛ قَاتُّهُمْ سُرُجُ النُّنيَّا، وَمَصَابِيْحُ الآخِرَةِ).

৩৭৮। তোমরা আলেমদের অনুসরণ কর, কারণ তারা হচ্ছে দুনিয়ার চেরাগ এবং আঝেরাতের প্রদীপ।

হাদীসটি জাল।

এটি দাইলামী তার "মুসনাদ" গ্রন্থে (১/৩৯) কাসিম ইবনু ইব্রাহীম মালতী সূত্রে লুওয়াইন আল-মাসীসী হতে ... বর্ণনা করেছেন।

সুয়ৃতী হাদীসটিকে "যায়লুল আহাদীসিল মাওয়্'আহ" গ্রন্থে (পৃ: ৩৯) উল্লেখ করা সত্ত্বেও "জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামীর বর্ণনায় উল্লেখ করেছেন। তিনি আরও উল্লেখ করেছেন যে, কাসেম ইবনু ইব্রাহীম মালতি সম্পর্কে দারাকুতনী বলেছেন ঃ তিনি মিথ্যুক।

আল-খাতীব বলেন ঃ তিনি (কাসিম) লুওয়াইন হতে এবং তিনি মালেক হতে আশ্চর্যজনক বাতিল হাদীসগুলো বর্ণনা করেছেন।

٣٧٩. (إِذَا أَتَى عَلَيَّ يَوْمٌ لا أَزْدَادُ فِيْهِ عِلْما يُقرِّبُنِي إِلَى اللهِ تَعَالَى؛ فلا بُورِكَ لِيْ فِي طَلُوع شَمْس دَلِكَ الْيَوْم).

৩৭৯। যদি আমার নিকট এমন কোন দিন আসে যে দিনে এরপ জ্ঞান বৃদ্ধি করতে পারলাম না যা আমাকে আক্লাহর নিকটবর্তী করে দিত। তাহলে সে দিনের সূর্যোদয় হতে আমাকে কোন বরকত দেয়া হলো না।

### रामीमि खान।

এটি ইবনু রাহওয়াই তার "মুসনাদ" গ্রন্থে (৪/২৪/২), ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (কাফ ২/১৬১), আবুল হাসান ইবনুস সালত 'ইবনু আদিল আযীয হাশেমী' হতে বর্ণিত তার "হাদীস" গ্রন্থে (১/২), আবু নু'মাইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/১৮৮), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (৬/১০০), ইবনু আদিল বার (১/৬১) এবং তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/১১৫/১/ ৬৭৮০) বিভিন্ন সূত্রে হাকাম ইবনু আদিল্লাহ হতে, তিনি যুহুরী হতে ... বর্ণনা করেছেন।

আবৃ নু'মাইম বলেন ঃ হাদীসটি যুহ্রী হতে গারীব। হাকাম এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাকাম ইবনু আন্দিল্লাহ ইবনে খান্তাফ (কেউ কেউ বলেছেন ঃ ইবনু সা'দ) আবৃ সালমা আল-হিমসী। তিনি মিথ্যুক ফেমনভাবে আবৃ হাতিম বলেছেন। ইবনুল জাওয়ী "আল-মাওযু'আত" গ্রন্থে (১/২৩৩) হাদীসটি আল-খাতীবের সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ

সূরী বলেন ঃ এটি মুনকার, এটির কোন ভিত্তি নেই, হাকাম ছাড়া অন্য কেউ যুহ্রী হতে বর্ণনা করেননি। হাকাম সম্পর্কে আবৃ হাতিম বলেছেন ঃ তিনি মিথ্যুক। ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন।

সুয়্তী "আল-লাআলী" গ্রন্থে (১/২০৯) বলেন ঃ দারাকুতনী বলেছেন ঃ তিনি হাদীস জাল করতেন। তিনি যুহ্রীর মাধ্যমে ইবনুল মুসায়য়্যাব হতে পঞ্চাশটির মত হাদীস বর্ণনা করেছেন যেগুলোর কোন ভিত্তি নেই। অতঃপর সুয়্তী বলেছেন ঃ আব্ 'আলী হুসাইন ইবনু মুহাম্মাদ ইবনে হুসাইন মাকরী হাদীসটি তার "জুয়উ" গ্রন্থে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ যে সনদটি উল্লেখ করা হয়েছে, সেটির মধ্যেও রয়েছেন হাকাম ইবনু আন্দিল্লাহ। তিনিই হচ্ছেন আবৃ সালমা আল-হিমসী।

সুয়ৃতী হাদীসটি জাল (বানোয়াট) এ কথা স্বীকার করার পরেও "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন!

٣٨٠. (إِذَا أَتَّى عَلَيَّ يَوْمٌ لَمْ أَرْدَدْ فِيْهِ خَيْرًا؛ فَلَا بُورِكَ لِي فِيْهِ).

৩৮০। যদি আমার নিকট এমন কোন দিন আসে যে দিনে কল্যাণময় কিছু বৃদ্ধি করতে পারলাম না, তাহলে তাতে আমাকে বরকত দেয়া হলো না।

## হাদীসটি জ্বান।

এটি ইবনু আদী ও ইবনু হিবান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/৩৩৫) সুলায়মান ইবনু বাশ্শার সূত্রে সুফিয়ান হতে ... বর্ণনা করেছেন।

এটির সনদটি জাল। যাহাবী বলেন ঃ

সুলায়মান ইবনু বাশৃশার হাদীস জাল করার দোষে দোষী। ইবনু হিবান বলেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে অগণিত হাদীস জাল করেছেন। তাকে ইবনু আদী খুবই দুর্বল আখ্যা দিয়েছেন।

অতঃপর তার কতিপয় ওয়াহিয়াত (নিতান্তই দুর্বল হাদীস) উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

ইবনু আদী সুলায়মান ইবনু বাশশারের জীবনীতে মু'য়াল্লাক হিসাবে এ হাদীসটি (২/১৬১) উল্লেখ করেছেন। যার সনদে হাকাম ইবনু আন্দিল্লাহ আয়লী রয়েছেন। এ হাকামই পূর্বের হাদীসের হাকাম এবং তিনি মিথ্যুক।

বলা হয়েছে যে, তিনি অন্য হাকাম, হিমসী নন। অন্য হাকাম হলেও এ আয়লীও মিথ্যুক, যেমনভাবে "লিসানুল মীযান" গ্রন্থে বলা হয়েছে।

٣٨١. (ليس من أخلاق المؤمن الملق؛ إلا في طلب العِلم).

৩৮১। জ্ঞান অনুসন্ধান করার মধ্য ছাড়া মু'মিনের চরিত্রের মধ্যে হিংসা ও তোষামোদী থাকতে পারে না।

#### श्मीमिं छान।

এটি ইবনু আদী (২/৮৪) এবং সিলাফী "মুনতাখাব মিন উস্লিস সিরাজিল লুগাবী" গ্রন্থে (১/৯৭/২) হাসান ইবনু ওয়াসিল হতে, তিনি খুসায়েব ইবনু যাহদার হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ খুসায়েব হচ্ছেন হাদীসটির কেন্দ্রবিন্দু।

আমি (আলবানী) বলছি ঃ বুখারী "তারীখুস সাগীর" গ্রন্থে (১৯৭) বলেন ঃ তিনি মিথ্যুক।

নাসাঈ "আয-যু'য়াফা" গ্রন্থে (১১) বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

আমি (আলবানী) বলছি ঃ তার থেকে বর্ণনাকারী হাসান ইবনু ওয়াসিলও তার ন্যায়। তাকে বলা হয় হাসান ইবনু দীনার। তাকে আহমাদ, ইয়াহ্ইয়া, আবৃ হাতিম প্রমুখ মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার জীবনীতে যাহাবী এ হাদীসটি উল্লেখ করেছেন।

হাদীসটি ইবনুল জাওয়ী তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (১/২১৯) ইবনু আদীর সূত্রেই উল্লেখ করেছেন।

অতঃপর ইবনুল জাওয়ী বলেছেন ঃ এটির সমস্যার কেন্দ্রবিন্দু হচ্ছেন খুসাইব; তাকে ও'বা, কান্তান, ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী।

তার এ বক্তব্যকে সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/১৯৭) সমর্থন করেছেন, তা সত্ত্বেও তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে বাইহান্থীর সূত্রে হাদীসটি এ মিথ্যুক খুসায়েব থেকেই উল্লেখ করেছেন।

এ হাদীসটির আরো একটি সূত্র রয়েছে। ইবনু আদী (২/২৪০) ফৈহের ইবনু বিশ্র হতে, তিনি উমার ইবনু মূসা ওয়াজীহি হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ

উমার ইবনু মূসা ওয়াজীহি হাদীসের ভাষা এবং সনদ জালকারীদের অন্যতম। আমি (আলবানী) বলছি ঃ ফেহের ইবনু বিশ্রকে চেনা যায় না, যেমনভাবে ইবনু কান্তান বলেছেন এবং হাফিয "আল-লিসান" গ্রন্থে তা স্বীকার করেছেন।

٣٨٢. (لا حَسنَه، وَلا مَنْقَ؛ إلا فِي طلب الطِّم).

৩৮২। জ্ঞান অনুসন্ধান করার মধ্য ছাড়া হিংসা এবং তোষামোদী থাকতে পারে না।

#### হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/৩৬৫), আল-খাতীব (১৩/২৭৫) আম্র ইবনুল হুসাইন কিলাবী সূত্রে ইবনু 'আলাসা হতে ... বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু আদী বলেছেন ঃ

এটি মুনকার, আওযা'ঈ থেকে ইবনু 'আলাসা ছাড়া অন্য কেউ এটি বর্ণনা করেছেন বলে জানি না।

ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/২১৯) ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেন ঃ ইবনু 'আলাসা হচ্ছেন মুহাম্মাদ ইবনু আন্দিল্লাহ ইবনে 'আলাসা। তার দারা দলীল গ্রহণ করা যায় না। ইবনু হিবান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/১৯৭-১৯৮) তার সমালোচনা করে বলেছেন ঃ

ইবনু 'আলাসাকে ইবনু মা'ন্টন ও অন্যরা নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। এ হাদীসের সমস্যা হচ্ছে আম্র ইবনুল হুসাইন। কারণ তিনি হচ্ছেন মিথ্যুক, যেমনভাবে খাতীব বাগদাদী বলেছেন।

যখন মিথ্যুক হতে সনদটি খালী নয়, তখন এ সমালোচনার কোন উপকারিতা নেই।

সুয়ূতী হাদীসটির একটি শাহেদ উল্লেখ করেছেন। যার সনদের উপর কথা বলেননি। অথচ তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে চেনা যায় না। সেটি হচ্ছে নিম্নের হাদীসটিঃ

٣٨٣. (مَنْ عُضَّ صَوَّتُهُ عِنْدَ الْعُلَمَاءِ؛ كَانَ يَوْمَ الْقَيَامَةِ مَعَ الَّذِيْنَ امْتَحَنَّ اللهُ قُلُوبَهُمْ لِلثَّقُونَى مِنْ أَصْحَابِيْ، وَلاَ خَيْرَ فِي النَّمَلُق وَالنَّوَاصْع؛ إلاَّ مَا كَانَ فِي النَّمَلُق وَالنَّوَاصْع؛ إلاَّ مَا كَانَ فِي اللهِ، أَوْ فِي طَلَبِ الْعِلْم).

৩৮৩। যে ব্যক্তি তার উঁচু স্বর আলেমদের নিকট নীচু করবে, সে ব্যক্তি কিয়ামতের দিন আমার সাধীদের মধ্য হতে ঐ সব ব্যক্তিদের সাথে থাকবে যাদেরকে পরহেজগারিতার জন্য আল্লাহ নির্বাচিত করে নিয়েছেন। আল্লাহর সম্ভষ্টির উদ্দেশ্য বা জ্ঞান অনুসন্ধান করার মধ্য ছাড়া তোষামোদী ও নম্রতার কোনই কল্যাণ নেই।

रामीजि खान।

এটি দাইলামী "মুসনাদৃশ ফিরদাউস" গ্রন্থে ইবনুস সুন্নীর সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ অন্ধকারাচ্ছন্ন। যার একজন আরেক জনের উর্ধ্বে। বর্ণনাকারী কান্তানের পরে 'আমের ইবনু সায়য়ার ছাড়া অন্য কাউকে চিনি না। ইবনু আবী হাতিম (৩/১/৩২২) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ এটি মাজহুল।

হাদীসটির সনদে যে বলা হয়েছে ইবনুস সাবাহ, তিনি হচ্ছেন মুসান্না ইয়ামানী। তিনিই যদি হন, তাহলে তিনি দুর্বল। তার শেষ জীবনে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল যেমনভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

অতঃপর আমার নিকট স্পষ্ট হয়েছে যে, ইবনুস সাবাহ ভুল। সঠিক হচ্ছে আবুস সাবাহ যেমনভাবে ইবনু আদীর "আল-কামিল" গ্রন্থে (৫/১৯৬৬) এসেছে। তিনি হচ্ছেন আবুল গফ্র ইবনু আব্দিল আযীয আবুস সাবাহ ওয়াসেতী । তার জীবনীর শেষাংশে তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তার হাদীসে দুর্বলতা স্পষ্ট এবং তিনি মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সমস্যা হচ্ছে তিনিই। বিশেষ করে বুখারী "তারীখুল কাবীর" গ্রন্থে (৩/২/১২৭) বলেছেন ঃ মুহাদ্দিসগণ তাকে গ্রহণ করেননি (পরিত্যাগ করেছেন)। তিনি মুনকারুল হাদীস।

একই অর্থে "তারীখুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৯৪) বলেছেন ঃ মুহাদ্দিসগণ তার ব্যাপারে চুপ থেকেছেন।

٣٨٤. (لا يَتْرُكُ اللهُ أحدا يَوْمَ الْجُمُعَةِ؛ إلا عَقْرَ لهُ).

৩৮৪। জুম'আর দিবসে আল্লাহ কোন ব্যক্তিকে ক্ষমা না করে ছাড়েন না। হাদীসটি জাল।

এটি আবুল কাসিম শাহারযুরী "আল-আমালী" গ্রন্থে (১/১৮০) এবং খাতীব বাগদাদী (৫/১৮০) আহমাদ ইবনু নাস্র ইবনে হাম্মাদ ইবনে আজলান সূত্রে তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

হাদীসটি খাতীব বাগদাদী এ **আহমাদের জীবনীতে উল্লেখ করেছেন। অথচ** তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি।

যাহাবী তার জীবনী আলোচনা করতে গিয়ে "আল-মীযান" গ্রন্থে বলেছেন ঃ তিনি নিতান্তই মুনকার খবর (হাদীস) নিয়ে এসেছেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন। যেন তিনি তাকে এ হাদীসটির ব্যাপারে মিথ্যুকের দোষে দোষী করছেন।

হাফিয় ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার বক্তব্যকে সমর্থন করেছেন। তাতে আমার নিকট বিরূপ মন্তব্য রয়েছে। কারণ তার পিতা নাস্র ইবনু হাম্মাদ সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিপ্থ্যক।

তার কথাটি উল্লেখ করাই উত্তম। এর পরেও হাদীসটি "জামে'উস সাগীর" গ্রন্থে স্থান পেয়েছে!

আনাস (��) হতে হাদীসটির আরেকটি সূত্র রয়েছে। সেটিও বানোয়াট, যেরূপভাবে ২৯৭ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

٣٨٥. (لا يُحَرِّمُ الْحَرَامُ الْحَلَالَ).

৩৮৫। হারাম কখনও হালালকে (বস্তকে) হারাম বানাতে পারে না। হাদীসটি দুর্বল।

এটি ইবনু মাজাহ (১/২২৬), দারাকুতনী (১৪২), বাইহাক্বী (৭/১৬৮) এবং খাতীব বাগদাদী (৭/১৮২) আব্দুল্লাহ ইবনু উমার সূত্রে নাফে হতে ... বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি দুর্বল, আন্দুল্লাহ ইবনু উমারের কারণে। তিনি হচ্ছেন উমারী আল-মুকাব্বার, তিনি দুর্বল।

٣٨٦. (يَقُولُ اللهُ تَعَالَى لِلدُّنْيَا: يَا نُنْيَا! مُرِّيْ عَلَى أُولِيَالِيْ، وَلا تَحْلُولِيْ لَهُمْ فَتَقْنِيْهِمْ).

৩৮৬। আল্লাহ তা আলা দুনিয়াকে বললেন ঃ হে দুনিয়া! তুগি আমার বন্ধুদের জন্য তিতা হও। তুমি তাদের জন্য মিঠা হয়ে তাদেরকে ফেতনায় ফেলো না। হাদীসটি জাল।

এটি আবৃ আন্দির রহমান সুলামী "তাবাকাতুস স্ফিয়া" গ্রন্থে (পৃ: ৮-৯) বর্ণনা করেছেন এবং তার থেকে দাইলামী (৪/২১৮) বর্ণনা করেছেন। যার সনদে বর্ণনাকারী আবৃ জা'ফার আর-রাযী এবং হুসাইন ইবনু দাউদ আল-বালখী রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি বানোয়াট। আবৃ জা'ফার আর-রাযী সম্পর্কে যাহাবী বলেন ঃ আমি তাকে চিনি না। কিন্তু তিনি বাতিল খবর নিয়ে এসেছেন। তিনিই হাদীসটির সমস্যা।

হুসাইন ইবনু দাউদ বালখীর জীবনী বর্ণনা করতে গিয়ে খাতীব বাগদাদী "আত-তারীখ" গ্রন্থে (৮/৪৪) বলেন ঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না। তিনি একটি কপি ইয়াযীদ ইবনু হারুণ হতে, তিনি হুমায়েদ হতে, তিনি আনাস হতে বর্ণনা করেছেন। যার অধিকাংশই বানোয়াট।

অতঃপর তার অন্য একটি হাদীস এ সনদে উল্লেখ করে বলেছেন ঃ এটি । হুসাইন ফুযায়েল হতে এককভাবে বর্ণনা করেছেন। সেটি হচ্ছে জাল।

তার সূত্রেই কাযা ঈ এ হাদীসটি "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (২/১১৭) বর্ণনা করেছেন।

৩৮৭। হালাল এবং হারাম একত্রিত হয় না, তবে হলে হারামই প্রাধান্য বিস্তার করে।

হাফিয ইরাকী "তাখরীজুল মিনহাজ" গ্রন্থে বলেন ঃ এটির কোন ভিত্তি নেই। হাদীসটিকে মানাবী "ফায়যুল কাদীর" গ্রন্থে উল্লেখ করে তা সমর্থন করেছেন।

হানাফী ফকীহগণ এ হাদীস দারা যেনার মাধ্যমে ভূমিষ্ট মেয়ের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া হারাম হওয়ার দলীল দিয়েছেন। যুক্তির দিক দিয়ে যদিও সিদ্ধান্ত টি সঠিক, কিন্তু এরূপ বাতিল হাদীস দারা তার জন্য দলীল গ্রহণ করা জায়েয নয়।

৩৮৮। হারাম পছা হারাম করতে পারে না, কিন্তু হালাল বিবাহের মাধ্যমে যা হয় তা হারাম করে দেয়।

হাদীসটি বাতিল।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৭৩/২), ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/২৮৭), ইবনু হিব্বান "আয-মু'য়াফা" গ্রন্থে (২/৯৯), দারাকুতনী (পৃ: ৪০২) এবং বাইহাব্বী (৭/২৬৯) মুগীরা ইবনু ইসমাস্কিল ইবনে আইউব ইবনে সালামা সূত্রে উসমান ইবনু আন্দির রহমান যুহুরী হতে ... বর্ণনা করেছেন।

বাইহাক্বী বলেন ঃ উসমান ইবনু আন্দির রহমান ওকাসী এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তিনি দুর্বল। কথাটি ইবনু মা'ঈন এবং অন্যান্য হাদীস শাস্ত্রের ইমামগণ বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যুক। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন।

ইবনু মা'ঈন তাকে মিথ্যুক বলেছেন।

আব্দুল হক "আল-আহকাম" গ্রন্থে (কাফ ২/১৩৮) এবং হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৪/২৬৯) বলেছেনঃ তিনি মাতরুক।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে অনুরূপ কথাই বলেছেন। তিনি আরো বলেছেন ঃ ইবনু মা'ঈন তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার থেকে বর্ণনাকারী মুগীরা ইবনু ইসমা'ঈল মাজহুল; যেমনভাবে যাহাবী বলেছেন।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" থছে (১/৪১৮) মুগীরা ইবনু ইসমা'ঈল সূত্রে উমার ইবনু মুহাম্মাদ যুহ্রী হতে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ আমার পিতা বলেছেন ঃ এ হাদীসটি বাতিল। মুগীরা এবং এ উমার তারা উভয়েই মাজহল।

শাফে'য়ীগণ এ হাদীস দারা যেনার মাধ্যমে ভূমিষ্ট মেয়েকে বিবাহ করা জায়েয, এ মর্মে দলীল দিয়েছেন, অথচ হাদীসটি বাতিল।

٣٨٩. (لَوْ أَنْيِنَ اللَّهُ لأَهْلِ الْجَنَّةِ فِي التَّجَارَةِ؛ لاَتَجَرُوا بِالْبَزُّ وَالْعِطْرِ).

৩৮৯। যদি জান্নাতীদেরকে আল্লাহ তা'আলা ব্যবসা করার অনুমতি দিতেন; তাহলে তারা সুতী কাপড়ের এবং আতরের ব্যবসা করত।

হাদীসটি দূর্বল।

এটি উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (২২৯), তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ১৪৫) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৩৫/১), আবৃ নু'মাইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (১০/৩৬৫), আবৃ আদ্দির রহমান সুলামী "তাবাকাতৃস স্ফিয়া" গ্রন্থে (পৃ: ৪১০), আবৃ উসমান আন-নুজায়রী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৩/১), মাক্বী আল-মুয়ায্যিন তার "আল-হাদীস" গ্রন্থে (২/২৩০) এবং ইবনু আসাকির (১৪/৩৩৭/১) আব্দুর রহমান ইবনু আইউব সাকুনী আল-হিমসী স্ত্রে আত্তাফ ইবনু খালিদ হতে ... বর্ণনা করেছেন।

অতঃপর তাবারানী বলেন ঃ ইবনু আইউব এককভাবে এটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ এর দ্বারা দলীল গ্রহণ করা না জায়েয। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তা স্বীকার করেছেন।

উকায়লী হাদীসটির শেষে বলেন ঃ তার অনুসরণ করা যায় না।

অতঃপর বলেছেন ঃ এটি নাফে' হতে মাহফুজ নয়, মাজহুল সনদে এটি বর্ণনা করা হয়েছে।

٣٩٠. (لَوْ تَبَايَعُ أَهْلُ الْجَنَّةِ، وَإِنْ يَتَبَايَعُوا؛ مَا تَبَايَعُوا إِلاَّ بِالْبَرِّ).

৩৯০। জান্নাতীরা যদি ব্যবসা-বাণিচ্চ্য করত, তাহলে তারা সৃতী কাপড়ের ব্যবসা করত, কিন্তু তারা ব্যবসা-বাণিচ্চ্য করবে না।

# হাদীসটি নিতান্তই দুৰ্বল।

এটি উকায়লী (২২৯) এবং অনুরূপভাবে আবৃ ই'য়ালা (১/১০৪/১১১) ইসমা'ঈল ইবনু নৃহ হতে, তিনি এক ব্যক্তি হতে ... বর্ণনা করেছেন।

উकाय़नी वर्लन ३ रामीमिंग मनम माखरून, এর কোন সহীर मनम तिर ।

আমি (আলবানী) বলছি ঃ ইসমা'ঈল ইবনু নূহ মাতরক; যেমনভাবে আযদী বলেছেন এবং হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে তার অনুসরণ (১০/৪১৬) করেছেন।

٣٩١. (هَذِهِ يَدُ لا تَمُسُهَا الثَّارُ).

# ৩৯১। এ হাতকে আন্তন স্পর্শ করবে না।

(সা'দ ইবনু আবৃ মু'য়ায আনসারীর হাতকে চুমু খেয়ে রসূল (ﷺ) উচ্চ কথাটি বলেন ঃ) হাদীসটি দুর্বল।

এটি খাতীব বাগদাদী (৭/৩৪২) মুহাম্মাদ ইবনু তামীম আল-ফিরইয়াবী সূত্রে হাসান হতে ... বর্ণনা করেছেন। (এটি তাবৃক যুদ্ধের ঘটনার সাথে সম্পূক্ত)।

আল-খাতীব বলেন ঃ এ হাদীসটি বাতিল। কারণ সা'দ ইবনু ম্রায তাবৃক যুদ্ধের সময় জীবিত ছিলেন না। তিনি বানূ কুরাইযার যুদ্ধের পর মারা যান।

মুহাম্মাদ ইবনু তামীম আল-ফিরইয়াবী হচ্ছেন মিধ্যুক, তিনি হাদীস জালকারী।

আমি (আলবানী) বলছি ঃ আল-খাতীব বলেছেন ঃ সা'দ হচ্ছেন ইবনু মু'য়ায, আওস গোত্রের সর্দার বিশিষ্ট সাহাবী। ইবনু হাজার তার বিরোধিতা করে "আল-ইসাবার" মধ্যে বলেছেন ঃ তিনি অন্য কেউ। অতঃপর বলেছেন ঃ হাদীসটি আল-খাতীব "আল-মুন্তাফাক" গ্রন্থে দুর্বল সনদে এবং আবৃ মৃসা "আয-যায়ল" গ্রন্থে হাসান হতে মাজহুল সনদে বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ু'আত" গ্রন্থে (২/২৫১) খাতীব বাগদাদীর কথার উপর নির্ভর করে উল্লেখ করেছেন। সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৫৪) ইবনু হাজারের বক্তব্য উল্লেখ করে তার সমালোচনা করেছেন।

আব্দুল হাই কান্তানী "তারাতীবুল ইদারিয়া" গ্রন্থে (২/৪২-৪৩) বলেছেন ঃ ঘটনাটি আশ্চর্যজনক, রসূল (ﷺ) একজন সাহাবীর হাতে চুমু দিয়েছেন...।

যে ঘটনা সাব্যস্তই হয়নি, সে ঘটনায় আশ্চর্য হবার কিছু নেই।

٣٩٢. (إِنَّ فِي الْجَنَّةِ بَاباً؛ يُقَالُ لَهُ: الصُّحَى، قَادًا كَانَ يَوْمُ الْقِيَامَةِ؛ ثَادَى مُنَادِ: أَيْنَ الَّذِيْنَ كَانُوا يُدِيْمُونَ عَلَى صَلَاةِ الصُّحَى؟ هَذَا بَابُكُمْ، قَائْخُلُوهُ بِرَحْمَةِ الشُّ عَزْوَجَلًّ).

৩৯২। জান্নাতে একটি দরজা আছে, তাকে বলা হয় যুহা। যখন কিয়ামত দিবস সংঘটিত হবে, তখন একজন আহবানকারী ডাক দিয়ে বলবে ঃ কারা সে সব ব্যক্তিরা যারা সলাত্য যুহা সর্বদা আদায় করেছিলে? এটি আপনাদের দরজা। অতএব আল্লাহর রহমতে আপনারা এ দরজা দিয়ে প্রবেশ কর্মন।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী "মু জামুল আওসাত" গ্রন্থে (১/৫৯/১), আবৃ হাফস সাইরাফী তার "আল-হাদীস" গ্রন্থে (১/২৬৩), অনুরূপভাবে ইবনু লাল তার "আল-হাদীস" গ্রন্থে (১/১১৬) এবং নাস্র আল-মাকদেসী "আল-মাজলিস (১২১) মিনাল আমালী" গ্রন্থে (২/২) সুলায়মান ইবনু দাউদ ইয়ামামী হতে, তিনি ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ ইয়াহইয়া হতে সুলায়মান ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ নিতান্তই দুর্বল। কারণ এ ইয়ামামী মাতরুক। তার সূত্র হতে হাকিম তার "সলাতু্য যুহা অংশে" বর্ণনা করেছেন, যেমনভাবে "যাদুল মা'য়াদ" গ্রন্থে (১/১২৯-১৩৪) এসেছে।

হাদীসটির আরেকটি সমস্যা আছে। সেটি হচ্ছে ইবনু আবী কাসীর হতে আন্ আনু শব্দে বর্ণিত হয়েছে, কারণ তিনি তাদলীস করতেন।

৩৯৩। জান্নাতে একটি দরজা আছে, তাকে বলা হয় যুহা। যে ব্যক্তি সলাতৃষ যুহা পড়বে, সলাতৃষ যুহা তার নিকটবর্তী হয়ে আসবে, যেরূপভাবে শিশু তার মায়ের নিকটবর্তী হয়। এমনকি সে (সলাত) তাকে অভিনন্দন জানিয়ে জান্লাতে প্রবেশ করিয়ে দিবে।

## হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী (১৪/৩০৬-৩০৭) ইয়াহ্ইয়া ইবনু শাবীব ইয়ামানী সূত্রে ... বর্ণনা করেছেন।

আল-খাতীব ইবনু শাবীবের জীবনীতে হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ তিনি বাতিল হাদীস বর্ণনা করেছেন।

অতঃপর তার তিনটি হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। ٣٩٤. (إِنَّ فِي الْجَنَّةِ بَاباً؛ يُقَالُ لَهُ: الضُّحَى، لا يَدْخُلُ مِنْهُ إِلاَّ مَنْ حَافظَ عَلَى صَلَاةِ الضُّحَى).

৩৯৪। জান্নাতে একটি দরজা আছে, তাকে বলা হয় যুহা। সেটি দিয়ে প্রবেশ করবে ভধুমাত্র সেই ব্যক্তি যে সলাতুয যুহাকে সর্বদা হেফাযাত করেছে।

## হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী পূর্বের হাদীসটির সনদেই বর্ণনা করেছেন। ইবনু আসাকির উভয়টিকে একই হাদীসের মধ্যে মিলিয়ে আনাস (ఉ) হতে বর্ণনা করেছেন, যেমনভাবে সুয়ৃতীর "আল-ফাতাওয়া" গ্রন্থে (১/৫৮) এসেছে। অতঃপর চুপ থেকেছেন!

সলাতৃ্য যুহার ফ্যীলত সম্পর্কে সহীহ্ হাদীস এসেছে, যা আমাদেরকে এরূপ বাতিল হাদীস হতে মুক্ত রাখতে পারে।

٣٩٥. (إِنَّ اللهِ مَلاَئِكَةً مُوكَلِيْنَ بِأَبْوَابِ الْجَوَامِع يَوْمَ الْجُمُعَةِ، يَسْتَغْفِرُونَ لَأَصْدَابِ الْعَمَاتِمِ الْبَيْض).

৩৯৫। জুম'আর দিবসে জামে মসজিদগুলোর গেটে আল্লাহর দায়িত্থাপ্ত ফেরেশতাগণ থাকেন। তারা সাদা পাগড়ীধারীদের জন্য ইসতিগফার (ক্ষমা প্রার্থনা) করতে থাকেন।

## হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী উপরের হাদীস দু'টোর সনদেই বর্ণনা করেছেন। আমি অবহিত হয়েছি যে, এটি ইয়াহ্ইয়া ইবনু শাবীব ইয়ামামী কর্তৃক তৈরিকৃত।

খাতীব বাগদাদীর সূত্র হতে ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/১০৬) উল্লেখ করে বলেছেন ঃ

ইয়াহ্ইয়া হুমায়েদ এবং অন্যদের থেকে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৭) তার কথাকে শক্তি যুগিয়েছেন একথা বলে যে, "আল-মীযান" গ্রন্থে যাহাবী বলেছেন ঃ এটি সে সবের একটি যেটিকে ইয়াহ্ইয়া হুমায়েদের উদ্ধৃতিতে তৈরি করেছেন।

তার এ কথাকে ইবনু আররাক (২/২৩৬) সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির আরেকটি সূত্র আমি পেয়েছি; যেটি আবৃ আলী কুশাইরী হারানী "তারীখুর রিক্কা" গ্রন্থে (কাফ ২/৩৮) আবৃ ইউসুফ মুহাম্মাদ ইবনু আহমাদ সাইদালানী হতে বর্ণনা করেছেন, তিনি আব্বাস ইবনু কাসীর হতে ... বর্ণনা করেছেন।

তিনি আব্বাসের জীবনীতে এ হাদীসটি উল্লেখ করেছেন অথচ তিনি তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

আবৃ ইউসুফ সাইদালানীর জীবনী কে রচনা করেছেন পাচ্ছি না। তিনি অথবা তার শাইখ এ সূত্রটির সমস্যা।

পাগড়ী সংক্রান্ত বিষয়ে 'রসূল (ﷺ) পাগড়ী পরেছেন' এতটুকু ছাড়া অন্য কিছুই সহীহ্ নয়। ১২৭ এবং ১২৯ নম্বরে পাগড়ীর হাদীস সম্পর্কে আলোচনা করা হয়েছে।

٣٩٦. (فَضَلُ حَمَلَةِ القُرْآنِ عَلَى الَّذِي لَمْ يَحْمِلُهُ؛ كَفَضَلَ الْخَالِق عَلَى الْمَخْلُوق).

৩৯৬। কুরআন বহনকারীর ফ্যীলত (প্রাধান্য) তাকে বহন নাকারীর উপর এমনই, যেমন সৃষ্টিকর্তার প্রাধান্য সৃষ্টির উপরে।

হাদীসটি মিথ্যা।

এটি দাইলামী (২/১৭৮/১-২) মুহাম্মাদ ইবনু তামীম আল-ফিরইয়াবী সূত্রে ... বর্ণনা করেছেন।

সুয়ৃতী হাদীসটি উল্লেখ করেছেন "আয-যাইল" গ্রন্থে (পৃ: ৩২), অতঃপর বলেছেন ঃ হাফিয ইবনু হাজার "যাহরুল ফিরদাউস" গ্রন্থে বলেছেন ঃ এটি মিখ্যা। আমি (সুয়ৃতী) বলছি ঃ এটির সমস্যা হচ্ছে মুহাম্মাদ ইবনু তামীম।

আমি (আলবানী) বলছি ঃ অতঃপর সুয়ৃতী এ কথাটি ভুলে গেছেন, যার ফলে তিনি "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

এ মুহাম্মাদ ইবনু তামীম সম্পর্কে আল-খাতীব বলেন ঃ তিনি মিখ্যুক, হাদীস জালকারী।

হাকিম বলেন ঃ তিনি মিথ্যুক, খাবীস। আবু নু'মাইম বলেন ঃ তিনি মিথ্যুক, জালকারী। ٣٩٧. (إِذَا طَلْعَ النَّجْمُ؛ رُفِعَتِ الْعَاهَةُ عَنِ أَهْلِ كُلِّ بَلَدٍ).

৩৯৭। যখন তারকারাজী উদিত হয়, তখন অসিদ্ধতা প্রতিটি দেশবাসীর নিকট হতে উঠিয়ে নেয়া হয়।

হাদীস্টি দুর্বল।

এটি ইমাম মুহাম্মাদ ইবনুল হাসান "কিতাবুল আসার" গ্রন্থে (পৃ: ১৫৯) বর্ণনা করে বলেছেন ঃ আমাদেরকে এ হাদীসটি আবৃ হানীফা (রহঃ) শুনিয়েছেন...।

আবৃ হানীফা (রহঃ)-এর সূত্র হতেই সাকাফী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (৩/১২/১) বর্ণনা করেছেন, অনুরূপভাবে তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ২০) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৪০/২) এবং তার থেকে আবৃ নু'মাইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/১২১) বর্ণনা করেছেন।

একমাত্র আবৃ হানীফা (রহঃ) ছাড়া হাদীসটির সনদের অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

তাকে হেফযের দিক দিয়ে দুর্বল বলেছেন ইমাম বুখারী, মুসলিম, নাসাঈ, ইবনু আদী প্রমুখ মুহাদ্দিসগণ।

এ কারণেই ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তার জীবনীতে শুধুমাত্র বলেছেন ঃ তিনি প্রসিদ্ধ ফাকীহ।

হাঁ, তার মুতাবা'রাত করেছেন ইসল ইবনু সৃফিয়ান আতা হতে, কিন্তু সেটিও দুর্বল। ভাষাতেও পার্থক্য রয়েছে। ''غَاهَهُ'' 'যখন ভোরের তারকা উদিত হয়, তখন অসিদ্ধতা উঠিয়ে নেয়া হয়।'

এটি ইমাম আহমাদ (২/৩৪১-৩৮৮), তাহাবী "মুশকিলুল আসার" গ্রন্থে (৩/৯২), তাবারানী "মু'জামূল আওসাত" গ্রন্থে এবং উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৩৪৭) বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ

ইসল ইবনু সুফিয়ানের হাদীসে সন্দেহ আছে। বুখারী বলেন ঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে।

হাদীস দু'টির ভাষায় পার্থক্য থাকার কারণে একটি অন্যটিকে শক্তি যোগাতে পারছে না, এছাড়া উভয়টিই দুর্বল।

٣٩٨. (لا تَسنبُوا قُريشًا، قان عَالِمُهَا يَمْلاً طِبَاقَ الأَرْضِ عِلْما، اللَّهُمَّ اللَّكَ الدُّقْتَ أَوْلَهَا عَدَاباً أَوْ وَبَالاً، قَانْقُ آخِرَهَا نَوَالاً).

৩৯৮। তোমরা ক্রাইশদের গালী দিও না, কারণ তাদের আলেম যমীনকে জ্ঞান ঘারা পরিপূর্ণ করে দেয়। হে আল্লাহ! তুমি তাদের প্রথমাংশকে শান্তি বা বিপদের স্বাদ গ্রহণ করিয়েছ, অতএব তাদের শেষাংশকে বখশীশের স্বাদ গ্রহণ করাও।

## হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তায়ালিসী তার "মুসনাদ" গ্রন্থে (২/১৯৯) বর্ণনা করেছেন। তায়ালিসীর সূত্র হতে আবৃ নুমাইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৬/২৯৫, ৯/৬৫) এবং তার থেকে আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (২/৬০-৬১), ইবনু আসাকির (১৪/৪০৯/২) এবং হাফিয ইরাকী "মাহাজ্জাতিল কুরবি ইলা মাহাব্বাতিল আরাব" গ্রন্থে (পৃ: ১৮৪) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি অত্যন্ত দুর্বল। বর্ণনাকারী নায্র ইবনু হুমায়েদ সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/৪৭৭/১) বলেন ঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেন ঃ তিনি মাতরুকুল হাদীস।

বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আরেক বর্ণনাকারী জারূদকে আমি চিনি না। "কাশফুল খাফা" গ্রন্থে (২/৫৩) [তার আসল "আল-মাকাসিদ" গ্রন্থের অনুসরণ করে (২৮১/৬৭৫)] এসেছে ঃ তিনি মাজহুল।

এছাড়া হাদীসটি আরো কয়েকটি সূত্রে বর্ণিত হয়েছে, কিন্তু কোনটিই সহীহ্ নয়। এমনকি মিথ্যুক বর্ণনাকারীও রয়েছে।

তবে হাদীসটির শেষাংশ ''كاللهم إنك أذقت ... نو الا '' এ অংশটুকু সহীহ। এ অংশটুকু তিরমিযী, আহমাদ ও অন্যরা বর্ণনা করেছেন।

অন্য সূত্রের বর্ণনাকারী ফাহাদ ইবনু আউফ সম্পর্কে ইবনুল মাদীনী বলেন ঃ তিনি মিথ্যুক। মুসলিম এবং ফাল্লাস তাকে পরিত্যাগ করেছেন।

٣٩٩. (اللَّهُمَّ اهْدِ قُرَيْشًا، قَإِنَّ عِلْمَ الْعَالِمِ مِنْهُمْ يَسَعُ طِبَاقَ الأَرْضِ، اللَّهُمَّ اتْقَتَ أُولُهَا نْكَالاً، قَانْقُ آخِرَهَا ثُوالاً).

৩৯৯। হে আল্লাহ! তুমি কুরাইশদের হেদায়েত দান কর, কারণ তাদের একজন আলেমের জ্ঞান যমীনের স্তরগুলোকে ঘিরে ফেলে। হে আল্লাহ। তুমি তাদের প্রথমাংশকে বিপদের স্থাদ গ্রহণ করিয়েছ, অতএব তাদের শেষাংশকে বখশীশের স্থাদ গ্রহণ করাও।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৮/২) এবং আবৃ নু'মাইম (৯/৬৫) ইসমা'ঈল ইবনু মুসলিম সূত্রে আতা হতে ... বর্ণনা করেছেন। আল-খাতীব (২/৬০-৬১) এবং তার থেকে ইরাকী "মাহাজ্জাতুল কুরবি.." গ্রন্থে ইবনু আইয়াশ সূত্রে আব্দুল আযীয় ইবনু ওবাইদিল্লাহ হতে, তিনি ওয়াহাব ইবনু কায়সান হতে ... বর্ণনা করেছেন।

এ সনদ দু'টি খুবই দুর্বল। ইসমা'ঈল ইবনু মুসলিম এবং আব্দুল আযীয ইবনু ওবাইদিল্লাহ হিমসী তারা উভয়েই মাতরুক।

"আল-কাশফ" গ্রন্থে বলা হয়েছে (২/৫৩) ঃ হাদীসটি ইমাম আহমাদ এবং তিরমিয়ী ইবনু আব্বাস (ఉ) হতে বর্ণনা করেছেন, এটি ধারণা মাত্র। কারণ তারা শুধুমাত্র দ্বিতীয় অংশটুকু বর্ণনা করেছেন, যেমনভাবে পূর্বের হাদীসে বলা হয়েছে।

٤٠٠ (لمُبَارَزَةُ عَلِيٌ بن أبي طالِب لِعَمْرو بن عَبْدِ وَدُ يَوْمَ الْحَنْدَق اقْضَلُ مِنْ اعْمَال امْتِي إلى يَوْمِ الْقَيَامَةِ).

800। খন্দকের দিবসে আমৃর ইবনু আবদে উদ্দের সাথে আলী ইবনু আবী তালেবের লড়াই (তাকে হত্যা করার জন্য) কিয়ামত দিবস পর্যন্ত আমার উদ্মাতের কর্মগুলো হতেও অতি উত্তম ।

#### হাদীসটি মিথ্যা।

এটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (৩/২৩) আহমাদ ইবনু ঈসা খাশ্শাব সূত্রে ... বর্ণনা করেছেন।

হাকিম তার সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন!

যাহাবী "আত-তালখীস" এন্থে বলেছেন ঃ আল্লাহ সেই রাফেযীর অমঙ্গল করুন, যিনি হাদীসটি তৈরি করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সমস্যা হচ্ছে এ খাশৃশাব। কারণ তিনি মিথ্যুক, যেরূপ ইবনু তাহের প্রমুখ বলেছেন। সম্ভবত তিনি তার মত মিথ্যুকের নিকট হতেই চুরি করেছেন।

খাতীব বাগদাদী হাদীসটি (১৩/১৯) ইসহাক ইবনু বিশ্র কুরাশী সূত্রে ... বর্ণনা করেছেন।

এ ইসহাক হচ্ছে কাহেলী কৃষী, তিনিও মিথ্যুক। তার কয়েকটি জাল হাদীস পূর্বে আলোচিত হয়েছে। যেমন (৩১০, ৩১১, ৩২৯, ৩৫১) ।

আলী (﴿ )-এর আম্র ইবনু উদ্দের সাথে লড়াই এবং তাকে হত্যার ঘটনাটি ইতিহাস গ্রন্থগুলোর একটি প্রসিদ্ধ ঘটনা। যদিও ঘটনাটির কোন সহীহ্ সূত্র সম্পর্কে আমি অবহিত নই। ঘটনাটি মুরসাল এবং মু'যাল সূত্রে বর্ণিত হয়েছে,। দেখুন ঃ "সিরাত ইবনু হিশাম" (৩/২৪০-২৪৩), বাইহাক্বীর "দালায়েলুল নাবুয়াহ" ৩/৪৩৫-৪৩৯) এবং "সিরাত ইবনু কাসীর" ৯৩/২০৩-২০৫)।

١٠٤. (إِدَا صُمُثُمْ؛ قَاسَتَاكُوا بِالْغَدَاةِ، وَلا تُستَّاكُوا بِالْعَشْيِّ، فَإِنَّهُ لَيْسَ مِنْ صَائِمٍ تَبْيَسُ شَفْتَاهُ بِالْعَشْيِّ؛ إِلاَ كَانْتُ ثُورًا بَيْنَ عَيْنَيْهِ يَوْمَ الْقِيَامَةِ).

8০১। তোমরা যখন সভম রাখবে; তখন ভোরবেলা মেসওয়াক করবে, সন্ধ্যায় মেসওয়াক করবে না। কারণ কোন সভম পালনকারী ব্যক্তির দু'ঠোট সন্ধ্যার সময় শুকনা থাকলে কিয়ামত দিবসে তার দু'চোখের মাঝে তা হবে নুর স্বরূপ।

### श्मीमि पूर्वन।

এটি তাবারানী (১/১৮৪/২), দারাকুতনী (পৃ: ২৪৯) এবং বাইহাক্বী (৪/২৭৪) কায়সান 'আবী উমার আল-কাস্সার সূত্রে ইয়াযীদ ইবনু বিলালের মাধ্যমে 'আলী (ఉ) হতে মওকৃষ্ণ হিসাবে বর্ণনা করেছেন।

অতঃপর তারা একই সূত্রে আম্র ইবনু আব্দির রহমান হতে, তিনি খাব্বাব হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

হাদীসটিকে দারাকুতনী এবং বাইহাক্বী দুর্বল আখ্যা দিয়েছেন। অতঃপর তারা উভয়ে বলেন ঃ

কায়সান আবৃ উমার শক্তিশালী নন। তার এবং 'আলীর মাঝের বর্ণনাকারী (ইয়াযীদ ইবনু বিলাল) পরিচিত নয়।

তাদের দু'জনের বক্তব্যকে ইবনুল মুলাক্কিন "খুলাসাতুল বাদরিল মুনীর" গ্রন্থে (কাফ ২/৬৯) সমর্থন করেছেন।

"আল-মাজমা'" গ্রন্থে বলা (৩/১৬৪-১৬৫) হয়েছে ঃ কায়সান আবৃ উমারকে ইবনু হিব্বান নির্ভরশীল বলেছেন অথচ অন্যরা তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

মানাবী "আল-ফায়েয়" গ্রন্থে উল্লেখ করেছেন, ইরাকী শারহুত তিরমিযীতে বলেছেন ঃ হাদীসটি নিতান্তই দুর্বল।

"তাখরীজুল হিদায়াহ" গ্রন্থে উল্লেখ করা হয়েছে তাতে কায়সান আল-কু'য়াব রয়েছেন; তিনি নিতান্তই দুর্বল। ইবনু হাজার বলেন ঃ তার মধ্যে কায়সান রয়েছেন; তিনি তাদের নিকট দুর্বল।

আযীয়ী "শারহু জামে'উস সাগীর" গ্রন্থে (১/১২৯) বলেছেন ঃ হাদীসটি দুর্বল, কিন্তু তা মোচনযোগ্য! এটি তার ধারণা মাত্র, এটির দুর্বলতা মোচনযোগ্য নয়।

٤٠٢. (كَانَ يَسْتَاكُ آخِرَ النَّهَارِ وَهُوَ صَائِمٌ).

৪০২। সত্তম অবস্থায় তিনি দিনের শেষ প্রহরে মিসন্তয়াক করতেন। হাদীসটি বাতিল। এটি ইবনু হিব্বান "কিতাব্য যু'য়াফা" গ্রন্থে (১/১৪৪) আহমাদ ইবনু আদিল্লাহ ইবনে মায়সারা হাররানী হতে ...বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান এটির সমস্যা হিসাবে ইবনু মায়সারাকে চিহ্নিত করে বলেছেন । তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। এটি মারফ্' হিসাবে বাতিল। তবে ইবনু উমার (ﷺ)-এর কর্ম হিসাবে এটি সহীহ।

যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (২/৪০৬) তার কথাকে সমর্থন করেছেন।

এ হাদীসটির প্রয়োজনীয়তা হতে আমাদেরকে মুক্ত রাখে সওম পালনকারীর জন্য দিবসের যে কোন সময় মিসওয়াক করা শারী য়াত সম্মত হওয়ার ব্যাপারে রসূল (ﷺ)-এর ব্যাপক ভিত্তিক এ ভাষ্য ঃ

' 'لُولا أنْ أَشْنُقُ عَلَى أُمَّتِي لأَمَر ثُنُّهُمْ بِالسَّوَاكِ عَنْ كُلِّ صَلَّةٍ ''.

"আমি যদি আমার উম্মতের উপর মুশকিল মনে না করতাম, তাহলে প্রতিটি সলাতের সময় তাদেরকে মিসওয়াক করার জন্য নির্দেশ দিতাম" (বুখারী ও মুসলিম)। এটির তাখরীজ করা হয়েছে "ইরওয়াউল গালীল" গ্রন্থে (নং ৭০)।

٣٠٥. (تَرْلُ آدَمُ بِالْهِنْدِ وَاسْتُوْحَشَ، فَنْزَلَ جِيْرِيلُ، فَنْادَى بِالأَدَانِ: اللهُ الْكَبَرُ،اللهُ أَكْثِرُ،اللهُ أَكْثِرُ،اللهُ أَكْثِرُ،اللهُ أَكْثِرُ،اللهُ أَكْثِرُ،اللهُ أَكْثِرُ، الشَّهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللهِ (مرتين)، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللهُ عَلَيْهِ (مرتين). قَالَ آدَمُ: مَنْ مُحَمَّدًا؟ قَالَ: آخِرُ ولَدِكَ مِنَ الأَنْبِيَاءِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ).

8০৩। আদম (আঃ) হিন্দুস্থানে অবতরণ করার সময় স্থানটিকে ভয়াবহ মনে করলেন, তখন জিবরীল অবতরণ করে আযানের মাধ্যমে ডাকলেন ঃ আল্লাহ্ আকবার, আল্লাহ্ আকবার, আলহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহ্ (দু'বার) আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহ্ (দু'বার) আশহাদু আল্লা মুহাম্মাদার রস্লুল্লাহ্ (দু'বার)। আদম বললেন ঃ মুহাম্মাদ কে? তিনি (জিবরীল) বললেন ঃ তিনি নাবীকুলের মধ্য হতে আপনার শেষ সম্ভান (ﷺ)।

### হাদীসটি দুর্বল।

এটি ইবনু আসাকির (২/৩২৩/২) মুহাম্মাদ ইবনু আন্দিল্লাহ ইবনে সুলায়মান হতে, তিনি 'আলী ইবনু বাহরাম কৃফী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ দুর্বল। 'আলী ইবনু বাহরামকে আমি চিনি না।

মুহাম্মাদ ইবনু আঞ্চিল্লাহ ইবনে সুলায়মান নামে দু'জন বর্ণনাকারী আছেন। একজন কৃষী; ইবনু মান্দা তার সম্পর্কে বলেন ঃ তিনি মাজহুল।

আর দ্বিতীয়জন হচ্ছেন খুরাসানী; যাহাবী তাকে হাদীস জাল করার দোষে দোষী করেছেন। বাহ্যিকভাবে বুঝা যায় যে, এখানে আছেন প্রথমজন। এ হাদীসটি দুর্বল তা সত্ত্বেও ২৫ নামারে বর্ণিত জাল হাদীসের চেয়ে শক্তিশালী। কারণ সে হাদীসটি প্রমাণ করে যে আদম (আঃ) দুনিয়াতে অবতরণ করার পূর্বে জান্নাতেই নাবী (緣)-কে চিনেছেন। অথচ এটি প্রমাণ করছে যে, তিনি মুহাম্মাদকে (緣) দুনিয়াতে অবতরণের পরেও চিনেননি। এ দুর্বল হাদীস পূর্বের জাল হাদীসটি বাতিল তার প্রমাণও বহন করছে।

٤٠٤. (نهَى عَنْ صَوْم يَوْم عَرَقْة بِعَرَقْة).

৪০৪। তিনি আরাফার দিবসে আরাফায় সওম রাখতে নিষেধ করেছেন। হাদীসটি দুর্বল।

এটি ইমাম বুখারী "তারীখুল কাবীর" গ্রন্থে (৭/৪২৫), আবৃ দাউদ (১/৩৮২), ইবনু মাজাহ (১/৫২৮), তাহাবী "মুশকিলুল আসার" গ্রন্থে (৪/১১২), উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (১০৬), হারবী "গারীবুল হাদীস" গ্রন্থে (৫/৩৮/২), হাকিম (১/৪৩৪) ও বাইহাক্বী (৪/২৮৪) হাওশাব ইবনু আকীল সূত্রে মাহদী আল-হাজারী হতে...বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেন ঃ বুখারীর শর্তানুযায়ী এটি সহীহ্।

যাহাবী তাকে সমর্থন করেছেন!

আমি (আলবানী) বলছি ঃ এটি তাদের উভয়ের অশোভনীয় ধারণা মাত্র। কারণ হাওশাব ইবনু আকীল এবং তার শাইখ মাহদী আল-হাজারী তাদের দু'জন হতে বুখারী হাদীস বর্ণনা করেননি। হাজারী মাজহুল; যেমনভাবে ইবনু হাযম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/১৮) বলেছেন। তাকে সমর্থন করেছেন যাহাবী "আল-মীযান" গ্রন্থে। আবৃ হাতিম হতেও অনুরূপ কথা উল্লেখ করেছেন। "আত-তাহযীব" গ্রন্থে ইবনু মা'ঈন হতেও অনুরূপ কথা এসেছে। অতএব কীভাবে এ হাদীসটি সহীহ্ হতে পারে যাতে এ মাজহুল ব্যক্তি রয়েছেন?

এ কারণেই ইবনু হাযম হাদীসটিকে দুর্বল বলেছেন। তিনি আরো বলেছেন ঃ এরূপ ব্যক্তির দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

ইবনুল কাইয়্যিমও "যাদুল মা'য়াদ" গ্রন্থে (১/১৬,২৩৭) দুর্বল আখ্যা দিয়েছেন।

ইবনু হিব্বান কর্তৃক নির্ভরযোগ্য বলা গ্রহণযোগ্য নয়। এ সম্পর্কে বহুবার সতর্ক করা হয়েছে। অনুরূপভাবে ইবনু খুযাইমা কর্তৃক হাদীসটিকে সহীহ্ বলাও গ্রহণযোগ্য নয়, কারণ তিনিও তাতে শিথিলতার পথ গ্রহণ করেছেন। এজন্য হাফিয ইবনু হাজার তাদের দু'জনের সহীহ্ বলার উপর নির্ভর করেননি।

यिन वना হয় অনুরূপ হাদীস তাবারানী আয়েশা (ఉ) হতে বর্ণনা করেছেন। তা কী হাদীসটিকে শক্তিশালী পর্যায়ে পৌছে দেয় না?

আমি (আলবানী) বলছি ঃ না পৌঁছাই না। কারণ তার সনদে ইব্রাহীম ইবনু মুহাম্মাদ আসলামী নামে এক বর্ণনাকারী আছেন, তিনি নিতান্তই দুর্বল। "আছ্রুতাকরীব" গ্রন্থে এসেছে তিনি মাতরুক।

সনদের আরেক ব্যক্তি ইবনু শারুসকে চিনি না, তিনি মাজহুল।

٥٠٤. (مَنْ صلَى الصُبْحَ، ثُمَّ قراً: ﴿قُلْ هُوَ اللهُ احدً ﴿ مِنْهُ مَرَّةٍ قَبْلَ انْ يَتَكَلَّمَ، فَكُلَّمَا قراً: ﴿قُلْ هُوَ اللهُ احدً ﴾؛ عُقْرَ لهُ دُنْبُ سندً ﴾.

৪০৫। যে ব্যক্তি সকালের সলাত আদায় করবে। অতঃপর কোন কথা বলার পূর্বেই একশত বার কৃল-হু-আল্লাহু আহদ পাঠ করবে, সে যখনই কৃল-হু-আল্লাহু আহাদ পাঠ করবে তখনই তার এক বছরের গুনাহ ক্ষমা করে দেয়া হবে।

### হাদীসটি জাল।

এটি তাবারানী (২২/৯৬/২৩২), অনুরূপভাবে হাকিম (৩/৫৭০) এবং ইবনু আসাকির (১৯/১৯৬/২) মুহাম্মাদ ইবনু আব্দির রহমান আল-কুশায়রী সূত্রে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাকিম হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/১০৯) বলেছেন ঃ এটির সনদে মুহাম্মাদ ইবনু আন্দির রহমান কুশায়রী রয়েছেন; তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যুক; যেমনভাবে আযদী বলেছেন।

ইবনু আবী হাতিম (৩/২/৩২৫) বলেন ঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম? তিনি বলেন ঃ তিনি মাতরুকুল হাদীস, মিধ্যা বলতেন এবং হাদীস জাল করতেন।

٤٠٦. (مَنْ كَبِّرَ تَكْبِيْرَةً عِنْدَ غُرُونِ الشَّمْسِ، عَلَى سَاحِلِ الْبَحْرِ، رَافِعاً بِهَا صَوْبُهُ؛ أَعْطَاهُ اللهُ مِنَ الأَجْرِ بِعَدِ كُلُّ قَطْرَةٍ فِي الْبَحْرِ عَشْرَ حَسَنَاتٍ، وَرَقَعَ لَهُ عَشْرَ دَرَجَاتٍ؛ مَا بَيْنَ دَرَجَتَيْنِ مَسِيْرَةُ مِنَةٍ عَلَمْ بِالْقَرَسِ الْمُسْرِع).

৪০৬। সমুদ্রের ধারে যে ব্যক্তি সূর্যান্তের সময় একবার উঁচু স্বরে তাকবীর বলবে, আল্লাহ তাকে সমুদ্রের প্রতিটি পানির ফোটার সংখ্যায় দশটি করে সাওয়াব দিবেন, দশটি করে পাপ মোচন করে দিবেন এবং তার দশগুন মর্যাদা বৃদ্ধি করে দিবেন। প্রতি দু মর্যাদার মধ্যের দূরত্ব দ্রুতগামী ঘোড়ার একশত বছরের চলার পথ।

#### হাদীসটি জাল।

এটি উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃঃ ১২২), আবৃ নু'য়াইম (৩/১২৫) এবং হাকিম (৩/৫৮৭) ইব্রাহীম ইবনু যাকারিয়া আল-আন্দাসী সূত্রে ফুদায়েক ইবনু সুলায়মান হতে, তিনি খালীফাহ ইবনু হুমায়েদ হতে...বর্ণনা করেছেন।

আবূ নু'য়াইম বলেন ঃ ইয়াসের হাদীস হতে এটি গারীব। তার থেকে খালীফা ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি। ফুদায়েকও খালীফা হতে এককভাবে বর্ণনা করেছেন।

হাকিম হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। যাহাবী "আত-তালখীস" গ্রন্থে বলেন ঃ

এটি নিতান্তই মুনকার, খালীফা কে জানা যায় না। তার নিকট পর্যন্ত পৌছতে সনদে এমন ব্যক্তি আছেন যাকে মিথ্যার দোষে দোষী করা হয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ তিনি ইঙ্গিত করছেন এ আন্দাসীর দিকে। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি বাতিল হাদীস বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি মালেকের উদ্ধৃতিতে বানোয়াট হাদীস নিয়ে এসেছেন।

যাহাবী খালীফার জীবনীতে বলেন ঃ তার ব্যাপারে জাহালাত [অজ্ঞতা] রয়েছে এবং তার খবর হচ্ছে সাকেত [নিক্ষিপ্ত]। অতঃপর এ হাদীসটি উকায়লীর বর্ণনা হতে উল্লেখ করেছেন।

হাফিয ইবনু হাজার যাহাবীর কথা "আল-লিসান" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর তিনি তা সমর্থন করেছেন।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে (২/২৮৮) ঠিকই করেছেন।

٧٠٤. (مَنْ كَانْتُ لَهُ ثَلَاثُ بَنَات، قُصنَيرَ عَلَى لأُوالِهِنَّ، وَضَرَائِهِنَّ، وَصَرَائِهِنَّ، وَسَرَائِهِنَّ، وَسَرَائِهِنَّ، وَسَرَائِهِنَّ، فَقَالَ رَجُلَّ: أَوَ الثَّنَانِ يَا رَسُولَ اللهِ؟ قَالَ: أَوَ الحِدَةُ يَا رَسُولَ اللهِ؟ قَالَ: أَوَ وَاحِدَةٌ يَا رَسُولَ اللهِ؟ قَالَ: أَوَ وَاحِدَةٌ يَا رَسُولُ اللهِ؟ قَالَ: أَوَ وَاحِدَةٌ).

809। যে ব্যক্তির তিনটি মেয়ে সন্তান হবে, অতঃপর তাদের বাসন্থান দানে (আশ্রম দানে), তাদের দুঃসময়ে এবং সুসময়ে থৈর্য ধারণ করবে, আল্লাহ তা আলা তাকে খাস করে তাদের প্রতি দয়া করার ফ্যীলতের বিনিময়ে জাল্লাত দিবেন। এক ব্যক্তি বলল ঃ যদি দু'টি মেয়ে হয় হে আল্লাহর রস্ল? তিনি বললেন ঃ দু'টি হলেও। এক ব্যক্তি বলল ঃ একটি মেয়ে হলে হে আল্লাহর রস্ল? তিনি বললেন ঃ একটি মেয়ে হলেও।

হাদীসটি এ বাক্যে দুর্বল।

এটি হাকিম (৪/১৭৭) এবং আহমাদ (২/৩৩৫) ইবনু যুরায়েজ সূত্রে আবুয যুবায়ের হতে, তিনি উমার ইবনু নাহবান হতে ...বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তাকে সমর্থন করেছেন। মুন্যেরীও "আত-তারগীব" গ্রন্থে (৩/৮৫) জ্ঞা সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ কখনও নয়। কারণ ইবনু যুরায়েজ এবং আ**বৃষ** যুবায়ের দৃ'জনই মুদাল্লিস। তারা আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন এবং উমার ইবনু নাহবানের ব্যাপারে জাহালাত [অজ্ঞতা] রয়েছে, যেমনভাবে যাহাবী নিজে "আলম্মীযান" গ্রন্থে বলেছেন, কীভাবে এটি সহীহু?

আমি (আলবানী) বলছি ঃ জাবের (♣)-এর সহীহ্ হাদীস আমাদেরকে এ দুর্বল সনদের হাদীসের প্রয়োজনীয়তা হতে মুক্ত রাখে।

জাবের (ﷺ)-এর হাদীসে বলা হয়েছে; যার তিনটি মেয়ে সন্তান হবে, অতঃপর সে তাদেরকে আশ্রয় দিবে, তাদের প্রয়োজনীয়তা মিটাবে এবং তাদের উপর দয়া করবে; তার জন্য জানাত ওয়াজিব হয়ে গেল। কোন এক ব্যক্তি বলল ঃ হে আল্লাহর রাল যদি দু'জন হয়? তিনি বললেন ঃ যদি দু'জন হয় তবুও।"

হাদীসটি বুখারী "আদাবুল মুফরাদ" গ্রন্থে (পৃ:১৪) এবং আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/১৪) দু'টি সূত্রে মুহাম্মাদ ইবনু মুনকাদীর হতে বর্ণনা করেছেন। এটির সনদটি সহীহ্।

٨٠٨. (أَحَبُّ الْأُسْمَاءِ إِلَى اللهِ مَا تُعُبِّدُ بِهِ).

৪০৮। আল্লাহর নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় নাম সেটি যেটির ধারা তার দাসজু করা হয় ।

হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/৫৯/২) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/৪০/১) মু'য়াল্লাল ইবনু নুফায়েল হাররানী হতে, তিনি মুহাম্মাদ ইবনু মেহসান হতে, তিনি সুফিয়ান হতে ...বর্ণনা করেছেন।

তাবারানী বলেন ঃ সুফিয়ান হতে মুহাম্মাদ ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/৫১) বলেন ঃ সনদটির মধ্যে মুহাম্মাদ ইবনু মেহসান উকাশী রয়েছেন, তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ তিনি মিথ্যুক; যেমনভাবে ইবনু মা'ঈন বলেছেন আর দারাকুতনী বলেছেন ঃ তিনি হাদীস জালকারী।

৪০৯। যে (কোন ব্যক্তিকে) ভালবেসে তা গোপন রাখল এবং পবিত্র থাকল। অতঃপর এ অবস্থায় তার মৃত্যু হল, সে শহীন।

হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরহীন" গ্রন্থে (১/৩৪৯), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (৫/১৫৬, ২৬২, ৬/৫০-৫১,৭/২৯৮,১৩/১৮৪), সা'য়ালাবী তার হাদীস গ্রন্থে (১/১২৯), আবৃ বাক্র কালারাযী "মিফতাহল মা'য়ানী" গ্রন্থে (২/২৮১), সিলাফী "আত-তায়ুরিয়াত" গ্রন্থে (২/২৪), ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১২/২৬৩/২) এবং ইবনুল জাওয়ী তার "আল-মাশীখা" গ্রন্থে বিভিন্ন সূত্রে সুওয়ায়েদ ইবনু সা'ঈদ হাদাসানী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ দু'টি কারণে হাদীসটির সনদ দুর্বল ঃ

১। বর্ণনাকারী আবৃ ইয়াহ্ইয়া আল-কান্তাত; তার নাম যাযান, তার নামের ব্যাপারে অন্য কথাও বলা হয়েছে। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেন ঃ তিনি লাইয়েনুল হাদীস (হাদীসের ক্ষেত্রে দুর্বল)।

২। সুওয়ায়েদ ইবনু সা'ঈদ দুর্বল। হাফিয ইবনু হাজার বলেন ঃ তিনি নিজে সত্যবাদী, কিন্তু তিনি অন্ধ হয়ে গিয়েছিলেন। ফলে তিনি সে সব হাদীসকে গ্রহণ করেছেন যেগুলো তার হাদীস নয়। ইবনু মা'ঈন তার সম্পর্কে মন্দ কথা বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু মা'ঈন এ হাদীসটির কারণে তার সমালোচনা করেছেন; যেরূপ সামনে আসবে। ইমামগণ হাদীসটি দুর্বল হওয়ার বিষয়ে ঐকমত্য পোষণ করেছেন। ইবনু মুলাক্কান "আল-খুলাসা" গ্রন্থে (২/৫৪) বলেন ঃ

ইমামগণ হাদীসটির ব্রুটি বর্ণনা করেছেন। ইবনু আদী, হাকিম, বাইহাক্বী, ইবনু তাহের ও অন্যান্য ইমামগণ বলেছেন ঃ উক্ত হাদীসটি এমন একটি হাদীস যা সুওয়ায়েদের উপর ইনকার করা হয়েছে। ইয়াহ্ইয়া ইবনু মার্সিন বলেন ঃ আমার যদি ঘোড়া আর বর্ষা থাকত তাহলে তার সাথে যুদ্ধ করতাম।

এ জন্য হাফিয ইবনু হাজার "বায়লুল মা'উন" গ্রন্থে (২/৪৫) বলেছেন ঃ হাদীসটির সনদে সমালোচনা রয়েছে।

হাদীসটি অন্য একটি সূত্রেও বর্ণিত হয়েছে। তাতে ইয়াকূব ইবনু ঈসা (খারায়েতীর শাইখ) রয়েছেন, তিনি দুর্বল। ইমাম আহমাদ তাকে দুর্বল বলেছেন। এছাড়া এটির বর্ণনাতে ইয়তিরাব সংঘটিত হয়েছে।

ইবনুল কাইয়িয়ম বলেন ঃ ইসলাম ধর্মের হাফিযগণের কথাই এ হাদীসটি মুনকার হওয়ার জন্য মাপকাঠি। এটির ব্যাপারে তাদের নিকটেই ফিরে যেতে হবে। তারা কেউ হাদীসটিকে সহীহ্ বা হাসানও বলেননি। যারা অভ্যাসগত ভাবে সহীহ্ বলার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শন করে থাকেন, তারাও কেউ এটিকে সহীহ্ বলেননি।

ইবনু তাহের যিনি সৃষীদের হাদীসগুলোকে সহীহ্ বলার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী, তিনিও এ হাদীসটিকে ইনকার করেছেন এবং এটি বাতিল হওয়ার ব্যাপারে "তাযকিরাতুল মাওযু'আত" (পৃ: ৯১) গ্রন্থে সাক্ষী দিয়েছেন।

ইবনু আ্ব্বাস (ﷺ) হতে মওকৃফ হিসাবে বর্ণিত হয়েছে। কিন্তু সেটিও সুওয়ায়েদ হতেই বর্ণিত হয়েছে। অতএব এটিও সহীহ নয়।

মোটকথা হাদীসটি উভয় সূত্রেই দুর্বল। ইবনুল কাইয়িয়ম এটির অর্থকেও ইনকার [অস্বীকার] করে বানোয়াট হিসাবে হুকুম লাগিয়েছেন। তিনি "যাদুল মা'য়াদ" গ্রন্থে (৩/৩০৬-৩০৭) বলেছেনঃ

এটি রসূল (日)-এর উপর তৈরিকৃত হাদীস। এ হাদীস রসূল (日) হতে সহীহ নয় এবং এটি তাঁর কথা এরূপ হওয়াটাই জায়েয না।

ভালবাসার মধ্যে হালাল হারাম উভয়টিই আছে। নাবী (ﷺ) প্রত্যেক আশেককেই শহীদ হিসাবে আখ্যা দিবেন এটি কীভাবে ধারণা করা যায়? আপনারা কী দেখছেন না যে, কেউ ভালবাসে নারীকে, কেউ ভালবাসে কিশোরকে আবার কেউ ভালবাসে ব্যভিচারীকে। তারা কী তার এরূপ ভালবাসা দ্বারা শহীদের মর্যাদা লাভ করতে পারবে? ...

এক কথায় হাদীসটির সনদ দুর্বল এবং মতন (ভাষা) বানোয়াট; যেরূপ ইবনুল কাইয়্যিম "যাদুল মা'য়াদ" (৩/৩০৬-৩০৭) এবং "আদ-দা ওয়াত দাওয়া" গ্রন্থে (পৃ: ৩৫৩) দৃঢ়তার সাথে বলেছেন। অনুরূপভাবে "রিসালাতুল মানার" গ্রন্থে (পৃ: ৬৩) এবং "রাওযাতুল মুহিব্দীন" গ্রন্থেও (পৃ:১৮০) বলেছেন।

١٠٠. (الثُرَابُ رَبِيغُ الصَّبْيَانِ).

৪১০। মাটি হচ্ছে বাচ্চাদের বসম্বকালীন বৃষ্টি (ঘাস)।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৫৭৭৫) এবং ইবনু আদী (১/৩১১) মুহাম্মাদ ইবনু মিখলাদ হিমসী হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ এ সনদে হাদীসটি মনুকার, মুহাম্মাদ ইবনু মিখলাদ মালেক ও অন্যদের থেকে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী এ হাদীসটিকে বাতিল হিসাবে গণ্য করেছেন এবং তার অন্য একটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এটি সুস্পষ্ট মিথ্যা। সেটির বিবরণ (১২৫২ নং) হাদীসে আসবে ইনশাআল্লাহ।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৮/১৫৯) বলেন ঃ এটির সনদে মুহান্মাদ ইবনু মিখলাদ রয়েছেন। এ হাদীসসহ অন্যান্য হাদীস দ্বারা তিনি মিখ্যার দোষে দোষী। হাদীসটি অন্য একটি সূত্রে কাষা'ঈ বর্ণনা করেছেন। সেটির সনদে আবুল কাসেম ইয়াহ্ইয়া ইবনু আহমাদ ইবনে 'আলী ইবনিল হুসাইন রয়েছেন। তিনি তার দাদা 'আলী ইবনুল হুসাইন ইবনে বুন্দার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আবুল কাসেম এবং তার দাদা 'আলী ইবনুল হুসাইন ইবনে বুন্দারের জীবনী পাচ্ছি না। "আল-মীযান" এবং "আল-লিসান" গ্রন্থে যার জীবনী এসেছে, তিনি হচ্ছেন আলী ইবনুল হাসান ইবনে বুন্দার ইসতিরাবাযী। তাকে ইবনু তাহের মিথ্যার দোষে দোষী করেছেন।

সম্ভবত এ 'আলী ইবনুল হাসানই হচ্ছেন আলী ইবনুল হুসাইন। (حَبَّ الْأَسْمَاءِ إِلَى اللهِ مَا عُبِدَ وَمَا حُمُدَ). ٤١١

8১১। আল্লাহর নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় নাম হচ্ছে সেটি যাতে তাঁর দাসত্ব করা হয়েছে এবং তাঁর প্রশংসা করা হয়েছে।

### হাদীসটির কোন ভিন্তি নেই।

যেমনটি স্পষ্টভাবে সুয়ৃতী ও অন্যরা বলেছেন। দেখুন ঃ "কাশফুল খাফা" (১/৩৯০,৫১)। মুন্যেরী হাদীসটি "আত-তারগীব" গ্রন্থে উল্লেখ করে (৩/৮৫) ভুল করেছেন। কারণ তিনি বলেছেন ঃ ইবনু উমার (♣)-এর হাদীস হতে এ ভাষায় মুসলিম, আবু দাউদ, তিরমিয়ী ও ইবনু মাজাহ্ বর্ণনা করেছেন।

তারা ঠিকই বর্ণনা করেছেন। কিন্তু তাদের হাদীসের ভাষা হচ্ছে ३ أُحَبُ '' ''আল্লাহর নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় الأَسْمَاءِ إلى اللهِ عَبْدُ اللهِ وَعَبْدُ الرَّحْمَن'' ।"

দেখুন সহীহ্ মুসলিম (৬/১৬৯), আবৃ দাউদ (২/৩০৭), তিরমিয়ী (৪/২৯) ও ইবনু মাজাহ (২/৪০৪)। অনুরূপভাবে বর্ণনা করেছেন দারেমী, আহমাদ, হাকিম এবং খাতীব বাগদাদী।

٢١٤. (مَنْ صَامَ يَوْمَ عَرَفَة؛ كَانَ لَهُ كَقَارَةُ سَنَتَيْنِ، وَمَنْ صَامَ يَوْما مِنَ الْمُحَرَّم؛ فَلَهُ بِكُلِّ يَوْمِ مُلاَتُوْنَ يَوْما).

8১২। যে ব্যক্তি আরাফার দিবসে সওম রাখবে; তা তার জন্য দু বছরের কাক্ফারা হয়ে যাবে। আর যে ব্যক্তি মুহাররাম মাসে একদিন সওম রাখবে; তার জন্য তার প্রতিদিন ত্রিশ দিনের সমান হবে।

### श्मीमि छान।

এটি তাবারানী "মু'জামুস সাগীর" গ্রন্থে (পৃ: ২০০) হায়সাম ইবনু হাবীব সূত্রে সালাম আত-তাবীল হতে, তিনি হামযা যাইয়াত হতে, তিনি লায়স ইবনু আবী সুলাইম হতে ... বর্ণনা করে বলেছেন ঃ হায়সাম ইবনু হাবীব এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী তাকে বাতিল খবর (হাদীস) বর্ণনাকারী হিসাবে দোষারোপ করেছেন। ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন! কিন্তু এ হায়সাম ইবনু হাবীব তার "আস-সিকাত" (৭/৫৭৬) গ্রন্থে উল্লেখকৃত ব্যক্তি নন। যাকে উল্লেখ করা হয়েছে তিনি হচ্ছেন হায়সাম ইবনু হাবীব আস-সায়রাফী। তিনি একজন তারে তাবে ঈ নির্ভরযোগ্য।

সালাম আত-তাবীল মিধ্যার দোষে দোষী। এছাড়া ইবনু আবী সুলাইম দুর্বল। হায়সামী শুধুমাত্র এ হায়সামকে হাদীসটির সমস্যা হিসাবে (৩/১৯০) উল্লেখ করেছেন।

মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (১/৭৮) বলেছেন ঃ 'এটি গারীব তার সনদটিতে কোন সমস্যা নেই'। এ কথাটি সঠিক নয়।

এ সালামুত তাবীল সম্পর্কে ইবনু খাররাস বলেন ঃ তিনি মিথ্যুক।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করতেন।

शिक्य वर्णन ह जिनि जान शामीय वर्णना करतिष्ट्रन ।

তাবারানী হাদীসটি "মু'জামুল কাবীর" গ্রন্থেও (১/১০৯) বর্ণনা করেছেন, তবে প্রথমাংশটুকু সহীহ্। কারণ তার বহু শাহেদ এসেছে।

মুসলিম শরীফের বর্ণনায় এসেছে, "যে ব্যক্তি আরাফার দিবসে সওম রাখবে তার এক বছর পরের এবং এক বছর পূর্বের শুনাহ ক্ষমা করে দেয়া হবে।"

٤١٣. (مَنْ صَامَ يَوْما مِنَ المُحَرَّم؛ فلهُ بِكُلِّ يَوْم ثَلاَتُونَ حَسنَةً).

8১৩। যে ব্যক্তি মুহাররাম মাসে এক দিন সওম রাখবে; তার জন্য তার প্রতি দিনে ত্রিশটি সং কর্ম হবে।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১০৯/১) বর্ণনা করেছেন। যার সনদে হায়সাম ইবনু হাবীব, সালাম আত-তাবীল ও লায়স রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি তিনটি কারণে জাল, যা পূর্বের হাদীসে আলোচনা করা হয়েছে। যদিও পূর্বেরটি এবং এটির সনদ একই তবুও ভাষায় পার্থক্য রয়েছে।

হায়সামী পূর্বের হাদীসটির ন্যায় এ হাদীসটিকে শুধুমাত্র দুর্বল আখ্যা দিয়েছেন! তিনি বলেছেন ঃ যাহাবী হায়সামকে দুর্বল বলেছেন। মানাবী "শারহু জামে'উস সাগীর" গ্রন্থে তার অনুসরণ করেছেন। ١٤. (مَا أُولِينَ قَوْمٌ الْمَنْطِقَ؛ إِلاَّ مُنْعُوا الْعَمَلَ).

8১৪। যে সম্প্রদায়কেই তর্কশান্ত্র দেয়া হয়েছে, তাদেরকে কর্ম (এবাদাত) হতে বিরত করে দেয়া হয়েছে।

হাদীসটির কোন ভিত্তি নেই। যেমনভাবে হাফিয় ইরাকী "তাখরিজুল ইত্ইয়া" বছে (১/৩৭) এবং সুবকী "তাবাকাতুশ শাফে ঈয়াহ" গ্রন্থে (৪/১৪৫) জানিয়েছেন। কঠ وَمَنْ قَرَأَ السُّوْرَةُ الْتِي يُدْكَرُ فِيْهَا آلُ عِمْرَانَ يَوْمَ الْجُمُعَةِ: صَلَّى اللهُ عَنْيُهِ وَمَلَكِكِيّهِ حَتَّى تَحِبَ السُّمْسُ).

8১৫। যে ব্যক্তি জুম'আর দিবসে সেই সূরা পাঠ করবে যাতে আলু ইমরানের উল্লেখ করা হয়েছে, আল্লাহ এবং তাঁর ফেরেশতাগণ সূর্যান্ত পর্যন্ত তার উপর দয়া ও মাগফিরাত করতে থাকবেন।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১০৫/২) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (২/৮০/২/৬২৯৩) আহমাদ ইবনু মাহান ইবনে আবী হানীফা সূত্রে তার পিতা হতে, তার পিতা তালহা ইবনু যায়েদ হতে, তিনি ইয়াযীদ ইবনু সিনান হতে ...বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ মুহাম্মাদ ইবনু মাহান এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ বানোয়াট। ইবনু আবী হাতিম (১/১/৭৩) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ এ মুহাম্মাদ ইবনু মাহান মাজহুল।

তালহা ইবনু যায়েদ জাল করার দোষে দোষী।

ইয়াযীদ ইবনু সিনান হচ্ছেন আবৃ ফারওয়া রাহাবী, তিনি দুর্বল।

হাফিয ইবনু হাজার "তাখরীজুল কাশ্শাফ" গ্রন্থে (৩/৭৩) বলেন ঃ এটির সনদটি দুর্বল। সুযুতী এ ব্যাপারে "দুররুল মানসূর" গ্রন্থে (২/২) হাফিযের তাকলীদ করেছেন। অথচ হাফিয নিজেই "আত-তাকরীব" গ্রন্থে এ তালহা সম্পর্কে বলেন ঃ তিনি মাতরুক। ইমাম আহমাদ, 'আলী ও আবৃ দাউদ তার সম্পর্কে বলেন ঃ তিনি হাদীস জাল করতেন।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (২/১৬৮) তালহাকে শুধু বলেছেন ঃ তিনি দুর্বল। এটি তার ক্রেটি। কিন্তু মানাবী "শারহু জামে'উস সাগীর" গ্রন্থে তার উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি নিতান্তই দুর্বল। সম্ভবত কপিকারকদের থেকে ''।২-'' (নিতান্তই) শব্দটি মুছে গেছে।

অতঃপর মানাবী ইবনু হাজারের উদ্ধৃতিতে বলেন ঃ তিনি নিতান্তই দুর্বল।

ইমাম আহমাদ এবং আবৃ দাউদ তাকে জাল করার সাথে সম্পৃক্ত করেছেন। অতঃপর মানাবী বলেছেন ঃ সুয়ুতীর উচিত ছিল হাদীসটি উল্লেখ না করা। ٢١٦. (أطلبُوا العِلْمَ ولَوْ بالصِّين).

# 8১৬। চীন দেশে গিয়ে হলেও তোমরা জ্ঞান অম্বেষণ কর। হাদীসটি বাতিল।

এটি ইবনু আদী (২/২০৭), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১০৬), ইবনু আল্লিক নাইসাপুরী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/২৪১), আবুল কাসেম কুশায়রী "আল-আরবা'য়ীন" গ্রন্থে (২/১৫১), আল-খাতীব "আত-তারীখ" গ্রন্থে (৯/৩৬৪) এবং "কিতাবুর রেহলা" গ্রন্থে (১/২), বাইহাক্বী "আল-মাদখাল" গ্রন্থে (২৪১/৩২৪), ইবনু আন্দিল বার "জামে'উ বায়ানিল ইলম" গ্রন্থে (১/৭-৮) এবং যিয়া মাকদেসী "আল-মুনতাকা...." গ্রন্থে (১/২৮) বর্ণনা করেছেন। তারা সকলে হাসান ইবনু আতিয়া সূত্রে আবৃ আতিকা তুরায়ীফ ইবনু সুলায়মান হতে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেন ঃ ''ولو بالصين'' 'চীন দেশে গিয়ে হলেও' এ কথাটি হাসান ইবনু আতিয়া ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানি না।

এমনটিই বলেছেন আল-খাতীব ও হাকিম।

এ হাদীসটির সমস্যা হচ্ছে এ আবৃ আতিকা। তিনি সকলের ঐক্যমতে দুর্বল। উকায়লী তার সম্পর্কে বলেছেন ঃ তিনি নিতাস্তই দুর্বল।

বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

আবৃ হাতিম বলেন ঃ তিনি যাহেবুল হাদীস, যেমনভাবে তিনি তার পিতা হতে (২/১/৪৯৪) বর্ণনা করেছেন।

যারা হাদীস জালকারী হিসাবে পরিচিত সুলায়মানী তাকে তাদের অন্তর্ভুক্ত করেছেন।

ইবনু কুদামাহ "আল-মুনতাখাব" গ্রন্থে (১০/১৯৯/১) দাওরী হতে নকল করে বলেছেন, তিনি বলেন ঃ আমি ইয়াহ্ইয়া ইবনু মা ঈনকে আবৃ আতিকা সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি তাকে চিনেননি।

ইমাম আহমাদ এ হাদীসটিকে কঠোর ভাষায় ইনকার করেছেন।

ইবনুল জাওয়ী ''আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/২১৫) হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ ইবনু হিব্বান বলেন ঃ হাদীসটি বাতিল, এটির কোন ভিন্তি নেই।

সাখাবী "মাকাসীদুল হাসানা" গ্রন্থে তা সমর্থন (পৃ: ৬৩) করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/১৯৩) তার সমালোচনা করে যা বলেছেন, তার সার সংক্ষেপ হচ্ছে এই যে, হাদীসটির আরো দু'টি সূত্র রয়েছে ঃ

১। একটির সনদে রয়েছেন ইয়াকৃব ইবনু ইসহাক ইবনে ইব্রাহীম আসকালানী ...। য়েটি ইবনু আদিল বার বর্ণনা করেছেন।

এ ইয়াকৃব সম্পর্কে যাহাবী বলেন ঃ তিনি মিথ্যুক।

২। দিতীয়টি আহমাদ ইবনু আন্দিল্লাহ যুওয়াইবারীর সূত্র হতে...।

সুয়ৃতী নিজে বলেছেন ঃ যুওয়াইবারী (হাদীস) জালকারী।

অতএব তার সমালোচনা করার কোন যৌক্তিকতা নেই।

١٤١٧. (رُبُّ مُظَم حُرُوهَ إلي جَاد دَارس فِي النَّجُوم؛ نيسَ لهُ عِنْدَ اللهِ خَلاق يَوْمُ القَيَامة).

8১৭। কোন কোন আবজাদ অক্ষরের শিক্ষক হয় নক্ষত্র গণনাকারী। যার জন্য কিয়ামত দিবসে আল্লাহর নিকট কোন অংশই নেই।

#### रामीमि खान।

এটি তাবারানী (৩/১০৫/১) খালেদ ইবনু ইয়াযীদ উমারী সূত্রে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ খালেদকে আবৃ হাতিম ও ইয়াহইয়া মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৫/১১৭) বলেন ঃ এ সনদে খালেদ ইবনু ইয়াযীদ উমারী রয়েছেন; তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছি ঃ তা সত্ত্বেও তার হাদীসটিকে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। মানাবী হায়সামীর ভাষ্য উল্লেখ করে তার সমালোচনা করেছেন।

١٨٤. (اللَّحْمُ بِالنَّبِرِّ مَرَقَةُ الأَلْبِيَاءِ).

৪১৮। গমের সাথে গোশত নাবীগপের ঝোল।

### হাদীসটি নিভান্তই দুর্বল।

এটি সুলামী "তাবাকাতৃস সৃফিয়াহ গ্রন্থে (পৃ: ৪৯৭-৪৯৮) বর্ণনা করেছেন। যার সনদে আহমাদ ইবনু আতা রুযবারী, হাসান ইবনু সা'দ, মুহামাদ ইবনু আবী উমায়ের এবং হিশাম ইবনু সালেম রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতাস্তই দুর্বল। আহমাদ ইবনু আতা সম্পর্কে আল-খাতীব (৪/৩৩৬) বলেন ঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন, যাতে তিনি সন্দেহের মধ্যে পড়েছেন।
তিনি বাস্তবেই ভুল করেছেন। আমি আবৃ আদিল্লাহ মুহাম্মাদ ইবনু আলী আসসুরীকে বলতে শুনেছি ঃ আমাদেরকে রুযবারী কতিপয় হাদীস ইসমা'ঈল ইবনু
মুহাম্মাদ আস-সাফ্ফার হতে শুনিয়েছেন এবং তিনি হাসান ইবনু আরাফা হতে
শুনিয়েছেন। তিনি সেগুলো সাফ্ফার ইবনু আরাফা হতে বর্ণনা করেননি। সুরী বলেন
ঃ আমি তার সম্পর্কে এরূপ ধারণা পোষণ করিনা যে, যারা ইচ্ছাকৃত মিথ্যা বলেছেন
তিনি তাদের অন্তর্ভুক্ত। কিন্তু তার নিকট হাদীসগুলো গোলমাল হয়ে গেছে।

হাসান ইবনু সা'দ এবং তার উপরের দু' বর্ণনাকারীর কাউকেই আমি চিনি না। হাদীসটি সুযুতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনুন নাজ্জারের বর্ণনা হতে উল্লেখ করেছেন। এটির ব্যাপারে মানাবী কোন কথা বলেননি। সম্ভবত সনদটির অবস্থা সম্পর্কে তিনি অবহিত হননি।

٤١٩. (إنَّ الْعَالِمَ وَالْمُتَعَلَّمَ إِذَا مَرًا يَقَرْنِيَةٍ؛ قَإِنَّ اللهَ يَرْفَعُ الْعَدَابَ عَنْ مَقْبَرَةٍ تِلْكَ الْقَرْبَةِ أَرْبَعِيْنَ يَوْمًا).

৪১৯। আলেম এবং শিক্ষার্থী যখন কোন গ্রামকে অতিক্রম করে, তখন আল্লাহ সেই গ্রামের কবরস্থান হতে চল্লিশ দিনের জন্য শাস্তি উঠিয়ে নেন।

হাদীসটির কোন ভিন্তি নেই। যেরূপ সুয়ৃতী "তাখরীজু আহাদীসে শারহিল আকায়েদ" গ্রন্থে (পাতা:৬) বলেছেন।

আল্লামা কারী "ফারায়েদুল কালায়েদ আলা আহাদীসে শারহিল আকায়েদ" গ্রন্থে (১/২৫) তা সমর্থন করেছেন।

٠٤٠. (إِنَّكُمْ فِي زَمَانِ ٱلهِمثُمْ فِيهِ الْعَمَلَ، وَسَيَأْتِي قَوْمٌ يُلْهَمُونَ الْجَدَلَ).

8২০। তোমরা এমন যুগে আছ যাতে তোমাদেরকে আমল শিক্ষা দেয়া হয়েছে। অচিরেই এমন একটি সম্প্রদায় আসবে যাদেরকে ঝগড়া শিক্ষা দেয়া হবে।

হাদীসটির কোন ভিত্তি নেই। যেমনভাবে হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (১/৩৭) এবং সুবকী "তাবাকাতুশ শাফি ঈয়াহ" গ্রন্থে (৪/১৪৫) বলেছেন।

٤٢١. (مَنْ مَثَّلَ بِالشُّعْرِ؛ فَلَيْسَ لَهُ عِنْدَ اللهِ خَلاقٌ).

8২১। যে ব্যক্তি কবিতা দ্বারা উদাহরণ দিবে, তার জন্য আল্লাহর নিকট কোন অংশই থাকবে না।

হাদীসটি দুর্বল।

এটি তাবারানী (৩/১০৫/১) হাজ্জাজ ইবনু নুসায়ের হতে বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ হাজ্জাজের কারণে সনদটি দুর্বল। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেন ঃ তিনি দুর্বল। তিনি বিশুদ্ধকরণ ইঙ্গিত গ্রহণ করতেন। হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৮/২১২) বলেন ঃ হাদীসটি তাবারানী বর্ণনা করেছেন, যাতে হাজ্জাজ ইবনু নুসায়ের রয়েছেন। তাকে জামহুর দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি ভুল করতেন। তিনি ছাড়া অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরশীল।

٤٢٢. (مَنْ عَمِلَ بِمَا يَطُمُ؛ وَرَثُهُ اللهُ عِلْمَ مَا لَمْ يَطُمْ).

8২২। যে ব্যক্তি কিছু জেনে সে মাঞ্চিক আমল করল, আল্লাহ তাকে অধিকারী বানাবেন সেই জ্ঞানের যে জ্ঞান সে লাভ করেনি।

### হাদীসটি জাল।

এটি আবৃ নু'য়াইম (১০/১৪-১৫) আহমাদ ইবনু হামাল সূত্রে ইয়াযীদ ইবনু হারণ হতে, তিনি হুমায়েদ আত-তাবীল হতে ...বর্ণনা করেছেন।

আহমাদ ইবনু হাম্বাল এ কথাটি কোন তাবে স্কির সূত্রে ঈসা ইবনু মারইয়াম হতে উল্লেখ করেছেন। কোন এক বর্ণনাকারী সন্দেহ বশত সেটিকে নাবী (ﷺ)-এর উদ্ধৃতিতে উল্লেখ করে দিয়েছেন, এ সনদটি তার উপর তৈরি করার মাধ্যমে।

এ হাদীসটি ইমাম আহমাদ হতে এ সনদের মাধ্যমে হওয়ার সম্ভবনা নেই।

আমি (আলবানী) বলছি ঃ তার নিকট পর্যন্ত পৌঁছতে একদল বর্ণনাকারী রয়েছেন যাদেরকে আমি চিনি না। জানিনা তাদের মধ্য হতে কে এটি জাল করেছেন।

٤٢٣. (مِنَ السُنَّةِ أَنْ لا يُصلِّيَ الرَّجُلُ بِالثَّيَمُّمِ الاَّ صَلاَةً وَاحِدَةً، ثُمَّ يَثْيَمَّمُ لِلْصَلاَةِ الأَخْرَى).

৪২৩। ব্যক্তি কর্তৃক তার তায়ান্মুম ঘারা শুধুমাত্র এক (ধয়াক্ত) সলাত আদায় করা সুন্নাত। অতঃপর দিতীয় (ধয়াক্ত) সলাতের জন্য পুনরায় তায়ান্মুম করবে। হাদীসটি জ্ঞাল।

এটি তাবারানী (৩/১০৭/২) হাসান ইবনু আম্মারা সূত্রে হাকাম ইবনু উতায়বা হতে ... বর্ণনা করেছেন।

অনুরূপভাবে দারাকুতনী (পৃ: ৬৮) এবং বাইহাক্বী তার সূত্রে (১/৩৩১-৩৩২) বর্ণনা করেছেন।

দারাকুতনী বলেন ঃ হাসান ইবনু আম্মারা দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ তিনি তার চাইতেও মন্দ। তার সম্পর্কে শু'বা বলেন ঃ তিনি মিথ্যা বলতেন।

ইবনুল মাদীনী বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। আহমাদ বলেন ঃ তার হাদীসগুলো বানোয়াট।

PSPD. DUM DUM CANT.)

KOL - 28, W.B.

VILL-NALTA (NORTH)

শু'বা আরো বলেন ঃ তিনি কতিপয় হাদীস হাকাম হতে বর্ণনা করেছেন। আমরা হাকামকে সেই হাদীসগুলো সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন ঃ আমি এসবের কিছুই শুনিনি।

সাহাবীর পক্ষ হতে যদি বলা হয় ঃ সুন্নাতের মধ্যে এরপ আছে..., তাহলে তা আলেমদের নিকট মারফ্'র হুকুমে। এ জন্যই হাদীসটি এখানে উল্লেখ করা হয়েছে।

বাইহাক্বী হাদীসটি (১/২২২) হাসান ইবনু আম্মারা সূত্রে ইবনু আব্বাস (ఉ) হতে মারফ্' হিসাবে এ ভাষায় বর্ণনা করেছেন ঃ "কেউ ভায়াম্মুম দ্বারা এক সলাতের বেশী আদায় করবে না।"

যেহেতু সনদ একই অতএব ইবনু আব্বাস (ﷺ) হতে মওক্ফ এবং মারফ্ থিসাবে কোনটিই সঠিক নয়। হাদীসটি জাল (বানোয়াট)।

ইবনু হাযম "আল-মুহাল্লা" গ্রন্থে (২/১৩২) ইবনু আব্বাস হতে এর বিপরীত কথা বর্ণনা করেছেন। তায়ান্মুমকারী এক তায়ান্মুম দারা ইচ্ছা মাফিক ফর্য-নফল যত ওয়াক্ত পড়া সম্ভব তা পড়তে পারবে। যতক্ষণ পর্যন্ত তার তায়ান্মুম নষ্টকারী বম্ভ দারা অথবা পানি পাওয়ার দারা নষ্ট না হবে।

এ মাসআলাতে এটিই সঠিক; দেখুন "রাওযাত্ন নাদিয়া" (১/৫৯)।
 ১ দুর্ন "রাওযাত্ন নাদিয়া" (১/৫৯)।
 ১ দুর্ন দুর্ন

8২৪। কোন ব্যক্তি দাসীকে ক্রয় করার ইচ্ছায় তার লচ্ছাস্থান ব্যতীত উল্টিয়ে পাল্টিয়ে দেখলে এবং তার দিকে দৃষ্টি দিলে তাতে কোন অসুবিধা নেই। তার লচ্ছাস্থান হচ্ছে দু' হাঁটু ও তার শুন্দির বাঁধনের মধ্যবর্তী স্থানটি।

হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/কাফ ৯৭/২) হাফস ইবনু উমার আল-কিন্দী সূত্রে সালেহ্ ইবনু হাস্সান হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবনাী) বলছি ঃ এটি বানোয়াট। হাফস ইবনু উমার হালাবের কাযী। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেন ঃ

তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। তার দ্বারা দলীল গ্রহণ করা হালাল নয়।

আর সালেহ্ ইবনু হাস্সান সকলের ঐক্যমতে দুর্বল। বরং তার সম্পর্কে ইবনু হিব্রান (১/৩৬৭-৩৬৮) বলেন ঃ তিনি গায়িকা-নর্তকীর মালিক ও গীতিকার ছিলেন! ি জিনি সেই দলের অভর্জ ছিলেন, যারা নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (২/৫৩) বলেন ঃ হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন। যাতে সালেহ ইবনু হাস্সান রয়েছেন; তিনি দুর্বল। তাকে ইবনু হিব্বান "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার একথায় দু'টি ধরার বিষয় রয়েছে ঃ

১। তিনি ওধুমাত্র সালেহকেই হাদীসটির সমস্যা হিসাবে চিহ্নিত করেছেন। অথচ এটির সনদে তার থেকে বর্ণনাকারী তার মতই বা তার চেয়েও বেশী দুর্বল।

২। এ সালেহ্কে ইবনু হিবান "আত-সিকাত" গ্রন্থে উল্লেখ করেননি। তিনি সালেহ্ ইবনু আবী হাস্সানকে "আত-সিকাত" গ্রন্থে (৬/৪৫৬) উল্লেখ করেছেন। তারা উভয়েই একই যুগের। হায়সামীর নিকট তা উলট পালট হয়ে গেছে। আর আপনারা অবগত হয়েছেন যে, এ ইবনু হাস্সানকে ইবনু হিবান নিজেই জাল করার দোষে দোষী করেছেন।

সুনাতের মধ্যে দাসী এবং স্বাধীন রমণীদের মাঝে লচ্ছাস্থানের দিক দিয়ে কোন পার্থক্য নেই।

٤٢٥. (مَوْتُ الْعْرِيْبِ شَهَادَةً، إِذَا احْتُضِرَ، قُرَمَى بِبَصَرَهِ عَنْ يَمِينِهِ وَ عَنْ يَمِينُهِ وَ يَسَارِهِ، فَتَمْ يَرَ إِلَا عَرِيْبًا، وَتَكَرَ أَهْلَهُ وَوَلَدَهُ، وَتَتَقْسَ؛ قَلْهُ يَكُلُّ نَقْسٍ يَتَنْقُسُهُ يَمْحُو الله عَنْهُ الْقَيْ الْقِ مَسَنَةً، وَيَكْتُبُ لَهُ الْقَيْ الْفِ حَسَنَةً.

৪২৫। গরীবের [বিদেশে অবস্থানকারীর] মৃত্যু হচ্ছে শাহাদাত। যখন মৃত্যুকে তার নিকট উপস্থিত করা হবে, তখন সে তার দৃষ্টি ডানে এবং বামে নিক্ষেপ করবে। তাতে সে গরীব [বিদেশী] ছাড়া অন্য কাউকে দেখবে না। এমতাবস্থায় সে তার পরিবার এবং সম্ভানদের স্মরণ করবে এবং নিশ্বাস নিবে। সে যে নিশ্বাস নিবে তার জন্য প্রত্যেক নিশ্বাসের দ্বারা আল্লাহ তার থেকে বিশ লাখ গুনাহ মুছে ফেলবেন এবং বিশ লাখ সং কর্মের সাওয়াব তার জন্য লিখে দিবেন।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী (৩/১০৭/১) আম্র ইবনুল হুসাইন উকায়লী সূত্রে মুহাম্মাদ ইবনু আন্দিল্লাহ ইবনে 'আলাসা হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি বানোয়াট। আম্র ইবনুল হুসাইন মিথ্যুক। তার বহু হাদীস পূর্বে আলোচিত হয়েছে।

ইবনু 'আলাসা দুর্বল। তাকে কেউ কেউ মিখ্যার দোষে দোষী করেছেন। হায়সামী (২/৩১৭) আম্র ইবনুল হুসাইনকে মাতরূক বলেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির প্রথমাংশ ইবনুল জওযী 'আলমাওযু'আত" গ্রন্থে (২/২২১) ইবনু আব্বাস (ﷺ) হতে অন্য সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ এটি সহীহু নয়।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৩২-১৩৩) তার সমালোচনা করে বলেছেন ঃ এটির আরো সূত্র এবং শাহেদ রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ সেগুলোর সবগুলোতেই সমস্যা রয়েছে। যার কোন কোনটি, অপরটির চেয়ে বেশী দুর্বল। সেগুলো হতে দুর্বলতা ছাড়া আর কোন উপকার পাওয়া যাবে না। কিন্তু পূরো হাদীসটি বানোয়াট। এর কোন শাহেদ নেই।

الظّلمة والأثمة؛ لأستشفي يه من كلّ عاهة، لألفي اليوم كهيئته وأرْجاسيها، وأيدي الظّلمة والأثمة؛ لأستشفي يه من كلّ عاهة، لألفي اليوم كهيئته يوم خلقة الله، وإنما عيرَه الله بالسواد؛ لأن لا ينظراهل الدنيا إلى زينة الجنّة، وكيصيرن النيها، وإنها ليافوئة بيضاء من يافوت الجنّة، وضعة الله حين الزل المم في مؤضع الكفية قبل أن ثكون الكفية، والأرض يوميد طاهرة؛ لم يعمل فيها شيء من المعاصي، وليس لها أهل ينجسونها، فوضع له صف من المملاكة على اطراف الدرم يحرسونه من سكان الأرض، وسكانها يوميد المحلّة على اطراف الدرم يحرسونه من سكان الأرض، وسكانها يوميد المجنّة؛ دخلها، قليس ينبغي أن ينظر إليها إلا من قد وجبت له الجنّة، قلم المراف المحرّم يحدقون به من كل المحرّم يحدقون به من كل المحرّم يحدقون به من كل جانب، وإذاك سمّى الحرّم؛ لأنهم يحولون فيما بينهم وبينه).

৪২৬। রুকুনটি (হাষরে আসওয়াদটি) যদি জাহেশিয়াতের অপবিত্রতা, তার নাপাকী, অত্যাচারী ও গুনাহগার হতে হেফাযতে থাকত, তাহলে অবশ্যই তার ঘারা প্রত্যেক রোগ হতে আরোগ্য পাওয়া যেত এবং আজকে তাকে পেতাম আল্লাহ তা'আলা যেদিন তাকে সৃষ্টি করেছেন সেই আকৃতিতে। আল্লাহ তা'আলা তাকে কাল রং ঘারা পরিবর্তন করে দিয়েছেন। যাতে করে দুনিয়াবাসী জানাতের অলংকারের দিকে দৃষ্টি না দেয় এবং তার দিকে ধাবিত না হয়। সেটি হচ্ছে জান্নাতের ইয়াকুতের সাদা রভের ইয়াকৃত। আল্লাহ তা'আলা আদম (আঃ)-কে যখন দুনিয়াতে নামিরে দেন তখন কা'বাকে সৃষ্টির পূর্বে কা'বার স্থলে পাধরটিকে রেখে দেন। তখন যমীন পবিত্র ছিল, তাতে কোন গুনাহ করা হত না। তাতে এমন কোন অধিবাসী ছিল না, যারা তাকে অপবিত্র করবে। তার জন্য এক কাতার (দল) ফেরেশতা হারামের চার পার্শ্বে যমীনের অধিবাসীদের থেকে পাহারা দেয়ার জন্যে রেখে দেয়া হয়েছিল। সে সময় যমীনের অধিবাসী ছিল জিন সম্প্রদায়। তাদের জন্য বৈধ ছিল না যে, তারা তার দিকে দৃষ্টি দিবে। কারণ সেটি ছিল জানাতেরই অংশ। যে ব্যক্তি জানাতের দিকে দৃষ্টি দিয়েছে, সেই প্রবেশ করেছে। একারণে যার জন্য জান্নাত ওয়াজিব হরে গেছে এরপ ব্যক্তি ছাড়া অন্য কারো জন্য তার দিকে দৃষ্টি দেয়া বৈধ ছিল না। ফেরেশতাগণ তার (হাযরে আসওয়াদ) থেকে নিজেদেরকে রক্ষা করতের এমতাবস্থায় যে. তারা হারামের চারি দিকে দাঁড়িয়ে ছিলেন। তারা তাকে প্র**তিটি** 

দিক থেকে পরিবেষ্টিত করে রেখেছে। এ জন্যই হারাম নামকরণ করা হয়েছে। কারণ তারা তাদেরকে তার (হাযরে আসওয়াদ) এবং নিজেদের মাঝে প্রাচীর হিসাবে দাঁড় করিয়ে রেখেছে।

### হাদীসটি মুনকার।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১০৭/১) আউফ ইবনু গায়লান ইবনে মুনাব্বেহ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু সাফগুয়ান হতে, তিনি ইদরীস ইবনু বিনতে গুয়াহাব ইবনে মুনাব্বেহ হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি দুর্বল ওয়াহাব ইবনু মুনাব্বেহের নিচের বর্ণনাকারীগণ মাজহূল হওয়ার কারণে। তাদেরকে কে উল্লেখ করেছেন আমি পাচ্ছিনা। তাছাড়া হাদীসের ভাষায় সুস্পষ্ট মুনকার লক্ষ্য করা যাচ্ছে।

উকায়লী "আয-যু'য়াফা" প্রন্থে (২/২৬৬) হাদীসটি গাউস ইবনু গায়লান সূত্রে সংক্ষিপ্তাকারে বর্ণনা করেছেন। তিনি আব্দুল্লাহ ইবনু সাফওয়ানের জীবনী বর্ণনা করতে গিয়ে হাদীসটি উল্লেখ করেছেন।

হিশাম ইবনু ইউসুফ হতে বর্ণিত হয়েছে, তিনি (উকায়লী) বলেন ঃ তিনি (আব্দুল্লাহ) দুর্বল ছিলেন, হাদীস হেফ্য করতেন না।

এ থেকে স্পষ্ট হচ্ছে যে, আব্দুল্লাহ হতে বর্ণনাকারী আউফ নয় বরং গাউস। এটিই সঠিক, যা "মু'জামূল কাবীর"-এর ছাপানো গ্রন্থে এসেছে। যদিও হাতের লিখায় আউফ রয়েছে। তাকে ইবনু হিব্বান "আত-সিকাত" গ্রন্থে (৭/৩১৩, ৯/২) উল্লেখ করেছেন।

ইবনু মা'ঈন বলেন ঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। আর ইদরীসকে ইবনু আদী দুর্বল আখ্যা দিয়েছেন। দারাকুতনী বলেছেন ঃ তিনি মাতরক। আমি (আলবানী) বলছি ঃ তিনিই হচ্ছেন এ হাদীসটির সমস্যা।

٤٢٧. (مَنْ قَالَ: لا إِلهَ إِلاَ اللهُ قَبْلَ كُلِّ شَنَيْءٍ، وَلا إِلهَ إِلاَ اللهُ بَعْدَ كُلِّ شَنَيْءٍ، وَلا إِلهَ إِلاَ اللهُ بَعْدَ كُلِّ شَنَيْءٍ، وَلا إِلهَ إِلاَ اللهُ يُبْقِى ويَهْتِي كُلَّ شَنَيْءٍ؛ عُوفِي مِنَ الْهَمِّ وَالْحَزْنَ).

8২৭। যে ব্যক্তি সব কিছুর পূর্বে লা-ইলাহা ইল্লাল্লাহ বলবে এবং সব কিছুর পরে লা-ইলাহা ইল্লাল্লাহ ও লা-ইলাহা ইল্লাল্লাহ ইউবকী ওয়া ইউফনী কুল্লা শাইয়ীন বলবে, তাকে চিন্তা-ভাবনা হতে নিরাপদে রাখা হবে।

### হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/কাফ ৯৩/১) আব্বাস ইবনু বাক্কার যব্বী হতে ...বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি বানোয়াট। এ আব্বাস সম্পর্কে দারাকৃতনী বলেন ঃ তিনি মিথ্যুক।

অতঃপর যাহাবী তার দু'টি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ হাদীস দু'টি বাতিল। দু'টির একটি ২৬৮৮ নাম্বারে আসবে।

হাফিয ইবনু হাজার তাকে মিখ্যার দোষে দোষী করেছেন।

"আল-মাজমা'" গ্রন্থে (১০/১৩৭) এসেছে তাবারানী হাদীসটি বর্ণনা করেছেন। তাতে আব্বাস ইবনু বাক্কার রয়েছেন, তিনি দুর্বল। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে এবং হাফিয় ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে ইবনু হিব্বান কর্তৃক নির্ভরযোগ্য বলা কথাটি উল্লেখ করেননি। যদি তার কথা সঠিকই হয় তাহলে ব্যাখ্যাকৃত দোষারোপ অগ্রাধিকার পাবে নির্দোষের পূর্বে।

ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে (৮/৫১২) উল্লেখ করে বলেছেন ঃ তিনি গারীব বর্ণনা করেছেন। নির্ভরশীলদের উদ্ধৃতিতে তার হাদীসে অসুবিধা নেই।

ইবনু হিব্যান আব্যাসকে "আয-যু'য়াফা" গ্রন্থেও (২/১৯০) উল্লেখ করেছেন! তার শাইখ আবৃ হিলাল যার নাম মুহাম্মাদ ইবনু সুলাইম রাসেবী, তার মধ্যেও দুর্বলতা রয়েছে।

٢٨٨. (ابْنَتِيْ قاطِمَةُ؛ حَوْرَاءُ آنَمِيَةٌ، لَمْ تَحِضْ، وَلَمْ تَطْمِثْ، وَإِثْمَا سَمَّاهَا قاطِمَةُ؛ لأنَّ الله قطمَهَا وَمُحِيِّيْهَا مِنَ الثار).

৪২৮। আমার মেয়ে ফাতেমা মাটির পরী। সে হায়েযাও হয় না এবং নেফাসধারীও হয় না। তার নাম রাখা হয়েছে ফাতেমা, কারণ আল্লাহ তা'আলা তাকে এবং তাকে যে ভালবাসে তাকেও জাহান্নামের আগুন হতে পৃথক করে দিয়েছেন।

### হাদীসটি জাল।

এটি আল-খাতীব (১২/৩৩১) তার সনদে ইবনু আব্বাস (ఉ) হতে বর্ণনা করে বলেছেন ঃ হাদীসটির সনদে একাধিক মাজহুল বর্ণনাকারী রয়েছেন। হাদীসটি সাব্যস্ত হয়নি।

তার সূত্রেই ইবনুল জাওয়ী "আল-মাওয়ৃ'আত" গ্রন্থে (১/৪২১) উল্লেখ করেছেন। সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৪০০) তাকে সমর্থন করেছেন।

হাফিয ইবনু হাজার আব্বাস ইবনু বাক্কারের জীবনী আলোচনা করতে গিরে তার সনদে হাদীসটি উন্মে সুলায়েম হতে উল্লেখ করে বলেছেন ঃ ثُمْ فِيْ حَيْضٍ وَلاَ نِفَاسٍ'''' 'ফাতিমার হায়েয ও নিফাসের মধ্যে রক্ত দেখা যায়নি।' এটি আব্বাস কর্তৃক জালকৃত।

٤٢٩. (كَانَ لا يَرَى بِالْهَمِيَانِ لِلْمُحْرِمِ بَأْساً).

৪২৯। তিনি চিম্ভাশীলদের সাথে মুহরেমের কোন সমস্যা দেখতেন না। হাদীসটি জাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/৯৯/১) ইউসুফ ইবনু খালেদ সামতী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সামতী মিথ্যুক, যেমনভাবে ইবনু মা'ঈন বলেছেন। অপর বর্ণনাকারী সালেহ দুর্বল।

সঠিক হচ্ছে, হাদীসটি ইবনু আব্বাস (४৯) হতে মওক্ফ হিসাবে বর্ণিত হয়েছে।

অনুরূপভাবে বাইহাক্বী তার "সুনান" গ্রন্থে (৫/৬৯) সা'ঈদ ইবনু যুবায়ের সূত্রে বর্ণনা করেছেন। যার সনদে গুরায়েক আল কাষী রয়েছেন। তার মধ্যে দুর্বলতা রয়েছে।

· ٤٣٠. (شَاوِرُوْهُنَّ - يَعْنِي: النَّسَاءَ - وَخَالِقُوْهُنَّ).

৪৩০। তোমরা মহিলদের সাথে পরামর্শ কর এবং তাদের বিরোধিতা কর। হাদীসটির মারফ্' হিসাবে কোন ভিত্তি নেই।

যেমনিভাবে সাখাবী ও মানাবী (৪/২৬৩) অবহিত করেছেন।

সম্ভবত এ বাক্যটির ভিত্তি হচ্ছে আসকারী যা "আল-আমসাল" গ্রন্থে উমার ''పَالِقُوا النِّسَاءَ، قَانَ فِيْ خِلاَفِينَ ؟ ''نَالِقُوا النِّسَاءَ، قَانَ فِيْ خِلاَفِينَ 'তোমরা মহিলাদের বিরোধিতা কর, কারণ তাদের বিরোধিতায় বরকত রয়েছে।'

মওকৃষ্ণ হিসাবে উমার (﴿ ) হতে যে সনদে বর্ণিত হয়েছে, সেটি 'আলী ইবনু যা'য়াদ জাওহারী তার "আল-হাদীস" গ্রন্থে (১২/১৭৭/১) আবৃ আকীল সূত্রে হাফস ইবনু উসমান ইবনে ওবায়দিল্লাহ হতে ... বর্ণনা করেছেন। এটির সনদটি দু'টি কারণে দুর্বল ঃ

১। হাফস মাজহ্ল। ইবনু আবী হাতিম তাকে (১/২/১৮৪) ইবনু আকীলের একমাত্র বর্ণনায় উল্লেখ করেছেন। কিন্তু তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি।

২। আবৃ আকীল-এর নাম হচ্ছে ইয়াহ্ইয়া ইবনু মুতাওয়াঞ্চিল উমারী। "আত-তাকরীব" গ্রন্থে এসেছে তিনি দুর্বল। ইমাম আহমাদ বলেন ঃ তিনি এমন এক সম্প্রদায় হতে বর্ণনা করেছেন যাদেরকে চিনি না।

এছাড়া হাদীসটির অর্থও সহীহ নয়। কারণ রসূল (ﷺ) হুদায়বিয়ার সন্ধির দিন তার সাথীদের সম্মুখে উম্মে সালমার পরামর্শে যাব্হ করেন। তিনি তার বিরোধিতা করেননি। ٤٣١. (استوْصُوْا بِالْمِعْرِي خَيْرًا؛ قَاتِهَا مَالٌ رَفَيْقٌ، وَهُوَ فِي الْجَنَّةِ، وَالْحَبَّ الْمَالُ اللهِ خَلَق الْجَنَّة بَيْضَاءَ، وَإَحْبُ اللهِ الْمَالُ اللهِ خَلْق الْجَنَّة بَيْضَاءَ، وَالْحَبْسُهُ احْيَاوُكُمْ، وَكَثَلُوا فِيْهِ مَوْتًاكُمْ، وَإِنَّ دَمَ الشَّاةِ الْبَيْضَاءِ اعْظُمُ عِنْدَ اللهِ مِنْ دَم السَوْدَاوِيْن).

৪৩১। তোমরা উত্তম অসিয়ত গ্রহণ কর ছাগল ধারা। কারণ তা হচ্ছে সাথের সম্পদ এবং সেটি জানাতে রয়েছে। আল্লাহর নিকট সর্বাপেক্ষা ভালবাসার সম্পদ হচ্ছে মেষ, তবে তোমরা সাদাটি গ্রহণ করবে। কারণ আল্লাহ জানাতকে সাদা করেই সৃষ্টি করেছেন। তোমাদের জীবিতরা যেন তাই পরিধান করে এবং তোমাদের মৃত্যুদের তাতেই কাঞ্চন দিবে। কারণ দুটি কাল ছাগলের রক্ত থেকে একটি সাদা ছাগলের রক্ত আল্লাহর নিকট বেশী মর্যাদাপূর্ণ।

#### হাদীসটি জাল ৷

এটি তাবারানী (৩/১১৩/১-২) এবং ইবনু আদী (২/৩৭৮) আবৃ শিহাব সূত্রে হামযা নাসীবী হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি বানোয়াট। কারণ হামযা নাসীবী সম্পর্কে ইবনু আদী বলেন ঃ

তিনি যা কিছু বর্ণনা করেছেন বা তার বর্ণনাকৃত অধিকাংশ হাদীস বানোয়াট। ইবনু হিব্দান (১/২৭০) বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। হায়সামী "আল-মাজমা" প্রন্থে (৪/৬৬) বলেন ঃ হাম্যা নাসীবী মাতরুক। دُنهَى عَن الْمُوَاقِعَةِ قَبِلَ الْمُدَاعِيَةِ). ٤٣٢

৪৩২। তিনি (সামী-স্ত্রীকে) আমোদ প্রমোদ করার পূর্বে একে অপরে সরাসরি সঙ্গম করতে নিষেধ করেছেন।

#### হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী (১৩/২২০-২২১) এবং তার থেকে ইবনু আসাকির (১৬/২৯৯/২) ও আবৃ উসমান আন-নুজায়রেমী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/২৪) খালাফ ইবনু মুহাম্মাদ খিয়াম সূত্রে আবুয যুবায়ের হতে ... বর্ণনা করেছেন।

যাহাবী এ খিয়ামের জীবনীতে "আল-মীযান" গ্রন্থে বলেন, হাকিম বলেছেন ঃ তিনি এ হাদীসটি বর্ণনা করার কারণে তার হাদীস পতিত (অগ্রহণযোগ্য) হয়ে গেছে। খালীলী বলেন ঃ তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল, তিনি নিতান্তই দুর্বল। তিনি এমন সব বিষয় বর্ণনা করেছেন যা চেনা যায় না।

আমি (আলবানী) বলছি ঃ আবুয যুবায়ের মুদাল্লিস তিনি আন্ আন্ শব্দে হাদীসটি বর্ণনা করেছেন।

٤٣٣. (يُدْعَى النَّاسُ يَوْمَ القِيَامَةِ بِأُمَّهَاتِهِمْ سِبْرًا مِنَ اللهِ عَزَّوَجَلَّ عَلَيْهِمْ).

৪৩৩। কিয়ামতের দিন লোকদেরকে ডাকা হবে তাদের মায়েদের পরিচয়ে, আল্লাহর পক্ষ হতে তাদের গোপনীয়তা রক্ষার জন্য।

#### হাদীসটি জাল।

· এটি ইবনু আদী (২/১৭) ইসহাক ইবনু ইব্রাহীম তাবারী হতে ...বর্ণনা করেছেন, অতঃপর বলেছেন ঃ

এ সনদে হাদীসটির ভাষা মুনকার। ইসহাক ইবনু ইব্রাহীম মুনকারুল হাদীস।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি ইবনু ওয়াইনা এবং ফুযায়েল ইবনু আইয়াশ হতে নিতান্তই মুনকার হাদীস বর্ণনা করেছেন। তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস নিয়ে এসেছেন। আশ্চর্য হবার উদ্দেশ্য ছাড়া তার হাদীস লিখাই হালাল নয়।

হাকিম বলেন ঃ তিনি ফু্যায়েল এবং ইবনু ওয়াইনা হতে কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ৃ'আত" গ্রন্থে (৩/২৪৮) ইবনু আদীর সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ হাদীসটি সহীহ্ নয়, ইসহাক মুনকারুল হাদীস।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/৪৪৯) তার সমালোচনা করে বলেছেন ঃ তাবারানীর নিকট তার অন্য সূত্র আছে।

কিন্তু এটির ভাষা হচ্ছে ''بأمهاتهم'' আর তার (তাবারানীর) ভাষা হচ্ছে '' দু'টির মধ্যে পার্থক্য সুস্পষ্ট।

ইবনু আররাক তার প্রতিবাদ করে বলেছেন (২/৩৮১) ঃ এটি আবৃ হুযাইফা ইসহাক ইবনু বিশ্র সুত্রে বর্ণিত, শাহেদ হিসাবে সঠিক হবে না।

আমি (আলবানী) বলছি ঃ কারণ শাহেদ হওয়ার শর্ত হচ্ছে, দুর্বলতা যেন বেশী শক্তিশালী না হয়। কিন্তু এটি এরূপ নয়। কারণ ইসহাক ইবনু বিশরকে হাদীস জালকারীদের মধ্যে গণ্য করা হয়। যেমনটি ২২৩ নং হাদীসের আলোচনায় গেছে।

٤٣٤. (إنَّ الله تَعَالَى يَدْعُو النَّاسَ يَوْمَ الْقَيَامَةِ بِأَسْمَاتِهِمْ؛ سِئْراً مِنْهُ عَلَي عِبَادِهِ، وَأُمَّا عِنْدَ الصِّرَاطِ؛ قَانَ الله عَرْوَجَلَّ يُعْطِي كُلُّ مُوْمِن ثُوراً، وكُلَّ مُوْمِنَة ثُوراً، وكُلُّ مُثَافِقِي ثُوراً، قَادًا اسْتُوُوا عَلَى الصَّرَاطِ؛ سَلَبَ اللهُ ثُورَ المُنَافِقِينَ وَالمُنَافِقِينَ وَالمُنَافِقُونَ: (انظُرُونَا تَقْتَبِسُ مِن ثُورَهِمْ) المَنَافِقُونَ: (انظُرُونَا تَقْتَبِسُ مِن ثُورَهِمْ) {الْمَنَافِقُونَ: (رَبَّنَا أَنْمِمْ لَنَا نُورَيَنا) {التَّحْرِيْمُ: ٨}، فلا يَدْكُرُ عِنْدَ دَاكِ أَحَدًا أَدَالًى المُؤْمِنُونَ: (رَبَّنَا أَنْمِمْ لَنَا نُورَيَنا) {التَّحْرِيْمُ: ٨}، فلا يَدْكُرُ

808। কিয়ামাতের দিন আল্লাহ তা'আলা লোকদেরকে তাদের নাম ধরে ডাকবেন, তাঁর পক্ষ হতে বান্দাদের গোপনীয়তা রক্ষার জন্য। পুল সিরাতের নিকট আল্লাহ তা'আলা প্রত্যেক মু'মিন, মু'মিনা এবং মুনাফেককে নূর দান করবেন। যখন তারা পুল সিরাতে আরোহন করবেন, তখন আল্লাহ তা'আলা মুনাফেক নারী-পুরুষদের নূরকে ছিনিয়ে নিবেন। অতঃপর মুনাফেকরা বলবে ঃ {আমাদের দিকে

একটু দৃষ্টি দাও তোমাদের আলো হতে কিছু গ্রহণ করি}(সূরা হাদীদ: ১৩)।
মু'মিনরা বলবে ঃ {হে আমাদের প্রতিপালক আমাদের নূরকে পরিপূর্ণ করে দাও}
(আত-তাহরীম:৮)। তখন কেউ কাউকেই স্মরণ করবে না।

#### হাদীসটি জাল।

এটি তাবারানী (৩/১১৫/১) ইসমা'ঈল ইবনু ঈসা আন্তার সূত্রে ইসহাক ইবনু বিশর আবৃ হুযাইফা হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ ইসহাক মিথ্যুক। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৩৫৯) তাবারানীর বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করে বলেন ঃ তিনি মাতর্কক। د طاعة الْمَرْأَةِ نَدَامَةً). ٤٣٥

৪৩৫। নারীর আনুগত্য করা হচ্ছে লচ্ছিত হওয়ার নামান্তর। হাদীসটি জ্ঞাল।

এটি ইবনু আদী (কাফ ৩০৮/১) উসমান ইবনু আন্দির রহমান তারায়েঞ্চী হতে, তিনি আম্বাসা ইবনু আন্দির রহমান হতে ...বর্ণনা করেছেন।

তিনি (ইবনু আদী) আম্বাসার জীবনীতে এ হাদীসটি উল্লেখ করে বলেছেন ঃ তার উল্লেখিত হাদীসটি ছাড়াও আরো হাদীস রয়েছে। তিনি হচ্ছেন মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছি, আবৃ হাতিম বলেন ঃ তিনি হাদীস জাল করতেন।

তবে উসমান ইবনু আন্দির রহমান সম্পর্কে ইবনু আদী (২/২৯০) বলেন ঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। কিন্তু তিনি একদল মাজহূল বর্ণনাকারী হতে আশ্চর্যজনক হাদীস বর্ণনা করেছেন। তার সে সব আশ্চর্যগুলো মাজহূল বর্ণনাকারীদের পক্ষ হতে।

এ কারণেই তাকে কোন কোন পণ্ডিত ব্যক্তি দুর্বল আখ্যা দিয়েছেন।

ইবনুল জাওয়ী হাদীসটিকে তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (২/২৭২) ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেন ঃ

হাদীসটি সহীহ্ নয়। আম্বাসা কিছুই না আর উসমান দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

আয়েশা (ﷺ) হতে হাদীসটি বর্ণনা করা হয়েছে এ ভাষায় ঃ طُاعَهُ النُسَاءِ ''' 'নারীর আনুগত্য করা হচ্ছে লজ্জিত হওয়ার নামান্তর।'

এটি উকায়লী (পৃ: ৩৮১), ইবনু আদী (কাফ ১/১৫৬), কাযা'ঈ (কাফ ১২/২), বাতেরকানী তার "আল-হাদীস" গ্রন্থে (১/৬৮) এবং ইবনু আসাকির (১৫/২০০/২) মুহাম্মাদ ইবনু সুলায়মান ইবনে আবী কারীমা হতে, তিনি হিশাম ইবনু উরওয়া হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর উকায়লী বলেন ঃ মুহাম্মাদ ইবনু সুলায়মান হিশাম হতে এমন সব বাতিল হাদীস বর্ণনা করেছেন যেগুলোর কোন ভিত্তি নেই। এটি সেগুলোর একটি।

ইবনু আদী বলেন ঃ এ হাদীসটি হিশাম হতে দুর্বল ব্যক্তি ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। এ হাদীসটি হিশাম হতে খালেদ ইবনু ওয়ালীদ মাখযুমী বর্ণনা করেছেন। তিনি ইবনু আবী কারীমা হতেও বেশী দুর্বল।

সুয়ৃতী অভ্যাসগতভাবে "আল-লাআলী" গ্রন্থে (২/১৭৪) তার (ইবনুল জাওযীর) সমালোচনা করে বলেছেন ঃ হিশাম হতে এটির আরো দু'টি সূত্র রয়েছে এবং আবৃ বাক্রার হাদীস হতে একটি শাহেদ আছে।

কিন্তু একটি সূত্রে খালাফ ইবনু মুহাম্মাদ ইবনে ইসমা'ঈল রয়েছেন। তিনি সাকেতুল হাদীস (তার হাদীস নিক্ষিপ্ত)। যেরূপ হাকিম হতে ৪২২ নং হাদীসে এসেছে।

অন্যটিতে আইউব বুখতারী রয়েছেন। তার নাম ওয়াহাব ইবনু ওয়াহাব যিনি প্রসিদ্ধ জালকারী।

আর শাহেদটি দুর্বল হওয়া সত্ত্বেও আলোচ্য হাদীসটির ভাষা বিরোধী। সেটি আগত হাদীসটি।

এছাড়া আরো একটি শাহেদ তার নিকট হতে ছুটে গেছে। যেটিকে ইবনু আসাকির (৫/৩২৭/২) জাবের (ﷺ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন। তাতে একদল অপরিচিত বর্ণনাকারী রয়েছেন।

٤٣٦. (هَلَكُتِ الرِّجَالُ حِيْنَ أَطَاعَتِ النَّسَاءَ).

৪৩৬। পুরুষরা যখন মহিলাদের অনুসরণ করবে, তখন তারা ধ্বংস হয়ে যাবে। হাদীসটি দুর্বল।

এটি ইবনু আদী (১/৩৮), আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৩৪), ইবনু মাসী "যুজউল আনসারী" গ্রন্থের শেষে (১/১১), হাকিম (৪/২৯১) এবং আহমাদ (৫/৪৫) আবৃ বাকরার সূত্রে বাক্কার ইবনু আন্দিল আযীয ইবনে আবী বাকরা তার পিতা হতে, তার পিতা আবৃ বাকরা হতে বর্ণনা করেছেন।

হাকিম বলেন ঃ সনদটি সহীহ। আর যাহাবী তাকে সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি যাহাবীর একটি ভুল। তিনি "আল-মীযান" গ্রন্থে এ বাক্কারের জীবনীতে উল্লেখ করেছেন, ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না। ইবনু আদী বলেন ঃ তিনি সেই সব দুর্বলদের অন্তর্ভুক্ত যাদের হাদীস লিখা যায়।

তিনি "আয-যু'য়াফা" গ্রন্থে বলেছেন ঃ তিনি দুর্বল। তাকে ইবনু আদী চালিয়ে দিয়েছেন। এ হাদীসটির একটি আসল আছে, তবে এ ভাষায় ঃ 'لَن يِفِلْح قَوْم ولُوا ''সেই জাতি পরিত্রাণ পাবে না যারা তাদের নেতৃত্ত্বে আসনে বসিয়েছে নারীকে।" এটি ইমাম বুখারী, হাকিম ও আহমাদ বর্ণনা করেছেন। এটিই হচ্ছে আসল হাদীস।

কিন্তু আলোচ্য হাদীসটি যে ভাষায় এসেছে সেটি দুর্বল। তার বর্ণনাকারী দুর্বল হওয়ার কারণে।

তার অর্থও আমভাবে সহীহ নয়। কারণ হিসাবে হুদায়বিয়ার সন্ধির সময়ের ঘটনা দ্রষ্টব্য। (مَنْ وَلِدَ لَهُ تُلاثِهُ، فَلَمْ يُسِمَّ أَحَدَهُمْ مُحَمَّدًا؛ فَقَدْ جَهِلَ). ٤٣٧

৪৩৭। যে ব্যক্তির তিনটি সম্ভান ভূমিষ্ট হলো অতঃপর সে তাদের একজনেরও মুহাম্মাদ নামে নাম রাখল না, সে মুর্খ হয়ে গেছে (বা অত্যাচার করেছে)।

#### হাদীসটি জাল।

তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (১০৮-১০৯) বলেন ঃ আমাদের নিকট হাদীসটি আহমাদ ইবনু নাযর আসকারী বর্ণনা করেছেন এবং তিনি আবৃ খায়সামা মুস'আব ইবনু সা'ঈদ হতে ...বর্ণনা করেছেন।

এ মুস'আবের সূত্রে হাদীসটি হারিস ইবনু আবী উসামা তার "মুসনাদ" গ্রন্থে (১৯৯-২০০) এবং ইবনু আদী (২/২৮০) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি নিতান্তই দুর্বল। এ মুস'আব সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি নির্ভরশীলদের সূত্রে মুনকার হাদীস বর্ণনা করেছেন।

তিনি (ইবনু আদী) সেগুলো হতে তার তিনটি হাদীস উল্লেখ করেছেন।

যাহাবী সেগুলো সম্পর্কে পরক্ষণেই বলেছেন ঃ এগুলো কতিপয় মুনকার এবং বিপদ।

অতঃপর ইবনু আদী বলেন ঃ তার বর্ণনাগুলোতে দুর্বলতা সুস্পষ্ট। সালেহ যাযারা বলেন ঃ মুস'আব অন্ধ শাইখ, কি বলেন তিনি তা জানেন না। এটির সনদে লায়স ইবনু আবৃ সুলায়েম রয়েছেন। তিনি সকলের ঐক্যমতে দুর্বল। ইবনু আবী হাতিম (৩/২/১৭৮) বলেন ঃ তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/১৫৪) ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেন ঃ হাদীসটি মূসা লাইস হতে এককভাবে বর্ণনা করেছেন। লাইসকে আহমাদ ও অন্যরা মাতরুক হিসাবে চিহ্নিত করেছেন। ইবনু হিব্বান বলেন ঃ তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তিনি সনদকে পাল্টিয়ে ফেলতেন এবং মুরসালগুলোকে মারফু' করে ফেলতেন।

সুয়ৃতী লাইস সম্পর্কে "আল-লাআলী" গ্রন্থে (১/১০১-১০২) যা বলেছেন তা সঠিক নয়। কারণ তার দুর্বল হওয়ার বিষয়টি সুস্পষ্ট। সেটি হচ্ছে মস্তিষ্ক বিকৃতি ঘটা। হাদীসটির মুতাবা'য়াত ওয়ালীদ ইবনু আন্দিল মালেক ইবনে মেসরাহ হাররানী হতে এসেছে। কে তার জীবনী রচনা করেছেন তা পাচছি না । কিন্তু তার থেকে বর্ণনাকারী আবৃ বাদর আহমাদ ইবনু খালেদ ইবনে মেসরাহ হাররানী সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি কিছুই না। যার কারণে এ মুতাবা'য়াতের কোনই মূল্য নেই। এছাড়া আরো যে সব সনদে হাদীসটি বর্ণিত হয়েছে সেগুলো মিথ্যার দোষে দোষী বর্ণনাকারী হতে মুক্ত নয়।

٤٣٨. (مثلُ أصْحَابِيْ مَثلُ النُّجُوْمِ، مَن اقتدَى بشنيْع مِنْهَا اهْتَدَى).

৪৩৮। আমার সাহাবীগণ হচ্ছে নক্ষত্রের ন্যায়। যে ব্যক্তি তাদের থেকে কোন কিছুর অনুসরণ করবে সে হিদায়াতপ্রাপ্ত হবে।

#### হাদীসটি জাল।

এটি কাযা'ঈ (২/১০৯) জা'ফার ইবনু আন্দিল ওয়াহেদ সূত্রে বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ কোন মুহাদ্দিস টীকায় লিখেছেন, আমার ধারণা তিনি হচ্ছেন ইবনুল মুহিব অথবা যাহাবী, এ হাদীসটি সহীহ নয়।

আমি (আলবানী) বলছি ঃ এর দ্বারা বুঝিয়েছেন এটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে এ জা'ফার। তার সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি হাদীস জাল করতেন।

আবৃ যুর'আহ বলেন ঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন সেগুলোর কোন ভিত্তি নেই।

যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করে সেগুলোর দ্বারা তাকে মিখ্যার দোষে দোষী করেছেন। এটি সেগুলোর একটি এবং বলেছেন তিনিই হচ্ছেন হাদীসটির সমস্যা।

٤٣٩. (يَا أَهُلَ مَكَّةُ! لاَ تَقْصُرُوا الصَّلاة فِي اَدْتَى مِنْ أَرْبَعَةِ بُرُدِ مِنْ مَكَّةَ اللهِ عُسْقانَ).

৪৩৯। হে মক্কাবাসী। মক্কা হতে উসফান পর্যন্ত চার বুরুদ-এর কম দূরত্বে তোমরা সলাত কসর করো না।

#### হাদীসটি জ্বাল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১১২/১), দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ১৪৮) এবং তার সূত্র হতে বাইহাক্বী (৩/১৩৭-১৩৮) ইসমা'ঈল ইবনু আইয়াশ হতে, তিনি আব্দুল ওয়াহার ইবনু মুজাহিদ ... হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি বানোয়াট। কারণ আব্দুল ওয়াহাব ইবনু মুজাহিদকে সুফিয়ান সাওরী মিথ্যুক আখ্যা দিয়েছেন। হাকিম বলেছেন ঃ তিনি কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী বলেন ঃ সকলেই তার হাদীসকে পরিত্যাগ করতে ঐকমত্য হয়েছেন।

শামীদের ছাড়া অন্যদের থেকে ইসমা'ঈল ইবনু আইয়াশের বর্ণনা দুর্বল। আর এটি সেগুলোর অন্তর্ভুক্ত। কারণ তিনি হচ্ছেন ইবনু মুজাহিদ হিজাজী।

বাইহাক্ট্রী বলেন ঃ এ হাদীসটি দুর্বল। ইসমান্টিল ইবনু আইয়াশ দ্বারা দলীল গ্রহণ করা যায় না এবং আব্দুল ওয়াহাব ইবনু মুজাহিদ একেবারে দুর্বল। সঠিক হচ্ছে এটি ইবনু আব্বাস (ﷺ)-এর কথা।

বাইহাক্বী আম্র ইবনু দীনার সূত্রে আতা হতে, তিনি ইবনু আব্বাস (ﷺ) হতে মওকৃষ হিসাবে হাদীসটি সহীহ্ সনদে বর্ণনা করেছেন।

ইবুন তাইমিয়্যা তার "আহকামুস সাফার" গ্রন্থে (২/৬-৭) বলেছেন ঃ এটি ইবনু আব্বাস (ﷺ)-এর বাণী। ইবনু খুযায়মা ও অন্যদের থেকে যে মারফ্ হিসাবে বর্ণিত হয়েছে তা নিঃসন্দেহে হাদীস শাস্ত্রের ইমামগণের নিকট বাতিল। কীভাবে রস্ল (ﷺ) মক্কাবাসীদের সম্বোধন করবেন কসরের সীমা রেখা নির্ধারণের ব্যাপারে, যেখানে তিনি হিজরতের পরে সামান্য সময় ছিলেন। অথচ মদিনাবাসীদের জন্য কোন সীমা রেখা নির্ধারণ করলেন না যেভাবে মক্কাবাসীদের জন্য নির্ধারণ করলেন। অথচ তিনি সেখানেই বাকী জীবন কাটিয়েছেন। আর কিই বা কারণ আছে যে, অন্যদের বাদ দিয়ে সীমা নির্ধারণ হবে মক্কাবাসীদের জন্য?

সহীহ্ হাদীস দারা সাব্যস্ত হয়েছে (যা বুখারী এবং মুসলিম বর্ণনা করেছেন) যে, নাবী (ﷺ) বিদায় হজ্জে আরাফায়, মুযদালিফায় এবং মিনার দিনগুলোতে মিনায় সলাত কসর করে আদায় করেছেন। অনুরূপভাবে আবৃ বাক্র (ﷺ) এবং উমারও (ﷺ) তাঁর পরে সলাত কসর করে আদায় করেছেন এবং তাদের পিছনে মক্কাবাসীরাও সলাত আদায় করেছেন। অথচ তাঁরা তাদেরকে সলাত পূর্ণ করার নির্দেশ দেননি। এটি প্রমাণ করছে যে, সেটি ছিল মক্কাবাসীদের জন্যও সফর। অথচ মক্কা এবং আরাফার মধ্যের দূরত্ব ছিল মাত্র এক বারিদ যা পায়ে হৈটে এবং উটে চড়ে অর্ধ দিবসের রাস্তা। (বিঃদ্রঃ) এক বারিদ হচ্ছে বার (১২) মাইল।

হক হচ্ছে এই যে, সফরের কোন নির্দিষ্ট সীমা শরীয়তে নেই। যেটাকে লোকেরা সাধারণত সফর বুঝে সেটিই সফর।

٤٤٠ (حُسنَنُ الْخُلْق يُذِيْبُ الْخَطايَا كَمَا تُذِيْبُ الشَّمْسُ الْجَلِيْدَ، وَإِنَّ الْخُلْقَ السُّوْءَ يُفْسِدُ الْعَمَلَ كَمَا يُقْسِدُ الْخَلُّ الْعَسَلَ).

880। সচ্চরিত্র শুনাহশুলোকে গলিয়ে ফেলে যেমনভাবে সূর্য বরফকে গলিয়ে ফেলে এবং খারাপ চরিত্র আমলকে নষ্ট করে দেয় যেমনভাবে সেরকা মধুকে নষ্ট করে দেয়।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী (২/৩০৪) ঈসা ইবনু মায়মূন হতে ...তার জীবনী সম্পর্কে আলোচনা করার সময় বর্ণনা করে বলেছেন ঃ

তিনি যা কিছু বর্ণনা করেছেন কেউ তার অনুসরণ করেননি।

তিনি ইবনু মা'ঈনের উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি কিছুই না।

বুখারী বলেন ঃ তিনি মুনকারের অধিকারী।

নাসাঈ বলেন ঃ তিনি মাতর্রকুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন সেগুলোর সবই বানোয়াট।

এ কারণেই সুয়ূতী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে ভাল কাজ করেননি।

١٤٤١. (الخُلْقُ الحَسَنُ يُذِيْبُ الخَطَايَا كَمَا يُذِيْبُ الْمَاءُ الْجَلِيْدَ، وَالْخُلْقُ السُوْءُ يُفْسِدُ الْحَلَ الْعَسَلَ).

88১। সচ্চরিত্র গুনাহগুলোকে গলিয়ে ফেলে যেমননিভাবে পানি বর্ষকে গলিয়ে ফেলে এবং খারাপ চরিত্র আমলকে নষ্ট করে দেয় যেমনভাবে সেরকা মধুকে নষ্ট করে দেয়।

### হাদীসটি নিতান্তই দুৰ্বল।

এটির দু'টি সূত্র রয়েছে ঃ

১। ইবনু আব্বাস (ఉ) হতে হাদীসটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/৯৮/১) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/৪৮/১/৮৩৮) এবং আবৃ মুহাম্মাদ কারী তার "আল-হাদীস" গ্রন্থে (২/২০৩/১) ঈসা ইবনু মায়মূন হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। এ ঈসা হচ্ছেন মাদানী, ওয়াসেতী নামে প্রসিদ্ধ। তার সম্পর্কে ইবনু আবী হাতিম (৩/১/২৮৭) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি মাতরূকুল হাদীস [যার হাদীস অগ্রহণযোগ্য]।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২৪) তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

২। আনাস (﴿ ২০০) হতে; এ হাদীসটি তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/৫৩) বর্ণনা করেছেন। এটির সনদে রাওহ ইবনু আন্দিল ওয়াহেদ ও তার শাইখ খালীদ ইবনু দা'লাজ রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি নিতান্তই দুর্বল। খালীদ ইবনু দা'লাজ সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন। দারাকুতনী তাকে মাতর্রুকদের [অগ্রহণযোগ্যদের] অন্তর্ভুক্ত করেছেন। রাওহ ইবনু আন্দিল ওয়াহেদ সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি শক্তিশালী নন। তিনি বিতর্কিত হাদীস বর্ণনা করেছেন।

٤٤٢. (إِنَّ حُسْنَ الْخُلُق لَيُذِيْبُ الْخَطِيئَة كَمَا تُذِيْبُ الشَّمْسُ الْجَلِيدَ).

88২। সচ্চরিত্র গুনাহকে গলিয়ে ফেলে যেরূপ সূর্য বরফকে গলিয়ে [মোচন করে] ফেলে।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি খারায়েতী "মাকারেমুল আখলাক" গ্রন্থে (পৃ:৭) বাকিয়া ইবনুল ওয়ালীদ সূত্রে আবৃ সা'ঈদ হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। এ আবৃ সা'ঈদ বাকিয়ার মাজহুল শাইখদের একজন, যাদের প্রেকে তিনি তাদলীস করতেন।

তার সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ বাকিয়া যখন তার শায়খের নাম নিবে না এবং তার কুনিয়াত বলবে না, তখন জানতে হবে যে, তিনি কোন কিছুর সমকক্ষ নন।

٤٤٣. (ألا إِنَّهُ لَمْ يَنِقَ مِنَ الدُّنْيَا إلاَّ مِثْلَ الدُّبَابِ تَمُوْرُ فِي جَوِّهَا، قَاللهَ اللهَ اللهَ عَنْدِهِمْ).
 فِي إِخْوَاتِكُمْ مِنْ أَهُلُ القُبُورِ، فَإِنَّ أَعْمَالَكُمْ تُعْرَضُ عَلَيْهِمْ).

88৩। সাবধান! মাছির সাদৃশ ছাড়া দুনিয়ার কোন কিছুই অবশিষ্ট থাকবে না যা দুনিয়ার ফাঁকা স্থানে ধূলোবালুর ন্যায় উড়তে থাকবে। আল্লাহ। আল্লাহ। তোমাদের ভাই কবরবাসীদের মধ্য হতে। কারণ তোমাদের কর্মগুলো পেশ করা হবে তাদের উপর।

হাদীসটি দুর্বল।

এটি হাকিম (৪/৩০৭) আবৃ ইসমা'ঈল সাক্নী সূত্রে মালেক ইবনু আদ্দা হতে বর্ণনা করেছেন ...। অতঃপর বলেছেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ সনদটিতে দু'জন মাজহূল বর্ণনাকারী রয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ তারা দু'জন হচ্ছেন সাক্নী এবং ইবনু আদ্দা যেরূপভাবে তিনি "আল-মীযান" গ্রন্থে স্পষ্ট করেই বলেছেন। কিন্তু বলেছেন ঃ নির্ভরযোগ্য বলা হয়েছে।

তিনি এর দ্বারা ইঙ্গিত করেছেন যে, ইবনু হিব্বান কর্তৃক তারা দু'জনকে নির্ভরযোগ্য বলাকে (৫/৩৮৮, ৭/৬৫৬) গ্রহণ করা যায় না। কারণ তিনি মাজহুল বর্ণনাকারীদেরকে নির্ভরযোগ্য বলার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী হিসাবে প্রসিদ্ধ।

٤٤٤. (كَانَ إِبْكِيْسُ أُولَ مَنْ نَاحَ، وَأُولَ مَنْ تَعْقَى).

# 888। সর্ব প্রথম ইবলিস ক্রন্দন করে এবং সর্ব প্রথম সেই গান করে। হাদীসটির কোন ভিত্তি নেই।

এটি গাযালী (২/২৫১) জাবের (﴿﴿﴿﴿﴿﴾)-এর হাদীস হতে মারফ্' হিসাবে উল্লেখ করেছেন। হাফিয ইরাকী "তাখরীজুল ইহুইয়া" গ্রন্থে বলেন ঃ

জাবের (ﷺ)-এর হাদীস হতে আমি এটির কোন ভিত্তি পাচ্ছি না। হাদীসটি "মুসনাদৃল ফিরদাউস" গ্রন্থের লেখক আলী ইবনু আবী তালিব (ﷺ)-এর হাদীস হতে উল্লেখ করেছেন। কিন্তু তার পুত্র সেটিকে তার "মুসনাদ" গ্রন্থে উল্লেখ করেননি।

٤٤٥. (مَنْ طلَبَ مَا عِدْ اللهِ؛ كَانْتِ السَّمَاءُ ظِلِالهُ، وَالأَرْضُ فِرَاشَهُ، لَمْ يَهْمَّمَ بِشْنَيْءٍ مِنْ أَمْرِ الدُّنْيَا، فَهُوَ لا يَرْرَعُ، ويَاكُلُ الخُبُز، وَهُوَ لا يَعْرِسُ الشَّجَرَ، ويَاكُلُ الخُبُز، وَهُوَ لا يَعْرِسُ الشَّجَرَ، ويَاكُلُ التَّمَارَ؛ تَوكُلاً عَلَى اللهِ تَعَالَى، وَطلباً لِمَرَضَاتِهِ، فَضَمِنَ اللهُ السَّمَاوَاتِ السَبْعَ وَالأَرْضِيْنَ السَّبْعَ رِزْقَهُ، قَهُمْ يَتْعَبُونَ فِيْهِ، ويَاتُونَ بهِ حَلالاً، ويَستَوْفِى هُوَ رِزْقة بغيْر حِسابِ عِنْدَ اللهِ تَعَالَى حَتَى أَتَاهُ الْيَقِيْنُ).

88৫। যে ব্যক্তি আল্লাহর নিকটে যা আছে তা চাইবে, আসমান তার জন্য ছায়া স্বরূপ হবে এবং যমীন হবে বিছানা স্বরূপ। সে দুনিয়ার ব্যাপারে কিছু গুরুত্ব দিবে না, সে চাষ করবে না অথচ সে রুটি খাবে এবং সে গাছ লাগাবে না অথচ সে ফল খাবে, আল্লাহর উপর ভরসা করে তাঁর সম্ভষ্টি লাভের জন্য। আল্লাহ সাত আসমান এবং সাত যমীনে তার রিযুক্কের জন্য যামিন হয়ে যাবেন। তারা (লোকেরা) তাতে কট্ট করবে এবং হালাল অর্জন করবে। অথচ সে তার রিযুক আল্লাহর নিকট হতে বিনা হিসাবে পূর্ণ করবে মৃত্যু আসা পর্যন্ত।

#### হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/১১২) এর চেয়ে দীর্ঘ হাদীসে এবং হাকিম (৪/৩১০) ইব্রাহীম ইবনু আম্র সাকসাকী সূত্রে তার পিতা হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর (হাকিম) বলেছেন ঃ সনদটি সহীহ্।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ বরং মুনকার এবং জাল (বানোয়াট)। কারণ আম্র ইবনু বাক্র (পিতা) ইবনু হিব্বানের নিকট মিথ্যার দোষে দোষী। তার ছেলে ইব্রাহীম সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী ইব্রাহীমের জীবনীতে "আল-মীযান" এছে বলেছেন ঃ ইবনু হিব্বান বলেন ঃ তিনি তার পিতা হতে বানোয়াট বহু কিছু বর্ণনা করেছেন। তার পিতা কিছুই না। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বানের পূরো বক্তব্য হচ্ছে, ইব্রাহীম ইবনু আম্র এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন এবং তার হাতই হাদীসটি তৈরি করেছে। কারণ এটি রসূল (日)-এর কথা নয়, ইবনু উমার (ఉ)-এর কথা নয়, নাফে'রও কথা নয়। বরং এটি হাসানের কথা।

٢٤٦. (ألا أخيرُكُمْ بِاقضلَ الْمَلاَئِكَةِ؛ جِبْرِيلُ عَلَيْهِ السَّلامُ، وَأَقْضَلَ النَّبِيِيْنَ آدَمُ، وَأَقْضَلَ الشُّهُورِ شُهَرُ رَمَضَانَ، وَأَقْضَلَ الشُّهُورِ شُهُرُ رَمَضَانَ، وَأَقْضَلَ اللَّيَالِي لَيْلَةُ الْقَدْر، وَأَقْضَلَ النَّسَاءِ مَرْيَمُ بِنْتُ عِمْرَانَ).

88৬। আমি তোমাদেরকে কি সংবাদ দিব না সর্বোত্তম ফেরেশতা সম্পর্কে তিনি হচ্ছেন জিবরীল (আঃ)। সর্বোত্তম নাবী সম্পর্কে তিনি হচ্ছেন আদম (আঃ)। সর্বোত্তম দিবস সম্পর্কে সেটি হচ্ছে জুম'আর দিবস। সর্বোত্তম মাস সম্পর্কে সেটি হচ্ছে রমাযান মাস। সর্বোত্তম রাত সম্পর্কে সেটি হচ্ছে লায়লাতুল কাদরের রাত এবং সর্বোত্তম নারী সম্পর্কে তিনি হচ্ছেন মারইয়াম বিনতু ইমরান।

### হাদীসটি জাল।

এটি তাবারানী (১১৩৬১) নাফে আবৃ হুরমুয সূত্রে আতা হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি বানোয়াট। নাফে' আবৃ হুরমুযকে ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। নাসাঈ বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

সর্বশ্রেষ্ঠ নাবী হচ্ছেন আমাদের নাবী মুহাম্মাদ (ﷺ)। সহীহ্ হাদীসের দলীল দ্বারা তা প্রমাণিত। তিনি বলেন ঃ "আমি কিয়ামত দিবসে লোকদের সর্দার…।" হাদীসটি ইমাম মুসলিম (১/১২৭) বর্ণনা করেছেন।

এটি প্রমাণ করছে যে, আলোচ্য হাদীসটি বানোয়াট। তা সম্বেও "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করা হয়েছে।

হাদীসটি হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/১৯৮) উল্লেখ করেছেন এবং সেটিকে নাফে'র কারণে দুর্বল বলেছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি মাতরূক।

٤٤٧. (يَكُونُ فِي آخِرِ الزَّمَانِ عِبَادٌ جُهَّالٌ، وَقُرَّاءٌ فَسَقَةً).

889। শেষ যামানায় জাহেল আবেদ এবং ফাসেক ক্বারীদের সমারোহ ঘটবে। হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরহীন" গ্রন্থে (৩/১৩৫), হাকিম (৪/৩১৫), আবৃ নু'য়াইম (২/৩৩১-৩৩২) এবং তার থেকে দাইলামী (৪/৩১৯) এবং আবৃ বাক্র আজুরী "আখলাকুল ওলামা" গ্রন্থে (পৃ: ৬২) ইউসুফ ইবনু আতিয়া সূত্রে সাবেত হতে ...বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম বলেন ঃ এটি গারীব। এটিকে আমরা একমাত্র ইউসুফ ইবনু আতিয়া হতে লিখেছি। তার হাদীসের মধ্যে মুনকার রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু হিব্বান তাকে জাল করার দোষে দোষী করেছেন। হাকিম চুপ থেকেছেন। যার জন্য যাহাবী তার সমালোচনা করে বলেছেন ঃ ইউসুফ হালেক [ধ্বংসপ্রাপ্ত]।

বুখারী বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস। তা সত্ত্বেও সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

٤٤٨. (لا تُزَالُ هَذِهِ الأُمَّةُ (أَوْ قَالَ: أُمَّتِيْ) بِخَيْرٍ مَالَمْ يَتَّخِذُوا فِي مَسَاجِدِهِمْ مَدَّابِحَ كَمَدُّابِحِ النَّصَارَى).

88৮। এ উম্মাত (অথবা বলেন ঃ আমার উম্মাত) সর্বদা কল্যাণের মধ্যেই থাকবে যতক্ষণ পর্যন্ত তারা তাদের মসজিদশুলোতে নাসারাদের মেহরাবের ন্যায় মেহরাব তৈরি না করবে।

## श्मीअि पूर्वन।

এটি ইবনু আবী শায়বা "আল-মুসান্লাফ" গ্রন্থে (১/১০৭/১) বর্ণনা করেছেন। যার সনদে বর্ণনাকারী আবৃ ইসরাঈল ও তার শাইখ মৃসা আল-জুহানী রয়েছেন। তিনি বলেন যে, রসূল (縣) বলেছেন:...।

আমি (আলবানী) বলছি ঃ সনদটি দু'টি কারণে দুর্বল ঃ

১। এটি মু'জাল। কারণ মৃসা জুহানী হচ্ছেন ইবনু আদিল্লাহ। তিনি সাহাবী হতে তাবে'ঈর মাধ্যমে বর্ণনা করেছেন। অতএব তিনি তাবে' তাবে'ঈ।

সুয়্তী যে বলেছেন ঃ হাদীসটি মুরসাল, তার এ কথা সুচিন্তিত নয়। কারণ মুরসাল হচ্ছে তাবে স্বৈর কথা। তিনি বলছেন ঃ রস্ল (ﷺ) বলেছেন ঃ... অথচ এটি সেরূপ নয়।

২। আবৃ ইসরাঈল দুর্বল। তার নাম হচ্ছে ইসমাঈল ইবনু খালীফা আল-আবাসী। হাফিয "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ

তিনি সত্যবাদী কিন্তু তার হেফযে ক্রটি ছিল।

١٤٩ (حَضَرْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَيْنَ نَهَضَ إلى المَسْجِدِ، قَدَخَلَ المحِرَابِ {يَعْنِي: مَوْضِعَ المحرَابِ}، ثُمَّ رَفَعَ يَدَيْهِ بِالتَّكْبِيْرِ، ثُمَ وَضَعَ يَمِينَهُ عَلَى يُسْرَاهُ عَلَى صَدْرهِ).

88৯। মসজিদের নিকটে রস্ল (ﷺ) যখন দাঁড়ালেন তখন আমি তাঁর নিকট উপস্থিত হলাম। অতঃপর তিনি মেহরাবে (অর্থাৎ মেহরাবের স্থলে) প্রবেশ করলেম। তার পর তিনি তাকবীর সহ তাঁর দুঁহাত উন্তোলন করলেন। অতঃপর তার ভাল হাতকে বাম হাতের উপরে দিয়ে বুকের উপর রাখলেন।

## श्मीअि मूर्वम ।

এটি বাইহাক্বী (২/৩০) মুহাম্মাদ ইবনু হাজার হাযরামী হতে এবং তিনি সা**'ঈ**দ্ধ ইবনু আন্দিল জাব্বার ইবনে ওয়ায়েল হতে …বর্ণনা করেছেন।

এ সূত্রেই বায্যার হাদীসটি তার "আয-যাওয়াইদ" গ্রন্থে (২৬৮) এবং তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (২২/৪৯/১১৮) উল্লেখ করেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (১/২৩২, ২/১৩৪-১৩৫) বলেন ঃ তার সনদে সা'ঈদ ইবনু আদিল জাব্বার রয়েছেন। তার সম্পর্কে নাসাঈ বলেন ঃ তিনি শক্তিশালী নন। ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। এছাড়া মুহাম্মাদ ইবনু হাজার দুর্বল বর্ণনাকারী।

তিনি অন্য স্থানে বলেন ঃ তাতে মুহাম্মাদ ইবনু হাজার রয়েছেন। তার সম্পর্কে বুখারী বলেন ঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। যাহাবী বলেন ঃ তার কতিপর মুনকার রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ ইবনুত তুরকুমানী "জাওহারুন নাকী" গ্রন্থে একই সমস্যার কথা বলেছেন। তিনি আরো বলেছেন ঃ বর্ণনাকারীনী উন্মু আব্দিল জাব্বার হচ্ছেন উন্মু ইয়াহ্ইয়া। আমি তার অবস্থা সম্পর্কে জানি না এবং তার নাম সম্পর্কেও জানি না।

আলেমদের ভাষ্য হতে স্পষ্ট হয়েছে যে, এ হাদীসটির সনদে তিনটি সমস্যা রয়েছে ঃ

১। মুহাম্মাদ ইবনু হাজার। ২। সা'ঈদ ইবনু আব্দিল জাব্বার। ৩। উম্মু আব্দিল জাব্বার।

٠٥٠. (لو اعْتُقدَ أَحَدُكُمْ بِحَجَرٍ؛ لَنَفْعَهُ).

৪৫০। কোন পাথরের উপর তোমাদের কেউ যদি বিশ্বাস স্থাপন করে, তাহ**লে** অবশ্যই তা তার উপকার করবে।

#### হাদীসটি জাল।

যেমনটি ইবনু তাইমিয়্যা ও অন্যরা বলেছেন।

শাইখ 'আলী আল-কারী তার "আল-মাওযু'আত" গ্রন্থে (পৃ: ৬৬) বলেন ঃ

ইবনুল কাইয়্যিম বলেছেন ঃ এটি মূর্তিপূজকদের কথা। যারা পাথরের ব্যাপারে ভাল ধারণা পোষণ করে।

ইবনু হাজার আসকালানী বলেন ঃ হাদীসটির কোন ভিত্তি নেই।

٤٥١. (مَنْ بَلَغَهُ عَنِ اللهِ شَيْءٌ فِيلِهِ فَضِيلَةً، فَاخَدَ بِهِ اِيْمَانَا بِهِ، وَرَجَاءَ ثُوَالِهِ؛ أعطاهُ اللهُ دَلِكَ، وَإِنْ لَمْ يَكُنْ كَدَلِكَ).

৪৫১। যে ব্যক্তির কাছে আল্লাহ নিকট হতে এমন কিছু পৌঁছবে যাতে ক্ষয়ীপত রয়েছে। অতঃপর সে তাকে ঈমানের সাথে সাওয়াব অর্জনের আশায় গ্রহণ করবে, আল্লাহ তাকে তাই দান করবেন। যদিও সেটি সেরুপ নাও হয়।

#### रामीमि छान।

এটি হাসান ইবনু আরাফা তার "জুষউ" গ্রন্থে (১/১০০), ইবনুল আবার তার "আল-মু'জাম" গ্রন্থে (পৃ: ২৮১), আবৃ মুহাম্মাদ খাল্লাল "ফাযলু রাজাব" গ্রন্থে (১৫/১-২), আল-খাতীব (৮/২৯৬) এবং মুহাম্মাদ ইবনু ত্লূন "আল-আরবা'উন" গ্রন্থে (২/১৫) ফুরাত ইবনু সালমান এবং ঈসা ইবনু কাসীর সূত্রে আবৃ রাজা হতে ...বর্ণনা করেছেন।

এ সূত্রেই ইবনুল জাওয়ী তার "মাওয়ু'আত" গ্রন্থে (১/২৫৮) উল্লেখ করেছেন, অতঃপর বলেছেন ঃ এটি সহীহ নয়। আবৃ রাজা মিথ্যুক।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/২১৪) তা সমর্থন করেছেন। তিনি আরো বলেছেন ঃ আমি এ আবৃ রাজাকে চিনি না।

হাফিয সাখাবীও "আল-মাকাসিদ" গ্রন্থে (পৃ: ১৯১) স্পষ্ট করে বলেছেন ঃ তাকে চেনা যায় না। তার "আল-কাওলুল বাদী" গ্রন্থেও (পৃ: ১৯৭) তিনি অনুরূপ কথাই বলেছেন।

ঐতিহাসিক ইবনু তূল্ন বলেছেন ঃ সনদটি ভাল। আবৃ রাজা হচ্ছেন মুহরেয ইবনু আন্দিল্লাহ জাযারী হিশামের দাস, তিনি নির্ভরযোগ্য। এছাড়া হাদীসটির বিভিন্ন সূত্র এবং শাহেদ রয়েছে।

তার এ বক্তব্য এ বিদ্যার নীতি হতে খুবই দূরবর্তী কথা। কারণ যদি ধরে নেয়া হয় যিনি মুহরেয তিনিই আবৃ রাজা, তাহলে তিনি মুদাল্লিস যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। কারণ তিনি আন্ আন্ করে বর্ণনা করেছেন। কীভাবে সনদটি ভাল? [মুদাল্লিসের ব্যাখ্যা দেখুন (৫৭) পৃষ্ঠায়]।

আবৃ রাজাই যে মুহরেয় এটি দ্রবর্তী কথা বিভিন্ন কারণে। যার একটি হচ্ছে এই যে, তারা তার জীবনীতে উল্লেখ করেছেন তার শায়খের মধ্যে একজন হচ্ছেন ফুরাত ইবনু সালমান। বাস্তবে এ সনদে তার উল্টা। ফুরাত হচ্ছেন তার (আবৃ রাজা) থেকে হাদীসটি বর্ণনাকারী।

হাদীসটি হাফিয কাসেম ইবনু হাফিয ইবনে আসাকির "আল-আরবা'উনই এন্থে (১১/১) আবু রাজা হতেই দু'টি সূত্রে উল্লেখ করে বলেছেন ঃ এটিতে বিব্লশ্ব মন্তব্য রয়েছে। আমি আমার পিতা হতে শুনেছি তিনি তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

ইবনুল জাওয়ী দারাকুতনীর বর্ণনায় ইবনু উমার (ఉ) হতে উল্লেখ করেছেন। যার সনদে ইসমা'ঈল ইবনু ইয়াহ্ইয়া রয়েছেন। অতঃপর তাকে ইবনুল জাওয়ী মিথ্যুক বলেছেন।

তিনি "আল-মাজরহীন" গ্রন্থে (১/১৯৯) ইবনু হিব্বানের বর্ণনা থেকেও বারী' আবীল খালীল সূত্রে মুহাম্মাদ ইবনু ওয়াসে' এবং সাবেত ইবনু আবান থেকে...আনাস (ఉ) হতে মারফু' হিসাবে উল্লেখ করেছেন। আমি সাবেত ইবনু আবানকে চিনি না।

ইবনুল জওয়ী বলেন ঃ বায়ী' মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী তার জীবনীতে বলেছেন ঃ তিনি মিথ্যার দোষে দোষী। ইবনু হিব্বান বলেন ঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে কতিপয় বানোয়াট হাদীস এনেছেন, তিনি যেন তা ইচ্ছাকৃতই করেছেন।

তিনি "আয-যু'য়াফা" গ্রন্থে বলেন ঃ তিনি মতারুক।

হাফিয ইবনু হাজারের "লিসানুল মীযান" গ্রন্থে এসেছে, দারাকুতনী বলেন ঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন তা বাতিল। হাকিম বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন।

সুয়ৃতী ইবনুল জাওয়ীর সমালোচনা করেছেন। অতঃপর আনাস (ﷺ)-এর হাদীসের অন্য একটি সূত্র উল্লেখ করেছেন। যার সনদে মিধ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছে। অনুরূপভাবে ইবনু উমার (ﷺ)-এর হাদীসের আরো একটি সূত্র ওয়ালীদ ইবনু মারওয়ানের বর্ণনায় উল্লেখ করেছেন। এ ওয়ালীদ মাজহুল, যেমনভাবে ইবনু আবী হাতিম (৪/২/১৮) বলেছেন। যাহাবী এবং আসকালানীও একই কথা বলেছেন।

এছাড়া তার সনদের মধ্যে রয়েছে ইনকিতা (বিচ্ছিন্নতা)।

সূয়্তী স্বপ্লের মাধ্যমে এ হাদীসটি সম্পর্কে নাবী (ﷺ)-কে জিজ্ঞাসা করেন। তিনি বলেন ঃ এটি আমার থেকেই, আমিই এটি বলেছি!

আলেমদের নিকট স্বপু দ্বারা শারী'য়াতের কোন হুকুম সাব্যস্ত হয় না। নাবী

মোটকথা হাদীসটিকে কোন সূত্র দ্বারাই দলীল হিসাবে গ্রহণ করা যায় না । কারণ এটির একটি অন্যটির চেয়ে বেশী দুর্বল। ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওয়ু'আত" গ্রন্থে উল্লেখ করে ঠিকই করেছেন। হাফিয ইবনু হাজার তার অনুসরণ করে বলেছেন ঃ এটির ভিত্তি নেই। শাওকানীও তাকে সমর্থন করেছেন।

কোন কোন আলেম বলেছেন যে, ফাযায়েলের ক্ষেত্রে দুর্বল হাদীসের উপর আমল করা যায়। কিন্তু কীভাবে তা সম্ভব? যেখানে নাবী (ﷺ) সতর্ক করে দিয়ে বলেছেন ঃ "مَنْ حَدَّثَ عَنِّيْ بِحَدِيْثِ بُرْى أَنَّهُ كَنِبُ فَهُوَ أَحَدُ الْكَانِينِ' "যে আমার থেকে হাদীস বর্ণনা করবে অথচ দেখা যাচেছ যে, সেটি মিথ্যা, তাহলে সে মিথ্যুকদের একজন।" হাদীসে আরো এসেছে রস্ল (ﷺ) বলেছেন ঃ "যে ব্যক্তি আমার উপর মিথ্যারোপ করল, সে তার বাসস্থান জাহান্নামে বানিয়ে নিল।"

যেখানে বর্ণনাকারী এবং মিখ্যারোপকারী সম্পর্কে এ সতর্কবাণী, সেখানে আমলকারীর কী হতে পারে? দুর্বল হাদীসের উপর আমল করার ক্ষেত্রে চাই সেটি আহকামের মধ্যে হোক বা ফাযায়েলের মধ্যেই হোক, কোন পার্থক্য নেই। সবই শারী'রাত।

٤٥٢. (مَنْ بَلَغَهُ عَنِ اللهِ قَصْلٌ، قَاحَدُ بِدَلِكَ القَصْلُ الَّذِي بَلَغَهُ؛ أَعْطَاهُ اللهُ مَا بِلَغْهُ، وَإِنْ كَانَ الَّذِي حَدَّثُهُ كَانِياً).

৪৫২। যার কাছে আল্লাহর নিকট হতে ফযীলতের কোন কিছু পৌছল। অতঃপর যে ফ্যীলত তার নিকট পৌছেছে সে তা গ্রহণ করল, আল্লাহ তাকে তাই দান করবেন যা তার নিকট পৌছেছে, যদিও সে হাদীস বর্ণনাকারী মিপ্তাক হয়।

### হাদীসটি জাল।

এটি বাগাবী "হাদীসু কামিল ইবনু তালহা" গ্রন্থে (৪/১), ইবনু আব্দিল বার "জামেউ' বায়ানিল ইলম" গ্রন্থে (১/২২), আবৃ ইসমা'ঈল সামারকান্দী "মা কারুবা সানাদুহু" গ্রন্থে (২/১) এবং ইবনু আসাকির "আত-তাজরীদ" গ্রন্থে (৪/২/১) আব্বাদ ইবনু আব্দিস সামাদ সূত্রে আনাস (ఉ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (ত্মালবানী) বলছি ঃ আব্বাদ মিথ্যার দোষে দোষী। যাহাবী বলেন ঃ

ইবনু হিব্বান তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি আনাস (ﷺ) হতে একটি বানোয়াট কপি বর্ণনা করেছেন।

যাহাবী তার হাদীসের অংশ বিশেষ উল্লেখ করে বলেছেন ঃ তিনি লম্বা হাদীস উল্লেখ করেছেন যা গল্পবাজদের জাল ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ।

অতঃপর আরেকটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এটি সুস্পষ্ট মিথ্যারোপ।

ইবনু আন্দিল বার বলেছেন ঃ বিদ্বানগণের এক জামা'আত ফাযায়েলের ক্ষেত্রে শিথিলতা প্রদর্শন করেছেন এবং তারা আহকামের হাদীসের ক্ষেত্রে কঠোরতা প্রদর্শন করেছেন। এ কথার সমালোচনা করে শাওকানী "আল-ফাওয়ায়েদুল মাজমূ'আহ" প্রস্তে (পৃ: ১০০) বলেছেন ঃ

শারী রাতের আহকামগুলো সবই সমান। সেগুলোর মধ্যে কোন পার্থক্য নেই। যা দলীল দ্বারা প্রমাণিত হয়নি তা প্রচার করা কারো জন্য হালাল নয়। তা করলে আল্লাহ যা বলেননি তা বলার অন্তর্ভুক্ত হবে। আর তাতে রয়েছে তার জন্য শান্তি ...। (সূরা আল-হাক্কার ৪৩ ও ৪৭ নাম্বার আয়াত দুষ্টব্য)।

٤٥٣. (مَنْ بَلَغَهُ عَنِ اللهِ قَضِيلَة، قَلَمْ يُصَدِّقْ بِهَا؛ لَمْ يَثَلْهَا).

৪৫৩। যে ব্যক্তির কাছে আল্লাহ তা'আলার নিকট হতে কোন ক্ষয়ীলত পৌঁছল, অতঃপর সে তা বিশ্বাস করল না, সে তা পাবে না।

#### হাদীসটি জাল।

এটি আবৃ ই'য়ালা তার "মুসনাদ" গ্রন্থে (৬/১৬৩) এবং ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (কাফ ৪০/২) বাষী' আবৃল খালীল খাস্সাফ সূত্রে সাবেত হতে এবং তিনি আনাস (ఉ) হতে মারফূ' হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ

জানি না বায়ী' ছাড়া অন্য কেউ এটি বর্ণনা করেছেন কিনা।

আমি (আলবানী) বলছি ঃ তিনি হাদীসটি জাল করার দোবে দোষী। একটি হাদীস পূর্বে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। হাদীসটি হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১/১৪৯) উল্লেখ করে বলেছেন ঃ বাযী দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ বরং তিনি মিথ্যার দোষে দোষী; যেমনভাবে যাহাবী বলেছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান এবং অন্যদের উক্তিও একটি হাদীসের পূর্বে উল্লেখ করা হয়েছে।

ذوادًا صَلَيْتُمْ؛ فَقُولُوا: سُبْحَانَ اللهِ ثُلاثًا وَتُلاَثِيْنَ، وَالْحَمْدُ للهِ ثُلاثًا وَتُلاَثِيْنَ، وَالْحَمْدُ للهِ ثُلاثًا وَتُلاَئِيْنَ، وَلا إِللهَ إِلاَّ اللهُ عَشَرًا؛ فَإِنَّكُمْ تُدْرِكُونَ بِدَلِكَ مَنْ سَبَقَكُمْ، وَتُسْبِقُونَ مَنْ بَعْدَكُمْ).

৪৫৪। তোমরা যখন সলাত আদায় করবে, তখন তোমরা বল ঃ সুবহানাল্লাহ তেত্রিশবার, আলহামদ্পিল্লাহ তেত্রিশবার, আল্লাহ্ আকবার তেত্রিশবার এবং লা ইলাহা ইল্লাল্লাহ দশবার। তোমরা অবশ্যই তা ঘারা পেয়ে যাবে তাদেরকে যারা তোমাদের চেয়ে অপ্রগামী হয়ে গেছে এবং তোমাদের পরবর্তীদের চেয়ে তোমরা অপ্রগামী হয়ে যাবে।

হাদীসটি এ বর্ণনাভঙ্গিতে দুর্বল।

এটি নাসাঈ (১/১৯৯) ও তিরমিয়ী (২/২৬৪-২৬৫) আত্তাব ইবনু বাশীর সূত্রে খুসায়েক্ষ হতে ...বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি হাসান গারীব।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ দুর্বল। খুসায়েফ হচ্ছেন ইবনু আন্দির রহমান জাযারী। তিনি সত্যবাদী, কিন্তু তার হেফ্যে ক্রটি ছিল। শেষ বয়সে তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। আন্তাবও সত্যবাদী কিন্তু ভুল করতেন।

٤٥٥. (الرَّجُلُ الصَّالِحُ يَاتِي بِالْخَبَرِ الصَّالِحِ، وَالرَّجُلُ السُّوْءُ يَاتِي بِالْخَبَرِ الصَّالِحِ،

৪৫৫। সং ব্যক্তি সুসংবাদ নিয়ে আসে আর মন্দ ব্যক্তি দুঃসংবাদ নিয়ে আসে। হাদীসটি জাল।

এটি আবৃ নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৯০) এবং ইবনু আসাকির (১৩/১৮৫/২) মুহামাদ ইবনুল কাসেম তাইকানী সূত্রে উমার ইবনু হারূণ ...হতে বর্ণনা করেছেন।

অতঃপর বলেছেন ঃ হাদীসটি গারীব। আমরা এটি একমাত্র মুহাম্মাদ ইবনুল কাসেমের হাদীস হতে লিখেছি।

আমি (আলবানী) বলছি ঃ তিনি জালকারী। তার শাইখ উমার ইবনু হারণ মিথ্যুক। সৃষ্তীর নিকট এ তথ্য লুক্কায়িত ছিল, এজন্য "জামেউ'স সাগীর" গ্রন্থে আবৃ নু'য়াইম এবং ইবনু আসাকিরের বর্ণনায় আবৃ হুরাইরাহ্ (ఉ) হতে হাদীসটি উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানাবীও কোন কথা বলেননি। শুধু বলেছেন ঃ তার থেকে দাইলামী বর্ণনা করেছেন।

আমি হাদীসটির অন্য একটি সূত্র পেয়েছি। হাদীসটি আবৃ বাক্র আযদী তার হাদীস গ্রন্থে (৫/১) ইয়াহ্ইয়া ইবনু আব্দুবিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি নিতান্তই দুর্বল। কারণ ইবনু মা'ঈন তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। আর আহমাদ তার প্রশংসা করেছেন!

আবৃ মুহাম্মাদ ইবনু সা'ঈদ ইবনিল মুসাইয়্যাবকে আমি চিনি না। তার নাম আব্দুল মালেক। হাদীসটির একটি শাহেদ এসেছে যেটির এক পয়সাও মূল্য নেই। আবৃশ শাইখ "আল-আমসাল" গ্রন্থে (৬৬) দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে আম্বাসা ইবনু আন্দির রহমান কুরাশী হতে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ আম্বাসা এবং দাউদ উভয়েই জালকা ী।

٤٥٦. (إِنَّ قَاطِمَةُ حَصَّنتُ قَرْجَهَا، قَحَرَّمَ اللهُ دُرِيَّتَهَا عَلَى الثَّار).

৪৫৬। ফাতিমা তার লচ্ছাস্থানকে পবিত্র রেখেছে, ফলে আল্লাহ তার সম্ভ ানদেরকে জাহান্নামের উপর হারাম করে দিয়েছেন।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী (১/২৫৭/১), উকায়লী " আয-যু'য়াফা" গ্রন্থে (পৃ: ২৮৬), ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (কাফ ২৪৯/১), ইবনু শাহীন "ফাযায়েলে ফাতিমা" গ্রন্থে (পাতা ৩/১), তাম্মাম "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৬১), ইবনু মান্দা "আল-মা'রিফাত" গ্রন্থে (২/২৯৩/১) এবং ইবনু আসাকির (৫/২৩/১,১৭/৩৮৬/১) মু'য়াবিয়া ইবনু হিশাম সূত্রে উমার ইবনু গিয়াস হাযরামী হতে …বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু শাহীন এবং আবুল কাসেম মেহরানী "আল-ফাওয়ায়েদুল মুন্ত াখাবা" গ্রন্থে (২/১১/২) হাফস ইবনু উমার উবুল্লী সূত্রে বর্ণনা করেছেন।

ইবনু শাহীন মুহাম্মাদ ইবনু ওবায়েদ ইবনে উতবাহ সূত্রে মুহাম্মাদ ইবনু ইসহাক বালখী হতে এবং তিনি তালীদ হতে ...বর্ণনা করেছেন।

এ তিনটি সূত্রই আসেম হতে। সবগুলোই নিতান্তই দুর্বল। একটি অন্যটির চেয়ে বেশী দুর্বল।

প্রথমটির সনদে উমার ইবনু গিয়াস রয়েছেন। উকায়লী বলেন ঃ বুখারী বলেছেন ঃ তার হাদীসে বিরূপ মন্তব্য রয়েছে। উকায়লী বলেন ঃ সে হাদীসটি হচ্ছে এটিই।

বুখারী "তারীখুস সাগীর" গ্রন্থে বলেন ঃ তিনি যে আসেম হতে শুনেছেন তা উল্লেখ করা হয়নি, হাদীসটি মু'যাল।

ইবনু হিব্বান তাকে মিখ্যার দোষে দোষী করেছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি আসেম হতে যা তার হাদীস নয় তা বর্ণনা করেছেন।

ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৩/১/১২৮) তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস।

তার থেকে বর্ণনাকারী মু'য়াবিয়া ইবনু হিশামের মধ্যে দুর্বলতা রয়েছে।

ইবনু আদী কর্তৃক বর্ণিত সূত্রগুলো হতেই ইবনুল জাওযী তার "আল-মাওযু'আত" গ্রন্থে (১/৪২২) উল্লেখ করে বলেছেন ঃ এটির সমস্যার কেন্দ্রবিন্দু হচ্ছে আম্র ইবনু গিয়াস (তাকে বলা হয় উমার)। তাকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি আসেম হতে এমন কিছু বর্ণনা করেছেন যা তার হাদীস নয়।...

হাকিম হাদীসটির সনদ সম্পর্কে বলেছেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ বরং দুর্বল। মু'য়াবিয়া এককভাবে (তাকেও দুর্বল বলা হয়েছে) ইবনু গিয়াস হতে বর্ণনা করেছেন। তিনি একেবারেই দুর্বল।

উকায়লী ইবনু মাস'উদ (ఉ) হতে মওকৃফ হিসাবেও বর্ণনা করেছেন। তিনি বলেছেন ঃ মওকৃফই উত্তম।

আমি (আলবানী) বলছি ঃ মওকৃফ হিসাবেও সহীহ্ নয়।

দিতীয় সূত্র; তাতে রয়েছেন হাফস ইবনু উমার উবুল্পি। তিনি মিথ্যুক।

তৃতীয় সূত্র; তাতে রয়েছেন তালীদ। ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিখ্যুক, উসমানকে (ﷺ) গালী দিতেন।

আবৃ দাউদ বলেন ঃ তিনি রাফেযী, আবৃ বাক্র ও উমারকে (秦) গালী দিতেন। অন্য ভাষায় বলেছেন ঃ তিনি খাবীস।

٤٥٧. (إِنَّ اللهُ عَيْرُ مُعَدِّيكِ (يَعْنِي قَاطِمَةٌ رَضِيَ اللهُ عَنْهَا) وَلا وَلَدَهَا).

৪৫৭। অবশ্যই আল্লাহ তোমাকে {অর্থাৎ ফাতিমাকে (ఉ)} শান্তি দিবেন না এবং তার সম্ভানকেও নয়।

#### হাদীসটি দুর্বল।

এটি তাবারানী (৩/১৩১/২) বর্ণনা করেছেন। তার সূত্রে ইসমা<sup>ক্</sup>ল ইবনু মূসা, মুহাম্মাদ ইবনু মারযুক এবং ঈযাজী রয়েছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৪০২) হাদীসটিকে পূর্বের হাদীসের শাহেদ হিসাবে উল্লেখ করেছেন এবং চুপ থেকেছেন।

হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৯/২০২) বলেছেন ঃ তার (তাবারানীর) বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/৪১৭) তা সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ হাদীসটিতে বহুবিধ সমস্যা রয়েছে ঃ

১। ইসমা'ঈলকে ইবনু হিব্বান ছাড়া অন্য কেউ নির্ভরযোগ্য বলেননি। তার নির্ভরযোগ্য বলা গ্রহণযোগ্য নয়। বিশেষ করে যখন অন্যরা তার বিরোধিতা করেছেন, যেমনভাবে এখানে ইবনু আবী হাতিম তার পিতার উদ্ধৃতিতে বলেছেন ঃ তিনি মাজহুল [অপরিচিত]। ------

২। মুহাম্মাদ ইবনু মারযৃক; যদিও ইমাম মুসলিম তার থেকে বর্ণনা করেছেন তবুও তার মধ্যে লাইয়েনুন (দুর্বলতা) রয়েছে; যেমনভাবে ইবনু আদী বলেছেন।

৩। ঈযাজী; সাম'আনী তাকে উল্লেখ করেছেন। অতঃপর তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলেননি।

٤٥٨. ( دِيَةُ ذِمِّيٍّ دِيَةُ مُسكِمٍ).

# ৪৫৮। যিন্মীর দিয়াত হচ্ছে মুসলিম ব্যক্তির দিয়াত। হাদীসটি মুনকার।

এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/৪৫-৪৬/৭৮০), দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ৩৪৩, ৩৪৯) এবং বাইহাক্বী (৮/১০২) আবৃ কুর্য আল-কুরাশী সূত্রে নাফে হতে ...বর্ণনা করেছেন। দারাকুতনী তাকে দুর্বল আখ্যা দিয়েছেন এ ভাষায় ঃ

হাদীসটি নাফে' হতে আবৃ কুর্য ছাড়া অন্য কেউ মারফ্' হিসাবে বর্ণনা করেননি। তিনি মাতরূক। তার নাম আব্দুল্লাহ ইবনু আব্দিল মালেক ফেহরী।

যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার জীবনীর মধ্যে বলেছেন ঃ তার এ হাদীসটি সর্বাপেক্ষা বেশী মুনকার।

অতঃপর দারাকুতনী হাদীসটি উসামা ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেন। তার সমস্যা হিসাবে বলেছেন ঃ তাতে উসমান ইবনু আন্দির রহমান ওক্কাসী রয়েছেন; তিনি মাতর্মকুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ বরং তিনি মিথ্যার দোষে দোষী।

অতঃপর হাদীসটি ইবনু আব্বাস (ఉ) হতে বাইহাক্বী বর্ণনা করেছেন এবং তার সমস্যা হিসাবে বলেছেন ঃ তাতে হাসান ইবনু আম্মারা রয়েছেন; তিনি মাতরুক। তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

তিনি আরো একটি সূত্র হতে বর্ণনা করেছেন। যার মধ্যে আবৃ সা'ঈদ বাক্কাল রয়েছেন। বাইহাক্টী বলেন ঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

যায়লা'ঈ (৪/৩৩৬) বলেন ঃ তার মধ্যে লাইয়েনুন (দুর্বলতা) রয়েছে।

হাদীসটি রাফেয়ী' তার "হাদীস" গ্রন্থে (২/১৯) আবৃ হুরাইরাহ্ (ॐ) হতে বর্ণনা করেছেন।

এ সনদে বারাকা ইবনু মুহাম্মাদ আনসারী রয়েছেন, তিনি হালাবী। তার সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। অতঃপর বাইহাক্বী যুহ্রীর হাদীস হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। তিনি বলেছেন ঃ মুরসাল হওয়ার কারণে শাফেয়ী' হাদীসটিকে প্রত্যাখ্যান করেছেন, কারণ

যুহ্রীর মুরসাল মন্দ।

ইমাম মুহাম্মাদ "কিতাবুল আসার" গ্রন্থে (পৃ: ১০৪) বর্ণনা করে বলেছেন ঃ আমাদেরকে আবৃ হানীফা (রহ:) খবরটি হায়সাম হতে মারফ্ হিসাবে শুনিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি মু'যাল। কারণ এ হায়সাম হচ্ছেন ইবনু হাবীব সায়রাফী কৃফী। তিনি তাবে' তাবে'ঈ। তিনি ইকরিমা এবং আসেম ইবনু যামুরা হতে বর্ণনা করেছেন।

আবৃ হানীফার (রহ:) হাদীসকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন, যেমনটি তার বিবরণ গেছে ৩৯৭ নং হাদীসে।

তাকে হেফযের দিক দিয়ে বুখারী, মুসলিম, নাসাঈ, ইবনু আদী ও অন্যান্য মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

তার সম্পর্কে ইমামগণের সেই সব ভাষ্যগুলো উল্লেখ করছি যেগুলো সহীহ বর্ণনায় তাদের থেকে বর্ণিত হয়েছে। যাতে করে পাঠকবৃন্দের নিকট বিষয়টি স্পষ্ট হয়ে যায় এবং কেউ এরূপ ধারণা ও দাবী না করে যে, আমরা ইজতিহাদ করে তাঁর সম্পর্কে কিছু বলছি। যা কিছু উল্লেখ করা হচ্ছে তা শুধুমাত্র জ্ঞানীজন ও বিশেষজ্ঞদের অনুসরণার্থেই করা হচ্ছে।

১। ইমাম বুখারী "তারীখুল কাবীর" গ্রন্থে (৪/২/৮১০) বলেন ঃ سكتوا ''سكتو সাকাতু আনন্থ।

(হাফিয ইবনু কাসীর "মুখতাসারু উল্মিল হাদীস" গ্রন্থে (পৃ:১১৮) বলেন ঃ ইমাম বুখারী যখন কোন ব্যক্তি সম্পর্কে বলেন ঃ সাকাতু আনহু অথবা বলেন ঃ ফীহে নাযক্রন (তার মধ্যে বিরূপ মন্তব্য রয়েছে)। তখন জানতে হবে যে, তার ন্তরটি তার নিকট অত্যন্ত নীচু এবং নিমু মানের।

হাফিষ ইরাকী বলেন ঃ এরূপ বাক্য ইমাম বুখারী সেই ব্যক্তি সম্পর্কেই বলেছেন, যার হাদীসকে মুহাদিসগণ পরিত্যাগ করেছেন তথা গ্রহণ করেননি। দেখুন: "আর-রাফউ' ওয়াত তাকমীল" (পৃ:১৮২-১৮৩)। "মাসায়েলুল ইমামে আহমাদ" গ্রন্থে (পৃ: ২১৭) মারওয়াযী বলেন ঃ আমি বললাম, কখন কোন ব্যক্তির হাদীসকে পরিত্যাগ করা হয়? তিনি উত্তরে বললেন ঃ যখন তার বেশী ভুল সংঘটিত হয়।)

২। ইমাম মুসলিম "আল-কুনা ওয়াল আসমা" গ্রন্থে (কাফ ৩১/১) বলেন । ''مُضْطَرِبُ الْحَدِيْثِ، لَيْسَ لَهُ كَبِيْرٌ حَدِيْثٌ صَحِيْتٌ مَخَيْثٌ صَحِيْتٌ তার বেশী পরিমাণে সহীহ হাদীস নেই।' ৩। ইমাম নাসাঈ তার "আয-যু'য়াফা ওয়াল মাতর্রুকীন" গ্রন্থের শেষে (পৃঃ ৫৭) বলেন ৪ ''দুঁটু ইটু বুটি বুটি এই ইটুটি । কিন হাদীসের ক্ষেত্রে শক্তিশালী নন। তার বর্ণনা কম হওয়া সত্ত্বেও তিনি বেশী ভুলকারী।'

৪। ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/৪০৩) বলেন ঃ أَحَادِيثُ صَالِحَةُ فَي السَانِدِهَا وَمَتُونَهَا، ونَصَاحِيفً فَي "ضَامَةُ مَا يَرُويْهِ كَلَكَ..." 'তার বর্ণিত কতিপয় সহীহ হাদীস রয়েছে, তবে তার অধিকাংশ বর্ণনাই ভুল। পড়তে এবং লিখতে ভুল করা হয়েছে। সেগুলোর সনদ এবং মতনে (ভাষায়) অতিরঞ্জিত করা হয়েছে। বর্ণনাকারীদের সম্পর্কে পড়তে ও লিখতে ভুল করা হয়েছে। তার অধিকাংশ বর্ণনাগুলো সেরূপই। তিনি যে সব হাদীস বর্ণনা করেছেন তার মধ্যে ১৩ হতে ১৯টি হাদীস ছাড়া বাকীগুলো সহীহ নয়। তিনি মাশহুর ও গারীব মিলে একই ধাচের প্রায় তিনশতটি হাদীস বর্ণনা করেছেন। কারণ তিনি মুহাদ্দিসদের অন্তর্ভুক্ত ছিলেন না। হাদীস বর্ণনার ক্ষেত্রে যার অবস্থা এই, তার বর্ণিত হাদীস গ্রহণ করা হয় না।

৫। ইবনু সা'দ ''আত-তাবাকাত" গ্রন্থে (৬/২৫৬) বলেন ঃ کَانَ ضَعَیْقًا ' 'کَانَ ضَعَیْقًا 'তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল ছিলেন।'

৬। উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (পৃ: ৪৩২) বলেন ঃ حدثنا عبد بن 'আমাদের নিকট 'আব্দুল্লাহ ইবনু আহমাদ বর্ণনা করেছেন, তিনি বলেন ঃ আমার পিতাকে বলতে গুনেছি ঃ আবৃ হানীফার (রহ:) হাদীস দুর্বল।'

৭। ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তা'দীল" গ্রন্থে (৪/১/৪৫০) বলেন, হাজ্জাজ ইবনু হামথা আমাদেরকে বলেছেন, আমাদেরকে আদান ইবনু উসমান বলেছেন ঃ المبارك يقول: كَانَ الْبُوْ حَنِيْقَةٌ مِسْكِيْنًا فِي 'তিনি ইবনু মুবারাককে বলতে শুনেছেন ঃ আবৃ হানীফা (রহ:) ছিলেন হাদীসের ক্ষেত্রে মিসকীন।' (এ সনদ দু'টো সহীহু)।

৮। আবৃ হাফস ইবনু শাহীন বলেন ঃ আবৃ হানীফার (রহ:) ফিকহের জ্ঞানের ব্যাপারে কেউ প্রতিবাদ করেননি। কিন্তু তিনি হাদীসের বিষয়ে সন্তোষজনক ছিলেন না। কারণ সনদগুলোর জন্য রয়েছেন সমালোচক। যার জন্য তিনি কি লিখেছেন তার সনদ সম্পর্কে জানতেন না। তবে তাকে মিথ্যুক বলা হয়নি। তাকে দুর্বল আখ্যা দেয়া হয়েছে।

অনুরূপ কথা এসেছে "তারিখু জুরজান" গ্রন্থের শেষ কপিতে (পৃ: ৫১০-৫১১) ৷

### ৯। ইবনু হিববান বলেন ঃ

"وكَانَ رَجُلا جَدَلا، ظاهِرُ الوَرْعِ، لَمْ يَكُن الْحَدِيْثُ صَنَاعَتُهُ، حَدَّثَ بِمِانَةٍ وَتُلاثِيْنَ حَدِيثًا مَسَانِيْدَ، مَا لَهُ حَدِيثٌ فِي النُّدَيَا غَيْرُهَا، أخطأ مِنْهَا فِي مِانَةٍ وَعِشْرِيْنَ حَدِيثًا، إِمَّا أَن يَكُونَ أَقَلَبَ إِسْنَادَهُ، أَوْ غَيْرَ مَنَّنَهُ مِنْ حَيْثُ لا يَعَلَم، فَلَمَّا غَلَبَ خَطَوْهُ عَلَى صَوْابِهِ، استَحق تَركُ الاحْتِجَاجِ بِهِ فِي الأخْبَارِ".

'তিনি ছিলেন একজন তার্কিক, বাহ্যিকতায় ছিল পরহেজগারিতা, হাদীস তার কর্মের মধ্যে ছিল না। তিনি একশত ত্রিশটি মুসনাদ হাদীস বর্ণনা করেছেন। সেগুলো ছাড়া দুনিয়াতে তার আর কোন হাদীস নেই। যার মধ্যে একশত বিশটিতেই তিনি ভুল করেছেন। হয় সনদ উল্টিয়ে ফেলেছেন, না হয় তার অজান্তেই মতন (ভাষা) পরিবর্তন করে ফেলেছেন। অতএব যখন তার সঠিকের চেয়ে ভুলগুলোই বেশী, তখন হাদীসের ক্ষেত্রে তাকে গ্রহণ করার চেয়ে তাকে পরিত্যাগ করাই উপযোগী।'

১০। দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ১২৩) বলেন ঃ আবৃ হানীফা (রহ:) মুসা ইবনু আবী আয়েশা হতে... {জাবের (ﷺ)}-এর এ হাদীসটি মারফ্' হিসাবে বর্ণনা করেছেন ঃ ''ঠুঁঁ ' ধার ইমাম রয়েছে ইমামের কিরাআত তার (মুক্ডাদির) জন্য যথেষ্ট'। অথচ আবৃ হানীফা (রহ:) এবং হাসান ইবনু আম্মারা ছাড়া অন্য কেউ এ হাদীসটিকে মুসনাদ হিসাবে বর্ণনা করেনি। আবৃ হানীফা (রহ:) এবং হাসান ইবনু আম্মারা ছাড়া অবং হাসান ইবনু আম্মারা; তারা উভয়েই দুর্বল।

১১। হাকিম "মা'রিফাতু উল্মিল হাদীস" গ্রন্থে তাকে (আবৃ হানীফা (রহ:)) তাবে' তাবে'ঈন এবং তাদের পরবর্তীদের মধ্য হতে সেই সব বর্ণনাকারীদের দলে উল্লেখ করেছেন যাদের হাদীস দ্বারা সহীহার মধ্যে দলীল গ্রহণ করেননি। অতঃপর তার বক্তব্য (পৃ: ২৫৬) শেষ করেছেন নিমের ভাষায় ঃ

'যে সব ব্যক্তিদের উল্লেখ করেছি তারা বর্ণনার ক্ষেত্রে প্রসিদ্ধ। কিন্তু তাদেরকে নির্ভরযোগ্য হাফিযদের অন্তর্ভুক্ত করা হয়নি।'

১২। হাফিয আব্দুল হক ইশবীলী "আল-আহকাম" গ্রন্থে (কাফ ১৭/২) খালেদ ইবনু আলকামা সূত্রে আব্দু খায়ের হতে উল্লেখ করেছেন, তিনি আলী (秦) হতে রস্ল (蘇)-এর ওয়্ সম্পর্কে বর্ণনা করেছেন ঃ 'তিনি তার মাথা মাসাহ করেছেন একবার।'

অতঃপর বলেছেন ঃ অনুরূপভাবেই খালেদ হতে হাফিষগণ বর্ণনা করেছেন। অথচ আবৃ হানীফা (রহ:) খালেদ হতে বর্ণনা করেছেন এ ভাষায়; তিনি বলেন ঃ 'তিনি তাঁর মাথা মাসাহ করেছেন তিনবার।'

''کینٹے'' হানীফার (রহ:) দ্বারা দলীল গ্রহণ করা যায় না, হানীসের ক্ষেত্রে তিনি দুর্বল হওয়ার কারণে।

১৩। ইবনুল জাওয়ী তাকে তার "আয-যু'য়াফা ওয়া মাতরূকীন" গ্রন্থে (৩/১৬৩) উল্লেখ করেছেন এবং তার দুর্বল হওয়ার বিষয়টি নাসাঈ এবং অন্যদের থেকে বর্ণনা করেছেন। সাওরী বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন। নাযর ইবনু শুমায়েল বলেন ঃ তিনি মাতরূকুল হাদীস।

১৪। যাহাবী "দীওয়ানুয যু'য়াফা" গ্রন্থে (কাফ ২১৫/১-২) বলেন ঃ নু'মান (ইমাম রহ:) সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তার অধিকাংশ বর্ণনাই ভূল। পড়তে এবং লিখতে ভূল করা হয়েছে। সেগুলোর সনদ এবং মতনে (ভাষায়়) অতিরঞ্জিত করা হয়েছে। তবে তার কতিপয় সহীহ হাদীস রয়েছে। নাসাঈ বলেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে শক্তিশালী নন। তার বর্ণনা কম হওয়া সম্বেও বেশী ভূল করেছেন। ইবনু মা'ঈন বলেন ঃ তার হাদীস লিখা যাবে না। দেখুন ঃ "আর-রাফ'উ ওয়াত তাকমীল" (পুঃ ১০২)।

ইবনু মা'ঈন হতে আবৃ হানীফা (রহ:) সম্পর্কে একাধিক মতামত এসেছে। একবার বলেছেন ঃ তিনি নির্ভরশীল, আবার বলেছেন ঃ তিনি দুর্বল, আবার বলেছেন ঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই, তিনি মিথ্যা বলেননি। আবার বলেছেন ঃ আবৃ হানীফা আমাদের নিকট সত্যবাদীদের অন্তর্ভুক্ত। তাকে মিথ্যার দোষে দোষী করা হয়নি।

এতে কোন সন্দেহ নেই আবৃ হানীফা (রহঃ) সত্যবাদীদের অন্তর্ভুক্ত। কিন্তু তার হাদীস গ্রহণযোগ্য হওয়ার জন্য তা যথেই নয়, যতক্ষণ পর্যন্ত তার সাথে আয়ত্ব্ ও স্মৃতি শক্তির সংযোগ না ঘটবে। কিন্তু তা তার ক্ষেত্রে সাব্যন্ত হয়নি বরং উল্লেখিত ইমামগণের সাক্ষ্য দ্বারা উল্টাটি সাব্যন্ত হয়েছে। তারা এমন এক জামা'আত যাদের সাক্ষ্য গ্রহণ এবং বক্তব্যের অনুসরণ কারার কারণে কেউ পথন্রন্ত হয় না। আর তার সম্পর্কে তাদের উক্ত সাক্ষ্য ও উক্তি ইমাম সাহেবের দীনদারী, সংযমশীলতা ও ফিকহের ক্ষেত্রে মানহানিকরও নয়। যেমনটি তাঁর পরবর্তী কিছু অন্ধভক্ত ধারণা করে থাকে। বহু ফাকীহ, কাযী ও নেককার সম্পর্কেই হাদীস শাস্ত্রের ইমামগণ তাদের মুখস্থ এবং আয়ত্ব শক্তিতে ক্রটি থাকার কারণে সমালোচনা করেছেন। তথাপিও তা তাদের দীন ও ন্যায়পরায়নতার ক্ষেত্রে ক্রটিযুক্ত করেছে বলে ধরা হয় না। যেমন মুহাম্মাদ ইবনু আন্দির রহমান ইবনে আবী লায়লা আল-কাযী, হাম্মাদ ইবনু আবী সুলায়মান আল-ফাকীহ, গুরায়েক ইবনু আন্দিল্লাহ আল-কাযী এবং আব্বাদ ইবনু কাসীর ও আরো অনেকে। এমনকি ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ কান্তান বলেন ঃ

'আমরা সালেহীনদের (সৎ কর্মশীলদের) চেয়ে হাদীসের ক্ষেত্রে বেশী মিথ্যুক দেখি না।' এটি বর্ণনা করেছেন মুসলিম তার সহীহার মুকাদ্দিমাতে (১/১৩), অতঃপর এর ব্যাখ্যায় বলেছেন ঃ

তাদের মুখে মিথ্যা প্রবাহিত হয়েছে, অথচ তারা ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলেননি। তিনি (ইমাম মুসলিম) আব্দুল্লাহ ইবনুল মুবারাক হতে বর্ণনা করেছেন, তিনি বলেন ঃ আমি সুফিয়ান সাওরীকে বললাম ঃ আব্বাদ ইবনু কাসীরের সততা ও পরহেজগারিতার অবস্থা সম্পর্কে আপনি জানেন। কিন্তু তিনি যখনই হাদীস বর্ণনা করেছেন, মহা সমস্যা নিয়ে এসেছেন। অতঃপর আপনি মতামত দিয়েছেন যে, আমি যেন লোকদেরকে বলি তোমরা তার থেকে গ্রহণ করো না? সুফিয়ান বললেন ঃ হ্যা। আব্দুল্লাহ বললেন ঃ আমি যখন কোন মজলিসে থাকতাম এবং সেখানে আব্বাদ সম্পর্কে আলোচনা হতো, তখন তার ধার্মিকতার বিষয়ে প্রশংসা করতাম এবং বলতাম তার থেকে তোমরা গ্রহণ করো না।

আমি (আলাবনী) বলছি ঃ এটিই হচ্ছে হক ও ইনসাফ ভিত্তিক কথা। এর উপরই আসমান ও যমীন প্রতিষ্ঠিত। ফিকহের পাণ্ডিত্য এক জিনিস আর হাদীস বহন ও তার হেফ্য করা হচ্ছে অন্য জিনিস। প্রতিটি বিষয়ের জন্যেই রয়েছে বিশেষ বিশেষ পণ্ডিতগণ। কোন সন্দেহ নেই ফিকহের বিদ্যায় এবং তার বুঝের ক্ষেত্রে তাঁর (আবৃ হানীফার) মর্যাদা সুউচ্চ।

এ কারণেই ইমাম শাফে'ঈ বলেছেন ঃ 'ফিকহের ক্ষেত্রে মানুষ আবৃ হানীফার মুখাপেক্ষী।'

তবে তার কোন কোন গোঁড়া ভক্তদের আল্লাহকে ভয় করা উচিত। যারা ইমাম দারাকুতনীকে আক্রমণ করে থাকেন, ইমাম আবৃ হানীফা (রহ:) সম্পর্কে হাদীসের ক্ষেত্রে দুর্বল এ কথা বলার কারণে। কারণ তিনি এরপ মন্তব্যকারী একা নন। তার সাথে রয়েছেন বড় বড় বিজ্ঞ মুহাদ্দিসগণও যেমনভাবে আপনারা জেনেছেন।

আলোচ্য হাদীসটি ইবনুল জাওয়ী তার "আল-মাওয়্'আত" গ্রন্থে (৩/১২৭) প্রথম সূত্রে উল্লেখ করে বলেছেন, দারাকুতনী বলেন ঃ হাদীসটি বাতিল, এটির কোন ভিত্তি নেই। আবৃ কুরয হচ্ছেন আব্দুল্লাহ ইবনু কুরয়; তিনি মাতরুক। সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৮৯) তার বক্তব্যকে সমর্থন করেছেন।

সম্ভবত সহীহ্ হাদীসের সাথে এ হাদীসটির বিরোধ হওয়ার কারণে।

রসূল (ﷺ) বলেছেন ঃ 'আহলে কিতাবদ্বয়ের দিয়াত মুসলমানদের দিয়াতের অর্ধেক, তারা হচ্ছে ইয়াহূদ ও নাসারা।'

এ হাদীসটি ইমাম আহমাদ (নং ৬৬৯২-৫৭১৬), ইবনু আবী শায়বা "আলমুসানাফ" গ্রন্থে (১১/২৬/২) এবং সুনানের রচয়িতাগণ বর্ণনা করেছেন। দারাকুতনী
এবং বাইহাক্বীও বর্ণনা করেছেন। হাদীসটিকে তিরমিয়ী হাসান আখ্যা দিয়েছেন এবং
ইবনু খুযায়মা বলেছেন ঃ সহীহ; যেমনিভাবে হাফিয ইবনু হাজার "বুলুগুল মারাম"
গ্রন্থে (৩/৩৪২-সুবুলুস সলাম সহ) বলেছেন।

আমার নিকটেও এ হাদীসটির সনদ হাসান। আর এ কারণেই সুয়ূতীর উচিত ছিল আলোচ্য হাদীসটিকে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ না করা। আবৃ দাউদেও এরপ হাদীস এসেছে। যার শাহেদও ইবনু উমার (﴿

-এর হাদীস হতে "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১৮৮/১) এসেছে। আমি আলোচ্য হাদীসের বিপরীতে এ হাসান হাদীসটির "ইরওয়াউল গালীল" গ্রন্থে (২২৫১) তাখরীজ করেছি।

٤٥٩. (صَامَ ثُوْحٌ عَلَيْهِ الصَّلاَةُ وَالسَّلاَمُ الدَّهْرَ؛ إلاَّ يَوْمَ الْقِطْرِ، وَيَوْمَ الصَّدَى).

৪৫৯। (ঈদুল) ফিতর এবং যুহার (কুরবানী) দিন বাদ দিয়ে নৃহ (আ:) সারা বছর ধরে সওম পালন করেছেন।

# श्मीअि पूर्वम ।

এটি ইবনু মাজাহ্ (১/৫২৪) ইবনু লাহী'য়াহ সূত্রে জা'ফার ইবনু রাবী'য়াহ হতে ...বর্ণনা করেছেন।

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (কাফ ১০৮/২) বলেন ঃ ইবনু লাহী'য়াহ দুর্বল হওয়ার কারণে সনদটি দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ সনদের অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (২/৮২) আবৃ ফারাসকে চেনা যায় না হিসাবে উল্লেখ করেছেন। তা ঠিক নয়, কারণ তার নাম হচ্ছে ইয়াযীদ ইবনু রাবাহ আস-সাহমী মিসরী। আজালী তাকে "আস-সিকাত" গ্রন্থে (নং ১৫৭২) উল্লেখ করেছেন। তিনি তাবে'ঈ নির্ভরযোগ্য। তিনি ইমাম মুসলিমের বর্ণনাকরী।

এছাড়া যদি হাদীসটি সহীহও হয়; তবুও তার উপর আমল করা জায়েয হবে না। কারণ এটি ছিল আমাদের পূর্ববর্তীদের শারী'য়াতে। সেটি আমাদের শারী'য়াত নয়। কারণ আমাদেরকে সিয়ামুদ দাহার হতে নিষেধ করা হয়েছে, যা নাসাঈ (১/৩২৪) সহীহ্ সনদে বর্ণনা করেছেন।

٤٦٠. (أَنَا أُولِي مَنْ وَقَى بِذِمَّتِهِ. قَالَهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حِيْنَ أَمَرَ بِقَتْل مُسلِم كَانَ قَتَل رَجُلاً مِنْ أَهُل الدَّمَّةِ).

8৬০। যে তার যিম্মাদারিত্ব পূর্ণ করে তাদের মধ্যে আমি উত্তম। রসূল (戀) এ কথাটি সেই সময়ে বলেছিলেন যখন তিনি যিম্মীদের এক ব্যক্তিকে হত্যা করার দায়ে এক মুসলিম ব্যক্তিকে হত্যার নির্দেশ দেন।

#### হাদীসটি মুনকার।

এটি ইবনু আবী শায়বা (১১/২৭/১), আব্দুর রায্যাক (১৮৫১৪), আবৃ দাউদ "আল-মারাসীল" গ্রন্থে (২০৭/২৫০), তাহাবী (২/১১১), দারাকুতনী (পৃ: ৩৪৫) ও বাইহাক্বী (৮/২০-২১) রাবী গ্লাহ ইবনু আবী আব্দির রহমান সূত্রে আব্দুর রহমান ইবনু বায়লামানী হতে বর্ণনা করেছেন।

ইমাম তাহাবী মুরসাল বলে এটির সমস্যা বর্ণনা করেছেন। দারাকুতনী এবং বাইহাক্বী এটিকে নাবী (ﷺ) পর্যন্ত আম্মার ইবনু মাতার সূত্রে পৌছিয়েছেন। যার সনদে ইব্রাহীম ইবনু মুহাম্মাদ আসলামী এবং ইবনু বায়লামানী রয়েছেন।

দারাকৃতনী বলেন ঃ এটিকে ইব্রাহীম ছাড়া অন্য কেউ মুসনাদ হিসাবে বর্ণনা করেননি। তিনি মাতরূকুল হাদীস। সঠিক হচ্ছে রাবী'য়াহ ইবনুল বায়লামানীর মধ্যমে নাবী (ﷺ) থেকে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। ইবনুল বায়লামান দুর্বল। যখন তিনি মওসুল হিসাবে বর্ণনা করেন, তখন তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। অতএব কীভাবে তার মুরসালকে দলীল হিসাবে গ্রহণ করা যায়?

হাফিয ইবনু হাজার তার এ কথাকে "ফাতহুল বারী" গ্রন্থে (১২/২২১) সমর্থন করেছেন।

বাইহাক্বী সালেহ ইবনু মুহাম্মাদের উদ্ধৃতিতে বলেন ঃ হাদীসটি মুরসাল মুনকার। আমি (আলবানী) বলছি ঃ অন্য দু'টি সূত্রে মুরসাল হিসাবে বর্ণনা করা হয়েছে ঃ ১। একটির সনদে ইয়াহ্ইয়া ইবনু সলাম রয়েছেন। তিনি তার শাইখ মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদ হতে ...বর্ণনা করেছেন।

এটি তাহাবী বর্ণনা করেছেন।

এটি মুরসাল হওয়া সত্ত্বেও নিতান্তই দুর্বল। ইয়াহ্ইয়াকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন আর মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদ নিতান্তই দুর্বল। বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস। নাসাঈ বলেন ঃ তিনি নির্ভরযোগ্য নন।

২। এ সনদটিতে আব্দুল্লাহ ইবনু ইয়াকৃব রয়েছেন। তিনি তার শাইখ আব্দুল্লাহ ইবনু আব্দিল আযীয ইবনে সালেহ হাযরামী হতে ...বর্ণনা করেছেন।

এটি আবৃ দাউদ তার "আল-মারাসীল" গ্রন্থে (২০৮/২৫১) বর্ণনা করেছেন। যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (৪/৩৩৬) বলেন, ইবনুল কান্তান তার কিতাবে বলেন ঃ আব্দুল্লাহ ইবনু ইয়াকৃব এবং আব্দুল্লাহ ইবনু আব্দিল আযীয়; তারা উভয়েই মাজহুল। তাদের দু'জনের জীবনী পাচ্ছি না।

অতঃপর তিনি (যায়লা'ঈ) তা স্বীকার করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সূত্রগুলো খুবই দুর্বল। এসব দ্বারা আলোচ্য হাদীসটি শক্তিশালী হয় না। এছাড়া সহীহ হাদীস তার বিপরীতে থাকার কারণে হাদীসটির দুর্বলতাকে আরো বৃদ্ধি করছে। রসূল (ﷺ) বলেছেন ঃ 'لَا يُقِتَّلُ مُسْلِّمٌ' कांक्तिरत হত্যার দায়ে কোন মুসলিমকে হত্যা করা যাবে না।'

হাদীসটি বুখারী (১২/২২০) ও অন্যরা 'আলী (🕸) হতে বর্ণনা করেছেন।

এটিই হচ্ছে জামহুরে ওলামার মত। কিন্তু হানাফী আলেমগণ সহীহ হাদীস বাদ দিয়ে আলোচ্য দুর্বল ও মুনকার হাদীসটি গ্রহণ করেছেন। অবশ্য তাদের কেউ কেউ সহীহ হাদীসের দিকে ফিরে এসে ইনসাফ করেছেন। যেমন বাইহাক্বী এবং খাতীব বাগদাদীর "আল-ফাকীহ" গ্রন্থের (২/৫৭) মধ্যে এসেছে আব্দুল ওয়াহেদ ইবনু যিয়াদের সাথে আলোচনার পর ইমাম যুফার প্রত্যাবর্তন করেন। আবৃ ওবায়দাও অনুরূপ বর্ণনা করেছেন। এটির সনদটি সহীহ্ যেমনভাবে হাফিয ইবনু হাজার বলেছেন।

উসতাদ মওদৃদী তার "হুক্কুল আমা লি আহলিয় যিমা" গ্রন্থে উল্লেখ করেছেনঃ

- ১। "যিন্মীর দিয়াত হচ্ছে মুসলমানের দিয়াত।" এ হাদীসটির অবস্থা সম্পর্কে ৪৫৮ নং হাদীসের মধ্যে অবহিত হয়েছেন।
- ২। "যিম্মীর খুন মুসলিম ব্যক্তির খুনের ন্যায়। যদি কোন মুসলিম ব্যক্তি কোন যিম্মীকে হত্যা করে, তাহলে তার থেকে তার জন্য কিসাস নেয়া হবে, যেমনভাবে কোন মুসলিম ব্যক্তিকে হত্যার দায়ে কিসাস নেয়া হতো।"

এ হাদীসটি দারাকুতনীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। যেটির সনদ সম্পর্কে আলোচনা করা হয়েছে। দারাকুতনী নিজেই এটিকে দুর্বল বলেছেন।

অতঃপর তিনি কতিপয় আসার তিন খালীফা হতে বর্ণনা করেছেন; উমার, উসমান ও আলী (🎄) থেকে।

উমার (ﷺ) হতে ইব্রাহীম নাখ'ঈর বর্ণনায় একটি ঘটনা উল্লেখ করা হয়েছে যে, বানু বাকরের এক ব্যক্তি কর্তৃক এক যিন্দীকে হত্যার দায়ে কাতিলকে উমার (ﷺ) মাকত্লের অভিভাবকদের নিকট তুলে দিতে বলেছিলেন এবং তাই করা হয়েছিল। অতঃপর তারা তাকে হত্যা করে।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি সহীহ নয়। কারণ ইব্রাহীম নার্খঈ উমার (ﷺ)-এর যুগকে পাননি।

এটি আব্দুর রায্যাক তার "আল-মুসান্নাফ" গ্রন্থে সংক্ষেপে (১০/১০১/১৮৫১৫) এবং বাইহাক্বী "আল-মা'রিফাত" গ্রন্থে পূরোটাই বর্ণনা করেছেন, যেমনভাবে "নাসবুর রায়া" গ্রন্থে (৪/৩৩৭) এসেছে। বাইহাক্বীর সনদে আবৃ হানীফা (রহঃ) রয়েছেন। তার অবস্থা সম্পর্কে আপনারা একটি হাদীস পূর্বে অবহিত হয়েছেন।

এটি মওসূল হিসাবে অন্য সূত্র হতে এসেছে। তবে ভাষায় কিছু বেশী আছে যা দলীল গ্রহণ করাকে নষ্ট করে দেয়, যদি সেটি সহীহ্ হত। কারণ তাতে বলা হয়েছে ঃ উমার (ॐ) দিয়াত দিতে বলেছেন। হত্যা করতে নিষেধ করেছেন। এটি তাহাবী (২/১১২) বর্ণনা করেছেন।

উসমান (ॐ)-এর আসার; দীর্ঘ ঘটনার সার সংক্ষেপ হচ্ছে এই যে, উমার (ॐ)-কে হত্যাকারী আবৃ লূল্ওয়াকে হত্যার জন্য তাঁর ছেলে ওবায়দুল্লাহ আবৃ লূল্ওয়ার ছোট মেয়ের নিকট যান। সে ছিল ইসলামের দাবীদার। অতঃপর তিনি তাকে হত্যা করেন এবং তার সাথে হুরমুযান ও যুফায়নাকে (সে নাসরানী ছিল)

হত্যা করেন। ঘটনা উসমান (ﷺ)-এর নিকট পৌছলে তিনি এ বিষয়ে সকলের সাথে পরামর্শ করেন। যাতে তারা সকলে তাকে কিসাস হিসাবে হত্যার সিদ্ধান্ত দেন। কিন্তু লোকদের মাঝে বেশী হট্টগোল দেখা দিলে, তিনি সিদ্ধান্ত পরিবর্তন করেন। যার ফলে দু'ব্যক্তি এবং এক মেয়ের দিয়াত দেয়া হয়।

এটি তাহাবী "শারহু মা'য়ানীল আসার" গ্রন্থে (২/১১১) সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব হতে বর্ণনা করেছেন। যার সনদে আব্দুল্লাহ ইবনু সালেহ রয়েছেন। তার মধ্যে দুর্বলতা রয়েছে।

কিন্তু ইবনু সা'দ "আত-তাবাকাত" গ্রন্থে (৩/১/২৫৬-২৫৮) অন্য সূত্রে সহীহ সনদে সা'ঈদ হতে বর্ণনা করেছেন। যার বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি মুরসাল। কারণ উমার (﴿﴿﴿﴾) কে হত্যা করার সময় সে (সা'ঈদ) ছিল ছোট। তার বয়স তখন নয় বছরেরও কম। যার বয়স এত কম সে কীভাবে এরূপ সংবাদ শিক্ষা নিতে পারে?

যাই হোক যিন্দী হত্যার দায়ে তাকে হত্যার সিদ্ধান্ত হয়েছিল ঘটনাটি এমন নয়। কারণ তিনি যুফায়না নাসরানীর সাথে আরো দু'জন মুসলমানকে হত্যা করেন। আবৃ লূল্য়ার মেয়ে এবং হুরমুযানকে। হুরমুযান ছিল একজন মুসলিম, যেমনভাবে বাইহাক্বীর বর্ণনায় এসেছে। অতএব তাকে হত্যার সিদ্ধান্ত নেয়া হয়েছিল দু'জন মুসলিমকে হত্যার জন্যে। সেই নাসরানীকে হত্যার দায়ে নয়।

আলী (ॐ) হতে যে আসারটি এসেছে; সেটি উমার (ॐ)-এর আসারের ন্যায়। তাতে মাকতৃলের [নিহতের] ভাই হত্যাকারীকে ক্ষমা করে দিয়েছিলেন...।

এটির সনদটি দুর্বল। যায়লা'ঈ (৪/৩৩৭) এবং অন্যরা এটিকে দুর্বল আখ্যা দিয়েছেন। তার আসারটির সমস্যায় বলেছেন ঃ তাতে হুসাইন ইবনু মায়মূন রয়েছেন। তার সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে শক্তশালী নন।

বুখারী তাকে দুর্বলদের মধ্যে উল্লেখ করেছেন।
এটির সনদে আরো রয়েছেন কায়স ইবনু রাবী', তিনিও দুর্বল।
তার পরেও এটি সহীহ হাদীস বিরোধী, যেটি পূর্বে আলোচিত হয়েছে।
.(النُسَاءُ لَعَبُ قَنْمُرُواً). ٤٦١

৪৬১। নারীরা হচ্ছে খেলনার পাত্র, অতএব তোমরা তাদের বাছাই করে নাও। হাদীসটি মুনকার।

এটি হাকিম তার "আত-তারীখ" গ্রন্থে এবং তার থেকে দাইলামী মু'য়াল্লাক হিসাবে (৩/১১০) ইবনু লাহী'য়ার সূত্রে আহওয়াস ইবনু হাকীম হতে...মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" প্রন্থে (২/১৮৯) হাদীসটি অনুরূপ অর্থে আলী (毒)-এর হাদীসের শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। ইবনুল জাও্যী বলেন ঃ এটি সহীহ নয়।

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী অভ্যাসগতভাবে এ শাহেদটির ব্যাপারে চুপ থেকেছেন, অথচ সেটি নিতান্তই দুর্বল। তাতে তিনটি সমস্যা রয়েছে ঃ

ইবনু লাহী য়াহ দুর্বলতায় প্রসিদ্ধ।

আহওয়াস; তার সম্পর্কে ইবনু মা'ঈন এবং ইবনুল মাদীনী বলেন ঃ তিনি কিছুই না।
তার পরেও এটি হচ্ছে মুনকাতি'। আহওয়াস এবং আম্রের মধ্যে বিচ্ছিন্নতা
রয়েছে।

এ জন্যে ইবনু আররাক (২/২২৬) বলেন ঃ হাদীসটির সনদ দুর্বল।

হাদীসটি দুর্বল ও মুনকার হওয়ার প্রমাণ বহন করছে নাবী (ﷺ) হতে সাব্যস্ত এ হাদীসটি ''إنما النساء شفائق الرجال'' 'নারীরা হচ্ছে পুরুষদের সহোদর।' সহীহ্ আবৃ দাউদ ঃ (২৩৪)।

٤٦٢. (إِنَّمَا النَّسَاءُ لَعَبّ، فَمَنِ اتَّخَدُ لَعْبَةً؛ فَلْيُحْسِنْهَا، أَوْ فَلْيَسْتُحْسِنْهَا).

৪৬২। মেয়েরা হচ্ছে খেলনার পাত্র। অতএব যে ব্যক্তি খেলনা গ্রহণ করবে, সে তার সাথে উত্তম আচরণ করবে অথবা তাকে ভালভাবে গ্রহণ করবে।

# হাদীসটি দুর্বল।

এটি হারিস ইবনু আবৃ উসামা তার "মুসনাদ" গ্রন্থে (পৃ: ১১৬) বর্ণনা করেছেন। যার সনদে আহমাদ ইবনু ইয়াযীদ এবং যুহায়ের ইবনু মুহামাদ রয়েছেন...।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদটি তিনটি কারণে দুর্বল ঃ

এটি মুরসাল; কারণ আবৃ বাক্র ইবনু মুহাম্মাদ ইবনে আম্র ইবনে হাযম আনসারী একজন তার্বেন্ট। তিনি ১২০ সালে মারা যান।

যুহায়ের ইবনু মুহাম্মাদ খুরাসানী শামী; তিনি দুর্বল।

এছাড়া বর্ণনাকারী আহমাদ ইবনু ইয়াযীদকে চিনি না। তিনি যদি ইবনু ওয়ারতানীস মিসরী হন, তাহলে তিনি দুর্বল।

٤٦٣. (فِيْمَا سَقَتِ السَّمَاءُ الْعُثْنُ، وَفِيْمَا سُقِيَ بِنْضُحْ أَوْ غَرْبِ نِصَفُ الْعُثْنِ فِي قَلِيْلِهِ وَكَثِيْرِهِ).

৪৬৩। আসমান যে যমীনে পানি (বৃষ্টি) দিবে তাতে উৎপন্ন শধ্যে দশমাংশ, আর যে যমীনে সেচের মাধ্যমে (উট ব্যবহারের দ্বারা) বা বাল্টি দিয়ে পানি দেয়া হয়েছে তাতে উৎপন্ন শধ্যে বিশমাংশ যাকাত দিতে হবে। উৎপন্ন শধ্য কম হোক আর বেশী হোক কোন পার্থক্য নেই।

হাদীসটি এ বর্ধিত অংশের কারণে ''في قليله وكثيره'' জাল।

এটি আবৃ মুতী' আল-বালখী আবৃ হানীফা (রহ:) হতে, তিনি আবান হতে, তিনি আবৃ আইয়াশ হতে, তিনি রস্ল (鑑) হতে এক ব্যক্তির মাধ্যমে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি বানোয়াট। আবৃ মতী বালখীর নাম হাকাম ইবনু আন্দিল্লাহ, তিনি আবৃ হানীফার (রহ:) সাথী। তার সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি ছিলেন মিথ্যুক।

জুযজানী বলেন ঃ তিনি ছিলেন মুরজিয়া সম্প্রদায়ের হাদীস জালকারী নেতাদের একজন।

তাকে ইমামগণ দুর্বল বলেছেন। যাহাবী তাকে হাদীস জাল করার দোষে দোষী করেছেন।

আবান ইবনু আবী আইয়াশও মিথ্যার দোষে দোষী।

যায়লা'ঈ হাদীসটি "নাসবুর রায়া" গ্রন্থের মধ্যে (২/৩৮৫) উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ ইবনুল জাওয়ী "আত-তাহকীক" গ্রন্থে বলেন ঃ হানাফীরা আবৃ হানীফা (রহ ঃ) হতে যে সব হাদীস আবৃ মৃতী' বালখী বর্ণনা করেছেন তার দ্বারা দলীল গ্রহণ করেছেন। অতঃপর বলেছেন ঃ এ সনদটি কোন বস্তুরই সমতুল্য নয়। আবৃ মৃতী' সম্পর্কে ইবনু মা'ঈন বলেন ঃ তিনি কিছুই না। আহমাদ বলেন ঃ তার থেকে বর্ণনা করা উচিত নয়। আবৃ দাউদ বলেন ঃ মুহাদ্দিসগণ তার হাদীসকে পরিত্যাগ করেছেন। আবানও নিতান্তই দুর্বল। তাকে গু'বা দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ "আল-মীযান" গ্রন্থে এসেছে শু'বা তাকে মিথ্যুক বলেছেন।

ইমাম বুখারী যে হাদীসটি তার সহীহার মধ্যে ইবনু উমার (ﷺ)-এর হাদীস হতে 'উৎপন্ন শষ্য কম হোক আর বেশী হোক কোন পার্থক্য নেই' এ অংশটুকু বাদ দিয়ে বর্ণনা করেছেন, সেটি আলোচ্য হাদীসটি মিথ্যা হওয়ার প্রমাণ বহন করছে। অনুরূপভাবে মুসলিম জাবের (ﷺ) হতে এবং তিরমিয়ী আবৃ হুরাইরাহ্ (ﷺ) হতে বর্ণনা করেছেন। "ইরওয়াউল গালীল" গ্রন্থে (৭৯৯) আমি এটির তাখরীজ করেছি।

এ বর্ধিত অংশটুকু যে বাতিল তাতে কোন প্রকার সন্দেহ নেই। এ বাতিল হওয়াকে আরো শক্তিশালী করছে বুখারী এবং মুসলিমে বর্ণিত রসূল (緣)-এর এ বাণী ह ''فيس فيما دون خمسة أوسق صدقة'' 'পাঁচ অসাকের নিচে কোন সাদাকা (যাকাত) নেই।' এটিরও "ইরওয়াউল গালীল" গ্রন্থে (৮০০) তাখরীজ করেছি।

ইমাম মুহাম্মাদ এ সহীহ হাদীস গ্রহণ করে তার শাইখ আবৃ হানীফা (রহ ঃ)-এর বিরোধিতা করেছেন। যেমনটি তিনি "কিতাবুল আসার" গ্রন্থে (পৃ: ৫২) এবং "মুওয়ান্তার" মধ্যে (পৃ: ১৬৯) স্পষ্টভাবে বলেছেন। যা বান্দাদের উপর ওয়াজিব নয় তা ওয়াজিব করে দেয়া হচ্ছে দুর্বল হাদী**সের** একটি মন্দ দিক। এ হাদীসটি তারও প্রমাণ বহন করছে।

٤٦٤. (الإيمَانُ مُثْبِتٌ فِي القَلْبِ كَالْجِبَالِ الرَّواسِي، وَزِيَادَتُهُ وَتَقْصُهُ كُفْرٌ ﴾.

৪৬৪। ঈমান অন্তরে স্থায়ী পর্বতমালার ন্যায় প্রতিষ্ঠিত। তার বৃদ্ধি হওয়া ও কমে যাওয়া কুফরী।

# হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (২/১০৩) উসমান ইবনু আন্দিল্লাহ ইবনে আম্র উমুবীর জীবনী আলোচনা করতে গিয়ে বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান এবং (তার অনুসরণ করে) যাহাবী বলেন ঃ

এ হাদীসটি আবৃ মুতী' হাম্মাদের উপর জাল করেছেন এবং তার থেকে চুরি করেছেন এ শাইখ (উসমান ইবনু আন্দিল্লাহ ইবনে আম্র ইবনে উসমান)। তিনি খুরাসানে এসেছিলেন, অতঃপর তাদের নিকট লায়স এবং মালেক হতে হাদীস বর্ণনা করেন। তিনি তাদের উপর হাদীস জাল করতেন। সাবধানতা অবলম্বনের উদ্দেশ্য ছাড়া তার হাদীস লিখাই হালাল নয়।

হাফিয ইবনু হাজার তার এ বক্তব্যকে "আল-লিসান" গ্রন্থে সমর্থন করেছেন।

এ আবৃ মুতী' হচ্ছেন সেই বালখী যিনি আবৃ হানীফা (রহ ঃ)-এর সাধী। পূর্বের হাদীসে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে (১/১৩১) হাকিমের বর্ণনায় আবৃ মুতী'র সূত্রে হাদীসটি বর্ণনা করে বলেছেন ঃ

এটি বানোয়াট। আবৃ মৃতী হচ্ছেন হাকাম ইবনু আদিল্লাহ, তিনি মিথ্যুক। আবৃ মুহায়ে্যমও একই রকম। তার থেকে চুরি করেছেন উসমান ইবনু আদিল্লাহ ইবনে আম্র ইবনে উসমান ইবনে আফ্ফান, তিনিও জালকারী মিথ্যুক। হাকিম বলেন ঃ সনদটিতে বহু অন্ধকার রয়েছে এবং হাদীসটি বাতিল। এর জন্য দায়ী আবৃ মৃতী । তার থেকে চুরি করেছেন উসমান, অতঃপর হাম্মাদ হতে বর্ণনা করেছেন।

সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৮) তার বক্তব্যকে সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি ঈমান বাড়ার বিষয়ে বহু সুস্পষ্ট আয়াত বিবোধী।

यमन স्त्रा कांणार्ट्त 8 नः आয়ांण वदः স्त्रा आनकांला २ नः आয়ांण ।
 (إنَّ لَغْهُ إِسْمَاعِيلُ كَاتَتْ قَدْ دَرَسَتْ، قَاتَاتِيْ بِهَا حِبْرِيلُ، فَحَفِظتُهَا).

৪৬৫। ইসমাঈলের ভাষা শিক্ষা গ্রহণ করেছিল। আমার নিকট জিবরীল তা নিয়ে আসেন, অতঃপর আমি তা হেফ্য করি।

# হাদীসটি দুর্বল।

এটি হাকিম "মা'রিফাতু উল্মিল হাদীস" গ্রন্থে (পৃ: ১১৬) আলী ইবনু খাসরাম সূত্রে 'আলী ইবনু হুসাইন হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটির সমস্যা হচ্ছে সনদে বিচ্ছিন্নতা আলী ইবনু হুসাইন এবং উমার (ﷺ)-এর মধ্যে।

হাদীসটিকে হাকিম এবং অনুরূপভাবে গাতরীফ মওসূল হিসাবে তার "জুযউ" গ্রন্থে (পাতা ৪/২) হামেদ (এর স্থলে জুযউ গাতরীফ গ্রন্থে: হাম্মাদ এসেছে) ইবনু আবী হামযা সাকারীর সূত্রে ...উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হামেদ অথবা হাম্মাদের জীবনী পাচ্ছি না। তার পিতা আবৃ হামযা প্রসিদ্ধ এবং নির্ভরযোগ্য। তার নাম মুহাম্মাদ ইবনু মায়মূন। তার জীবনী রচয়িতাগণ তার থেকে বর্ণনাকারী হিসাবে তার ছেলের নাম উল্লেখ করেননি।

ইবনু আসাকির বলেন ঃ হাদীসটি গারীব রোগাক্রান্ত।

٤٦٦. (عُلَمَاءُ أُمَّتِيْ كَالْبَيَاءِ بَنِي إِسْرَائِيلَ).

৪৬৬। আমার উম্মাতের আলেমগণ বানি ইসরাইলের নাবীগণের ন্যায়।

সকল আলেমের ঐক্যমতে এটির কোন ভিত্তি নেই।

পথভ্রম্ভ কাদিয়ানী সম্প্রদায় নাবী (ﷺ)-এর পরে নবুয়াত অবশিষ্ট থাকার প্রমাণ হিসাবে এটির দ্বারা দলীল গ্রহণ করেছে। যদি সহীহ্ হত তাহলে তাদের বিপক্ষে এটি দলীল হত। যেমনটি একটু চিন্তা করলেই স্পষ্ট হয়ে যাবে।

٤٦٧. (مَنْ صلَّى بَيْنَ الْمَغْرِبِ وَالْعِثْمَاءِ عِثْمُرِيْنَ رَكْعَةً؛ بَنَى اللهُ لَهُ بَيْنَا فِي الْجَنَّةِ.

৪৬৭। যে ব্যক্তি মাগরীব এবং এশার মধ্যে বিশ রাকা'য়াত সলাত আদায় করবে, আল্লাহ তার জন্য জান্লাতে একটি ঘর তৈরি করবেন।

#### হাদীসটি জাল।

এটি ইবনু মাজাহ (১/৪১৪) এবং ইবনু শাহীন "আত-তারগীব ওয়াত তারহীব" থছে (কাফ ১৭২/১, ২৭৭-২৭৮) ইয়াক্ব ইবনু ওয়ালীদ মাদীনীর সূত্রে হিশাম ইবনু উরওয়া হতে ...বর্ণনা করেছেন।

বৃসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (কাফ ৮৫/১) বলেন ঃ

এটির সনদে ইয়াকৃব ইবনুল ওয়ালীদ রয়েছেন। তিনি দুর্বল এ ব্যাপারে সকলেই একমত। তার সম্পর্কে ইমাম আহমাদ বলেন ঃ তিনি বড় বড় মিথ্যুকদের অন্তর্ভুক্ত। তিনি হাদীস **স্থাল** করতেন। আমি (আলবানী) বলছি ঃ ইবনু মা'ঈন এবং আবৃ হাতিমও তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। তা সত্ত্বেও সুয়ৃতী তার এ হাদীসটিকে "জামেউ'স সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

জেনে রাখুন ঃ মাগরীব এবং এশার মধ্যে রাকা'য়াতের সংখ্য উল্লেখ করে সলাত আদায়ে উৎসাহিত করে যে সব হাদীস এসেছে সেগুলোর কোনটিই সহীহ নয়। বরং একটি অন্যটির চেয়ে বেশী দুর্বল। এ সময়ে রসূল (緣) রাকা'য়াতের সংখ্যা নির্দিষ্ট না করে সলাত আদায় করেছেন তা সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। তবে তাঁর বাণী হিসাবে যা কিছু বর্ণিত হয়েছে তা নিতান্তই দুর্বল। তার উপর আমল করা জায়েয হবে না।

٢٦٨. (مَنْ صلَّى سبت ركَعَات بعث المغرب قبل أنْ يتَكَلَّم؛ غْفِرَ لهُ بِهَا الْمُعْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّم؛ غُفِرَ لهُ بِهَا الْمُعْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّم؛ غُفِرَ لهُ بِهَا الْمُعْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّمَ؛ غُفِرَ لهُ بِهَا

৪৬৮। যে ব্যক্তি মাগরীবের পরে কথা বলার পূর্বেই ছয় রাকা'য়াত সলাত আদায় করবে; তা দারা তার পঞ্চাশ বছরের গুনাহগুলো ক্ষমা করে দেয়া হবে।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু নাসর "কিয়ামুল্লাইল" গ্রন্থে (পৃ: ৩৩) মুহাম্মাদ ইবনু গাযুওয়ান দামেস্কী সূত্রে ...বর্ণনা করেছেন।

হাদীসটি ইবনু আবী হাতিম তার "আল-ইলাল" গ্রন্থে এ সূত্রেই (১/৭৮) উল্লেখ করেছেন, অতঃপর বলেছেন ঃ

আবৃ যুর'য়াহ বলেন ঃ তোমরা এ হাদীসটিকে প্রহার কর। কারণ এটি বানোয়াট হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ। মুহাম্মাদ ইবনু গাযুওয়ান দামেস্কী মুনকারুল হাদীস।

٤٦٩. (مَنْ صلَى سبت ركعات بعد المغرب ولم يتكلم فيما بيلهن بسوء؛ عُدِلْنَ له يعِيادَةِ ثِثْثَى عَشْرَة سنة).

৪৬৯। যে ব্যক্তি মাগরীবের পরে ছয় রাকা'ব্যাত সলাত আদায় করবে এমতাবস্থায় যে, সে তার মাঝে কোন মন্দ কথা বলবে না। এ সলাত তার জন্য বার বছরের ইবাদাতের সমতুল্য হয়ে যাবে।

# হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইমাম তিরমিয়ী (২/২৯৯), ইবনু মাজাহ্ (১/৩৫৫, ৪১৫) এবং ইবনু নাস্র (পৃঃ ৩৩), ইবনু শাহীন "আত-তারগীব" গ্রন্থে (২/২৭২), মুখাল্লেস "আল-ফাওয়ায়েদুল মুন্তাকাত" গ্রন্থে (৮/৩৪/১), আসকারী "মুসনাদু আবী হুরাইরাহ্" গ্রন্থে (১/৭১) এবং ইবনু সাম'উন ওয়ায়েয "আল-আমালী" গ্রন্থে (১/৬১/২) উমার ইবনু আবী খাসয়াম সূত্রে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর হতে ...বর্ণনা করেছেন। তিরমিয়ী বলেন ঃ হাদীসটি গারীব। এটিকে উমার ইবনু আবী খাসয়াম ছাড়া অন্য কোন মাধ্যমে চিনি না। আমি মুহাম্মাদ ইবনু ইসমা'ঈল বুখারীকে বলতে শুনেছি ঃ উমার ইবনু আবী খাসয়াম মুনকারুল হাদীস। তাকে তিনি নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন।

যাহাবী তার জীবনীতে বলেছেন ঃ তার দু'টি মুনকার হাদীস রয়েছে, সে দু'টোর এটি একটি।

٠٧٠. (الوُضُوعُ مِنْ كُلّ دَم سَاتِل).

8৭০। প্রত্যেক প্রবাহিত খুনেই (রক্তেই) ওয়্ করতে হবে। হাদীসটি দুর্বল।

এটি দারাকৃতনী তার "সুনান" গ্রন্থে (পৃ: ১৫৭) বাকিয়া সূত্রে ইয়াযীদ ইবনু খালেদ হতে, তিনি ইয়াযীদ ইবনু মুহাম্মাদ হতে, তিনি উমার ইবনু আব্দিল আযীয হতে এবং তিনি তামীমুদ দারেমী হতে ...বর্ণনা করেছেন।

দারাকুতনী তার দোষ বর্ণনা করতে গিয়ে বলেন ঃ উমার ইবনু আদিল আযীয তামীমুদ দারেমী হতে শুনেননি এবং তিনি তাকে দেখেনও নি। এ দুই ইয়াযীদ মাজহূল।

যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্রন্থে (১/৩৭) তার এ বক্তব্যকে সমর্থন করেছেন। আমি (আলবানী) বলছি ঃ বাকিয়া মুদাল্লিস আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। এটি আরেকটি দোষ।

আব্দুল হক "আল-আহকাম" প্রন্থে (কাফ (১৩/২) বলেন ঃ এটির সনদ মুনকাতি' (বিচ্ছিন্ন)।

হাদীসটি ইবনু আদী আহমাদ ইবনু ফারাজের জীবনীতে বাকিয়া ...হতে বর্ণনা করেছেন। যায়লা স্ট বলেন ঃ

ইবনু আদী বলেছেন ঃ আহমাদ ছাড়া হাদীসটি অন্য কারো মাধ্যমে চিনি না। আর তিনি সেই দলের অন্তর্ভুক্ত যাদের হাদীস দ্বারা দলীল গ্রহণ করা যায় না, কিন্তু লিখা যায়। কারণ লোকদের নিকট সে দুর্বল হলেও তার হাদীস হাদীস হিসাবে গণ্য হওয়ার সম্ভাবনা রয়েছে। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে বলেন ঃ আহমাদ ইবনু ফারাজ থেকে আমরা লিখেছি, আমাদের নিকট তার অবস্থান সত্যবাদী হিসাবে।

আমি (আলবানী) বলছি ঃ আহমাদ ইবনু ফারাজ হচ্ছেন হিমসী। হিজাজী হচ্ছে তার উপাধী। তাকে মুহাম্মাদ ইবনু আউফ নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। তিনিও হিমসী, অতএব তিনি তার সম্পর্কে অন্যদের চেয়ে বেশী জানেন। তিনি তার সম্পর্কে বলেন ঃ

তিনি মিথ্যুক, তার নিকট বাকিয়ার হাদীসের কোন ভিত্তি নেই এবং তাতে তিনি আল্লাহর সকল সৃষ্টির মধ্যে বেশী মিথ্যুক...।

অতঃপর তিনি তাকে তার ভাষায় মদ পান করার দোষে দোষী করেছেন। যা খাতীব বাগদাদী (৪/২৪১) বর্ণনা করেছেন এবং তার শেষে বলেছেন ঃ আমি আল্লাহর নাম নিয়ে সাক্ষ্য দিচ্ছি যে, তিনি মিথ্যুক।

অনুরূপভাবে তার সম্পর্কে যারা জানেন তারাও তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। অতএব কীভাবে তার দ্বারা দলীল গ্রহণ করা যায়।

ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (কাফ ৪৪/১) বলেছেন ঃ ... এ হাদীসটি (বাকিয়া সূত্রে) ত'বা হতে বাতিল।

হক কথা এই যে, রক্ত বের হলে ওয়ু ওয়াজিব হয় এ মর্মে বর্ণিত হাদীসগুলো সহীহ নয়। বাস্তবতা হচ্ছে এই যে, যা বর্ণিত হয়নি তা হতে বেঁচে চলা ও মুক্ত থাকাই হচ্ছে আসল। যেমনভাবে সিদ্ধান্ত দিয়েছেন শাওকানী ও অন্যরা। রক্ত বের হলে ওয়ু নষ্ট হয় না এটিই হিজাজীদের এবং মদীনার সাত ফাকীহগণের এবং তাদের পূর্ববর্তীদেরও সিদ্ধান্ত।

ইবনু আবী শায়বা "আল-মুসানাফ" গ্রন্থে (১/৯২) এবং বাইহাক্বী (১/১৪১) সহীহ সনদে বর্ণনা করেছেন ঃ

'ইবনু উমার তার চেহারার ব্রন (ছোট ফোঁড়া) টিপ দিলে কিছু রক্ত বের হয়ে যায়। তিনি তা তার দুই আংগুলের মধ্যে ঘষে ফেলেন। অতঃপর ওয় না করে সলাত আদায় করেন।'

ইবনু আবী শায়বা আবৃ হুরাইরাহ্ (🕸) হতেও অনুরূপ বর্ণনা করেছেন।

আব্দুল্লাহ ইবনু আবী আওফা (ﷺ) হতে সহীহ বর্ণনায় এসেছে, তিনি তার সলাতের মধ্যে রক্ত থুথু ফেলেন তার পরেও সলাত অব্যাহত রাখেন।

দেখুন ঃ "সহীহুল বুখারী ফতহুল বারী সহ" (১/২২২-২২৪) এবং "মুখতাসার বুখারীর" (১/৫৭) উপর আমার টীকায়।

٤٧١. (أبَى اللهُ أَنْ يَجْعَلَ لِلْبَلاءِ سُلْطَاتًا عَلَى بَدَن عَبْدِهِ الْمُؤْمِن)...

89)। আল্লাহ তা'আলা তাঁর মু'মিন বান্দার শরীরে বিপদের উদ্দেশ্যে কোন বাদশাকে নিয়োগ দিয়েছেন তা অস্বীকার করেছেন।

# হাদীসটি জাল।

এটি দাইলামী তার "মুসনাদ" থছে (১/৭৯-৮০) কাসেম ইবনু ইব্রাহীম ইবনে আহমাদ মালাতী সূত্রে আবৃ উমাইয়া মুবারাক ইবনু আন্দিল্লাহ হতে ...বর্ণনা করেছেন। সুয়ৃতী দাইলামীর বর্ণনায় "জামে'উস সাগীর" গ্রন্থে আনাস (ఉ) হতে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানাবী বলেন ঃ

তাতে কাসেম ইবনু ইব্রাহীম মালতী রয়েছেন; তিনি মিথ্যুক। তার সম্পর্কে "আল-লিসান" গ্রন্থে হাফিয বলেন ঃ বাতিল হাদীস হতে তার আজব আজব কথা রয়েছে।

আমি (আলবানী) বলছি ঃ সুয়ৃতী দাবী করেছেন যে, তার এ কিতাবকে তিনি জালকারী এবং মিথ্যুক হতে হেফাযাত করেছেন, তা সত্ত্বেও হাদীসটি "আল-জামে'" এন্থে উল্লেখ করেছেন?

বিশেষ করে এ হাদীসটি বাতিল হওয়াটা সুস্পষ্ট। কারণ নাবী (歸) হতে সাব্যস্ত হয়েছে তিনি বলেন ঃ "লোকদের মধ্যে সর্বাপেক্ষা কঠিন বিপদ হচ্ছে নাবীদের বিপদ, তার পর যারা তাদের ন্যায় এবং মু'মিনদের পরীক্ষা করা হবে তাদের দ্বীনদারিত্বের পরিমাপে।" দেখুন "সহীহাহ্" ১৪৩ নম্বর হাদীস।

আশ্চর্যের ব্যাপার এই যে, সুয়ৃতী দাইলামীর বর্ণনায় তার "যায়লুল মাওয়ু'আত" প্রন্থে (পৃ: ১৮৯) নিজে হাদীসটি জাল হিসাবে হুকুম লাগিয়েছেন। অতঃপর বলেছেন ঃ আল-খাতীব মালাতী সম্পর্কে বলেছেন যে, তিনি মিপ্যুক হাদীস জালকারী। তিনি আবু উমাইয়াহ হতে মালেকের উদ্ধৃতিতে আজব আজব বাতিল হাদীস বর্ণনা করেছেন। অন্যরা বলেছেন ঃ আবু উমাইয়াহ মুবারাক মাজহুলদের একজন। তার পরেও তিনি তার ''জামে''' গ্রন্থে উল্লেখ করেছেন।

٤٧٢. (الدِّينُ شَيْنُ الدِّينِ).

৪৭২। খাণ হচ্ছে ধর্মের অপমান স্বরূপ।

#### रामीमिं छान।

এটি কাযা'ঈ "মুসনাদৃশ শিহাব" গ্রন্থে (৪/১) আব্দুল্লাহ ইবনু শাবীব ... হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু শাবীবকে ইবনু খাররাস মিধ্যার দোষে দোষী করেছেন এ বলে যে, তিনি মিখ্যুকদের থেকে বানোয়াট হাদীস চুরি করেছেন। এ হাদীসটি সেগুলোর অন্তর্ভুক্ত, তাতে আমি কোন প্রকার সন্দেহ করছি না। কারণ সহীহ্ সুন্নাতে সাব্যস্ত হয়েছে যে, রসূল (ﷺ), তাঁর স্ত্রী ও অন্যরা একাধিকবার ঋণ গ্রহণ করেছেন।

হাদীসটি সুয়্তী "জামেউ'স সাগীর" গ্রন্থে আবৃ নু'য়াইম কর্তৃক "আল-মা'রিফাত" গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানাবী তার সমালোচনা করে বলেছেন যে, প্রথম সনদটি মুরসাল। যাতে আব্দুল্লাহ ইবনু শাবীব রিব'ঈ রয়েছেন। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ

তিনি প্রসিদ্ধ খবর বর্ণনাকারী, কিন্তু দুর্বল। হাকিম বলেন ঃ তিনি যাহেবুল হাদীস। তিনি আরো বলেছেন ঃ তার গর্দান উড়িয়ে দেয়া হালাল। ইবনু হিব্বান বলেন ঃ তিনি খবরগুলো উল্টা পাল্টা করে ফেলতেন।

অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

মানাবী বলেন ঃ কাযা'ঈর সনদে ইসমা'ঈল ইবনু আইয়াশ রয়েছেন। যাহাবী তাকে "আয-যুশ্মাফা" গ্রন্থে উল্লেখ করেছেন, তিনি বিতর্কিত ব্যক্তি, শৃক্তিশালী নন।

আমি (আলবানী) বলছি ঃ তার কথা হতে মনে হতে পারে যে, কাযা স্বর "মুসনাদ" গ্রন্থে ইবনু শাবীব নেই, এমনটি নয়। সতর্কতা অবলম্বন করুন। অর্থাৎ তিনিও আছেন।

ইমাম আহমাদ "আয-যুহুদ" প্রন্থে (১৩/১১/১) সহীহ সনদে মু'ন্নায (ఉ) হতে মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন। অতএব হাদীসটি মারফ্' হিসাবে বাতিল। কারণ মারফ্' হিসাবে আন্দুল্লাহ ইবনু শাবীব এককভাবে বর্ণনা করেছেন। তিনি হচ্ছেন মিধ্যার দোষে দোষী।

আবৃ কাতাদা তার মুতাবা'য়াত করেছেন। কিন্তু মু'য়াযকে (秦) উল্লেখ করেননি, যার জন্য সেটি মুরসাল।

এ আবৃ কাতাদার নাম হচ্ছে আব্দুল্লাহ ইবনু ওয়াকেদ; তিনি মাতর্রক। যেমনভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। অতএব এ মুতাবা'য়াতের কোন মূল্য নেই।

অন্য একটি সূত্রে হাদীসটির মুতাবা'য়াত করা হয়েছে কিন্তু সৈটির সনদে রয়েছেন আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ আবৃ মাস'উদ আসকারী, তিনি মাজহুল।

٤٧٣. (الدَّيْنُ رَايَةُ اللهِ فِي الأَرْضِ، فَإِذَا أَرَادَ اللهُ أَنْ يُذِلَّ عَبْداً وَضَعَهُ فِي عُثْقِهِ).

৪৭৩। ঋণ হচ্ছে যমীনের মধ্যে আল্লাহর ঝাণ্ডা। যখন আল্লাহ কাউকে বেইজ্জত করার ইচ্ছা করেন তখন তার কাঁধে তা (ঋণ) চাপিয়ে দেন।

#### হাদীসটি জাল।

এটি আবৃ বাক্র আশ-শাফে'ঈ "আল-ফাওয়ায়েদুল মুনতাকাত" গ্রন্থে (১৩/৯৩/২), হাকিম (২/২৪) এবং দাইলামী (২/১৫০) বিশ্র ইবনু ওবায়েদ আদ-দারেসী সূত্রে হাম্মাদ ইবনু সালামাহ্ হতে ...বর্ণনা করেছেন।

অতঃপর (হাকিম) বলেন ঃ মুসলিমের শর্তানুযায়ী হাদীসটি সহীহ্।

আমি (আলবানী) বলছি ঃ এটি সুস্পষ্ট ভূল। কারণ বিশ্র মুসলিমের বর্ণনাকারী নন। ছয়টি হাদীস গ্রন্থের কেউ তার থেকে হাদীস বর্ণনা করেননি। তিনি মিথ্যার দোষে দোষী। এ জন্য মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (৩/৩২) এবং যাহাবী "আত-তালখীস" গ্রন্থে তার সমালোচনা করে বলেছেন ঃ

विশ्त देवन् उवाराय मारतमी चूवरे पूर्वन।

মানাবী বলেন ঃ সহীহ্ কোথা হতে? যার সম্পর্কে ইবনু আদী বলেছেন ঃ তিনি ইমামদের নিকট মুনকারুল হাদীস এবং তিনি সুস্পষ্টভাবে খুবই দুর্বল।

যাহাবী তার কতিপয় হাদীস "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন, অতঃপর বলেছেন ঃ সেগুলো সহীহ্ নয়।

আতঃপর তার অন্য একটি হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এটি জাল।
আমি (আলবানী) এ হাদীসটি জাল হওয়ার ব্যাপারে কোন সন্দেহ করছি না।
১ ১ ১ (الدَّيْنُ يُنْقُصُ مِنَ الدَّيْنُ وَالْحَسَبِ).

৪৭৪। ঋণ ধর্ম ও বংশ মর্যাদাতে ক্রটি আনয়ন করে।

रामीमि छान।

এটি দাইলামী (২/১৫২) আবৃশ শায়খের সূত্রে হাকাম ইবনু আন্দিল্লাহ উবুল্লী হতে ...বর্ণনা করেছেন।

দাইলামীর উদ্ধৃতিতে "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করা হয়েছে। মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ সনদে হাকাম ইবনু আদ্দিল্লাহ উবুল্লী রয়েছেন। যাহাবী তার সম্পর্কে "আয-যু'য়াফা" গ্রন্থে বলেন ঃ তিনি মাতরুক, জাল করার দোষে দোষী।

٥٧٥. (السُلُطانُ ظِلُ اللهِ فِي أَرْضِهِ، مَنْ نُصَحَهُ؛ هُدِيَ، وَمَنْ عَشْهُ؛ ضَلَّ اللهِ فِي أَرْضِهِ، مَنْ نُصَحَهُ؛ هُدِيَ، وَمَنْ عَشْهُ؛ ضَلًّ].

8 ৭৫। বাদশা হচ্ছে আল্লাহর যমীনে তাঁর ছায়া। যে তাকে নসীহত করবে, সে হেদায়েতপ্রাপ্ত হবে। আর যে তার সাথে প্রতারণা করবে, সে পথভ্রষ্ট হয়ে যাবে।

श्मीअपि छान।

এটি আবৃ নু'য়াইম "ফাযীলাতুল আদেলীন" গ্রন্থে (পাতা ২২৬/১-৬০ হতে) ইয়াহ্ইয়া ইবনু মায়মৃন সূত্রে ...আবৃ হুরাইরাহ্ (ఉ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন। দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে ...আনাস (ఉ) হতেও মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদ দু'টি বানোয়াট ঃ

১। প্রথমটিতে মুহাম্মাদ ইবনু মায়মূন রয়েছেন। তিনি হচ্ছেন ইবনু আতা বাসরী। দারাকুতনী এবং অন্যরা তার সম্পর্কে বলেন ঃ তিনি মাতরূক।

ফাল্লাস ও অন্যরা বলেন ঃ তিনি মিথ্যুক ছিলেন।

২ । দিতীয়টিতে দাউদ ইবনু মুহাব্বার রয়েছেন। তিনিও মিখ্যার দোষে দোষী। তার সূত্রেই উকায়লী "আয-যু'য়াফা" গ্রন্থে (৩৫৮) হাদীসটি বর্ণনা করে বলেছেন ঃ (সনদের এক বর্ণনাকারী) উকবা বর্ণনা কারার ক্ষেত্রে মাজহূল। তার হাদীস মুনকার, মাহফূয নয়। তাকে এ হাদীসের মাধ্যমেই চেনা যায়। তার মত দুর্বল ব্যক্তি ছাড়া কেউ তার মুতাবা'য়াত করেননি।

বাইহাঝ্বীর "আশ-শু'য়াব" গ্রন্থের উদ্ধৃতিতে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে আনাস (ఉ) হতে হাদীসটি উল্লেখ করেছেন।

মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ তাতে মুহাম্মাদ ইবনু ইউনুস কুরাশী রয়েছেন। তিনি হচ্ছেন কুদায়মী। তাকে ইবনু আদী হাদীস জাল করার দোষে দোষী করেছেন। ইবনু হিব্বান বলেছেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। যাহাবী "আয-যু'য়াফা" গ্রন্থে বলেছেন ঃ আমার নিকট তার অবস্থা সুস্পষ্ট হয়ে গেছে।

٤٧٦. (مَنْ قَرَا رَبُعَ القُرْآنِ؛ فَقَدْ أُوبِيَ رَبُعَ النَّبُوَّةِ، وَمَنْ قَرَا تُلْثَ القُرْآنِ؛ فَقَدْ أُوبِيَ تُلْتُي النَّبُوَّةِ، وَمَنْ قَرَا تُلْتَي القُرْآنِ؛ فَقَدْ أُوبِيَ تُلْتَي النَّبُوَّةِ، وَمَنْ قَرَا تُلْتَي القُرْآنِ؛ فَقَدْ أُوبِيَ النَّبُوَّةِ).

8৭৬। যে ব্যক্তি এক চতুর্থাংশ কুরআন পাঠ করবে, তাকে এক চতুর্থাংশ নর্থয়াত দেয়া হবে। যে এক তৃতীয়াংশ কুরআন পাঠ করবে, তাকে এক তৃতীয়াংশ নর্থয়াত দেয়া হবে। যে দুই তৃতীয়াংশ কুরআন পাঠ করবে, তাকে দুই তৃতীয়াংশ নর্থয়াত দেয়া হবে এবং যে সম্পূর্ণ কুরআন পাঠ করবে, তাকে সম্পূর্ণ নর্থয়াত দেয়া হবে।

#### रांभी मि छान।

এটি আবৃ বাক্র আজুরী "আদাবু হামালাতীল কুরআন" গ্রন্থে (পাতা: ১৩৫) মাসলামা ইবনু আলী সূত্রে যায়েদ ইবনু ওয়াকেদ হতে ...বর্ণনা করেছেন।

মাসলামা ইবনু 'আলী মিথ্যার দোষে দোষী।

ইবনুল জাওয়ী হাদীসটি তার "আল-মাওয়ু'আত" (১/২৫২) গ্রন্থে এক চতুর্থাংশ বাক্যটি বাদ দিয়ে উল্লেখ করে বলেছেন ঃ

এটি সহীহ্ নয়। বর্ণনাকারী বিশ্র ইবনু নুমায়ের মাতরক। ইয়াহ্ইয়া ইবনু মা'ঈন বলেন ঃ তিনি মিথ্যুক। সুয়ৃতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৪৩) তার সমালোচনা করে বলেছেন ঃ

হাদীসটি ইবনুল আমারী "কিতাবুল ওয়াকফ ওয়াল ইবতিদা" গ্রন্থে এবং বাইহাক্বী "ও'য়াবুল ঈমান" গ্রন্থে বর্ণনা করেছেন। এ বিশ্র হচ্ছেন ইবনু মাজাহর বর্ণনাকারী।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু মাজাহ্ তার কিতাবে মিথ্যুকদের হাদীস বর্ণনাকারী হির্ম্মারে প্রসিদ্ধ। কিছু পূর্বেই তার এরূপ একটি হাদীস আলোচিত হয়েছে। যার একজন বর্ণনাকারী সম্পর্কে ইমাম আহমাদ বলেছেন ঃ তিনি ছিলেন প্রসিদ্ধ মিথ্যুকদের একজন।

সুয়ৃতী ইবনু উমারের হাদীস হতেও একটি শাহেদ উল্লেখ করেছেন। যাতে কাসেম ইবনু ইব্রাহীম মালাতী রয়েছেন। সুয়ৃতী নিজেই বলেন ঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না।

আমি (আলবানী) বলছি ঃ তাহলে হাদীসটি উল্লেখ করে কী লাভ হলো? তার সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি মিথ্যুক।

যাহাবী বলেন ঃ তিনি এমন এক সমস্যা নিয়ে এসেছেন যা বহনযোগ্য নয়।

রসূল (ﷺ) মিরাজের রাতে তার প্রতিপালককে দেখেছেন, দেখেছেন সব কিছু এমনকি তার তাজও! ...। পূর্বের হাদীসটি বর্ণনা করার পর যাহাবী এ হাদীসটি উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন ঃ এটি বাতিল, এটির ভ্রষ্টতা পূর্বেরটির ন্যায়।

আমি (আলবানী) বলছি ঃ এটি এবং এটির ন্যায় অন্য হাদীসগুলো থেকে স্পষ্ট হচ্ছে যে, হাদীস শাস্ত্রে সুয়ৃতী এবং যাহাবীর মাঝে পার্থক্য কতটুকু।

সুয়ৃতী আরেকটি শাহেদ তাম্মাম ইবনু নাযীহ সূত্রে হাসান হতে মারফ্' হিসাবে উল্লেখ করেছেন।

অতঃপর তিনি চুপ থেকেছেন।

এ সূত্রটি মুরসাল হওয়া সত্ত্বেও তাতে তান্মাম রয়েছেন। তার সম্পর্কে ইবনু হিব্যান বলেন ঃ

তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট বহু কিছু বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করেছেন।

٤٧٧. (كَثْرَةُ الْحَجِّ وَالْعُمْرَةِ تَمْنَعُ الْعَيْلة).

8৭৭। বেশী বেশী হজ্জ ও উমরাহ্ পালন পরিবারকে নিষিদ্ধ করে দেয়। হাদীসটি জাল।

এটি মাহামেলী "আল-আমালীর" ষষ্ট খন্ডে (পাতা ২৭৮/১/৬৩) আব্দুল্লাহ ইবনু শাবীব সূত্রে বর্ণনা করেছেন। তার সনদে আরো রয়েছে খালিদ ইবনু ইয়াস। আমি (আলবানী) বলছি ঃ আব্দুল্লাহ ইবনু শাবীব মিখ্যার দোষে দোষী, যেমনভাবে পূর্বে গেছে।

খালিদ ইবনু ইয়াসও অনুরূপ। তার সম্পর্কে ইবনু হিব্বান "আয-যু'য়াফা" গ্রন্থে (১/২৭৯) বলেন ঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। এমনটি হৃদয়ে অগ্রণী হবে যে, তিনি নিজেই তার জালকারী। তার হাদীস আশ্বর্য হওয়ার উদ্দেশ্য ছাড়া লিখা যাবে না।

হাকিম বলেন ঃ তিনি ইবনুল মুনকাদীর, হিশাম ইবনু উরওয়া এবং মাকবুরী হতে কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন।

আবৃ সাস্টিদ নাক্কাশ অনুরূপ কথাই বলেছেন। এছাড়া সকল ইমাম তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

সুযূতী "জামে'উস সাগীর" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে ভুল করেছেন। এ জন্যে আমি যা উল্লেখ করেছি তা দ্বারা মানাবী তার সমালোচনা করেছেন।

١٤٧٨. (لا يَركَبُ الْبَحْرَ إلا حَاجٌ، أَوْ مُعَمِّرٌ، أَوْ عَارْ فِي سَبِيلِ اللهِ؛ قَإنَّ تُحْتَ الْبَحْرِ ثَاراً، وتَحْتَ الثَّارِ بَحْراً).

89৮। হচ্ছ অথবা উমরাকারী অথবা আল্লাহর পথের যুদ্ধকারী ছাড়া কেউ সমুদ্রে ভ্রমণ করবে না। কারণ সমুদ্রের নিচে রয়েছে আগুন আর আগুনের নিচে রয়েছে সমুদ্র।

# হাদীসটি মুনকার।

এটি আবৃ দাউদ (১/৩৮৯), আল-খাতীব "আত-তালখীস" গ্রন্থে (১/৭৮) এবং তার থেকে বাইহাক্বী (৪/৩৩৪) বিশ্র আবু আব্দিল্লাহ সূত্রে বাশীর ইবনু মুসলিম হতে ...বর্ণনা করেছেন। অতঃপর আল-খাতীব বলেন ঃ

আহমাদ বলেছেন ঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছি ঃ এটির সনদ দুর্বল। তাতে জাহালাত [অপরিচিত বর্ণনাকারী] রয়েছে এবং ইয়তিরাব সংঘটিত হয়েছে।

যাহালাত; হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" এন্থে বিশ্র এবং বাশীরের জীবনীতে বলেছেন ঃ তারা দু'জন মাজহূল [অপরিচিত]।

অনুরূপ এসেছে "আল-মীয়ান" গ্রন্থেও ।

বিশ্রের মুতাবা'য়াত করেছেন মাতরাফ ইবনু তুরাইফ বাশীর ইবনু মুসলিম হতে। যেটি বুখারী "আত-তারীখ" গ্রন্থে (১/২/১০৪) এবং আবৃ উসমান আন-নুজায়রেমী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৫/১) বর্ণনা করেছেন। কিন্তু বাশীর জাহালাত হতে নিরাপদ হননি। যার জন্য ইমাম বুখারী পরক্ষণেই বলেছেনঃ তার হাদীসটি সহীহ নয়।

ইযতিরাব; সেটি মুনযেরী "মুখতাসারুস সুনান" গ্রন্থে (৩/৩৫৯) বর্ণনা করেছেন। তিনি বলেন ঃ হাদীসটিতে ইযতিরাব সংঘটিত হয়েছে।

ইমাম বুখারী তার "আত-তারীখ" গ্রন্থে তাকে (মাতরাফকে) উল্লেখ করে তার এ হাদীসটি উল্লেখ করেছেন। তার ইযতিরাবও উল্লেখ করেছেন এবং বলেছেন তার হাদীসটি সহীহ্ নয়।

খান্তাবী বলেন ঃ মুহাদ্দিসগণ এ হাদীসটির সনদকে দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু মুলা্কান "আল-খুলাসা" গ্রন্থে (১/৭৩) বলেন ঃ

হাদীসটি ইমামদের ঐক্যমতে দুর্বল। বুখারী বলেন ঃ হাদীসটি সহীহ্ নয়। আহমাদ বলেন ঃ হাদীসটি গারীব। আবৃ দাউদ বলেন ঃ হাদীসটির বর্ণনাকারীগণ মাজহুল। খাতাবী বলেন ঃ হাদীসটির সনদকে মুহাদ্দিসগণ দুর্বল বলেছেন।

আব্দুল হক (২/২০৭) বলেন ঃ

আবৃ দাউদ বলেছেন ঃ এ হাদীসটি নিতান্তই দুর্বল। বিশ্র এবং বাশীর দু'জনই মাজহুল।

٤٧٩. (لاَيركبُ الْبَحْرَ إِلاَّ عَازِ أَوْ حَاجٌ أَوْ مُعَتَّمِرٌ).

৪৭৯। যোদ্ধা বা হচ্ছ বা উমরাকারী ছাড়া কেউ সমুদ্র ভ্রমণ করবে না। হাদীসটি মুনকার।

এটি হারিস ইবনু আবী উমামাহ (পৃ: ৯০) খালীল ইবনু জাকারিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি পূর্বের হাদীসটিকে শক্তি যোগায় না। কারণ হাদীসটির সনদ এ খালীলের কারণে নিতান্তই দুর্বল।

ইবনুস সাকান বলেন ঃ তিনি ইবনু আউন এবং হাবীব ইবনুশ শহীদ হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন। তিনি ছাড়া অন্য কেউ তা বর্ণনা করেননি।

উকায়লী বলেন ঃ তিনি নির্ভরশীলদের থেকে বাতিল হাদীস বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার বলেন ঃ তিনি মাতরূক।

٠ ٨٠. (مَنْ صَامَ يَوْمَ الأَرْبِعَاءِ وَالْخَمِيْسِ؛ كُتِبَ لَهُ بَرَاءَةٌ مِنَ الثَّار).

৪৮০। যে ব্যক্তি বুধ ও বৃহস্পতিবারে সওম পালন করবে, তার জন্য জাহান্নাম হতে মুক্তি লিপিবদ্ধ করা হয়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আবৃ ই'য়ালা ইবনু আব্বাস (ఉ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন এবং মুন্যেরী হাদীসটিকে "আত-তারগীব" গ্রন্থে (২/৮২) দুর্বল বলেছেন। হায়সামী তার কারণ উল্লেখ করে বলেছেন (৩/১৯৮) ঃ

এটির সনদে আবৃ বাক্র ইবনু আবী মারইয়াম রয়েছেন, তিনি দুর্বল।

অতঃপর আমি (আলবানী) তার সনদটি সম্পর্কে অবহিত হয়েছি, তাতে তি**নটি** রোগ পেয়েছি ঃ অন্য এক বর্ণনাকারীও দুর্বল।

এটি বাকিয়া কর্তৃক আন্ আন্ শব্দে বর্ণিত। তিনি হচ্ছেন মুদাল্লিস।

ইবনু আবী মারইয়ামের ইযতিরাব তার সনদে রয়েছে। যার বিস্তারিত বিবর্ণ শীঘই আসবে।

٨١ . (أكلُ الشُّمَرِ أمَانٌ مِنَ الْقُولَانِج ).

৪৮১। উদ্ভিত বিশেষ খাওয়া নিরাপন্তা দেয় ক্লোন্জ রোগ হতে। হাদীসটি জাল।

এটি আবৃ নু'য়াইম আসবাহানী "আত-তিব্ব" গ্রন্থে (কাফ ১৩৯/১) আবৃ নাসর আহমাদ ইবনু মুহাম্মাদ সূত্রে মূসা ইবনু ইব্রাহীম হতে এবং তিনি ইব্রাহীম ইবনু আবী ইয়াহ্ইয়া হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এটি জাল। কারণ ইব্রাহীম ইবনু আবী ইয়াহ্ইয়া হচ্ছেন আসলামী, তিনি মিথ্যুক। তাকে একদল ইমাম স্পষ্টভাবে মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমন ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ, ইবনু মা'ঈন, ইবনুল মাদীনী, ইবনু হিব্বান ও আরো অনেকে। তা সত্ত্বেও ইমাম শাফে'ঈ তার থেকে বর্ণনা করেছেন এবং তার দারা দলীল গ্রহণ করেছেন। ইসহাক ইবনু রাহওয়াই তা ইনকার করেছেন, যেমনভাবে ইবনু আবী হাতিম "আদাবুশ শাফে'ঈ" গ্রন্থে (পৃ: ১৭৮) বর্ণনা করেছেন। ইবনু আবী হাতিম অন্য একস্থানে বলেন (২২৩) ঃ শাফে'ঈর নিকট স্পষ্ট হয়নি যে, তিনি মিথ্যা বলতেন।

বায্যার বলেন ঃ তিনি হাদীস জাল করতেন। তার জন্য মাসআলা জাল করা হত আর তিনি তার জন্য সনদ জাল করতেন। তিনি ছিলেন কাদরিয়া...।

আমি (আলবানী) বলছি ঃ তার নিচের দু' বর্ণনাকারীকে আমি চিনি না এবং সালেহ মাওলা তুয়ামা দুর্বল।

অতঃপর আমার নিকট স্পষ্ট হয়েছে যে, হতে পারে মূসা ইবনু ইব্রাহীম হচ্ছেন আবৃ ইমরান মারওরাযী। তা যদি হয় তাহলে তিনিও মিথ্যার দোষে দোষী। عُسَلُ الْقَدَمَيْنِ بِالْمَاءِ الْبَارِدِ بَعْدَ الْخُرُوْجِ مِنَ الْحَمَّامِ أَمَانٌ مِنَ الْحَمَّامِ أَمَانًا مِنَ الْحَمَّامِ أَمَانًا مِنْ مِنَ الْحَمَّامِ أَمَانًا مِنْ الْحَمَّامِ أَمَانًا مِنْ أَلْمَاءِ الْمَاعِ الْبَارِدِ بَعْدَ الْخُرُونِ عِمْ مِنَ الْحَمَّامِ أَمَانَ مِنَ الْحَمَّامِ أَمَانًا مِنْ أَمْ مِنْ الْمَاءِ الْمَاءِ الْمَاءِ الْمَاءِ الْمَاءِ الْمُعْرَاعِ الْمَاءِ الْمَانِ الْمَاءِ الْمِاءِ الْمَاءِ الْم

৪৮২। বাধরুম হতে বের হওয়ার পর ঠাভা পানি দিয়ে দু' পা ধৌত করলে মাধা ব্যাথা হতে নিরাপদ থাকা যায়।

# হাদীসটি জাল।

এটি আবৃ নুর্যাইম "আত-তিব্ব" গ্রন্থে আবৃ নাস্র আহমাদ ইবনু মুহাম্মাদ সূত্রে পূর্বের উল্লেখিত হাদীসটির সনদে বর্ণনা করেছেন। যেটি সম্পর্কে আপনারা অবহিত হয়েছেন যে, সেটি জাল।

এটি এবং পূর্বেরটিকে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিগু করেছেন। তার ভাষ্যকার মানাবী হাদীস দু'টি সম্পর্কে কিছুই বলেননি। সম্ভবত সনদটি সম্পর্কে অবহিত হননি।

٤٨٣. (إِنَّ اللهَ يُحِبُّ كُلَّ قَلْبِ حَزِيْنٍ).

৪৮৩। নিশ্চয় আল্লাহ প্রত্যেক চিম্ভিত হৃদয়কে ভাগবাসেন।

# হাদীসটি দুর্বল।

এটি ইবনু আবিদ-দ্নিয়া "কিতাবুল হামে ওয়াল হুযনে" গ্রন্থে, ইবনু আদী (২/৩৭), কাষা ঈ (২/৮৯) এবং ইবনু আসাকির (১৩/২০৫/২) আবৃ বাক্র ইবনু আবী মারইয়াম সুত্রে যামারা ইবনু হাবীব হতে ...আবুদ-দারদা হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

এ মাধ্যমেই আবৃ মুহাম্মাদ মাখলাদী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৩০৩), হাকিম (৪/৩১৫) ও আবৃ নু'য়াইম (৬/৯০) তাবারানীর সূত্র হতে বর্ণনা করেছেন। হাকিম বলেন ঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ আবৃ বাক্র দুর্বল হওয়া সত্ত্বেও সনদটি মনুকাতি'। অর্থাৎ যামারা এবং আবুদ-দারদা (ﷺ)-এর মাঝে বিচ্ছিন্নতা রয়েছে। কারণ তাদের উভয়ের মৃত্যুর মাঝে একশত বছরের ব্যবধান।

এছাড়া আবৃ বাক্র ইবনু আবী মারইয়াম নিতান্তই দুর্বল। এ থেকেই বুঝা যাচ্ছে যে, "আল-মাজমা'" গ্রন্থে হায়সামীর উক্তি (১০/৩০৯-৩১০) ঃ 'হাদীসটি বায্যার এবং তাবারানী বর্ণনা করেছেন এবং তাদের সনদ হাসান।' এরূপ বলাটা সুন্দর হয়নি। কারণ তাবারানীর নিকট হাদীসটির কেন্দ্রবিন্দু হচ্ছেন এ আবৃ বাক্র। যার সম্পর্কে অবহিত হলেন এবং বায্যারের নিকটেও সেই একই ব্যক্তি।

হায়সামী নিজে অন্য হাদীসে তাকে দুর্বল বলেছেন, যেমনটি ৪৮০ নং হাদীসে গেছে।

হাদীসটি মা'য়াফী ইবনু ইমরান "আয-যুহুদ" গ্রন্থে (২/২৫৮) ইসমা'ঈল ইবনু আইয়াশ হতে ...বর্ণনা করেছেন। এ সনদটি মু'যাল, নিতান্তই দুর্বল। অতঃপর "কাশফুল আসতার" গ্রন্থে (৪/২৪০/৩৬২৪) স্পষ্ট হয়েছে, হাদীসচি বায্যার আব্দুল্লাহ ইবনু সালেহ সূত্রে মু'য়াবিয়া ইবনু সালেহ হতে ...বর্ণনা করেছেনঃ এ সনদেও বিচ্ছিন্নতা রয়েছে এবং ইবনু সালেহের মধ্যে দুর্বলতা রয়েছে।

٤٨٤. (إنَّ مِنَ الْمُثلَّةِ أَنْ يَتَدُرَ الرَّجُلُ أَنْ يَحُجَّ مَاشْبِياً، فَمَنْ تَدُرَ أَنْ يَحُجَّ مَاشْبِياً، فَمَنْ تَدُرَ أَنْ يَحُجَّ مَاشْبِياً؛ فليَهْدِ هَدْيا ويَركَبْ).

৪৮৪। কোন ব্যক্তি হেঁটে হজ্জ পালন করার নযর মানলে তা মুসলার অন্তর্ভূত। আর যে ব্যক্তি পায়ে হেঁটে হজ্জ করার জন্য নযর মানবে, সে একটি হাদী (কুরবানীর জন্তু) প্রদান করবে এবং (হজ্জের জন্যে) আরোহন করবে।

# श्मीमि पूर्वन।

এটি হাকিম (৪/৩০৫) এবং আহমাদ (৪/৪২৯) সালেহ্ ইবনু রুম্বর্ম **আবী** 'আমের খায্যায সূত্রে কাসীর ইবনু সান্যীর হতে এবং তিনি হাসান হতে ...বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সন্দটি সহীহ্।

যাহাবী তা সমর্থন করেছেন। অতঃপর যায়লা'ঈ "নাসবুর রায়া" গ্র**ছে** (৩/৩০৫) এবং হাফিয ইবনু হাজার আসকালানী "আদ-দিরায়া" গ্রছে (২৪২) **তা** সমর্থন করেছেন।

এটিই আমাকে উৎসাহিত করেছে হাদীসটি সম্পর্কে আলোচনা করার জন্যে। যাতে করে যার এ বিষয়ে জ্ঞান নেই, সে ধোঁকায় না পড়ে। কারণ হাদীসটির দুটি সমস্যা রয়েছে ঃ

১। এ আবৃ 'আমের দুর্বল। হাফিয তার সম্পর্কে "আত-তাকরীব" গ্রন্থে ব**লেন** ঃ সত্যবাদী, বহু ভুল করতেন।

২। হাসান কর্তৃক আন্ আন্ সূত্রে বর্ণিত হয়েছে। তিনি হচ্ছেন বাসরী, মুদাল্লিস বর্ণনাকারী।

ইমাম আহমাদ ও অন্যরা বিভিন্ন সূত্রে হাসান হতে...মুসলা নিষিদ্ধ হওয়ার বিষয়টি বর্ণনা করেছেন। তাতে আবৃ 'আমের যা বর্ণনা করেছেন তা নেই। এটিই প্রমাণ করছে যে, এ হাদীসটি দুর্বল।

এছাড়া নযরের মাধ্যমে হেঁটে হজ্জ করার বিষয়ে বহু হাদীস এসেছে...। তার কোনটিতেই নযরের মাধ্যমে হেঁটে হজ্জ করাকে মুসলার অন্তর্ভুক্ত করা হয়নি। দেখুন 
ঃ "নায়লুল আওতার" (৮/২০৪-২০৭)।

٨٥. (مَنْ خَافَ اللهَ حَوَّفَ اللهُ مِنْهُ كُلَّ شَنَيْءٍ، وَمَنْ لَمْ يَخَفِ اللهَ؛ خَوَّقَهُ
 اللهُ مِنْ كُلَّ شَنِّءٍ).

৪৮৫। যে ব্যক্তি আল্লাহকে ভয় করবে, আল্লাহ তার থেকে সব কিছুকেই ভয় পাইয়ে দিবেন। আর যে ব্যক্তি আল্লাহকে ভয় করল না, আল্লাহ তাকে সব কিছু হতে ভয় পাইয়ে দিবেন।

#### হাদীসটি মুনকার।

এটি কাযা'ঈ (২/৩৬) 'আমের ইবনুল মুবারাক আল-আল্লাফ সূত্রে সুলায়মান ইবনু 'আমর হতে ...বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটির সনদ দুর্বল। সুলায়মান ইবনু 'আমর ছাড়া সনদটির অন্য কোন বর্ণনাকারীকে চিনি না। আমার ধারণা তিনি হচ্ছেন সুলায়মান ইবনু আবী সুলায়মান, তার নাম ফিরোয। তাকে বলা হয় 'আমর আবৃ ইসহাক শায়বানী, তিনি নির্ভরযোগ্য।

অতঃপর আমার নিকট "তাহযীবুল কামাল" এবং "আল-লিসান" গ্রন্থ দেখার পর যখন স্পষ্ট হয়েছে যে, এ সুলায়মান হচ্ছেন সুলায়মান ইবনু ওয়াহাব আন-নাখ ঈ, তখনই আমার অন্তরে উদয় হয়েছে যে, এ সুলায়মান ইবনু 'আমরই হচ্ছেন হাদীসটির সমস্যা।

ইবনু তাহের বলেন ঃ তার দাদা হচ্ছেন ওয়াহাব আর তিনি হচ্ছেন সুলায়মান ইবনু 'আমর।

ফলে আমার নিকট সুস্পষ্ট হয়েছে যে, এ সুলায়মান হচ্ছেন মিথ্যুক, প্রসিদ্ধ জালকারী। তার কয়েকটি হাদীস পূর্বেও আলোচিত হয়েছে।

হাদীসটি মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (৪/১৪১) আবুশ শায়খের বর্ণনা হতে উল্লেখ করে বলেছেন ঃ হাদীসটি মারফু' হিসাবে মুনকার।

অনুরূপ ভাবে হাফিয় ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে (২/১২৮) উল্লেখ করে বলেছেন ঃ উকায়লীর "আয-যু'য়াফা" গ্রন্থে অনুরূপভাবে আবৃ হুরাইরাহ্ (ﷺ)-এর হাদীসেও এসেছে। কিন্তু দু'টি হাদীসই মুনকার।

আমি (আলবানী) বলছি ঃ তার কথার মধ্যে শিথিলতা স্পষ্ট। কারণ এটির সনদেও মিথ্যুক বর্ণনাকারী রয়েছেন । যার সম্পর্কে ৪৫৪৪ নং হাদীসৈর আলোচনায় আসবে।

١٨٦. (مَا مِنْ اهْلَ بَيْتٍ يَمُونَتُ مِنْهُمْ مَيْتٌ فَيَتَصدَقُونَ عَنْهُ بَعْدَ مَوْتِهِ إِلاَّ اهْدَاهَا لهُ جِبْرِيلُ عَلَيْ السَّلَامُ عَلَى طَبَقِ ثُورٍ، ثُمَّ يَقِفُ عَلَى شَفِيْرِ الْقَبْرِ اللهُ الْدَيْنَ لَا يُهْدَى النِّهمْ شَيْءً). عَلَيْهِ، فَيَقْرَحُ بِهَا، وَيَسْتُبْشِرُ، وَيَحْرَنُ جِيْرَاتُهُ الْدَيْنَ لَا يُهْدَى النِّهمْ شَيْءً).

৪৮৬। আহলে বাইতের কোন ব্যক্তি মৃত্যুবরণ করার পরে তারা তার পক্ষ হতে সাদাকা করলে অবশ্যই জিবরীল (আঃ) তা তাকে নূরের পাত্রে দান করবেন। অতঃপর গভীর কবরের পার্শে দাঁড়িয়ে বলবেন হে কবরবাসী। এ তোমার হাদিরা তোমার জন্য তোমার পরিবার দান করেছে। অতএব তুমি তা গ্রহণ কর। সে ভাষ্টে প্রবেশ করবে এবং তার দ্বারা আনন্দিত হবে, সুসংবাদ গ্রহণ করবে। কিন্তু ভার্ক্ত প্রতিবেশীরা চিন্তিত হবে তাদের নিকট কোন হাদিয়া প্রেরিত না হওয়ায়।

#### হাদীসটি জাল।

ু এটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/৯৫/২) বর্ণনা করেছেন। **যার** সনদে মুহাম্মাদ ইবনু ইসমা'ঈল ইবনু আবৃ ফুদায়েক রয়েছেন। তিনি আবৃ মুহাম্মাদ শামী হতে ... শুনেছেন।

্ আমি (আলবানী) বলছি ঃ তিনি (মুহাম্মাদ) হচ্ছেন সত্যবাদী শাইখায়নের বর্দনাকারী। এ হাদীসটির সমস্যা হচ্ছে তার শাইখ আবৃ মুহাম্মাদ শামী। যাহাবী বলেন ঃ

তিনি কোন কোন তাবে'ঈ হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন। আযদী ব**লেন** ঃ তিনি মিথ্যক।

অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থেও এসেছে।

- 🛧 সম্ভবত তারা দু'জনে মুনকার হাদীস ঘারা এ হাদীসটিকেই বুঝিয়েছেন।
- ু হায়সামী "আল-মাজমা'" গ্রন্থে (৩/১৩৯) বলেন ঃ ...হাদীসটির সনদে **আৰু** মুহাম্মাদ আশ-শামী রয়েছেন। তার সম্পর্কে আযদী বলেন ঃ তিনি মিথ্যুক।

٤٨٧. (مَا عَلَى أَحَدِكُمْ إِدَا أَرَادَ أَنْ يَتْصَدُّقَ لَلْهِ صَدَقَةً تُطُوعًا أَنْ يَجْعَلَهَا
 عَنْ وَالِدَيْهِ إِدَّا كَانَا مُسْلِمَيْنِ، فَيَكُونُ لِوَالِدَيْهِ أَجْرُهَا، ولَهُ مِثْلُ أَجُورُهِمَا بَعْدَ أَنْ
 لا يتقص من أجورُهِمَا شَيْءٌ).

৪৮৭। তোমাদের কেউ যখন তার মুসলিম পিতা মাতার পক্ষ হতে আ**ল্লাহর** উদ্দেশ্যে নফল সাদাকা করার ইচ্ছা করে, তখন তার সাওয়াবটা তার পিতা মা**তার** জন্য হয়ে যায় এবং তার জন্য তাদের দু'জনের সাওয়াবের ন্যায় সাওয়াব হয়। তাদের দু'জনের সাওয়াবে কোন প্রকার কমতি না করেই।

#### হাদীসটি দুর্বল।

এটি ইবনু সাম উন ওয়া রেয "আল-আমালী" গ্রন্থে (১/৫৪/১), মুহাম্মাদ ইবনু সুলায়মান রাব দৈ তার "হাদীস" গ্রন্থে (২/২১২) এবং ইবনু আসাকির "হাদীসু আবিল ফতৃহি আব্দিল খালাক" গ্রন্থে (পাতা ২৩৬/১/৯২) আব্দুল হামীদ ইবনু হারীব স্ত্রে আওযা দৈ হতে ...বর্ণনা করেছেন ।

এ সনদটি দুর্বল। আব্দুল হামীদ তিনি হচ্ছেন আওয়া ঈর কাতিব। বুখারী ও অন্যরা তার সম্পর্কে বলেন ঃ তিনি শক্তিশালী নন। হাদীসটি ইবনু মুখাল্লাদ "মুনতাকা মিন আহাদীস" গ্রন্থে (২/৮৮/১-২) আব্বাদ ইবনু কাসীর হতে ...বর্ণনা করেছেন।

এ আব্বাদ মিথ্যার দোষে দোষী। তার এ মুতাবা'য়াতের কোন মূল্য নেই। হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্ইয়া" গ্রন্থে ((২/১৯৩) বলেছেন ঃ তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে হাদীসটি ''يَا كَانَا مَسَلَمِينِ'' এ অংশটুকু ছাড়া দুর্বল সনদে বর্ণনা করেছেন।

হায়সামী তাবারানীর সনদে (৩/১৩৯) উল্লেখ করে বলেছেন ঃ তার সনদে খারেজা ইবনু মুস'য়াব আয-যক্ষী রয়েছেন। তিনি দুর্বল।

٨٨٤. (هُزُوا عَرَابِيلكُمْ، بَارَكَ اللهُ فِيكُمْ).

৪৮৮। তোমরা তোমাদের প্রজাদেরকে উৎসাহ প্রদান কর। আল্লাহ তোমাদেরকে বরকত দান করবেন।

হাদীসটির কোন ভিন্তি নেই।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা "আল-ফাতাওয়া" গ্রন্থে (২/১৯৬) বলেন ঃ এটি তারা নাবী (鍋) হতে বর্ণনা করেননি।

٤٨٩. (إِذَا اشْتُدُ كُلْبُ الْجُوْعِ؛ فَطَيْكَ بِرَغِيْفٍ وَجَرِّ مِنْ مَاءِ القرَاح، وَقُلْ: عَلَى الدُّنيَا وَأَهْلِهَا مِنِّى الدُّمَارُ).

৪৮৯। যখন ক্ষুধার রোগ প্রচন্ত রূপ নিবে, তখন তুমি এক টুকরো রুটি গ্রহণ করবে, কুপের পানি হতে একটু পানি উঠিরে নিবে এবং বলবে দুনিয়া ও দুনিয়ার অধিবাসীদের উপর আমার নিকট হতে বিনাশ সাধিত হোক।

रामीअि छान ।

সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনু আদী এবং বাইহাক্বী "গু'য়াবুল ঈমান" গ্রন্থে আবৃ হুরাইরাহ্ (ఈ) হতে বর্ণনা করেছেন বলে উল্লেখ করেছেন।

মানাবী তার সমালোচনা করে বলেছেন ঃ হাদীসটির সনদে হুসাইন ইবনু আন্দিল গাফ্ফার রয়েছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি মাতরক। যাহাবী বলেন ঃ তিনি মিধ্যার দোষে দোষী। আরেক বর্ণনাকারী আবৃ ইয়াহ্ইয়া আল-অক্কার সম্পর্কে যাহাবী বলেন ঃ তিনি মিধ্যুক।

আমি (আলবানী) বলছি ঃ এ আবৃ ইয়াহ্ইয়ার নাম বাকারিয়া ইবনু ইয়াহ্ইয়া। ইবনু আদী তার জীবনী বর্ণনা করতে গিয়ে "আল-কামিল" গ্রন্থে (১/১৪৮) বলেন ঃ তিনি হাদীস জালকারী। আমাদের কোন সাখী সালেহ যাযারা হতে সংবাদ দিয়েছেন যে, তিনি বলেন ঃ আবৃ ইয়াহ্ইয়া আমাদেরকে হাদীস শুনিয়েছেন, কিন্তু তিনি প্রসিদ্ধ মিথ্যুকদের অন্তর্ভুক্ত।

অতঃপর ইবনু আদী বলেন ঃ

তার কতিপয় বানোয়াট হাদীস রয়েছে। সেগুলো জাল করার দায়ে অক্কারকে দোষী করা হয়েছে ...।

তিনি হুসাইন ইবনু আন্দিল গাফফারের জীবনীতে (৯৮) বলেন ঃ তিনি কতিপয় মুনকার হাদীস বর্ণনা করেছেন।

মানাবী ঘন্দে ভুগেছেন, "আল-ফায়েয়" গ্রন্থে হাদীসটির সমস্যা হিসাবে যা বলেছি তাই উল্লেখ করেছেন। কিন্তু "আত-তায়সীর" গ্রন্থে বলেছেন ঃ সনদটি দুর্বল!

٩٠٤. (يَا أَبَا هُرَيْرَةً! إِدَا اشْتُدَّ الْجُوعُ؛ فَعَلَيْكَ بِرَعْيِفٍ وَكُورْ مِنْ مَاءٍ،
 وَعَلَى الدُّنْيَا وَأَهْلِهَا الدَّمَارُ).

৪৯০। হে আবৃ হুরাইরাহ্। যখন ক্ষুধা প্রচন্ড রূপ নিবে, তখন তুমি এক টুকরো রুটি এবং ছোট এক পাত্রে পানি গ্রহণ করবে। দুনিয়া ও দুনিয়াবাসীদের বিনাশ সাধিত হোক।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু বিশরান "আল-আমালী" গ্রন্থে (পাতা ১৪/১/৮২ হতে) এবং আবৃ বাক্র ইবনুস সুন্নী "কিতাবুল কানা'আহ" গ্রন্থে (পাতা ২৩৭/১) কাসীর ইবনু ওয়াকিদ সৃত্রে (আবৃ বাক্র বলেন ঃ ঈসা ইবনু ওয়াকিদ বাসরী সৃত্রে) মুহাম্মাদ ইবনু আম্র হতে ... বর্ণনা করেছেন।

কাসীর ইবনু ওয়াকিদ বা ঈসা ইবনু ওয়াকিদকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না। হাদীসটি দাইলামী (৪/২৬৬) তার থেকেই বর্ণনা করেছেন। তার নাম বলেছেন ঈসা ইবনু মুসা! তাকেও চিনি না।

মায়ী ইবনু মুহাম্মাদ মুহাম্মাদ ইবনু 'আম্র হতে তার মুতাবা'য়াত করেছেন। যেটি ইবনুস সুন্নী এবং ইবনু আদী এ মায়ীর জীবনীতে (৬/২৫/২০৪) বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ তিনি (মায়ী) মিসরী, মুনকারুল হাদীস। তার অধিকাংশ বর্ণনাই অনুসরণযোগ্য নয়। তার থেকে ইবনু ওয়াহাব ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

ইবনু আবী হাতিম (৪/১/৪৪২) তার পিতা হতে বর্ণনা করে বলেছেন ঃ আমি তাকে (মাথীকে) চিনি না এবং তিনি যে হাদীসটি বর্ণনা করেছেন সেটি বাভিল।

তিনি মুনকারুল হাদীস যেমনটি ইবনু আদী বলেছেন।

হাদীসটি অন্য ভাষায় জাল সনদে বর্ণিত হয়েছে। যেটি পূর্বের হাদীসে উল্লেখ করা হয়েছে।

٤٩١. (نهي عَنْ بَيْع وَشَرُطٍ).

৪৯১। তিনি ক্রয়-বিক্রয়ের সাথে শর্ত করতে নিষেধ করেছেন। হাদীসটি নিতান্তই দুর্বল।

শাইখুল ইসলাম "মাজমু'য়াতুল ফাতাওয়া" গ্রন্থে (১৮/৬৩) বলেছেন ঃ হাদীসটি বাতিল। মুসলমানদের কোন কিতাবে নেই। বিচ্ছিন্ন কোন ঘটনা হতে বর্ণনা করা হয়ে থাকে।

তিনি আরো বলেছেন (২৯/১৩২, ৩/৩২৬) ঃ আবৃ হানীফা (রহ:), ইবনু আবী লায়লা ও শুরায়েক হতে বর্ণিত কোন এক ঘটনার মধ্যে এটি বর্ণিত হয়েছে। একদল ফিকহের রচয়িতা তাদের ফিক্হ গ্রন্থে এটিকে উল্লেখ করেছেন। হাদীসের কোন গ্রন্থে এটি পাওয়া যায় না। এটিকে ইমাম আহমাদ ও অন্যান্য আলেমগণও অস্বীকার করেছেন। তারা উল্লেখ করেছেন যে, এটিকে চেনা যায় না এবং এটি সহীহ হাদীসের সাথে সাংঘর্ষিক।

আলেমগণ একমত পোষণ করেছেন যে, শর্ত করা পণ্যের মধ্যের একটি গুণাবলী। যেমন শর্ত করা হলো যে, দাসকে লেখক বা কর্মকার হতে হবে বা লম্বা কাপড় হতে হবে বা যমীনের পরিমাণ ... ইত্যাদি সহীহ শর্ত।

এটি মদীনা মুনাওয়ারাতে কোন কোন ছাত্রের কাছে মুশকিল হয়ে দাঁড়ায়। সে উল্লেখ করে যে, হাকিম "উল্মুল হাদীস" গ্রন্থে (পৃ: ১২৮) তার সনদে আব্দুল্লাহ ইবনু আইউব ইবনে যাযান আয-যারীর হতে, তিনি মুহাম্মাদ ইবনু সুলায়মান যুহালী হতে এবং তিনি আব্দুল ওয়ারেস ইবনু সা'ঈদ হতে বর্ণনা করেছেন। তিনি বলেন ঃ

আমি মক্কায় আসলাম, সেখানে আবৃ হানীফা (রহ:), ইবনু আবী লায়লা এবং ইবনু শাবক্রমাকে পেলাম। আমি আবৃ হানীফাকে জিজ্ঞাসা করলাম, আপনি সেই ব্যক্তি সম্পর্কে কি বলেন যে কিছু বিক্রয় করল এবং তার সাথে কোন শর্ত করল? উত্তরে বললেন ঃ ক্রয়-বিক্রয় বাতিল এবং শর্তটিও বাতিল।

অতঃপর ইবনু আবী লায়লার নিকট আসলাম এবং তাকে জিজ্ঞাসা করলাম? তিনি বললেন ঃ ক্রয়-বিক্রয় বৈধ, শর্তটি বাতিল।

অতঃপর ইবনু শাবরুমার নিকট আসলাম এবং তাকেও জিজ্ঞাসা করলাম? তিনি বললেন ঃ ক্রয়-বিক্রয় বৈধ, শর্তও বৈধ।

আমি বললাম ঃ সুবহানাল্লাহ! ইরাকের তিন ফোকাহা একই মাসআলাতে মতভেদ করলেন! তারপর আবৃ হানীফা (রহ:)-এর নিকট আসলাম এবং তাকে সংবাদ দিলাম। তিনি বললেন ঃ জানিনা তারা দু'জন কি বলেছেন। আমাকে আম্র ইবনু শু'য়ায়েব আন আবীহে আন জাদ্দেহি হাদীসটি শুনিয়েছেন ঃ নাবী (ﷺ) ক্রয়-বিক্রয়ের সাথে শর্ত নিষিদ্ধ করেছেন। ক্রয়-বিক্রয় বাতিল এবং শর্তও বাতিল।

অতঃপর ইবনু আবী লায়লার নিকট আসলাম এবং তাকে সংবাদ দিলাম। তিনি বললেন ঃ জানিনা তারা দু'জন কি বলেছেন। আমাকে হিশাম ইবনু উরউয়া তার পিতা হতে হাদীস শুনিয়েছেন আর তিনি বর্ণনা করেছেন আয়েশা (ﷺ) হতে। তিনি বলেন ঃ আমাকে রসূল (ﷺ) নির্দেশ দিয়েছেন যেন, আমি বারীরাকে ক্রয় করি, অতঃপর তাকে স্বাধীন (মুক্ত) করে দেই। ক্রয়-বিক্রয় বৈধ, তবে শর্তটি বাতিল।

অতঃপর ইবনু শাবরুমার নিকট আসলাম, তাকে সংবাদ দিলাম। তিনি বললেন ঃ জানিনা তারা দু'জন কি বলেছেন। আমাকে মিস'য়ার ইবনু কিদাম মুহারিব ইবনু দিসার হতে হাদীস শুনিয়েছেন এবং তিনি জাবের (﴿ﷺ) হতে বর্ণনা করেছেন। জাবের বলেন ঃ আমি নাবী (ﷺ)-এর নিকট একটি উট বিক্রয় করলাম। তিনি শর্ত করলেন সেটিকে যেন আমি মদীনা পর্যন্ত বহন করে নিয়ে যায়। ক্রয়-বিক্রয় বৈধ, শর্তপ্ত বৈধ।

আমি (আলবানী) বলছি ঃ এতে কোন প্রশ্ন নেই, কারণ তার সনদের আলোচ্য হাদীসের] কেন্দ্রবিন্দু হচ্ছেন ইবনু যাযান, তিনি খুবই দুর্বল। তার সম্পর্কে দারাকুতনী বলেন ঃ তিনি মাতরুক। তার শাইখ যুহালীকে আমরা চিনি না।

এ মাধ্যমেই তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/২৬৪/৪৫২১) উল্লেখ করেছেন।

তার পরেও যদি হাদীসটির সনদ ইমাম আবৃ হানীফা (রহ:) পর্যন্ত সহীহ হয়। তবুও তার হাদীসটি সহীহ নয়, হাদীসের ক্ষেত্রে আবৃ হানীফার অবস্থা নাজুক হওয়ার কারণে। যেমনটি তার অবস্থা সম্পর্কে ৪৫৮ নং হাদীসের আলোচনায় জেনেছেন।

ইবনু হাজার "বুলুগুল মারাম" (৩/২০) গ্রন্থে তার এ হাদীসটিকে এ কারণেই গারীব মনে করেছেন, নাবাবীও গারীব মনে করেছেন।

হাদীসটি বিভিন্ন সূত্রে আম্র ইবনু শু'য়ায়েব আন আবীহে আন যাদ্দেহি হতে নিম্নের শব্দে নিরাপদ ঃ

' نَهَى رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ شَرْطَيْن فِي بَيْع ... ' ..

'রসূল (緣) বেচা-কেনার মধ্যে দু' শর্তকে নিষিদ্ধ করেছেন।'

এটি বর্ণনা করেছেন সুনান রচয়িতাগণ, তাহাবী ও অন্যরা। এটির তাখরীজ করা হয়েছে "ইরউয়াউল গালীল" গ্রন্থে (১৩০৫)। এটিই হচ্ছে আসল হাদীস। আবৃ হানীফা (রহ:) তার বর্ণনাতে সন্দেহ করেছেন যদি তার থেকে মাহফূ্য হয়।

٢٩٤. (سلّوا الله عَزُّورَجَلٌ مِنْ قَضلُكِهِ، قَانٌ الله يُحِبُّ أَنْ يُسْئَلَ، وَأَقْضلُ الْعِبَادَةِ الْتَظَارُ الْقَرَج).

৪৯২। তোমরা আল্লাহর নিকট তার অনুগ্রহ প্রার্থনা করো। কারণ আল্লাহ তা'আলা চাওয়াকে ভালবাসেন। সর্বোত্তম এবাদাত হচ্ছে প্রশন্ততার অপেক্ষা করা।

### হাদীসটি নিতাতই দুৰ্বল।

এটি তিরমিয়ী (৪/২৭৯), ইবনু আবিদ-দুনিয়া "কানা'আত ওয়াত-তায়াফ্ফুফ" থছে (১/১০৬/১ ৯০ হতে) এবং আব্দুল গনি মাকদেসী "তারগীব ফিদ দু'আ" গ্রন্থে (২/৮৯) হাম্মাদ ইবনু ওয়াকিদ সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেন ঃ আমি ইসরাঈল ইবনু ইউনুস হতে শুনেছি, তিনি আবু ইসহাক হামাদানী হতে ... বর্ণনা করেছেন।

তিরমিয়ী বলেন ঃ হাদীসটি এভাবেই হাম্মাদ ইবনু ওয়াকিদ বর্ণনা করেছেন। হাম্মাদ হাফিয় নন। আবৃ নু'য়াইম এ হাদীসটি ইসরাঈলের মাধ্যমে হাকীম ইবনু যুবায়ের থেকে এক ব্যক্তি হতে বর্ণনা করেছেন। আবৃ নু'য়াইমের হাদীসটি সহীহ্ হওয়ার সাথে বেশী সাদৃশ্যপূর্ণ।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু ওয়াকিদ থেকে হাকীম ইবনু যুবায়ের বেশী দুর্বল। তাকে ইবনুল জুযজানী মিথ্যার দোষে দোষী করেছেন। যদি বেশী সহীহটাই তার হাদীস হয়, তাহলে সেটি নিতান্তই দুর্বল।

হাদীসটির শেষাংশ বায্যার, বাইহাক্বী "আশ-শু'য়াব" গ্রন্থে এবং কাযা'ঈ আনাস (ﷺ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন।

হায়সামী "আল-মাজমা" থছে (১০/১৪৭) বলেছেন ঃ তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে আমি চিনি না।

আমি (আলবানী) বলছি ঃ এ কারণটি সংক্ষিপ্ত। কারণ তাতে রয়েছে বাকিয়ার আন্ আন্ করে বর্ণনা এবং সুলায়মান ইবনু সালামাহ। তিনি হচ্ছেন খাবায়েরী, তিনি মিথ্যুক। তার সূত্র হতে কাযা স্ট (১২৮৩) ও অন্যরা বর্ণনা করেছেন।

٤٩٣. (نهمَى أَنْ يَرْكَبَ ثَلاَثَةٌ عَلَى دَابَّةٍ).

৪৯৩। তিনি তিনজন করে পশুর (পিঠে) উপর আরোহন করতে নিষেধ করেছেন।

श्मीमि पूर्वण।

এটি জাবের (﴿﴿﴿﴿﴿﴾)-এর হাদীস হতে বর্ণিত হয়েছে। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/১০৯) বলেন ঃ

হাদীসটি তাবারানী "মু'জামুল আওসাত" গ্রন্থে বর্ণনা করেছেন। যার সূত্রে সুলায়মান ইবনু দাউদ শাযক্নী রয়েছেন। তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছি ঃ কারণ তিনি মিখ্যা বলতেন। যেমনটি তার সম্পর্কে পূর্বে আলোচনা হয়েছে। তাবারানী তার পরক্ষণেই (১/১১৪/৭৬৬৩) বলেছেন ঃ শাযকূনী হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ তার শাইখ আবৃ উমাইয়া ইবনু ই'য়ালাকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন।

ইবনু আবী শায়বা "কিতাবুল আদাব" গ্রন্থে (১/১৫৩/১) হাদীসটি বর্ণনা করেছেন। যার সনদে ইসমা'ঈল ইবনু মুসলিম বাসরী মাক্কী রয়েছেন। তিনি দুর্বল।

ইবনু আবী শায়বা সহীহ্ সনদে যাযান হতে মুরসাল হাদীসে বর্ণনা করেছেন, রস্ল (ﷺ) তিনজনের তৃতীয় জনকে অভিশাপ দিয়েছেন। এ যাযান হচ্ছেন আবৃ আধিল্লাহ আল-কিন্দী। তিনি নির্ভরশীল, ইমাম মুসলিমের বর্ণনাকারী।

রসূল (ﷺ) হতে সহীহ সূত্রে পশুর উপর তিনজন আরোহন করেছেন তা সাব্যস্ত হয়েছে। তার সামনে ছিলেন আব্দুল্লাহ ইবনু জা'ফার, পিছনে হাসান অথবা হুসাইন। এটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। "সহীহ আবৃ দাউদ" গ্রন্থে (২৩১২) এটির তাখরীজ করা হয়েছে। যদি নিষেধটি সঠিক হয়, তাহলে যে পশু বোঝা নিতে সক্ষম নয় তার ক্ষেত্রে সেটি প্রযোজ্য।

٤٩٤. (رُبُّ عَايد چَاهِلَ، ورُبُّ عَالِم قَاجِرٌ، قَاحْدَرُوْا الْجُهَّالَ مِنَ الْعُبَّادِ،
 وَالْقُجَّارَ مِنَ الْعُلْمَاءِ؛ قَإِنَّ أُولَئِكَ فِئْنَةُ الْقُتْنَاء).

৪৯৪। বহু আবেদ আছে যারা অজ্ঞ, বহু আলেম আছে যারা পাপাচারী। অতএব তোমরা অজ্ঞ আবেদদের এবং পাপাচারী আলেমদের থেকে বেঁচে চল। কারণ তারাই হচ্ছে ফিতনাবাজদের ফিতনা।

### হাদীসটি জাল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (পাতা ৩৩-৩৪ নং ৩৬৪) এবং তার সূত্রে ইবনু আসাকির "যামু মান লা ই'য়ামালু বি ইলমেহি" গ্রন্থের চতুর্দশ মজলিসে (পাতা ৫৬/ ১-২ / ৭৭ হতে) এবং "আত-তারীখ" গ্রন্থে (৩/১৫৪/২) বিশ্র ইবনু ইব্রাহীম সূত্রে উল্লেখ করেছেন। অতঃপর ইবনু আসাকির বলেছেন ঃ

বিশ্র এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। আমি (আলবানী) বলছি ঃ তিনি জালকারী।

ইবনু আদী বলেন ঃ নির্ভরযোগ্য ইমামদের নিকট হতে বর্ণনাকারী হিসাবে তিনি মুনকারুল হাদীস অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেন ঃ এগুলো বাতিল। এগুলো বিশ্ব জাল করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ হাদীসটি সেগুলোর একটি।

অতঃপর [ইবনু আদী] বলেন ঃ তিনি আমার নিকট যারা নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন তাদের অন্তর্ভুক্ত।

ইবনু হিব্বান বলেন ঃ তিনি হাদীস জাল করতেন।

তারপর ইবনু আদী (১/৪০০) মাহফ্য ইবনু বাহারের জীবনী বর্ণনা করতে গিয়ে তার সূত্রে উমার ইবনু মূসা হতে এবং তিনি খালিদ ইবনু মি'দান হতে হাদীসটি ''... এটা দুর্ভা এ অংশটুকু বাদ দিয়ে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ খালিদ ইবনু মি'দান হতে এটি মুনকার। তার থেকে বর্ণনাকারী উমার ইবনু মূসাকে বলা হয় ইবনু ওয়াজীহ। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছি ঃ তিনি হচ্ছেন সেই দলের অন্তর্ভুক্ত যারা হাদীস জাল করতেন।

এ মাহফ্য সম্পর্কে আবৃ আরুবা বলেছেন ঃ তিনি মিখ্যা বলতেন।

কিন্তু ইবনু আদী তার পরেই বলেন ঃ এটি মাহফুযের পক্ষ হতে নয়।

তিনি যেন ইঙ্গিত করছেন যে, এ হাদীসটির ব্যাপারে দোষী হচ্ছেন ইবনু ওয়াজীহ এবং বিশ্র ইবনু ইব্রাহীম।

এ হাদীসটি সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতেই উল্লেখ করেছেন। অথচ তিনি (ইবনু আদী) সেটিকে এ জালকারীর জীবনীতে উল্লেখ করেছেন। অতঃপর সুয়ৃতী চুপ থেকেছেন।

﴿ مَنْ حَجُ مِنْ مَكُة مَاشِيا حَتَّى يَرْجِعَ إلى مَكَة؛ كَتْبَ اللهُ لهُ بِكُلِّ خَطْوَةٍ سَبْعَ مِئِةٍ حَسَنَةٍ، كُلُّ حَسَنَةٍ مِثْلَ حَسَنَاتِ الْحَرَمِ. قِيلَ: وَمَا حَسَنَاتُ الْحَرَمِ؟ قَالَ: لِكُلِّ حَسَنَةٍ مِائَةُ الْفِ حَسَنَةٍ).

৪৯৫। যে ব্যক্তি মক্কা হতে পায়ে হেঁটে হচ্চ করবে মক্কা ফিরে আসা পর্যন্ত। আল্লাহ তার প্রতিটি পদক্ষেপের জন্য সাতশতটি সংকর্ম লিখে দিবেন। প্রতিটি সংকর্ম হারামের সং কর্মগুলোর ন্যায়। বলা হলো ঃ হারামের সং কর্মগুলো কী? তিনি বললেন ঃ প্রত্যেক সং কর্মের বিনিময়ে এক লক্ষ্ক সং কর্ম।

### হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১৬৯/১) এবং "মু'জামুল আওসাত" গ্রন্থে (১/১১২/২), দুলাবী "আল-কুনা" গর্ছে (২/১৩), হাকিম (১/৪৬১) এবং বাইহাক্বী (১০/৭৮) ঈসা ইবনু সুওয়াদা সূত্রে ইসমা'ঈল ইবনু আবী খালিদ হতে ...বর্ণনা করেছেন। অতঃপর তাবারানী বলেছেন ঃ

ইসমাসিল হতে ঈসা ছাড়া অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছি ঃ হাদীসটি নিতান্তই দুর্বল। হাকিম বলেছেন ঃ সনদটি সহীহ্।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেন ঃ সহীহ্ নয়। আমি ভয় করছি মিথ্যা হওয়ার। ঈসা সম্পর্কে আবৃ হাতিম বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ আবৃ হাতিম "আল-জারন্থ ওয়াত তা'দীল" গ্রন্থে (৩/১/২৭৭) বলেন ঃ তিনি দুর্বল। তিনি ইসমা'ঈল ইবনু আবী খালিদ হতে এবং তিনি যাযান হতে ...মুনকার হাদীস বর্ণনা করেছেন।

মুনযেরী হাদীসটি "আত-তারগীব" গ্রন্থে (২/১০৮) উল্লেখ করে বলেছেনঃ

এটিকে ইবনু খুষায়মা তার "সহীহ" গ্রন্থে এবং হাকিম বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেন ঃ সনদটি সহীহ। ইবনু খুযায়মা বলেছেন ঃ যদি সহীহ হয় তাহলে ঈসা ইবনু সুওয়াদার অন্তরে কিছু ছিল। হাফিয মুনযেরী বলেন ঃ বুখারী বলেছেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছি ঃ বুখারীর এ কথা ইঙ্গিত করছে তাকে মিথ্যার দোষে দোষী করার দিকে এবং তার থেকে বর্ণনা করাও হালাল নয়। তার সম্পর্কে ইবনু মা'ঈন স্পষ্টতই বলেছেন ঃ তাকে আমি মিথ্যুক হিসাবে দেখেছি।

আমি তার হাদীসটির একটি মুতাবা'য়াত পেয়েছি "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৯) সুলায়মান ইবনুল ফায়ল ইবনু জিবরীল হতে ...।

কিন্তু এ সনদটি দুর্বল। সুলায়মানের জীবনী পাচ্ছি না। সম্ভবত তার কথাই ইবনু আদীর "আল-কামিল" গ্রন্থে (১/১৬১) এসেছে ঃ

তিনি বলেন ঃ তিনি হাদীসের ব্যাপারে সঠিক ছিলেন না।

٤٩٦. (إِنَّ الْلَحَاجُ الرَّاكِبِ بِكُلِّ خَطْوَةٍ تَخْطُوْهَا رَاحِلْتُهُ سَبْعِيْنَ حَسَنَة، وَالْمَاشِي بِكُلِّ خَطْوَةً بَسَنَةً.

৪৯৬। নিশ্বর আরোহন করে আগত হাজীর বাহনের প্রতিটি পদক্ষেপ সম্ভরটি সংকর্ম তুল্য এবং পায়ে হেঁটে আগত হাজীর প্রতিটি পদক্ষেপ সাতশত সংকর্মের সমতুল্য।

### হাদীসটি দুর্বল।

এটি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (৩/১৬৫/২) এবং যিয়া "আল-মুখতারা" গ্রন্থে (২/২০৪) ইয়াহ্ইয়া ইবনু সুলায়েম সূত্রে মুহাম্মাদ ইবনু মুসলিম তায়েফী হতে, তিনি ইসমাঈল ইবনু উমাইয়া হতে, তিনি সা**স্থিদ ইবনু যুবায়ের** হতে, তিনি ইবনু আব্বাস (ﷺ) থেকে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি দুর্বল। ইয়াহ্ইয়া ইবনু সুলায়েম এবং মুহাম্মাদ ইবনু মুসলিম উভয়কেই ইমাম আহমাদ ও অন্যরা দুর্বল বলেছেন। তাদের কোন একজন তার সনদে ইযতিরাব ঘটিয়েছেন। একবার বলেছেন এরূপ, অন্যবার "ইসমাঈল ইবনু উমাইয়ার" পরিবর্তে বলেছেন ইবরাহীম ইবনু মায়সারা।

এটি আযরকী "আখবারু মাক্কা" গ্রন্থে (পৃ: ২৫৪), অনুরূপভাবে যিয়া তাবারানী সূত্রে এবং আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/৩৫৪) বর্ণনা করেছেন।

আরেকবার বলেছেন ঃ ইসমা'ঈল ইবনু ইব্রাহীম। এটি বায্যার (১১২১) বর্ণনা করেছেন।

আরেকবার তাকে রাখেনইনি। বলেছেন ঃ মুহাম্মাদ ইবনু মুসলিম বর্ণনা করেছেন সান্দিদ ইবনু যুবায়ের হতে। এটি মুরসাল। এ হাদীসটি বর্ণনা করা হয়েছে ইবনু সীশ হতে। তিনি একজন মাজহুল ব্যক্তি। এ হাদীসটি সহীহ নয়।

ইবনু আদী (কাফ ২২৬/১) আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ কুদামী সূত্রেও বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন ঃ তার অধিকাংশ হাদীস মাহফ্য (নিরাপদ) নয় এবং তিনি দুর্বল।

মোটকথা ঃ হাদীসটি দুর্বল। বর্ণনাকারী দুর্বল হওয়ার কারণে এবং তার সনদটিতে ইযতিরাব সংঘটিত হওয়ার কারণে।

কীভাবে সহীহ্ হয় যেখানে রসূল (ﷺ) নিজে আরোহীর মাধ্যমে (মক্কা গিয়ে)
হজ্জ করেছেন। যদি হেঁটে হজ্জ করা উত্তম হত, তাহলে আল্লাহ তার নাবীর জন্য
সেটিই পছন্দ করতেন। এ কারণেই জামহুরে ওলামা আরোহীর মাধ্যমে (মক্কা
গিয়ে) হজ্জ করাকে উত্তম বলেছেন। যেমনটি নাবাবী "শারহু মুসলিম"-এর মধ্যে
উল্লেখ করেছেন।

٩٧ ٤. (لِلْمَاشِي أَجْرُ سَبْعِيْنَ حَجَّة ، وَلِلرَّاكِبِ أَجْرُ ثَلاثَيْنَ حَجَّة ).

৪৯৭। পায়ে হেঁটে আগত হচ্জকারীর জন্য সম্তরটি হচ্জের সাধয়াব। আর আরোহন করে হচ্জে আগত ব্যক্তির সাধয়াব ত্রিশটি হচ্জের সমান।

रामीमि खान।

এটি তাবারানী "মু'জামূল আওসাত" গ্রন্থে (১/১১১-১১২) মুহাম্মাদ ইবনু মেহসান ওকাশী হতে এবং তিনি ইবুরাহীম ইবনু আবী উবলা হতে... বর্ণনা করেছেন।

অতঃপর তাবারানী বলেছেন ঃ ইব্রাহীম হতে মুহাম্মাদ ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। আমি (আলবানী) বলছি ঃ তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনু ইসহাক ইবনে ইব্রাহীম। তাকে তার দাদার দিকে নেসবাত করা হয়েছে। তিনি মিথ্যুক। তার সম্পর্কে একাধিকবার আলোচনা করা হয়েছে।

হায়সামী (৩/২০৯) বলেন ঃ তিনি মাতরক।

4 ٩ ٤ . (صَائِمُ رَمَضَانَ فِي السُّقْر كَالْمُقْطِر فِي الْحَضْر).

৪৯৮। যে ব্যক্তি সফরে রমাযান মাসে সন্তম রাখে সে মুকিম অবস্থায় ইফতার কারীর (যে সন্তম রাখে না) ন্যায়।

### হাদীসটি মুনকার।

এটি ইবনু মাজাহ্ (১/৫১১), হায়সাম ইবনু কুলায়েব "মুসনাদ" গ্রন্থে (২/২২) এবং যিয়া "আল-মুখতারা" গ্রন্থে (১/৩০৫) উসামা ইবনু যায়েদ সূত্রে ইবনু শিহাব হতে, তিনি অবু সালমা ইবনু আন্দির রহমান হতে, তিনি তার পিতা আন্দুর রহমান ইবনু আউফ (ఉ) হতে মারফ্' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি দুর্বল দু'টি কারণে ঃ

১। ইনকিতা' (সনদে বিচ্ছিন্নতা)। কারণ আবৃ সালমা তার পিতা হতে গুনেননি, যেমনভাবে "ফাতহুল বারীর" মধ্যে এসেছে।

২। উসামা ইবনু যায়েদের হেফযে দুর্বলতা ছিল। নির্ভরযোগ্য বর্ণনাকারী তার বিরোধিতা করেছেন। তিনি হচ্ছেন ইবনু আবী যি'ব। তিনি এটিকে ইবনু শিহাব হতে মওকৃষ্ণ হিসাবে বর্ণনা করেছেন।

এটি নাসাঈ (১/৩১৬) এবং ফিরইয়াবী "আস-সিয়াম" গ্রন্থে (৪/৭০/১) তার থেকে বিভিন্ন সূত্রে বর্ণনা করেছেন। যার জন্য বাইহাক্বী "সুনান" গ্রন্থে (৪/২৪৪) বলেন ঃ

হাদীসটি মওকৃষ। তার সনদটিতে ইনকিতা পংঘটিত হয়েছে এবং মারফ্ হিসাবে যেটি বর্ণনা করা হয়েছে, সেটির সনদটি দুর্বল।

হ্যাঁ; আবৃ কাতাদা আব্দুল্লাহ ইবনু ওয়াকিদ হাররানী হাদীসটি মারফ্' হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এ আবৃ কাতাদা মাতরুক। আর তার সূত্রে আরেক বর্ণনাকারী আছেন, তিনিও দুর্বল।

এটি আল-খাতীব (১১/৩৮৩) উল্লেখ করেছেন।

নাসাঈ ইবনু আবী যি'ব সূত্রে মওক্ফ হিসাবেও বর্ণনা করেছেন। তার সনদটি সহীহ। এটি এ সিদ্ধান্তকেই সুদৃঢ় করছে যে, আব্দুর রহমান ইবনু আউফ হতে মারফু' হিসাবে হাদীসটি ভুল।

যিয়া উল্লেখ করেছেন যে, দারাকুতনী হাদীসটিকে আব্দুর রহমান হতে মওকৃষ্ট হিসাবে সহীহ বলেছেন। 89. (الصَّبْرُ نِصْفُ الإِيْمَانِ، وَالْيَقِيْنُ الإِيْمَانُ كُلُّهُ).

৪৯৯। ধৈর্য হচ্ছে ঈমানের অর্ধেক। আর বিশ্বাস হচ্ছে পূরো ঈমান। হাদীসটি মুনকার।

এটি ইবনুল আ'রাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/৫৬), তাম্মাম আর-রাষী (৯/১৩৮/১), আবুল হাসান আযদী "পাঁচটি মজলিসের প্রথমটিতে" (১৬-১৭), আবু নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৫/৩৪), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (১৩/২২৬), তার থেকে ইবনুল জাওয়ী "ইলালুল মুতানাহিয়া" গ্রন্থে (১৩৬৪) এবং কাষা'ঈ তার "মুসনাদ" গ্রন্থে (৬ বা /২) ইয়াক্ব ইবনু হুমায়েদ ইবনে কাসেব সূত্রে মুহাম্মাদ ইবনু খালিদ মাখযুমী হতে ...বর্ণনা করেছেন।

আবৃ নু'য়াইম এবং আল-খাতীব বলেছেন ঃ মাখযুমী সুফিয়ান হতে এ সনদে এককভাবে বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেন ঃ তিনি মাজরূহ (সমালোচিত)।

আমি (আলবানী) বলছি ঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন ঃ এ মতনটি (ভাষাটি) ইমাম বুখারী "কিতাবুল ঈমান"-এর মধ্যে মু'য়াল্লাক হিসাবে বর্ণনা করেছেন। তাতে তিনি বলেননি যে, নাবী (ﷺ) বলেছেন।

হাষ্ণিয ইবনু হাজার "দিসানুদ মীযান" গ্রন্থে বলেন ঃ আবৃ আলী নাইসাপূরী বলেছেন ঃ এ হাদীসটি মুনকার। যুবায়েদ এবং সাওরীর হাদীস হতে তার কোন ভিত্তি নেই।

ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থে (১/৪১) বলেছেন ঃ الصبر نصف'' ''المبر نصف এ অংশটুকু আবৃ নু'য়াইম ও বাইহাক্বী ''আয-যুহুদ" গ্রন্থে ইবনু মাস'উদ (ﷺ) হতে মওকৃফ হিসাবে বর্ণনা করেছেন। মারফ্' হিসাবে সাব্যস্ত হয়নি।

বাইহাক্বী আল-আদাব" গ্রন্থে (পৃ:৪০৪) বলেন ঃ মওক্ফ হিসাবেই সহীহ্।

٥ - ٥ - (لَيْسَ بِخَيْرِكُمْ مَنْ تُرَكَ نَنْيَاهُ لآخِرَتِهِ، وَلا آخِرَتَهُ لِنُنْيَاهُ؛ حَتَّى يُصِيْبَ مِنْهُمَا جَمِيْعًا، قَإِنَّ النُنْيَا بَلاغٌ إلى الآخِرَةِ).

৫০০। তোমাদের মধ্যে সে উন্তম ব্যক্তি নয় যে তার আখেরাতের জন্যে দুনিয়াকে হেড়ে দিয়েছে এবং সেও নয় যে তার দুনিয়ার জন্য আখেরাতকে হেড়ে দিয়েছে, দু'টো হতেই গ্রহণ না করা পর্যন্ত। কারণ দুনিয়া হুচ্ছে আখেরাতের পরগাম-সংবাদ স্বরূপ।

### হাদীসটি বাতিল।

এটি আল-খাতীব "তালখীসুল মৃতাশাবিহ ফির রাসম" এন্থে (১৩/১৩৬/১) মুহাম্মাদ ইবনু হাশিম বা'আলাবাকী সূত্রে আবৃ হাশিম ইবনু সা'ঈদ হতে, তিনি ইয়াযীদ ইবনু যিয়াদ বাসরী হতে ...বর্ণনা করেছেন। এ মাধ্যমে ইবনু আসাকির তার "আত-তারীখ" গ্রন্থে (১৮/১৪৩/১) উল্লেখ করেছেন। তবে শেষে কিছু বেশী বলেছেন ঃ .''ولا تكونوا كَلاً على الناس'' 'তোমরা মানুষের উপর বোঝা হয়ে যেও না।'

ইবনু আসাকিরের সূত্রে সুয়ৃতী "জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। তিনি তার কিতাব "আল-হাবী লিল-ফাতাওয়া" গ্রন্থেও উল্লেখ করেছেন। হাদীসটি দাইলামীও একই মাধ্যমে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি ঃ এ সনদটি নিতান্তই দুর্বল। এটির সমস্যা হচ্ছে এ ইয়াযীদ। তিনি হচ্ছেন দামেস্কী। তাকে বলা হয় ঃ ইবনু আবী যিয়াদ। তিনি মিথ্যার দোষে দোষী। তার সম্পর্কে ইমাম বুখারী বলেন ঃ তিনি মুনকারুল হাদীস।

আবৃ হাতিমও অনুরূপ কথা বলেছেন। তিনি আরো বলেছেন ঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল, যেন তার হাদীস জাল।

আবৃ হাতিম ইয়াযীদের অন্য একটি হাদীসের ব্যাপারে দৃঢ়তার সাথে বলেছেন যে, হাদীসটি বানোয়াট। সে হাদীসটি দু'টি হাদীসের পরেই আসবে।

ইমাম বুখারী হতে প্রচারিত হয়েছে, তিনি বলেন ঃ আমি যাদের সম্পর্কে বলেছি মুনকারুল হাদীস, তার থেকে বর্ণনা করাই হালাল নয়। এটি যাহাবী "আল-মীযান" গ্রন্থে (১/৫) উল্লেখ করেছেন।

অতএব হাদীসটি এ সনদে নিতান্তই দুর্বল।

শাইখ আব্দুল হাই কান্তানী "তারাতিবুল ইদারিয়া" গ্রন্থে (১/১০) উল্লেক্ট্র করেছেন যে, সুযুতী ইবনু আসাকিরের হাদীসটিকে "আল-হাবী" গ্রন্থে সহীহু বলেছেন। একথাটি ভুল। কারণ তিনি কোথাও সহীহু বলেননি।

হাদীসটি ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১২৪-১২৫) ওহায়ির সূত্রে উক্ত ইয়াযীদ হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন, আমার পিতা বলেছেন ঃ এ হাদীসটি বাতিল।

আমি ইয়াযীদের মুতাবা'য়াত পেয়েছি। আবৃ নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১৯৭) বলেন ঃ আমাকে হাদীসটি আমার পিতা, তিনি মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে ইয়াযীদ হতে, তিনি আবৃ বাক্র মুহাম্মাদ ইবনু ঈসা হতে ...বর্ণনা করেছেন।

এ সনদটির বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে ইয়াথীদ হচ্ছেন সুলামীনি তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি হাদীস চোর ।

তার শাইখ মুহাম্মাদ ইবনু ঈসা তার মতই। তিনি হচ্ছেন তারত্সী। তার সম্পর্কে ইবনু আদী বলেন ঃ তিনি ঐসব ব্যক্তিদের অন্তর্ভুক্ত যারা হাদীস চুরি করেন। তিনি যা বর্ণনা করেছেন তারা তার অধিকাংশেরই অনুসরণ করেননি। আমি (আলবানী) বলছি ঃ তিনি অথবা সুলামী এ সনদটির সমস্যা। এ মৃতাবা'য়াত পেয়ে খুশি হওয়ার কিছু নেই।

হাদীসটি নুবায়েত ইবনু শারীকের জাল কপিতে ২২ নম্বরে উল্লেখ করা হয়েছে।

হাদীসটি মওকৃফ হিসাবেও বর্ণিত হয়েছে।

ইবনু শাহীন "আল-ফাওয়াইদ" গ্রন্থে (পাতা ১/২) এবং ইবনু আসাকির (৪/১৫৫/১) শাম্র ইবনু আতিয়্যা সূত্রে হুযাইফা (ﷺ) হতে ...বর্ণনা করেছেন।

এ সনদটি মুনকাতি', শাম্র এবং হুযাইফার মধ্যে বিচ্ছিন্নতা রয়েছে। কারণ শাম্র আবৃ ওয়ায়েল ও তার ন্যায় তাবে'ঈ হতে বর্ণনা করেছেন। কিন্তু হাদীসটি মা'য়াফী ইবনু ইমরান "আয-যুহুদ" গ্রন্থে (কাফ ২৫৫/১), কাসেম সারকাসতী "গারীবুল হাদীস" গ্রন্থে (২/৫৯/১) এবং ইবনু আসাকির মুহাম্মাদ ইবনু কায়েস হতে আম্র ইবনু মুররা থেকে ...বর্ণনা করেছেন।

প্রকাশ পাচ্ছে যে, আম্র এবং হুযাইফার মধ্যে এটির সনদটিও মুনকাতি'।

এ মওকৃষটি দুর্বল হলেও মারফ্' হতে উত্তম। কারণ মারফ্'টির সনদ খুবই দুর্বল। আবৃ হাতিম সেটি সম্পর্কে বলেছেন ঃ হাদীসটি বাতিল।

এ হাদীসটির অন্য জাল সূত্রও রয়েছে। যেটি আসবে দিতীয় খণ্ডের প্রথমে।



الحمد لله الذي بنعمته تتم الصالحات.



# سينسينة الأحاديث الضعيفة والموضوعة وأثرها السيئ في الأمة

المجلد الأول

تاليف. محمد ناصر الدين الألباني

## ترجمة: محمد أكمل الحسين بن بديع الزمان

الليسانس: الجامعة الإسلامية بالمدينة المنورة الماجستير: جامعة دكا-بنغلاديش

مراجعة

الشيخ/ أكرم الإمان بن عبد السلام الليمانيين الجامعة الإسلامية بالمدينة المنورة المامية الإسلامية بالمدينة المنورة المامية الم

الليسانس: الجامعة الإسلامية بالمدينة المنورة

# سينسينة الأحاديث الضعيفة والموضوعة والرها السيئ في الأمة المجلد الأول المجلد الأول

الناشر معهد التربية والثقافة الإسلامية أترا، دكا، بنغلاديش

حقوق الطبع محفوظة للمترجم.

الطبعة الأولى ٥ ، ، ، ٢ م

الطبعة الثانية ١٤٢

هــ ــ ۲۰۰۷م\_



مطبعة التوحيد للطباعة والنشر دكا، بنغلاديش.



سلسلة الأحاديث الضعيفة والموضوعة وأثرها السيئ في الأمة



تأليف : محمد ناصر الدين الألباني ترجمة : أبو شفاء محمد أكمل حسين